যাতে করে ছেলেরা অল্প বয়সে কাজে লাগতে পারে। এইভাবে যদি আমাদের দেশে কৃষি শিল্প শিক্ষার ব্যবস্থা না করা যায় তাহলে কলেজে অত্যন্ত কম ভীড় হবে। কলেজও সাময়িক বিশ্রামাগারে পরিণত হবে না। আমার মনে হয় সরকার থেকে এই বিষয়ে দৃষ্টি দি ভাল হয়। কাজ পাওয়া যাচ্ছে না বলে কলকাতার আশেপাশে শিল্পপতিদের উপর চ দেবার ব্যবস্থা করা হচ্ছে। যদি আমরা কৃষিকেও শিল্পের পর্য্যায়ে উন্নীত করতে পারি তাহ শিল্পপতিদের উপর এভাবে নির্ভর করতে হয় না। এ বিষয়ে সরকার থেকে কতগুলি কা হাত দেওয়া হয়েছে, এগুলির কাজ এগিয়ে গেলে বোধহয় উপকার হবে। তারপর বর্ধমা কল্যাণী ও উত্তরবঙ্গে বিশেষ বিশ্ববিদ্যালয় গঠনের চেষ্টা হচ্ছে। D. V. C. ময়ূরাক্ষী, জলঢাকা এই সমস্ত জায়গা থেকে যে বিদ্যুৎ উৎপাদন হবে তা যদি সস্তায় সরবরাহ করা হয় এবং জমিদা বিলোপের পর ক্ষতিপূরণের যে টাকা জনসাধারণের হাতে আসবে তাতে দেশে একটা শি বিপ্লব আসবে। বর্তমানে শিল্পের প্রসার সবচেয়ে বেশী দরকার হয়ে পড়েছে। আমাদের দে বর্তমানে যে শিক্ষা পদ্ধতি চালু তাতে বেকার বৃদ্ধি ছাড়া আর কিছু হতে পারে না। সে আমাদের শিক্ষা ব্যবস্থার সংস্কার দরকার।

তারপর, আদিবাসী কল্যাণের জন্য ১ কোটি টাকার বরাদ্দের কথা বলেছেন। আদিবা দের সম্বন্ধে পূর্ণ জ্ঞানার্জন করতে হলে নৃতত্ত্ববিদ্ ও ভাষাবিদ্ অধ্যাপকের পদসৃষ্টি করা দরক যাতে করে আদিবাসীদের সম্বন্ধে সম্যক জ্ঞানার্জন করতে পারা যায়। বহুকাল আগে ক জন সাহেব এ বিষয়ে যে সব বই লিখে গিয়েছেন এখনো আমাদের তার উপর নির্ভর কর হয়। আমার মনে হয় আদিবাসীদের প্রাথমিক শিক্ষা তাদেরই dialect-এ হওয়া উচি আমাদের যদি আমাদের নতুন সমাজ ব্যবস্থার সংগে তাদের না মিলিয়ে নিতে পারি তাহ আমাদের সমাজকল্যাণ কার্য্য ব্যর্থ হবে। মেদিনীপুরে criminal tribe বলে একটা জা আছে—(Prof Nirmal Chandra Bhattacharjyy—লোধা)—হ্যাঁ, লোধা। আমি জা তাদের উন্নয়ন করতে গিয়ে কিছু গোলমালের সৃষ্টি হয়েছিল। যাই হোক, পরে সরকার এ ব্যাপারে যে ভাবে এগিয়ে গিয়েছেন তাতে সুফল ফলেছে।

তাই আমার অনুরোধ আপনাদের কাছে, সরকার যেসব উন্নয়নমূলক কাজে হাত দিয়েছে তাতে আমাদের দলমতনির্বিশেষে সহযোগিতা করা উচিৎ। এই কয়টি কথা বলে রাজ্যপালে তাঁর উৎকৃষ্ট বক্তৃতার জন্য ধন্যবাদ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Annada Prosad Choudhuri: Sir, I beg to move that the followin be added at the end of the address in reply, viz.,

"But regret that although a rosy picture has been drawn about the condi tion prevailing in West Bengal—

(1) it fails to realise and indicate lines for improvement of th condition in C. D. and N. E. S. blocks where crores of rupees ar found to have yielded no appreciable result; and

(2) it fails to realise the feeling of the people against the Governmen for failure to have the required quantity of cloth, rice, sugar, etc. at rates within their means and the failure of Government to tackl the unemployment problem."

স্যার, রাজ্যপালের ভাষণে যে কথা তিনি বলেছেন তাতে আমি মনে করি না যে কথ আমার পূর্ব্ববর্তী বক্তা বললেন যে তা থেকে কেউ বলবে যে বাংলা দেশে কোন কাজই হয়নি অন্য লোকে বলবে না, তিনি নিজেই বলেছেন যা করা উচিত ছিল তা করতে পারা যায় নি যদিও অনেক কিছু করা হয়েছে। কিন্তু এর মধ্যে ফুটে উঠেছে যা করা হয়েছে তা যেন যে ভাবে করা উচিত ছিল তা হয়েছে এই রকম মনে করবার কারণ আছে। কিন্তু এর চেয়েও ভাল করে করা যেতে পারত আমি সেই বিষয়ে কথা বলে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে

চাই। আমি সব বিষয়ে আলোচনা করব না। সময় সংক্ষিপ্ত বলে। তবে কয়েকটা মৌলিক বিষয়ে যে গুলির বিশেষ প্রয়োজনীয়তা আছে সে বিষয়ে সংক্ষেপে আমার বক্তব্য বলব। রাজ্যপাল বলেছেন পরিকল্পনার অন্তর্গত উন্নয়ণ কর্ম্মসূচী সংখ্যায় বহু এবং বিচিত্র। কিন্তু তার মধ্যে সমষ্টি উন্নয়ণ পরিকল্পনা মৌলিক গুরুত্বসম্পন্ন। এই গুরুত্বসম্পন্ন সমষ্টি উন্নয়ণ পরিকল্পনার জন্য কোটী কোটী টাকা খরচ করছি। কিন্তু প্ল্যানিং কমিশন যারা নামে সমষ্টি উন্নয়ণ পরিকল্পনার পরিচালক তাঁদের মনেই যে সন্দেহ—তাঁরাই মনে করছেন এই টাকা যে vanishing into thin air.

[10-30—10-40]

আমাদের রাজ্যে যারা সমষ্টি উন্নয়ণ পরিকল্পনাকে রূপ দেওয়ার জন্য ভারপ্রাপ্ত তাঁরা মনে করেন যে, জনসাধারণের সাহায্য না পেলেই চলবে—we are probably dashing against a wall,

এক একটা N. E. S. Block এ যে ৫।৬ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে তার মধ্যে প্রায় ৪ লক্ষ টাকা ঘর তৈরী করতে এবং কর্ম্মচারীদের বেতন দিতেই চলে যায়। এতে কেউ বলবে না যে উপকার হয়নি। কারণ গ্রামের লোকই সেই বাড়ী ও ইট তৈরী করেছে। কি উদ্দেশ্যে এই সমষ্টি উন্নয়ণ পরিকল্পনা করা হয়েছিল এবং সেটা কতদূরই বা হয়েছে? আমরা দেখতে পাই যে, আমরা কত টাকা খরচ করেছি তার দ্বারাই কাজের পরিমাপ বিচার করি। আমি কিছুদিন আগে সমষ্টি উন্নয়ণ পরিকল্পনার একজন প্রধান ব্যক্তির সঙ্গে আলোচনা করে দেখলাম যে সেখানে কিভাবে টাকার অপচয় হচ্ছে এবং দেখলাম যে খরচের অঙ্ক দেখেই তিনি আত্মসন্তুষ্টি লাভ করেছেন। আমি একটা ঘটনার কথা উল্লেখ করে আমার বক্তব্য প্রমাণ করবার চেষ্টা করব। N. E. S. Block অনেকগুলি আমাদের দেশে হয়েছে এবং প্রত্যেক Block-এ একাধিক গ্রামে সেবক ও সেবিকা Post করা হয়েছে। কিন্তু এই যে ১০০টি গ্রাম সেবিকাকে নিযুক্ত করা হলো এর মধ্যে ৫০ জন untrained কিন্তু আশ্চর্য্যের বিষয় যে এই trained এবং untrained উভয়েরই বেতনের হার সমান করা হোল। আমি বলব যে এদের চেয়ে কি আর ভাল প্রার্থী ছিল না? আমি বলতে পারি আমাদের State এ যে Social Wealfare Board আছে তাঁদের হাতে trained গ্রাম সেবিকা ছিল, এবং তারা কম বেতনে কয়েক বৎসর যাবৎ কাজ করছে। আপনারা তো এদের নিলেই পারতেন, কিন্তু তা না নিয়ে অর্দ্ধেক untrained নিযুক্ত করা হোল। তারপর শুনছি যে untrained গুলোকে training এর জন্য পাঠান হবে। সমাজ কল্যাণ বোর্ডে যেখানে training-এর জন্য ৫০।৬০ হাজার টাকা খরচ করা হচ্ছে সেখানে পুরো হারে বেতন দিয়ে untrained গ্রাম সেবিকাগুলো-কে পাঠান হলো। সেই untrained গ্রাম সেবিকাগুলো যখন আবার trainingএ যাবে তখন সেই training এর সময় কোন গ্রাম সেবিকা থাকবেনা। আমি কোন কোন দায়িত্বশীল ব্যাক্তিকে জিজ্ঞাসা করেছি যে এই ৫০টি untrained গ্রাম সেবিকা নিযুক্ত করে trained এর সমান বেতন দেওয়া হোল কেন এবং ইচ্ছা করলেই তো Social welfare Board এর কাজ থেকে অভিজ্ঞতা সম্পন্ন গ্রাম সেবিকা পেতে পারতেন? কিন্তু তাঁরা তা না নিয়ে untrainedদের ভর্ত্তি করে তাদের training এ পাঠান হোল। অর্থাৎ যেখানে ৫০ টাকায় চলতে পারত সেখানে ৮০।৮৫ টাকা বেতন দেওয়া হোল। এবং তাদের যখন trainingএ রাখা হবে তারা তখন full fledged appointed গ্রাম সেবিকা। এই ভাবে সমষ্টি উন্নয়ণ পরিকল্পনাকে রূপ দিতে গিয়ে আমরা যে টাকা খরচ করছি তার দ্বারাই আমরা কাজের অগ্রগতি বিচার করছি। অর্থাৎ এরজন্য যেখানে জনসাধারণের উৎসাহের উপর নির্ভর করা উচিৎ ছিল সেখানে তাদের মনে বিরূপ মনোভাবের সৃষ্টি করা হচ্ছে।

তারপর স্যার, আর একটি প্রধান সমস্যা হচ্ছে খাদ্য সমস্যা। জনসাধারণকে আমরা যদি জিজ্ঞাসা করি যে, এখন তাঁরা সুখে আছে, না ইংরেজ আমলে সুখে ছিল? এর উত্তরে সকলেই বলেন যে ইংরেজ রাজত্বে ভাত কাপড়ের সমস্যার ব্যাপারে আমরা সুখেই ছিলাম কিন্তু স্বাধীনতার

এই ১২ বছর পরেও আমাদের সেই মৌলিক সমস্যার সমাধান হয়নি। রাজ্যপালিকা তাঁ ভাষণে বলেছেন যে, খাদ্যসমস্যা সম্বন্ধে একটা উচ্চস্তরের কমিটি নিযুক্ত করা হয়েছিল এব তাঁরা কৃষির উৎপাদন বাড়াবার নির্দেশ দিয়েছিলেন। আমি ভাবলাম যে এর মধ্যে কোথা যেন গলদ থেকে গিয়েছে। এই সমস্যা সম্বন্ধে তিনি বলেছেন যে, "খ্যাতানামা বিজ্ঞানী প্রগতিশীল কৃষকগণকে লইয়া একটি বিশেষজ্ঞ উপদেষ্টা পর্ষৎ গঠন করা হইয়াছে" এবং, তাঁ বলেছেন যে খাদ্যশস্যের উৎপাদন বাড়াবার জন্য ভাল বীজ ও সারের প্রয়োজন। কিন্তু আম জানি যে আমাদের ভাল বীজ এবং সার না হলেও যদি ভাল জল সরবরাহের ব্যবস্থা থাকে তাহ ওর দ্বারাই ভাল ফসল ফলাতে পারি। কিন্তু এর মধ্যে জলের কথা নেই। তা'হলে এথেকে কি বুঝব যে এটা ছাপার ভুল হয়ে গেছে, না তিনি মনে করেন যে কৃষকদের জলাভাব নেই, তিনি চিন্তা করছেন যে, বাংলাদেশের কৃষকদের ভাল সার ও বীজ পেলেই যেন প্রচুর ফসল ফলাত পারবে। কিন্তু আমি তাকে বলব যে, যদি জল দেওয়া হয় তাহলে বীজ এবং সার না পেয়ে তারা দ্বিগুণ ফসল ফলাতে পারবে। কাজেই দেখা যাচ্ছে যে, পশ্চিম বাংলার বেশীর ভাগ স্থানে সমস্যাই হচ্ছে জলাভাব সমস্যা। অতএব তাঁর ভাষণে যে পথের নির্দেশ দেয়া হয়েছে তার সং বাস্তবের কোন সম্পর্ক নেই।

এখন আমি বেকারসমস্যা সম্বন্ধে বলব। বেকার সমস্যা আমাদের দেশে আজ বিরা আকার ধারণ করেছে, যার সমাধান করা একান্তই প্রয়োজন। তবে এই বিষয়ে আমি অনেক কিছুই বলতে পারি—সেটা আমি পরে বলব। রাজ্যপালিকার ভাষণের মধ্যে আছে, "কুটির ও ক্ষুদ্র শিল্প সমূহ শ্রম প্রধান বলিয়া ইহাদের উন্নয়নের প্রতি আমাদের সরকার বিশেষ দৃষ্টি দিয়া ছেন।" এর সঙ্গে আরেকটি যোগ করে দেওয়া হয়েছে যে, "ইহা সুবিদিত যে বৃহৎ শিল্পে তুলনায় উপরোক্ত শ্রেণীর শিল্পে একই পরিমাণ মূলধন হইতে অনেক গুণ বেশী কর্ম্মসংস্থান হয়।' শুধু কর্ম্মসংস্থান হয় তা নয় একই পরিমান মূলধনে উৎপন্ন জিনিষের পরিমাণ অনেক বৃদ্ধি পা এই ক্ষুদ্র ও কুটির শিল্পের দ্বারা। কিন্তু, স্যার, আমি মনে করি যে, যদি সত্যি সত্যিই এটা ক্ষুদ্র ও কুটির শিল্প প্রসারের জন্য করতে চান তাহলে একটা সুষ্ঠু পন্থা অবলম্বন করুণ। কেন্দ্রীয় সরকার এবং আমাদের রাজ্যসরকার কয়েক কোটি টাকা প্রতি বছরে খরচা করেন এবং সেই খরচটা সুষ্ঠুভাবে যাতে হয় তারজন্য কিছুদিন আগে খাদি কুটিরশিল্প বোর্ড বলে একটা ষ্টাটুটারি বোর্ড হয়েছে। কিন্তু আমরা শুনছি যে, সেই বোর্ডের একজন প্রধান পরিচালক I.C.S. না হ'লে চলবেনা। স্যার, যার সঙ্গে কুটির শিল্পের কোন যোগাযোগ নেই বা যিনি কুটির শিল্পজাত জিনিস কোনদিন ব্যবহার করেন নি তার উপরেই এই শিল্প পরিচালনার ভার দেওয়া হচ্ছে। তা'হলে বোঝা যায় যে এটা কিরূপ সফলকাম হবে।

[10-40—10-50 a. m.]

কুটির শিল্পজাত জিনিষের ব্যবহারের দিকে আগ্রহ কতটা জানিনা কিন্তু এটা ঠিক হয়ে গেছে যে খাদি আর কুটির শিল্পের যে বোর্ড গঠন করা হয়েছে তাকে ঠিক পথে পরিচালনা করবার জন্য একজন আই. সি. এস. এর দরকার হত। সরকারের আই. সি. এস. গোষ্ঠী যারা তার পরামর্শ দিয়ে মন্ত্রী সভায় একজন আই. সি. এস, কে প্রেসিডেন্ট করবার জন্য হয়ত উপদেশ দিয়েছেন। আমি আগেকার দিনে জানতাম যে কোন উচ্চ পদে বেশী বেতনের লোক নিযুক্ত করতে গেলে একমাত্র আই. সি. এস. কে পাবলিক সার্ভিস কমিশানের মারফতে যেতে হত না— আমি জানিনা চেয়ারম্যানকে পাবলিক সার্ভিস কমিশানের মারফৎ যেতে হত কিনা। এঁকে কত টাকা বেতন দেওয়া হয় আমি জানি না। কিন্তু আমি যা শুনেছি তা যদি হয় তাহলে এতে আর কিছু হোক না হোক যে উদ্দেশ্যে বরাদ্দ—কুটির শিল্প এবং ক্ষুদ্র শিল্পকে গড়ে তুলবার জন্য—সে পথে আমরা এগুতে পারব না। আর বাংলাদেশে এটা একটা অদ্ভুত ব্যাপার। সারা ভারতবর্ষে এইরকম ষ্ট্যাটুটরি বোর্ড গঠন করা হয়েছে, কিন্তু কোন জায়গায় কোন সরকারী কর্মচারীকে তারা তার চেয়ারম্যান করেনি। বাংলায় প্রায় সকলের শেষে এই ষ্ট্যাটুটরি বোর্ড গঠণ করা হয়েছে। সারা ভারতবর্ষের লোকেরা তাদের অভিজ্ঞতা থেকে বা যুক্তিযুক্ত বলে মনে করেনি,

আমরা পশ্চিমবাংলায় তাই মনে করতে চলেছি। তারপর, আর একটি কথা বলি—আমরা সব জিনিষেই মনে করি যে যা করছি তা থেকে আর ভাল করার উপায় নেই আর যা করতে পারিনা তা অবশ্য করবার চেষ্টা করি। রাজ্যপাল মহোদয়া ভাষণের শেষ দিকে তিনি চিন্তিত হয়েছেন যে মধ্যস্বত্বভোগীগণকে মধ্যকালীন ক্ষতিপূরণ প্রদাণ ত্বরান্বিত করার উদ্দেশ্যে রাজস্ব বিভাগ কতৃক ব্যবস্থা অবলম্বিত হইয়াছে। সার, জমিদারী এ্যাবলিসান বিল পাশ করার পর শুধু যে মধ্যস্বত্বভোগীগণকে এই ক্ষতিপূরণ দেওয়া হবে তা নয়, আমরা যে দেশব্যাপী পথ ঘাট তৈরী করছি সেজন্য যে সব জমি আমরা দখল করছি, যাদের বাড়ী ঘর থেকে উচ্ছেদ করে দিচ্ছি তাদেরও ক্ষতিপূরণ দিতে হবে। কিন্তু আমরা সেই জনসাধারণের মতের জন্য গ্রাহ্য করিনা। তাদের বাড়ী ঘর-দোর দখল করে নিয়ে সেখান দিয়ে রাস্তা চালাই। আমাদের গ্রামে রাস্তা তৈরী করবার সময় তাদের বললাম যে তোমরা যদি অন্য জায়গায় সরে যাও তাহলে এখানে রাস্তা হতে পারে। তারা রাজী হ'ল। সেখানে আমাদের এগ্‌জিকিউটিভ ইঞ্জিনিয়ার বললেন যে আপনার গ্রামের লোকেরা অতি সহজে ছেড়ে দিল, তারা তাদের বাড়ী, জমি দিয়ে দিল। মধ্যস্বত্বভোগীদের ক্ষতিপূরণ দেওয়া ত্বরান্বিত করবার জন্য রাজ্য সরকার ব্যবস্থা অবলম্বন করেছেন—কিন্তু সে ব্যবস্থা কি? আমি জানি এমন অনেক ঘটনা ঘটে যা এখানে একটা দৃষ্টান্ত দ্বারা তুলে ধরতে চেষ্টা করব। ঘাটাল থেকে পাঁশকুড়া পর্যন্ত একটা রাস্তা হয়েছে। সে রাস্তা অনেকদিন হয়েছে বটে কিন্তু তা দিয়ে বাস চলাচল করতে পারে, গাড়ী চলতে পারে এমন কোন ব্যবস্থা নেই। ৬/৮ মাস হচ্ছে কোন গাড়ী চলাচল নেই—কাজ শেষ হয়ে গেছে, একটা ব্রীজ এখনও কেন হয় নাই সেখানে অন্য জায়গায় সব হয়ে গেছে? ১॥ বছর হ'ল ব্রীজ হচ্ছে না—সেই রাস্তা তৈরী করবার জন্য ৫ বছর আগে লোকের বাড়ী, জমি দখল করা হয়েছে। তারা ক্ষতিপূরণ চায়, ক্ষতিপূরণ পেলে তারা অন্য জায়গায় বাড়ী করতে পারে। তাদের বাড়ী ভেঙ্গে দিয়েছেন, তারা গৃহহারা হয়ে গেছে, ৫ বছর পরে যখন তারা প্রধান মন্ত্রীর আশ্রয় গ্রহণ করলেন যে আমরা টাকা পেলে অন্য জায়গায় গিয়ে বাড়ী-ঘর-দোর করতে পারি। প্রধানমন্ত্রী মেদিনীপুর কালেক্টর অফিসে পাঠিয়ে দিলেন, কালেক্টর অফিস থেকে বললেন যে আপনারা প্রধানমন্ত্রীর কাছে কেন লিখেছেন। But in this particular case it will take some time to make payment due to observance of provisions of law.

১৯৫৫ সালে বাড়ী ভেঙ্গে দিয়েছেন, রাস্তা তৈরী হয়ে গেছে, ১৯৫৯ সালে ৩০শে নভেম্বর বলছেন যে আরও কিছু দিন সময় লাগবে—তোমরা গাছতলায় বাস করতে থাক।

(শ্রী নির্মলচন্দ্র ভট্টাচার্য্য: মাথায় লাঠি মেরে করতে হবে)

হয়ত আমার বন্ধু যা বলেছেন গলায় গামছা দিয়ে করালে বা মাথায় লাঠি মেরে করালে তাড়াতাড়ি হবে—এটা ত্বরান্বিত করার জন্য ব্যবস্থা হচ্ছে কিন্তু রাস্তা করবার জন্য যাদের বাড়ী জমি য়্যাকুয়ার করে নিয়েছেন এবং বাড়ী ভেঙ্গে রাস্তা তৈরী করলেন ৫ বছর আগে তাদের কোন ক্ষতিপূরণ দিলেন না, আবার ৩০শে নভেম্বরে লেখা হচ্ছে যে আরো কিছুদিন সময় লাগবে due to observance of provisions of law. এতে যে মানুষ ক্ষিপ্ত হয়ে উঠছে এছাড়া আর উপায় কি?

আর একটা কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করবো—সেটা হচ্ছে কলকাতা শহর পশ্চিমবাংলার প্রাণকেন্দ্র এবং কলকাতা শহরের প্রাধান্য এবং তার বৈশিষ্ট হচ্ছে কলকাতা বন্দর। আমরা প্লানিং করি বন্যা নিবারণ করার জন্য—দামোদর ভ্যালি এবং আরো অন্যান্য সমস্ত জিনিষ করছি যাতে বন্যা নিবারণ করা যায় কিন্তু বন্যার জল এই হুগলী নদী দিয়া খুব খরস্রোতে বয়ে যায় বলে এরকম স্কাওয়ারিং করে মাটি তুলে নেওয়া হত এবং কর্পোরেসনের লোকেরা ড্রেজিং করে বার্জ করে এক জায়গা থেকে মাটি কেটে আর একটা জায়গায় ফেলে দিত অথচ পোর্টের এমন অবস্থা হয়েছে যে বিদেশ থেকে ভারী জাহাজ মাল নিয়ে কলকাতা বন্দরে ঢুকতে পারে না। হয়ত আমরা উত্তরে বলবো যে এটা সেনট্রাল সাবজেক্ট, আমরা কি

করবো কিন্তু আমাদের পোর্ট যদি অচল হয়ে যায় তাহলে কলকাতা তথা পশ্চিমবাংলার যে কি দুর্গতি হবে সে বিষয়ে একটু চিন্তা করবার, সেবিষয়ে কিছু কথা বলবার অধিকার কি আমাদের রাজ্য সরকারের নেই ? সে বিষয়ে একটা কথারও উল্লেখ এর মধ্যে দেখিনা। আমরা শুনতে চাইবো উত্তরে যে এ বিষয়ে সরকার কি করছেন—তাহলে বুঝতে পারি যে রাজ্যপালের ভাষণে যদিও নেই তবুও সে বিষয়ে তাঁরা তৎপর আছেন, তাঁরা চুপ করে বসে নেই তাঁরা এই ব্যাপারটা অবহেলা করছেন না। আর অন্য কথা যা আছে এখন সেসব বলে আর সময় নিতে চাই না। শিক্ষা, স্বাস্থ্য প্রভৃতি অন্য বিষয়ে যা বলবার আছে সে কথা আমি পরে বলবো।

Shrimati Anila Devi : I move that the following be added at the end of the address in reply, viz.,

"But regret that there is no mention of—

(1) the National Committee for Women's Education and its valuable report and the Governmental policy in implementing the recommendations made therein regarding women's education in the States ;

(2) the all-round rise in living cost and the question of setting up a Wage-Board to determine fair, just and reasonable scales of pay for all categories of school employees ;

(3) the question of setting up a democratic and autonomous Board of Secondary Education for proper control and development of secondary education in the State ; and

(4) the question of setting up a democratic and autonmous Board of Primary Education for proper control and development of primary education in the State".

মাননীয় সভাপতি মহাশয়, আমার যে সংশোধনী আছে সেখান থেকে আমি মুভ করছি। আলোচ্য বর্ষে পশ্চিমবাংলা রাজ্য সরকারের যে কর্মতৎপরতার চিত্র রাজ্যপাল মহোদয়ার ভাষণে দেখানো হয়েছে সেই কর্মতৎপরতা জনজীবনে বাস্তব অগ্রগতি এনেছে কি দুর্গতির বোঝাকে অব্যাহত রেখেছে সে সম্বন্ধে পূর্ববর্তী বক্তারা আলোচনা করেছেন, হয়ত পরে ও আরো আলোচনা হবে—আমি সে সম্বন্ধে পুনরুক্তি করে সময় নষ্ট করতে চাই না। আমি রাজ্যপাল মহোদয়ার ভাষণে শিক্ষা উন্নয়ণ কর্মসূচী রূপায়নের যথেষ্ট অগ্রগতির কথা বলা হয়েছে সেই অগ্রগতির ২।১টা নমুনার উল্লেখ করতে চাই। আমার এখন বক্তব্য হচ্ছে স্ত্রী শিক্ষার গতি সম্পর্কে। সামাজিক অনুশাসণ ব্যাহত আমাদের দেশে স্ত্রীশিক্ষা বৈদেশিক আমলে কোন গুরুত্ব পায় নি, সেই আমলে গুরুত্ব পাবার প্রত্যাশা ও আমাদের ছিল না। ডেভিড্ হেয়ার সাহেব, রাজা রামমোহন রায়. বিদ্যাসাগর মহাশয় প্রভৃতি এবং স্বদেশী মহাপ্রাণ মনীষীরা ব্যাক্তিগত ভাবে স্ত্রীশিক্ষার গতি সুরু করার প্রচেষ্টা করেছিলেন।

[10-50—11 a. m.]

তাঁরা প্রাণপন প্রচেষ্টায় স্ত্রীশিক্ষাকে কিছুটা গতি দিতে সমর্থ হয়েছিলেন। সেই গতি শুরু হবার শতাধিক বৎসর অতিক্রান্ত হবার পরে আজ আমাদের স্বাধীন সরকারের পক্ষ থেকে বিচার বিশ্লেষণ কর র নিশ্চয়ই প্রয়োজন এসেছে—যে আমাদের দেশে স্ত্রীশিক্ষার দিক থেকে জাতীয় অগ্রগতি কতটা হয়েছে। রাজ্যপাল মহোদয়ার ভাষণে এই স্ত্রীশিক্ষার কর্মসূচী কিন্তু নিতান্ত অশুচি অস্পৃশ্যের পর্য্যায়ে পড়েছে। পশ্চিমবঙ্গ রাজ্যে শ্লথগতি শিক্ষা-ব্যবস্থায় স্ত্রীশিক্ষার গতি যে শ্লথতর সে বিষয়ে বক্তৃতা দিয়ে বুঝাবার প্রয়োজন নাই। এখানে হাজার পিছু ছাত্র-ছাত্রীদের সংখ্যা হচ্ছে মাত্র ৪০৭। মন্ত্রীমণ্ডলী ক্রুদ্ধ হবেন জেনেও উল্লেখ না করে পাচ্ছিনা যে ভারতের কেরালায় এ সংখ্যা হচ্ছে আনুপাতিক ভাবে ৮১০। মাদ্রাজে হচ্ছে ৫১১, বোম্বাইতে হচ্ছে ৪৫১। প্রতিষ্ঠানগত চেহারাটা কি ? উচ্চ ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ছাত্রদের জন্য ১৪০০, মেয়েদের জন্য ৩৭০, Junior High Sohool ছাত্রদের হচ্ছে ১০৭৮, মেয়েদের সেখানে

মাত্র ২৩২। Commerce বিদ্যালয় কোনক্রমে ৫১টি, মেয়েদের মাত্র ১টি। এপর্য্যন্ত উচ্চবিদ্যালয়কে উন্নীত করা হয়েছে—রাজ্যপালের ভাষণে আছে ৫২২। এই ৫২২টি উন্নীত বিদ্যালয়ের মধ্যে মেয়েদের বিদ্যালয় হল ১১৮টি। এই ১১৮টির মধ্যে বিজ্ঞানে বহুমুখী জ্ঞান লাভের সৌভাগ্য লাভ করেছে মাত্র ৪০টি। জ্ঞান-বিজ্ঞানে মেয়েদের অধিকার সরকার স্বীকার নিশ্চয় করেন। কিন্তু পরিকল্পনায় অগ্রাধিকার দেবার ব্যাপারে, রাজ্যসরকার শিক্ষা কর্মসূচীতে যে শোচনীয় ব্যবস্থা করেছেন তা আমাদের ব্যথিত করে। জাতীয় সরকারের কাছে আমাদের প্রত্যাশা অনেকখানি। এই প্রত্যাশা ক্ষুন্ন হলেই চুপ করে না থেকে—প্রতিকারের আশায় সমালোচনাই আমরা করতে প্রয়াস পাই। এই যে সমালোচনা, এটাকে নিছক রাজনৈতিক উদ্দেশ্যে প্রণোদিত কিংবা শুধু সমালোচকের সমালোচনা বলে উপেক্ষা করা আমার মনে হয় জাতীয় সরকারের পক্ষে মহাপাপ এবং সেই পাপ থেকে আমাদের রাজ্য সরকার বিমুক্ত হবেন এ কামনা আমি জানিয়ে রাখছি।

পল্লী অঞ্চলে ৮ম শ্রেণী পর্যন্ত ছাত্রীদের অবৈতনিক করা হয়েছে বলে গত বছরে রাজ্যপালের ভাষণে যে বক্তব্য ছিল—সেই বক্তব্যই আলোচ্য বর্ষে পুনরাবৃত্তি করেই রাজ্যপাল মহোদয়া স্ত্রী শিক্ষার অগ্রগতি সম্বন্ধে কর্ত্তব্য শেষ করার প্রয়াস পেয়েছেন। কিন্তু দুঃখের সঙ্গেই আমি বলতে বাধ্য যে এর মধ্যে যে ফাঁকটুকু আছে সেই ফাঁকটুকু হয় তাঁর সরকার তাঁকে জানাতে চাননি কিংবা জেনেও বাগাড়ম্বরের মাধ্যমে তাঁর সরকারের অপদার্থতা গোপন করে জনমতকে বিভ্রান্ত করতে চান এবং সরকারের হীন কর্মকে তিনি প্রশ্রয় দিতে চান।

১৯৫৫-৫৬ সালের সরকারের যে শিক্ষা পরিসংখ্যান পাওয়া যায়, সেখানে দেখা যায় যে পশ্চিম বাংলায় ১৫৫৬টি উচ্চ ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ছিল। সেই সকল মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে ৮২৭টি ছিল গ্রামাঞ্চলে এবং গ্রামাঞ্চলে এই ৮২৭টি বিদ্যালয়ের মধ্যে মাত্র ১৮টি ছিল বালিকাদের জন্য। হয়ত এ বৎসর তার সংখ্যা কিছু বাড়তে পারে, বাড়েনি বলতে চাই না। কিন্তু সেই বাড়তির সংখ্যা ৪০-এর কোটা অতিক্রম করেছে বলে আমি মনে করতে পারছি না। এই সংখ্যার সঙ্গে যোগ করা হয়েছে Junior High School বলে ১১৮টি বিদ্যালয়। এই সামান্য সংখ্যক বিদ্যালয়ে অষ্টম শ্রেণীর বালিকাদের শিক্ষা অবৈতনিক করে কিংবা তাদের বেতন মঞ্জুরী করে এমন কিছু গৌরব অর্জ্জন হয়েছে বলা চলে না।

আমি মনে করি মাননীয়া রাজ্যপালের ভাষণ সুভাষিত বক্তব্য হলেও, এ শুধু কথার বাঁধুনী দিয়ে কাঁদুনীর পালা ঢেকে রাখবার অপপ্রয়াস। স্ত্রী-শিক্ষার এই শোচনীয় অবস্থা দূর করবার উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার ১৯৫৮ সালের মে মাসে National Committe of Women's Education গঠন করেছেন। এই কমিটি ১৯৫৯ সালের গোড়ার দিকে তার রিপোর্টও পেশ করেছে। এই রিপোর্টে স্ত্রী শিক্ষার উন্নয়ণের জন্য কয়েকটি বিশেষ সুপারিশ করেছেন। তাঁদের সুপারিশের অন্যতম সুপারিশ হচ্ছে that education of women must be treated as a special problem for some years to come. দ্বিতীয় হচ্ছে—that a special machinery has to be created for dealing with the complicated and immense problem in the field. তৃতীয় হচ্ছে—Special funds have to be allocated both in the Second and Third Plans for the development of the programme. Special machinery বলতে কমিটির সুপারিশ হচ্ছে—Central and State Councils for the education of women.

Shri Satya Priya Roy : মাননীয় অধ্যক্ষ মহাশয়, শিক্ষানীতি সম্পর্কে যখন এখানে আলোচনা হচ্ছে,—শিক্ষামন্ত্রী মহাশয় অন্য আলোচনায় ব্যস্ত আছেন। এটা কি ঠিক হচ্ছে?

Shri Nirmal Chandra Bhattacharyya : I hope, Sir, as the guardian of the rights of this House you will kindly draw the attention of the Education Minister to this State of affairs.

Mr. Chairman : I think that has already been done.

Shrimati Anila Debi : সভাপতি মহাশয়, আমি আমার বন্ধুদের মত উত্তেজিত হচ্ছি না, কারণ আমাদের দেশে একটা প্রচলিত কথা আছে—"ঢেঁকিরে শেখাব কত নিত্য ধান ভানে।"

শিক্ষামন্ত্রী মহাশয়ের একটি মাত্র অস্ত্র আছেই। সমস্ত কথার উত্তরে এক, না বলা। কাজে কাজেই তিনি শ্রবণের অযথা পরিশ্রম করতে চান না। কথাবার্ত্তা শুনতে শুনতে পরিশ্রম হয়। আমি বিনীত ভাবে তাঁর কাছে নিবেদন করবো যদি তিনি পরিশ্রম করে এখানে উপস্থিত থাকতে চান তাহলে আমাদের বক্তব্যগুলি একটু দয়া করে শুনুন, নইলে যদি পরিশ্রান্ত হন, বার্ধক্যের কোটায় পৌঁছে শান্তি এবং অবসর গ্রহণ করতে চান তাহলে এই দায়িত্বভার ত্যাগ করে তাঁর নির্জন অট্টালিকায় ফিরে যান।

এই National কমিটি যে spesial financial provision এর কথা বলেছেন, সেই financial provision কে কিভাবে কার্য্যে লাগান যেতে পারে তারজন্য তাঁরা কতকগুলি কর্ম্মসূচীর কথা উল্লেখ করেছেন যেমন, কেমন করে পল্লী অঞ্চলে বালিকাদের বিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি করা যায়।

কিভাবে তাদের বই ইত্যাদি দিয়ে সাহায্য করা যেতে পারে কিংবা তাদের জন্য বৃত্তির ব্যবস্থা করে অর্থহীন বিত্তহীন মেয়েদের মধ্যে শিক্ষার উৎসাহ সঞ্চার করা যেতে পারে—ইত্যাদি বহুবিধ সুপারিশ রেখেছেন। কিন্তু দুঃখের সঙ্গে একথা স্বীকার করতে হচ্ছে—পশ্চিম বঙ্গের রাজ্যপাল মহোদয়া এ বিষয় একেবারে নীরবতা অবলম্বন করেছেন।

[11—11-10 a. m.]

আমার দ্বিতীয় বক্তব্য, রাজ্যপাল মহোদয়া কলেজীয় শিক্ষার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মতানুসারে কলেজের শিক্ষকবর্গের বেতনের হার প্রবর্তণের অনুদানের কথা উল্লেখ করেছেন। আমি সরকারের সেই অনুদান এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং তার সুপারিশের কার্য্যকারিতা সম্পর্কে আনন্দ পোষণ করি। কিন্তু মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের অনুদান সমৃদ্ধি হবার পর আমাদের রাজ্য সরকার শিক্ষক শিক্ষিকাদের যে বেতন হার প্রবর্ত্তন করেছিলেন, সেই বেতন হারের সুযোগ লাভের পথে বিদ্যালয়ের প্রধান থেকে আরম্ভ করে নিম্নতম কর্মচারী পর্যন্ত এখনো বহুবিধ বৈষম্য ও জটিলতার সম্মুখীন হচ্ছেন। এরই প্রতিকার প্রার্থণায় নিখিল বঙ্গ শিক্ষক সমিতির তরফ থেকে সরকারের কাছে আমাদের আবেদন ছিল এজন্য একটি Wage Board গঠন করা হোক্। মুখ্যমন্ত্রী মহাশয় লিখিতভাবে আমাদের আশ্বাস দিয়াছিলেন যে তিনি এবিষয়ে বিবেচনা করছেন এবং আমরা শুনতে পাচ্ছি তিনি নাকি একটি Wage Board ইতিমধ্যে গঠনও করেছেন। কিন্তু দুর্ভাগ্যের কথা—সেই Wage Board কি, তার গঠনই বা কি,—কার্য্যসূচী কি—এবং আমাদের মাধ্যমিক শিক্ষকদের জীবনে সেটার কার্য্যকারিতা কি—সেটা আমরা কিছুই জানতে পারিনি। এ ক্ষেত্রে রাজ্যপালের ভাষণে যে রূপায়নের কথাটা রয়েছে—আমাদের আশংকা হয় সেই রূপায়ণের আগে একটা অলিখিত—"অ" বিরাজ করছে এবং সে সম্বন্ধে আমরা বিক্ষুব্ধ ও শংকিত। একথা সমালোচনা করবার জন্য নয়, সরকারী দৃষ্টি আকর্ষণ করবার জন্য বলছি। সংবিধান নির্দেশিত নীতিকে কার্য্যকরী করার কথা প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে রাজ্যপাল উল্লেখ করেছেন। প্রচলিত প্রাথমিক শিক্ষার সুযোগ সুবিধাগুলি বিস্তারিত করবার কথা এবং আশ্বাস রাজ্যপালের ভাষণে রয়েছে। কিন্তু তাঁর পরিকল্পনা সম্বন্ধে কোন চেহারা তার ভাষণের মধ্যে আভাষে ইঙ্গিতে ফুটতে দেখ্‌ছি না। নূতন পরিপ্রেক্ষিতে সেই পুরাতন ১৯১৯ ও ১৯৩০ এর প্রাথমিক শিক্ষা আইন এখনো বলবৎ। আমাদের বিচক্ষণ শিক্ষামন্ত্রী সে সম্বন্ধে শুনবেন কি শুনবেন না জানি না। কিন্তু প্রাথমিক শিক্ষাকে নূতনতর রূপ দিতে হলে বিশেষ করে কেন্দ্রীয় সরকারের তৃতীয় Five Year Plan এর যে target নিয়েছেন, সেই টার্গেটকে বাস্তবে রূপায়িত করতে হলে প্রথমে রাজ্য সরকারকে কর্মতৎপর হয়ে উঠতে হবে। সেই তৎপরতার ইঙ্গিত আশা করেছিলাম রাজ্যপাল মহোদয়ার ভাষণের মধ্যে। কিন্তু আমাদের বন্ধুবর

ডা: সান্যাল এই ভাষণকে সুভাষিত বলে যত অভিনন্দনই জানান না কেন, আমাদের শিক্ষক-দের হতাশা বেদনা, তাঁর সেই সুভাষিত ও সুপরিকল্পিত ভাষণে অপনোদিত হবার কোন আশা প্রকাশিত হবার পথ পাচ্ছে না একথা আমি ঘোষনা করতে বাধ্য হচ্ছি। প্রথমিক শিক্ষাকে সুসংবদ্ধ ও সুপরিচালিত করবার জন্য প্রাথমিক শিক্ষা বোর্ডের দাবী দীর্ঘ দিনের দাবী। সেই দাবী উপেক্ষিত হচ্ছে। এই প্রাথমিক শিক্ষাকে নবরূপে রূপায়িত করবার জন্য একটা হাই পাওয়ার কমিটি করবার যে অনুরোধ আমাদের ছিল, সেই অনুরোধ সম্বন্ধে সরকারী কোন তৎপরতা আমরা এখন পর্য্যন্ত দেখতে পাচ্ছি না।

সাধারণতঃ সংবিধানের নির্দ্দেশক নীতিকে কার্য্যকরী করার দায়িত্ব সরকারের আছে এই কথাটুকু বলে কিম্বা সুযোগ সুবিধা বিস্তার করা হয়েছে বলে মানুষকে ধোকা দেওয়া যেতে পারে কিন্তু বাস্তব সত্য এইভাবে ভবিষ্যতের পথ দেখাতে পারে না। মাধ্যমিক শিক্ষা বোর্ড আমাদের শিক্ষামন্ত্রীর হাতে পড়ে শিখণ্ডীর ভূমিকামুক্ত হতে এখন পর্যন্ত পারেনি। প্রশাসনিক দপ্তরের খেয়াল খুসীর দাপটে মাধ্যমিক শিক্ষা বিপর্যস্ত জানি না মন্ত্রীমহাশয়ও উত্তপ্ত হয়েছেন কিনা— প্রশাসনিক দপ্তরের খেয়াল খুসির দাপটে। কিন্তু মাধ্যমিক শিক্ষা পর্ষৎ আজও হাত পা বাধা হয়েই চলছে। মন্ত্রীমহাশয় তার সংস্কারের এক আইন এনে পরিষদের সমালোচনার সম্মুখীন হয়ে পিছিয়ে গিয়েছেন, ভয়ে কিম্বা ভক্তিতে জানি না। তিনি কাগজ কলমের সাহায্যে সেই আইনের প্রাণের পরিচয় প্রতিবার অধিবেশনের কর্মসূচীতে রাখতে চেষ্টা করেন কিন্তু, এ পর্য্যন্ত তাকে প্রাণদান করবার কোন রকম সুযোগ নিতে পারেন নি। পশ্চিমবঙ্গ শিক্ষা জগতে এটা একটা নিদারুণ কলঙ্ক বলে মনে করি। রাজ্যপাল মহোদয়ার ভাষণে বিভিন্ন উন্নয়ণের কর্মসূচীর রূপায়ণের কথা রয়েছে, অগ্রগতির কথা রয়েছে। কিন্তু আমার সমস্ত ভাষণটা পড়ে মনে হয় যে তাঁর সরকারের কর্ম কিন্তু কোন "সূচীতে" সমৃদ্ধ নয় শলাকায় কণ্টকিত। এই শলাকার চাপে জনজীবন ক্লিষ্ট এবং পিষ্ট, সুতরাং তাঁর ভাষণকে আমি প্রসংশা করতে পারি না। তাঁর কল্পিত রূপায়ণের সমস্ত গতি অচলায়তনের পেষণ জালের মধ্যে অবরুদ্ধ হয়ে যাচ্ছে। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি সমালোচক হিসাবে নয়, দেশের একজন সামান্য নাগরিকের দায়িত্ব জ্ঞান নিয়ে, জানিনা বিশেষ করে স্ত্রীশিক্ষা সংক্রান্ত যে দুঃখের কথাগুলি এখানে রাখলাম আগামী বৎসর রাজ্যপালের ভাষণের মধ্যে তার কোন আভাষ ফুটে উঠবে কি না। জানিনা এই ভাষণের সামনা-সামনি দাঁড়িয়ে এই বক্তব্য আবার উপস্থিত করবো কি না, কিন্তু একথা জানি যে ইতিহাস তার ধারাকে ভোলে না, বাক্যের আড়ম্বরে দুঃখকে ঢেকে রাখা যায় না। কান্নাকে গলা টিপে মারা চলেনা। শুভ সংকল্প নিয়ে এই পরিষদে প্রবেশ করেছিলাম, এই পরিষদে যদি আবার প্রবেশ না করি তাহলেও সেই সংকল্পকে বাংলাদেশের আকাশে বাতাসে ছড়িয়ে দেবো, এবং আজ আসন নেবার আগে এই সরকারকে অনুরোধ করে যাবো যে পাপের শেষ সীমায় উপস্থিত হবার আগে আপনারা আপনাদের মুক্তির পথকে একবার চোখ খুলে তাকিয়ে দেখে অবহিত হোন!

[11-10—11-20 a. m.]

Shri Abdul Halim : I beg to move that the following be added at the end of the address in reply, viz..

"But regret that there is no mention of the failure of the Governtment —

(1) to take adequate and timely measures to check present high prices of rice and other commodities ;

(2) to stop profiteering and blackmarketing ;

(3) to take proper steps for solving the growing unemployment in the cities and countryside ;

(4) to stop the continued deterioration of the condition of the peasantry and rural people ; and

(4) to take effective measures for flood control, for preventing the recurrence of floods.''

মাননীয় সভাপতি মহাশয়, আমার ৬নং সংশোধনী move করছি এবং তা করে এই সংশোধনীর উপর আমার বক্তব্য বলব। রাজ্যপালিকা মহোদয়ার ভাষণ আমি খুব মনোযোগ দিয়ে পড়েছি, আমি মনে করি এতে নোতুন কিছু নেই যাতে বাংলাদেশের মানুষকে উৎসাহিত করা যায়। বাজেট অধিবেশনের একটা প্রারম্ভিক বক্তৃতা তাঁকে দিতে হয়, তাই গতানুগতিক-ভাবে একটা বক্তৃতা দিয়েছেন। পশ্চিমবাংলার জরুরী যে সমস্ত সমস্যা তার সমাধানের কোন নির্দ্দেশ এর মধ্যে নেই। এই রাজ্যের খাদ্য সংকটের যে তীব্রতা, দ্রব্য মূল্যের দর বৃদ্ধি, দরিদ্র, কৃষক এবং শ্রমিক কর্মচারী, মধ্যবিত্ত জীবনের দুর্গতির সম্পর্কে কোন উল্লেখ এই ভাষণের মধ্যে পেলাম না। খাদ্য সমস্যার সমাধান কি ভাবে হবে, বেকারী সমস্যার সমাধান কি করে হবে, তার কিছু কথা এর মধ্যে নেই। অবশ্য একটা কথা তিনি বলেছেন তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনার জন্য পশ্চিমবাংলার এই দুর্গত দুঃস্থ অনশনক্লিষ্ট মানুষের বিলাস সুখ আরাম বর্জন করতে হবে। তিনি যদি পশ্চিমবাংলার মানুষের বাস্তব অবস্থার সংগে পরিচিত হতেন তাহলে এরূপ বক্তৃতা এখানে করতে পারতেন না। চেয়ারম্যান, স্যার, মাননীয় রাজ্যপালিকার ভাষণের ওপর আমার যে সংশোধনী সাধারণভাবে তার উপর আলোচনা আমি করব। আমি বলেছি—But regret that there is no mention of the failure of the Government to take adequate and timely measures to check present high prices of rice and other commodities. পশ্চিমবাংলায় আমরা জানি প্রত্যেক বছর খাদ্য সংকট লেগে আছে, সংগে সংগে চলছে মুনাফাখোরদের মুনাফা শিকার। চালের দর হু হু করে বাড়ছে। জানুয়ারী মাসে চালের দর ছিল প্রতি মণ ২৮/৩০৲ মফঃস্বলে চালের দর বাড়ছে। সরকারের বন্ধ্যা খাদ্যনীতি সম্পর্কে নোতুন কিছু বলবার নেই ; ১৯৫৮ সালের মতই ১৯৫৯ সালে শস্যহানি হয়েছে। সরকার ঘোষণা করেছেন বন্যাবিধ্বস্ত এলকার বাইরে প্রচুর ধান হয়েছে, ঘাটতি মিটে যাবে, তারপর স্বীকার করেছেন না, সেরকম ধান হয়নি। ধান চালের দাম বাধবার জন্য procurementএর জন্য কোন রকম ব্যবস্থা করেন নি—তাঁরা খোলা বাজার চালু রেখেছেন ফলে মুনাফাখোরদের মুজুতদারদের মুনাফা লুটবার ভাল ব্যবস্থা করেছেন। শুধু চালের ব্যাপার নয়, অন্যান্য খাদ্য সম্পর্কেও দ্বিধাগ্রস্ত নীতি সরকার অনুসরণ করে চলেছেন, ফলে মুনাফাখোরদের লাভ হচ্ছে। চিনির দামের কথা বলবার নয়। এখানে বাইরে থেকে সরকারী permitএ চিনি আমদানী করা হয়। নভেম্বর মাসেই চিনির ব্যাপারে মজুতদাররা এক কোটি টাকা লাভ করেছে। যতক্ষণ পর্য্যন্ত তারা এক কোটি টাকা লাভ না করল ততক্ষণ পর্য্যন্ত সরকার এ ব্যাপারে একেবারে হস্তক্ষেপ করেন নি, কারণ সুস্পষ্ট তা হ'ল এই যে, ব্যবসাদার এবং পাইকারী মজুতদারদের সংগে সরকারী উচ্চ মহলের ঘনিষ্টতা বড় বেশী। মানুষের আর একটি প্রয়োজনীয় খাদ্য সামগ্রী হচ্ছে সরষের তেল। বর্ত্তমানে প্রতি মণ বিক্রী হচ্ছে ৮৫ টাকা যেখানে ছিল ৭০ টাকা। এ থেকেই বুঝা যাবে পশ্চিমবাংলা হয়েছে মুনাফাখোরদের স্বর্গরাজ্য এবং সরকার ওই মুনাফাখোরদের এবং মজুতদারদের হাতে নিজেদের ক্ষমতা সমর্পণ করেছেন। সরকার কালো বাজার এবং মুনাফা বন্ধ করবার জন্য এতটুকু ব্যবস্থা করেন নি ফলে সাধারণ মানুষের জীবনের উপর একটা অভিশাপ নেমে এসেছে। একটা সাধারণ উদাহরণ দিচ্ছি। যে সমস্ত পরিবারে মাসিক আয় ১০৫ থেকে ১২০ টাকা—তাদের জীবিকার খরচ অনেক বেড়ে গিয়েছে—চাল, ডাল. তরী তরকারী চিনি তেল প্রভৃতির দাম অনেক বেড়েছে। এই আয় নিয়ে তাদের সংসার চালান অসম্ভব। ১৯৫৯ সালের জানুয়ারী মাসের খরচের তুলনায় ১৯৬০ সালের জানুয়ারী মাসে খরচ মোটামুটি ৩৩ ভাগ বেড়ে গেছে। ১৯৫৯ সালের জানুয়ারী মাসে

খাদ্যদ্রব্য এবং কাপড় নিয়ে পরিবারপ্রতি যেখানে ৭৯'৪৫ নয়া পয়সা খরচ হত—১৯৬০ সালের জানুয়ারীতে সেখানে লাগছে ১০৫'৮১ নয়া পয়সা। দ্রব্যমূল্য এই হারে যদি বাড়ে, স্বল্প আয়ে কি করে মানুষ বাঁচবে। শুধু খাদ্যদ্রব্য নয়, অন্যান্য জিনিষের যেমন বাড়ী ভাড়া, ওষুধ পত্র, চিকিৎসা প্রভৃতি আছে।

পশ্চিমবঙ্গে আজ এক উদ্বেগজনক অবস্থার সৃষ্টি হয়েছে। লক্ষ লক্ষ গ্রামের ও শহরের মানুষের উপর সঙ্কট নেমে এসেছে। দ্বিতীয় পঞ্চাবর্ষিকী পরিকল্পনা শেষ হতে চলেছে,তা সত্ত্বেও মানুষের জীবিকার সুরাহা, সুযোগ সুবিধার সৃষ্টি না হয়ে তা কমে এসেছে। মানুষের দুঃখ কষ্ট দারিদ্র্য ক্রমাগতই বেড়ে চলেছে। এত ত্যাগ স্বীকার করা সত্ত্বেও সাধারণ মানুষের অবস্থা দিন দিন খারাপ হয়ে চলেছে। আজ যে শুধু মানুষ কাজ করার অধিকার বাঁচার অধিকার থেকে বঞ্চিত হচ্ছে তা নয়, আজ সরকার মানুষের বাক্ স্বাধীনতাটুকুও হরণ করে নিবার জন্য পীড়ণ মূলক আইন প্রনয়ণ করতে যাচ্ছেন।

পশ্চিমবঙ্গের জনসংখ্যার বেশীর ভাগই গ্রামাঞ্চলের অধিবাসী। সেই গ্রামের মানুষ, কৃষক, মজুর মধ্যবিত্তের অবস্থা দিন দিন খারাপ হচ্ছে। তাঁরা কোন প্রকারে দুঃখকষ্টে দারিদ্র্যের সাথে সংগ্রাম করে বেঁচে আছেন। গ্রামের মানুষের জীবনের মান সর্ব্বনিম্নস্তরে। সরকারের পঞ্চবার্ষিকী পরিকল্পনা তাদের দুঃখময় জীবনে এতটুকু পরিবর্ত্তন এনে দেয় নি। দ্বিতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনার শেষেও বেশীর ভাগ কৃষক পরিবারের চাষবাস করে বেঁচে থাকার মত জমি নেই। বেকারীর অবস্থা ভয়াবহ। কর্ম্মহীনেরা কাজ পায় না। শতকরা ২৮ ভাগ কৃষক পরিবারের কোন চাষের জমি নেই। কৃষি ও ক্ষেত মজুরী করে তারা জীবিকা নির্ব্বাহ করে। তাদের মজুরীও জীবন ধারণের পক্ষে যথেষ্ট নহে। বছরের অধিকাংশ সময় তাদের কাজ থাকে না। খয়রাতী সাহায্য—না হয় ষ্টেট রিলিফের উপর তাদের নির্ভর করতে হয়। গ্রামাঞ্চলের মানুষের অবস্থা যে শোচনীয় হয়েছে তা সর্বজনবিদিত। গত বছরে বন্যা তাদের জীবনে এক দুর্দৈবরূপে দেখা দিয়েছিল। গভর্ণমেণ্ট হয়তো বলবেন যে প্রাকৃতির দুর্য্যোগের উপর কারো হাত নাই। সরকার নিজের দোষ কখনই স্বীকার করেন না। গত বছরের বনায় পশ্চিমবাংলায় ১১টি জেলায় যে ধ্বংস-লীলা সংঘটিত হয়েছে তারজন্য দায়ী সরকারের নদনদী নিয়ন্ত্রণ পরিকল্পনা ব্যবস্থার ত্রুটি। বন্যা নিয়ন্ত্রণের ত্রুটিপূর্ণ ব্যবস্থার জন্যই গতবারে বন্যা ভয়াবহ আকার ধারণ করেছিল। তারপর, মাননীয় রাজ্যপাল মহোদয়া বলেছেন যে, এই রাজ্যে সেচ ব্যবস্থার সুবিধার বৃদ্ধি করা হয়েছে, এবং ১৯৫৯ সালে আরো অনেকগুলি ছোট বড় সেচ পরিকল্পনা শেষ হয়েছে—তিনি আরো বলছেন যে, দামোদর পরিকল্পনা এবং ময়ূরাক্ষী পরিকল্পনায় চাষীদের উপকার ও সাহায্য হয়েছে। এসম্পর্কে আমি সরকারকে জিজ্ঞাসা করতে চাই—এসব পরিকল্পনার ফলে পশ্চিমবংগের খাদ্যোৎ-পাদন বৃদ্ধি পেয়েছে কি না—এসব পরিকল্পনার দ্বারা খাদ্য সমস্যার কি কোন সমাধান হয়েছে? সেচ পরিকল্পনার জলাধারগুলি সেচকার্য্যে সাহায্য না করে বরং বন্যার প্রকোপ বৃদ্ধি করেছে। তাই আজ দামোদর ও ময়ূরাক্ষী পরিকল্পনা সম্পর্কে সাধারণ মানুষের মনে সন্দেহ জেগেছে। যদি ফসল উৎপাদনে সাহায্য না করে শুধু বন্যা সৃষ্টি করে তাহলে উৎপাদন বৃদ্ধি হবে কি করে?

এ বৎসর সরকারী ঘোষণা সত্ত্বেও ভাল ফসল হয়নি। বন্যাবহির্ভূত এলাকায় এবং ক্যান্যাল এলাকায় বিঘা প্রতি ৫/৬ মণের বেশী ধান হয় নি। সাধারণভাবে বৃষ্টির জলে বিঘা প্রতি ১০ মণ ধান হয়, অথচ সেচকার্যের ফলেও উৎপাদন বৃদ্ধি পায়নি।

মাননীয় রাজ্যপাল বলেছেন যে, পশ্চিমবাংলা খাদ্যে ঘাটতি। সরকার যে কোটি কোটি টাকা খরচ করলেন সেচ পরিকল্পনা সমূহের জন্য, তাতে তাহলে লাভটা কি হল? ১৯৫৮।৫৯ সালে পশ্চিমবংগে ৪০।৪১ টন্ মোট চাউল উৎপাদন হয়েছে এবং এবার ঘাটতির পারিমাণ দাঁড়াবে ৬ লক্ষ টন।

বিগত বছরের ভয়াবহ খাদ্য সংকটের কথা সকলের স্মরণ আছে। খাদ্যের দাবীতে যে আন্দোলন হয়েছিল তাতে পুলিশের গুলিতে ৮০ জন নরনারীকে প্রাণ দিতে হয়েছে। আজ পর্য্যন্ত এই সরকার খাদ্য সমস্যা সমাধানের জন্য কোন সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করতে পারেন নি। ১৯৫৪ সালে ২৬শে ফেব্রুয়ারী খাদ্যমন্ত্রী শ্রীপ্রফুল্লচন্দ্র সেন বাজেটের সাধারণ আলোচনার উত্তরে বলেছিলেন—I may tell the House that we have turned the eornes this year. We have had bumper crop. তদানীন্তন রাজ্যপাল তাঁহার ভাষণে বলেছিলেন ৮৫ লক্ষ টন চাউল উৎপাদন হবে. কিন্তু State Stastical Burea র হিসাবে 52 lakh tons of total cereal উৎপাদন হয়েছে। তারপর উৎপাদন বৃদ্ধি হোক বা না হোক, দরিদ্র কৃষকের উপর একর প্রতি ১০৲ সেচকর চাপান হয়েছে। সরকার নিজেদের প্রতিশ্রুতি ভঙ্গ করে উৎপাদন বৃদ্ধি না হওয়া সত্ত্বেও বীরভূমের ময়ূরাক্ষী সেচ এলাকায় চার বৎসরের বকেয়া খাজনা আদায় করার উদ্দেশ্যে কৃষকদের উপর নোটিশ ও সার্টিফিকেট জারী করেছেন। আমি বুঝতে পারি না এটা কোন ব্যবসাদারী নীতি।

[11-20—11-30 a. m.]

আজ বাংলাদেশের নদনদীগুলি মরে এসেছে এবং বন্যা নিয়ন্ত্রণের জন্য গভর্ণমেণ্ট যে সব পরিকল্পনা গ্রহণ করেছেন তার ত্রুটিই এর জন্য দায়ী। আমি জানি বন্যা তদন্ত কমিটি তাঁদের রিপোর্টে বলেছেন যে, খালবিল ড্রেণ সমূহ মজে যাওয়ার ফলেই বন্যার প্রকোপ প্রবল হচ্ছে। তাছাড়া ও পরিকল্পনাগুলির defective operation এর জন্য এই বন্যা হচ্ছে।

আরেকটি কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। রাজ্যপাল মহোদয়া বলেছেন যে, ৫০০ health centre হচ্ছে। স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত নাই—তাঁকে একটা কথা অমি জিজ্ঞাসা করতে চাই, রামপুরহাট—মাড়গ্রামে ৬০।৭০ হাজার টাকা ব্যয়ে যে health centre হয়েছিল সেটা আজ ধ্বংসস্তূপে পরিণত হয়েছে কেন? যেখানে নতুন নতুন হাসপাতাল তৈরীর পরিকল্পনা গৃহীত হচ্ছে সেখানে কেন চালু হাসপাতালগুলি রক্ষা করার ব্যবস্থা হচ্ছে না? তারপর রামপুরহাট মাড়-গ্রাম রাস্তাঘাট সম্পর্কে আমি শুধু এটুকু বলতে চাই যে, ব্রিটিশ আমলে রাস্তাঘাটগুলির যে অবস্থা ছিল বর্তমানে তার চেয়েও আরো খারাপ হয়েছে। তারপর, গ্রামাঞ্চলে কয়লার দর ৬ টাকা পর্য্যন্ত উঠেছে, জ্বালানি কাঠের অভাবের কথা বলাই বাহুল্য। Unemployment সম্পর্কে আমার অন্যান্য বন্ধুরা অনেক কথাই বলেছেন। মাননীয় রাজ্যপাল বলছেন, the problem of unemployment in the State continues to baffle us. জানি না বেকার সমস্যা সমাধানে সরকারের কি plan আছে। নথীভুক্ত বেকারের সংখ্যাই হচ্ছে ১৪।১৫ লক্ষ, গ্রামাঞ্চলে যেসব বেকার আছে তাদের তো কোন হিসাবই নাই। এবার ১।। লক্ষ ছেলে School Final পরীক্ষা দিবে, এরা বেকারের সংখ্যাই বৃদ্ধি করবে।

মাননীয় রাজ্যপাল অনেক কথাই বলেছেন, কিন্তু মৌলিক সমস্যাগুলিই তিনি এড়িয়ে গিয়েছেন এই তার বক্তৃতা সম্পর্কে আমার অভিমত।

[11-30—11-40 a. m.]

Shri Dhirendra Nath Maitra : মাননীয় রাজ্যপালের ভাষণে ১৯৫৯ সনের সেপ্টেম্বর ও অক্টোবর মাসে পশ্চিমবংগের ১৫টা জেলার মধ্যে ৯টা জেলায় যে বীভৎস বন্যার কথা উল্লেখ আছে তা সত্যিই ভয়াবহ। ক্ষতিগ্রস্থ জেলাবাসীদের আমরা আন্তরিক সমবেদনা জানাচ্ছি। এই বন্যায় সরকারের প্রায় ৩২ লক্ষ লোককে খাদ্যের সংস্থান কৃষিঋণ এবং শ্রমের বিনিময়ে ষ্টেট্ রিলিফ এর মাধ্যমে কাজের সংস্থান প্রভৃতি সময়োপযোগী ব্যবস্থা অবলম্বন ধন্যবাদ পাইবার যোগ্য। এই সব বন্যার কারণ অনুধাবন ও তাহার প্রতিকার করণের চেষ্টা করা প্রয়োজন। আমি এ বিষয়ে সরকারে দৃষ্টি আকর্ষণ করি। এই

প্রসঙ্গে ১৯৫০, ১৯৫৪, ১৯৫৮ সনের উত্তরবংগের বন্যার তাণ্ডব লীলার কথা মনে পড়ে। মাননীয় সেচমন্ত্রী উত্তর বংগের বন্যা বিধ্বস্ত অঞ্চলে প্রয়োজনীয় বাঁধগুলি তাড়াতাড়ি করার চেষ্টা করিয়াছেন সেজন্য তাঁহাকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

কৃষি খাতে ১৯৫৮ সনে ৪০ লক্ষ টন, ১৯৫৯ সনে ৪১ লক্ষ টন, ১৯৬০ সনে ৩৯.৯ লক্ষ টন ধান হইয়াছে। ১৯৬০ সনের আউস আবাদ এখনও উঠে নাই আউস উঠার পর ও খাদ্য শস্যের ঘাট্‌তি হইবে এইরূপ আশঙ্কা করা যাইতেছে। ইষ্টার্ণ রাইস জোন হওয়ার দরুণ উড়িষ্যা হইতে এবং কেন্দ্রীয় সরকার হইতে খাদ্য শস্যের ঘাট্‌তি পূরণের চেষ্টা হইবে এইরূপ রাজ্যপালের ভাষণে উল্লেখ আছে। এই ঘাট্‌তি পূরণ করিবার জন্য দেশের কৃষকগণ যাহাতে অধিক শস্য ফলনের প্রেরণা লাভ করেন সেজন্য ১০০০ সরকারী খামার সৃষ্টি করা হইয়াছে। কিন্তু জমি পরীক্ষার ব্যবস্থা প্রতি থানায় না থাকিলে উপযুক্ত সার প্রয়োগ করা সম্ভব নহে। অথবা আমি আশা করি প্রতিটী থানার সরকারী খামারে সংলগ্ন এক কোটি মাটি পরীক্ষাগার স্থাপন করা উচিত। উহাতে কোন জমিতে কোন সার প্রয়োগ করা উচিত এবং কোন জমিতে কি ফসল ভাল হইবে বিশেষজ্ঞগণ এই সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ কৃষকগণকে দিতে পারিবেন। উন্নত ধরণের বীজ এবং জমিবাঁধ বা ছোট ছোট সেচ পরিকল্পনা দ্বারা জমিতে প্রয়োজনীয় জল দেওয়ার ব্যবস্থা থাকার দরকার। নচেৎ শস্য উৎপাদনের চেষ্টা কেবল মাত্র অধিক অর্থ ব্যয়ে পর্য্যবসিত হইবে। এই প্রসঙ্গে সরকারের পুনরায় দৃষ্টি আকর্ষণ করি। জনসাধারণকে সুখী করিতে হইলে ভাত কাপড়ের সংস্থান করা আশু প্রয়োজন।

জন স্বাস্থ্য খাতে দেখা যাইতেছে ৫০০টি স্বাস্থ্য কেন্দ্র স্থাপিত হইয়াছে। কিন্তু স্বাস্থ্যকেন্দ্রগুলি প্রায়ই ইউনিয়নের ভৌগলিক কেন্দ্র স্থলে হওয়ার দরুণ সেইরূপ পরিমাণ রোগী জমায়েত হইতেছে না এবং ডাক্তাররাও এই সব স্থানে যাইতে চাহেন না। বোঝা যাইতেছে এই সব কেন্দ্রগুলি জন প্রিয় হইতেছে না। ভবিষ্যতে স্থান নির্বাচণের সময় লোকালয়ের নিকট এই সব কেন্দ্রগুলি স্থাপিত হইলে জনস্বাস্থের উন্নতির সহায়ক হইবে।

জল সরবরাহ গ্রামে আরও হওয়ার প্রয়োজন। কোন কোন স্থানে গভীর নলকূপ বা ডিপ টিউবওয়েল, কোথায় বা রিং-ওয়েল ইত্যাদি করার প্রয়োজনীতা আছে। পাহাড় এলাকায় ঝোড়ার জলগুলি স্থানে স্থানে ট্যাঙ্ক করিয়া রাখিয়া পরিষ্কারের ব্যবস্থা করিয়া ব্যবহার করিতে দেওয়া উচিত।

১৯৫৯ সনের কার্য্যস্থলে শ্রমিক ও মালিকের মধ্যে সম্বন্ধের উন্নতি আশাপ্রদ বা আনন্দের বিষয়। সংগে সংগে শ্রমের পরিমান রকম ও সময় (Quality, Quantitics and period) নির্ধারিত হওয়া সংগত।

বেকারসমস্যা অতি গুরুতর আকার ধারণ করিয়াছে এবং রাজ্যপালের ভাষণে ইহার প্রতিক্রিয়া সমাজের উপর কিরূপ ভয়াবহ হইতে পারে সে বিষয় রাজ্যপাল আশঙ্কা করিয়াছেন। রাজ্যপালের ভাষণে এই বেকারসমস্যা সমাধান করিবার নিমিত্ত ছোট ছোট শিল্প সংস্থা গঠনের উপদেশ করিয়াছেন কিন্তু স্কুলে বৃত্তিমূলক শিক্ষার ব্যবস্থা না হলে ব্যপক ভাবে শিল্প গড়িয়া তোলা সম্ভব হইবে না। এ বিষয় আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করিতেছি। এই উপলক্ষ্যে উত্তর বংগবাসী হিসাবে জলঢাকা হাইড্রো ইলেকট্রীক স্থাপনের প্রচেষ্টাকে অভিনন্দন জানাচ্ছি। সস্তায় এই বিদ্যুৎ সরবরাহ হইলে গ্রামে গ্রামে আশু শিল্প গড়িয়া উঠা সম্ভব হইবে। আমি আশা করি এই বিদ্যুতের দাম যেন ইউনিট প্রতি ছয় নয়া পয়াসার অধিক না হয়।

সময় অল্প সব বিষয় বলা সম্ভব হইল না। উপসংহারে রাজ্যপালের ভাষণে উত্তর বংগে একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের উল্লেখ আছে। সেজন্য অভিনন্দন জানাচ্ছি।

Shri Sudhindra Nath Mukherjee : Mr. Chairman, Sir, in rising to support the motion of thanks, I have got some humble suggestion to make to the present Government.

Sir, the first thing which occurs to my mind is the problem of food. It is a fact that there has been definite improvement in the field of agriculture as well as production of food. In my humble way, I am connected with production of food, though not actually as a tiller of the soil but as owner of some lands, and I am very much interested in that. Sir, I come from Balagarh in Hoogly district which suffers from scarcity of irrigation water. My experience is that inspite of employing tractors and other machineries, about six or seven years back, due to the lack of irrigation water, the production was not adequate. There is the geographical difficulty in that paricular area whereby it cannot be irrigated by D. V. C. water. The only thing that can be done there is sinking of deep tubewells so that these lands may be irrigated. Unfortunatelly, most of the lands produce only one crops, either aus or aman or jute and the production is also very low about four or five maunds per bigha which is far, far below what can be expected in developed country. My humble suggestion is that the highest priority should be given to irrigation to the sinking of these deep tubewells, and other things may be taken up latter on. Sir, it is a wellknown fact that even in the Arabian desert deep tubewells are being sunk, and this is being done according to the modern technique to the great advantage of the people. I hope that this suggestion of mine will be accepted and some thing should be done in this respect this year.

Sir, I have got another humble suggestion. Agriculture and food production being something which cannot be put into effect in the city or in the towns or in the Writer's Buildings, my suggestion is that the Hon'ble Minister in charge of Food Production should go and live in the villages for some time and see for himself what the actual difficulties are. It might be arranged that he may live in the interior of villages for three or four days in a month so that he may very well see for himself the actual problems facing the cultivators and try to solve them. Sir I have great faith in this young Minister The Hon'bie Tarun Kanti Ghosh. He has got very good intentions and also energy and ability to tackle the problems. I hope the Hon'ble Minister will try to give effect to my suggestion as far as practicable.

Now, I will take up the question of the Third Plan. Sir, we are almost at the end of the Second Plan and definitely much work has been done during this period. As I have just now said, the first priority in the Third Plan should be given to the matter of food production even at the expense of bigger industries We know that even by increasing the number of industries the employment problem cannot be solve unless, of course, the growth of population be checked and the number of industries set up be very large, which is however, not possible at the present moment.

India and West Bengal being largely dependant on agriculture, all efforts should be made for improvement of agriculture so that greater number of people can be employed and it can be done if we have two crops—then greater number of people can be employed. Regarding unemployment my friends on this side of the House as well as on the Opposition have already spoken at length already. As a small industrialist interested in the mining of coal and factories which are not, of course, situated in West Bengal, I find that there has been increase in praduction. With employment of more modern machines there is bound to come decrease in employment. In other countries even in Russia we have read and I had the opportunity of visiting a few latest industries in Hungary in 1953—all efforts are being made to automatise industries so that lesser number of men are employed—they can also be employed in other industries. Such a thing is bound to come. In that case

the mere fact that we are increasing our industries or setting up new industries will not solve the problem. In India some more cottage industries should be set up. Last evening I had the oppartunity of visiting a small exhibition which is being held in my thana of Balagarh where I found that the co-operative leather manufacturing cancern has set up a small stall. There shoes are being made at Rs 12 which have ready market there. If we can increase this kind of co operatives all over the country, so that the peasants, the tillers of the soil or even school teachers can devote a few hours and thereby augment their income, it will solve the unemployment problem to a large extent. Even if we can give partial employment it will be a great relife. Otherwise, I think we have to have Mahatma Gandhi's Sarbodaya movement which means that every village should be completely self-sufficient ; they will produce their own food, clothing and everything. But that is not possible now in this atomic age.

Now, for the setting up of cottage industries supply of electric power is needed. Every village must be connected with an electric power house so that it can be employed for operation of deep tubewell irrigation as well as for operation of small cottage industries.

Regarding education—I am connected as a Chairman of a District Board. With Hooghly district School Board, I find that there has been definite improvement in education. I do not know the exact figure of literacy percentage but I think it will be between 30 and 35 percent in the district of Hooghly ; it means an improvement of 12 to 13 per cent. I am not sure about this percentage. In every two village there is a school and the parents are very eager to send their children there.

About the curriculum I believe we are not giving that much of attention as should be given to vocational training. No doubt, almost every district has got a technical institution, but I belive, along with the multi-purpose school we should have a purely vocational institution in every thana so that the students who have got bias for agriculture and industries can be trained and thereby have some stand in life when they come out of the school. That is my suggestion. It can be done. I think it is being done in other developed countries where it is paying good dividend.

[11-40—11-45 a. m.]

Now I come to unemployment. It is a very difficult problem. It is rather difficult for any Government to solve it completely. Industrialists here in West Bengal should be asked to employ the children of the soil as far as possible. They should be requested to employ children of the soil wherever it is possible. Otherwise, I do not think it will be good for anybody either the Government or the people or for the industrialists themselves if such a large number of unemployed persons are deprived of the employment which is going to the people of other provinces.

Now I talk of general health. I find in my village there has been a very definete improvement. Malaria, for example, is practically non-existent and the average span of life has lengthened. What I find is that the setting up of Health Centres are not being very much encouraged at the present moment most probably on account of paucity of funds or otherwise. I think this should not be the proper course. Health Centres are doing a great service. I remember, Sir, through our humble efforts and also through the efforts of the locality, a Health Centre was started in my area about six year back. People from far and near utilise the Health Centre and all sorts of people are immen-

sely benifited by the establishment of the Health Centre. Both the educate and the uneducated people are utilising the Health Centre. Womenfolk ar getting much facilities. There are post-natal and pre-natal facilities whic are being given by these Health Centres. That is also a great help to th people.

In conclusion, Sir, I should say that, due to flood and other natur calamities, last year people had to face many troubles but now we ar improving and we are on the path of further inprovement.

With these humble suggestions I support the motion.

Sri **Satya Paiya Roy :** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে দিনের শেষে আমাদ বলবার নির্দেশ দিয়েছেন, আমি বলছি। কিন্তু বলতে গিয়ে আমি আমাদের বিরোধীদে দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, বলে লাভ কি? বাস্তবিক বলবার আম উৎসাহ পেতে পারি যদি দায়িত্বশীল মন্ত্রীরা উপস্থিত থাকেন—এবং আমরা যে সমালোচনাগু করি তার সম্মান দেন। আপনি এই হাউসের custodian হিসাবে এই ব্যাপারে admoni করা উচিত মিনিষ্টারদের very stricty তা না হলে বলার বাস্তবিক কোন অর্থ হয় না।

Mr. Chairman : Then will you prefer to speak on the day when w meet next ?

Sri Satya Priya Roy : That will be better.

Mr. Chairman : Then we close today. The House stands adjourne till 9-30 A.M. on the 2nd March, 1960.

Adjournment

The Council was accordingly adjourned at 11-45 a.m, till 9-30 a.m o Wednesday, the 2nd March, 1960, at the Legislative Building, Calcutta.

Members Absent

Bandopadhyay, Shri Upendra,
Banerjee, Shri Tara sankar,
Basu, Shri Gurugobinda.
Bose, Shri Aurobindo,
Ghosh Maulik, Shri Satyendra Chandra,
Jha, Shri Pashu Pati,
Maliah, Shri Pashupati Nath,
Mohammad Sayeed Mia, Shri
Musharruf Hossain, Shri,
Poddar, Shri Badri Prasad.
Sarkar, Shri Nrisingha Prosad,
Sarkar, Shri Pranabeswar and
Sen, Shri Jimut Bahan.

even ...
latest industri...
industries so that ...
employed in other industries.

COUNCIL DEBATES

Wednesday, the 2nd March, 1960

The Council met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 2nd March, 1960. at 9-30 a.m being the fifth day of the Twentieth Session, under the Constitution of India.

[r. Chairman (the Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in Chair.

9-30—9-40 a. m.]

Shri Satya Priya Roy : Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.,

"But regret that there is no mention of—

(1) the failure of the Dandakaranya Scheme owing to Corruption and inefficiency at the highest livel ;

(2) the drastic reduction in book grants and stipends to refugee students under different pleas and its consequent effeet on a large number of school that have large number of refugee students on their rolls.

(3) reduction in or even total abolilion of canal rates inasmuch as the dams and canals have brought untold sufferings to the people concerned by causing repeated floods ;

(4) the unfortunate victims to police firing dnring the foed movement in September and October, 1959 ;

(5) any Government policy for the solution of the food, employment and educaticnal problems in the State ;

(6) any phased programme to aeach the target of free and compulsory primary education for all children in the age group 6 to 11 within 1965 ;

(7) the various problems that face the eleven-year schools regarding syllabuses text-books and teachers and that unless tackled carefully are sure to lead to total failure of these experimental type of schools ;

(8) any phased programme for the upgrading of ten-class schools into higher secondary with diversified courses ; and

(9) the uncertainty about the three years' degree course and the need for maintaining for at least some years, two parallel courses, one of two years' degree course following the Intermediate Course of two years and the other, the three years' degree coursc following eleven-year school codrse or the Pre-University Course, at the case may be."

মাননীয় অধ্যক্ষ মহোদয়, বিধান-পরিষদের ও বিধান সভায় যুক্ত অধিবেশনে মাননীয় রাজ্যপাল মহোদয়ার যে ভাষণ পাঠ করা হয়েছিল তা গভীর মনোযোগ ও আগ্রহের সংগে শুনেছিলাম। আশা করেছিলাম আগামী বৎসরে বিভিন্ন ক্ষেত্রে যে নীতি সরকার কর্তৃক গৃহীত হবে তার

একটা আভাষ ও ইঙ্গিত এবং সুস্পষ্ট নির্দেশ রাজ্যপালের অভিভাষণে আমরা পাব। কিন্তু দুঃখের সংগে আমি একথা বলতে বাধ্য যে, রাজ্যপালের অভিভাষণের প্রতিটি লাইন ও অক্ষর গভীর মনোযোগের সহিত পাঠ করে যে সিদ্ধান্তে পৌঁছাতে বাধ্য হয়েছি সেটা হচ্ছে যে, এই যে অভিভাষণ তিনি দিয়েছেন এটা যেন কোন কোম্পানীর বার্ষিক কার্য্য বিবরণী। এতে গত বৎসর সরকার কি করেছেন তার কতগুলি তথ্য দেওয়া আছে। কিন্তু যে সমস্ত সমস্যা আমাদের জীবনে দেখা দিয়েছে সেই সমস্ত সমস্যা সমাধানের জন্য সরকার কি নীতি অবলম্বন করবেন তার কোন রকম ইঙ্গিত বা আভাষ এই অভিভাষণে নাই। প্রথমতঃ যে বিধ্বংসী বন্যা আমাদের পশ্চিমবাংলায় শোচনীয় অবস্থা সৃষ্টি করেছিল সে সম্পর্কে আলোচনা করতে গিয়ে এই অভিভাষণে শুধু কত কোটি টাকা খরচ করা হয়েছে, গত বৎসর কত টাকা কৃষিঋণ বাবদ দেওয়া হয়েছে, কত টাকা test relief এর জন্য খরচ করা হয়েছে—শুধুমাত্র এইরকম কতগুলি বিবরণ আমরা এই অভিভাষণে দেখতে পাই। এবং সর্ব্বশেষে এটুকু দেখতে পাই—Civil police ও militaryর যে সমস্ত কর্মচারীরা ঐকান্তিক পরিশ্রমে বন্যাবিধ্বস্ত অঞ্চলের বন্যার্তদের সাহায্য করেছেন তাঁদের তিনি ধন্যবাদ জানিয়েছেন, কিন্তু বন্যার ফলে যে ভীষণ ক্ষতি হয়ে গিয়েছে এবং শোচনীয় ফল এখনো বন্যাবিধ্বস্ত অঞ্চলের লোকেরা ভোগ করছে তা অপনোদন করবার জন্য সরকার কোন নীতি অবলম্বন করবেন সে সম্পর্কে কোন প্রকার উল্লেখ রাজ্যপালের ভাষণে নাই। শুধু যে বন্যার ব্যাপারেই এই হয়েছে তা নয়, খাদ্য, সেচ ও শিক্ষা এবং অন্যান্য যেসমস্ত সমস্যা আলোচনা করা হয়েছে—তা যেন গত বৎসরের কার্য্য বিবরণী হিসাবেই—আমাদের সামনে তুলে ধরা হয়েছে। এতে আমাদের বাস্তবিকই মনে হয়েছে এটা যেন বিদ্যালয়ের ছাত্রসুলভ একটা প্রবন্ধ হিসাবে আমাদের সামনে উপস্থাপিত করা হয়েছে। রাজ্যপালের এই অভিভাষণের মধ্যে আমরা সরকারের দায়িত্বশীলতার কোনরকম পরিচয় পাই না। বিভিন্ন সমস্যার মধ্যে কতগুলি জিনিষের উল্লেখ নাই বলে আমি যে সংশোধনী দিয়াছি সেই সব সমস্যার কথা আমি এখানে আলোচনা করব। প্রথমতঃ তিনি তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য স্বার্থত্যাগ করার জন্য আমাদের আহ্বান ও আবেদন জানিয়েছেন, কিন্তু তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার স্বরূপ কি, তাতে দেশবাসী কি প্রত্যাশা করতে পারে এবং দেশের অগণিত জনসাধারণের কি মংগল সাধন হতে পারে তার কোনরকম উল্লেখ এই অভিভাষণে আমরা দেখতে পাই না। কিসের জন্য এই স্বার্থত্যাগ আমরা করব? ধনিককে আরো ধনী করবার জন্য, মুষ্টিমেয় লোককে সুখস্বাচ্ছন্দ্যে রাখবার জন্য যে পরিকল্পনা রাজ্য সরকার দিনের পর দিন নিয়ে চলেছেন সেই পরিকল্পনার পিছনে জনসাধারণ শুধু স্বার্থ ত্যাগ করে যাবে এই প্রত্যাশা রাজ্যপাল নিশ্চয়ই করতে পারেন না। তারপর, উদ্বাস্তু সমস্যা আলোচনা করতে গিয়ে মাননীয়া রাজ্যপাল শুধু দণ্ডকারণ্য পরিকল্পনা সম্পর্কেই উল্লেখ করেছেন এবং বলেছেন প্রারম্ভিক যেসব অসুবিধা ছিল সেগুলি বর্ত্তমানে অপসারিত হয়েছে এবং পরিকল্পনা কাজ দ্রুতগতিতে অগ্রসর হচ্ছে। কিন্তু বাস্তব সত্য কি তাই! আজকে দণ্ডকারণ্য পরিকল্পনা সাফল্য তো দূরের কথা, দণ্ডকারণ্য পরিকল্পনা নিয়ে যে গোলমাল শুরু হয়েছে তাতে—এই পরিকল্পনা সম্পূর্ণ বানচাল হয়ে যাবার উপক্রম হয়েছে—এবং ভবিষ্যতে তার কোনরকম সাফল্যের সম্ভাবনা আছে বলে মনে হয় না। দণ্ডকারণ্য পরিকল্পনা যখন আরম্ভ করা হয়েছিল তখন ঘোষণা করা হয়েছিল যে, ১৯৫৯ সালের জুলাই মাসের মধ্যে শিবিরবাসী সমস্ত উদ্বাস্তুদের পুনর্বাসিত করা হবে—এবং সমস্ত উদ্বাস্তু যারা শিবিরবাসী তাদের দণ্ডকারণ্যে পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। এই দণ্ডকারণ্যে ১০০ কোটি টাকার পরিকল্পনা করা হচ্ছে, কিন্তু দেখা গেল সেখানেও স্বার্থে স্বার্থে সংঘাত, এবং এই স্বার্থ সংঘাত সম্পর্কে বিভিন্ন পত্রিকা মারফৎ যে সমস্ত তথ্য প্রকাশিত হয়েছে তাতে দেখা যায় রাজ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রীর মধ্যেও মতৈক্য নাই, তাঁদের মধ্যে ও স্বার্থের সংঘাত এবং বিরোধ পরিস্কার ভাবে দেখা দিয়াছে। এর ফলে দেখা গেল সেখানকার প্রশাসনিক অধিকর্তা মিঃ ফ্রেচারকে অপমানিত হয়ে সেখান থেকে

বিদায় নিতে হল। দণ্ডকারণ্য পরিকল্পনায় যে কয়জন মুষ্টিমেয় বাঙ্গালী কর্মচারী আছেন তাঁদের একে একে বিদায় নিতে হচ্ছে—এবং আজকে দেখা যাচ্ছে যে, যেখানে বাঙ্গালীকে পুনর্বাসন করতে হবে সেখানেই বাঙ্গালী কর্মচারীদের কোন স্থান নেই—এবং এও শোনা যাচ্ছে ৩ জনের বেশী বাঙ্গালী কর্ম্মচারী সেখানে নেই। একথা ঠিক যে মানুষ নিজ ভাষাভাষী লোকের মধ্যে বাস করতে চায় যাতে তারা মনের কথা খুলে বলতে পারে। কাজেই দণ্ডকারণ্য পরিকল্পনায় যদি বাঙ্গালী দায়িত্বশীল পদে অধিষ্ঠিত থাকতেন তাহলে তার সাফলের যে সম্ভাবনা ছিল আজকে তা মোটেই নাই। বাস্তবিকই কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রীদপ্তরে আজকে দুর্নীতি কি আকার ধারণ করেছে—তা বিভিন্ন পত্রিকাসমূহে প্রকাশিত হয়েছে, কিন্তু কেন্দ্রীয় পুনর্বাসনমন্ত্রীর পক্ষ থেকে তার কোনরকম প্রতিবাদ করা হয় নি। যে কয়টা tractor নিয়ে যাওয়া হয়েছিল চাষ আবাদের জন্য সেগুলি অকেজো হয়ে পড়ে আছে সেকথা কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজ্যসভায় স্বীকার করতে বাধ্য হয়েছেন—তবে তিনি বলেছেন যে, সেগুলি যে অকেজো হয়ে পড়ে আছে তা tractorগুলির গুরুতর দোষত্রুটির জন্য নয়,—এবং তার প্রমাণ হিসাবে তিনি যা উপস্থিত করছেন তা নিতান্ত হাস্যকর বলে মনে হয়। তিনি বলেছেন, tractorগুলির যদি খুব বেশী ত্রুটি থাকত তাহলে দণ্ডকারণ্য পরিকল্পনার কর্তৃপক্ষের পক্ষ থেকে আবার প্রতিরক্ষা বিভাগে tractor এর জন্য বাধা দেওয়া হত না। কিন্তু আমরা দেখতে পাচ্ছি প্রতিরক্ষা বিভাগ এবং দণ্ডকারণ্য পরিকল্পনার দায়িত্ব যাঁরা নিয়েছেন তাঁরা এই দুর্নীতির অংশীদার মাত্র। কিন্তু পরস্পরের প্রশংসা করেই তাঁরা দুর্নীতির অভিযোগ থেকে কিছুতেই মুক্ত হতে পারে না।

[9-40—9-50 a. m.]

কথা ছিল যে জুলাইমাসের মধ্যে দণ্ডকারণ্যে ৫০ হাজার পরিবারকে পুনর্বাসন দেওয়া হবে। বর্ত্তমানে দেখতে পাচ্ছি শুধু ১ হাজার পরিবারকে দণ্ডকারণ্যে যাবার জন্য নোটিশ দেওয়া হয়েছে এবং এই ১ হাজার পরিবারের মধ্যে এখন পর্য্যন্ত মাত্র ৬।৭ শত পরিবার সেখানে গেছে। যারা সেখানে গেছে তারা দুঃসহ গরম এবং অসহনীয় শীতের মধ্যে দিন কাটাচ্ছে। তাদের বসবাসের জন্য কোন রকম ঘরবাড়ী যা করবার কথা ছিল, তা' কিছুই হয়নি এবং যার ফলে তাদের তাঁবুর মধ্যে দিন কাটাতে হচ্ছে। দণ্ডকারণ্যে আমরা প্রাচীন পৌরানিক কাহিনী থেকে দেখতে পাই যে, এটা একটা অতি কঠিন জায়গা, সেখানে আমরা সূর্পণখাকে দেখতে পাই এবং মারিচের ঐন্দ্রজালিক স্বর্ণমৃগ আমাদের মনকে মুহূর্ত্তের জন্য প্রলুব্ধ করেছে ঐ লঙ্কা দহনের ভূমিকায়। কাজেই দেখতে পাচ্ছি যে, এই পরিকল্পনা সম্পূর্ণ ব্যর্থ হতে যে বাধ্য, এ বিষয়ে বাঙালী উদ্বাস্তুদের আর কোন সন্দেহ নেই, কিন্তু এই পরিকল্পনা যখন নেওয়া হয়েছিল তখন উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ ক্রমশঃ তুলে দেওয়া হবে একথা সরকারপক্ষ থেকে ঘোষণা করা হয়েছিল এবং উদ্বাস্তুদের যে সমস্ত সুযোগ সুবিধা দেওয়া হচ্ছে সেই সমস্ত ক্রমশঃ খর্ব্ব করে এনে পুনর্বাসন সমস্যাকে সম্পূর্ণ অস্বীকার করে তার চূড়ান্ত মীমাংসা হয়েছে বলে ঘোষণা করা হবে। এই নীতি সরকারের এখনও যে আছে তা শিক্ষক হিসেবে আমি দেখতে পাচ্ছি। শিক্ষাজগতে উদ্বাস্তুদের উপর চরম আঘাত এসেছে। উদ্বাস্তুরা পশ্চিমবাংলায় এসে ওঁরা অন্তত ২ শত বিদ্যালয় নিজেরাই গড়ে তুলেছেন। এই ২ শত বিদ্যালয়ের উদ্বাস্তু ছাত্র-ছাত্রীরা উদ্বাস্তু বৃত্তি পেয়ে থাকে এবং এ বিষয়ে তারা রাজ্যসরকারের উপর সম্পূর্ণ নির্ভরশীল। আজকে হঠাৎ দেখতে পাচ্ছি উদ্বাস্তু বিভাগ থেকে যে সমস্ত ছাত্র-ছাত্রী বৃত্তি এবং পুস্তকের দাম পেয়ে থাকে তা' কি করে বন্ধ করা যাবে তার একটা ষড়যন্ত্র সরকার আঁটছেন এবং সে পথে দ্রুত অগ্রসর হচ্ছেন। ১৯৫৯ সালের গোড়ায় এই ২ শত বিদ্যালয়ের সমস্ত শিক্ষক শিক্ষিকা ও ছাত্র-ছাত্রী তারা প্রত্যাশা করেছিল যে প্রতি বছরের আগে যে নিয়ম অনুযায়ী তাদের বৃত্তি দেওয়া হোত তা' পালন করা হবে। ১৯৬০ সালের শেষের দিকে প্রতিটি ছাত্র ছাত্রীর বেতন যখন বকেয়া পড়ে গেছে এবং প্রতিটি স্কুল যখন আশা করছে যে, সরকারের বৃত্তি থেকে তাঁরা এটা আদায় করে নেবেন ঠিক সেই সময় উদ্বাস্তু বিভাগ থেকে হঠাৎ একটা সার্কুলার পাঠান হোল যে কি করে বৃত্তিপ্রাপ্ত

উদ্বাস্তু ছাত্রদের সংখ্যা কমান যেতে পারে, এই ষড়যন্ত্র কত গভীর এবং সুপরিকল্পিত তা আমি দেখাব এবং এও দেখাব যে কি কি সর্ত আরোপ করে দিয়ে এই সংখ্যা হ্রাস করে দিচ্ছেন

১৯৫৮ সাল পর্য্যন্ত দেখা গেছে যে ছাত্রছাত্রীরা যারা শতকরা ৪০ নম্বর পেয়েছে তারাই বৃত্তি পাবার যোগ্য বলে পরিগণিত হয়েছিল। কিন্তু ১৯৫৯ সালের শেষের দিকে যে সার্কুলার এসেছে তাতে হঠাৎ ঘোষণা করা হয়েছে যে এখন শতকরা ৪৫ নম্বর পেলে বৃত্তি দেওয়া হবে।

শুধু তাই নয় আগে নিয়ম ছিল যে, অভিভাবকদের আয় ১২০ টাকার অনাধিক যদি হয় তাহলে তাদের সন্তানসন্ততি উদ্বাস্তু-বৃত্তি পাবার যোগ্য বলে পরিগণিত হবে। কিন্তু এই নূতন সার্কুলারে বলা হলো যে, অনধিক ১০০ টাকা হলে তাদের সন্তান সন্ততিরা ঐ উদ্বাস্তু-বৃত্তি পাবার যোগ্য হবে। যখন জীবনধারণের ব্যয় দিনের পর দিন বেড়ে যাচ্ছে সেই সময় হঠাৎ অভিভাবকদের আয় ১২০ টাকা হলে তাঁদের সন্তানসন্ততিরা বৃত্তি পাবার যোগ্য বলে স্বীকৃত হবেনা—একথা সরকার কি করে ঘোষণা করলেন তা আমি বুঝতে পারছিনা।

শুধু তাই নয় সমস্ত ছাত্রসংখ্যার পরীক্ষার নম্বর বাড়িয়ে দিয়ে এবং অভিভাবকদের আয়ের উচ্চতম সীমাকে নামিয়ে দিয়ে এই সরকার বৃত্তিপ্রাপ্ত ছাত্রদের সংখ্যা কমিয়ে দিতে চাইছেন। এবং সেইজন্য ঘোষণা করলেন যে এই সমস্ত সর্ত পালন করা সত্ত্বেও কোন বিদ্যালয়ের ক্লাশ ফাইভ থেকে ক্লাশ নাইন পর্য্যন্ত ছাত্র সংখ্যার ৫০এর উপর এবং ক্লাশ নাইন থেকে ইলেভেন পর্য্যন্ত ছাত্রসংখ্যার শতকরা ৪০ ভাগের উপর কোন অবস্থাতেই বৃত্তি দেওয়া হবে না। আগেই বলেছি যে, ২ শত বিদ্যালয় পশ্চিমবাংলায় উদ্বাস্তু ছাত্রছাত্রীদের শিক্ষাদান কার্য্য চলাচ্ছেন; তাদের সম্পূর্ণ আয় হচ্ছে কেবলমাত্র ছাত্রছাত্রীদের বেতন যা সরকারী বৃত্তি থেকে তারা লাভ করেন। এই ২শত বিদ্যালয়ে ৩ হাজার শিক্ষক এবং প্রায় লক্ষাধিক ছাত্র আছে। সে জায়গায় এই নূতন নিয়ম হঠাৎ চালু করার ফলে তাদের আয় কিভাবে কমে গেছে তা আমি কতগুলো পরিসংখ্যান দিয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ২৪ পরগনায় হাবরার কল্যাণগর হায়ার সেকেণ্ডারী স্কুলে তাঁরা ১৯৫৮।৫৯ সালে ৬১ হাজার টাকা ছাত্র বৃত্তি বাবদ পেয়েছিল কিন্তু এখন তারা পাবে মাত্র মাত্র ৪৮ হাজার টাকা। এইভাবে বছরের শেষে তাঁরা জানতে পেরেছে যে তাঁদের ১৩ হাজার টাকা আয় কমে যাবে এবং তার ফলে সেখানকার শিক্ষকরা ৪ মাস ধরে বেতন পাচ্ছে না। মন্মথ নাথ গার্লস হাই স্কুল তাঁরা গত বছর পেয়েছিল ১৫ হাজার টাকা কিন্তু এবারে পাচ্ছে মাত্র ৫ হাজার টাকা। কাজেই এইভাবে ১০ হাজার টাকা কমে যাওযাতে তাদের বিদ্যালয়ের দরজা বন্ধ করা ছাড়া আর কোন উপায় নেই। এরকম অসংখ্য বিদ্যালয়ের তরফ থেকে যে সব পরিসংখ্যান পাঠিয়েছেন উদাহরণ স্বরূপ তার ২১১ টির কথা বলে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অরবিন্দ বিদ্যামন্দির —বয়েজ সেকসান— তাঁরা গতবারে ১৯,৩৯৪ টাকা পেয়েছিল কিন্তু এ বছরে মাত্র ৬,১৮০ টাকা পাবে অর্থাৎ প্রায় ১৩ হাজার টাকা তাদের আয় কমে যাবে, সুতরাং, তাঁদের স্কুলের দরজা বন্ধ করা ছাড়া আর কোন উপায় নেই। তারপর, দমদমে যশোহর রোডের উপর অরবিন্দ বালিকা বিদ্যালয়—গত বছরে তাদের ১৮টি ছাত্রী এরকম বৃত্তি পেয়েছিল কিন্তু এবারে সে জায়গায় মাত্র ৫৫টি ছাত্রী বৃত্তি পাবে—অর্থাৎ তাদের আয় অর্দ্ধেক কমে যাবে। এমনি করে অসংখ্য বিদ্যালয় থেকে পরিসংখ্যান উপস্থাপিত করে যদিও লাভ নেই তবে সাধারণ ভাবে বলতে পারি যে এইভাবে আজ ২শত বিদ্যালয় বন্ধ হয়ে যেতে বসেছে এবং, তার ফলে প্রায় ৩ হাজার শিক্ষক শিক্ষিকা তাঁদের চাকুরী থেকে বঞ্চিত হবে। অবে যদি অবিলম্বে অর্থাৎ মার্চ্চ মাস শেষ হওয়ার আগে সরকার উদ্বাস্তু ছাত্রছাত্রীদের বৃত্তি বন্ধ করার যে ষড়যন্ত্র করেছেন সেটা বাতিল করে দিয়ে পুরোণো নিয়ম অনুযায়ী অন্তত ১৯৫৯।৬০ সাল পর্য্যন্ত বৃত্তি দেওয়া হয় তাহলে ভাল হয়।

[9-50—10 a. m.]

এই অবস্থাতে পশ্চিমবাংলার শিক্ষাজগতে একটা বিরাট বিপর্যয় দেখা যাচ্ছে এবং এই বিরাট বিপর্যয়ের প্রতি আমরা আমাদের রাজ্য পুনর্বাসন মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। তিনি এইমাত্র এখানে ছিলেন, অবশ্য ওঁরা অত্যন্ত ব্যস্ত-সমস্ত লোক, কাজেই এই সমস্ত আলোচনা যখন আমরা করি তখন ওঁদের এখানে সব সময় বসে থাকবার সুযোগ সুবিধা হয় না—এটা আমরা বরাবর অধ্যক্ষ মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু আজ পর্যন্ত তার কোন প্রতিকার পাইনি। যাহোক, আমরা রাজ্য পুনর্বাসন মন্ত্রী মহাশয়ের কাছে পত্র দিয়েছিলাম, সমস্ত তথ্য জানিয়ে তাতে শুধু লিখেছেন I am directed to acknowledge the receipt of your letter and to say that the Government is considering the matter. এই উত্তর তো আমরা বৃটিশ আমল থেকে বহুবার এইরকম ছাপার অক্ষরে পেয়ে থাকি। আজকে যে মন্ত্রীমণ্ডলী আমাদের জাতীয় সরকারকে পরিচালনা করছেন, যারা জনগণের প্রতিনিধি বলে দাবি করেছেন, তাদের কাছে কিন্তু আমরা আমলাতান্ত্রিক মনোভাব প্রত্যাশা করিনি। আমরা চেয়েছিলাম মন্ত্রীমহাশয়ের সঙ্গে সাক্ষাৎ করতে যাতে তিনি সমস্ত বিষয়টির বিরাটত্ব এবং গুরুত্ব পরিষ্কার বুঝতে পারেন এবং আমরা প্রত্যাশা করেছিলাম যে তিনি সহানুভূতির সঙ্গে এগিয়ে আসবেন এবং এগিয়ে এসে – এই যে ২ শত বিদ্যালয় আজকে ধ্বংসের মুখে দাঁড়িয়ে আছে যেখানে শিক্ষক-শিক্ষিকারা ৫।৬ মাসের বেতন না পেয়ে কাজ করে যাচ্ছেন, তারা জানিয়েছেন যে এর যদি প্রতিকার না হয় তাহলে চাকরিতে ইস্তফা দিয়ে এখান থেকে চলে যেতে হবে এবং বিদ্যালয়গুলির দরজা বন্ধ হয়ে যাবে, এগুলোকে সাহায্য করবেন। কিন্তু সে সম্বন্ধে সাক্ষাৎকার চেয়েও আজ পর্যন্ত মন্ত্রীমহাশয়ের কাছ থেকে তা পাইনি। এই বিদ্যালয়-গুলিকে লক্ষ লক্ষ টাকা খরচ করে তৈরী করা হয়েছে এবং অধ্যক্ষ মহাশয়, আপনি গিয়ে সমস্ত রিফিউজী বিদ্যালয়গুলি যদি দেখেন তাহলে দেখবেন সেখানে অপর্যাপ্ত টাকা, আমার মনে হয়, প্রয়োজনের অতিরিক্ত টাকা ইঁট, কাঠ, পাথর, কণ্ট্রাকটরদের পিছনে খরচ করা হয়েছে। আজ যদি বিদ্যালয়গুলির দরজা বন্ধ হয়ে যায় তাহলে আমার পরিষ্কার মনে হয় ফতেপুরসিক্রির কথা যেখানে আকবর বাদশার খেয়াল খুশীতে নতুন রাজধানী গড়ে উঠেছিল এবং বিরাট প্রাসাদসমূহ তৈরী হয়েছিল এবং তারপর খেয়ালখুশী যখন চরিতার্থ হয়ে গেল তখন আকবর বাদশা যেমন সেই আগ্রায় এবং দিল্লীতে ফিরে আসতে কুণ্ঠিত হননি এবং ফতেপুরসিক্রির কোন খোঁজখবর রাখেননি তেমনি আমাদের মন্ত্রীমহাশয়ের মনোভাব দেখতে পাওয়া যাচ্ছে। যে বড় বড় প্রাসাদ তিনি গড়ে তুলেছিলেন উদ্বাস্তু পুনর্বাসন বিভাগের টাকা থেকে সেই বিদ্যালয়গুলি যে আজ অর্থের অভাবে ধ্বংসের মুখে এগিয়ে যাচ্ছে সেদিকে তিনি বিন্দুমাত্র লক্ষ্য করেননি। শুধু তাই নয়, দুর্নীতির কথাও এখানে বলতে চাই।

Mr. Chairman : Mr. Roy, you have spoken for nearly 25 minutes. I am just drawing your attention to that.

কলকাতায় লাজপৎ হাই স্কুল বলে একটা স্কুল- নামটা পাঞ্জাবের সংগে সংযুক্ত বলে মনে হয়, ইউ. পির. চন্দৌসীর তহশীলদের বলে মনে হয়, পাঞ্জাবী ছাত্র বেশী নেই, ১৪ জন থাকতে পারে, তারা কোন রিফিউজী ষ্টাইপেণ্ড পায় না, অথচ সেই বিদ্যালয়ে ৪০ হাজার টাকা দেওয়া হয়েছে উদ্বাস্তু পুনর্বাসন বিভাগ থেকে এবং সেখানকার সমস্ত অধিবাসীদের কাছ থেকে আমরা এই অভিযোগ শুনেছি যে ঐ ৪০ হাজার টাকা বিদ্যালয়ের পরিচালক সমিতি আত্মসাৎ করেছে এবং এই অভিযোগ শিক্ষা বিভাগে করা হয়েছে এবং সমস্ত কর্তৃপক্ষের নিকট দাখিল করা হয়েছে কিন্তু আজ পর্যন্ত তার কোন সুরাহা করার চেষ্টা করতে মন্ত্রীমহাশয় অগ্রসর হননি। জলকর আদায়ের কথা যখন এই সময়ে বলছি তখন সেচমন্ত্রী মহাশয় চলে না গেলে ভাল হয় কারণ এটা ওঁর বিষয়। পুনর্বাসন বিভাগের কথা যখন বলছিলাম ঠিক সেই মুহূর্তে দেখলাম পুনর্বাসন মন্ত্রী মহাশয় চলে গেলেন। এখন জল সেচের

কথা বলব, দেখছি সেচমন্ত্রী মহাশয় চলে যাচ্ছেন, জানিনা এ্যাকসিডেন্টাল কয়েন্সিডেন্স কিনা। যাহোক ১৯৫৮ সালে শস্য হ'ল না, শোনা গেল জলের অভাবে শস্য হয়নি। ১৯৫৯ সালে শস্য হ'লনা, তখন শোনা গেল বন্যার জন্য ফসল হ'লনা। যখন আমরা খাল কেটে দেখতে পাচ্ছি অনাবৃষ্টির দিনে জল পাওয়া যায় না এবং বৃষ্টির বছরে বন্যা এসে সমস্ত ফসল ভাসিয়ে নিয়ে যায় তখন কোন্ অধিকারে সেচ মন্ত্রী মহাশয় এই জলকর আদায় করবার চেষ্টা করছেন দরিদ্র চাষীদের কাছ থেকে? সে কথার উত্তর আমরা মন্ত্রী মহাশয়ের কাছে চাই।

আমি গঠনমূলক কথা বলেছি যে অন্ততঃ কয়েক বছর এই জলকর আদায় বন্ধ রাখুন এবং চাষীদের বিপর্যয়ের মুখ থেকে উদ্ধার করুন। তারপরে যখন তাদের প্রচেষ্টা সফল হয়ে উঠবে এবং দেশ সোনার ফসলে ভরে উঠবে তখন জলকর দিতে কোন চাষীর আপত্তি থাকবেনা এদিকে তাঁর দৃষ্টি আমি আকর্ষণ করছি। তারপর শিক্ষা সম্পর্কে আমার প্রশ্ন দেখা যাচ্ছে যে সর্বত্র কেন্দ্রীয় সরকারকে তথ্য দেওয়া হচ্ছে যে আমাদের থেকে ১১ বছর পর্যন্ত ছেলে মেয়েদের পশ্চিম বাংলায় নাকি ১শোটি বিদ্যালয়ে পড়াশুনার ব্যবস্থা করে দেখ হয়েছে। এটা যে সম্পূর্ণ অসত্য সে কথা কি শিক্ষা মন্ত্রীমহাশয় নিজে বুঝতে পারেন না? তাঁ দপ্তর থেকে এরকম অসত্য পরিকল্পনা কেন কেন্দ্রীয় দপ্তরে পাঠান হয়। (The Hon'bl Rai Harendra Nath Chaudhury. No, the Planning Commission has ascertaine that nothing has been supplied by my department. Your figures are all wrong.)

এই হচ্ছে আমার অভিযোগ এবং তার ফলে এই হয়েছে, কেন্দ্রী সরকার এটা ঠিক করেছে যে, যেসমস্ত রাজ্য পশ্চাদবর্ত্তী শিক্ষার দিক থেকে পরিসংখ্যানের ভিত্তিতে তাদের জন্য বেশী টাকা খরচ করবেন। কাজেই এই অসত্য পরিসংখ্যা দেওয়ার ফলে কেন্দ্রীয় সরকার থেকে যে টাকা পেতে পারেন তা থেকে বঞ্চিত হচ্ছেন তার পরের কথা হচ্ছে আমরা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রবেশ করতে যাচ্ছি—আর এ বছর মাত্র সময় আছে, এক বছর পরে আমাদের তৃতীয় বার্ষিকী পরিকল্পনার কা আরম্ভ হয়ে যাবে এবং আর উনি জানেন শিক্ষা মন্ত্রীমহাশয়দের সম্মেলনে সিদ্ধান্ত হয়ে ছিল-তারা একটা লক্ষ্য স্থির করে নিয়েছেন যে, অন্ততঃ তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শে ৬ থেকে ১১ বছর পর্য্যন্ত সমস্ত ছেলেমেয়ের শিক্ষাকে আবশ্যিক এবং অবৈতনিক করতে হ কিন্তু সেই লক্ষ্যে পৌছাতে হলে যে পরিকল্পনার প্রয়োজন সেই পরিকল্পনার কোন আভ পর্যন্ত আমরা রাজ্যপাল মহোদয়ার অভিভাষণে দেখতে পেলাম না। আমি মন্ত্রীমহাশয় বলছি—আমাদের যদি তৃতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনার লক্ষ্যে পৌছাতে হয় তাহলে অবিল ১৯৬০-৬১ সাল থেকে আমাদের পরিকল্পনা নিয়ে কাজে অগ্রসর হতে হবে কাজেই, প্রতি বছর কিছু কিছু ছেলেমেয়েদের যদি আমরা বিদ্যালয়ে না আনতে পা তাহলে ৬ থেকে ১১ বছর পর্য্যন্ত সমস্ত ছেলেমেয়েরা তৃতীয় পরিকল্পনার শে প্রাথমিক বিদ্যালয়ে নিয়ে আসলে এই যে পরিকল্পনা এই পরিকল্পনা কখনও সার্থক হতে পা না; কাজেই আমাদের কাজ আরম্ভ করতে হবে ১৯৬০-৬১ সাল থেকে। আমাদের এ পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষার কাঠামো প্রধানতঃ হচ্ছে ৬ থেকে ১০ বছর পর্য্যন্ত ৬ থেকে ১১ বছর পর্য্যন্ত শিক্ষাব্যবস্থা মাত্র কয়েকটা জুনিয়ার বেসিক স্কুল ছাড়া ত কোথাও নেই। কাজেই ১১ বছর পর্য্যন্ত ছেলেমেয়েদের জন্য আবশ্যিক এবং অবৈতনি শিক্ষাব্যবস্থা করতে হবে এবং অবিলম্বে প্রাথমিক বিদ্যালয়ের সঙ্গে পাঁচ শ্রেণীকে যুক্ত কর হবে। এর অর্থ কি শিক্ষামন্ত্রী মহাশয় নিশ্চয় তা বোঝেন। ২৬ হাজার প্রাথমিক বিদ্যা আছে, কাজেই ২৬ হাজার নূতন শ্রেণী খুলতে হবে, ২৬ হাজার নূতন শিক্ষকের ব্যবস্থা কর হবে এবং ২৬ হাজার শ্রেণীর শিক্ষাব্যবস্থায় সাজসরঞ্জামের ব্যবস্থা করতে হবে—তাতে ক কোটী টাকা খরচ হবে সেই হিসাব শিক্ষামন্ত্রী এখনও করছেন কি না জানি না। অন্ত এই লক্ষ্যে পৌছিবার জন্য আমার গঠনমূলক সুপারিশ হচ্ছে যে এরজন্য একটা হাই পাওয়

কমিটি বা কমিশন বসানো হোক্ এবং একটা স্থির পরিকল্পনা গ্রহণ করা হোক যাতে আমরা নিশ্চয়ই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় নেবে আমাদের যে লক্ষ্য সেই লক্ষ্যে পৌঁছাতে পারি।

10—10-10 a. m.]

তারপর আমরা রাজ্যপালের ভাষণে দেখতে পাই যে ৫২২টি বিদ্যালয়কে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে পরিণত করা হয়েছে—বলে গর্ব্ব প্রকাশ করছেন। এই ৫২২টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের কি অবস্থা তার কটিতে শিক্ষাব্যবস্থা করা হয়েছে, করা না গেলে সেই অবস্থায় কি করতে হবে, এই সম্পর্কে সরকার কি পরিকল্পনা গ্রহণ করছেন আজ পর্য্যন্ত আমরা জানি না। অবশ্য শিক্ষা মন্ত্রীমহাশয় এটা বলতে পারেন যে আমরা সমস্ত খবর রাখিনা, রাখতে চেষ্টা করি এবং সরকার যেটুকু করেন তার জন্য তাদের ধন্যবাদ দিতেও প্রস্তুত আছি। দু বছর ধরে আপ্রাণ চেষ্টা করার পর হঠাৎ বিশ্ববিদ্যালয় থেকে যেরকম M. A., M.sc, বেরুচ্ছে তাদের দিয়ে সেই Honours শিক্ষকদের সমৃদ্ধ করা কখনো যাবে না। যাঁরা শিক্ষক আছেন এবং বিদ্যালয়ে কার্য্যে রত আছেন তাদের দিয়ে শিক্ষক শিক্ষণের ব্যবস্থা করা হোক্, ব্যবস্থা আরম্ভও করেছেন কিন্তু ব্যবস্থা এত অল্প—সাফল্য কতটা কি হবে বলতে পারি না।

শুধু Presidency Collegeএ এবং Hooghly College এই দুটিতে Biology, Chemistry Physics শিক্ষক শিক্ষনের ব্যবস্থা করা হয়েছে কিন্তু সেখানে শিক্ষা—শুধু বিজ্ঞান বিষয়ে নিবদ্ধ রাখলে চলবে না, এমন কি Economics, Psychology, Humanities এ সম্বন্ধেও শিক্ষার ব্যবস্থা করতে হবে। এত সংখ্যক শিক্ষকের প্রয়োজন তা এই ক্ষুদ্র প্রচেষ্টা দ্বারা সম্ভবপর হবেনা। সেজন্য—অতিরিক্ত ব্যবস্থা অবলম্বন করা দরকার—সেইজন্য একটি Teachers Training University করা হোক্। বছর বছর ১২২।১২০টি শিক্ষক শিক্ষনের যে ব্যবস্থা মহাবিদ্যালয় দিয়ে করা হয়েছে তা দিয়ে যে বিরাট সংখ্যক শিক্ষকের চাহিদা রয়েছে তা কখনো পূর্ণ করা সম্ভব নয়।

আমরা দেখতে পাচ্ছি চীন এবং সোভিয়েট এ সম্বন্ধে ব্যবস্থা করা হয়েছে সেখানে শিক্ষক শিক্ষনের জন্য বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থা করে প্রতি বছর ৩ হাজার শিক্ষক তৈরী করা হচ্ছে এবং যে বিরাট চাহিদা শিক্ষকের জন্য রয়েছে তা ১০ বছরের মধ্যেই তারা মেটাতে পারবে। সেদিকে কিছু করার প্রয়োজন আছে। তারপর একাদশ শ্রেণীর বিদ্যালয়ে সিলেবাস তৈরী হল না। এ পর্য্যন্ত দাবী করেছিলাম যে দশম শ্রেণীর বিদ্যালয়ে ৯ম এবং ১০ম শ্রেণীতে একই রকম পাঠধারা না করলে ভবিষ্যতে বিশ্ববিদ্যালয়ে কোথায় গিয়ে দাঁড়াবে তার মধ্যে সামঞ্জস্য বিধান করা সম্ভবপর হবে না।

সেকথা শিক্ষামন্ত্রী মহাশয় ও স্বীকার করে নিয়েছেন তারজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি কিন্তু যে ধীরগতিতে কাজ অগ্রসর হচ্ছে—সে কাজে কত বছর লাগবে, কিভাবে Syllabus তৈরী হবে তা আজ পর্য্যন্ত জানতে পারিনি। Text Book নাই, অন্য কিছু নাই। কাজেই ৫২২টি বিদ্যালয়ের কথা বলে যে গৌরববোধ করছেন তাতে বিচার করে দেখলে দেখবেন তাতে একটা বিপর্য্যয়ের সৃষ্টি করেছেন। আমি জানি, ৪০টি বিদ্যালয়ে যে শিক্ষক শিক্ষিকা আছেন ছাত্রছাত্রীরা যাচ্ছে তাদের সঙ্গে বসে জিজ্ঞাসু মন নিয়ে অনুসন্ধান করে পরিস্কার দেখতে পেয়েছি যে আজ তিন বছর অতিবাহিত হওয়ার পরেও তারা কেউ বুঝতে পাচ্ছেন না—কি শিক্ষায় তারা অগ্রসর হতে যাচ্ছে। এই সম্পর্কে আমাদের দাবী অনুযায়ী একটা phased programme করা হয়নি।

Shri Mohitosh Rai Chaudhury: সিলেবাস কিছুই কি হয়নি?

The Hon'ble Rai Harendra Nath Chaudhury: Syllabus is never made in the Secretariat. You ought to know where the Syllabus is made.

Shri Satya Priya Roy : এ সম্বন্ধে পরে বলছি—যখন আমি এই সম্পর্কে আলোচনা হবে বাজেটের সময় তখন সেটা আমি দেখিয়ে দেব যে আপনারা যে Board রেখেছেন সেটাকে তো "মামীতে" পরিণত করেছেন। বোর্ডের যে সমস্ত কাজ অমনোনীত হয় তা বছরের পর বছর ফেলে রাখেন মনোনীত করে পাঠান না। আমি বাজেট যখন আলোচনা করবো তখন দেখাব। phased programme যে দরকার এসম্বন্ধে সমস্ত কিছু যুক্তি দেওয়া দরকার হত না—যদি আজকে যাঁরা সরকারী শিক্ষানীতি পরিচালনা করছেন, তাঁদের আমরা যে যুক্তি সংক্ষেপে উপস্থিত করছি তার সারবত্তা বুঝে নেবার মনোভাব থাকত।

আমরা দেখতে পাচ্ছি সরকারের তরফ থেকে এই যে ৫২২টি বিদ্যালয়কে উন্নীত করবার পরিকল্পনা নেওয়া হয়েছে তার মধ্যে ২৪ পরগণা জেলায় ৯১টি হয়েছে। সেই জায়গায় মেদিনীপুরে—যেটা সবচেয়ে বৃহৎ জেলা, সেখানে মাত্র ৫৭টি হয়েছে। বর্দ্ধমান জেলায় মাত্র ৪৫টি উন্নীত হয়েছে। মেদিনীপুরের মন্ত্রী মহাশয় এখানে বসে আছেন, তাঁর তত্ত্বাবধানে তমলুক সহরে উন্নীত হয়েছে—এবং তার আশেপাশে যেগুলি রয়েছে তারও উন্নীত হয়েছে। মেদিনীপুরে যতগুলি বিদ্যালয় আছে,—তারমধ্যে মাত্র ৫৭টি উন্নীত হয়েছে,—সে খবর বোধ হয় তিনি রাখেন না। মেদিনীপুর; বৰ্দ্ধমান এ যে বিদ্যালয়-স্কুল আছে, তার প্রতিটি উন্নীত হওয়া উচিত ছিল, কিন্তু তা হয়নি। সেইজন্য সেখানে সবচেয়ে শোচনীয় অবস্থা দেখা যাচ্ছে। এই যে ৫২২টি বিদ্যালয় উন্নীত হয়েছে তারমধ্যে Humanities, Science পড়ান হচ্ছে। এতকাল শুনে আসছি শুধু আর্ট পড়লে কেরাণী তৈরী হয়, অতএব আমাদের শিক্ষা ব্যর্থ হয়ে গিয়েছে, তাই আমাদের শিক্ষাকে এখন বহুমুখী করে ফেলা হচ্ছে। শিক্ষাকে বহুমুখী করে ফেলায় আমাদের শিক্ষার যে গলদ বা ত্রুটী ছিল, সেটা আমাদের এই নূতন প্রচেষ্টার মধ্যে দিয়ে দূরীভূত হয়ে গিয়েছে। ৫২২টি বিদ্যালয়ে মানবিক বিষয় পড়াবার ব্যবস্থা হচ্ছে এবং তারমধ্যে এখানে ৩০০টি বিদ্যালয়েতে বিজ্ঞান পড়াবার ব্যবস্থা হয়েছে। শতকরা ৪০টি বিদ্যালয় উন্নীত হয়েছে, কিন্তু তার সকলগুলিতে বিজ্ঞান পড়াবার কোন ব্যবস্থা নেই। অথচ দে কমিশন সুপারিশ করেছিলেন যে কোন বিদ্যালয়কে উন্নীত করা উচিত নয় যদি সেখানে তিনটা string না থাকে। একটা হচ্ছে Humanities, দ্বিতীয় হচ্ছে Science এবং তৃতীয় হচ্ছে technical, এই তিনটা বিষয় শেখাবার ব্যবস্থা সেখানে রাখতে হবেই। এটা ওঁদেরই প্রতিষ্ঠিত—দে কমিশন, তাঁরাই সুপারিশ করেছেন। শুধু তাই নয় মেয়েদের শিক্ষার কি দুরবস্থা দেখুন। এই ৫২২টি বিদ্যালয়ের মধ্যে মাত্র ১১৮টি বিদ্যালয় উন্নীত হয়েছে—এবং এর মধ্যে মাত্র ৪৫টি বিদ্যালয়ে বিজ্ঞান পড়ানর ব্যবস্থা করা হয়েছে। অর্থাৎ, তার মানে শতকরা ৪০টির মত হবে মেয়েকে বিজ্ঞান পড়াবার ব্যবস্থা করা হয়েছে। আর অন্য কোথাও মেয়েদের বিজ্ঞান পড়াবার ব্যবস্থা নেই। সেদিন শুনলাম কেন্দ্রীয় মন্ত্রী মণ্ডলী অনুতাপ করেছেন যে আমাদের বৈজ্ঞানিকের সংখ্যা বাড়ান যাচ্ছে না। অথচ তাঁরা বিজ্ঞান পড়াবার বিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি বন্ধ করে রেখেছেন। আমি দেখেছি কতকগুলি জেলার মধ্যে একটিও মেয়েদের বিদ্যালয় নেই, যেখানে বিজ্ঞান পড়াবার ব্যবস্থা করা হচ্ছে,—সেই জেলাগুলি হচ্ছে—যেমন মুর্শিদাবাদ জেলা, সেখানে একটিও বিদ্যালয় নেই যেখানে একাদশ শ্রেণীতে বিজ্ঞান পড়াবার ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া বাঁকুড়ায়, সেখানে একটাও বালিকা বিদ্যালয়ে বিজ্ঞান পড়াবার ব্যবস্থা করা হয়নি। এই রকম করে আমি পরিসংখ্যান নিয়ে দেখেছি—নদীয়া, বৰ্দ্ধমান, বীরভূম, বাঁকুড়া এবং হুগলী, এই কয়েকটা জেলাতে একট বালিকা বিদ্যালয়েও বিজ্ঞান পড়াবার ব্যবস্থা করা হয়নি। বালিকা বিদ্যালয়ে দেখেছি—পড়াবার ব্যবস্থা করা হচ্ছে—Home Science অর্থাৎ বোধ হয় মন্ত্রী মহাশয় তাদের ঘরে ফিরে পাঠিয়ে দিতে চান। হিটলার যে কথা বলেছিলেন 'Back to kitchen. আমার তাতে আপত্তি নেই, নিশ্চয়ই মেয়েরা গৃহিণী হিসেবে থাকবেন। কিন্তু তাই বলে তাঁরা এই বৈজ্ঞানিক যুগের সঙ্গে প্রতিযোগিতা করতে পারবেন না, এই রকম ধারণা যদি মন্ত্রী

মহাশয়ের থাকে তাহলে আমি বলবো তিনি উনবিংশ শতাব্দীর লোক। তাঁর দৃষ্টি অত্যন্ত সংকীর্ণ হয়ে পড়েছে। তিনি নূতন যুগের সঙ্গে তাল রেখে চলতে পারছেন না তাই সমস্ত দিক থেকে বলা হচ্ছে—তিনি একটা Phased Programme করুন। কোন কোন বিদ্যালয়কে উন্নীত করা যায় সেটা বিশেষ ভাবে চিন্তা করে দেখুন। এই phased programme করবার জন্য একটা commission বা কমিটি করা হোক যাতে non-official educationistsরা ও থাকবে। এইভাবে ব্যবস্থা করা একান্ত প্রয়োজন।

[10-10—10-20 a. m.]

তারপর হচ্ছে 3 year degree course এবং তারজন্য এক কোটী টাকা এরা খরচ করে ফেলেছেন। রাজ্যপালের ভাষণে তার উল্লেখ আছে। এই এক কোটী টাকা তাঁরা কিসের পিছনে খরচ করেছেন,—তা আমরা জানতে পারিনি। আমরা কলকাতা সহরের প্রত্যেক অধ্যক্ষের সঙ্গে দেখা করেছি,—মফঃস্বলের প্রত্যেক অধ্যক্ষের সঙ্গে দেখা করেছি,—তাঁরা সবাই বলেছেন—কি হবে কি হবে না, তা আমরা কিছুই জানি না। আর ত্রৈ-বার্ষিক স্নাতক পাঠধারা প্রবর্তনের নামে এই সব ব্যবস্থা না কি বিশ্ববিদ্যালয় বাধ্য হয়ে করছেন। বিশ্ববিদ্যালয় ১৯৫৯-৬০ সালে সেটা প্রবর্তনের কথা ঘোষণা করেনি বলে— তারা এক বৎসর কেন্দ্রীয় সরকারের কাছ থেকে টাকা পায় নি। কাজেই—তাদের অবিলম্বে ঘোষণা করে দিতে হবে যে ১৯৬০ সালে এই ত্রৈ-বার্ষিক স্নাতক কোর্স তাঁরা প্রবর্তিত করবেন। এই যে টাকা তাঁরা পাবেন—এ টাকা কেন্দ্রীয় সরকারেরই হোক,—বা রাজ্য সরকারেরই হোক—এ গৌরী সেনের টাকা নয়। তাঁরা এই টাকা কোথা থেকে ছিনিয়ে আনতে পারবেন,—তাতে শিক্ষা ব্যাহত হবে, কি হবে না, সেটা দেখা তাদের কাছে প্রয়োজনীয় নয়।

রাজ্য সরকার গর্ব করেন—তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সবচেয়ে বেশী টাকা ছিনিয়ে এনে সবচেয়ে বেশী অপচয় করতে পেরেছেন। এই কেন্দ্রীয় সরকারের টাকা আমাদের বিন্দু বিন্দু রক্ত দিয়ে তৈরী কোষাগার আমরা তৈরী করে দিয়েছি,—আর সেই টাকার অপচয় দেখতে পেয়ে আমরা তার নিন্দা না করে পারি না। ত্রৈবার্ষিক স্নাতক পাঠধারা প্রবর্তিত তাঁরা করতে চান—করুন।

কিন্তু যাতে ১০ম শ্রেণীর বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা তাদের পুরাণ পাঠধারা অনুযায়ী—আর কয়েকটি বছর চালিয়ে যেতে পারে এবং দশ শ্রেণী থেকে পাশ করে দু বছর—Intermediate ও দু বছর B.A. পড়তে পারে, তার ব্যবস্থা পাশাপাশি—আরো কিছুকাল চালু রাখার প্রয়োজনীতা আছে। তারজন্য আমার মনে হয়—University, Senate, Syndicateই শুধু নয়,—University, Board ও মাধ্যমিক শিক্ষকদের নিয়ে কি করে একটা সামঞ্জস্যপূর্ণ ব্যবস্থা এই এই Transition এর সময় করা যায়,—সে সম্বন্ধে আলোচনা করবার প্রয়োজনীয়তা আছে।

রাজ্যপালের ভাষণ আমাদের সবদিক দিয়ে হতাশ করেছে, তাঁর কাছে যে প্রত্যাশা করেছিলাম,—তা আদৌ পরিপূর্ণ হয় নাই। তাঁর এই ভাষণে কোন নীতির পরিচয় নাই। কাজেই আমি এই সংশোধনী উপস্থাপিত করেছি।

Shri Kali Charan Ghose: I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"But regret that—

(i) no mention has been made about any effective steps to develop industries to cope with growing unemployment in the State;

(ii) no mention has been made about the failure of the Government to improve the lot of the urban population specially of the working class and toiling intelligentsia;

(iii) no mention has been made about any steps to eradicate bribery and corruption in administration and blackmarketing in trade and commerce ; and

(iv) no mention has been made about the increase of tram and bus fare."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল মহোদয়া তাঁর ভাষণে আমাদের কাছে—দেশের যে উজ্বল চিত্র তুলে ধরেছেন, একটি আত্মসন্তুষ্টির মনোভাব দেখিয়াছেন,—সেটার সঙ্গে আমি একমত না হতে পেরে আমার এই সংশোধনী রেখেছি। তিনি অবশ্য –দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার রূপায়ণে যে ভাবে আমাদের সরকার বলেছেন—তাতে লক্ষ্যে পৌছাতে পারার জন্য ব্যয়ের দিক দিয়ে আশ্বাস দিয়েছেন। আজ যদি পঞ্চবার্ষিক পরিকল্পনার ব্যয়ের দিক দিয়ে বিচার করতে হয়, তাহলে হয়ত সেখানে সাফল্যের গৌরব ঘোষণা করতে পারেন। কিন্তু সেটা মানুষের বাস্তব জীবনে কতখানি প্রতিফলিত হয়েছে,—সেটা দিয়ে তার বিচার করতে হবে। তিনি কতকগুলি achievements এর কথা বলেছেন। সেই achievements এর কথা শুনে আমরা দেখতে পাচ্ছি—বাস্তবে একটা বিরাট ধ্বংসস্তুপের উপর—কতকগুলি ইমারত তৈরীর প্রচেষ্টা—এই achievements ঘোষণা করেছে। আগে যখন ইংরেজ গভর্ণমেণ্ট ছিল, তখন তারা এইরূপ achievement এর কথা আমাদের কাছে তুলে ধরতো—। হাওড়া ব্রীজ, রেলওয়ে,—পোষ্টাল ইত্যাদি—সমস্ত কথা তুলে ধরে মানুষকে বোঝাতে চাইত তারা কত কি করেছে। সেইরকম আমাদের সরকার দু-চারটি কলকারখানা দু-একটা বাঁধ তৈরী করে,—সেটা তাদের achievements হিসাবে তুলে ধরে মানুষকে দেখান যে, দেখ, আমাদের ১২ বছরের স্বাধীনতার ভেতর আমরা কত সুখ সমৃদ্ধি অর্জন করেছি। যদি বাস্তব জীবনের সঙ্গে তার বিচার করে দেখি, তাহলে দেখতে পাব –ঐ ইংরেজ গভর্ণমেণ্টর মত এই সরকার আমাদের বিভ্রান্ত করতে চাচ্ছেন। কিন্তু মানুষ তাতে ভুলবেনা। সমাজের প্রত্যেকটি শ্রেণীর প্রত্যেকটি মানুষ, যারা প্রত্যেক দিন অশেষ দুঃখদুর্গতির মধ্য দিয়ে চলেছে,—তারা এই চিত্র দেখে উল্লসিত হবেনা।

Sir, তিনি বলেছেন, গ্রামীন জীবনের অগ্রগতি সাধিত হবে। কিন্তু সত্যিকারে আমরা দেখতে পাচ্ছি ঠিক তার উল্টো ছবি। গ্রামের অর্থনীতি ভেঙ্গে পড়ছে। বন্যা পীড়িত অঞ্চলে আজকে সরকার বাড়ী তৈরী করার জন্য কিছু টাকা এদিক ওদিক ছিটাচ্ছেন অথচ আজ বহু গ্রামে মানুষ আশ্রয়ের অভাবে রোদে বৃষ্টিতে পড়ে আছে। মানুষ এমন অবস্থায় পৌছেছে যে চাষীদের থালা, ঘটি, বাটি জমি বিক্রয় হয়ে যাচ্ছে। তবুও বলা হচ্ছে যে গ্রামীন অর্থনীতির অগ্রগতি হচ্ছে। Sir, সরকার যে আইনগুলি পাশ করেছেন তা কাগজে কলমেই থেকে যাচ্ছে। গ্রামের চাষীদের উচ্ছেদ থেকে রক্ষা করতে পারেন নি সেদিক দিয়ে কোন রকম আইন করতে পারেন নি। উলটে আবার আজকে এই কৃষক সম্প্রদায়কে মুষ্টিমেয় কতকগুলি জোতদার ও মহাজনের মুখে ছেড়ে দেওয়া হচ্ছে এবং এর ফলে তারা যে মূল্য দেয় সেই মূল্যেই তাদের কাছে কৃষককে খাদ্যশস্য বিক্রয় করতে হয়। তারা যে ঋণ দেয় সেই ঋণ বাবদ তাদের কাছে price dictate করে, সেই দামে খাদ্যশস্য ক্রয় করে নেয়। এই ঋণ সরবরাহ করে কোনরকম ভাবে সরকার তাদের রক্ষা করতে পারেনি।

আজকে মিল মালিক, মহাজন, ফাটকাবাজদের হাতে কৃষককে ছেড়ে দেওয়া হয়েছে—মুষ্টিমেয় কতকগুলি লোকের অর্থনৈতিক সুবিধা হয়েছে। এই কথা যদি সরকার এখানে বলতে চান তাহলে বলতে পারেন কিন্তু অগণিত কৃষকদের কোন সুবিধা হয়নি। আজকে কৃষকদের যে জমি দেবার কথা আছে সেই জমি তাদের না দিয়ে বলা হচ্ছে Service Co-operative এবং পঞ্চায়েতের ভিতর দিয়ে কৃষকদের জীবনের মানের উন্নতি করা হবে। আমি জোর করে বলতে পারি যে এইরকম ১-২-১০টা পরিকল্পনা হলেও Service Co-operative এবং পঞ্চায়েতের ভিতর দিয়ে কৃষকদের মনে উৎসাহ ও উদ্দীপনা জাগান যাবে না। উৎপাদন কৃষকরা যা করবে

সেই উৎপাদনের উপযুক্ত মূল্য যাতে সে পায় তা' দেখাতে হবে, যাতে সে যেন নিরন্ন বুভুক্ষু হয়ে না থাকে। সে যাতে নিজেই জমির মালিক হতে পারে তার ব্যবস্থা করতে হবে এবং সরকার যদি এই রকম নীতি গ্রহণ করতে পারেন তাহলেই সাফল্য লাভ করবেন। কিন্তু আজকে অত্যন্ত দুঃখের সঙ্গে একথা জানাতে বাধ্য হচ্ছি যে, সরকার এইরকম নীতি না নিয়ে আজকে কৃষককে ধ্বংসের পথে ঠেলে দিচ্ছেন এবং অন্যায়ভাবে তার উপর দমননীতি চালাচ্ছেন। আজকে জমিহারা কৃষক যখন তার জমির জন্য সরকারের আইনের ৫ (ক) ধারার আশ্রয় নিতে যাচ্ছে তখন এই সরকারের পুলিশ ও জোতদাররা মিলে সেই কৃষকদের উপর দমননীতির খড়্গ তুলে ধরছেন। এটা বানানো কথা নয়, শিলিগুড়ি, জলপাইগুড়ি,—এমন কি মেদিনীপুরের মন্ত্রীমহাশয় এখন উপস্থিত আছেন, তিনিও জানেন সেখানে কি হচ্ছে—২৪ পরগনায় এই রকম বহু দৃষ্টান্ত রয়েছে, সরকারের কাছেও তারা বহু অভিযোগ পাঠিয়েছে। কিন্তু সত্যিকারের নীতি না গ্রহণ করলে, এই নীতি না বদলালে, কৃষকদের দরদ দিয়ে না দেখলে, কিছুতেই এই অবস্থার পরিবর্ত্তন হবেনা।

[10-20—10-30 a.m,]

অন্য দিক দিয়ে আমরা যদি সহরের দিকে তাকাই তাহলে দেখব যে শ্রমিকরা আজ সম্পদ সৃষ্টি করছে সেই শ্রমিকদের কোন রকম উন্নতির জন্য সরকার কোন ব্যবস্থাই করছেন না। আজ লক্ষ লক্ষ টাকা মিল মালিকরা যা লাভ করছে সে সম্বন্ধে অনেকে এখানে পরিসংখ্যান দিয়েছেন। চিনির মিল মালিক, বস্ত্রের মিল মালিকরা যে টাকা লাভ করছে তার কোন অংশ শ্রমিকদের হাতে ফিরে আসছে না। শ্রমিকদের যদি কিছুমাত্র মজুরী বাড়ানর কথা হয়, তাহলে ভারবাহী পশুর মতন কত ক্যালোরী তাদের খাওয়াতে পারবেন সেটা বিচার করে তাদের ন্যূনতম মজুরী ধার্য্য করা হয়। যেখানে ২৭০০ ক্যালোরী হিসাব করা হয়েছিল, সেখানে এখন ২৩০০ ক্যালোরী বলা হচ্ছে। শুধু তাই নয়, একটা মজুরের ফ্যামিলিতে তার বাবা মা ভাই বোন সকলকে বাদ দিয়ে হিসেব করা হচ্ছে। মজুরের মজুরী নির্দ্ধারণের সময় তার ফ্যামিলিকে ধরা হচ্ছে না। মূল্যবৃদ্ধি যে ভাবে বেড়ে চলেছে, তাতে সত্যিকারের real wage অনেক খানি কমে গিয়েছে। আজ ৫ গুণ দ্রব্যের মূল্যবৃদ্ধি হয়েছে সেই তুলনায় মজুরী বৃদ্ধি হয় নি। মজুরের work load যে ভাবে বেড়েছে সেটা সরকারের লেবার গেজেটেই আমরা দেখতে পাই। আজ গেজেটের ভিতর থেকে মজুরদের মজুরীর পরিমাণ যদি তুলে ধরা যায় তাহলে দেখা যাবে যে, পাটশিল্পে যখন উৎপাদন বেড়েছে শতকরা ২০ ভাগ তখন মজুরের মজুরী ঠিক একই আছে, ৩ টা tribuual এর পরেও। বস্ত্রশিল্পের ট্যাক্স মকুব করা হল তাদের টাকা পয়সা দিয়ে সাহায্য করা হল, স্বয়ংক্রিয় মেসিন দিয়ে সাহায্য করা হল, এবং expert এর দিক দিয়েও তাদের সাহায্য করা হল; কিন্তু বস্ত্রশিল্পে নিযুক্ত মোট শ্রমিকের শতকরা ৪৪.৬ ভাগ দৈনিক একটাকার ও কম পায়, মোট শ্রমিকদের ৪৬.৮২ ভাগ দৈনিক ১৷৹ টাকারও কম পায়। Engineering শিল্প যেটা নাকি বাংলাদেশের সবচেয়ে বড় শিল্প বলে ধরা হয়। সেই শিল্পেও শতকরা ৫৪.২ ভাগ দৈনিক ২ টাকারও কম বেতন পায়। এই বেতন মন্ত্রীদের মতে যথেষ্ট হতে পারে, কিন্তু আজকে জীবনযাত্রার খরচ যে ভাবে বেড়ে যাচ্ছে তাতে শ্রমিকদের এই বেতনের হার দিয়ে জীবনযাত্রানির্বাহ হতে পারে কিনা ভেবে দেখবার জন্য আমি এই সরকারকে অনুরোধ জানাচ্ছি। হুগলীজেলায় সেদিন বঙ্গলক্ষ্মীর ৩ হাজার শ্রমিক একটা নিম্নতম মজুরীর দাবী করেছিল —তাদের দাবি ছিল Tribunal এর award দিয়েছে সেই award পূরণ করা হোক তারা একটা মস্তবড় bonus ও চায়নি। যখন bonus এর কথা হল তখন ৩ হাজার শ্রমিকের মধ্যে ৪০০কে 5% দেওয়া হল। Conciliation এর জন্য যখন ডাকা হয় তখন মালিকপক্ষ হাজির থাকে না, এবং এই সরকারের এমন কোন আইনও নাই—যাতে conciliation এর জন্য মালিককে বাধ্য করতে পারেন। প্রচলিত আইন যা আছে তাতে conciliation এর award মানবার জন্য

মালিকদের বাধ্য করিতে পারেন এপর্যন্ত এমন কোন আইন করতে পারেননি। শ্রমিক আই সংশোধনের জন্য এই বিধানপরিষদেও বার বার দাবী উঠছে, কিন্তু আজ পর্য্যন্ত কিছু হয়নি। য়ুনিয়নকে স্বীকৃতি না দিলে কোনরকম সালিশীতে মালিক বসতে বাধ্য নন য়ুনিয়নকে স্বীকৃতি দেবার জন্য এ পর্যন্ত কোনরকম আইন সরকার পক্ষ থেকে করা হল না শিল্প management এ শ্রমিকদের দায়িত্বপূর্ণ ভূমিকা ও কর্তব্য সম্বন্ধে অনেক বড় বড় কথ বলা হয়, কিন্তু শ্রমিকদের জীবনযাত্রার মান উন্নয়নের জন্য কিছুই করা হচ্ছে না। পঞ্চদ শ্রমসম্মেলনের যে সমস্ত শর্ত শ্রমিকবিরোধী এবং মালিকদের পক্ষে, সেইগুলি সরকার মানলেও কিন্তু যে সমস্ত সর্ত শ্রমিকদের স্বার্থে যায় তা সব লঙ্ঘন করা হয়েছে। পাটশিল্পের দিক দিয় যখন Wage Board নির্ধারণ করার কথা বলা হল তখন নতুন ৩ লক্ষ থেকে ২ লক্ষে দাঁড় করা হল এবং বদলী শ্রমিক দিয়ে স্থায়ী শ্রমিকের কাজ করান হল। অথচ তাদের সবরক benefit থেকে বঞ্চিত করা হচ্ছে। I. J. M. A.র নীতি পরিবর্তন ও সংশোধনে তাদে বাধ্য করাতে সরকার এগিয়ে যাচ্ছেন না। শুধু তাই নয়, আজকে সরকারী নীতির ফ পাটচাষীরা প্রায় ৩২ কোটি টাকা লোকসান দিয়েছে কিন্তু তার পুরণের জন্য সরকারের পক্ষ থে বিন্দুমাত্রও চেষ্টা হল না। চটকলের মালিকরা নিজেদের দালাল দিয়ে যে মোটা মুনাফা লুণ্ঠন করা তার অংশ পাটচাষীদের দেবার কোন ব্যবস্থা করা হচ্ছে না।

আমি আরেকটা কথা বলতে চাই যে, এই নীতির পরিবর্তনের জন্য কোনরকম প্রচেষ্টা এই সরকারের নাই। হয়তো সেই প্রচেষ্টা করা সম্ভব নয়, কারণ, মিশ্র অর্থনীতি নামে তাঁরা যা করছেন সেই মিশ্র অর্থনীতি বাস্তবিকপক্ষে capitalist economyর নামান্তর- মিশ্রঅর্থনীতির লেবেল দিয়ে তাঁরা চালাচ্ছেন ধনতান্ত্রিক ব্যবস্থা। তাই আমরা দেখতে পাচ্ছি যে, সত্যিকারের অর্থসংস্থান ও সম্পদবৃদ্ধির জন্য যে পথ খোলা রয়েছে সেই পথে তারা নামছে না। বড় বড় রাঘব বোয়াল capitalistরা এখানে যা লাভ করছেন তা বাংলাদেশ থেকে সুড়ঙ্গপথে পাচার করে দেওয়া হচ্ছে, অথচ তা নিয়ন্ত্রণ করার কোন ব্যবস্থা করা হচ্ছে না Central Jute Mill কাশীতে যে রাসায়নিক factory করছে তাতে আমাদের সরকার নীরব ভূমিকা অভিনয় করছেন। বিড়লা জুট মিল মধ্যপ্রদেশে টাকা চালান দিচ্ছে, আর আমাদের সরকার ঠুঁটো জগন্নাথের মতো বসে আছেন অসহায়ভাবে। এতেই পরিষ্কার বোঝা যাচ্ছে এঁদের নীতিই হচ্ছে ধনিকতোষণ। মালিকদের তোয়াজ করেই এঁরা চলেছেন।

[10-30—10-40 a. m.]

বর্তমানে মুষ্টিমেয় ইংরেজ এবং মারোয়াড়ীরা বাংলাদেশকে শোষণ করছে এবং সেই শোষণের অংশ যাতে পশ্চিমবাংলায় বিনিয়োগ করা হয় সেদিক থেকে আমাদের সরকার নিষ্ক্রিয়। আমি বলব যে, সরকার যতই পরিকল্পনা করুন না কেন তাঁরা যদি ধণিক ও মালিক তোষণ নীতির সংস্কার না করেন তাহলে তাঁরা যতকিছু পরিসংখ্যান দিয়ে প্রতারণা করার চেষ্টা করুন না কেন তাঁদের সেই প্রস্তাবনা টিকবেনা। কারণ, ইতিহাসের পাতা উল্টালেই আমরা দেখতে পাব যে এরকম প্রতারণার অবসান হয়েছে।

Shri Mohitosh Rai Choudhuri: মাননীয় সভাপতি মহাশয়, রাজ্যপালের ভাষণের বিতর্কে যোগদান করার জন্য আমাকে আহ্বান করেছেন—অংশ যে কিছু গ্রহণ করব সে বিষয়ে কোন সন্দেহ নেই কারণ নিজের কণ্ঠস্বর শুনবার মানুষের যে স্বভাবগত দুর্বলতা আছে তা ছাড়াও বিশেষ কারণ আরও এই যে এবার আমার ব্যবস্থাপক পরিষদের ভিতর দিয়ে দেশকে সেবা করবার এই শেষ আপরটুনিটি। কিন্তু ভাষণ দিতে দাঁড়িয়ে কান্ত কবি রজনীসেনের সেই কথাই আমার মনে হচ্ছে: 'হেথা আমি কি গাহিব গান'। অবশ্য এখানে সেই 'গভীর ওঙ্কার' ধ্বনি নেই, সামের ঝঙ্কার—বেদের মন্ত্রের উচ্চারণ কেউ করেন নি কিন্তু তার পরিবর্তে যা শুনেছি তা হচ্ছে ঐ পাগলা মেহের আলির আর্তনাদ "সব ঝুটা হ্যায়" আমার স্নেহ ভাজন বন্ধু সত্যপ্রিয় বাবু এবং কালীবাবু (কালিচরণ ঘোষ) যে কথা বললেন তাতে এই পাগলা মেহের

আলীর কথারই প্রতিধ্বনি অর্থাৎ যা কিছু সরকার করেছেন সব মিথ্যা ভূয়া। আমি জানিনা এসব কথা তাঁদের বিকৃত মস্তিষ্কের দৃষ্টি বিভ্রমজনিত প্রলাপ উক্তি অথবা সরকারের প্রতি বিদ্বেষজনিত মনোভাবের অভিব্যক্তি। যাইহোক, উক্তিগুলি সত্যের অপলাপ ছাড়া আর কিছুই নয়। আজ আমরা দেখতে পাচ্ছি যে, সমগ্র ভারত—হিমালয় থেকে কুমারিকা পর্যন্ত বিশ্বকর্ম্মার এক নূতন সৃষ্টির এক বিরাট কর্মশালায় পরিণত হয়েছে। এইসব দেখে মাঝে মাঝে মনে হয় যেন ময়দানব কর্তৃক যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞের সভা নির্মাণের বিরাট প্রচেষ্টার মত নবীন ভারত গঠন করবার দেশব্যাপী এক বিশাল প্রচেষ্টা চলছে। সেই প্রচেষ্টাকে যদি অস্বীকার করা হয় তাহলে আসল সত্যকেই অস্বীকার করা হবে। বিশেষকরে যাঁরা এখানে শিক্ষাবিদ আছেন তাঁদের কাছ থেকে আমরা আশাকরি যে তাঁরা নিরপেক্ষভাবে সমস্ত বিচার করে কথা বলবেন। কিন্তু তাঁদের কাছ থেকে যখন এইসব অসত্য কথা শুনি তখন আমি মনে বড় ব্যথা পাই। অবশ্য একথা অস্বীকার করছিনা যে আমাদের দুঃখকষ্ট নেই। দ্রব্যমূল্যবৃদ্ধির জন্য আমাদের সত্যিই দুঃখের অন্ত নেই। কিন্তু একথা আমাদের মনে রাখতে হবে যে, শতাব্দীর অভিশাপ ঘুচাবার আজ প্রচেষ্টা চলছে।

দীর্ঘকালব্যাপী পরাধীনতার জন্য আমাদের যে দুঃখকষ্ট সৃষ্টি হয়েছে তা একদিনে ঘুচবেনা—অর্থাৎ এক গণ্ডুষে সমুদ্র পান করা সম্ভব নয়। কাজেই আজ আমাদের প্রত্যেকের মনে রাখতে হবে যে, এই দুঃখকষ্ট আমাদের সহ্য করতে হবে। সন্তান জন্মের আগে প্রসূতির যেমন প্রসব বেদনা হয় এবং সে যেমন কষ্ট সহ্য করে ঠিক আমাদেরও সেই রকম কষ্ট সহ্য করতে হবে। রাজ্যপাল স্বার্থ ত্যাগ করার কথা বলেছেন বলে আমাদের বিরোধী পক্ষের অনেকে বিস্মিত ও রুষ্ট হয়েছেন। কিন্তু দুঃখকষ্ট আমাদের কিছুটা স্বীকার করতেই হবে কেননা ফাঁকি দিয়ে কোন মহৎ কাজ করা সম্ভব হয় না। আমাদের এই জেনারেশনকে হয়ত এই সব দুঃখকষ্ট সহ্য করে যেতে হবে। এই প্রসঙ্গে একটি কথা আমার মাঝে মাঝে মনে হয় আমাদের পঞ্চবার্ষিকী পরিকল্পনাগুলি যেভাবে করা হচ্ছে হেভী ইন্‌ডাষ্ট্রি প্রতি এত বেশী ষ্ট্রেস্ দেওয়া—হয়ত তা' ভাল হয়নি। অবশ্য কালকে ক্রুশ্চেভ সাহেব তাঁর বক্তৃতায় বলেছেন যে হেভি ইনডাষ্ট্রির প্রতি বেশী জোর দেওয়া উচিত হয়েছে। কিন্তু আমার মনে হয় যে কনজিউমার গুডস্ (consumer goods) প্রডিউস করার দিকে একটু বেশী দৃষ্টি দিলে ভাল হোত। তবে যারা প্লান তৈরী করেছেন তাঁরা আমার অপেক্ষা অধিকতর বিজ্ঞ এবং অভিজ্ঞতাসম্পন্ন। কাজেই আমি 'ডগম্যাটিক্যাল তাঁদের ভ্রান্ত বলতে পারিনা। তবে এটুকু বুঝি যে ভবিষ্যৎ জেনারেশনের সুখ সমৃদ্ধির জন্য বর্তমানে আমাদের যদি সব সময় কেবল দুঃখকষ্টই ভোগ করতে হয় সেটা ভাল না লাগা স্বাভাবিক। যাই হোক আজ উজ্জ্বল এবং সুন্দর ভারত গঠন করবার জন্য যারা দেশ শাসনের ভার নিয়েছেন এবং তাঁরা যে আন্তরিক ও অক্লান্ত প্রচেষ্টা ক'রে চলেছেন সেটা অস্বীকার করলে অত্যন্ত পাপ কাজ করা হবে বলে আমি মনে করি। তারপর ধৈর্যের সঙ্গে আরেকটা কথাও মনে রাখতে হবে। আমাদের যেসব অভাব অভিযোগ অবিলম্বে দূর করা প্রয়োজন বলে বিরোধী পক্ষ মনে করেছেন সেগুলির কতক যে সত্য এবিষয়ে কোনই সন্দেহ নেই। আমি এই হাউসে এবং বিধান সভায় বিরোধী দলের সদস্যেরা রাজ্যপালের বক্তৃতার উপর যে সমস্ত অ্যামেণ্ডমেণ্ট দিয়েছেন এবং নিজ নিজ ভাষণে যে সমস্ত কথা বলেছেন তা সবই যত্নের সহিত প'ড়ে দেখেছি। তাঁদের সব কথাই অসঙ্গত, সব কথাই মিথ্যা তা নয়। তাঁদের অনেক কথারই, অনেক দাবীরই যৌক্তিকতা অস্বীকার করা চলে না।

[10-40—10-50 a. m.]

এবং আমি জানি রাজ্য শাসন যাঁরা করছেন তাঁরাও তা অস্বীকার করেন না বা করেন নি। কিন্তু একটা কথা মনে রাখতে হবে। আমাদের সম্বল কি? আমাদের রেভিনিউ ৯০।৯২ কোটি টাকার তো বেশী নয়। তার মধ্যে ১৩ কোটির উপর শিক্ষার জন্য ব্যয় করা হচ্ছে। শিক্ষামন্ত্রী মহাশয় এখানে আছেন, তাঁর সৌভাগ্য কি দুর্ভাগ্য আমি জানিনা। অন্য মন্ত্রীরা এই হাউসের

মেম্বার নন, তাঁদের এখানে এসে অন্যায় সমালোচনা শুনে ধৈর্য নষ্ট করার প্রয়োজন হয় না। তাঁকেই একা এসব সহ্য করতে হয়। বাজেট সংক্রান্ত যে সব বই এখানে বিলি করা হয়েছে তার একটাতে দেখবেন কোন্ বিভাগের জন্য কি ব্যয় করা হয়েছে বা হবে তার একটা চিত্র দেওয়া আছে। সেই ছবিতে দেখবেন সবচেয়ে উচু লাইনটা শিক্ষার, তার নীচে পুলিশ। তার নীচে আর সব। সুতরাং ৯০।৯২ কোটি টাকার ভেতরে যা কিছু সম্ভব সরকার তাই করেছেন, সে বিষয়ে সন্দেহ নাই। অবশ্য তাঁদের কর্মপন্থা সম্বন্ধে, কর্মপদ্ধতি সম্বন্ধে মতভেদের যথেষ্ট অবসর আছে। কিন্তু মতভেদের অবসর থাকলেই যে তাঁরা দুর্ণীতির দ্বারা পরিচালিত হচ্ছেন এবং দেশের অপকার করার জন্য কোমর বেধে লেগে গেছেন, একথা মনে করা ঠিক নয়। যদিও জানি বিরোধীপক্ষের চিরকালই দেশপ্রেমের মোনোপলি (monopoly) তবুও এইসব দেশপ্রেমিক বন্ধুদের আমি বলি যে আমরা যারা এদিকে আছি এবং যারা রাজ্য শাসন করছেন তাঁদের ভেতরে দেশপ্রেম একবিন্দু নেই একথা মনে করারও কোন সঙ্গত কারণ দেখিনা সুতরাং সব বিষয়ের ব্যালেন্সড ভিউ' নিরপেক্ষ দৃষ্টিতে আপনাদের নিতে হবে।

এবারে বার্থ রেট সম্বন্ধে কয়েকটি কথা বলব। আমাদের বন্ধু শশাংক সান্যাল ভিন্ন আর কারোর কাছে গঠনমূলক কাজের বিষয়ে বিশেষ কোন কথা শুনিনি। অবশ্য আমার আরও অনেক বন্ধু যেমন নির্মল, ত্রিপুরারী প্রভৃতি এখনও কিছু বলেন নি, হয়ত তারা এসম্বন্ধে কিছু বলবেন। কিন্তু এযাবৎ আমি যা শুনেছি তা ধ্বংসমূলক কথাই, এমনকি বন্ধু মনীন্দ্রর (ডাঃ মণীন্দ্র চক্রবর্ত্তী) কাছ থেকেও যা আশা করিনি তাই শুনেছি; তবে বিরোধী পক্ষে থাকলেই এ সব গরম গরম বড় বড় কথা বলতে হবে আমি জানি। বেকার সমস্যার তীব্রতার কথা বলা হয়েছে। রাজ্যপালিকা তাঁর অভিভাষণের কোন জায়গাতেই বেকার সমস্যার তীব্রতার কথা অস্বীকার করেন নি। বিশেষতঃ যে দেশে বার্থ রেট এত বেশী সে দেশে বেকার সমস্যার রাতা-রাতি সমাধা অসম্ভব। বেকার সমস্যা সম্বন্ধে সর্বদাই একটা কথা শুনতে পাই যে আমাদের শিক্ষাব্যবস্থা সম্পূর্ণ ত্রুটীপূর্ণ, বহু দোষযুক্ত। এই শিক্ষাব্যবস্থার সংস্কার করলে, টেকনিক্যাল এডুকেশন, সায়েন্টিফিক এডুকেশন ইত্যাদি বাড়ালেই আমাদের বেকারসমস্যার সমাধান হবে, কিন্তু একথা আদৌ ঠিক নয়। দেশে কর্ম সংস্থান কেন্দ্র বেশী করা দরকার নতুবা শুধু টেকনিক্যাল এডুকেশান বাড়ালে শুধু ইঞ্জিনিয়ারিং কলেজ এবং অন্যান্য বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপিত হলে তা থেকে যে সমস্ত ছাত্র বেরুবে তারাও বেকার থাকবে, তারা টেকনিক্যাল এডুকেটেড্ আন-এমপ্লয়েড্ হয়ে যাবে সুতরাং আসল কথা হচ্ছে নূতন নূতন কর্ম কেন্দ্র স্থাপন করা।

এইজন্যই দেশের ইন্ডাষ্ট্রীয়াল ডেভেলাপমেন্ট সবচেয়ে প্রয়োজন। এবং সেইজন্য বোধ হ আমাদের নেতা পণ্ডিত নেহেরু সকল রাজ্য সরকারকে হেভী ইন্ডাষ্ট্রীজ ডেভলপ করার দিকে সবচেয়ে বেশী মনোযোগ দিতে বলেছেন কারণ হেভি ইন্ডাষ্ট্রিই ইন্ডাষ্ট্রির ভিত্তি। এ বহুলোক কাজ পাবে, এবং এই হেভি ইন্ডাষ্ট্রির উপর নির্ভর করে আরও অনেক ইন্ডাষ্ট্রি গ উঠবে। এ বিষয়ে সরকারের প্রচেষ্টার অন্ত নেই, এ অস্বীকার করলে অন্যায় হবে।

বার্থ রেটের কথা বলছিলাম। যে ভাবে বার্থ রেট বা জন্মের হার বাড়ছে তা বন্ধ না হ'লে দেশের আর্থিক দুর্গতির, শিক্ষা ও সংস্কৃতির ক্রমিক অবনতির কিছুতেই অবসান হবে না এ বিষয়ে আমাদের সকলকেই দল ও রাজনীতি নির্বিশেষে একযোগে কাজ করতে হবে।

এইবার শিক্ষাসম্বন্ধে আমি দুই একটি কথা বলবো—পরে বাজেটে যদি অবসর পাই —সেই সময় আরো কিছু বলবো। শিক্ষাসম্বন্ধে আমার বন্ধু সত্যপ্রিয়বাবু সেই পূর্বে অভিযোগ। তাঁর পূর্ব্বে কয়েকটা বক্তৃতাও আমি পড়ছিলাম, সেই একই মামুলী কথা। তাঁর নয়, বিরোধী পক্ষের বন্ধুদের এবং আমাদেরও অল্প বিস্তর—সেই একই মামুলী ক রাজ্যপালিকার অভিভাষণের উপর বলতে হয়, কারণ বেশী কিছু আর বলার নেই। আমা সৌভাগ্য যে মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের মত একজন দুরদৃষ্টিসম্পন্ন ব্যাক্তির দ্বারা আমা

ংলাদেশ শাসিত হচ্ছে। আমাদের যা কিছু প্রয়োজন সমস্তই তাঁর দৃষ্টির মধ্যে আছে এবং য়োজন সিদ্ধির জন্য আপ্রাণ চেষ্টাও তিনি করছেন।

এই প্রচেষ্টা একদিনে সাফল্যমণ্ডিত হতে পারে না, হবেও না। আমাদের শুধু দেখতে হবে ক পথে আমরা চলছি কিনা। শ্যামবাজারে যেতে হলে কোন্ পথ দিয়ে যেতে হবে সেটা দখতে হবে। শ্যামবাজার হচ্ছে উত্তরদিকে—আমরা উত্তর মুখে যাচ্ছি, না, দক্ষিণ মুখে—না র্বমুখে সেটা আমাদের দেখতে হবে। সুতরাং সেদিক দিয়ে যদি আমরা দেখি তাহলে দখবো যে আমরা ঠিক পথেই চলেছি। বিধানবাবুর গভর্ণমেণ্ট ঠিক পথেই আমাদের নিয়ে াচ্ছেন। দেশের কল্যাণ-কর্মে বলে যা যা করা দরকার, সেই সমস্তই করার চেষ্টা করছেন একথা স্বীকার করলে অন্যায় হবে।

শিক্ষাসম্বন্ধে অভিযোগের মধ্যে একটি কথা সর্ব্বদাই আমরা পাই যে ১১ বছরের ছেলেমেয়েদের শক্ষা এখনও পর্য্যন্ত বাধ্যতামূলক ও সার্ব্বজনীন হলো না এখন আবার শুনতে পাই, এডুকেশানের কায়ালিটি বা গুণগত কোয়ালিটি বাড়লো না। সভাপতি মহাশয়, এ অভিযোগের উত্তর আমি নেকবার দিয়েছি। আপনাকে আবারও আমি সেই 'স্বর্ণলতা উপন্যাসের গদাধরচন্দ্রের কথা নে করিয়ে দিচ্ছি। "দুধও খাবো টামাকও খাবো" এটি হতে পারে না। কোয়ালিটি এব' কোয়ানটিটি একসংগে বাড়তে পারে না। সুতরাং সমস্ত দেশব্যাপী ফ্রি কম্পালসারি এডুকেশন এখনই আমাদের প্রবর্ত্তন করতে হবে, এমন কি প্রাইমারী ক্লাস ফাইভ যা এখন সকেণ্ডারী স্কুলে আছে তাকেও এখনই প্রাইমারী স্কুলে আনতে হবে যদিও সেকেণ্ডারী স্কুলে ছেলেরা কিছু শিখছে না কিন্তু প্রাইমারী স্কুলে যেখানে ইকুইপমেণ্ট কম, স্থান কম শিক্ষক সংখ্যা কম যেখানে শিক্ষা প্রায় কিছুই হয়না তবুও সেখানে নিয়ে আসতে হবে নতুবা চণ্ডী অশুদ্ধ হয়ে যাবে আবার সঙ্গে সঙ্গে ছেলেমেয়েদের শিক্ষার গুণগত উৎকর্ষও বৃদ্ধি করতে হবে এই যে দাবী, এই যে মনোভাব এটা ঠিক নয়। এতকাল যদি দেশের লোকদের—কখগঘ না শিখে, নামসাই করতে না পেরে সর্ব্বনাশ না হয়ে থাকে তাহলে আর পাঁচ বছর অপেক্ষা করলেও যে তারা একেবারে রসাতলে যাবেনা একথাটা ধীর ভাবে আমাদের বুঝতে হবে।

স্ত্রীশিক্ষার প্রসঙ্গে শ্রীঅনিলা দেবী অভিযোগ করেছেন যে সরকার স্ত্রীশিক্ষার উন্নতির জন্য কিছুমাত্র চেষ্টা করছেন না। তাকে অনুসরণ করে এ ব্যাপারে সত্যপ্রিয়বাবুও ঠাট্টা করে বলেছেন যে আমাদের সরকার মেয়েদের জন্য উচ্চশিক্ষা চান না তাঁরা চান যে মেয়েরা সংসারের কাজকর্ম নিয়ে থাকুক। সরকার যদি মেয়েদের সুগৃহিনী করবার দিকেই বেশী জোর দিয়ে থাকেন তাতে আমি দোষ দেখিনা। আপনারা দেখবেন শুধু হিটলার একাই বলেন নি—যে মেয়েদের প্রধান স্থান সংসারের কেন্দ্রস্থলে সুগৃহিনী রূপে সু-জননীরূপে। বহুদিন আগেও আমি বিলাত এবং আমেরিকায় শিক্ষকতা সম্বন্ধে কয়েকটা পত্রিকা পড়ছিলাম। দেখলাম সেখানকার চিন্তাশীল মেয়েরা বলছেন মেয়েদের শিক্ষা সম্বন্ধে আবার নূতন করে আমাদের ভাবতে হবে, দেখতে হবে যেন মেয়েদের সিলেবাস 'a replica of the Syllabus for men's education' না হয়। সে যা হোক মেয়েদের শিক্ষা সম্বন্ধে আমাদের গভর্ণমেণ্ট ওয়াকিবহাল নয় একথা বললে অন্যায় হবে। ক্লাশ এইট পর্য্যন্ত পল্লীগ্রামে ইতিপূর্বে মেয়েদের শিক্ষা অবৈতনিক হয়েছে, মেয়েদের শিক্ষার নিমিত্ত শিক্ষকের পরিবর্ত্তে শিক্ষয়িত্রী নিয়োগ করা হচ্ছে এবং বহু নূতন শিক্ষা প্রতিষ্ঠান গঠিত হচ্ছে একথা অস্বীকার করলে চলবেনা।

বন্ধুবর সত্যপ্রিয়বাবু আর একটি অভিযোগ করেছেন যে থি ইয়ার্স ডিগ্রী কোর্সের জন্য কোনও সিলেবাস তৈরী হয়নি কথাটি সম্পূর্ণ ভুল।

[10-50—11 a. m.]

শুধু Three Year Degree Course এর সিলেবাসই তৈরী হয়নি। ডিগ্রী কোর্স ও

Pre-university Course দুইয়েরই Syllabus, University তৈরী করেছেন। Pre-University Course এর Syllabus এর প্রয়োজনীয়তার কথা কেউই অস্বীকার করবেন না। বহুদিন না হোক্, অন্ততঃ কিছুদিন পর্য্যন্ত ১০ম শ্রেণী-যুক্ত এবং একাদশশ্রেণী-যুক্ত বিদ্যালয় যে পাশাপাশি থাকবে, থাকতে হবে সে বিষয়ে কোন সন্দেহ নাই। সত্যবাবুরাই তো বলেছেন phased Progress হওয়া চাই অর্থাৎ নূতন শিক্ষা ব্যবস্থার প্রবর্তন ধীরে ধীরে হওয়া চাই। সুতরাং কিছুকালের জন্য ১০ম শ্রেণী এবং ১১শ শ্রেণীর বিদ্যালয় পাশাপাশি থাকবেই এবং ১০ম শ্রেণী থেকে যারা পাশ করে আসবে তারা ১১শ শ্রেণী থেকে পাশ করা ছাত্রছাত্রীদের চেয়ে কম শিক্ষা পাবে। ডিগ্রী কোর্সে এদের শিক্ষা দিতে গেলে কিভাবে এদের শিখিয়ে নিতে হবে বিশ্ববিদ্যালয় ইতিমধ্যেই তা ঠিক করে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করছেন। Pre-University Course এর Syllabus ঠিক হয়ে গেছে। Syllabus সম্বন্ধে সত্যপ্রিয়বাবু আর একটি কথা বলেছেন। সেকেণ্ডারী এডুকেশনের সিলেবাস নাকি Secretariat এ তৈরী হয়েছে। আমি Secondary Education Board এর প্রেসিডেণ্ট বন্ধুবর ডাঃ শিশির মিত্রের সঙ্গে সেকেণ্ডারী এডুকেশন সম্বন্ধে আলাপ করি এবং বাড়ীতেও তাঁর সঙ্গে কথাবার্ত্তা হয়। সুতরাং আমি জোর করে বলতে পারি সত্যপ্রিয়বাবুর এ অভিযোগ সম্পূর্ণ বিভ্রান্তিকর সম্পূর্ণ ভিত্তিহীন। Secretariat এ Syllabus তৈরী করবার জন্য বিশিষ্ট শিক্ষাবিদ, অধ্যাপক এবং অন্যান্য শিক্ষকদের নিয়ে বিভিন্ন কমিটি গঠন করা হয়েছিল। ইতিপূর্বে এই সভায় একদিন এই মাধ্যমিক শিক্ষার নূতন সিলেবাস নিয়ে এসে আমি দেখিয়েছিলাম। ডাঃ মিত্র এই সিলেবাস আমাকে পাঠিয়েছিলেন। এই সিলেবাস এই সব কমিটির শিক্ষাব্রতীরাই তৈরী করেছেন, Secretariat এ তৈরী হয়নি। অবশ্য Syllabus এখনও সম্পূর্ণ ঠিক, সর্ব্বাঙ্গসুন্দর হয়নি। আমার মনে হয় এই নূতন সিলেবাস একটু বেশী heavy হয়েছে। একদিনে perfect syllabus তৈরী হতে পারেনা trial and error method এর সাহায্যে সিলেবাসকে দোষমুক্ত করে তুলতে হয়। একদিনেই সম্পূর্ণ সর্ব্বাঙ্গসুন্দর Syllabus তৈরী হবে? যাঁরা এরকম বলেন তাঁরা বাতুল অথবা শিক্ষা সম্বন্ধে কিছুমাত্র অভিজ্ঞতা তাঁদের নাই। যে Syllabus চূড়ান্ত ভাবে Introduce করতে হবে তা পরীক্ষা করে দেখতে হবে ছাত্রেরা কতদূর তা আয়ত্ত করতে পারে বা বুঝতে হবে। তা করার আগে পর্যন্ত সিলেবাস অসম্পূর্ণ ও দোষ যুক্ত থাকবেই। নূতন মাধ্যমিক শিক্ষার syllabus heavy হয়েছে মাধ্যমিক শিক্ষার বোঝা বেড়েছে এ বিষয়ে সন্দেহই নেই। যাঁরা শিক্ষা নিয়ে আলোচনা করেন তাঁরা জানেন কিছুদিন পূর্ব্বে UNESCO-এর উদ্যোগে সমস্ত পৃথিবীর বড় বড় শিক্ষাবিদরা প্যারিসে একটি অধিবেশনে মিলিত হ'য়েছিলেন। সেখানে বিতর্কের বিষয় ছিল মাধ্যমিক শিক্ষার বোঝা বেশী হয়েছে কিনা। এবং যদি বেশী হ'য়ে থাকে তা হলে কি ভাবে এর ভার কমান যায়! এই বিতর্ক হয়েছিল ৩ দিন ধরে। এই বিতর্কের বিবরণী 'শিক্ষক' পত্রিকার আগামী এক সংখ্যায় প্রকাশিত হবে, যদি অনুগ্রহ করে পড়েন তাহলে বুঝতে পারবেন। এই অধিবেশনে সকলেই একবাক্যে স্বীকার করেছিলেন যে মাধ্যমিক পরীক্ষার বোঝা বেশী হ'য়েছে সুতরাং এর syllabus change করতে হবে। এমনকি ইংলণ্ডে এবং আমেরিকায় ইতিমধ্যেই মাধ্যমিক শিক্ষার syllabus change করায় বিষয়ে চিন্তা আরম্ভ হচ্ছে। এ বিষয়ে ডাঃ মিত্রের সঙ্গে আমার অনেক আলোচনা হয়েছে। Syllabus যে heavy হয়েছে syllabus যে change করতে হবে সে বিষয়ে তাঁরও সন্দেহ নাই। কিন্তু মনে রাখতে হবে যে বর্ত্তমান সিলেবাসটি পরীক্ষামূলকভাবে করা হয়েছে final করা হয়নি পরীক্ষামূলকভাবে যে কাজ হয় তার ভিতর ভুলভ্রান্তি থাকবেই। আরও বলছি এই ভুলভ্রান্তি সংশোধন হ'তে পারে কেবলমাত্র through method of trial and error. যেমন মহীরাবণের বেটা অহিরাবণ হ'য়ে জন্মেছিল তেমনি রাতারাতি perfect full fledged syllabus তৈরী হ'তে পারে না। কোথাও এমন বিশেষজ্ঞ নেই যিনি একবার বসেই সর্ব্বাঙ্গসুন্দর সিলেবাস প্রস্তুত ক'রে দেবেন। আমি অনেকবার বলেছি সিলেবাসের সঙ্গে সঙ্গে এ

সিলেবাস অনুসারে মাধ্যমিক শিক্ষাবোর্ড একটা model বই তৈরী করে দিন। কিন্তু এ প্রস্তাবে কেউ কর্ণপাত করেন নি। সত্যপ্রিয় বাবুরাই এ প্রস্তাবের বিরোধিতা ক'রে বললেন যে গভর্ণমেণ্ট অথবা Seeondary Board থেকে বই তৈরী করা অন্যায়, freedom of initiative এতে নষ্ট হয়ে যায়। ফলে মাধ্যমিক বোর্ড' সিলেবাস অনুসারে কোনও মডেল বই তৈরী করে দিচ্ছেন না শুধু syllabus তৈরী ক'রেই সন্তুষ্ট হ'য়ে আছেন। এবং প্রকাশকেরা এই সিলেবাস অবলম্বনে প্রকাণ্ড প্রকাণ্ড বই বের করছেন। ঠিক যেন বার হাত কাকুরের ১৩ হাত বীচি সেই রকম হচ্ছে। এতে heavy সিলেবাসের heaviness আরও বাড়ছে এবং ছাত্রদের বোঝা আরও দুর্ব্বহ হ'য়ে উঠছে। যাই হোক্ এটা যে সহজতর করবার চেষ্টা চলছে সে বিষয়ে কোন সন্দেহ নেই।

উদ্বাস্তুদের শিক্ষা সম্বন্ধে মাননীয় সদস্য সতপ্রিয়বাবু যা বলেছেন,, তার সঙ্গে আমি সম্পূর্ণ একমত। উদ্বাস্তুদের ছেলেমেয়েদের শিক্ষাব্যবস্থা সম্বন্ধে হঠাৎ কেন্দ্রীয় সরকার যে ব্যবস্থা করেছেন, তা আমার মতে ঠিক ও সংগত হয়নি। আমি যতদূর শুনেছি আমাদের পশ্চিম বঙ্গ সরকারও তাঁদের সঙ্গে এ বিষয়ে একমত হতে পারেন নি। উদ্বাস্তু ছাত্রদের যে সমস্ত সুযোগ সুবিধে দেওয়া হতো তা যাতে curtail করা না হয় সে বিষয় পশ্চিমবঙ্গ সরকার যথেষ্ট চেষ্টা করছেন। উদ্বাস্তুদের প্রতি আমার যথেষ্ট সহানুভূতি আছে এবং তা থাকাও উচিত। আমি নিজেও একজন উদ্বাস্তু, পশ্চিমবঙ্গে এসে বাসা বেঁধেছি। কিন্তু একথাও মনে রাখতে হবে যে অনির্দিষ্ট কালের জন্য যোগ্যতা ও গুণ নির্ব্বিশেষে উদ্বাস্তু ছেলেমেয়েদের শিক্ষার ভার গ্রহণ করতে গেলে, পশ্চিম বঙ্গের অন্যান্য ছেলে মেয়ে, যারা সমান অর্থনৈতিক দুরবস্থা সম্পন্ন এবং সমান মেরিটোরিয়াস বা গুণযুক্ত তাদের প্রতি অবিচার হবে। অথচ এদের জন্যও ত অবিহিত হতে হবে। কিন্তু দুই ব্যবস্থাই পুরাপুরি করবার বিপুল অর্থ আসবে কোথা থেকে? সুতরাং সবদিক দেখে, সব বিষয় ভেবে চিন্তে ব্যবস্থা অবলম্বন করতে হবে। শুধু একদিক দেখে বিচার করলে অন্যায় হবে।

এইবার আর একটা বিষয়ে কিছু বলে আমার বক্তব্য শেষ করবো। আমার মনে হয় সরকারী ব্যবস্থার বিরুদ্ধে আমাদের অসন্তোষের মূলে থাকে অধিকাংশ সময়েই আমাদের impatience. জনসাধারণের পক্ষে impatience হওয়াও স্বাভাবিক। কারণ চারিদিকেই পর্ব্বত প্রমান দুঃখ কষ্ট ও দুর্দশা জমে রয়েছে। এই দুঃখ কষ্ট দূর হোক এটা আমরা সকলেই চাই এবং এ বিষয়ে বিলম্ব ঘটলে অধীর ও অসন্তুষ্ট হওয়া অন্যায় ও অসঙ্গত নয়। সরকারের প্রচলিত কার্যব্যবস্থার বিলম্বও যে ঘটে থাকে আমি নিজেই সে সম্বন্ধে ভুক্তভোগী। লক্ষ্য করে দেখেছি এই বিলম্বের প্রধান কারণ আমাদের সরকারী ব্যবস্থায় অতিমাত্রায় red-tapism এই red-tapism এর ফলে কোন কাজই দ্রুত সম্পন্ন হতে পারে না। জনসাধারণের অসন্তোষ দূরীকরণের জন্য এই procedure এর simplification খুব বেশী প্রয়োজন হয়ে পড়েছে। উদ্বাস্তুসমস্যা নিয়ে আমি নিজে গভর্ণমেণ্টের কর্মচারীদের সঙ্গে অনেকবার দেখাশুনা করেছি। প্রাথমিক শিক্ষকদের অভাব অভিযোগ নিয়ে অনেকবার শিক্ষাদপ্তরের কর্তৃপক্ষের কাছে যাতায়াত ও আলোচনা করতে হয়েছে। সব সময়েই লক্ষ্য করেছি এই red-tapism এর জন্য প্রতিটি কাজে action নিতে দেরী হচ্ছে। এই লাল ফিতাকে বিশেষ ভাবে কমান দরকার। এসম্বন্ধে দুই একটি উদাহরণ দিব। সভাপতি মহাশয়, এই red-tapism ক্যাম্প উদ্বাস্তুদের ন্যায়সঙ্গত অভাব অভিযোগের প্রতীকার কি ভাবে বিলম্বিত করছে তা শুনলে আপনি অবাক হয়ে যাবেন। স্বয়ং শ্রীমতী রেণুকা রায় এবং পর পর স্বয়ং দুইজন ডিরেক্টার নিজেরা চেষ্টা করেও দুর্গত উদ্বাস্তুকে জমি দিতে পারেন নি দেড়বছরের মধ্যে। তারপর শ্রীমতী রেণুকা রায় উদ্বাস্তু দপ্তরের কর্ত্তার ছেড়ে যাবার সময় আমার সামনে তদানীন্তন ডিরেক্টারকে বলে গেলেন "এই তিন জন উদ্বাস্তুর কেসগুলি একটু ভাল করে দেখবেন, আমি ত এদের জন্য কিছুই করতে পারলাম না এই দেড় বছরের মধ্যে।" বেহালায় কয়েকটা উদ্বাস্তু কলোনী হয়েছে এই red-tapism এর

ফলে সেখানেও কতকগুলি দারুন সমস্যা দেখা দিয়েছে। আমি নিজে তাদের সমস্যা নিয়ে কর্তৃপক্ষের সঙ্গে দেখা করে প্রাণপন চেষ্টা করেছি একটা সমাধানে পৌছিতে কিন্তু আজ পর্য্যন্ত কিছুই করতে পারি নি। সব অফিসারেরই তাদের প্রতি সহানুভূতি আছে, কিন্তু এই red-tapism থাকায় একটা ফাইল আর একটা ঘরে যেতে বহু সময় লেগে যায়। ফলে সমস্যা সমাধান হতে অসম্ভব রকম দেরী হয়ে যায়। এই বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ও খুব সহানুভূতিশীল। আমি আশা করি বিষয়টি সম্বন্ধে বিশেষ চিন্তা করে তিনি একটি ত্বরিৎ কার্য ব্যবস্থা অবলম্বন করিবেন।

তারপর প্রাথমিক শিক্ষকদের provident fund, gratuity এবং তাদের ছেলে মেয়েদের বিনা বেতনে পড়াবার ব্যবস্থার কথা শুনুন। এই সম্পর্কীয় সরকারী সিদ্ধান্ত ঘোষনা করা হয়েছে দেড় বছর আগে। কিন্তু আজ পর্য্যন্ত এ বিষয়ের প্রয়োজনীয় বিধি ব্যবস্থা সম্পূর্ণ হল না ঐ red-tapism থাকার ফলে। সুতরাং এই বিলম্ব-বহুল ব্যবস্থার যাতে ত্বরিত পরিবর্তন হয়, procedure এর যাতে simplification হয় তারজন্য আমি সরকারকে বিশেষ অনুরোধ করছি। আমি আশা করি আমার অনুরোধ ব্যর্থ হবে না।

সভাপতি মহাশয়, মাননীয়া রাজ্য-পালিকার ভাষণ সম্পর্কে সমর্থন সূচক মূল প্রস্তাবের যে সমস্ত এ্যামেণ্ডমেণ্ট বিরোধী পক্ষের তরফ থেকে এসেছে এই সব কারণে সেগুলি গ্রহণ করা উচিত নয় বলে আমি মনে করি এবং এই উপলক্ষে বিরোধী পক্ষীয় বক্তাগণ সমর্থন সূচক প্রস্তাবের বিরুদ্ধে যে সকল যুক্তি তর্ক উত্থাপন করেছেন সেগুলি অন্যায়, অযৌক্তিক এবং সম্পূর্ণ সত্য নয় এই কথা বলে আমি সমর্থনসূচক প্রস্তাবটি সর্বান্তকরণে সমর্থন করছি।

[11—11-10 a.m.]

Shri K. P. Chattopadhyay : Mr Chairman, Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"But regret that no mention has been made of the failure of the Government—

(a) to take steps in time to prevent the abnormal rise in price of rice, and quite recently of sugar ;

(b) to take adequate measures for flood control ;

(c) to ensure adequate supply of water from the various dams for irrigation of crops at the times required ;

(d) to prevent the enormous wastage in primary schools due to attendance in primaay schools not having been made compulsory,

(e) to plan, in the starting of new Universities to meet the requirement of teaching staff in colleges and higher secondary schools,

(f) to refrain from unnecessary violence on various occasions, when numerous lives were lost through such use of force by the State authorities."

Mr. Chairman, Sir, our friend Shri Mohitosh Rai Chaudhuri has accused us that we brush aside all the claims for achievements. Surely we do not All that we want is that exact facts should be placed before us just as we expect him to give exact quotations—not to ascribe the writing of Rajani Sen to Rabindra Nath Tagore. (Sri Rabindralal Sinha : It is a slip.) We do not want such slip about facts when stated by Government. When the State Government make certain claims—when it is said that during the flood the Defence force rendered excellent service —we acknowledge it. We give them full credit for that. But we are certainly entitled to raise objection to failure to control flood. Professor Mahalanabis carried

out a survey about the facts that led to floods in Northern Bengal and else where about thirty years ago. That report is a voluminous report and there is a good deal of data in it. We were assured that if we could tighten our belts and devote a large part of our revenue to the erection of dams, they would dam up the rain-water and would not allow floods to occur in West Bengal. Unfortunately we find that floods do occur, although money has been spent and people have tightened their belts - perhaps beyond the limit of what can be done—we find that floods occur not only due to rain-fall but because water is let out of the dams due to lack of foresight as to how much can be stored or we do not know for what other reasons. In such cases we are entitled to point out that there has been failure to control floods and the claim that flood-control measures were taken successfully only betrays a certain degree of complacency. It is not that we say that nothing has been done—certainly not—but we say that if you make mistakes you should say "yes, we are sorry ; this has happened but we shall try to do better". Instead of trying to make black look grey or almost white you showed admit that black is black—and call spade a spade. Why should you be afraid of doing that ? You are not Englishmen ; you are our own countrymen. It is the fear complex that leads you to do it. That is what I object to.

There is a claim in the speech of the Rajyapal—after all it is not a statement of what she thinks but what the Cabinet wants her to say from behind her facade and therefore criticisms are made in that spirit—it is stated that steps were taken to bring down prices and there was a fall in the price of rice, etc. The alleged fall in the price of rice may have taken place compared to a decade or many years ago—or five years ago—or some particular season last yearbut I do not know if my friends on the other side will also agree that there has been a fall in the price of rice. I do not know whether they will agree that there has been any fall. We have to take a little interest in the family accounting because we have to bear the burden of the expenditure. We are not people who have unearned income but we earn the income. Therefore, we take a little notice of that. We find we receive complaints from those who control us from behind from our home department that there is difficulty in meeting the expenses due to rise in prices. It is not really, Sir, rice alone although I have mentioned it but also sugar. Why was there rise in the price of sugar ? What I say, Sir, is that a good opportunity was given to dealers in sugar to make a huge profit. I am not stating something which is only repeated in leftists newspapers, but daily papers which are not leftists pointed out with big headlines that opportunities had been given by notifying beforehand what steps would be taken a fortnight later about the control of sugar and a huge amount of profit was made by the dealers. Sir, it is as if before you lay the budget before the Parliament you are telling the traders beforhand that you proposed to tax commodities so that they may raise the prices beforehand or lay by stocks of them and make a huge profit. In countries of which names are mentioned whenever talk is made about Parliamentary democracy, for example, the United Kingdom if a Minister or a Cabinet is guilty of such an error, he had to resign. The Minister has to resign even if such leakage is indavertent. Mr. Hugh Dalton—a big name and others had to resign on that account. But, Sir, here traders however know beforehand and take every opportunity to make profits whenever such controls are attempted and are notified beforehand.

I am aware that this has happened in the past in this country under British rule when the Muslim League was in power, for example, once the

Muslime League Cabinet as a whole—Hindus as well as Muslims together—started purchasing a huge amount of shares of jute and then they notified that they were going to issue an ordinance restricting cultivation of jute. Naturally, they made a big profit from those shares. Later on, they started selling futures at a lower price and after they had sold a huge amount, they notified that the restriction was removed. So both as bears and bulls they made a big profit. Now that is a thing which should not be done and the Chamber of Commerce protested and the thing was put an end to. This was in 1944 or 1945—I do not remember the exact year. Anyway, I would suggest that our friends opposite should see to it that these things do not occur. There is nothing for the Government to congratulate itself about the manner in which it has bungled in the subject of price control. I have referred to rice and sugar. But you know about fish. You know that Bengalis do take fish and rice মাছভাত but fish is almost getting an invisible commodity nowadays. Why should fish be so scarce ? Again, Sir, in this month of Falgoon you are expected to take a little bitter things like উচ্ছে (Uchche), bitter gourd. But these are selling in the market at twelve annas, fourteen annas or even one rupee a seer. There are doubly bitter when you purchase things at such a high price. Wall, Sir, this is what things have come to.

The other point, Sir, that has been stated is that adequate steps have been taken to ensure better crops. Sir, on a previous occasion I have critiazed pointing out that although the dams have water, the Hon'ble Irrigation Minister said that everybody will get water but he cannot give all the water at the same time to everybody. I said then that the poor seedlings cannot wait for the order to be sent by the Minister and then passed on to the Director and then passed on to somebody else—of course on Saturdays and Sundays nobody works—to get the final order after four weeks when the seedlings have probably withered away and then the water dose come.

[11-10—11-20 a. m.]

But that unfortunately does not lead to better growth of crops. There are other devices which have also been sought to be introduced but there is lack of planning, there is a lot of red-tapism. I will mention one small case. There is mention of Japanese method of cultivation. Now, cultivation includes, I take it, also the weeding of the fields Some time ago with much fanfare a Japanese weeding implement was introduced in some of the villages. It is a good implement and works in Japan. It happens that the labourers who transplant seedings in Japan in the field are skilled persons ; they hold the strings in a line and plant the seedlings in a row. In our country unskilled labourers plant the seedlings and they waver a bit as they go along the line and the line that is formed is not—as you know in Geometry—a straight line—the shortest distance between two points. The result is when you send a weeder, plants which we do not want to root out are also knocked out. That is what they have found from experience. And I know of a village where three weeders were purchased at a good deal of cost by middle peasants. The implements are now ornamenting their store rooms, they are not using them They used to lend them to their friends but their friends have said 'please do not help us, it creates more trouble than it helps.'

I think, Sir, I have said enough about dams and floods and cultivation I shall now pass on to another subject. (Dr. Monindra Mohan Chakrabarty: And in vain). Well, of course, we come and speak every year and it is

cry in the wilderness. That we know but still a cry in the wilderness sometimes does reach somewhere and we live in hope.

I shall now come to a subject at which I have been hammering every year. It is the enormous wastage in primary schools. Every year the Hon'ble Minister of Education has claimed that there are so many children in schools. I have referred to my experience that figures are quite often not real-unreal children go to schools—that is from my past experience in Calcutta and also elsewhere. I have also pointed out from the replies given by the Government that in the course of three years the number drops to half. So out of all the money that is spent in teaching the children in the first and the second years, half of that is completely wasted and I have been requesting the Government year after year to introduce compulsory education. Once they gave a figure which showed that the number of children at schools was higher than the number of children in that area of that particular age group. I was only reminded of the Maulvi who said in his answer—Jo Likhne bola wo likha.

That is what happened, Sir, but the matter is tragic because it is a poor country and there is no reason why you should show us figures that there are schools and that so many children are going to schools instead of trying to see that they are educated. I am not very anxious about figures. All my life I have been a teacher, and that has been the direction in which I have tried to serve in my humble way my country.

In the planning of universities, Sir, again there has been a good deal of lacuna. You are starting the Burdwan University, you have started the Jadavpur University. We congratulated the Government for giving recognition to the Jadavpur University because that is our national institution. But what I pointed out at that time and again in connection with the Burdwan University is this. There are a very large number of secondary schools . (Shri Biswanath Mukherjee : We are having another university at Kalyani)· Well, that is in the offing, so I am not referring to that, and possibly there will be another in North Bengal.

I am mentioning those which have already either been started or are about to be started. Now, in the large number of Secondary Schools you require teachers fo different subjects. Naturally you should have a larger output for such qualified men, but the shortage is acute in the matter of Honours Graduates in Science and Masters in Biology as well as in the Natural History group of Sciences. There is no shortage in the matter of subjects like History or Bengali or certain other subjects we know that there are so many unemployed M. As in Bengali and History. Therefore, you should lay greater stress on those subjects in which there is greater social necessity. It is one of the fundamental principles of Government that you should look into the requirements of the State and the society and plan their developmental details accordingly ; but what has been done ? Jadavpur is going to produce more M.As. in History, Bengali etc. the Burdwan University is also going to do the same, but the likely total number of M Scs. in chemistry, physics, biology, to be traind remains at a very very low figure. I understand only 10 or a dozen students can be accommdated in physics in JadavpurWe have in our Calcutta University, in Applied, and pure Physics and Radio Physics and Electronics, about 50, in each year. Therefore, you should have arranged, since Jadavpur has a big tradition of teaching Applied Science for Pure Physics and Applied Physics, Pure Chemistry and Applied Chemistry, to be taught at the Post graduate classes in bigger laboratories. That unfortunately has not been

done, and in Burdwan, I am told, all the faculties are going to be started. Why should the Government be anxious to show paper achievements and not real achievements ? It is not a question of carping criticism. This is what they should do. It is a question of constructive work.

I shall come, lastly, to something which I have always remembered with regret in this State. You pay homage to Gandhiji on the day on which he suffered martyrdom. You pay homage to him also on his birthday. But what is the treatment that you accord to people who come non violently to ask things of you ? It is the treatment which Gandhiji received at the hands of the South African Government when he first landed in opposition to their declaration not to allow him to land. He was beaten down, thrown on the ground and kicked by the booted policemen and would have been killed but for the intervention of some liberal minded Englishmen there. Is that how you pay homage to the Father of the Indian nation, when you meet non-violent demonstrators with terrific lathi charges ?

Shri Basanta Kumar Das : মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপাল তাঁর অভিভাষণে যে সমস্ত সমস্যার কথা উল্লেখ করেছেন এবং আমাদের সরকার সেই সব সমস্যা সমাধানের পথে কিভাবে এগিয়ে যাচ্ছেন তার কথা তিনি অভিভাষণে বলেছেন। এইরূপ একটা অভিভাষণে আমরা আশা করতে পারি না যে তিনি খুটিনাটী বিষয়েও আলোচনা করবেন। আমরা শুধু এইটুকু আশা করতে পারি যে তাঁর সরকার কি নীতি অনুসরণ করবেন। তিনি কেবল সুচনা দিতে পারেন যে কিভাবে কাজ করতে হবে এবং কিভাবে অগ্রগতির চেষ্টা হচ্ছে এবং ভবিষ্যতে কিভাবে অগ্রসর হতে হবে। তিনি তাঁর ভাষণে বলেছেন যে অনেক কিছু করা হয়েছে এবং এখনও অনেক কিছু করবার আছে। সেইদিকে সকলের দৃষ্টি আকর্ষণ করেছেন।

[11-20—11-30 a.m.]

আমাদের এই প্রদেশ গত বৎসর যে বিষম বিপদের মধ্যে পতিত হয়েছিল আমি সে বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রদেশের ৯টি জেলায় এক সঙ্গে যে রকম বন্যার প্রকোপ দেখা দিয়েছিল তা ইতিপূর্ব্বে কখনও হয়েছে বলে আমি শুনিনি। সেই সময় খাদ্যাবস্থা এক গুরুতর আকার ধারণ করেছিল এবং খাদ্যের ঘাটতি যা' বহুদিন যাবৎ রয়েছে তা' পূরণ করতে সরকারকে অনেক কষ্ট স্বীকার করতে হয়েছিল। কাজেই দেখা যাচ্ছে যে এই সমস্ত বিপদের সম্মুখীন হওয়া সত্ত্বেও সরকার তা' কাটিয়ে যেতে পেরেছেন। তা' ছাড়া আমরা দেখতে পাচ্ছি যে, গতবার যে বন্যা হয়েছিল তার স্থায়ী প্রতিকার কিভাবে করা যায় তার জন্য তাঁরা একটা বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করেছেন এবং সেই কমিটি প্রদেশের বিভিন্ন স্থানে পরিভ্রমণ করে নানা রকম তথ্য সংগ্রহ করছেন। আমরা জানি যে এই প্রদেশের জলসেচ ও জলনিকাশের সমস্যা যা' বহুদিন থেকেই রয়েছে, তা' সমাধান করবার জন্য সরকার দামোদর, ময়ুরাক্ষী প্রভৃতি স্কীম গ্রহণ করেছেন। কেউ কেউ বলেছেন যে এই সব নদীতে যে সমস্ত প্রজেক্ট কার্য্যে পরিণত করার চেষ্টা হয়েছে সেগুলি যথাযথভাবে হয়নি বলেই আমরা এই বিপদের সম্মুখীন হয়েছিলাম এবং ভবিষ্যতেও বিপদের সম্ভাবনা আছে। কিন্তু যতক্ষণ পর্য্যন্ত বিশেষজ্ঞ কমিটি তাঁদের রিপোর্ট না দেন অথবা এর পূর্ব্বে দামোদর সম্পর্কে যে বিশেষজ্ঞ কমিটি নিযুক্ত হয়েছে তাঁরা তাঁদের রিপোর্ট না দেন ততক্ষণ পর্য্যন্ত এসব কথা বলা উচিত নয়। দামোদর পরিকল্পনা গত বন্যার জন্য কতখানি দায়ী তা' দেখবার জন্য যে বিশেষজ্ঞ কমিটি বিভিন্ন জেলায় পরিভ্রমণ করে তথ্য সংগ্রহ করছেন তাঁদের কাছে আমরা যে সব ঘটনা উপস্থিত করেছি এবং স্থানীয় লোক যাদের লেম্যান্ বলা হয় তাদের অভিজ্ঞতায় কিভাবে তারা বন্যা নিয়ন্ত্রণের কথা ভাবছেন তার উপরেই সেই কমিটি বিশেষ জোর দিচ্ছেন। মাননীয় মন্ত্রীমহাশয়কে

স্মরণ করিয়ে দিচ্ছি যে জল নিকাশের অসুবিধার জন্য বা নদী থেকে অথবা বৃষ্টির জল জমে যে বন্যা হয় এবং যতগুলি বেসিন্ আছে তা' স্থানীয় লোকেরা জানে এবং তার প্রতিকারের উপায় তারা জানা সত্ত্বেও তা' কার্য্যে পরিণত করার কোন ব্যবস্থা হচ্ছে না। একসঙ্গে প্রচুর অর্থব্যয় করে হয়ত সবগুলো একই সাথে করা যায় না কিন্তু যদি অল্প অল্প ব্যয়ে কতগুলি সাধারণ স্কীম গ্রহণ করা যায় তা'হলে তার দ্বারা অনেক প্রতিকার হতে পারে। পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে যদিও জল নিকাশের কতগুলি স্কীম করা হয়েছে কিন্তু তা' প্রয়োজনের তুলনায় সামান্য মাত্র। আমার মতে আরও জলনিকাশের স্কীম তৈরী করা দরকার। সেগুলি যতক্ষণ পর্য্যন্ত এই পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত না হচ্ছে ততক্ষণ পর্যান্ত টাকা মঞ্জুর হওয়ার সম্ভাবনা দেখা যাচ্ছে না আমার মতে যদি একজন ইঞ্জিনিয়ার নিযুক্ত করা হয় তাহলে এই সমস্ত ছোট ছোট স্কীমগুলো তৈরী করা এমন কোন কঠিন কাজ নয়। আমি বুঝতে পারছি না যে, যেসব তথ্য বহুদিন আগে থেকেই সরকারের কাছে রয়েছে তার সাহায্যে এই সমস্ত স্কীম করতে এত বিলম্ব হচ্ছে কেন? যদিও ঐ বিশেষজ্ঞ কমিটি যখন মফঃস্বলে পরিভ্রমণ করে আমাদের ও সাধারণ মানুষের কাছ থেকে বন্যানিয়ন্ত্রণের উপায় জানতে চাচ্ছে তখন নিশ্চয়ই তাদের আমরা সেসব কথা জানাব কিন্তু তাহলেও আমি মন্ত্রীমহাশয়কে বলতে চাই যে তিনি সেই স্কীমগুলি তৈরী করতে মনোযোগী হউন এবং তা পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত করুন। খাদ্য সমস্যা সম্বন্ধে কলেই জানেন যে আমাদের খাদ্যের দাম অত্যন্ত বেশী এবং ঘাটতিও প্রচুর রয়েছে কাজেই তক্ষণ পর্যন্ত যথেষ্ট পরিমাণে খাদ্যোৎপাদন না হচ্ছে ততক্ষণ পর্যন্ত এর কোন সুরাহা হবে না। তবে গত বৎসর একটা পদ্ধতি অনুসরণ করে আমাদের সরকার এই ঘাটতি পূরণের চেষ্টা করে ছিলেন এবং খাদ্যোৎপাদন বৃদ্ধির চেষ্টা যে হচ্ছেনা তা নয়, তবে যে ভাবে চেষ্টা করলে আমাদের মস্ত চিন্তা বিশেষভাবে আকৃষ্ট হতে পারত সে ভাবে হচ্ছেনা। কারণ গত যে পরিকল্পনা গেল তাতে খাদ্যের উপর যথেষ্ট প্রাধান্য দেওয়া হয়েছে বলে আমি মনে করিনা। আমাদের পরিকল্পনা কমিশনের সদস্যেরা যে সমস্ত কথা বলেছেন তাতে দেখছি যে, তাঁরা কেউ কেউ বলেছেন যে আগামী তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় খাদ্য এবং শিল্পকে টপমোষ্ট প্রাইওরিটি দেওয়া হবে। এই দুটো জিনিষ যদি একই সঙ্গে সমৃদ্ধ হয়ে উঠতে পারে তাহলে আমাদের খাদ্য সমস্যা, বেকার সমস্যা বা অন্যান্য যেসমস্ত পীড়াদায়ক সমস্যা আছে তা দূর হবে বলে আমি মনে করি। খাদ্যোৎপাদন সম্বন্ধে রাজ্যপাল তাঁর ভাষণে উল্লেখ করেছেন যে, যে Board of experts নিযুক্ত করা হয়েছিল তাঁদের অভিমত অনুসারে সরকার কতকগুলি কাজ করবার চেষ্টা করেছেন. অবশ্য তাঁদের অভিমত কি এবং কি কি সূত্র ধরে সেই কাজ করা হবে তা' আমাদের সামনে রাখেন নি, কিন্তু তা'হলেও আমাদের খাদ্যোৎপাদন মন্ত্রী বিভিন্ন স্থানে সেই সমস্ত স্কীমের কথা বলেছেন এবং ইতিপূর্ব্বে তা বহুবার আলোচনাও হয়েছে। কাজেই এই সমস্ত কাজ এক-সঙ্গে করার জন্য যে ড্রাইভ দেওয়ার চেষ্টা তাঁরা করেছেন সেটা খুব আশার কথা। তারপর আমি সেচ সম্বন্ধে বলতে চাই যে, সেচ ছাড়া যে চাষের কাজ করা সম্ভব নয় এটা সকলেই জানেন। নদী, টিউবওয়েল বা পুকুর সংস্কার করেই হোক বা যে কোন ভাবেই হোক জলের ব্যবস্থা করতেই হবে—কেননা এ ছাড়া চাষের কল্পনাও করা যায় না, তবে হয়ত নদী থেকে বা বড় বড় টিউবওয়েল দিয়ে জলের ব্যবস্থা করা অনেক অর্থ সাপেক্ষ কিন্তু আমাদের গ্রামাঞ্চলে যে সমস্ত মজাপুকুর আছে সেগুলির সংস্কারের দিকে যদি মৎস্য এবং খাদ্যোৎপাদন বিভাগ একসঙ্গে মন দেন তাহলে অনেক কাজ হবে বলে আমি মনে করি। কিন্তু দুঃখের বিষয় যে, আমরা মৎস্যমন্ত্রীর কাছ থেকে শুনেছি যে অর্থাভাবের জন্যই তিনি এসব কাজ করতে পারছেন না। তাঁর কথা শুনলে মনে হয় আমাদের বিভিন্ন বিভাগ বিভিন্ন জায়গায় যেসমস্ত কাজ করেন তাঁদের মধ্যে কো-অর্ডিনেশন না থাকার ফলেই এ রকম ঘটনা ঘটে। হয়ত এমন হয় যে, একটা বিভাগ কোন একটা কাজ করবেন বলে স্থির করেন কিন্তু আরেকটা বিভাগ হয়ত এমন কাজ করে বসেন যার ফলে উভয়ের মধ্যে কোন সংযোগ থাকে না এবং যার ফলে আমরা কোন কাজের ফলও তেমন

ভাবে পাইনা। কিছুদিন আগে নদীয়ার এক বন্ধু বলেছিলেন যে, জল সেচের জন্য কতগুলি বড় বড় টিউবওয়েল তৈরী হয়ে ইলেকট্রীসিটি সরবরাহের অভাবে পড়ে রয়েছে। প্রকৃতপক্ষে যখন বিদ্যুৎ উৎপাদন করে এক বিভাগ আর জলসেচের ব্যবস্থা করে. আর এক বিভাগ তখন যদি উভয় বিভাগই একসঙ্গে মিলিত ভাবে কাজ না করে তাহলে এ দুটির উপকারিতা একসঙ্গে পাওয়া যেতে পারে না।

[11.30—11.40 a. m.]

কাজেই আমি বলেছিলাম এই যে পুষ্করিণী থেকে জল সেচের যে ব্যবস্থা হচ্ছে এর সঙ্গে যদি মৎস্য বিভাগকে যুক্ত করা না হয় এবং একই সময়ে একই সঙ্গে কাজ করার চেষ্টা না করেন তাহলে প্রত্যক্ষ ফল এর থেকে আমরা যথেষ্ট পরিমানে পেতে পারব না। গত বছর আমার জেলাতে এবং অনেক জেলাতে আমরা দেখেছি যে প্রচুর শস্যহানি ঘটেছিল, এ বছরে তারা বোরো চাষ করার চেষ্টা করছে, এই বোরোর জন্য অনেক জল লাগে, তারা পুষ্করিণীর ধারে কাছে এই সমস্ত জায়গায় চাষ করবার চেষ্টা করছে। এই পুষ্করিণীর দিকে যদি তাকাই তাহলে দেখব যে যেখানে বহু হাজামজা পুষ্করিণী সংস্কার করা হবে সেখানে ব্যাপকভাবে চাষ করা সম্ভব হবে এবং পুষ্করিণীতে মাছের চাষ করা সম্ভব হবে। তারপর বড় বড় টিউবওয়েল করে দেখা গেছে সেখানে বিদ্যুৎ ব্যবস্থা এবং অনেক ইঞ্জিনিয়ারীং কারখানা করবার প্রয়োজন হয়। কিন্তু পুষ্করিণীগুলি খনন করা বেশী দুরের কথা নয় বিশেষ করে আমরা যখন টেষ্ট রিলিফের কাজ করবার চেষ্টা করে থাকি তখন টেষ্ট রিলিফের কাজ একসঙ্গে হতে পারে—যদি আমরা পুষ্করিণীগুলি সংস্কার করবার চেষ্টা করি। তারপর সার সম্বন্ধে আমরা দেখতে পাই যে আমাদের যত রাসায়নিক সারের প্রয়োজন হয় তত সার আমাদের সরকারের নেই। বাস্তবিক রাসায়নিক সারের প্রয়োগ সম্বন্ধে সাবধানতা অবলম্বনের আবশ্যকতা আছে এবং রাসায়নিক সার প্রয়োগ করতে হলে প্রচুর জলের প্রয়োজন আছে। আমাদের গ্রামে পচাই প্রভৃতি সার তৈরী করা হত, কিন্তু এখন দেখতে পাই আমাদের যে ব্লকগুলি আছে—সমাজ উন্নয়ন ব্লক, এই ব্লকগুলি থেকে বর্ত্তমানে সে রকম কোন চেষ্টা হচ্ছেনা। কাজে কাজেই যারা যতটুকু নিজেরা পারছে করছে, বাকি অনেকে ছেড়ে দিয়েছে। এই সঙ্গে সঙ্গে আর একটা জিনিষের দিকে নজর পড়ে সেটা হচ্ছে গ্রমাঞ্চলে জ্বালানী ব্যবস্থা। যতক্ষণ পর্যন্ত না কোনরকম জ্বালানী ব্যবস্থা গ্রামাঞ্চলে করা হবে বা জ্বালানী খাতে উৎপন্ন করা যায় তার চেষ্টা না হবে ততক্ষণ পর্যন্ত গোবর গ্রামাঞ্চলে জ্বালানী হিসাবে ব্যবহৃত হবে। গোবর এবং গো-মুত্র এটা একটা খুব বড় রকমের কমপোষ্ট সার এবং পৃথকভাবে ব্যবহার করা যেতে পারে। এই সারের দিকে এদের দৃষ্টি দেবার ইচ্ছা আছে বলে আমার মনে হয় না। সুতরাং জ্বালানী উৎপাদনের দিকে যদি নজর না দেওয়া হয় তাহলে কখনই সার উৎপাদনের জন্য যে চেষ্টা করা হচ্ছে তা সফল হবে না। আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি সেটা হচ্ছে এই যে অভিভাষণে আমরা দেখছি যে আমাদের যে সমষ্টি উন্নয়ন ব্লকগুলি আছে সেগুলিতে যাঁরা গ্রামসেবক আছেন তাঁরা সর্ব্বাগ্রে তাঁদের অধিকাংশ সময় শতকরা ৮০ ভাগ সময় খাদ্য উৎপাদনের কাজে লাগাবেন—একথা স্থির হয়েছে আমি ইতিপুর্ব্বে এই পরিষদে বলেছি এবং একথা অনেকবার আলোচনা হয়েছে? এষ্টিমেট কমিটি যে রিপোর্ট দিয়েছেন তাতেও তারা এই কথা বলেছেন যে আমাদের যে সমষ্টি উন্নয়ন ব্লকগুলি আছে তার যা কাজ হচ্ছে সেগুলি অনেক ভাল কাজ বটে কিন্তু সব কাজের বড় কাজ হচ্ছে গ্রামাঞ্চলে খাদ্য উৎপাদন করা, অথচ সেই কাজে তারা বেশী সময় ব্যয় করেন না, তাহলে কেমন করে তারা ভাল কাজ করবেন তা আমি বুঝতে পারি না। যেটা মুল কাজ, সেটার উপর ভিত্তি করে আমাদের গ্রাম্য জীবন যাত্রা ভাল হতে পারে। সেদিকে যথেষ্ট পরিমাণে নজর নেই। আমরা যদি মনে করি যে যাঁরা গ্রামসেবক তারাই কেবল তাদের অধিকাংশ সময় এই কাজে ব্যয় করবেন আর অন্যান্য যারা ব্লক অফিসার, (তাঁরা সার্কেল অফিসারও) আছেন তাঁদের সময় অন্য কাজে ব্যয়িত হবে তাহলে কখনও আমরা এ বিষয়ে কৃতকার্য হতে পারিনা। আমরা মনে করি

যে গ্রাম সেবকদের যেমন অধিকাংশ সময় খাদ্য উৎপাদনে ব্যয় করতে হবে তেমনি সমষ্টি উন্নয়ন ব্লকগুলিতে যেসমস্ত ব্লক অফিসার আছেন, এক্সটেনসন অফিসার আছেন তাঁদের মনোযোগও এদিকে আকৃষ্ট হওয়া উচিত। যদি দেখতে পাওয়া যায় যে এই ব্লকগুলি সত্যসত্যই গ্রামাঞ্চলে কৃষির উন্নতির জন্য সমস্ত চেষ্টা নিয়োগ করেছেন তা হলে গ্রামবাসীরা উদ্বুদ্ধ হয়ে উঠবে এবং তাদের যে সমস্ত অভাব অভিযোগ আছে সেগুলির যদি তারা প্রতিকার করতে পারেন এবং গ্রামসেবকেরা যদি তাঁদের অভাব অভিযোগ মেটাতে পারেন এবং সাহায্য করতে পারেন তাহলে তাঁরা কৃতকার্য্য হবেন বলে মনে করি—এই বলে আমি রাজ্যপালের ভাষণকে সমর্থন করছি।

Dr. Janaki Ballabha Bhattacharya : Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"And regget that—

(i) the speech being a collection of selected and apparently bright aspects of concrete reality, no mention has been made of any endeavour to improve municipal adminlstration in West Bengal with the through revision of Bengal Municipal Act and bestowal of financial assistance to municipalities which have been groaning under the weight of the recent implementation of Minimum Wages Act, 1959 ; and

(ii) no mention has been made of State Government's attempt if any to stop the hoarding of foodstuff and other essential articles for the purpose of making undue profit by blackmarketing, to stop adulteration in food and medicines, to stem upsurging way of inflation and to supply accustomed edible rice through the medium of F. P. R. Shopg and to reorganise hospitals where patients are crowding iu huge number due to the inefficiency and maladministration of the State Government, and to increase the number of hospitals."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া রাজ্যপালিকা যে অভিভাষণ দিয়াছেন তার সম্বন্ধে আজকে যে বিতর্ক সভা চলছে তাতে আলোচনার জন্য আমি সংশোধন প্রস্তাব দিয়েছি। আমার প্রস্তাবের মধ্যে যা ছাপা হয়েছে সেখানে ২১টা প্রমাদ ঘটেছে সেটা আমি আর বলতে চাইনা—আপনারা নিজেরা দেখলেই তা বুঝতে পারবেন। আমি প্রথমেই বলতে চাই যে অসত্য জিনিষটাকে কেউ ভালবাসে যদি সেটা ভালভাবে দেয়া হয় কিন্তু সকলের চেয়ে যেটা ভয়ের সেটা হচ্ছে অর্দ্ধসত্য। আজকে কেরালায় মন্ত্রীসভা গঠন করবার সময় মুসলিম লীগ যেমন সেখানে স্থান পায়নি তারা সাম্প্রদায়িক বলে ঠিক তেমন এখানেও শিক্ষকদের বাদ দেয়া হয়েছে—অবশ্য আমরা রাজনৈতিক খেলোয়াড় নই। তাদের আজকে টপে জায়গা দেওয়া হয়েছে- হয়ত স্পীকার করা হবে বা চেয়ারম্যান করা হবে কিন্তু মন্ত্রীসভার মধ্যে তাদের স্থান নাই সুতরাং আমার সেই গ্রামের বিধবার কথা মনে পড়ে—তিনি যেমন ম্যাজিষ্ট্রেটকে বলেছিলেন তুমি দারোগা হও, আমাদেরও তেমন মাননীয়া রাজ্যপালিকাকে বলতে হয় আপনি পাব্লিসিটি অফিসার হন। কেনন সেখানে একটা প্রতিবাদ করার সুযোগ সুবিধা থাকবে। খারাপ কেস উকিল মহাশয়েরা যেমন রাতদিন পড়ে ডিফেণ্ড করেন তেমন তিনিও হোপলেস কেস ডিফেণ্ড করেছেন তার ভাষণে। তিনি দেখতে গেলেন ফেব্রুয়ারী মাসে একদিন যেদিনকে চালের দাম গত বছরের চেয়ে কম ছিল কিম্বা আমি ষ্টেটসম্যান কাগজ থেকে দেখাচ্ছি যে ক্যালকাটায় ১০ই থেকে ১৭ই ফেব্রুয়ারী পর্যন্ত চালের দাম কেমন বেড়েছে—In Calcutta the average price rose from Rs. 24·40 nP. on February 10 to Rs. 24·80 nP. on February 17 against Rs. 21·60 nP. on February 18 last year.

যেখানে এত চড়া দাম হচ্ছে সেখানে তিনি দেখিয়ে দিলেন কেমন কম দামে চাল বিক্রী

হয়েছে তাহলে এর চেয়ে বড় ডিফেনস কাষ্টমসের কাজ আর কি হতে পারে? আমি জিজ্ঞাস করি তিনি কি কংগ্রেস সরকারের জয়ঢাকের কাজ করছেন? আমরা মাননীয়া রাজ্যপালিকা কাছ থেকে দেশের প্রকৃত তথ্য আশাকরি, আমার বক্তব্য বিষয় হচ্ছে সরকারী হাসপাতালগুলি সম্বন্ধে—কেন না মানুষ বেঁচে থাকলে তো তারপরে শিক্ষা খাদ্য প্রভৃতির কথা উঠবে।

[11-40—11-50 a. m.]

যেখানে খাদ্যসম্বন্ধে এরকম দুরবস্থা সেখানে আজকে ভারতের কেন্দ্রীয় খাদ্য মন্ত্রী একথা বলছে যে কোন state আজকে কৃষি সম্বন্ধে মনোযোগ দেয় না, সেজন্য কৃষির কোন উন্নতি হয় নাক তাহলে খাদ্যের অভাব পূরণের জন্য আন্তরিক চেষ্টা কোন প্রাদেশিক সরকারের নাই। কার আমরা জানি ব্যারাকপুর সাব ডিভিসনে —যেখানে সবচেয়ে বেশী মিল area থাকে Industr Nerve Centre বলা যেতে পারে। সেখানে তো খাদ্য দ্রব্যের অভাব ঘটবেই। কিন্তু সে খাদ্যদ্রব্যের ঘাটতি পূরণ করে স্বয়ংস্পূর্ণতায় পৌছান যেত —যদি বাড়তি বিল বলে যে বিলট আছে সেটার সংস্কার করা যেত। কিন্তু এ সম্বন্ধে বললে তাঁরা বলেন টাকা নাই। তাহলে খাদ্য বাড়বে কি করে, তারপরে Population Control করার কথা বলেন। ১৯৫৩ সালে worl family planning Conference, Stockholmএ ভারতীয় একমাত্র প্রতিনিধি মিসেস রামরা গিয়ে বললেন যে ভারতবর্ষে একটা ঔষধ বেরিয়েছে এতবড় Contraceptive যে কেউ কল্পনা ক করতেও পারেনা, তার নাম হচ্ছে, ourfrsike ? এটা unsuccessful হবেনা। যে কেমিক্যা কোম্পানী এটা তৈরী করে তাদের বাংলা সরকার বললেন যে—তারা সব কিনে নেবে, দু বছ তারা আর কোন কিছু উৎপন্ন করতে পারবে না। বলে সেসব কিনলেন না তারাও সে সব তৈরী বন্ধ করে দিলেন তাহলে family planning কে কি রকম সাহায্য করেন সরকার দেখুন তাহলে বুঝা যাচ্ছে papulation কমাবার ইচ্ছা সরকারের নাই এ সম্বন্ধে উন্নতি করার সরকারের সদিচ্ছা নাই। আজকে কাগজের Report দেখছি বড় বড় অক্ষরে ছাপা হয়েছে Statesman এ Can you assure us why 1943 will not be repeated ?

এত বড় দুর্ভিক্ষের পদধ্বনির কথা কারা বলেছে? senior Congress workers দের সঙ্গে Consult করেই একথা বলছেন। তারা বলেছেন ২৪ পরগণার দক্ষিণ অঞ্চলে যেখানে সবচেয়ে বেশী চাল উৎপন্ন হয় সেখানে কলকাতার যারা ব্যবসায়ী চালকলের মালিক তারা টাকা দাদন দিয়ে সমস্ত চাল কিনে নিচ্ছে এবং কিনে নিয়ে সে চাল কলকাতা সহরে এনে godownএ বন্দী করে রাখছে। এই তো অবস্থা। আজকে নদীয়া জেলার কি অবস্থা। যারা Landless তাদের ঘরবাড়ী বিক্রী হয়ে যাচ্ছে এবং যারা গৃহহীন শ্রমিক তাদের সঙ্গে একই অবস্থায় গিয়ে দাঁড়াচ্ছে এই হল আজকের বাস্তব চিত্র। এটা খবরের কাগজে বড় ব অক্ষরে বেরিয়েছে। হয়ত তারাও দেখেছেন। না দেখার কারণ নাই। এই যে কাগজ এটা স্বাধীনতা নয় এটা Statesman। সুতরাং আজকে যে অবস্থা হয়েছে নদীয়ার প্রবীন কংগ্রেস নেতারা কি বলছেন সেটা দেখুন। তারা বলছেন চালের অভাব ঘটেছে কালন কাটোয়ায়,......

কাটোয়া কাল্না প্রভৃতি চালের বাজারে প্রতিদিন মণ প্রতি এক টাকা করে চালের দাম বেড়ে চলেছে—। কেন বেড়ে চলেছে, এখানে যখন বলছেন চাল আছে! তার কারণ হচ্ছে জমিদারী প্রথা যখন রদ হয়ে গেল তারপরে এখানে একটি ক্ষুদ্র money—lender এর দল উৎপন্ন হল। তারা করছে—কি কৃষকদের যে অর্থের প্রয়োজন চাষ করতে গেলে, সেই প্রয়োজন মত অর্থ নেই। সুতরাং তাদের হাত পাততে হচ্ছে তাদের কাছে। সরকার যে Co-Operative-quasi-co-operative ব্যবস্থা করেছেন সেখান থেকে আমরা শতকরা ১৪ ভাগ টাকা পাই, বাকী যেটা রইলো ৮৫ ভাগ তারজন্য হাত পাততে হচ্ছে এই সমস্ত দাদন দার money-lenders দের কাছে। সুতরাং তাঁরা বলছেন চাল যখন উৎপন্ন হবে, তখন তোমাদের

কাছে থেকে টাকা নেবো না, ধান দিয়ে সেই টাকা শোধ করতে হবে। এই করে তাঁরা ধান নিয়ে গিয়ে গোলা বোঝাই করছেন এবং দাম চড়িয়ে দিচ্ছেন। সরকারের farmersদের কাছ থেকে এক দানাও কিনতে পারছেন না। তাঁরা এই সমস্ত farmers, money-lenders ও stockistsদের কাছ থেকে কিনছেন। কখনও চাষীর ঘরে চাল নেই—সমস্ত চাল ঋণদাতারা তাদের কাছ থেকে নিয়ে এসে গুদাম ভর্ত্তি করে রেখেছেন।

তারপর গভর্ণমেণ্টের agricultural statistics যখন প্রথম বললেন নদীয়া জেলায় বন্যার ফলে শতকরা ৯৮ ভাগ ধান উৎপন্ন হয়েছে কিন্তু চাল শেষ হয়ে গেল। তাহলে বন্যাটা magic নাকি? চাল চলে গেল, ধান ঠিক রইলো? গতবার তাদের statistics এর উপর নির্ভর করে সরকার নানারকম ঘোষণা করলেন। তারপর অফিসারদের দল, তাঁরা বললেন না, ঐটা ঠিক নয়। শতকরা ৬০ ভাগ হয়েছে শতকরা ১৮ ভাগ নয়। তখন সরকার বলেছেন যে ধান হয়েছে—সেই ধান ভেঙ্গে দেখা যাচ্ছে পুরুষ্ট হয়নি। সেইজন্য সেই ধানের চাল আমাদের লোকের পছন্দ হচ্ছে না। আর একটা কথা যে সমস্ত জেলার অংশে বেশী ধান উৎপন্ন হয়েছে, সেই সমস্ত জেলাই বেশী পীড়িত হয়েছে, এবং তারই জন্য চালের এত ঘাটতি ঘটেছে। তাঁরা এই সমস্ত কথা বলেছেন, কিন্তু যে সমস্ত ক্ষুদে ঋণদাতার দল উদ্ভব হয়েছে, সে খবর দিচ্ছেন না; বড় বড় ব্যাপারী যারা চাল কিনে নিয়ে চলে আসছে তাদের খবর দিচ্ছেন না। Statesman এর Reporter চোখে দেখে এসেছেন তারা লরী লরী করে চাল নিয়ে আসছে—এবং সেটা খবরের কাগজে ছেপে বেরিয়েছে। দেখা যাচ্ছে উড়িষ্যা থেকে যত চাল এসেছিল তা হচ্ছে একলক্ষ টন, তার মধ্যে ওরা বললেন আমরা পেয়েছি মাত্র ৪৫ হাজার টন, আর বাকী ৫৫ হাজার টন চাল কোথায় গেল, তার পাত্তা এ পর্য্যন্ত পাওয়া গেল না। সব দেখে শুনে আমার মনে হচ্ছে খাদ্য মন্ত্রী মহাশয় উড়িষ্যায় ছুটে গেলেন mill owners, traders দের জন্য ওকালতির করতে। তারা চাল আমদানী, রপ্তানীর অনুমতি যাতে পেতে পারে, সরকার এই ধরণের কাজ করছেন। যাঁরা mill owners তারা দেশের সর্ব্বনাশ করছেন, তাঁদেরই স্বার্থের জন্য এঁরা ওকালতি করছেন। সুতরাং দেখাযাচ্ছে তাঁরা সত্যি সত্যি খাদ্য সমস্যা সমাধান করতে চান না। মানুষের এই অভাবে তার শেষ অবস্থা হোল রোগ এবং তার জন্য হাসপাতালের দরকার। সেই জন্য এই হাসপাতাল সম্পর্কে আমি আলোচনা করতে চাই। কলিকাতা এবং মফঃস্বলের সরকারী হাসপাতাল দেখে আমি অনেক অভিজ্ঞতা সঞ্চয় করেছি। সেখানে গিয়ে দেখলাম কলকতার যে হাসপাতাল সেখানে রোগীদের ভীষণ ভীড়। সরকার এই ভীড় কমাবার জন্য নানারকম প্রয়াস করেছেন, তারমধ্যে State Insurance scheme district townএ করেছেন।

[11-50—12 noon.]

আমার বাড়ীর কাছে চুঁচুড়া হাসপাতালের কথা একটু বলি। সেই হাসপাতাল হয়েছে এমন জায়গায় যে সেখানেতে বর্ষাকালে জল জমে, অথচ জল নিকাশের কোন ব্যবস্থা নাই। সমস্ত হাসপাতাল জলে বর্ষার সময় প্লাবিত হয়ে যায়। তার চারিপাশে কোন ড্রেন নাই। সরকার যে বিল্ডিং করেছেন, যে কনট্রাক্টর সেটা করেছেন, তার কথা আমি মুখ্যমন্ত্রীর কাছে বলেছিলাম যে এমন বিল্ডিং হয়েছে যে এক বছর যেতে না যেতে সমস্ত ফেটে গেল। সেখানকার লোকেরা বলেছেন যে এখানে মোটর লরী লরী সিমেণ্ট এসে পৌছাল কিন্তু তার পরদিন দেখা গেল সেখানে একবিন্দুও সিমেণ্ট নাই, তার জায়গায় শুধু মাটীর ঢিবি পড়ে রয়েছে. এইরকম অবস্থায় সেই হাসপাতাল তৈরী হয়েছে। আমি challenge করে বলতে পারি—সেখানে সিমেণ্ট আদৌ ছিল না। সেখানে যদি সিমেণ্ট একফোঁটাও পাওয়া যায় তবে যে টাকা সরকার অর্থদণ্ড করবেন আমরা তা দিতে প্রস্তুত আছি। তার ফলটা কি হয়েছে? হাসপাতালের Surgical Male Wardএর উপর Female Ward. সেখান থেকে যদি জল ঢালা যায়, তাহলে সেই Female Ward এর তলায় ছাতি বা বালতি ধরতে হয়; ঝর ঝর করে জল পড়তে থাকে এমন অবস্থা হয়েছে।

সেই হাসপাতালে লোকের ভীড় কেমন হয়? সকালবেলায় ভীড় যথেষ্ট হয়। একজন মাত্র ডাক্তার আছেন, তাঁকে Emergencyতে বসতে হয়—Surgical Operation করতে হয়। মানুষ তো আর ভগবান নয়। তাকে তিন-চারশো রোগী দেখতে হবে, তাদের সম্বন্ধে ব্যবস্থা করতে হয়, operation করতে হবে—সেই দুপুর থেকে বিকাল চারটা পাঁচটা পর্যন্ত এইরকম দিনের পর দিন চলেছে।

অপারেশন থিয়েটারের মধ্যে গিয়ে দেখি—কি ব্যাপার। Anaesthesia দেবার লোক নাই। এক হাতে সব করতে হবে, ড্রেসারের কাজও করতে হবে। এমনই হাসপাতাল করা হয়েছে। একটা হাসপাতাল করতে গেলে যে সব ব্যবস্থা থাকা প্রয়োজন, তার কোন ব্যবস্থা সেখানে নাই।

তারপর রোগীর খাদ্য কিরকম? কলকাতার হাসপাতালে প্রতিদিন প্রত্যেক রোগীর জন্য মাথাপিছু আড়াই টাকার খাদ্যের ব্যবস্থা আছে। আর মফঃস্বলের রোগী কি কম খায় না খেতে চায় না! সেখানে মাথাপিছু বরাদ্দ আছে একটাকা মাত্র। এইরকম যে discirmination রয়েছে মফঃস্বল ও কলকাতার হাসপাতালে,—সেটা থাকা উচিত নয়। চুঁচুড়া হাসপাতালে যে ঔষধ কেনা হচ্ছে তার বেশীরভাগ হচ্ছে দে-কোম্পানীর কাছ থেকে। কেন, অন্য ব্যবস্থা কি নাই? দে-কোম্পানী নিজেরা তো ওষুধ তৈরী করে না, তারা manufacturer ও নয়, তারা importer. তারা কেন এইরকম ব্যাপকভাবে ওষুধ সরবরাহ করবার অধিকার পেয়েছে? ব্যাপার কি বুঝতে পারলাম না।

তারপর Medicine, যে ওষুধ যেখানে দেওয়া হচ্ছে তাতে কাজ হয় না, রোগ সারে না। আমার এক নিকটতম আত্মীয় সেই হাসপাতালে একবার ছিলেন, হাসপাতালের ওষুধে কাজ না হওয়ায় বাইরে থেকে foreign make ওষুধ কিনে দিলে পর ফল পেলাম। এই তো ব্যবস্থা। সেখানে ভাল ওষুধ কেনা হয় না কেন? এইরকম ভাবে যদি হাসপাতাল চলে, তাহলে লোকে মফঃস্বল হাসপাতালে যাবে কেন? তারা সুযোগ সুবিধা পেলে কলকাতায় চলে আসবে। কলকাতার ভীড় তাহলে আপনারা কমাবেন কি করে? আজকে আমরা দেখতে পাই—হাসপাতালগুলিতে যতগুলি ডাক্তার দরকার, সেইমত ডাক্তার থাকেনা। Eye Departmentএ দেখলাম—সেখানে ৩।৪ মাস যাবত কোন ডাক্তার নাই। কোন জায়গায় Eye specialist আছে তো, সেখানে surgeon নাই। এটা অবশ্য শ্রীরামপুর হাসপাতালের কথা। একজন ডাক্তারকে জুতা সেলাই থেকে চণ্ডীপাঠ পর্যন্ত করতে হবে। এই যদি ব্যবস্থা হয়, তাহলে আজকের দিনে Specialistদের দরকার হয়েছে কেন?

আর একটা ভয়াবহ জিনিষ দেখতে পাচ্ছি যে একই জায়গায় সাধারণ রোগীর সঙ্গে T. B. রোগী রাখা হয়েছে। এই বিষয় আমি মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে এটা কেন হয়। তিনি প্রথমে অস্বীকার করেছিলেন। তখন আমি তাঁকে বললাম যে আমি আপনার সঙ্গে সেখানে যেতে চাই না আপনি নিজে গিয়ে দেখে satisfied হয়ে আসুন তারপর বলবেন, তারপর তিনি স্বীকার করেছিলেন যে সেখানে ঐভাবে রোগী রাখা হয়েছে এবং বলেছিলেন যে, যত শীঘ্র সম্ভব তাদের সরিয়ে নেওয়া হবে। কিন্তু আজ পর্য্যন্ত তাদের সরান হয় নি, আমি দেখেছি যে এখনও হাসপাতালের Corridorএ T. B. রোগী রাখা হয়েছে। এর ফলে যেসমস্ত Nurse তাদের খাওয়াচ্চে, সেই একই পাত্রে তারা আবার সাধারণ রোগীকেও খাওয়াচ্চে। এইভাবে যদি চলে তাহলে সারা দেশময় T. B. রোগী ছড়িয়ে পড়বে। এইসব হাসপাতালে সামান্য রোগ সারাতে গিয়ে লোকে T. B. রোগ নিয়ে আসে। এবং আত্মীয় স্বজন যারা তাদের দেখতে যায় তারাও এই রোগের দ্বারা সংক্রামিত হয়ে পড়ে। যে সমস্ত Nurse এদের সেবা করে তাদেরও এ রোগের দ্বারা ধীরে ধীরে আক্রান্ত হতে হয়। আমি জানি সেখানে অনেকগুলি মেথর মারা গিয়েছে এই T. B. রোগী সেবা করবার জন্য। এর জন্য দায়ী কে? এদের Compensatian দেবার জন্য সরকার কি প্রস্তুত আছেন? সেখানে T. B.Ward খোলার কথা

আছে কিন্তু আজ পর্য্যন্ত তার কোন লক্ষণ দেখছি না। সুতরাং আজকে যে অবস্থা এসে পৌচেছে তাতে বাস্তব থেকে অনেক দূরের ছবি আঁকা হয়েছে। এই জন্য বলছি যে অর্দ্ধসত্য কথা না বলে—হয় সত্যকথা বলুন, না হয় মিথ্যা বলুন—এই অর্দ্ধ সত্য কথা বলা পরিহার করুন, মাঝখানে থাকলে চলবেনা।

Shri Ram Lagan Singh :

अध्यक्ष महोदय,

राज्यपाल महोदया ने इस सदन में अपना जो भाषण दिया है, इस भाषण के संबंध में जो एक धन्यवाद प्रस्ताव इस सदनके सामने प्रस्तुत किया गया है, मैं इस प्रस्ताव का हृदय से समर्थन करता हूँ। सदन के भीतर दोनों पक्षों के सदस्योंनेंमेंसे कोईभी इस भाषण के सिलसिले में इस बातको स्वीकार नही करता, न तो सरकारी पक्षके सदस्य और नतो विरोधी पार्टी के ही सदस्य कि राज्यपाल महोदयाने अपने भाषण में हमारे प्रदेश की सभी समस्याओं का सुलझाव दिखाया है। और यह होभीनहों ही सकता है। राज्यपाल महोदया ने अपने भाषण में केवल राज्य को समस्याओं का संकेत ही किया है। समस्याओं का केवल रेखा चि‍त्रिन खींच कर हमारे सामने रखा है। उन्होंने सरकार को किन-किन परिस्थितियों से गुजरना पड़ रहा है, इसका संस्मरण अपने भाषण में कराया है कि सरकारने कौन कौन से साधन-सुविधा प्रस्तुत किये हैं और हमें कितनी दूर तक बढ़ना है और क्या-क्या करना है, इसका संकेत मात्र दिया है। अगर सरकारी पक्ष यह समझे कि राज्यपाल महोदयाने अपने भाषण में हमारी सारी समस्याओं के समाधान का हल दे दिया है तो ऐसा नहीं है। और अगर विरोधी पक्षके भाई यह समझें कि राज्यपाल महोदयाने अपने भाषण में उन समस्यालोंका विश्लेषण किया है, जो पूर्ण नहीं हैं और अधूरे हैं, उन्होंने कुछ नहीं उल्लेख किया है, तो ये भी गलत है।

समस्याओं का पूर्ण विश्लेषण हो नहीं सकता हैं। आज हमारा देश और प्रदेश निर्माण काल से गुजर रहा है। निर्माण काल में अनेक समस्यायें निकलती हैं। एक समस्या का हल निकलता है, तो दूसरी समस्या खड़ी हो जाती है। दूसरी समस्या उलझ जाती है। ऐसे समस्यायें बढ़ती ही जाती हैं। देश के निर्माणकाल में समस्याओं का होना स्वाभाविक हैं। राज्यपाल महोदयाने अपने भाषण में केवल इतना ही संकेत किया हैं। उन्होंने जनता की सहानुभूति और सहयोग के साथ हमारे प्रदेश की समस्ताओं का हल बताया हैं।

आज हमारे सामने सबसे बड़ी समस्या खाद्य-समस्या है। कुछ विरोधी भाइयों का ख्याल हैं कि खाद्य-समस्या ने सरकारी नीति के कारण सरकारी पक्ष को लाभ होता है, या सरकारी पक्ष को नुकशान होता है। ऐसी बात नहीं है। खाद्य-समस्याकी जो नीति है— उत्पादन और वितरण, उससे जन-साधारण को समान रूप से खाद्य नहीं

मिलता है। मैं सरकारी पक्ष का हुँ। खाद्य-समस्या की कठिनाइयोंको समझता हुँ। आज खाद्य-सामग्री महँगी हो गयी है। मुझे भी बाजार जाना पड़ता है। जिन्सपत्र बाजार से खरीदना पड़ता है। मुझे भी फेमिली बजट का ध्यान रखना पड़ता है। सरकारी नीति के कारण आज दाम बढ़ता ही जा रहा है। मैं सरकार से अनुरोध करूँगा कि बाजार के बढ़ते हुए दाम को वह रोके। तरह तरह के बढ़ते हुए होर्डिंग और प्राफिटियरिंग को वह रोके। खाद्य-समस्या का समाधान बहुत जल्दहोना चाहिए क्योंकि आज १२ वर्षों के बाद भी यह समस्या बड़ी जटिल रूपमें हमारे सामने बनी हुई है।

हमारे सामने बेकार समस्या भी कम नहीं है। इस संबंध में बड़े बड़े विशारद और जानकार लोग बतायेंगे बहुत से लोगों ने इस संबंध में अपने विचार भी प्रगटकिए हैं। मुझे सबसे बड़ा अश्चर्य तो परसों के उस भाषण को सुनकर हुआ, जो हमारे एक माननीय सदस्य ने बेकारी-समस्या के समाधान के हल निकालने के लिए यहाँ तक कटडाला कि सरकार नान-बंगलियों का पोषण करती है। नान-बंगालियों की अपेक्षा बंगालियों को कम सुविधा देती है। बंगालियों का कुछ भी ख्याल नहीं करती है। सरकार गैर बंगाली पक्ष पर कम टेक्स लगाती है और बंगालियों पर अधिक टेक्स लगाती है। सरकारने बंगाल में नान-बंगालियों को अधिक प्रश्रय दिया है। वे बंगला में बोल रहे थे। बंगालमें रहने कारण में बंगला अच्छी तरह से समझता हूँ। अतएव उनकी बातें सुनकर मुझे बड़ा दुख हुआ। मैं उनकी बातों से सहमत नहीं हूँ। उन्होंने अपने भाषण में यहाँ तक कहा कि बंगालियों के खाने की सामग्री (स्वीट आफ कन्फेक्शनरी) मिठाई आदि पर सरकार ने टेक्स लगा दिया है। उनका कहना है कि बंगालियों के खाने की वस्तु सन्देश, रसगुल्ला और रटी पर टेक्स लगा दिया है; किन्तु नान बंगालियों के खाने की चीज जो लड्डू है, उस पर टेक्सस नहीं लगाया गया है। मुझे आश्चर्य हुआ कि आज हमारी दलीलें इस स्तर पर उतर आई है। इस प्रकार की दलीलों से बेकारी समस्या का समाधान नहीं होगा। समस्यायें सुलझने के बजाय और भी उलझती जायंगी। हमें बेकारी समस्या का हल ढूढ़ निकालना है। आज हमारे पढ़े-लिखे लड़के-लड़कियाँ बेकार हैं। उनके लिए हमें रास्ता खोजना होगा। उनकी बेकारी दूर करनी होगी। बेकारी-समस्या के बारे में बराबर सुनता आया हूँ। परन्तु कोई ठोस समाधान नहीं सुनता हूँ। मुझे असेम्बली का काफ्मी दिनों से अनुभव है। कटरसेभी मेरा काफ्मी संबंध है, अनुमन है। परन्तु यहाँ जो बंगाली-नान बंगाली का प्रश्न उठाया गया है, वह ठीक नहीं है। यह कहना कि बंगाल का शोषण नान-बंगाली कर रहे हैं बिलकुल ही अनुचित है। बंगाल में बंगाली और नान बंगाली का प्रश्न उठाना ठीक नहीं है। ये सब निम्न स्तर का प्रश्न हैं। ऐसे प्रश्न

पेपर में निकल जाँयगे सदन की गैलरी में पहुँच जाँयगे परन्तु कोई लाभ नहीं होगा। आज बंगाली नान-बंगाली का प्रश्न उठाना, पश्चिम बंगाल पूर्वी बंगाल का प्रश्न उठाना, नदिया, मुर्शिदाबाद, चौबिस परगनाका प्रश्न उठाना या वर्णाश्रम के अनुसार ब्राह्मण, क्षत्री, वैश्य ओर शोषके प्रश्न उठानेसे किसी समस्या का हल नहीं हो सकता। वल्कि समस्यायें और भी जटिल होती जाँयगी। उलझती जायँगी। ये सब एन्टी सोसल एलीमेन्ट हैं। इससे कटुतापैदा होती है। समस्याओं का हल नहीं होता है। हमें बंगाली-नान बंगाली के प्रश्न को भूलाकर इस प्रदेश को सम्बृद्धिशाली बनाने की चेष्टा करनी होगी। हमें आपस के मनमुटाव को दूर करना चाहिए। बहुत दुख की बात है कि असेम्बली के एक माननीय सदस्य ने बेकारी समस्या का हल करने का रास्ता इस प्रकार का बताया। इससे बेकारी का हल नहीं होगा। हमें ऐसा भाषण नहीं करना चाहिए, जिसका असर बाहर पड़े। हमें बेकारी, शिक्षा और स्वास्थ आदि का समाधान करना होगा।

हमारे प्रदेश के शिक्षा के संबंध में, स्वास्थ के संबंधमें और भी दूसरी समस्याओं के संबंध में उल्लेख राज्यपाल महोदया के भाषण में है। नान बंगाली जो पश्चिम बंगाल में हैं, वे बहुत दिनों से हैं। ये बर्षों का सिलसिला हैं। वे बंगाल में पलते हैं, खाते हैं, रहते हैं। वे बंगाल को बढ़ाना चाहते हैं, संगठित करना चाहते हैं। अतएव बंगाली-नान बंगाली का प्रश्न उठाना बिलकुल ही हितकर नहीं है। यह देश और प्रदेश के लिए अमंगल हैं। देश आगे नहीं बढ़ सकता है। हमें अपने देश का निर्माण करना है। बहुत से लोग तर्क करते हैं कि राज्यपाल महोदया ने अपने भाषण में सारी समस्याओं का हल क्यों नहीं निकाला? आखिर भाषण तो भाषण ही है। भाषण से समस्याओं का हल नहीं निकलता। प्रतिवर्ष राज्यपाल महोदया का भाषण हमारे सामने होता है। मंत्री महोदय का भाषण सुनने को मिलता है। राज्यपालके भाषण पर बिरोधी पक्ष में और सरकारी पक्ष से काफी बाद-बिवाद होते हैं। परन्तु इससे होता क्या है? समस्याओंका हल यह होना चाहिए कि सचाई के साथ योजनाओं पर बिश्वास करते हुए देश के निर्माण में एक साथ होकर हाथ बटावें। हमारे सामने बड़ी जटिल समस्याएँ हैं। उनका समाधान खोज निकालना होगा।

आज हमारे सामने रीफयजी समस्या है। बार-बार बिस्थापितों का शरणार्थियों का प्रश्न उठाया जाता है। अगर रीफ्यूजी समस्या को लेकर यह प्रश्न उठाया जाय कि बंगाल का विभाजन क्यों हुआ? इसकेलिए कांग्रेसही दायी है। तो इस समस्या का हल यह नहीं है। मैं तो कहूगा कि ऐसा कहकर घाव को और भी कूरेदना है॥ जैसे नासूर को बार-बार घसने से और भी वह बढ़ता ही जाता है, घाव भरता नहीं है। उसी प्रकार रीफयजी समस्या को बार-बार उठाकर उसे जीवित किया जाता है। रीफ्यूजी

समस्या को पार्टी समस्या नहीं बनाना चाहिए। हमें दुख है कि हमारे लाखों भाइयों को घर छोड़कर, अपना देश छोड़कर यहाँ आनापड़ा। उनकेलिए लाखों रूपया खर्च किया जा रहा है। उनके साथ हमारी पूरी सहानूभूति है। Refugee is after all refugee. उनकी समस्या का हमें हल करना है। उनके खाने की और रहने की जिम्मेदारी हमारे उपर है। पश्चिम बंगाल में जहाँ खाली भूमि है, उनको बसाया गया है। अगर यहाँ भूमि नहीं हैं तो बाहर कहीं न कहीं बसाना ही होगा। जिनको भूमि नहीं मिलो है, उन्हीं को बसाने के लिए दण्डकारण्य, बिहार आदि राज्यों में बसाने की परिकल्पना की गई हैं। बंगाली जाति एडभेन्चरस जाति है। वे डरते नहीं है। मैं जानता हूँ कि जहाँ कहीं भी जाँयगे उन्नति करेंगे। बंगाली जाति जीवित जाति है। रीफ्यूजी प्रश्न आज मानवता का प्रश्न है। इसको दल-दल में न डालकर इसपर सहानुभूति के साथ विचार करना होगा। बार-बार खोंच लगाने की मनोवृत्तिको रोकना चाहिए। उनको जहाँ-तहाँ भेजना चाहिए। उनको मेन्टलरिहैबिलेशन करना है। मनोवैज्ञानिक तरीके से बसानो चाहिए। इसकेलिए किसीको दोष देना ठीक नहीं है। रिफ्यूजी समस्याको सुलझाना है जो हमारे सामने आज बहुत बिकट समस्या है। इसका अन्त करना होगा।

हमें अपने देश के निर्माण की तरफ तेजी से बढ़ना चाहिए। इसमें आपका पूर्ण सहयोग होना चाहिए। यह न समझें कि मैं श्रबण दे रहा हूँ। मैं परिस्थितियों का अवलोकन करता हूँ। एक दूसरे पर छींटाकसी करनेसे, गाली देनेसे और यह कहने से कि सरकार किसी खास नीति से काम करती है, उसका किसी खास संघ से सम्पर्क है, तो कोई काम नहीं सुलझता है। सरकार हमारे और आपकेलिए काम करती है। सरकार की हर नीति की आलोचना की जाती है। बच्चों के शिक्षा-दीक्षा का प्रश्न उठाया जाता है। लेकिन शिक्षा नीति अच्छी होगी तो हमारे-आपके सभी के बच्चे पढ़ेंगे। उनका कल्याण होगा उनका भला होगा। अगर खाद्य समस्या का हल हो जायगा तो, हमारी आपकी समस्यायें हल हो जायँगी। इसलिए समस्याओं का हल निकालने का तरीका यह है कि हमें आपको इसपर दृढ़ता के साथ और पूरे कोआपरेशन के साथ विचार करना होगा, तभी किसी समस्या का हल होगा।

राज्यपाल महोदयाका भाषण प्रतिवर्ष इस सदन के भीतर होता रहेगा। इस पर समय भी वर्बाद होगा। वाद-विवाद और वक्तृतायें होंगी, किन्तु इसके प्रतिवाद और वक्तृता से किसी समस्या का हल नहीं निकलेगा। समस्याओं का हल निकालने केलिए सरकारी पक्ष को और गैर सरकारी पक्ष को विचार करना होगा। देश के निर्माण की सारी जिम्मेदारी केवल सरकारपर ही नहीं है। जनसाधारण के सहयोग की जरूरत है। असन्तोष की तरफ ध्यान देना होगा कि ये असन्तोष क्यों है? आखिर ये

असन्तोष क्यों हो रहा है? कुछ मेजारिटी में हैं आर कुछ माइनारिटी में हैं इससे शासन नहीं चल सकता है। इसमें सबके सहयोग की जरूरत है। मै सदनके सदस्यों से आपील करूंगा कि वे कम से कम समस्याओं के हल के लिए विषाद पूर्ण स्थिति न पैदा करें। अगर ये बाहर जायँगी, दूसरे देशोंमें जायँगी तो लोगों की दृष्टि इसपर पड़ेगी और तब कटुता और संघर्ष पैदा होगी। और आपकी समस्यामें सुलझने के बजाय और भी उलझती ही जायँगी। अगर आप कुछ कहेंगे तो उसका असर दूसरे प्रान्तों पर भी पड़ेगा। दूसरे प्रान्त वाले कुछ कहेंगे तो उसका असर यहाँऔर होगा। समस्या का हल नहीं होगा। वल्कि और भी उलझ जायगी। हमें आपको पूरे मनोबेग के साथ अपने सुझावके साथ देश को सुखी और सम्नृद्धशाली बनाना है। कल्याणकारी राज्य की स्थापना करनी है। इन चन्द शब्दों के साथ, राजयपाल महोदया के भाषण पर जो धन्यवाद प्रस्ताव सदनके सामने उपस्थित किया गया है, उसका मैं समर्थन करता हूँ।

[12-10—12-20 p m]

Shri Syed Shahedullah: माननीय অধ্যক্ষমহাশয়, রাজ্যপালের ভাষণে যে সব অনুল্লেখ আছে তার সম্বন্ধে ২।১টি জিনিষ উল্লেখ করতে চাই। রাজ্যপালের ভাষণে বন্যার সময় এর পরে বিভিন্ন জায়গার উদ্ধার কার্য্য সম্বন্ধে বলা হয়েছে। এ বিষয় আমরা আগে উল্লেখ করেছিলাম, কিন্তু আজ পর্য্যন্ত সে সম্বন্ধে কোন উত্তর পেলাম না। ১লা অক্টোবর তারিখে প্রথম বান হয়নি, সেপ্টেম্বর মাসে দ্বিতীয় সপ্তাহ থেকে বান শুরু হয়েছিল। এই বানে অবস্থা অত্যন্ত শোচনীয় হয়েছিল। যদিও এ অবস্থা সম্পর্কে সব অংশের সংবাদ সংবাদ পত্রে বিশেষ ভাবে প্রকাশিত হয়নি, কিন্তু আমি যে জায়গার উল্লেখ করছি সেই জায়গার সংবাদ তখন সংবাদ পত্রে প্রকাশিত হয়েছিল। ঘুসখরা অঞ্চল পঞ্চায়েতের প্রধান ১২ই সেপ্টেম্বর তারিখে জেলা মেজিষ্ট্রেট, মুখ্যমন্ত্রী এবং সেচ মন্ত্রীকে লিখিযে যে কোন রকমে বোটের ব্যবস্থা করা হোক যাতে এই সমস্ত মানুষকে উদ্ধার করা যায়। কিন্তু ১লা অক্টোবরের আগে এই বোট গিয়ে পৌছায়। ১৯৫৬সালে এই বোট পাওয়া যায়নি এবং যেন শেষকালে পার্লামেন্টের মেম্বার আবদুল রেজাক খাঁ মিলিটারী অথরিটিকে ফোন করে বোটের ব্যবস্থা করেন। আমি অনুরোধ করেছিলাম কাঁথি, ঘুসখরা ইত্যাদি অঞ্চলে বোট রাখার প্রয়োজনীয়তা আছে, কিন্তু সে সম্বন্ধে উল্লেখ পর্য্যন্ত করা হয়নি। এখন অবস্থা কি এবার দেখুন। অজয় এলাকায় যদি দেখেন তাহলে দেখবেন যে সেখানে অন্তত ৫টা বড় ব্রীচ হয়ে বসে আছে। এর মধ্যে ফতেপুরে একটা বড় ব্রীচ হয়েছে। অজয় নদীকে বর্দ্ধমান জেলার একটা মোটা অংশ দিয়ে বেরিয়ে নিয়ে যাবার ব্যবস্থা হচ্ছে। এই ব্রীচের মধ্য দিয়ে এমন ভাবে জল প্রবাহিত হচ্ছে যে নদীতে সামান্য স্রোত বৃদ্ধি হলেই জল প্রবাহিত হয়। ১৯৪৬সালে দেখা গিয়েছিল যে রসুলপুর চৌশালের মধ্য দিয়া দামোদরের জল জি. টি. রোডকে বন্ধ করে ছিল। ফাল্গুন মাস হল অথচ সেখানে আজ পর্য্যন্ত কোন বাঁধ সংস্কারের কোন প্ল্যান হয়নি আমি এইকথা বলছি না যে সামগ্রিক ভাবে বন্যা নিরোধের পরিকল্পনা করুন। এও যদি বলি তাহলে মন্ত্রীমহাশয় বলবেন এখন সেসব তদন্ত হওয়ার জন্য বিচার সাপেক্ষ রয়েছে এবং তাদের অনুমোদনের জন্য আমরা অনেক করছি। কিন্তু যেসব স্থায়ী ব্যবস্থা ছিল গত বন্যার পরেও সে সব ধ্বংস হয়ে গেছে। শুধু বান নয় অজয়ে সামান্য জল হলেই সেখানে বন্যার আশঙ্কা রয়েছে। কিন্তু সেসব জায়গায় কোন রকম ব্যবস্থা করতে দেখছি না। এই যে

বিরাট এলাকা প্লাবিত হল এবং একজন মন্ত্রীমহাশয়ের কনষ্টিটুয়েন্সি প্লাবিত হল, অথচ সেখানকার লোকের অবস্থা একই রকম। গতবার অজয়ের বন্যা সম্বন্ধে আলোচনার সময় মন্ত্রীমহাশয় একই যে কথা বলেছিলেন সেই কথার উপর আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। তিনি বলেছিলেন অজয়কে আমরা বাঁধ দিয়ে দামোদরে তার জল নিয়ে যাব। তাঁর শেষ কথা বলে আর উত্তর দেওয়া যায় না। আমি তাঁকে ব্যাখ্যা করে দিয়েছিলাম, কিন্তু তিনি সেই ব্যাখ্যার উত্তর ভাল করে তখন করলেন না। কোনার কমিটি রিপোর্টে এইকথা বলা হয়েছে যে অজয় এলাকা বন্যা নিরোধের জন্য নয়—বিহার এবং পশ্চিমবাংলার এক প্রান্তে যেখানে শিল্পাঞ্চল খাল রয়েছে সেই অঞ্চলে জলের জন্য তাঁরা এটা অনুমোদন করেছেন। শহরের সমস্ত জল নিয়ে যদি এখানে তৈরি করা যায় তবে হয়ত জলের ব্যবহার করা হয়। কিন্তু যেটা সবচেয়ে আশ্চর্য্যের বিষয় সেটা হচ্ছে যে বীরভুম এবং বর্দ্ধমানের শিল্পাঞ্চলের বিরাট অংশে এই যে জল দেওয়া হবে যেটাকে মন্ত্রী মহাশয় বন্যা নিরোধ বলে এই সভায় উপস্থিত করেছিলেন। কোনার কমিটি এখনও সার্কুলেট হয়নি। আমরা তদন্ত কমিটির কাছে প্রশ্ন করেছি এবং তাঁরাও কনফার্ম ও করেছেন যে এটা বন্যা নিরোধের প্রশ্নের সঙ্গে সংশ্লিষ্ট নয়। সুতরাং একবার জল অধিকন্তু নিয়ে ব্যয় করলেন, সেচ ব্যবস্থা ইত্যাদির ঠিক মত পরিকল্পনা না করেই আপনারা যেখানে বন্যা করালেন সেখানে এখন উষর মরুভূমি সৃষ্টি করার ব্যবস্থা করানো, এই কথা আপনারা বলেন কাগজে বিবৃতি দিয়েছেন অথচ ব্যাখ্যা করেন না, কি ভাবে এই সব হচ্ছে। প্রধানমন্ত্রী মহাশয় বলেছেন এইসব এক্সপার্টদের ব্যাপার। প্রধানমন্ত্রী মহাশয়ের ড্যাম এলার্জি আছে, অথচ সেচমন্ত্রী-মহাশয়ের ড্যাম চাইছেন। বন্যার পরে তাঁরা বরো সিড ইত্যাদি সরবরাহ করেছেন। তাঁরা বললে বরো সিড এবং পাম্প দরকার যাতে তারা শীতকালে ধান লাগাতে পারে। শুধু বরো সিড মনে করার কোন কারণ নেই কারণ এখন দেখা যাচ্ছে বরোসিড পাওয়া যায় না, পাম্পও পাওয়া যায় না। ১৯৫৩ সালে এগ্রিকালচার ডিপার্টমেন্ট বলে যে পাম্প কোনদিন পাওয়া যাবে না। মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করেছিলাম যে এখানে বরোসিড পাওয়া যাবে কিনা? কিন্তু সেখানে তদন্ত করে দেখা গেল যে বরো সিডের দাম ৩০ টাকা যেটা ১৪।১৫ টাকা দিয়ে উড়িষ্যা থেকে পাওয়া যায়। একবার চাষীরা বললে যে তারা বরোসিড চায় না, পাম্পের ব্যবস্থা করতে বলে। কিন্তু পাম্পের জন্য বারবার আবেদন করে তা পাওয়া গেল না। এসবের পরেও তাঁরা বলবেন যে তোমাদের দেশপ্রেম নেই। স্থানীয় কর্মচারীরা সেচব্যবস্থার জন্য চেষ্টা করে স্থানীয় লোকের কাছ থেকে ২১৫ টাকা সংগ্রহ করে কাটোয়া থানার ব্রাহ্মনী খালের ব্যবস্থা করেছিলেন এবং স্থানীয় ছোট ছোট কৃষি বিভাগের কর্মচারীরা পাম্পের ব্যবস্থা করেছিলেন। কিন্তু তাতে যে কিছু হচ্ছে না সেটা দেখুন—স্থানীয় জনসাধারণ কাটোয়া মহকুমা শাসক বর্দ্ধমান জেলা ম্যাজিষ্ট্রেট এবং পঃ বঙ্গের সেচমন্ত্রীর নিকট ডি. ভি. সি. খালের ১৪ এ. বি. সি খাল হইতে জল সরবরাহ করিয়া সদ্য আবাদী বোরো ধান্য বাঁচাইবার জন্য আবেদন নিবেদন করিতেছেন। জল সরবরাহের কোন লক্ষণ দেখা যাইতেছে না। ব্যাপার হচ্ছে যে ডি. ভি. সি ক্যানেল থেকে যে ব্রহ্মানীতে খাল সৃষ্টি করা হচ্ছে তার সঙ্গে সঙ্গে কিছু জল নিকাশেরও ব্যবস্থা করতে হবে।

[12-20—12-31p. m.

The Honerble Ajay Kummar Mukherjee.—কোথায়?

Sree Syed Shahedullah—পানাগড় ব্রাঞ্চের সাব ব্রাঞ্চ 14 ABC of D. V. C. যাহোক মন্ত্রী মহাশয়কে স্মরণ করিয়ে দিচ্ছি যে পানাগড়ে ১৪(এ, বি, সি,) ক্যানেল ব্রাহ্মণী নদীতে পড়েছে। এখান থেকে ২২শে ফেব্রুয়ারী সংবাদ পত্র সংবাদ দিচ্ছে—তারা প্রতিশ্রুত হয়েছিল যে জল ক্যানেল থেকে সরবরাহ করা হবে, সেই জন্য স্থানীয় লোকেরা ৩০

টাকা মণদরে বোরো সিড কিনে চাষ আবাদ করতে লাগল, আজকে সেখানে ১শো একর জমি শুকিয়ে নষ্ট হয়ে গেছে। এইভাবে সেখানে জলের ব্যবস্থা না করায় বন্যায় যে সমস্ত জমির ফসল নষ্ট হয়ে গিয়েছিল সেই সমস্ত উর্বর জমিতে এবারে নতুন করে ফসল হত, তাও আর হবে না। অথচ চাষীর উপর ট্যাক্সের বোঝা কমল না, চারিদিক থেকে ট্যাক্সের বোঝা চাপিয়ে তাদের শোচনীয় অবস্থা দাঁড়িয়েছে। এবারে বলা হচ্ছে যে নতুন ট্যাক্স চাপবে না, যদিও নতুন ট্যাক্স চাপাবার ইঙ্গিত রয়েছে, সে কথায় আমি পরে আসছি। যে সব ট্যাক্সের বোঝা রয়েছে সেইসব ট্যাক্সের বোঝাকে তুলে দেবার প্রয়োজন রয়েছে। বীরভূম জেলার ময়ূরাক্ষী এলাকায় বিরাট আন্দোলন চলছে। সেখানকার চাষীরা আবেদন করেছে যে তারা অত্যন্ত দুরবস্থায় আছে। যাহোক, বার বার আমরা ক্যানেল করার কথা উল্লেখ করেছি। তাঁরা দেখেছেন বন্যায় বহু জায়গায় বহু ক্ষতি হয়েছে অথচ তাদের আবার ক্যানেল কর দিতে হবে, ক্যানেল কর জোর করে চাপান হচ্ছে, এই হল তাদের কথা। ক্যানেল কর শুধু যে ময়ূরাক্ষী অঞ্চলে প্রসারিত করেছেন তা নয়, সেটা সমস্ত জায়গায় প্রসারিত করবার চেষ্টা হচ্ছে। আমি গত ১০ ডিসেম্বরের গেজেট পড়ে শুনিয়ে দিচ্ছি সেটা আপনাদের কাছে হাস্যস্পদ মনে হবে। পুলিশ ষ্টেশন মঙ্গলকোট, ডিষ্ট্রিক্ট বার্ডওয়ান, তাদের উপর প্রয়োগ করবেন বলে ঘোষণা করেছেন।

The areas bounded by a line starting from a point of trijunction of the thana boundary of Ausgram, Mangalkot and the district boundary of Burdwan on the right bank of river Ajoy, moves along the right bank of the Ajoy river and the Ajoy Right Embankment respectively towards east and south-east passing through the mouzas Majkhanna, etc. up to the point where a local Kandar crosses the Ajoy Right Embankment in Mauza Poligram.

লক্ষ্য করবেন যে সেটা সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়েছে, ৫টি গ্রাম বন্যায় সম্পূর্ণরূপে বিধ্বস্ত হয়ে গেছে, ধান পচে নষ্ট হয়ে দুর্গন্ধ হয়ে গেছে, সেই সমস্ত জায়গার লোকেদের উপর ৭॥০ টাকা করে ক্যানেল কর ঘোষণা করা হয়েছে—এটা ১০ই ডিসেম্বরের গেজেট পড়ে দেখা যাচ্ছে। আমাদের শ্রমমন্ত্রী তাঁর নিজের কনস্টিটিউয়েন্সীর কথা আজ এখানে দাঁড়িয়ে যদি ঘোষণা করে বলতে পারেন যে যার ১শো বিঘা জমি আছে সে ১ ছটাক ধান তার ঘরে নিয়ে গিয়েছে তাহলে আমি তাঁর কাছে পরাজয় স্বীকার করব। তাহলে এইভাবে তাঁরা চাষীর উপর করের বোঝা চাপাচ্ছেন কেন? কো-অপারেটিভ ফার্মে ঢুকলে চাষীদের উপর কর চাপান। প্রথম প্রথম আমরা মনে করেছিলাম যে পুরানো আইন রয়েছে, মুখ্যমন্ত্রী নিজে বলেছিলেন যে আমরা তুলে দেব কিন্তু দেখা গেল সেটা চলেছে। চীনে গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া যে ডেলিগেশন পাঠিয়েছিলেন তাঁরা পরিষ্কার বলেছেন যে এটা ভাল জিনিষ নয়। সুতরাং ১০ বিঘার যে জমির মালিক সে যদি কো-অপারেটিভে না ঢুকে তাহলে তার কর লাগবে না। কিন্তু কো-অপারেটিভে ঢুকলেই তাকে কর দিতে হবে, এটা একেবারে বিরুদ্ধ ব্যাপার, সুতরাং এটা তুলে দেওয়া উচিৎ। তাঁরা তাঁদের রিপোর্ট অনুমোদন করলেন কিন্তু সেটা কিছুতেই করা হচ্ছে না এবং যখনই পারসিষ্ট করছেন তখনই আমরা দেখছি এটা এমনই যে ক্যাজুয়্যালি হয়ে যাচ্ছে তা নয় আমরা চ্যালেঞ্জ করে বলতে পারি যে মন্ত্রীমণ্ডলীর পাওয়ারফুল অংশ কংগ্রেসের প্রস্তাবের বিরুদ্ধে কো-অপারেটিভ ফার্ম বাংলাদেশে গঠন করতে দিতে চাচ্ছেন না—তারা সেই নীতি নির্দ্ধারণ করলেন এবং সেই নীতি কার্যকরী করবার জন্য এই অস্ত্রটা—এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স ধারাটা রেখেছেন। অল ইণ্ডিয়া কংগ্রেস কমিটির নির্দেশ কি করে বানচাল করা যায় এবং যাতে বাংলা দেশে কো-অপারেটিভ ফার্ম হতে না পারে তার ব্যবস্থা করেছেন।

আমি বলতে পারি যে মাননীয় উপমন্ত্রী চিত্তবাবু তিনি নিজে পরামর্শ দিয়েছেন যে তোমরা তুলে দাও, আর কিছু করা যাবে না কারণ ফাইনান্স ডিপার্টমেণ্ট থেকে এর য়্যাসেসমেণ্ট করানো সম্ভব নয়। সেখানে মাসানির ক্লি এনটার প্রাইজ গ্রুপ ঠিক করে দিয়েছেন—শুনছি দিল্লীতে

ঘোষণা করা হয়েছে যে বাংলাদেশে এগ্রিকালচারাল ইনকামট্যাক্সের অনত্র দিয়ে কো-অপারেটিভ ফার্ম এর পলিসি কি করে বন্ধ করে দেয়া যায় তার চেষ্টা চলছে। এটা হিমায়সে কিন্তু শুনছি বলা হচ্ছে। আমাদের কাছে রিপোর্ট আসছে, বলা হচ্ছে যে কো-অপারেটিভ ফার্ম করাটা ক্ষতি কর। আমি চ্যালেঞ্জ করে বলছি যে বাংলার মন্ত্রীমণ্ডলী সিদ্ধান্ত করেছেন কো-অপারেটিভ ফার্ম করতে দেয়া দরকার এবং সেই সিদ্ধান্তকে কার্য্যকরী করার জন্য এগ্রিকালচারাল ইনকামট্যাক্সে র‍্যাক্টি করা হচ্ছে না। এইভাবে তাদের নীতি পরিচালিত হচ্ছে এবং এটা দলীয় নীতি নয়। নিখিল ভারতীয় যে দল তাদের নেতৃত্বে তাদের পলিসিকে বানচাল করার জন্য সেটা করা হচ্ছে।

তারপরে সহরে প্রাইমারী এডুকেশন সম্বন্ধে কিছু বলি। সহরে প্রাইমারী এডুকেসন সম্বন্ধে রাজ্যপাল মহোদয়ের ভাষণে কোন প্রতিশ্রুতি নেই এবং সেটা না থাকারই কথা। মন্ত্রীমণ্ডলী ঘুরিয়ে ফিরিয়ে বারবার এ সম্বন্ধে জানিয়ে দিয়েছেন দেশের যা অবস্থা তাতে প্রাইমারী এডুকেশনের ব্যবস্থা কিছুতেই মত দেওয়া যায় না। ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট থেকে আজ পর্য্যন্ত কিছুই হল না। ১৯২৯ সালে জমিদারদের ঘাড়ে একটা করের বোঝা চাপানো হয়েছিল বলে তখন বিরাট ভাবে গ্রামে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা সম্বন্ধে প্রতিবাদ করা হল। এমন কি তখনকার সদস্য—তিনি উপস্থিত নেই। যাহোক প্রসিডিংসএ রয়েছে—জে এম সেন মহাশয় দাঁড়িয়ে বলেছিলেন গ্রামের সিম্পল পেজেন্টারদের লেখাপড়া শিখিয়ে কি হবে? প্রসিডিংসএ রয়েছে তিনি একটা সার্কুলেসন মোশান মুভ করেছিলেন। সেখানে একটা কথা যা বলা হয়েছিল সেটা অনেকের মনে লেগেছে। স্বর্গিয় যতীন্দ্রমোহন সেন যে কথা এখানে বলেছিলেন আমি সেটা কোট করছি।

It would be a deplorable state of affairs in the province if we have one policy followed with regard to education in urban areas and another policy followed by a different set of merit in the rural areas in which case there would be two kinds of children growing up with perfectly different and opposite mental outlook.

সেদিন মাননীয় মন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন মহাশয় স্বর্গিয় যতীন্দ্রমোহন সেন গুপ্তের বার্ষিক স্মৃতিসভা করেছিলেন মহাজাতিসদনে। আমার যেন মনে হল এটা লাঞ্ছনা ছাড়া আর কি? আমি বিশেষ করে এজন্য বলবো যে তিনি কংগ্রেসের গোষ্টী হিসাবে আজন্ম আত্মসমর্পণ করেছেন এবং প্রথম দিকে এর সঙ্গে সম্পর্ক ছিল—সেই হিসাবে স্মরণ করেছিলেন। সেই নেতারা আজকে ইচ্ছাকরে এবং সুপরিকল্পিত ভাবে সহরে যাতে মজুরের ছেলেরা লেখাপড়া না শিখিতে পারে, সারা বাঙ্গলায় মধ্যবিত্ত এবং নিম্নমধ্যবিত্ত ঘরের ছেলেরা যাদের খাওয়ার ব্যবস্থা আজকে করতে পারছেন না তাদের লেখাপড়া শিক্ষার ব্যবস্থা যাতে ব্যাহত হয় তারজন্য সহরে প্রাইমারী এডুকেশন বন্ধ করে রেখেছেন, তার কোন ব্যবস্থা করছেন না। এটা আজকে সকলের কাছে লজ্জাস্কর এবং গ্লানিকর হয়ে দাঁড়িয়েছে সারা ভারতবর্ষের সন্মুখে একথাটা আমি স্মরণ করিয়ে দিচ্ছি। এইসঙ্গে মাননীয় সদস্য মহিতোষ বাবু একটা কথা বলেছিলেন তিনি তার বিবেককে বোধহয় ঠাণ্ডা রাখতে পারেন নি বলে তার মুখ ফেটে এটা বেরিয়েছে। তিনি প্রাথমিক শিক্ষকদের গ্রাচুয়িটি ইত্যাদি সম্বন্ধে বলেছেন। মাননীয় সদস্য হরেন মজুমদার মহাশয় কাগজে বিবৃতি দিয়াছিলেন যে মুখ্যমন্ত্রীর সঙ্গে তাঁর নাকি কথাবার্তা হয়ে গেছে, তিনি সমস্ত ব্যবস্থা করে ফেলেছেন—গ্রাচুয়িটি পাওয়া যাবে।

শিক্ষকদের ধর্মঘট করার জন্য তাদের যে প্রতিশ্রুতি দিয়েছিলেন আমি বলতে বাধ্য হচ্ছি যে আজকে সেই প্রতিশ্রুতি নেই। আজকে এ সম্বন্ধে শিক্ষামন্ত্রী মহাশয়কে জবাবদিহি করতে হবে। আন্দোলনের সময় আপনারা যে কথা বলেছিলেন শিক্ষকদের Gratuity সম্বন্ধে এবং তাদের ছেলেদের শিক্ষা অবৈতনিক করা সম্বন্ধে সে বিষয়ে আজকে কোন রকম কিছু দেখা যাচ্ছে না, যদিও সামনে আর একটা Financial year হতে যাচ্ছে।

ADJOURNMENT.

The Council was then adjourned at 12-31 p. m. till 9 a. m. on Thursday the 3rd March, 1960, in the Legislative Building, Calcutta.

Members absent

Bandopadhyay, Shri Upendra,
Banerjee, Shri Tara Sankar,
Bose, Shri Aurobindo,
Chatterjea, Shri Devaprasad,
Choudhuri, Shri Annada Prosad,
Ghosh Maulik, Shri Satyendra Chandra,
Jha, Shri Pashu Pati,
Musharruf Hossain, Shri,
Poddar, Shri Badri Prasad,
Roy, Shri Surendra Kumar,
Sarkar, Shri Pranabeswar and
Sen, Shri Jimut Bahan.

COUNCIL DEBATES

Thursday, the 3rd March, 1960.

The Council met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta on Thursday, the 3rd March 1960, at 9 a. m. being the Sixth day of the Twentieth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

Debate on the Governor's Speach.

[9—9-10 a. m.]

Shri Narendra Nath Das : Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

(a) that no reference has been made about the measures to be adopted by the State Government for countering the Chinese aggression in the northern frontiers of the province especially in the district of Darjeeling ;

(b) that no mention has been made about the failure of the Government to stabilise the cost of living of the common man by putting down the shooting prices of essential commodities as also of the increase in bus and tram fare in the State of West Bengal."

স্যার, রাজ্যপালের ভাষণ যদি আগামীবৎসরের সরকারী কর্মনীতির বিশ্লেষণ হয়, তাদের Policy Statement হয়, তাহলে তার ভেতর এমন একটি গুরুত্বপূর্ণ বিষয়বস্তুর উল্লেখ নাই দেখে আমরা খুব শংকিত হচ্ছি। কারণ সেই বিষয়বস্তুটা হচ্ছে—সম্ভাব্য বৈদেশিক আক্রমণ। আমি একথা বলছিনা যে আগামী গ্রীষ্মকালে এখানে কোন বৈদেশিক আক্রমণ হবে বা এই ধরণের কিছু হবে। কিন্তু একটা সম্ভাবনা আমাদের সামনে ঝুলে রয়েছে। যেখানে এই সমস্যাটা—যা সমস্ত ভারতকে উদ্বেলিত করেছে, যা সমস্ত ভারতবর্ষের ভেতর একটা tension-এর সৃষ্টি করেছে—তা তো আমাদের রাজ্যপালের ভাষণের ভেতরে কোন উল্লেখ হল না। এটা অত্যন্ত আশ্চর্য্যের বিষয়।

স্যার, আপনি জানেন যে ৩দিন আগে ভারতসরকারের অর্থমন্ত্রী প্রায় ৩০কোটী টাকা সামরিক খাতে ব্যয় বাড়িয়েছেন এবং তা বিশেষ করে এই সম্ভাব্য আক্রমণকে লক্ষ্য করে। স্যার, আপনি হয়ত আরো খেয়াল করে থাকবেন যে উত্তর প্রদেশের অর্থমন্ত্রী আলী জহীর খানের বাজেট বক্তৃতা। এই সম্ভাব্য আক্রমণকে প্রতিরোধ করবার জন্য তাঁর বাজেটে প্রায় এক কোটি টাকা আলাদা করে ধরা হয়েছে। সেটা একটা উত্তর সীমান্ত প্রদেশ। তার জন্য তাঁদের সাধারণ উন্নয়নের খাতে ২৮ লক্ষ ৩৬ হাজার টাকা ব্যয়বরাদ্দ মঞ্জুর করেছেন। তাছাড়া তাঁদের Communication খাতে এই সীমান্ত অঞ্চলের জন্য ৬১ লক্ষ ৪০ হাজার টাকা মঞ্জুর হয়েছে। এছাড়া তাঁরা আর একটা নূতন জিনিষ করছেন—সেটা Preparatory Military School.—সেই খাতে ৪ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয় বরাদ্দ হয়েছে। উত্তর প্রদেশকে আমরা সজাগ ও সচেতন দেখছি এবং আমাদের পরশী আসাম প্রদেশও তাই দেখছি। আসাম প্রদেশের রাজ্যপাল গত ২৫ তারিখে রাজ্যপালের ভাষণে এই সমস্যাটাকে সবচেয়ে গুরুত্ব দিয়েছেন। তাঁর সমস্ত ভাষণের এটাই ছিল কেন্দ্রীয় বিষয়।

সেখানের আসামের রাজ্যপাল যেকথা সগর্ব্বে ঘোষণা করতে পারলেন তা আমাদের পশ্চিম বঙ্গের রাজ্যপাল করতে পারেন নি। আসামের রাজ্যপাল বলেছেন···

"The people of Assam have reacted to the threat of aggression with calmness, fortitude and determination to meet any eventuality. The strength of the armed forces is derived from the strength and morale of the civilian population and in this regard our population in Assam is setting an extremely good example......

Sir, আমাদের পক্ষথেকে একথা বলা সম্ভব কিনা। কারণ আমাদের সরকার এই বিষয়টা সম্পূর্ণভাবে অবহেলা করেছেন। তবুও আমি মনে করি এই ধরণের একটা গুরুত্বপূর্ণ বিষয়ে অবহেলা করা একটা criminal offence। Sir, আমি জানি যে বাংলা সরকারের সামরিক বাহিনীর উপর কোন অধিকার নেই, constitutionally কোন অধিকার নেই। এবং একথা বলছিনা যে সামরিক বাহিনী ডাকা হোক বা ঐ ধরণের সামরিক উপকরণ যোগাড় করা হোক। বিদেশীর আক্রমণ হোক বা না হোক, তাহলেও আমাদের একথা বোঝা দরকার যে আগেকার মত, ১৯১৪র মত এখন আর trench war হয় না, আজকের দিনে যে প্রতিরক্ষা সে প্রতিরক্ষায় civil populationও জড়িয়ে পড়ে। Civil populationএর সঙ্গে যুদ্ধের সবচেয়ে বড় কথা হচ্ছে 'মরেল' সে সম্বন্ধে General শ্রীনাগেশ উল্লেখ করেছেন। Civil population যদি সন্তুষ্ট থাকে তাহলে সে দেশ কখনই পরাজিত হতে পারে না। সামরিক প্রয়োজনের কথা ছেড়ে দিলেও আমি প্রায় ৩৮-৩৯ বৎসর যাবৎ রাজনীতির সঙ্গে জড়িত আছি- আমি দেখেছি যে ভারতবর্ষের লোক unarmed resistance করতে পারে। এমন কি ১৯৪২ সালের আন্দোলনেও আমরা দেখেছি ভারতবর্ষের সাধারণ মানুষ unarmed resistance করেছিল। তেমনি আজ যদি সেইরকম অবস্থার সৃষ্টি করা যায় সীমান্ত অঞ্চলে, দার্জিলিংএ, তাহলে আমি বিশ্বাস করি যে কোন বৈদেশিক শক্তির পক্ষে আমাদের দেশ দখল করা সম্ভব নয়। Sir, অতএব আমি আপনার মাধ্যমে সরকারের কাছে নিবেদন করতে চাই যে এই ধরণের unarmed resistance যদি তৈরী করা যায়, একটা দেশপ্রেমের জোয়ার সৃষ্টি করা যায়, যদি সেখানকার সাধারণ মানুষের মধ্যে সন্তুষ্টি থাকে তাহলে কখনই বাইরের শক্তি সেখানে দাঁড়াতে পারবে না। Sir, আপনি জানেন যে দার্জিলিং জেলায় প্রায় ৭৫ ভাগের বেশী লোক হচ্ছে গুর্খা, সিকিমের অধিকাংশ গুর্খা।

দার্জিলিংএ বহুলোক গুর্খা আছে। আসামের দাবাং অঞ্চলে প্রায় ৭ লক্ষ গুর্খা আছে, সমস্ত frontier area তে বিরাট গুর্খার সমাবেশ আছে। আজকে এই গুর্খাদের প্রতি সরকারের মনোভাব কি। মেদিনীপুর, হুগলী প্রভৃতি জেলা সম্পর্কে সরকার যে নীতি গ্রহণ করেন, সে মনোভাব তাদের আছে গুর্খাদেরও কি ঠিকভাবে দেখেন? তাদের কি বাংলাদেশের মন্ত্রীমণ্ডলীর উপর অন্যান্য জেলার লোকের কত প্রভাব আছে। হুগলী মেদিনীপুর জেলার লোকদের বাংলাদেশের cabinetএর উপর যথেষ্ট influence আছে, তাদের একটা দাবীতে বর্দ্ধমান University বিলের একটা clause বদলে গেল।

[9-10—9-20 a. m.]

স্যার, আজকে সেই ধরণের প্রীতি গুর্খাদের ভিতর নাই। তাঁরা বাংলাদেশের অন্যান্য জেলার লোকদের চেয়ে শিক্ষায় backward, অর্থনীতিতে backward, communicationএর দিক থেকে—সবদিক থেকেই তারা backward, তাদের মধ্যে আজকে যেসব অসুবিধা আছে, ত্রুটি আছে, বাংলাসরকার যদি সেগুলি দূর না করতে পারেন তাহলে গুর্খাদের সন্তোষ বিধান করা যাবে না। সেজন্য আমি আপনার মাধ্যমে সরকারের কাছে নিবেদন করব যে, যাতে করে দার্জিলিং জেলা অন্যান্য জেলার সমকক্ষ পর্যায়ে দাঁড়ায় তার জন্য এদিকে বিশেষ নজর ও top priority দেওয়া দরকার যাতে সীমান্ত আক্রমণের ভয় দূরীভূত হতে পারে। অতএব আমার বক্তব্য এই যে, এসম্বন্ধে সরকারকে একটি সুস্পষ্ট নীতি গ্রহণ করতে হবে। এতদিনের নিষ্ক্রিয় নীতি ত্যাগ করে একটা বলিষ্ঠ নীতি গ্রহণ করতে হবে। সেই নীতির উদ্দেশ্য হবে দার্জিলিং

এর গুর্খারা বাংলাদেশের যে organisational unity অঙ্গীভূত হবে, যাতে করে বাংলাদেশে অন্যান্য জেলার লোকের arteryতে যে রক্ত বয় তাদের ধমনীতেও সেই রক্ত প্রবাহিত হয়, এবং একটা orgnisational conception তাদের ভিতর সৃষ্টি হয়। কিন্তু এজন্য আমাদের পশ্চিম বঙ্গ সরকার কি নীতি গ্রহণ করবেন আমি জানিনা, তবে আমার কথা এই যে, গত অধিবেশনে সরকারী মুখপাত্রদের কাছ থেকে শুনতে পেয়েছিলাম যে সরকার একটা নীতি গ্রহণ করার কথা ভাবছেন। এসম্পর্কে আমি সামান্য দুএকটি suggestion রাখব। বর্তমানে আমরা জানি শিল্পায়নের ব্যাপারে অনেক প্রশ্ন উঠবে, কারণ এইসব অঞ্চলের tea plantation industryতে যেসব ভুটিয়া ও অন্যান্য উপজাতি কাজ করে তাদের সঙ্গে ভারত সরকার তথা বাংলা সরকারের সম্পর্ক সম্প্রতি কিছুটা খারাপ হয়েছে। সেই অঞ্চলের যে economic system তার ভিতর কিন্তু গুর্খারা নাই। সেজন্য আমার নিবেদন হচ্ছে, এমন শিল্পায়নের ব্যবস্থা করুন যাতে করে সেই শিল্পব্যবস্থায় গুর্খাদের কিছুটা অধিকার আসতে পারে। আমরা জানি এখানে অনেক খুব ভাল blanket, ভাল কাপড়, সতরঞ্চি, dairy farming হচ্ছে, এসব কাজ যাতে করে গুর্খাদের হাতে আসে তার ব্যবস্থা করুন।

আমার দ্বিতীয় প্রস্তাব হচ্ছে তাদের ভিতর শিক্ষার বিকিরণ করতে হবে। বাংলাসরকার হয়তো আমার এই প্রস্তাবের জবাবে বলতে পারছেন, কেন, আমরা তো উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় করব। যখন বর্দমান বিশ্ববিদ্যালয় বিলের আলোচনা হচ্ছে তখন আমি এই সভায় বলেছিলাম বর্দমানে বিশ্ববিদ্যালয় না করে প্রথমে উত্তরবঙ্গে করা উচিত। কিন্তু আমি জানি উত্তরবঙ্গে বিশ্ববিদ্যালয় হলেও তাতে গুর্খাদের কোন উপকার হবেনা, কারণ সেটা কুচবিহারে হবে মহারাজার বাড়ী পাওয়া যাবে বলে। কিন্তু আমার কথা হচ্ছে কুচবিহারের মহারাজার যে বাড়ী পাওয়া যাবে তা আপনারা অন্যভাবে ব্যবহার করতে পারেন। সেই অঞ্চলে শিক্ষা প্রসার মোটেই হয়নি, এবং প্রাথমিক শিক্ষার মানও অনেক নীচে—তারজন্য ব্যাপক পরিকল্পনা গ্রহণ করা উচিত। এতদিন পর্যন্ত সিকিম ও দার্জিলিংএর মানুষদের একটা ব্যবসা ছিল, সেটা কিছুদিন যাবৎ বন্ধ আছে—এবং তারজন্য একটা Vacumn সৃষ্টি হয়েছে, তাতে তারা ব্যবসা করে যে রুজি রোজগার করতেন সেটা এখন সরকারকে মেটাতে হবে। কিন্তু এখন যা চলছে তা অত্যন্ত খারাপ, সেখানে একটা বিরাট smuggling চল্‌ছে, একটা মাড়োয়ারী firm সেখানে smuggling চালাচ্ছেন। তাই আমার বক্তব্য হচ্ছে যে, ব্যবসা-বাণিজ্যকে যাতে সোজা সরল রাস্তায় প্রবাহিত করা যেতে পারে তার জন্য আমার প্রস্তাব, প্রশাসনিক ব্যবস্থার মধ্য দিয়ে গুর্খাদের একটা অপরিহার্য অঙ্গ হিসাবে গড়ে তুলতে হবে, তার জন্য আমি মনে করি উত্তরবঙ্গের ৫টি জেলা নিয়ে একটা কমিশনার division করুন। এখন যে উত্তরবঙ্গে সহকারী কমিশনার তিনি জলপাইগুড়িতে থাকেন, কিন্তু উত্তরবঙ্গকে একটা পুরো কমিশনারের ডিভিসন করুন এবং তা দার্জিলিং হোক যার ফলে সেখানকার মানুষের কর্ম্মপ্রাপ্তির সুযোগ বেশী হবে এবং plains থেকে সেখানে যেসব মানুষ যাবেন তাঁদের সঙ্গে স্থানীয় নাগরিকদের মধ্যে যোগাযোগ হবে। স্যার, উত্তর বঙ্গের D.I.G. Range Office-এর head qrts. দার্জিলিংএ হওয়া উচিত। এছাড়াও আমি আরেকটা suggestion দিচ্ছি—বাংলাদেশের অন্যান্য স্থানের সঙ্গে তত্রত্য স্থানীয় অধিবাসীদের নিবিড় যোগাযোগ প্রতিষ্ঠার জন্যই আমি suggestion দিচ্ছি, আমাদের বিধান মণ্ডলীর autumn session দার্জিলিংএ হওয়া উচিত; আমি জানি এটা নিয়ে সংবাদপত্রে সমালোচনা হবে, সভ্যদের পক্ষেও অনেকের অসুবিধা হবে; সভ্যদের মধ্যে যারা ব্যবসা ও চাকরীর ব্যাপারে এখানে থাকতে বাধ্য, তাঁদের অসুবিধা হবে, কিন্তু সেখানকার অধিবাসীদের রাজনৈতিক অধিকারের যেরকম Bacchamlian wastage হচ্ছে তা প্রতিরোধ করা উচিত। সেজন্য আমার বক্তব্য হচ্ছে, এমন একটা social integration হোক যাতে করে গুর্খারা মনে না করতে পারে তাঁরা বাংলার নন।

[9-20—9-30 a. m.]

স্যার, আমার দ্বিতীয় সংশোধনী হচ্ছে যে, গত ১৫ মাস যাবৎ আমাদের নিত্য প্রয়োজনীয় জিনিষের মূল্য বৃদ্ধি পেয়ে তা এমন একটা সংকটময় পরিস্থিতির সৃষ্টি করেছে এবং যার জন্য আপনি লক্ষ্য করলে দেখবেন যে আমাদের পক্ষথেকে যতগুলি সংশোধনী প্রস্তাব এসেছে তার মধ্যে ১৭টি প্রস্তাবই এসেছে ঐ দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য। এটা এমন একটা জায়গায় এসেছে যে আমাদের মুখ্যমন্ত্রীকেও স্বীকার করতে হয়েছে যে wholesale price index rose to 119·3 Oct '59. কিন্তু মুখ্যমন্ত্রী ইচ্ছা করেই আসল ফিগার দেন নি এবং যে ফিগার আমাদের কাছে পরিবেশন করেছেন—Bengal Statistical Bureauর মাধ্যমে Calcutta Gazette-এ আমরা দেখেছি সেই ফিগার হচ্ছে 16th January এবং সেটা ১১৯·৪। অর্থনীতির সঙ্গে আমাদের মুখ্যমন্ত্রী খুব পরিচিত। তিনি হয়ত দেখে বিস্মিত হয়েছেন যে, জানুয়ারীর Price index অক্টোবর মাসের Price index-এর চেয়ে বেশী। আমরা জানি যে ডিসেম্বর মাস থেকে Price level নীচে নেমে যায় কিন্তু গতবছরের অক্টোবর মাসের Price index যদি জানুয়ারীর Price indexকে ছাপিয়ে ওঠে তাহলে এ বছর অক্টোবর-নভেম্বর মাসে ঐ Price index দাঁড়াবে গিয়ে ১৩০, যদি other things being equal হয়। এর সঙ্গে সঙ্গে আমাদের মুখ্যমন্ত্রী বলেছেন যে সাধারণ মানুষের cost of living সাংঘাতিক ভাবে বেড়েছে এবং সেটা অক্টোবর মাসে দাঁড়িয়েছে ১১৪·৬। স্যার, আপনি একথা জানেন যে, আমাদের উপার্জন ক্ষমতা যদি না বাড়ে এবং সঙ্গে সঙ্গে যদি দ্রব্যমূল্য বৃদ্ধি হতে থাকে তাহলে যে সঙ্কটময় অবস্থার সৃষ্টি হবে গভর্ণমেণ্ট তা সামলাতে পারবে না। এর ভিতরে আমি একটা সাংঘাতিক কথা দেখছি যে আমাদের রাজ্যপাল মহাশয়া বলেছেন হয়ত এই ফিগার তাঁকে খাদ্যমন্ত্রী supply করেছেন—

"As a result of timely action of my Government. rice prices were actually lower in October and November 1959 than in the preceding year."......

কিন্তু বাংলাসরকারের তরফ থেকে আমরা যে পরিসংখ্যান পাই ঐ Statistical Bureau মারফৎ তাতে দেখছি যে '৫৮ সালের নভেম্বরের চেয়ে '৫৯ সালে ২' পয়েণ্ট বেশী ছিল। অতএব রাজ্যপালকে এধরণের পরিসংখ্যান কে পরিবেশণ করেছে আমি জানিনা। স্যার, আমার বক্তব্য হচ্ছে যে, যদি এর গতিরোধ করতে না পারেন তাহলে সাংঘাতিক অবস্থার সৃষ্টি হবে। এবং পরিকল্পনা সম্বন্ধে আমাদের মুখ্যমন্ত্রী তাঁর বাজেটের প্রায় ৩/৪ অংশ বলেছেন সেই পরিকল্পনা সম্পূর্ণরূপে ব্যর্থ হয়ে যাবে। There can be no planning without cheap food. অতএব যদি আপনি cheap food দিতে না পারেন তাহলে planning নষ্ট হয়ে যাবে। অর্থাৎ যেমন যুদ্ধের সময় defence-এর policy হয় যদি তেমনি ভাবে না হয় তাহলে ভারত সরকারের পরিকল্পনা সম্বন্ধে যে policy তা সমস্তই বানচাল হয়ে যাবে। কাজেই এর গতিরোধ করা দরকার এবং তা করতে হলে প্রথম প্রশ্ন হচ্ছে distributive mechanism। এই distributive mechanism-কে সংশোধন করা দরকার। আজকে আমরা জানি যে modified rationing-এর মাধ্যমে কলিকাতা এবং শহরতলীতে কিছু কিছু চাল, গম, এবং চিনি সরবরাহ করা হয়। কিন্তু যেখানে দরিদ্র বেশী সেখানে কোন modified rationing-এর ব্যবস্থা নেই। আমি জানি গ্রামাঞ্চলে ঐ modified rationing-এর মাধ্যমে সুজি ও ময়দা প্রভৃতি দেওয়া হচ্ছে—যে দুটো জিনিস সেখানকার লোক খায় না। কোলকাতা শহরের লোকের ক্রয়ক্ষমতা বেশী কিন্তু গ্রামাঞ্চলের লোক যারা অন্তত ১৫ বিঘা জমির মালিক সেই belt পর্যন্ত যাতে ঐ modified rationing-এর মাধ্যমে নিত্য প্রয়োজনীয় জিনিস দেওয়া যায় তার ব্যবস্থা করা দরকার। এদিক থেকে distributive system-কে ঢেলে সাজাতে হবে, তারপর প্রাদেশিক ক্ষেত্রে price sta bilisingকে প্রতিষ্ঠা করতে না পারেন তাহলে যেভাবে spiral দ্রুতগতিতে উঠছে তা' সামলান যাবে না। রাজ্যপাল বলেছেন যে, development inflation হবে। Developmental economyতে inflation যে হবে একথা ঠিক। কিন্তু তাকে বন্ধ করার ব্যবস্থা আছে কি? তারপর রাজ্যপাল তাঁর বক্তৃতার শেষে sacrifice এবং suffering-এর জন্য appeal করেছেন। কিন্তু এই sacrifice এবং suffering এর জন্য appeal মহাত্মা গান্ধী

ও নেতাজী সুভাষচন্দ্র করতে পারেন। মহাত্মা গান্ধীর জীবন এমনই ছিল যে তাঁর ক
নগণ্য মানুষের কাছেও পৌছাত। কিন্তু এরকম ধরণের

"Raising the resources for the Third Plan will inevitably entail denyin ourselves luxuries, comforts and even perhaps necessities, but if we grudg this sacrifice now, we shall be condemned before the bar of history."

প্রশ্ন হচ্ছে যে, আমরা জানিনা রাজ্যপালের necessityর কথা সাধারণ মানুষের কান্নি Luxuryর সঙ্গে কোথাও মিল হবে কিনা। কিন্তু একটা কথা তাকে স্মরণ করিয়ে দিত চাই যে, ১৭৮৯ সালে যখন প্যারী শহরে বুভুক্ষু মানুষ যখন ব্রেড চাইতে এসেছিল তখন ম্যা এন্টনিয়েট বলেছিলেন let them have cakes. রাজ্যপাল আমাদের sacrifice, sufferings এর কথা বলেছেন এবং সাধারণ মানুষকে তার necessity বিসর্জন দিতে বলেছেন। এ য় হয় তাহলে আমি আপনার মাধ্যমে একথা বলব যে, আগামী জুন-জুলাই-আগষ্ট মাসে ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে তা ১৭৮৯ সালের মত নাও হতে পারে কিন্তু তার একটা ছো সংস্করণ হয়ত হবে।

[9-30—9-40 a. m.]

Sri Sachindra Nath Misra : মাননীয় পরিষদপাল মহাশয়, মাননীয়া রাজ্যপালে ভাষণের উপরে যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব এসেছে আমি তা সমর্থন করে দু-একটা কথা বলব আমি অপরপক্ষের বন্ধুদের সঙ্গে কয়েকটি বিষয়ে একমত যেমন এখানে সত্যপ্রিয়বাবু বলেছে যে, বাংলাদেশ আজ নানা সমস্যায় জর্জ্জরিত। কিন্তু অন্যান্য বন্ধুরা আর যে সব কথা বলেছে আমি তার সঙ্গে একমত হতে পারছিনা। কেবল মাত্র গত বছরই নয় উপর্যুপরি ৩।৪ বছ ধরে অতিবৃষ্টি, অনাবৃষ্টি ইত্যাদি নানাপ্রকার ঝঞ্ঝাট এসে আমাদের দেশে যে উপস্থি হয়েছে এগুলি তাঁদের বিবেচনা করা উচিত ছিল। এবং আমাদের মাননীয় রাজ্যপা মহাশয়া বলেছেন যে গতবছরের প্লাবনে প্রায় ৮ লক্ষ একর জমির ফসল একেবারে নষ্ট হয়েছে এবং ৬ লক্ষ একর জমির ফসল আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এটা যদি তারা বিবেচনা করতেন তাহলে এই ভাষণের উপর তাঁরা যে উষ্মা প্রকাশ করেছেন তাতে একটু সংযত হয়ে যেতেন। আমাদের অভিজ্ঞতা আছে যে অনাবৃষ্টি এবং প্লাবন এলে পর কেবল যে দুর্ভিক্ষ আসে তা নয়, সংগে সংগে মহামারী এবং নানাপ্রকারের সংক্রামক ব্যাধি এসে মানুষকে মৃত্যুর কবলে পতিত করে। খুবই সুখের কথা আমরা রাজ্যপালের ভাষণ থেকে দেখতে পাচ্ছি যে, মহাপ্লাবন হয়ে গেছে যেখানে লক্ষ লক্ষ একর জমির ফসল নষ্ট হয়েছে, বহু গ্রাম ধ্বংস হয়ে গেছে এবং বহু মাঠ ভেসে গেছে, সেখানে একটা লোকও অনাহারে মারা যায় নি। আরও বলব যে সেখানে কোন মহামারী বা কোন সংক্রামক ব্যাধির সৃষ্টি হয় নি—এর চেয়ে ভালকথা আর কি হতে পারে। সুতরাং আমাদের রাজ্যপাল তাঁর ভাষণে যে বলেছেন তাঁর কর্ম্মচারীরা বাস্তবিকই ধন্যবাদের পাত্র, আমি সেকথা সমর্থন করি। এই সরকারী কর্ম্মচারীদের কার্যের প্রশংসা করতে হয় এবং তাঁদের ধন্যবাদ দিতে হয়, জনসাধারণের কাছে তাঁরা নিশ্চয়ই ধন্যবাদ পাচ্ছেন এবং আমিও এখানথেকে তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। খাদ্যের মূল্যবৃদ্ধির জন্য অনেক বন্ধুরা বলেছেন কিন্তু খাদ্যের মূল্যবৃদ্ধি যদি কমাতে চান তাহলে সে সম্বন্ধে আর একটা জিনিষ চিন্তা করবার জন্য আমি অপর পক্ষের বন্ধুদের অনুরোধ করি। তাঁরা এখানে বেতন বৃদ্ধির দাবী করে নিজেদের আয়ের মান বৃদ্ধির জন্য চেষ্টা করবেন, আর মফঃস্বলের চাষীরা যারা মাথার ঘাম পায়ে ফেলে ফসল উৎপন্ন করে, রোদে, বৃষ্টিতে দাঁড়িয়ে অর্ধউলঙ্গ অবস্থায় নিজেদের জীবনযাত্রা নির্বাহ করে, তাদের ফসলের দর কমিয়ে দেবার চেষ্টা করবেন—এই নীতি যে কোন দেশে চলুক, অন্ততঃ আমাদের প্রগতির দেশে তা চলবে না, আমাদের কংগ্রেসী সরকারের আমলে তা চলবেনা। আর একটা কথা আমি এখানে বলব, খাদ্যসমস্যা সম্বন্ধে এবং খাদ্যাভাব সম্বন্ধে এখানে অনেক কথা বলা হয়েছে কিন্তু আমি আমার বন্ধুদের বলব যে ১৯৪৩ সালে যখন খাদ্যাভাবে লক্ষ লক্ষ লোক কুকুর বেড়ালের মত এই কলকাতা সহরে মারা গেছে সে

সময় আমার অপর পক্ষের বন্ধুরা কোথায় ছিলেন ? তখন তাঁরা খাদ্য-আন্দোলনের কোন কথাও বলেন নি, আমি খুব দুঃখের সঙ্গে বলছি যে আমার মাননীয় বন্ধু অন্নদাবাবু বলেছেন যে এর চেয়ে বৃটিশ রাজত্ব ভাল ছিল—এটা তিনি কি করে বললেন সেটা আমি ঠিক বুঝতে পারলাম না। খাদ্য যদি উৎপন্ন না হয় তাহলে আমাদের দেশে খাদ্যাভাব উপশম হতে পারে না। আমি একটা কথা আমার প্রতিনিধি স্থানীয় বন্ধুদের বলব যে তাঁরা যেন নিজেদের পরিশ্রমের দ্বারা তাঁদের সংসারের জন্য অন্তত: ৩।৪ মাসের খাদ্যোৎপাদনের জন্য চেষ্টা করেন। কেবল খাদ্য খরিদ করে সংসার প্রতিপালন করব এই নীতি খুবই ভয়াবহ। তারপর খাদ্য উৎপাদনের জন্য সারের দরকার, ভাল বীজের দরকার, জলসেচের দরকার ইত্যাদি দরকার এবং আমাদের সরকার সেইসব জিনিষের প্রতি দৃষ্টি রেখেছেন এবং সা', বীজ, জলসেচের জন্য নানারকম পরিকল্পনা তাঁরা গ্রহণ করে এগিয়ে যাচ্ছেন। জল সেচের সম্বন্ধে আমি একটা কথা বলব, যে পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন সেই পরিকল্পনার মধ্যে যেন উইণ্ড মিল দিয়ে জল সেচের পরিকল্পনা তাঁরা গ্রহণ করেন। উইণ্ডমিল দিয়ে জলসেচের ব্যবস্থা গ্রহণ করলে খরচ যে কম পড়বে তাতে আমার দৃঢ় বিশ্বাস আছে। শিক্ষা সম্বন্ধে আমাদের রাজ্যপাল যা বলেছেন সেটা বাস্তবিকই খুব আনন্দের কথা। শিক্ষার্থীদের চাপ হ্রাস করবার জন্য কয়েকটা কলেজ করেছেন, বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় স্থাপন করেছেন, কল্যাণী বিশ্ববিদ্যালয় স্থাপন করতে যাচ্ছেন এবং সবচেয়ে আনন্দের কথা যে .উত্তরবঙ্গে শীঘ্রই একটা বিশ্ববিদ্যালয় স্থাপিত হচ্ছে। এতে উত্তর বঙ্গের যে একটা প্রধান অভাব সেটা পূরণ হবে। আমাদের উত্তর বংগে বিশ্ববিদ্যালয় স্থাপন হলে পর কলকাতা বিশ্ববিদ্যালয়ের চাপ অনেকাংশ লাঘব হবে এবং শিক্ষার্থীদের ও অভিভাবকদের শিক্ষায়-দীক্ষায় অনেক খরচের সাশ্রয় হবে এবং তাঁরা শিক্ষার প্রচুর পরিমাণ সুযোগ পাবে। আমি এসম্বন্ধে খুব আনন্দ প্রকাশ করছি এবং উত্তর বঙ্গের পক্ষ থেকে আমি ধন্যবাদ জানাচ্ছি। তারপর চাষের উপর আমাদের শুধু নির্ভর করে থাকলে চলবে না, কুটিরশিল্পেরও প্রয়োজন কারণ চাষবাস করে চাষীরা মাত্র মাস ছয়েকের মত জীবন ধারণের ফসল পায় এবং কাজ পায়, তারপর তারা বেকার থাকে। সেই সময়ের জন্য যদি একটা কোন কুটির শিল্প করা হয় তাহলে তারা তাতে নিযুক্ত হতে পারে। আমাদের সরকার সেদিকে বিশেষ দৃষ্টি রেখেছেন এবং কুটির শিল্পের দিকে তারা ক্রমশঃ এগিয়ে যাচ্ছেন। তারপর আর একটা কথা এখানে বলতে চাই সেই কথাটা হচ্ছে, নরেনবাবু এখানে যে বক্তৃতা করলেন সেটা আমার মনে একটু আঘাত দিয়েছে। আমাদের দেশে তো অনেক স্থান আছে আবার কি তিনি একটা গুর্খা স্থানের পরিকল্পনা আনছেন ? আমি তাঁকে বলব এরকম একটা পরিকল্পনা এনে দেশকে বিপদে ফেলবেন না। চায়না আক্রমণ করার জন্য গুর্খা স্থানের দরকার, মুসলমানদের ভয়ে একটা হিন্দুস্থান দরকার, আবার কমিউনিষ্ট অর্গানাইজেসনের ভয়ে একটা লীগ দরকার—এই মনোভাব আমরা যতই পরিত্যাগ করি ততই ভাল। একথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

[9 40—9-50 a. m.]

Sri Gopal Chandra Haldar : Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.

"But regret that the address fails to note—

(1) the corruption, inefficiency, nepotism and general maladministration of the State under the present Government ;

(2) the rise in prices of all essential articles of daily use and the consequent distress of the people ;

(3) the general wastage of money and human element at all levels of education, from the primary to the university stage, which makes the progress in the matter illusory ;

(4) the lack of any serious effort on the part of the Government to tackle the problem of increasing unemployment, ·prarticularly of the educated section ; and

(5) the need of celebrating the Tagore Centenary ae a national festival with international import by making use of Bengali as the main language of the State of West Bengal for all official purposes from 1960-61 onwards, and by inviting all sections of the people to co operate in the Tagore Centenary elebrations properly und well."

শ্রদ্ধাস্পদ সভাপতি মহাশয়, রাজ্যপাল মহোদয়ার ভাষণ লোকের মনে তৃপ্তি উৎপাদন করবে, এরূপই আশা করা গিয়েছিল। কিন্তু তা না করে সে ভাষণ যে নৈরাশ্য ও বক্র হাস্যেরই উদ্রেক করছে তা আপনি এতদিনে নিশ্চয়ই বুঝতে পেরেছেন। আমার সংশোধনী কটি সেজন্য উত্থাপিত করেছি। আলোচনা যেভাবে চলেছে তাতে অনেক গুরুতর বিষয় পরিত্যাগ করে আমি আমার সংশোধনী প্রস্তাব শুধু দুএকটি বিশেষ বিষয়ের প্রতি লক্ষ্য রেখে আলোচনা তাতে নিবদ্ধ করতে চাই। যে বিষয়টি সম্পর্কে এপর্যন্ত বিশেষ আলোচনা হয় নি আমি প্রথমে সে বিষয় সম্পর্কে আলোচনা করবো, তা হচ্ছে রবীন্দ্রনাথের শতবার্ষিকী। রাজ্যপাল মহোদয়া তাঁর ভাষণে এবিষয়ে একটু উল্লেখ করেছেন এবং সে সম্পর্কে সরকারের যে কার্য করার ইচ্ছা তাও তিনি উল্লেখ করেছেন। এজন্য অন্তত: আমি রাজ্যপাল মহোদয়ার কাছে কৃতজ্ঞ। সত্যসত্যই যে কবি জালিয়ানাবাগের হত্যাকাণ্ডের পর তার প্রতিবাদ এমন দৃপ্তকণ্ঠে ঘোষণা করেছিলেন যে সমস্ত ইংরেজ জাতি তার ভারত-শাসনকে তা কালিমালিপ্ত করেছে, সেই ইংরেজ জাতি যদি আজ এদেশে শাসক থাকত তাহলে কোন রাজ্যপাল বা গবর্ণরের ভাষণে সে কবির জন্মশতবার্ষিকী সম্বন্ধে কোন উল্লেখ থাকত কিনা তা আমরা বিশেষ ভাবেই বুঝি। স্বাধীনতার সুযোগ লাভ করাতেই আজ আমরা এই গৌরবের অধিকারী হয়েছি, রবীন্দ্রনাথের জন্ম শতবার্ষিকী পালন করার অধিকারী হয়েছি। কিন্তু কি ভাবে আমরা স্বাধীনতায় এই আয়ত্ত দায়িত্বকে পালন করতে চলেছি, তা এখানে একবার উল্লেখ করতে চাই।

আমি রাজ্যপাল মহোদয়ার ভাষণ থেকে পাচ্ছি এসম্বন্ধে একটি কি দুটি কথা। কিন্তু এই কি যথেষ্ট? রবীন্দ্রনাথের প্রতি শ্রদ্ধা পালনের পথে, স্বাধীনোত্তর যুগের বাঙ্গালী·আমরা, এরূপেই কি দায়িত্ব বোধের পরিচয় দিচ্ছি? আমি জানি শুধু দায়িত্ববোধ নয়, রবীন্দ্রনাথ এবং তার নাম দিয়েই আমরা আমাদের পরিচয় দিই। আজকের দিনে বিশ্বের সভায় তাঁর নাম করেই আমাদের পরিচয় প্রতিষ্ঠা করি। পৃথিবীতে আমাদের পরিচয় কি দিয়ে? টাটা বিড়লার জাতি বলে নয়; আমরা রবীন্দ্রনাথের জাত বলেই, ভারতীয়দের এবং বিশেষ করে আবার বাঙ্গালীদের এই পরিচয়। ইতিহাস থেকে বুদ্ধ ও অশোকের নাম উদ্ধার করে অতীত ঐতিহ্যের ফলে আমরা সম্মানের অধিকারী হই। বর্তমানকাল ও ভাবীকালের সংস্কৃতি পরিষদেও সেইরূপে আসন দাবী করি রবীন্দ্রনাথের নামোল্লেখ করে, সেই নাম পুঁজি করে। যখন তা করি, তখন সত্যসত্যিই যতটা নিজের পুঁজি সম্বন্ধে নিজেদের স্বার্থে সেই নাম প্রয়োগ করার সম্বন্ধে বিশ্বসভায় আসন পাবার জন্য চেতনা দেখাই, আগ্রহ দেখাই, কিন্তু নিজেদের সংস্কৃতি ও রবীন্দ্রনাথের স্মৃতির প্রতি সম্মান প্রদর্শনের জন্য উপযুক্ত মনোভাবের পরিচয় দিতে পারিনা। রাজ্যপাল মহোদয়ার ভাষণ থেকেও তা আমরা দেখতে পাচ্ছি। সভাপতি মহাশয় এ দৃষ্টির অভাব কেন? অবশ্য এই দৃষ্টির যে অভাব দেখতে পাচ্ছি তার জন্য কবি-প্রতিভা কিছু-মাত্র মলিন কোনদিন হবেনা, বরং ইতিহাসের পাতাতে কবির নাম উজ্জ্বল থেকে উজ্জ্বলতর হতে থাকবে। দৃষ্টির যে অভাব হচ্ছে তার কারণ এই যে কবি প্রতিভাকে সত্যসত্য যাকে বলে সম্মান করা, মনেপ্রাণে সম্মান করা, কর্তৃপক্ষ তা করতে শেখেন নি। তার চেয়ে বড় কথা হল এই যে, জাতির দায়িত্ব পালন সম্বন্ধে, মর্যাদাবোধ সম্বন্ধে, জাতির নিয়তি সম্বন্ধে, তাদের

চেতনা নাই। থাকলে জানতাম। পৃথিবীতে বাঙ্গালীকে শুধু নয়, ভারতবর্ষকে রবীন্দ্রনাথের জাতি বলেই আজ পরিচয় দিতে হয়, কালও সে পরিচয় আমরা দিতে পারবো। বাঙ্গালী অন্ততঃ বড় রকমের যোদ্ধা নয়, কোন বড় সাম্রাজ্যের পত্তন করেনি, 'তার নাম করার প্রয়োজনও নাই। সে পরিচয় দিতে পারি না। আমাদের নাম এজন্য যে, আমরা রবীন্দ্রনাথের জাতি।—সেই জাতীর মর্যাদা, জাতীয় সম্মান, জাতীয় দায়িত্ববোধ যদি থাকত তাহলে শুধু মাত্র তিন লাইনে এবিষয়টার উল্লেখ করে রাজ্যপাল মহোদয়া তার কর্ত্তব্য শেষ করে দিতেন না।

সভাপতি মহাশয়, কি ভাবে দেশ বিদেশে রবীন্দ্রনাথের জন্মশতবার্ষিকী উৎসব পালিত হতে চলেছে—আপনি তা জানেন। এখানে বিশদভাবে তার উল্লেখ করার প্রয়োজন নেই। বাংলাদেশের তুলনায় পৃথিবীর অন্যান্য দেশ রবীন্দ্রনাথের জন্মশতবার্ষিকী-কে অনেক বেশী উৎসাহের সঙ্গে পালন করতে অগ্রসর হয়েছে,—সভাপতি মহাশয়, আপনি তা জানেন। সম্প্রতি বিশ্বশান্তি সম্মেলন রবীন্দ্রনাথের জন্মশতবার্ষিকী উৎসব পালন করবার জন্য কি বিরাট আয়োজন করেছেন তাও দেখেছেন। চেকোশ্লোভাকিয়া, পূর্বজার্মানি থেকে আরম্ভ করে পিকিং পর্যন্ত এজন্য বিরাটভাবে আয়োজন চলেছে—। সেই আয়োজনের উল্লেখ আমরা সংবাদপত্রে দেখতে পাই। কিন্তু সেই তুলনায় নিশ্চয়ই পশ্চিমবঙ্গের আয়োজন অতি তুচ্ছ বলে মনে হবে—বিশেষ করে যখন এখানেই রবীন্দ্রনাথের জন্ম, মৃত্যু ও কর্মস্থান। এখানে তাঁর কর্ম, তার দান ও তাঁর ঐতিহ্যকে তিনি বর্দ্ধিত ও পুষ্ট করেছেন, যখন অন্যদের সঙ্গে তুলনা করি তখন সত্যিসত্যিই মনে হবে আমরা অতি তুচ্ছভাবে তাঁর জন্ম-শতবার্ষিকী উৎসব পালনের আয়োজন করছি।

সভাপতি মহাশয়, আপনি জানেন যে, সম্প্রতি বিশ্বশান্তি সম্মেলন রবীন্দ্রনাথের জন্ম-শতবার্ষিকী উৎসব পালন করবার জন্য আয়োজন করেছেন। তাঁরা এই উপলক্ষে বিঘোষিত করেছেন যে, এই আয়োজনে বিশেষ অধিকার বাঙ্গালীর, কারণ রবীন্দ্রনাথের জন্ম ও মৃত্যু বাংলায়; কলকাতা সেজন্য তীর্থক্ষেত্র। অতএব এখানেই তাঁর জন্মশতবার্ষিকী উৎসব পালিত হোক। সেজন্য সাধ্যমত আর্থিক সহায়তা থেকে আরম্ভ করে বিদ্যা এবং সংস্কৃতির সমস্ত রকম অবদানে তাঁরা আমাদের সহায়তা করতে প্রস্তুত। এই উপলক্ষে তাঁরা যে আয়োজন করতে চান তা হচ্ছে এই রবীন্দ্রনাথের লেখা থেকে বিশ্বমৈত্রী ও শান্তি সম্বন্ধে যে সমস্ত বক্তৃতা ও প্রবন্ধ আছে, সেইসব প্রবন্ধকে কিম্বা লেখাকে সংগ্রহ করে, তা নির্বাচিত ও সংকলিত করে, একটি গ্রন্থ প্রকাশ করা—ইংরাজী ও সম্ভব হলে বাংলা ভাষায়।

দ্বিতীয়তঃ, রবীন্দ্রনাথের জন্ম শতবার্ষিকী উপলক্ষে রবীন্দ্র সংবর্দ্ধনী স্বরূপ একখানা বিরাট গ্রন্থ প্রকাশ করবার আয়োজনও তারা করেছেন। তাতে পিকাসোর মত চিত্রকরের ছবির প্রতিলিপি আরাগোঁর মত কবির, এরেনবুর্গের মত সাহিত্যিকের, বের্ণালের মত বিখ্যাত বৈজ্ঞানিকের লেখা থাকবে। বিশ্বের প্রধান মনীষীরা রবীন্দ্রনাথের জন্মশতবার্ষিকী উৎসব উপলক্ষে তাঁর প্রতি শ্রদ্ধা-অর্ঘ্যরূপে যা লিখেছেন, তাদের সেসব লেখাও এই গ্রন্থের মধ্যে থাকবে।

শুধু রবীন্দ্রনাথের বিষয়ে লেখা নয়, পৃথিবীর প্রধান বিখ্যাত মনীষীদের নিজ নিজ ক্ষেত্রের অবদান,—কবিতায়, সঙ্গীত, স্বরলিপিতে, প্রবন্ধে ও চিত্রে, উপস্থিত করবেন এই গ্রন্থের মাধ্যমে। তারপর, সেই প্রধান গ্রন্থ সংকলিত হলে, তাকে উপলক্ষ্য করে পৃথিবীর এই সব বিখ্যাত মনীষীগণ কলকাতা সহরে এসে সেই গ্রন্থ উপহার স্বরূপ দান করতে চান, বাঙ্গালী জাতির হাতে, আমাদের তা গ্রহণ করতে হবে। এই ভাবে তাঁরা চান কলকাতা সহরে, বিশ্বের মনীষীগণ উপস্থিত হয়ে রবীন্দ্রনাথের জন্ম শতবার্ষিকী পালন করতে। সে তুলনায় আমাদের এই উৎসব পালনে কতটুকু চেষ্টা হচ্ছে, তা আমি একবার আমাদের সরকারকে স্মরণ করিয়ে দিতে চাই।

দ্বিতীয়তঃ, সোভিয়েট ইউনিয়নে রবীন্দ্রনাথের জন্মশতবার্ষিকী উৎসব পালন যেভাবে হচ্ছে তা আপনি নিশ্চয়ই জানেন, আমার তা বলা নিষ্প্রয়োজন।

আজকে যখন মুখ্যমন্ত্রী মহাশয় ক্রুশ্চেভের কথা উল্লেখ করতে পারেন, তখন তিনিও নিশ্চয়ই তার জ্ঞান রাখেন। বাংলাদেশের উৎসব সম্বন্ধে, এবং সোভিয়েট ইউনিয়নে রবীন্দ্রনাথের জন্মশতবার্ষিকী উৎসব পালন সম্বন্ধে তিনি কি করে আর উদাসীন থাকতে পারেন! অন্ততঃ ক্রুশ্চেভের আগমনের পর তিনি কি অবহিত হবেন?

এই জন্মশতবার্ষিকী উপলক্ষে যে রবীন্দ্রপরিচিতি গ্রন্থ প্রকাশ করবার জন্য সোভিয়েত দেশ সঙ্কল্প নিয়েছে তা আপনি নিজে জানেন—আপনিই তার অন্যতম সম্পাদক, আর সেই গ্রন্থের অন্যান্য লেখক কারা তাও আপনি জানেন। তাছাড়াও আপনি কিছু জানেন, ১৯৫৮ সালে আপনি যখন মস্কো গিয়েছিলেন তখন সেখানকার অভিনেতা এবং নাট্য প্রযোজকদের কাছে জানতে পেরেছেন, শুনতে পেয়েছিলেন এবং জিজ্ঞাসিতও হয়েছিলেন যে, রবীন্দ্রনাথের কোন নাটক মস্কোতে তারা যথাযথ ভাবে অভিনয় করতে পারেন এবং সেই সম্পর্কে সাহায্য করবার জন্য আমরা কি করতে পারি? তাঁরা নিজেরাই সেসব আয়োজনের সমস্ত ব্যয় বহন করবার জন্য ব্যস্ত, উৎসব পালন করবার জন্য উৎগ্রীব। আপনি দেখেছেন ১৯১৮ সাল থেকে তাঁরা এ বিষয়ে চেষ্টা করছেন। সেই সমস্ত কথা হয়ত, আজকে উল্লেখ করা প্রয়োজন হয়ে পড়েছে। যখনই দেখি বাংলাদেশ থেকে তাঁর উৎসবের আয়োজন এত তুচ্ছ হয়ে থাকে, এত অবহেলিত হয়ে থাকে তখন মনে বড় গ্লানি অনুভব করি। অবশ্য একটা আনন্দের বিষয় এই যে, এই উপলক্ষে পশ্চিম বঙ্গ সরকার রবীন্দ্র নৃত্য, নাটক, সঙ্গিত প্রভৃতির একটি শিক্ষানিকেতন রবীন্দ্রনাথের পৈত্রিক ভবনে প্রতিষ্ঠিত করবার আয়োজন করেছেন।

[9-50—10 a. m.]

তারপর এই রাজ্যে মন্ত্রী ও ব্যবসায়ীদের অধ্যুষিত একটি 'রবীন্দ্র জন্মশত বার্ষিকী পরিষদ ও গঠিত হয়েছে, আমি সেই পরিষদ প্রভৃতি সম্বন্ধে দু-একটি কথা উল্লেখ করতে চাই। কী তার স্বরূপ, আজ ও আমরা তা জানি না—। শুধু মাত্র সংবাদপত্রে দেখেছি—পরিষদ সংগঠিত হয়েছে। এইটুকু জানলেও, তার স্বরূপ—আমরা জানিনা।

[A Voice : তা কি সরকারী পরিষদ?]

আমি তা বলিনি। বলেছি—মন্ত্রী ও ব্যবসায়ীদের অধ্যুষিত একটা রাজ্য রবীন্দ্র জন্মশতবার্ষিকী পরিষদ গঠিত হয়েছে,—মনে হয়, আধা সরকারী পরিষদ। যতটুকু শুনেছি,—তাতে কিছুই বুঝতে পারিনি, তার স্বরূপ কি—তাও তাই জানি না। যেমন শুনেছিলাম, পরিষদের শিরোভূষণ হবেন আমাদের রাজ্যপাল শ্রীমতী পদ্মজা নাইডু, কবিত্বের কিছু গুণ যার রক্তে আছে। কিন্তু আমরা শুনছি তিনি নন, এর শিরোভূষণ ডাঃ বিধানচন্দ্র রায়—যাঁর রবীন্দ্র সাহিত্য ও সংস্কৃতির উপর মায়া ও অনুরাগ—একটা অবিসম্বাদিত প্রকাণ্ড ঘটনা। তিনি যখন সর্ব্বজ্ঞ, তখন তাকে না হলে কি কিছু মানায়?

[A Voice : শুনে সুখী হ'লাম!]

হ্যাঁ, সুখী হবারই কথা। এখনি আরো সুখী হবেন—শুনে। কে তার শিরোভূষণ তা অবশ্য এখন পর্যন্ত আমরা জানি না। তাই আরো সুখী হবেন এই শুনে যে, এর সম্পাদক যিনি,—তিনি নিজে এই ব্যাপারে কি কার্য্যক্রম হবেন, বা কি কি এ বিষয়ে তার করবার আছে—ইত্যাদি কিছুই জানেন না। কিছুদিন আগে সোভিয়েতের সাংস্কৃতিক প্রতিনিধিদের এ সম্পর্কিত জিজ্ঞাসার উত্তরদানের প্রয়োজনে অধ্যাপক সুনীতি চট্টোপাধ্যায়, যিনি এখানকার চেয়ারম্যান, ডাঃ রায় ও সুকুমার সেনের সঙ্গে সাক্ষাৎ করে জিজ্ঞাসা করেন—বাংলা দেশে রবীন্দ্র জন্মশতবার্ষিকী কিভাবে অনুষ্ঠিত হতে যাচ্ছে? তাতে সম্পাদক বললেন, "এ সম্বন্ধে কি হচ্ছে কিছু জানি না।" যিনি শিরোভূষণ হবার কথা ছিল সেই পদ্মজা নাইডু মহাশয়াও এ ব্যাপারে অজ্ঞ। আর সর্বজ্ঞ ডাঃ রায় তিনিই কি কিছু জানেন? না, তিনিও এ ব্যাপারে কিছু জানেন না। কারণ, কিছু হয় নাই। এই হল

উক্তি। এতে আমাদের কোন সংশয় নাই যে, তবু এই উৎসবের ব্যাপারে অনেক টাকা তোলা প্রয়োজন। এই মন্ত্রীরা ও ব্যবসায়ীরা কমিটির কর্তৃপক্ষ।—কাজেই টাকা নিশ্চয়ই আসবে। ডাঃ রায়ের জন্মদিনে টাকার তোড়া নিয়ে যাঁরা এগিয়ে আসেন তাঁরা জানেন ডাঃ বিধানচন্দ্র রায়ের সভাপতিত্বে ও মন্ত্রী ও ব্যবসায়ীদের নেতৃত্বে পরিচালিত যে কমিটি তাতেও টাকা খাটানো সুবুদ্ধিমানের কাজ। কারণ, এদের ব্যবসায় হচ্ছে সেরূপ প্রতিষ্ঠানে টাকা দেওয়া, যাতে টাকা উঠে আসবে। এটা রবীন্দ্র জন্মশতবার্ষিকী উৎসব কমিটি নয়,—এটা হচ্ছে রবীন্দ্র জন্মশতবার্ষিকী মিনিষ্টার অ্যাণ্ড ট্রেডার্স কোম্পানী লিমিটেড (প্রাইভেট)। এই কমিটিতে টাকা দিলে অন্যভাবে অনেক টাকার মুনাফা আদায় হবে। লুট হবে। অতএব, কমিটির টাকার অভাব হবে না, এ বিষয়ে আমরা নিঃসন্দেহ। অভাব হবে যোগ্যতার, অভাব হবে দায়িত্ব পালনের সময়োচিত কার্য্যক্রম গ্রহণের অভাব হবে এই উৎসবে.—তা এখনই বোঝা যাচ্ছে—এতে আর কিছু হোক বা না হোক, তাঁরা যে উপলক্ষে শেষ দিকে উৎসব না হোক, একটা হৈ-হুল্লোড় করতে পারবেন—এ আমরা জানি, এ বিষয়েও কোন সংশয় নাই।

আমি এখন সরকারী নৃত্য-নাট্য শিক্ষা নিকেতন যা প্রতিষ্ঠিত হতে চলেছে, - সরকার কর্তৃক যে ব্যবস্থা গৃহীত হতে চলেছে রবীন্দ্রনাথের পৈতৃক ভবনে—নৃত্য নাট্য শিল্পকলা শিক্ষা নিকেতনের আকারে তার সম্বন্ধে কিছু বক্তব্য বলছি। অত্যন্ত কুণ্ঠিত চিত্তেই এ প্রস্তাবের কিছুটা আমি অনুমোদন করতে পারি। সভাপতি মহাশয়, আমরা ইয়াসবায়া পলিয়ানায় টলষ্টয় স্মৃতিভবন দেখে এসেছি, মস্কোর চেকফ ভবনও দেখেছি। তা সাহিত্যিকদের সংগ্রহশালারূপে সুরক্ষিত। আমি মনে করি রবীন্দ্রনাথের পৈতৃক ভবনকে কেবলমাত্র একটা নাচঘরে বা নাট্যের মহরা ঘরে পরিণত করা উচিত নয়—কবিকৃতির সংগ্রহ থাকা উচিত। অবশ্য শান্তি নিকেতনে তা অনেকাংশে সংগৃহীত হচ্ছে। কিন্তু তা সত্ত্বেও কলকাতাসহর রবীন্দ্রনাথের পুণ্যস্মৃতি বিজড়িত, এখানে তাঁর জন্ম, এখানে তাঁর বৃদ্ধি। যে পরিবেশে তিনি মানুষ, তার বহু জিনিস—এখানে সংগ্রহ করবার মত আছে—বাঙলার অনেক ঐতিহ্য জড়িত আছে কবির সেই পৈতৃক ভবনের সঙ্গে। এই প্রসঙ্গে শেক্স্‌পিয়ারের বাসগৃহের কথাও আমি উল্লেখ করতে পারি—কিভাবে সাহিত্যতীর্থ রচিত করতে হয়, তা তার দৃষ্টান্ত।

Sir, এখানে শুধুমাত্র রবীন্দ্রনাথের পৈতৃক বাসভবনকে ভেঙ্গে চুরে কোন রকম একটা নাচ ঘর···

[At this stage the blue light was lit]

Sir, আমাকে আরো কিছু সময় দিতে হবে।

Mr. Chairman : You can speak for four or five minutes more.

Shri Gopalchandra Haldar : I am dealing with an important subject which no one else has touched and I would require ten minutes more.

Mr. Chairman : In that case some member of your party will have to be given some minutes less.

Shri. Gopalchandra Haldar : Sir, আমার বক্তব্য :—রবীন্দ্রনাথের পৈতৃক বাসভবনকে ভেঙ্গে চুরে শুধুমাত্র কোন রকম একটা নাচঘর বা নাচের মহড়ার ঘর তৈরী করলেই রবীন্দ্রনাথের শতবার্ষিকী পালন করা যায় না। সেরূপ পরিকল্পনা মাত্র সেই রকম সরকারের মাথায়ই আসে যাঁরা ময়দানকে উৎসন্নে দিয়েছেন, যাঁরা ডালহৌসি স্কোয়ার, কার্জন পার্ককে উৎসন্নে দিয়েছেন, যাঁরা পারলে সমস্ত কিছু উৎসন্নে দিয়ে কন্ট্রাকটারদের কতকগুলি বাড়ী ঘর করতে দিয়ে লুঠের সুবিধা করে দিতেই জানেন। তা নাহলে রবীন্দ্রনাথের পৈত্রিক ভবন এইভাবে ভেঙ্গে চুরে নাচের মহড়া ঘর না করে তা সংগ্রহশালায়

পরিণত করতে পারতেন। এরূপ কথা অধ্যাপক ডি, এম, বোস-এর মত নির্বিরোধ লোকও পত্রিকাস্তম্ভে তাঁদের কাছে নিবেদন করেছেন, তথাপি তারা ওদিকে কর্ণপাত করতে চাননি।

এই উপলক্ষে এই যে নৃত্যশিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হতে চলেছে, আমি তাতে সম্পূর্ণ অনুমোদন দিতে পারি না; তথাপি একে মন্দের ভাল বলে গ্রহণ করতে পারি। কিন্তু কথা হচ্ছে এই যে, শুধু একটা 'শিক্ষা নিকেতন' করে, শুধু কয়েকটি ব্যবসায়ী ও মন্ত্রীদের নিয়ে একটা রাজ্যপরিষদ গঠন করে রবীন্দ্রনাথের শত বার্ষিকী যথোচিতরূপে পালন করা কি সম্ভব? একে জাতীয় উৎসবরূপে, জাতির সর্বসাধারণকে সে আয়োজনের সঙ্গে যুক্ত করে একটা মহা উৎসবরূপে পরিণত করার ব্যবস্থা কি আমাদের সরকার করবেন না? তাহলে তাঁরা জাতীয় কর্ত্তব্য পালন করবেন কি করে; জাতীয় মর্য্যাদা রক্ষা করবেন কি করে; জাতীয় নিয়তি সম্বন্ধে অবহিত হবেন কি করে? শিক্ষা নিকেতন সম্বন্ধে এই আমার বক্তব্য।

এখন জিজ্ঞাসা করতে পারেন যে জাতীয় উৎসবের জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করতে পারা যায় আমি 'জাতীয় উৎসবের' কথা বার বার বলছি বলে। আমি অতি সংক্ষেপে সময় নেই বলে,—আপনাকে সেরূপ উৎসবের কয়েকটা দিক উল্লেখ করতে পারি। নিশ্চয়ই সময় পেলে আপনার সঙ্গে বা মন্ত্রীদের সঙ্গে বা যে কারো সঙ্গে আরও আলোচনা করতে অগ্রসর হতে পারি। জাতীয় উৎসব তাকেই বলে যা জাতীয় মত, আকাঙ্ক্ষা বা ঐতিহ্যের সঙ্গে নিজেকে সংযুক্ত করে এবং রবীন্দ্রনাথের স্মৃতি ও রবীন্দ্রনাথের আকাঙ্ক্ষাকে তার সঙ্গে রূপায়িত করে,—সকলে মিলে পালন করা যায়। এমন একটি বিষয়ের কথা আমি প্রস্তাব মধ্যেই উল্লেখ করেছি—বাঙলা ভাষা রাজকার্যে প্রবর্ত্তনের কথা। এরূপ আরও কিছু কিছু অনুষ্ঠান নিশ্চয়ই হতে পারে—আপনার কাছে আমি তাও সংক্ষেপে উল্লেখ করছি। যেমন, যা সবচেয়ে বড় জিনিষ হতে পারে তা হচ্ছে প্রথমতঃ একটা সর্ব ভারতীয় চেষ্টায় ও বাংলা দেশের চেষ্টায় এই কলিকাতা সহরে একটা আন্তর্জাতিক সাংস্কৃতিক মেলার আয়োজন। এই মেলা জিনিসটি আমাদের জাতীয় সম্পদ। আপনারা জানেন, জয়দেবের স্মৃতিতে আজ ৬-৭ শত বৎসর ধরে এই রকম মেলা জয়দেবের জন্ম ভূমি বীরভূমে কেন্দুলিতে অনুষ্ঠিত হয়। এইভাবেই বাংলা দেশ কবির পূজা করে থাকে। শুধু বাংলা দেশ কেন, সারা ভারতবর্ষে এই ভাবেই উৎসব করে থাকে। পৃথিবীর অন্য কোন দেশে কবিকে এই রকম ভাবে ৭ শত বৎসর ধরে শ্রদ্ধার সঙ্গে কবি-পূজার সার্বজনীন আয়োজন দেখা যায় না। আমাদের পরম গৌরব যে, আমরা বাঙালীরা এই রকম কবিপূজারী জাতি। মেলার যে ঐতিহ্য ও পদ্ধতি বা নিয়ম, তা এক্ষেত্রেও আমরা গ্রহণ করতে পারি কলিকাতা সহরে আগামী ফাল্গুন চৈত্র মাস থেকে আরম্ভ করে পরবর্তী বৈশাখ মাসের শেষ পর্যন্ত এই তিন মাস, আমরা ওরূপ আন্তর্জাতিক সাংস্কৃতিক অনুষ্ঠান যেন করি—এই হল আমার প্রথম কথা। সেখানে আমরা আহ্বান করবো লোক সংস্কৃতির সমস্ত শিল্পীদের, অন্য প্রদেশের সংস্কৃতির প্রতিনিধিদের এবং বিভিন্ন দেশের সংস্কৃতির লোকদের। সাহিত্য, চিত্রকলা, শিল্পকলা, সঙ্গীত কলা, নৃত্যের, সমস্ত প্রতিনিধিদের আমরা সেখানে আহ্বান করতে পারি, আমাদের সরকার আহ্বান করতে পারেন।

[10—10-10 a. m.]

সেজন্য প্রয়োজন হ'লে ইংলণ্ড, সোবিয়েৎ, এবং আমেরিকা থেকে এবং অন্যান্য দেশ থেকেও নাট্যসম্প্রদায়, নৃত্য ও সঙ্গীত শিল্পীদের এখানে কর্ত্তৃপক্ষ আহ্বান করতে পারেন, এবং তাঁরাও স্বেচ্ছায় ও স্বচ্ছন্দে সে আহ্বান গ্রহণ করবেন, তা জানি। সেই সঙ্গে আপনারা একটা জাতীয় নাট্যসম্মেলনেরও অনুষ্ঠান করতে পারেন। এভাবে আমাদের যেসব জাতীয় কলা ও শিল্প এবং অন্যান্য বিশিষ্ট জাতীয় সম্পদ আজকে অবলুপ্তির পথে যেতে

বসেছে, সেসব পুনরুদ্ধারকল্পেও একটা বিশেষ অনুষ্ঠান করতে পারেন। দ্বিতীয় কথা, সরকার যদি চেষ্টা করেন তাহলে এই উপলক্ষে অন্ততঃ একটি বাঙলা সাহিত্য মেলারও অনুষ্ঠান করতে পারেন। আজকে পূর্ববাংলার ও পশ্চিমবাংলার সাহিত্য সেবকদের আহ্বান করে একটা সাহিত্য মেলার অনুষ্ঠান করার বিশেষ প্রয়োজন রয়েছে। সরকার অগ্রণী হযে এই জিনিষের ব্যবস্থা না করলে উভয় বাংলার সাংস্কৃতিক মিলন অসম্ভব। রবীন্দ্রনাথকে কেন্দ্র করে এভাবে উভয় বাংলার সংস্কৃতি ও সাহিত্য উৎসব নিশ্চয়ই উদ্‌যাপিত করা একটা জাতীয় উৎসব, জাতীয় কর্তব্য।

আমার তৃতীয় বক্তব্য, এই উপলক্ষে বাংলায় রবীন্দ্রনাথের সাহিত্যের একটা সুলভ সংকলন প্রকাশ করা প্রয়োজন। ভারতে অন্যান্য ভাষায় সাহিত্য একাদেমীর পক্ষ থেকে রবীন্দ্র সাহিত্যের এই রকম সংকলন প্রকাশিত হয়েছে। আমাদের এখানেও ৩।৪ হাজার পৃষ্ঠাব্যাপী একটা সুলভ সংকলন প্রকাশ করা যেতে পারে। সরকারের পক্ষে তা একটা সম্মানজনক কাজ হবে, এবং কবির প্রতিও যথোচিৎ সম্মান দেখান হবে, বাঙালী জাতির অতিগুরুতর দাবীও পূর্ণ হবে।

আমার চতুর্থ কথা হচ্ছে, এই আজকে আমরা যে জনশিক্ষার কথা বারবারবলি সেই জনশিক্ষাই রবীন্দ্রনাথের কাছে অতি প্রিয় ও সর্ব আবশ্যকীয় জিনিস ছিল। এই কাজও আপনারা দ্রুত করতে পারেন, এবং তার জন্য একটা ব্যাপক কার্যক্রম এ সময় থেকে গ্রহণ করা উচিৎ। তাতে করে রবীন্দ্রনাথের প্রতি যথোচিত শ্রদ্ধা প্রদর্শন করা হবে, জাতীয় প্রয়োজনও সিদ্ধ হবে। আমার পঞ্চম কথা—জলাভাব দূর করার আয়োজন সম্পর্কে। বাঙলা দেশের সর্বত্র যে দারুণ জলাভাব দেখা যায় তা দূর করার ব্যবস্থা এ উপলক্ষে দৃঢ়ভাবে গ্রহণ করতে পারেন, তাতে জনসাধারণের উপকার হবে। রবীন্দ্রনাথের এরূপ কাজে বিশেষ আগ্রহ ছিল। জীবন সায়াহ্নে, অশীতিতম জন্ম দিবসে তাঁর বিখ্যাত অভিভাষণ 'সভ্যতার সংকট' পাঠ করে তিনি যখন গৃহে ফিরে আসেন তখন তিনি অনেক কথা বলেছিলেন দেশের দুর্দশা সম্বন্ধে। এবং যে রবীন্দ্রনাথের চোখে পুত্রবিয়োগের ও বহু স্বজন বিয়োগের শোকেও জল দেখা যায়নি, সেই রবীন্দ্রনাথের চোখ দিয়ে জলধারা বেয়ে পড়ছিল সেদিন। তিনি যখন বলেছিলেন, "আমি আবাল্য দেখেছি যে, আমাদের দেশের মেয়েরা গ্রীষ্মের দারুণ রৌদ্র মাথায় নিয়ে দূরদূরান্তর, গ্রামগ্রামান্তরে গিয়েও এক ঘড়া জল না পেয়ে শুষ্ক মুখে ফিরে আসে।" এ বিষয়ে আমার বলার কথা হচ্ছে, সরকার যদি আন্তরিক চেষ্টা করেন তা হলে বাংলা দেশ থেকে জলাভাবের এই অভিশাপ দূরীভূত হতে পারে। এবং তাতে তাঁরা রবীন্দ্রনাথের আশীর্বাদ লাভ করবেন, একটা সাধারণ জাতীয় কর্তব্যও পালন করবেন—জাতীয় উৎসবে তাই এটিকে একটি অঙ্গ বলে গণ্য করা প্রয়োজন।

অধ্যক্ষ মহোদয়, আপনি আমাকে অতিরিক্ত সময় দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আমি আশাকরি যে, একটা জাতীয় উৎসবের অনুষ্ঠান করে এই বিষয়ে তাঁরা তাঁদের কর্তব্য পালন করবেন। এ সম্পর্কে এতদিন তাঁরা যে উদাসীনতার পরিচয় দিয়েছেন বাংলা দেশের আবাল বৃদ্ধাবনিতা তার নিন্দা করবে—আমি আবারও উল্লেখ করব তাঁরা যাই করুন না কেন, জাতীয় দায়িত্ব, জাতীয় কর্তব্য ও জাতীয় মর্যাদা এ ভাবে তাঁরা যেন ক্ষুণ্ণ না করেন।

Shri Tripurari Chakravarty: Sir, my observations today on the Governor's Speech will be devoted mainly to the field of education. I do not view education merely as acquiring technical skill or proficiency in a subject or a number of subjects. My conception of education is all-embracing and far more comprehensive. I look forward to an ultimate reconstruction of our society in Bengal through planned education.

We can only create good citizens in a good society through the instru-

ment of education. In this sense education and citizenship are essentially inter-related. But unfortunately, Sir, judged from this point of view, our educational system, educational ethics and our educational structure in West Bengal today have not produced the desired results. The Hon'ble Minister has referred to continued progress in the field of primary education. He has given us statistics, he has referred to the increase in the numerical strength of the students—boys and girls attending elementary schools. In spite of this increase in numerical strength, our primary education or elementary education is still imperfect and unserviceable. Our secondary education is unsound and does not seem to bear any organic relation to our elementary education. Our college education—higher education—is haphazard, lopsided and that education also is not based on a rational or scientific basis. The gulf or the divorce between secondary education and college education seems to be insurmountable. I am thinking of the remedy—naturally all intelligent citizens are thinking of the remedy for this state of affairs. To my mind, Sir, the paramount need at the present moment is to improve the lot of the teaching staff in West Bengal from the primary stage to the university stage. In this connection I would like to refer to a letter which Mr. Horace Alexander, the great Quaker philanthropist, wrote and which has been published very recently in the columns of "The Statesman". We all know that Mr. Horace Alexander, the great Quaker philanthropist, acted as a voluntary messenger of peace between Mahatma Gandhi and Lord Irwin at the time of the second Civil Disobedience Movement of 1930. That Mr. Alexander has returned to India after many years and he has said that he is greatly distressed to see the condition of education in India today and he has suggested that the salaries of the teaching staff in higher education should be doubled, the salaries of the middle grade should be trebled and the salaries of the lower teaching staff should at least be quadrupled and Mr. Alexander has further suggested that education should be placed at the forefront of all plans, education should have priority, education is more important than industrialisation education is more important than even water supply. He has said industrialisation and water supply can wait but education cannot and after all, Sir, the political and social condition of the country is the reflection of what is happening in the minds of men, in the minds of the citizens. We must enlighten the minds of the citizens, we must educate all.

[10-10—10-20 a. m.]

I might also refer, Sir, in this connection to a statement which was made by our Vice President, Dr. Sarvapalli Radhakrishnan. I think in one of his addresses delivered as the Chancellor of Delhi University he said that the salaries in all branches of the Educational Service should be uniform with the salaries of the members of all branches of the Administrative Services. That is what he said, but that is not being done in our country even today.

Then again, Sir, I would like to refer to the need for moral and ethical education. Our Education Minister knows perhaps—he attended the meeting of the Central Advisory Committee on Education in early February, and in that Advisory Committee meeting, I understand, the report of the Sri Prakasa Committee was discussed. I have not been able to see that Report as yet. I would like to hear something on this from the Education Minister. On one occasion he joined issue with me when I tried to stress the need for the spread of sacred literature in West Bengal. He said, "We are a secular State. We cannot do much for encouraging the propagation of sacred literature." I am not convinced, Sir, I would like to hear what he thinks about the recommendations of this Sri Prakasa Committee Report.

Sir, I would like to refer to another Report—the Deshmukh Committee Report on National Service. I think it is a good Report, it is a good recommendation—compulsory national service for all students for 9 months before the students are allowed to proceed to the University. At the present juncture such a discipline is needed for our boys in Bengal.

Then again, I would earnestly urge upon the Education Minister the need for the appointment of a Commission to investigate into the causes of the students' unrest. As closely associated with the student community, I know someteing about the causes of the present discontents. I am not one of those who think that students are never in the wrong. On the other hand, I feel that students have been in the wrong very much both in West Bengal and in the other States of India. But I do maintain that the time has arrived when this question of the distempers of the student community, the discontent of the students should be investigated by a competent Commission of educationists and administrators. Let us know what they have got to say on this matter. We know, Sir, that very recently the Education Minister of Uttar Pradesh announced in the Bidhan Sabha that he would appoint a High Power Commission to investigate into the affairs of the Universities in Uttar Pradesh.

Finally, Sir, I would try to place before our Government the need for social education by our universities and colleges. On a former occasion, about two years ago when I wanted to say something on social education I was interrupted by Dr. Bidhan Chandra Roy. I know there is a Department of Social Education. I have not much faith in that Department.

Sir, my plan or my idea of social education is far more comprehensive. My idea is that the illiterate adults in our country should be educated—should be properly educated. Much of their lives have already been wasted and perhaps their future lives are also going to be wasted, but let the Government of West Bengal do something for these unfortunate illiterate adults. We can requisition the services of university teachers and college teachers for this purpose in the countryside. This was done in England. I read the Autobiography of Viscount Haldane. He was responsible for founding the British Institute of Adult Education Albert Mansbridge, Harold Laski and some other great Professors volunteered to serve on this Institute and the scheme of adult education that was formulated by this Institute of Adult Education did much for the adults in England. Recently, the Government of India wrote a letter to the Registrar of the Calcutta University about the need of this adult education, but as you know, Sir, such letters are thrown into the wastepaper basket. (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : Even by the University ?) Yes, even by the University. Certainly, you should requisition the services of university teachers, college teachers and school teachers in the countryside for the purpose of adult education. The Educational Adviser to the Government of India, Ministry of Education, wrote a letter to the Calcutta University requesting the University to consider the question of implementation of the recommendation of the Estimates Committee of the Lok Sabha in respect of doing some intensive work in the field of social education by Universities in our country. In the list of activities have been mentioned extension lectures in the different localities of the country by University teachers, popular extension lectures in different localities by competent and enthusiastic University teachers, organising evening classes for adults, making arrangements for spreading literacy and health education, spreading of library facilities to the local people, conducting sociological services locally, etc. This is a remarkable letter. I had occasion to comment on this letter in the pages of the Calcutta Review in the month of May, 1959. So far as I know, nothing

is being done in this respect by the University, by the colleges or even by the Ministry of Education in West Bengal.

Now, Sir, this kind of education will be beneficial not only for the illiterate adults in West Bengal, but it will be beneficial for the teachers also. I am reminded of a statement by Bernard Bosanquet—our Education Minister is himself a student of Philosophy and he must know the name of Bosanquet. Bosauquet used to deliver lectures in the Eest End of London throughout his life. He has given us this memorable sentence : "In the highest efforts of thought, the abstract mind is fatal, and we get the abstract mind where there is no training in social responsibility." So, this scheme of social education or adult education will give our teachers in universities and colleges an opportunity for social responsibility. This is very much needed, Sir, at the present moment. Through this adult education or social education, we are likely to have the national integration of India which is the desire of all patriots of our country at the present moment.

[10-20—10-30 a. m.]

Our Prime Minister Pandit Jawaharlal Nehru and other leaders of public opinion and thought in our country constantly refer to the need of natinal integration in India at the present moment. Recently again the Government of India addressed another letter to the Registrar of the Calcutta University about the need for this national integration. Our Education Minister certainly knows this the need for national integration. I also had occasion to comment on this matter in June, 1959 in the pages of the Calcutta Review. So far as I know, nothing is being done. National integration remains a far cry. We talk about it but we do not adopt measures for promoting real national intergration. I would, therefore, say that something tangible ought to be done. I am not convinced by figures. In the Governor's address we are confronted by statistics—we are confronted by figures. I want to improve the content of education—the content of education must be improved and the people in our country must be educationally enlightened. Through this social education we are likely to have not only a thoroughly educated but also a socially united people ; we shall have real social cohesion. That is the object of any sound system of education.

Before I conclude I would address one word to our Education Minister whom I have known—I can claim—fairly intimately for some time. I remember to have seen a letter written to him in the early twenties of the present century by his preceptor, by his teacher Acharya Prafulla Chandra Roy. I am not really divulging the contents of a private letter. (Shri Sasanka Sekhar Sanyal : I have already divulged it on a previous occasion) I remember to have seen that letter. In that letter Acharya Prafulla Chandra Roy lamented greatly that the then Education Minister of Bengal was pursuing a wrong policy in the field of education and he congratulated our present Edueation Minister on the excellent education speeches that he made on the floor of the Legislative Council. Acharya Prafulla Chandra Roy made the prediction—expressed the wish—"Some day I hope you will become the Education Minister of Bengal and fulfil the hopes and aspirations I have about you." What will he now say to that ? He is a devout Hindu, an orthodox Hindu ; he believes in life after death I remind him that Acharya Prafulla Chandra Roy is watching his performance from above. Let him prove himself equal to the occasion and do something tangible for the education of the peoplo of West Bengal. Let him improve the content of education ; let him produce good citizens through well-planned education. Let him strive for creating a community of contented and socially united people.

Sri Biswa Nath Mukherjee : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহামান্য রাজ্যপাল মহোদয়ার অভিভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব আমাদের সামনে এসেছে সেটাকে আমি সমর্থন করছি এবং তার উপর যেসমস্ত সংশোধনী প্রস্তাব এসেছে সেগুলির আমি বিরোধিতা করছি। বিরোধীপক্ষের একজন সদস্য গতকাল এই ভাষণকে কোন ব্যবসায়ী প্রতিষ্ঠানের বার্ষিক রিপোর্ট বলে উল্লেখ করেছেন এবং আর একজন সদস্য রাজ্যপালের এই ভাষণকে প্রচার সম্পাদকের কাজ বলে উল্লেখ করেছেন। অবশ্য এই দুজন ভদ্রলোককে আমি দোষ দিই না কারণ তাঁরা দীর্ঘকাল শিক্ষকতার কাজে নিযুক্ত থেকে অল্পবয়স্ক চপলমতি বালকদের সাহচর্যে থেকে একথা উল্লেখ করতে পেরেছেন। তাঁরা যদি বিশেষ মনোযোগের সহিত রাজ্যপাল মহোদয়ার ভাষণ শুনতেন বা পড়তেন তাহলে তাঁরা দেখতে পেতেন যে রাজ্যপাল মহোদয়া তাঁর ভাষণে সম্পূর্ণ ভাবে সত্য কথা উল্লেখ করে গেছেন। গতবছর বাংলাদেশে সেপ্টেম্বর-অক্টোবর মাসে যে ভয়াবহ বন্যা হয়েছিল সেইসময় সবচেয়ে তৎপরতার সহিত যেসমস্ত কাজ করেছেন তা বিশেষ উল্লেখযোগ্য এবং প্রশংসার যোগ্য। সরকারী লালফিতার দীর্ঘসূত্রতার একটা অপবাদ আছে সেই অপবাদ ঘুচিয়ে তাঁরা সৈন্যবাহিনীর সাহায্য নিয়ে খাদ্যশস্য, ঔষধ, বীজাণুনাশক দ্রব্যাদি, বস্ত্র, কম্বল ও পশুখাদ্য প্রভৃতি এবং বিমানথেকে খাদ্যদ্রব্য সরবরাহ করে সেই সময় বাংলা দেশকে এক করাল দুর্ভিক্ষের হাত থেকে বাঁচিয়েছেন একথা অস্বীকার করবার জো নেই এবং এই কার্য্যের জন্য সরকারকে প্রশংসা করতেই হবে। এই বন্যার ফলে বাংলাদেশের প্রায় ২লক্ষ লোককে ডোল দেওয়া হয়েছে এবং এক কোটী ৩০ লক্ষ টাকা কৃষিঋণ দেওয়া হয়েছে। এটা না করলে বাংলাদেশের অবস্থা সেসময় যে কি হত তা কল্পনা করা যায়না। একথা সত্য যে, অনেক বেসরকারী প্রতিষ্ঠান সেইসময় আমাদের সাহায্য করেছে এবং জনগণকে এই দুর্ভিক্ষের কবল থেকে রক্ষা করেছে। লক্ষ লক্ষ লোককে সেই সময় বিমানের মারফৎ চাল আটা প্রভৃতি সরবরাহ করা হয়েছে। সেগুলি যদি তাঁরা ভাল করে দেখতেন তাহলে আমার মনে হয় এই ধরণের কথা তাঁরা উল্লেখ করতেন না। তারপর রিফিউজী প্রব্লেম আমাদের সামনে রয়েছে। একশ্রেণীর রাজনৈতিক দল এই রিফিউজীদের নিয়ে দাবা খেলা আরম্ভ করে দিয়েছেন এবং দণ্ডকারণ্য স্কীমকে বানচাল করার চেষ্টা করেছেন, কিন্তু আমি বলব তাঁরা কিছুই করতে পারবেন না। সরকার যদি তাদের উপর একটা বলিষ্ঠ নীতি প্রয়োগ করেন। তারা কোলকাতা সহর এবং তার আশেপাশে উদ্বাস্তুদের রেখে প্রয়োজনমত এবং সভা ও শোভাযাত্রা করে যে মনে করেছেন বাংলাদেশে তাদের সরকার গঠন করবেন আমি বলবো তাদের সে আশা সুদূর পরাহত। আমি এটা সরকারের দুর্বলনীতিই বলবো যে তারা এখনও পর্যন্ত ওঁদের রিফিউজীদের নিয়ে দাবা খেলা চালাবার সুযোগ দিচ্ছেন। কঠোর ভাবে তাদের জানিয়ে দেওয়া উচিত যে ভবিষ্যতে এই সব উদ্বাস্তুদের নিয়ে তাঁরা যেন ছিনিমিনি না খেলেন। সরকারী পরিবহন ব্যবস্থা সম্বন্ধে সেদিন ডাঃ মণীন্দ্র চক্রবর্তী উল্লেখ করেছেন। আমরা দেখতে পাচ্ছি যে কোলকাতা সহরে এবং উপকণ্ঠে ৪০০-৪৫০ ট্রামগাড়ী এবং ৫শো বাস চলে। তার উপর যদি আরো গাড়ী বাড়ানো যায় তাহলে মানুষ আর রাস্তা দিয়ে চলতে পারবে না। কোলকাতা সহরে যাঁরা বাসে যাতায়াত করেন তাঁরা দেখেন বাসের মধ্যে মানুষ কি ভাবে যাতায়াত করেন এবং কিভাবে সরকারের আদ্যশ্রাদ্ধ তাঁরা করেন। যে ভাবে office hourএ মানুষগুলোকে pack করে লয়ে যাওয়া হয় তার চেয়ে গরু ভেড়া প্রভৃতি অন্য জীবকে অনেক আরামে wagonএ বা লরীতে নিয়ে যাওয়া হয়। যদি কোনও লোককে মধ্যপথে নামতে হয় তাহলে তাকে তার অঙ্গবস্ত্রের কিছু অংশ ঐ পরিবহনে রেখে আসতে হয়। যদি কেহ Howrah বা Sealdah Stationএ নির্দিষ্ট সময়ে ট্রেণ ধরবার জন্য যান, আপনার হিসাবমত সহরের যে অংশ থেকে আপনি যাচ্ছেন সেই সময়মত গেলে সেই নির্দিষ্ট ট্রেণটি আপনার আর ধরতে হবেনা; Howrah Bridge এর মুখে গাড়ী আপনার কোনও কোনও সময় ২।৩ ঘণ্টার বেশী দাঁড়িয়ে থাকে। বিরোধ পক্ষ বলেছেন পরিবহনের সংখ্যা বাড়াইলেই এ সমস্যা মিটে যাবে।

সহরের রাস্তাগুলিতে বর্ত্তমানে যে হারে যানবাহন চলে ইহার উপর আরও সরকারী পরিবহ বাড়াইলে মানুষ আর চল্‌তে পারবে না এবং accident-এর সংখ্যা আরও বাড়বে।

[10-30—10-40 a. m.]

আজকে সহরের foot pathএ বহু লোক দখল করে বসে আছে, সেখানে তারা দিনে পর দিন বাস করছে, রান্না বান্না করে খাচ্ছে এমন কি সেখানে সন্তান ও সন্ততি উৎপন্ন হচ্ছে আজকে তাই সত্যই জন্মনিয়ন্ত্রণের দরকার যে কথা জনৈক সদস্য মহাশয় বলেছেন। আজ কলকাতা সহরে মানুষ রাস্তা দিয়ে চলতে পারে না। আজকে সত্যই সকলের চেষ্টা ক উচিত যাতে দণ্ডকারণ্যে উদ্বাস্তুদের কিছু অংশ পাঠান যায় কারণ বাংলাদেশে একছটাক জমি নাই। আজকে যে হারে জনসংখ্যা বৃদ্ধি পাচ্ছে ফলে আমরা না পারছি খাদ্যের যোগাড় করতে না পারছি বাসস্থানের যোগাড় করতে।

শিক্ষা সম্বন্ধে যে কথা মাননীয়া রাজপাল বলেছেন সেটা ঠিক। U. G.C. স্কীম সে কলকাতায় বৃহত্তর কলেজগুলিতে প্রবর্ত্তন হওয়ার পরে অল্প ছাত্র হওয়াতে সুবিধা হয়েছে কিছু লেখাপড়া ছাত্রদের মধ্যে হবে একথা সকলকেই স্বীকার করতে হবে। যদিও নতুন তিন কলেজ প্রতিষ্ঠিত হয়েছে, তবু যে হারে বৃহত্তর কলেজগুলিতে ছাত্রসংখ্যা কমেছে তাহা নতুন কলেজগুলিতে সংকুলান হবে কিনা সন্দেহ?

তারপর শ্রীস্নেহাংশু আচার্য মহাশয় বলেছেন যে চিনির দাম বেড়ে গিয়েছে, Black market এ চিনি চলে গিয়েছে। তিনি কি এটা জানেন না যে যে চিনি মিল থেকে উৎপ হয় তার দাম ১.১০ পয়সা ধার্য হয়েছে। এর মধ্যে Central Government থেকে ।৶০ আ পয়সা Indirect cess বা tax দিতে হয়। তবে খণ্ডেশ্বরী চিনি যেটা হয় তাতে কোন ট্যা লাগে না তাই তার দাম একটু কম হয় কিন্তু তাতে মিলের পক্ষে অসুবিধা হয় যে আকের দ বাঁধা আছে তাকে সেই দামে আক কিনতে হয় আর কুটিরশিল্প খণ্ডেশ্বরী ওয়ালারা বেশী দা আক কিনে চিনি বাজারে ছাড়ে তাই, মিল ঠিকদামে চিনি সরবরাহ করতে পারে না।

তারপর গোপাল হালদার মহাশয় রাজ্যপাল মহোদয়ার ভাষণে বক্তৃতা শুধু শ্রদ্ধেয় কবিগুরু উপরই নিবদ্ধ করেছেন। অন্যদিক একবারও তাই বোধহয় পড়েননি। তবে আমি এটু বলবো যে মাননীয়া রাজ্যপাল আগামী বছরে কবিগুরু শতবার্ষিকী পালনের যে উল্লেখ করেছে তাতে আমরা সকলেই গৌরব বোধ করিতেছি। ইংরেজ আমলে যাহা আমরা কল্পনাও করতে পারতাম না।

১৯৬১ সালে কবিগুরুর জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন করে তাঁর প্রতি সম্মান প্রদর্শন ক হচ্ছে একথা ঠিক কিন্তু নিমতলায় যেখানে কবিগুরুর নশ্বর দেহ ভস্মীভূত করা হয়েছে সেখা তাঁর একটি স্মৃতি সৌধ নির্মাণ করা হোক। Port Commissioners ও কলিকাতা পৌরপ্রতিষ্ঠা জানিয়েছেন যে গঙ্গার Irosion-এর জন্য, গঙ্গা ভাঙ্গনের ফলে কোনরকম স্মৃতিসৌধ সেখা তৈরী করার উপায় হচ্ছেনা তবু আজকালকার বৈজ্ঞানিক যুগে সেটা কেন হবে না? আ মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো—এসম্বন্ধে বিশেষজ্ঞদের মত ও পরামর্শ নিয়ে কবিগু রবীন্দ্রনাথের নশ্বর দেহ যেখানে ভস্মীভূত করা হয়, সেখানে তাঁর স্মৃতিসৌধ গড়ে তোলবার জ বিশেষ ব্যবস্থা অবলম্বন করুন। Expert Engineer-দের কথায়, রবীন্দ্রভারতীর তদানীন্ত সম্পাদক স্বর্গীয় সুরেশচন্দ্র মজুমদার তিনি সেইসময় করতে পারেন নি। কিন্তু আজ পুনর সমস্ত দিক বিবেচনা করে, যাতে তাঁর ঐস্থানে স্মৃতিসৌধ নির্মাণ করা সম্ভব হয় সেদিকে বিশে জোর দিয়ে ব্যবস্থা করুন।

আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। শ্রীক্রুশ্চেভ সেদিন ময়দা মিটিংএ যে কথাটা বলে গিয়েছেন এটা unparliamentary হবে কিনা জানিনা তাই আগে sentence বলিলাম না। বিরোধীদল যতই চিৎকার করুক অন্ততঃ গজরাজ আস্তে আ চলে যাবে।

Shri Santosh Kumar Bhattacharyya : Sir, I beg to move that the following be adced at the end of the address in reply, viz.,—

"But regret that there is no mentron of—

(a) the inadequacy of Government relief to flood affected areas and corruption in its distribution.

(b) the selfless and untiring efforts of the various non-official organisations to extend relief to flood-affectsd people and of the supreme sacrifice made by the common run of people in the State in aid of their efferts.

(c) the failure of the Government to control the price of riee and their complete surrender to the hoarders and speculators by withdrawing the State Act for price control ; and

(d) the serious loss and damage caused by the flood to educational insttutions, primary and Secondary, and the failure cf the Government to extend help either to revive those of them that were swept out of existence of to save them thar are tottering and struggling for existence."

মাননীয় সভাপতিমহাশয় : মাননীয়া রাজ্যপাল মহোদয়ার ভাষণের তৃতীয় অনুচ্ছেদের উপর আমার বক্তব্য মূলত রাখতে চাই। এই তৃতীয় অনুচ্ছেদে তাঁর ভাষণের প্রারম্ভে, তিনি গত বৎসর পশ্চিম বাংলায় যে বিধ্বংসী বন্যায় পশ্চিম বাংলার জনজীবনকে বিপন্ন করেছিল তার উল্লেখ করেছেন। কিন্তু উল্লেখ করতে গিয়ে ঠিক স্বাভাবিক ভাবে বন্যার পর আমাদের সরকার এবং তার মুখপাত্র মন্ত্রীগণ, বিশেষ করে খাদ্যমন্ত্রী—তাঁরা যে কথা বলেছিলেন, ঠিক সেই কথাগুলিই রাজ্যপালের ভাষণেতে পুনরুক্তি করা হয়েছে মাত্র। তাঁরা বলেছিলেন যে একমাত্র প্রাকৃতিক কারণের জন্য এই বন্যা হয়। অর্থাৎ অতি বৃষ্টির কারণই এই বন্যার একমাত্র হেতু এবং তিনিও তাই বলেছেন এই অতিবৃষ্টির ফলেতেই বন্যা হয়েছে। আমি জানি না জ্ঞাতসারে কি অজ্ঞাতসারে তিনি তাঁর বক্তব্য বলতে গিয়ে এই বিধান সভার আর এক জন, সেচমন্ত্রীমহোদয় তিনিও তাঁর ভাষণে ঐ একই উক্তি করেছিলেন, এবং আমি আশা করি পরিষদ বৃন্দের স্মরণে আছে তিনি বলেছিলেন যে ফারাক্কা বাঁধ যত দিন না হবে ততদিন পর্য্যন্ত কাঁথি মহকুমা ভাসবে। আমি মাননীয় সদস্যদের বিশেষভাবে এই কথাগুলি বললাম চিন্তা করবার জন্য। কাজেই ওরা একমতে অতিবৃষ্টিকে বন্যার কারণ বলে আত্ম প্রসাদ লাভ করেন এবং নিজেদের যে ব্যর্থতা, তার প্রমাণ দেন।

১৯৫৬ সালে বন্যাতদন্ত কমিটি গঠন করেছিলেন। সেই তদন্ত কমিটি কাঁথি মহকুমার এলাকায় মোরাক্ষীর জল নিকাশের জন্য স্বল্প মেয়াদী যে সমস্ত সুপারিশ করেছিলেন তার একটিও কার্যকরী হয়নি। তার যদি একটিও তখন কার্য্যে পরিণত হ'ত তাহলে এই বিধ্বংসী বন্যা হত না। এবং পশ্চিম বাংলার লোকের সংসার জীবন বিপন্ন হত না।

মাননীয় সভাপতি মহাশয়, আমাদের মাননীয়া রাজ্যপাল মহোদয়া তাঁর ভাষণে এই বন্যায় যে সমস্ত সরকারী অফিসার এবং মিলিটারী, যাঁরা এই বন্যা আক্রান্তদের উদ্ধার করেন এবং রিলিফ প্রভৃতি যে সমস্ত কাজ করেছেন তাদের প্রতি বিশেষ ধন্যবাদ দিয়েছেন এবং কষ্ট অনুভব করে বলেছেন "This could not have been achieved but for the unremitting effort of our officers, Civil, Police and Military,—who toiled day and night during the critical days to bring succour to the distressed people."

কিন্তু বোধহয় তাঁর দৃষ্টি এড়িয়ে গিয়েছে এবং এই সরকারের যে মন্ত্রীমণ্ডল, যাঁরা বাহিরে শাসনে আছেন, যাঁরা শাসন কার্য্য পরিচালনা করছেন, তারা ছাড়াও যে কত বেসরকারী প্রতিষ্ঠান দুর্গত জনগণকে সাহায্য করেছিলেন, রিলিফ বিতরিত করেছিলেন এই বন্যায় তার উত্তর এই ভাষণে পাচ্ছি না। শুধু মামুলী প্রথায় কয়েকটা লাইনে বলেছেন a large number of non-official organisations, তারাও কিছু কিছু কাজ করেছেন।

[10-40—10-50 a. m.]

কিন্তু একথা সকলে জানেন এবং সকলের জানা উচিত যে বন্যা যখন এলো—পয়লা অক্টোবর তারিখে, তার আট-দশ দিনের মধ্যে সরকারের কিছুমাত্র রিলিফ সেখানে গিয়ে পৌছায় নাই। লক্ষ লক্ষ হাজার হাজার দুর্গত মানুষ ওই বন্যায় আক্রান্ত হয়ে পড়েছিল—সীমাহীন জলরাশির দ্বারা। গ্রামের সাধারণ মানুষ যুবকরা নিজেদের চেষ্টায় নিজেদের তারা উদ্ধার করেছে। এমন কি বন্যার একমাস পরেও সেই সমস্ত বন্যাপ্লাবিত দুর্গত অঞ্চলে সরকারের তরফ থেকে কোন সাহায্য গিয়ে পৌছায় নাই। তা সত্ত্বেও জন সাধারণের এই বীরত্বপূর্ণ প্রচেষ্টায় সেই বন্যাপীড়িত মানুষ উদ্ধার পেয়েছিল। কিন্তু দুঃখের বিষয় তাদের প্রতি শ্রদ্ধা ও সম্মান জানাবার জন্য বিন্দুমাত্র প্রচেষ্টা রাজ্যপাল করেন নাই। সরকার কতখানি মায়ামমতাহীন হলে এইরকম হতে পারে। মিলিটারী রিলিফ বোট গিয়ে সেখানে আক্রান্ত এলাকায় দুর্গতদের উদ্ধার করেছে। কান্দি মহকুমায় ৮।১০টা বোট যা দিয়েছিল, তার অধিকাংশই অকেজো হয়ে পড়েছিল। এই সব বোট ব্যবহৃত হয় সৈন্যদের পারাপার করবার জন্য। এই মিলিটারী বোট ৪।৫ মাইল বন্যা আক্রান্ত অঞ্চলে চালাবার চেষ্টা হলে,—তার ২।৩টা মিলিটারী বোটে আগুন জ্বলে গিয়েছিল। ভূমি রাজস্ব মন্ত্রীর এ সম্বন্ধে নিজের অভিজ্ঞতা আছে। তিনি বন্যার জলস্রোতের ভেতর দিয়ে কিছু দূর যাবার চেষ্টা করেছিলেন কান্দীতে কিন্তু আধ মাইলও তিনি যেতে পারেন নাই। এমন কি মিলিটারী বোট পর্যন্ত কোন প্রয়োজনে আসেনি। মিলিটারী পার্সনেলরা নদীর ধারে আখের ক্ষেতে বসে রাত কাটিয়েছে, বাড়ীঘরে গিয়ে অত্যাচার করেছে তার প্রতিকার করবার জন্য কান্দী মহকুমা শাসকের কাছে পর্য্যন্ত সেখানকার মানুষ আবেদন করেছেন। মিলিটারীরা আখ ক্ষেতের আখ কেটে নিয়ে দরিদ্র জনসাধারণকে পীড়ন করেছে। এই মিলিটারীর কাছ থেকে প্রকৃতপক্ষে কোন সাহায্য পাওয়া যায় নাই। অথচ রাজ্যপাল তাঁর ভাষণে তাদের প্রশংসা করেছিলেন। আর যে সব অসীম সাহসী যুবকেরা বন্যার হাত থেকে তাদের মা বোনকে রক্ষা করেছে,—তাদের প্রতি কোন শ্রদ্ধার উল্লেখ—এই ভাষণের মধ্যে পেলাম না।

তারপরে হচ্ছে—দুর্নীতির ব্যাপার। রিলিফ নাকি দিয়েছেন effective relief দিয়েছেন একটা উদাহরণ দেব—যদিও অসংখ্য উদাহরণ আমার কাছে আছে। বহরমপুর সহরে গঙ্গার অপর পারে রাজাঘাট ইউনিয়নে ২২ হাজার লোকের বাস তারমধ্যে ১৪ হাজার লোক এই বন্যায় affected হয়েছে। আটশো বাড়ী ভূমিসাৎ হয়েছে, পাঁচশো বাড়ী আংশিক বিধ্বস্ত হয়েছে। সেখানে কি রিলিফ দেওয়া হয়েছে? মাত্র ২৫টা ফ্যামিলিকে House building loan দেওয়া হয়েছে প্রথম ২৫৲ টাকা। বাদবাকী কবে তারা পাবে জানি না। আর ১০।১২ খানা কম্বল এই একটা ইউনিয়নের জন্য দেওয়া হয়েছে। এই যে রিলিফ যা বিতরণ করা হয়েছে, সেটা অসীম সমুদ্রে বারি বিন্দুর মত। তাতে জনসাধারণের দুর্দশার কোন লাঘব হয় নাই। সেই বন্যার আঘাত আজও জনসাধারণের জীবনে প্রতিটা দিন, প্রতিটা মুহূর্ত তারা অনুভব করছেন। আরো কত দিন করবেন তা জানি না। আমি আশংকা করি—এই অপদার্থ মন্ত্রীমণ্ডলী বাংলা দেশের গদীতে যতদিন আসীন থাকবে,—ততদিন এই আঘাত তাদের জীবন থেকে মুছে যাবে না।

মাননীয় সভাপতি মহাশয়, শুধু কি তাই, এখানে জনসাধারণ যে অসীম বীরত্ব প্রদর্শন করেছিল তার কথা রাজ্যপালের ভাষণে নেই। Non-official Organisations, যারা প্রচুর relief নিজেদের সাধ্যমত দিয়েছিল, তাদের সম্বন্ধে কোন কথার উল্লেখ রাজ্যপালের ভাষণে পাচ্ছিনা। একটা চিঠি আমাদের মাননীয় শশাঙ্কবাবু যিনি মুর্শিদাবাদ United Relief Committeeর সম্পাদক এবং নগেনবাবু যিনি ঐ United Relief Committeeর সভাপতি, আমি তার একজন সভ্য, সেখানে শশাঙ্কবাবু প্রায় আড়াইমাস আগে মুখ্যমন্ত্রী ডাক্তার রায়কে চিঠি দিয়াছিলেন Dear Dr. Roy বলে। সেখানে যে অর্থ আমরা সংগ্রহ করেছিলাম তাতে এই ঠিক করেছিলাম যে, আগামী School final পরীক্ষার ছাত্রদের relief হিসাবে পরীক্ষার feeর কি অংশ আমরা দেবো। আমাদের কাছে head master-এর মাধ্যমে শতাধিক দরখাস্ত এসেছিল, এবং আমাদের সীমাবদ্ধ শক্তিদিয়ে ২০৲ করে প্রায় ৫০ জন ছাত্রকে পরীক্ষার fee দিযাছিলাম, সেখানে আরো ছাত্র যারা পায়নি তাদের জন্য আড়াই মাস আগে শশাঙ্কবাবু ডাক্তার রায়কে একটা চিঠি দেন কিন্তু সে চিঠির জবাব দেবার মত সৌজন্য পর্যন্ত আমাদের মুখ্যমন্ত্রীর হয়নি। তারপর বন্যাবিধ্বস্ত এলাকায় যে সব স্কুল আছে সেইসব স্কুলের কথা উল্লেখ করতে চাই। নিখিল বঙ্গ শিক্ষক সমিতির পক্ষ থেকে একটা পত্র লেখা হয়। To the Education Minister, Government of West Bengal, এবং সেই পত্রে আমরা উল্লেখ করেছিলাম যে বন্যা আক্রান্ত এলাকায় প্রায় ৪০০ বিদ্যালয় একেবারে ধ্বংস হয়ে গিয়েছে, Secondary School শতশত নষ্ট হয়ে গিয়েছে, প্রাথমিক বিদ্যালয় বহু নষ্ট হয়ে গিয়েছে, তাতে আমরা অনুরোধ করেছিলাম যে এই বিদ্যালয়গুলিকে অবিলম্বে সাহায্য করার জন্য এক হাজার টাকা করে ad hoc grant দেওয়া হোক এবং যেসমস্ত গৃহ নষ্ট হয়ে গিয়েছে সেই বিদ্যালয় গুলিকে তিন মাসের সম ছাত্রবেতন দেওয়া হোক। ৩রা ডিসেম্বর এই চিঠি দেওয়া হয়েছিল এবং মন্ত্রীমহাশয়ের দপ্তর থেকে তার উত্তর এলো ৩০শে ডিসেম্বর, সেখানে বলা হয়েছে "As regards remission of tuition fees of the pupils affected by the flood, the requirements of the institutions are enquired of by the District Inspectors of Schools concerned. The questions of remission of tuition fee will be considered on that basis."

এই চিঠির উত্তর দিলেন Deputy Secretary, Education Department Mr K. Lahiri তারপর District Inspectors of Schools তারা সুপারিশ করে একটা estimate পাঠিয়ে দিলেন, এই সব বিধ্বস্ত এলাকার বহু অসুবিধার মধ্যদিয়ে District Inspectors তাদের estimate সহ report পাঠিয়ে দিলেন। আমাদের জেলা মুর্শিদাবাদে ৫০ হাজার মাধ্যমিক বিদ্যালয় পুনঃপ্রতিষ্ঠা করার জন্য এবং ৮০ হাজার প্রাথমিক বিদ্যালয় পুনঃপ্রতিষ্ঠা করার জন্য estimate দিলেন। কিন্তু এরপর সরকারী দপ্তর থেকে চিঠি দিলেন ৩০শে ডিসেম্বর যে experts দিয়ে এই সব estimate দেখতে হবে এবং তারপর এই সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করা হবে। আজকে মার্চমাস হয়ে গেল, আর একটা বন্যা আগামী বৎসরে আসবার সময় হল অথচ এখনও এসম্বন্ধে কোন ব্যবস্থা করা হল না, এর চেয়ে অকর্মণ্য, অযোগ্য, আমলাতান্ত্রিক মনোভাব আর কি হতে পারে। আর একটা চিঠি পড়ছি, আমার কাছে মুর্শিদাবাদের অনেক চিঠি আছে, আমি একটা পড়ে দিচ্ছি, বন্যা বিধ্বস্ত ভরতপুর, কাঁদি মহকুমার মানিহাটি স্কুলের প্রধান শিক্ষক লিখেছেন—"I on behalf on my teachers beg to state that in this flood affected locality food crisis is increasing day by day. My ill-paid and ill-clad teachers are starving. It is net superfluous to say that they are about to die for want of money."... এই রকম সহস্রাধিক বিদ্যালয়ের শিক্ষকরা বন্যা বিধ্বস্ত অঞ্চলে এই দুর্ভোগ ভোগ করছেন অথচ এদিকে সরকারের কোন নজর নেই। বন্যার কথা যা উল্লেখ করেছেন তাতে আত্ম-সমালোচনার কোন কথা নেই।

[10-50—11 a. m.]

আমাদের সরকার এই বিরাট সমস্যা সমাধানের যে প্রচেষ্টা করছেন তাতে তাদের আত্ম-সন্তুষ্টির মনোভাব ফুটে উঠেছে। সরকার ছাড়াও যে Non-official Organisation বেসরকারী রিলিফ প্রতিষ্ঠানগুলি, ও গ্রাম্য প্রতিষ্ঠানগুলি যে বন্যার্তদের সাহায্য করেছে তাদের সম্বন্ধে কোনরকম শ্রদ্ধা প্রদর্শন বা প্রশংসার কোন কথা রাজ্যপালিকা তার ভাষণে উল্লেখ করেন নি। এর মধ্যে আবার দূর্নীতি কিরকম প্রকটভাবে বাসা বেঁধেছে তার দুই একটা কথা আমি বলব। ১১ই ডিসেম্বর তারিখে আমি জেলা ম্যাজিষ্ট্রেটের সঙ্গে লিখিত ভাবে দুর্নীতির সংবাদ জানাই। কিন্তু আজ পর্যন্ত তার কোন জবাব পাইনি। এর পর আরেকটা দুর্নীতির কথা বলে আমি আমার বক্তব্য শেষ করব। এটা ঘটেছে আমাদের ভূমি রাজস্ব মন্ত্রীর নির্বাচনের এলাকাতে। হলদিগ্রামে কুমারেশ চন্দ্র দে তিনি গভর্ণমেন্ট ডিলার হিসেবে কিছু কিছু রিলিফের জিনিষ নিয়েছিলেন। এর বিরুদ্ধে আমরা মহকুমা হাকিমের কাছে অভিযোগ করি। এবার মহকুমা হাকিম ৯-১-৬০ সালে তদন্তের নির্দেশ দেন এবং তিনি দোষী সাব্যস্ত হন। কিন্তু কোন অদৃশ্য হস্তের খেলায় তার আজ পর্যন্ত কেশাগ্র স্পর্শ করা হয় নি। আমরা শুনলাম তিনি ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয়ের ভোটের একজন অনুগত canvasser এবং তাঁর অনুগ্রহভাজন ব্যক্তি। এই রকম অসংখ্য দুর্নীতির ঘটনা আমার কাছে আছে। মাননীয় সভাপতি মহাশয় আপনি যদি চান আমি দিতে পারি।

গতবছর ৩রা ফেব্রুয়ারী বিধান সভা ও বিধান পরিষদের যুক্ত অধিবেশনে রাজ্যপালিকা বলেছিলেন—

"Already I see a new life pulsating through our towns and villages and the awakening of new spirit of selfhelp, pride and dignity among our masses."

আর এবছর তিনি জনসাধারণকে কৃচ্ছ্রসাধন করতে আহ্বান জানিয়েছেন। আরও sacrifice করতে উপদেশ দিয়েছেন। Necessities of life ত্যাগ করতে হবে। আমি তাঁকে বলি যিনি ৫॥০ হাজার টাকা বেতন ভোগী তাঁর এইরকম পরিহাস ও বিদ্রূপ করার কি অধিকার আছে? তিনি কৃচ্ছ্রসাধনের কথা বললেন। বিগত অধিবেশনে শ্রীশশাঙ্কশেখর সান্যাল মহাশয় তাঁর কৃচ্ছ্রসাধনের নমুনা এখানে উল্লেখ করেছিলেন। রাজ্যপালিকা বন্যাক্রান্ত কাঁদি পরিদর্শন করে আসার পরের দিন মহকুমা হাকিমকে ১৩৬ টাকা মদের বিল মিটাতে হয়েছিল। রাজ্যপালিকা তা ব্যবহার করেছিলেন কিনা জানিনা। একে কাকতালীয় বৎ বলা যেতে পারে। শীততাপ নিয়ন্ত্রিত হর্ম্যরাজিতে বাস করে রাজ্যপালিকার পক্ষে কৃচ্ছ্রসাধনের কথা বলা পরিহাসের মত শোনায়।

Sri Sasanka Sekhar Sanyal: Sir, may I add for the correction of information, সেই টাকাটা একটা private partyর নামে কেটে রাখা হয়েছে।

Sri Harendranath Majumdar: মাননীয় অধ্যক্ষমহোদয় আমি রাজ্যপালের অভিভাষণ মনোযোগ সহকারেই শুনেছি। এই সংযত অভিভাষণের মধ্য দিয়া পশ্চিম বাংলার একটা সামগ্রিক চিত্র আমাদের সামনে ফুটে উঠেছে। তাঁর ভাষণে আজকে পশ্চিম বাংলার নানাবিধ সমস্যা, যেমন উন্নয়ন পরিকল্পনা, কৃষি, সেচ, স্বাস্থ্য, শিক্ষা প্রভৃতি সকল বিষয়ই আলোচনা করা হয়েছে। তাঁর অভিভাষণকে আমি সংযত বলেছি এই কারণে যে, বেশী কাজ করা হয়েছে বলে কোথাও গর্ব প্রকাশ করা হয়নি এবং যেসব সমস্যা প্রকৃতই জনসাধারণের চোখের সামনে তুলেধরা দরকার মাননীয়া রাজ্যপাল শুধু তাই করেছেন, এর মধ্যে কোন আতিশয্য নেই। এই আতিশয্য নেই বলেই যদি আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা মনে করেন, পশ্চিম বাংলা সরকার কম কাজ করেছেন তাহলে তাঁরা

ভুল করবেন। কাজ বহু হয়েছে, এবং সেই তুলনায় তাঁর ভাষণ খুবই সংযত হয়েছে। রাজ্যপাল মহোদয়ার ভাষণ থেকেই আমরা জানতে পারি যে, ১৯৫৯।৬০ সালে ৩,০২২টি গ্রাম পঞ্চায়েৎ এবং ৪৬৯টি অঞ্চল পঞ্চায়েৎ গঠিত হয়েছে। এবং তিনি আরো জানিয়েছেন যে, আগামী বৎসরের শেষে, অর্থাৎ দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে ৮ হাজার গ্রাম-পঞ্চায়েৎ এবং ১,২০০ অঞ্চল পঞ্চায়েৎ গঠিত হবে। আমরা সকলেই একথা জানি যে, ইংরাজ রাজত্বের অবসানের পর কংগ্রেস সরকার জনসাধারণকে ভোটাধিকার দিয়ে একটা বিরাট শক্তি ও ক্ষমতার অধিকারী করেছেন। তেমনি আজ পঞ্চায়েতের মাধ্যমে তাঁদের আরো ব্যাপক গণতান্ত্রিক অধিকার দিয়ে আরো বিরাট শক্তির অধিকারী করেছেন এই কংগ্রেস সরকার। যদি দেশে সত্যিকারের গণতন্ত্র প্রতিষ্ঠা করতে হয়, এবং গণতান্ত্রিক অধিকার দেশের প্রত্যেকটি মানুষকে পৌঁছে দিতে হয় এবং তার যদি কোন পরিকল্পনা থাকে তাহলে এই পঞ্চায়েতের মাধ্যমে তাই হয়েছে। আজকে যেহেতু সমস্ত উন্নয়ন পরিকল্পনা, প্রশাসনিক ব্যবস্থা এবং গ্রামীণ অর্থনীতি পঞ্চায়েতের উপর নির্ভর করবে তাই পঞ্চায়েৎ আইন ও কার্য্যধারা সম্পর্কে কিছু কথা বলা প্রয়োজন। আমরা জানি যে পঞ্চায়েৎ যখন গঠিত হয় তখন সারা ভারতবর্ষের সমস্ত রাজ্যের স্বায়ত্বশাসন বিভাগের একটা বৈঠক সিমলায় হয়েছিল। সেই বৈঠকে এই কথা স্থির সিদ্ধান্ত হয় যে, যাঁরা পঞ্চায়েতের কর্মকর্তা ও প্রধান কর্মচারী হবেন তাঁদের শিক্ষণের ব্যবস্থা করা হবে। এই ব্যবস্থা অন্যান্য রাজ্যে হয়েছে। আমাদের পশ্চিমবঙ্গের অনেকগুলি পঞ্চায়েৎ গঠিত হয়েছে, এ বৎসরের ভিতর আরো বহু পঞ্চায়েৎ গঠিত হবে, কিন্তু আমাদের এখানে শিক্ষণের ব্যবস্থা এখনো হয়নি। আমি এ দিকে সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, অবিলম্বে শিক্ষণের ব্যবস্থা হওয়া প্রয়োজন। আমাদের শিক্ষাবিভাগে special cadre শিক্ষক নিয়োগের সময় আমরা বলেছিলাম তাঁদের যখন সামাজিক কার্যে আত্মনিয়োগ করতে হবে তখন তাঁদের শিক্ষণের ব্যবস্থা সরকারের করতে হবে। কয়েক বৎসর গেছে, কিন্তু সেই শিক্ষণ ব্যবস্থা হয়নি। আমার মনে হয় অবিলম্বে শিক্ষণের ব্যবস্থা প্রবর্ত্তিত না হলে পঞ্চায়েৎগুলি সুষ্ঠুভাবে পরিচালিত হবে না। আমরা জানি আর্থিক সংগতির উপর পঞ্চায়েৎগুলির সাফল্য নির্ভর করছে। কোন কোন প্রদেশে তাদের পঞ্চায়েতের নিজস্ব যা আয়—যেমন কর এবং ট্যাক্স—গাড়ী এবং অন্যান্য যানবাহনের উপর ট্যাক্স—তাহা বাদে সরকার থেকে রাজ্যের একটা অংশ পঞ্চায়েৎকে দেওয়া হয়েছে। কোন কোন ক্ষেত্রে শতকরা ৩০ ভাগ রাজস্বও দেওয়া হয়েছে পঞ্চায়েতকে। আমাদের পশ্চিম বাংলায় কি পরিমাণ অর্থ পঞ্চায়েতের হস্তে দেওয়া হবে তার উপর পঞ্চায়েতগুলির ভবিষ্যৎ কার্য নির্ভর করছে। সম্প্রতি স্বায়ত্বশাসনবিভাগীয় মন্ত্রী বলেছেন, বলবন্ত রায় মেহতা কমিটির রিপোর্ট অনুযায়ী পঞ্চায়েতের উপর আরো বেশী দায়িত্ব বর্তাতে পারে। অবশ্য পশ্চিম বংগ সরকার এই কমিটির রিপোর্ট অনুযায়ী এখনও কোন সিদ্ধান্ত করেননি। অন্যান্য রাজ্যে এই সিদ্ধান্ত হয়েছে। যদি এই রিপোর্ট জেনে নিতে হয় তাহলে জেলাবোর্ড, জেলা স্কুল বোর্ড, জেলা উন্নয়নের কাউন্সিলের সমস্ত ক্ষমতা পঞ্চায়েতের উপর বর্তাবে। আমরা জেলা বোর্ডগুলি সম্পর্কে এখনো কোন সিদ্ধান্তে আসেনি, জেলাবোর্ডগুলির ভবিষ্যৎ কি আমরা জানি না। যদি বলবন্ত রায় মেহতা কমিটির রিপোর্ট মানা হয় তাহলে জেলাবোর্ডগুলির অস্তিত্ব থাকবে না জেলা বোর্ডগুলির সমস্ত কাজ পঞ্চায়েতের উপরই বর্তাবে। কাজেই উন্নয়ন প্রশাসন প্রভৃতি ব্যাপারে যে বিরাট ক্ষমতা পঞ্চায়েতের উপর আসবে তারজন্য অবিলম্বে পঞ্চায়েতের হাতে আর্থিক সংগতি আসা প্রয়োজন। একটি কথা হতে পারে,—সমস্ত পশ্চিম বাংলায় অবিলম্বে পঞ্চায়েৎ গঠিত হচ্ছে না, কাজেই জেলা বোর্ডের বিলোপ হবে কি করে। তাই আমি বলি, যে যে অঞ্চলে পঞ্চায়েৎ গঠিত হয়েছে সেখানে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে পঞ্চায়েতের হাতে ক্ষমতা দেওয়া হোক এবং তৃতীয় পঞ্চবার্ষিক

পরিকল্পনার শেষ ভাগে যখন সমস্ত গ্রামে গ্রামে পঞ্চায়েৎ হবে তখনি জেলাবোর্ডের বিলোপ সাধন করা সংগত হবে।

[11-11—10 a. m.]

পঞ্চায়েৎ আইনের দ্বারা জনসাধারণ গ্রামের উন্নয়ন এবং প্রশাসনিক কার্য্য করবেন। এই বিরাট দায়িত্ব যখন তাঁদের হাতে পড়বেতখন এই আইন যাতে নিভুর্ল হয় এই আইনের মাধ্যমে যাতে পঞ্চায়েতের কার্য্যকারিতা বাড়ে তা আমাদের দেখা দরকার। এই আইন সম্পর্কে আমি ২।১টা কথা বলব। আইনে অনেক অসঙ্গতি আছে। আইনের সব চেয়ে বড় অসঙ্গতি এই যে অঞ্চল পঞ্চায়েতের প্রধানের কার্যকালের কোন স্থিরতা নেই। পঞ্চায়েৎ আইন যখন পাশ করা হয় তখন তাতে ৪ বৎসর-এর কার্য্যকাল স্থির হয়েছিল। পঞ্চায়েৎ সংশোধন আইনে বলা হয়েছে যে নির্ব্বাচনের পর প্রথম সভার পর থেকে পরের নিবাচনের প্রথম সভা পর্য্যন্ত তার কার্য্যকাল হবে। অর্থাৎ কোন নিদিষ্ট কাল স্থিরীকৃত করা হল না। এই কাল কে স্থির করবেন—এমন কোন ক্ষমতা সরকার দেননি। কাজেই এই সম্পর্কে আইনের একটা য়্যানোম্যালী আছে বলে আমি মনে করি। পঞ্চায়েৎ সংশোধন আইন যখন পাস হয় তখন তার উদ্দেশ্য এর কারণে বলা হয়েছিল যেহেতু গ্রাম পঞ্চায়েৎ এক বছরের জন্য মনোনয়ন হবে সেই হেতু অঞ্চল পঞ্চায়েতের কার্য্যকাল ৪ বৎসর ঠিক হয় না। কিন্তু আমি মনে করি এই যুক্তি ঠিক নয় এবং এই যুক্তির দ্বারা আরও সমস্যার সৃষ্টি হচ্ছে। কাজেই যদি নিবাচনের পর অঞ্চল পঞ্চায়েতের কর্মকর্তারা না জানেন যে কতদিন পর্যন্ত তাদের কার্য্যকাল তাহলে অনিশ্চয়তা জনিত তাদের কাজ ভালভাবে হবে না। সরকার যখন খুশি পঞ্চায়েৎ যদি গঠিত করতে চান তাহলে তাতে পঞ্চায়েতের কাজে ব্যাঘাত হবে বলে আমি মনে করি। তারপরে অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ গঠিত হচ্ছে, কিন্তু ন্যায় পঞ্চায়েৎ এখনও গঠিত হয়নি। ন্যায় পঞ্চায়েতের কাজ যতক্ষণ না আরম্ভ হচ্ছে ততক্ষণ পর্য্যন্ত পঞ্চায়েৎ পরিপূর্ণভাবে গণতান্ত্রিক উপায়ে সবপ্রকার কল্যাণসাধন করতে পারবেন না বলে আমার বিশ্বাস। কাজেই পঞ্চায়েৎ গঠন যখন আমরা স্থিরীকৃত করেছি তখন পরিপূর্ণভাবে পঞ্চায়েৎ আইনের কাজ হওয়া দরকার। সুতরাং আমি মনে করি যে ন্যায় পঞ্চায়েৎ অবিলম্বে গঠিত হওয়া উচিৎ। আমরা জানি যে শিল্প প্রধান অঞ্চল এবং গ্রামের সমস্যা এক নয়। আসামের আইনে শিল্পাঞ্চলের জন্য ভিন্ন প্রকারের পঞ্চায়েৎ গঠনের বিধান আছে। আমি তাই প্রস্তাব করি যে আমাদের শিল্পাঞ্চলের জন্য নূতন ধরণের পঞ্চায়েৎ গঠিত হওয়া উচিত। আমাদের পঞ্চায়েৎগুলিকে যে ক্ষমতা দেওয়া হচ্ছে তাতে তাদের যা আর্থিক সঙ্গতি তাতে কুলোবে না বলে আমি মনে করি। স্বাধীনতার পর দীর্ঘ ১২ বছর হয়ে গেল, কিন্তু মিউনিসিপ্যালিটির উন্নয়নের কোন প্রচেষ্টাই হয়েছে বলে আমি জানি না। শহরাঞ্চলের কোন কোন জায়গায় মেট্রোপলিটন বোর্ড জল সরবরাহের জন্য গঠিত হয়েছে, কিন্তু সাধারণ মিউনিসিপালিটি যেগুলি গ্রামাঞ্চলে প্রতিষ্ঠিত সেখানেও মেট্রোপলিটন বোর্ড হবার সম্ভাবনা নাই। আমি মনে করি যে গ্রাম্য মিউনিসিপালিটি—গ্রাম্যমিউনিসিপ্যালিটি এই কথা ব্যবহার করছি এই কারণে যে বাংলা দেশে বেশীর ভাগ মিউনিসিপালিটিতেই গ্রামাঞ্চল রয়েছে—সেখানে জল সরবরাহের সমস্যাই সবচেয়ে বড় সমস্যা। সেখানে কোন ওয়াটার ওয়ার্কস নেই। মিউনিসিপ্যালিটিতে জল সরবরাহের ব্যবস্থা না থাকায় সেখানকার লোকের স্বাস্থ্য খারাপ হয়ে যাচ্ছে। জল সরবরাহ বাদে প্রাথমিক শিক্ষা অবৈতনিক করণ রাস্তাঘাট নির্মাণ, আলোর ব্যবস্থা ইত্যাদি সমস্যাও মিউনিসিপ্যালটির প্রধান সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এই সকল সহরাঞ্চল গ্রামীন অর্থনীতির উপর প্রতিষ্ঠিত। সেখানে ফসলের উপর নির্ভর করতে হয়—সেখানকার উকিল, ডাক্তার এবং ব্যবসাদারের ব্যবসা সম্পূর্ণ ভাবে চাষীর ফসলের উপর নির্ভর করে। সেখানকার রুরাল ইকনমিক সুদৃঢ় বুনিয়াদের উপর

দাঁড় করান দরকার। আজকাল ইলেকট্রিসিটি বহু মিউনিসিপালিটিতে গেছে। এই ইলেট্রিক-সিটি সদ্ব্যবহার করার জন্য আমি মনে করি প্রতি মিউনিসিপ্যাল শহরে একটা করে পলিটেকনিক ইনষ্টিটিউট করা উচিত যেখানে সেই সেই অঞ্চলের ছেলেরা কারীগরি বিদ্যা শিখে সেখানে কুটিরশিল্প গড়তে পারবে এবং তার পরেই গ্রাম্য অর্থনীতি শহরাঞ্চলের অর্থ-নীতিতে রূপান্তরিত হবে। আমি এবার অন্য আর একটি কথা বলব। District Development Council বা Sub Division Council এ এম, এল, এ, হিসাবে আমি সদস্য আমি লোকাল অথরিটিজ কনষ্টিটুয়েন্সিকে রিপ্রেজেণ্ট করি এবং আমার ডেভালাপমেণ্ট কাউন্সিলে কোন কাজ নেই। সেখানে কাজ নেই এই কারণে যে মিউনিসিপ্যালিটিগুলিতে ডেভালাপমেণ্ট কোন প্রস্তাব নেওয়া হয় না। রুরাল এলাকায় ডেভালাপমেণ্টের জন্য District Development Council আছে। গ্রাম্য এলাকায় জল সরবরাহের জন্য বা বিদ্যালয় গঠনের জন্য জনসাধারণের অর্ধেক কনট্রিবিউশান লইয়া, কমিউনিটি প্রজেক্টের মধ্য দিয়া যে লোকাল ডেভালাপমেণ্ট ওয়ার্কস হয় তা মিউনিসিপাল এলাকায় হয় না। গ্রাম্য মিউনিসিপ্যালিটি বেকার সমস্যার কিছু কিছু সমাধানের সুযোগ যেন লোকাল ডেভালাপমেণ্ট ওয়ার্কসের মাধ্যমে দেওয়া হয়। ক্যালকাটা-কর্পোরেশনের সম্পর্কে আমি ২।১টা কথা বলব। টালিগঞ্জের ডেভালাপমেণ্ট আজও হয়নি। এখানকার জন্য মাষ্টার প্ল্যান হয়েছে কিন্তু সেই মাষ্টার প্ল্যান এখনও কার্য্যকরী হয়নি। আমার বন্ধু দেবপ্রসাদ বাবু কর্পোরেশনের এই মাষ্টার প্ল্যান সম্পর্কে কি হচ্ছে জানাতে পারবেন। মণীতোষ বাবু এসেসমেণ্ট সম্পর্কে যে কথা বলেছেন সে সম্পর্কে একটা কথা বলব। আমি মনে করি আমাদের য়্যাসেসমেণ্টের যে নিয়ম আছে সেই নিয়ম খুব বলিষ্ঠ। এ্যাসেসমেণ্ট সম্পর্কে নিয়ম হচ্ছে যে এটা ভাড়ার বেসিসও হবে। যে বাড়ীতে মালিক বাস করেন সেই বাড়ীও ভাড়া কত হতে পারে, তার উপর হবে। পৈতৃক বাড়ী বহুকাল যারা ভোগদখল করছেন সেই সকল বাড়ীও যদি ভাড়ার Basis এ ধরা হয় তা হলে মধ্যবিত্ত লোক কোলকতায় বাড়ী রাখতে পারবেন না। এজন্য বহু বাড়ী মধ্যবিত্ত বাঙালীর হাত থেকে চলে যাচ্ছে। কাজেই রেসিডেনসিয়াল হাউসের ট্যাকসেসান যা আছে তা রেসিডেনসিয়াল বেসিসও হওয়া উচিৎ। অর্থাৎ যে কালে বাড়ী তৈরী হয়েছে সেই কালের বিক্রির কষ্ট ধরে সেই হারে ধরা উচিৎ। কোলকাতার ল্যাণ্ড ভ্যালু সম্পর্কে আমি বলব যে, কোলকাতার ল্যাণ্ড রেকেটিয়ারিং চলেছে। ল্যাণ্ড ভ্যালু অসম্ভব বেড়ে চলেছে।

[11. 10—11. 20 a. m.]

এই ল্যাণ্ড ভ্যালু বেড়েছে ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের জন্য—এ কথা আমি মনে করি। ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট অক্সান করে জমি বিক্রি করতে আরম্ভ করেছে। মধ্যবিত্ত বাঙালীর ক্ষমতা নেই যে অবাঙালীর সাথে পাল্লা দিয়ে অকসানে জমি কিনবে। কাজেই কোলকাতায় ল্যাণ্ড ভ্যালু যদি কেউ বাড়িয়ে থাকে তা হলে ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট বাড়িয়েছে বলে আমি মনে করি। ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের এই নীতির জন্য আজ বাঙালী কোলকাতা শহরে থাকতে পারবেনা। কাজেই এই নীতির পরিবর্ত্তন হওয়া প্রয়োজন। আগে কোলকাতায় যেভাবে জমি বিক্রি হত যেমন হিন্দুস্থান ইন্সিওরেন্স কোম্পানি করতেন ইন্সটলমেণ্ট বেসিসে, সেই বেসিসে বহু বাঙালীর বাড়ী গড়ে উঠেছিল, কিন্তু আজকের দিনে আর বাঙালীরা কলকাতা শহরে বাড়ী করতে পারবেন না। শিক্ষা সম্পর্কে আমি দু'একটা কথা বলব। আমি মনে করি যে আমাদের শিক্ষার অগ্রগতি খুব সন্তোষজনক ভাবে হয়েছে। প্রাথমিক শিক্ষা সম্পর্কে আমার অভিজ্ঞতা আছে, আমি জানি কয়েক বছর আগে শিক্ষার যে পরিধি ছিল সেটা অনেক বেড়ে গিয়েছে। গ্রামে গ্রামে প্রাথমিক বিদ্যালয় হয়েছে আমার জেলা ২৪পরগণায় জানিনা এরকম কোন গ্রাম আছে কি না যেখানে বিদ্যালয় নেই, সমস্ত গ্রামে বিদ্যালয় গঠিত হয়েছে। কাজেই মাধ্যমিক শিক্ষাই বলুন আর প্রাথমিক শিক্ষাই বলুন

শিক্ষার যে অগ্রগতি হয়েছে এবিষয়ে সন্দেহ নাই। এবারে প্রাথমিক স্কুলের শিক্ষকদের দাবি সম্পর্কে আমি দু'একথা কথা বলব। প্রাথমিক শিক্ষকদের দাবি সরকার কিছু কিছু পূরণ করেছেন। একটা সত্য যে সরকার তাদের প্রভিডেণ্ট ফাণ্ডের ব্যবস্থা করেছেন, তাদের ছেলেদের বিনা বেতনে শিক্ষার ব্যবস্থা করেছেন, কিন্তু এটা কার্য্যকরী হতে খুব দেরী হচ্ছে, আজকে ১ বছর হয়ে গেল। সম্প্রতি শুনেছি এবং সার্কুলার দেখেছি—কোন কোন স্কুলেও সার্কুলার গেছে বিনা বেতনে শিক্ষার ব্যবস্থা হয়েছে। প্রাথমিক শিক্ষকরা দরখাস্ত করলে এর সুযোগ পাবেন। কিন্তু এই সার্কুলার সমস্ত স্কুলে পৌছায়নি। এটা অবিলম্বে পৌছান দরকার। বিদ্যালয়গুলিতে এবং প্রাথমিক শিক্ষকদের জানান দরকার যে তাদের দরখাস্ত করতে হবে। প্রভিডেণ্ট ফাণ্ড সম্পর্কে এই কথা বলবে যে সরকার যদিও প্রভিডেণ্ট ফাণ্ডের ব্যবস্থা করেছেন, এবারে বাজেটে বোধ হয় টাকার প্রভিসানও করেছেন কিন্তু জেলা স্কুল বোর্ডগুলিকে যদি তাদের প্রয়োজনীয় স্টাফ দেওয়া না হয় শিক্ষকদের এই প্রভিডেণ্ট ফাণ্ড ওপন করবার জন্য তাহলে আরও হয়ত ২ বছর চলে যাবে এই প্রভিডেণ্ট ফাণ্ড ওপন করতে। এই প্রভিডেণ্ট ফাণ্ড ১৯৫৯ সালের এপ্রিল মাস থেকে কার্যকরী হবে বলা হয়েছে কিন্তু ২ বছর যদি এইভাবে কার্যকরী করতে চলে যায় তাহলে ২ বছরের মাসিক যে দেয় তা তারা তাদের সামান্য মাইনে থেকে কি করে এক সঙ্গে দেবে তা আমি বুঝতে পারছি না। কাজেই এ সম্পর্কে সরকারকে ৪ টাকা ইকয়াল ইনস্টলমেণ্ট দেওয়ার অনুমতি দিতে হবে তা না হলে প্রাথমিক শিক্ষকদের পক্ষে সম্ভব হবেনা এক সঙ্গে এই টাকা দেওয়া। জেলা স্কুল বোর্ডের কাজের সম্পর্কে আমি দু'একটা কথা বলব। জেলা স্কুল বোর্ডে যে সমস্ত কর্মচারী কাজ করেন শিক্ষা বিভাগের কর্মচারীদের কজের চেয়ে তাদের কাজ কম নয়, সেকেণ্ডারী এডুকেশান বোর্ডের কর্মচারীদের কাজের চেয়ে তাদের কাজ কম নয়। কিন্তু তাদের স্কেল অব পে অত্যন্ত কম এবং অতি সামান্য এবং তাদের উন্নতির কোন আশা নেই। তারপর জেলা বোর্ডের সে ভবন. প্রতি জেলাতে, তা অত্যন্ত সংকীর্ণ এবং তাতে বসে কাজ করে তাদের স্বাস্থ্যহানী হচ্ছে। আমার জানা আছে সেখানে কাজ করার ফলে কিছু কিছু কর্মচারী আজকে টি, বি রোগে ভুগছে। কাজেই এ সম্বন্ধে একটা ব্যবস্থা করা প্রয়োজন। তারপর পঞ্চায়েতের মাধ্যমে প্রাথমিক শিক্ষার বিকেন্দ্রীকরণ হবার কথা আমরা আগেই বলেছি। এ সম্পর্কে একটা কথা শুধু বলছি যে একটা সেন্ট্রাল এডভাইসারি বোর্ড হওয়ার একান্ত প্রয়োজন। Central Advisory Board for Primary education না হলে সম্পূর্ণ বিকেন্দ্রীত হলে সেখানে তাদের এ্যাড্ভাইস কে দেবে, তাদের পরিচালনা কারা করবেন? কাজেই এ সম্পর্কে Central Advisory Board for Primary education হওয়া দরকার। আর একটা কথা, সেকেণ্ডারী এডুকেশান আইন আমরা কাউন্সিলে পাশ করেছি, এটা অবিলম্বে পাশ হওয়া উচিৎ বলে আমি মনে করি। এই অনিশ্চয়তার জন্য সেকেণ্ডারী এডুকেশান ব্যহত হচ্ছে। বসিরহাট সম্পর্কে আপনারা জানেন যে বসিরহাটের অপর পাশে ইছামতির উত্তরদিকে এক খণ্ড ভূমি আছে—৩ মাইল প্রস্থ এবং দৈর্ঘ্যে সেটা প্রায় ২০ থেকে ২৫ মাইল। এই ভূখণ্ড আমাদের হিন্দুস্থানের মধ্যে ঠিক তার গায়ে অপরাংশে পাকিস্তান—সেখানে কোন ন্যাচারাল ব্যারিয়ার নেই। আমাদের প্রধান মন্ত্রী মহাশয় যখন গত বছর বেরুবারী সম্পর্কে ঘোষণা করেছিলেন তখন সেই সংগে বসিরহাটের একটা ছোট্ট এলাকার কথা ছিল। সেই কথা শুনে না বুঝবার ফলেই হোক বা যে কোন কারণে হোক আমাদের ঐ অঞ্চলে সংখ্যালঘু সম্প্রদায় যারা ছিলেন তাঁরা খুব উল্লসিত হয়ে উঠেছিলেন এবং সেখানে হিন্দু যাঁরা ছিলেন তাদের উপর অত্যাচার করবার একটা চেষ্টা হয়েছিল সেই সময়ে এমন কি বসিরহাট কলেজে যে সব মেয়েরা ওখান থেকে যাতায়াত করেন নৌকা করে পার হয়ে, সেখানে কোন ব্রীজ নেই, রাস্তা নেই, একবারে সেপারেটেড—তাঁদের ভয় পর্য্যন্ত দেখিয়েছিলেন যে পাকিস্তানে নিয়ে চলে যাবো—এই অবস্থা সেখানে। সেজন্য

আমি মনে করি সেই অঞ্চলের উন্নয়নের প্রয়োজন এবং ইছামতীর দুজায়গায় দুটো ব্রীজ অবিলম্বে হওয়া দরকার। সম্প্রতি সেখানে একটা রাস্তা হয়েছে কিন্তু সেই রাস্তা সমস্ত অঞ্চল কভার করেনা এবং এখানে কতকগুলি ফিডার রোড প্রভৃতি হবার দরকার। তারপরে আমাদের ২৪ পরগণা জেলা যখন দুভাগে ভাগ হয়ে যাচ্ছে উত্তর এবং দক্ষিণ ২৪ পরগণা তখন আমি মনে করি ঐযে এলাকা ৩টা থানার অন্তর্গত—২টো থানা অপর পারে প্রতিষ্ঠিত আর একটামাত্র ঐ এলাকায় প্রতিষ্ঠিত, ঐ অঞ্চল ঐ তিনটি থানার অধীনে না রেখে ঐ অঞ্চলের মধ্যস্থলে একটা থানা করে তার অধীনে ঐ অঞ্চলকে রাখা উচিৎ এবং ৪।৫টা আউট পোষ্ট হওয়া উচিৎ পাকিস্তান বর্ডারে। আমার মনে হয় ঐ অঞ্চলে বহু জায়গা আছে সেখানে উদ্বাস্তদের পুনর্বাসন কত পারে এবং সেখানে উদ্বাস্ত পুনর্বাসনের জন্য আমি সেথায় কোন অসুবিধা আছে বলে আমি মনে করি না কাজেই এই অঞ্চলের উন্নয়ন প্রয়োজন। আর একটা কথা বলবো সেচ পরিকল্পনা সম্বন্ধে আপনি জানেন বিদ্যাধরি নদী বহুদিন ধরে মজে যাচ্ছে এবং মজে যাওয়ার দরুণ গত বছর এমন পরিস্থিতির উদ্ভব হয়েছিল যে টাকা বসির হাট রাস্তা যেটা একমাত্র কমিউনিকেসনের রাস্তা সেটা জলের নীচে ৬মাস ডুবেছিল এবং সেখানে কোন জল নিকাশ হয়নি। কাজেই এখানে জল নিকাশের ব্যবস্থা করা দরকার কারণ আবার বর্ষা আসছে এবছর বসির হাটের লোকেরা হয়ত আবার মেরুদন্ড হয়ে যাবে, কোলকাতায় আসতে পারবেনা। ঐ রাস্তা জলে ডুবে বন্ধ হয়ে যাবে। কাজেই এর একটা ব্যবস্থা হওয়া প্রয়োজন। রাজ্যপাল মহোদয়ার ভাষণের উপর যে ধন্যবাদ জ্ঞাপক প্রস্তাব আনা হয়েছে সেই প্রস্তাবকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি।

[11. 20—11. 30 a.m.]

Shri Satish Chandra Pakrashi: Sir, I beg to move that the following be added at the end of the end of the address in reply, viz,—

"But regret the omission of—

(1) acuta food crisis and the consequent suffering of the people resulting in the hunger march and the shooting of a large number of unarmed, peaceful men, women and children ;

(2) the miserable plight of the camp refugees who after 7 or 8 years of camp life with a hope of getting rehabilitation in West Bengal, are now being forced to leave West bengal for Dandakaranya where no condition or situation for rehabilitation is made, and for which thousands of refugees are deprived of their doles ; and

(3) any solution of the growing unemployment problem in the State. except that the Government is striving for it."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মোশান অব থ্যাংকসের উপর যে য্যামেণ্ডমেণ্ট দিয়েছিলাম তার ভেতর কিছুকিছু অংশ আমি যা দিয়েছিলাম তা ছাপানো হয়নি কেন হয়নি তা আমি জানি না। কয়েকটা সেনটেনস বাদ দেয়া হয়েছে। এখানে আমার বক্তব্য হচ্ছে রাজ্যপালিকা তাঁর ভাষণের প্রথমেই সেপ্টেম্বর অক্টোবর মাসের বন্যার বিষয় নিয়ে বক্তব্য আরম্ভ করেছেন—যেন এর পূর্বে বলার কিছু ছিল না কিন্তু এর মধ্যে কত ঘটনা ঘটে গেছে সে সম্পর্কে কোন উল্লেখ না করে প্রথমেই তিনি বন্যা থেকে সুরু করে দিলেন। অথচ দেশের দুরবস্থা যে আরো ভীষণ ভয়াবহ আকার ধারণা করেছিল পশ্চিমবঙ্গে ঠিক বন্যা হওয়ার প্রাক্কালে যে গভীর খাদ্যসংকট উপস্থিত হয়েছিল তারজন্য বুভুক্ষু জনগণ খাদ্যের দাবীতে সারা পশ্চিমবাংলায় শান্তিপূর্ণ আন্দোলন আরম্ভ করেছিল এবং সেই বুভুক্ষু জনগণের উপর যে লাঠি এবং গুলি নিক্ষিপ্ত হয়েছিল এবং তার ফলে বাংলা দেশের ৮০।৮২ জন স্ত্রীপুরুষ এবং শিশু নিহত হয়েছিল সে সম্পর্কে কোন কথা রাজ্য পালিকার

ভাষণে নেই। যে হিংস্র ও কলুষিত মনোবৃত্তি দেখে এই বুভুক্ষু নরনারী হত্যা করা হয়েছে তাকে সংযত করার কোন কথা রাজ্যপালিকার ভাষণে নেই। যদি দেখতাম সরকার সত্যকারের খাদ্য সংকটের সমাধানের দিকে এগিয়ে যাচ্ছেন তাহলে তার কিছু বলার ছিল না কিন্তু দেখা যাচ্ছে সরকারের খাদ্যনীতি এতটুকু বদলায় নাই।

গেলবার এতবড় খাদ্য সংকট হয়ে যাবার পর এমন কি গুলি করে মানুষকে নিঃশেষ করে দিয়েও কি সরকারের কোন অভিজ্ঞতা হয়নি? তারা এক দিকই বুঝেছেন 'সমুচিত শিক্ষা দেব যারা আন্দোলন করবে।' কিন্তু সরকারেরও তো শিক্ষা পাবার আছে কেন এমন করে বারে বারে গুলি চালাতে হয়! এ বিষয়ে কোন উল্লেখ রাজ্যপালিকা মহোদয়ার ভাষণে নাই। এত বড় দুর্যোগ ঘটে গিয়েছে, বন্যা ও বৃষ্টির দুর্যোগ যেমন করে আসে তেমনি করে গুলিবৃষ্টি হয়ে গেল কিন্তু সে সম্পর্কে কোন উল্লেখ এর মধ্যে নাই। উল্লেখ না থাকলেও মন থেকে তা ভুলে যাওয়া যায় না। লোকের মনের যে এত বড় আঘাত তা ভুলে যাবার নয়। মানুষ তা মনে রাখবে। সেটা চাপা দেবার এই যে চেষ্টা ভাষণে অনুল্লেখ থাকলেই মন থেকে এই দাগা মুছে ফেলা যাবে—এই চেষ্টা এটা ব্যর্থ প্রচেষ্টা। যদি এ বিষয়ের উল্লেখ থাকত ভাষণে তাহলে এই ভাষণকে আমরা সত্য ভাষণ বলে মনে করতে পারতাম।

দেশে খাদ্য সংকটের গভীরতা কম নয়। দ্রব্যমূল্য তো বেড়েই চলেছে। এই খাদ্য দ্রব্যের মূল্য বৃদ্ধি নিয়ে দেশময় আলাপ আলোচনা হচ্ছে, বিক্ষোভ প্রকাশ পাচ্ছে। কিন্তু সরকারের কানে কি কিছুই পৌছেনা? সরকারই এ সমস্তকিছুর মূল কারণ—তাদের অনেকে বলেছেন যে দৈব দুর্বিপাক খুব বেশী কিন্তু যে সমস্যা জটিল তা সমাধানের কোন সক্রিয় চেষ্টা নাই, তারা দোষ দিচ্ছেন প্রকৃতিকে, বিধাতাকে। কি কারণে ফসল উৎপাদন কম হচ্ছে বছর বছর deficit হচ্ছে তার মূল কারণ কি সেটা বার করার কোন চেষ্টা নাই। আশ্চর্যের বিষয় রাজ্যপালিকা মহোদয়ার ভাষণে মজুতদার, চোরাকারবারী মুনাফাখোরদের বিরুদ্ধে কোন কিছুর উল্লেখ নাই। অথচ দেশময় লোক জানে যে এই মজুতদাররাই Profit mongers কিন্তু এটা বলা হয় প্রফুল্ল সেনও একথা বলেন যে Surplus Producersরা অর্থাৎ কৃষকরাই খাদ্য লুকিয়ে রেখে এই খাদ্য সংকট সৃষ্টি করছে। কিন্তু জিজ্ঞাসা করি মাননীয় মন্ত্রী মহাশয় প্রফুল্ল সেন কি এটা জানেন না যে surplus producersদের জন্য এই খাদ্য সংকট নয়!

POINT OF ORDER

Shri Devaprasad Chatterjea: On a point of order, Mr. Chairman, Sir, I beg to draw your attention to the fact that the honourable member has addressed Shri Prafulla Sen as Prafulla Sen without prefixing the word 'Shri'. Is that parliamentary?

Mr. Chairman: It is only common courtesy to put 'Shri' before a name.

Shri Nagendra Kumar Bhattacharyya: Sir, the honourable member did not show any disrespect to the Hon'ble Minister.

Shri Jogindralal Saha: He knows it best.

Shri Nagendra Kumar Bhattacharyya: We have heard him say "মাননীয় মন্ত্রী মহাশয়" That shows that he did not intend to show any disrespect to the Hon'ble Minister.

Shri Jogindralal Saua: We are glad to know that.

Shri Nirmal Chandra Bhattacharyya: Sir I did not expect that Mr. Chatterjea would raise such a frivolous point of order.

Shri Satish Chandra Pakrashi: আমি একবার বলে পরে নিজেই সংশোধন করে নিয়েছি। খাদ্য ব্যবস্থা সম্বন্ধে এত কিছু করা সত্বেও আমরা দেখলাম এবিষয়ে এখনও অব্যবস্থা। নূতন করে বাংলা ও উড়িষ্যা খাদ্যাঞ্চল গড়ে তোলা হল। এটা হলে লোকে মনে করল ওখান

থেকে চাল আনা হলে চালের মূল্য বাজারে কমবে। কিন্তু সেদিন আমরা দেখলাম পথেই হাজার হাজার মণ চাল পাচার হয়ে গেল। এই সম্বন্ধে কি অনুসন্ধান হবে? ব্যবস্থা অবলম্বন করা হবে, সতর্কতা অবলম্বন করা হবে জানতে চাই। দিনের পর দিন চালের মূল্য, চিনির মূল্য অন্যান্য জিনিষের মূল্য বেড়েই চলেছে। এই মূল্যবৃদ্ধি থেকে নিষ্কৃতি পাবার সম্ভাবনা আছে বলে সরকারী ব্যবস্থায় কিছু হবে বলে আমি মনে করতে পাচ্ছিনা।

খাদ্য সম্পর্কে অনেকে অনেক কথা বলেছেন। আমি এসম্বন্ধে আর কিছু বলতে চাইনা। কিন্তু আর একটা বিষয়ের কথা বলবো—সেটা হচ্ছে উদ্বাস্তুদের কথা। উদ্বাস্তুদের নিয়ে আবার একটা নূতন সমস্যা সৃষ্টি হয়েছে, তার ফলে উদ্বাস্তুদের একটা ভীষণ সংকটের মধ্যে পড়তে হয়েছে। ১১ হাজার উদ্বাস্তুদের উপর নোটিশ জারী করা হয়েছে—এই বলে যে হয় তোমরা দণ্ডকারণ্যে যাও, আর তা না হলে কাল থেকে ৬০ দিন পরে তোমাদের ডোল বন্ধ হয়ে যাবে, অর্থাৎ তাদের ভাত বন্ধ করে দেওয়া হবে। প্রধানমন্ত্রী মহাশয় বলেছেন যে ইচ্ছার বিরুদ্ধে কাউকে দণ্ডকারণ্যে পাঠান হবে না। কিন্তু এটা যে ইচ্ছার বিরুদ্ধে হচ্ছে, তিনি কি তা জানেন না? আজ বাংলাদেশের ভিন্ন ভিন্ন উদ্বাস্তু ক্যাম্পে যারা আছে তাদের বলা হচ্ছে 'তোমরা দণ্ডকারণ্যে যাও তানাহলে তোমাদের ডোল বন্ধ করে দেওয়া হবে'। তাতে বহু হাজার উদ্বাস্তু সন্ত্রস্ত হয়ে উঠেছে। পশ্চিম বাংলার উদ্বাস্তুকে পুনর্বাসনের নাম করে এই ভাবে জোর করে দণ্ডকারণ্যে পাঠানর ব্যবস্থা হচ্ছে—অথচ দেশের লোক শতকরা ৯৯ জন তা পছন্দ করছে না। অবশ্য তাদের মধ্যে কেউ কেউ যেতে চাচ্ছেন, তারা যাক, বাধা দিচ্ছি না। দণ্ডকারণ্যের উন্নতির প্রয়োজন আছে আমরা স্বীকার করি। আমরা জানি ভারতবর্ষের মাঝখানে, বুকের উপর এতবড় অরণ্য পড়ে আছে, সেখানে উদ্বাস্তুদের নিয়ে গিয়ে দাবাখেলা হচ্ছে। সেখানে সামান্য কিছু development হয়েছে বটে, এবং তার জন্য সরকার কিছু কিছু ব্যয় করেছেন। উড়িষ্যার মধ্যপ্রদেশের লোকেরা বলছে—আমাদের এখানে থাকবার সুবিধা দিতে হবে, সকলেই দাবী করছে। আমাদের উদ্বাস্তুরা সেখানে অবাঙ্গালী বলে ঘৃণিত হবার আশঙ্কা দেখা দিয়াছে। যে ১১ হাজার উদ্বাস্তুদের উপর নোটিশ জারী করে ডোল বন্ধ করে দেওয়া হয়েছে, গভর্ণমেন্ট জানেন যে তারা কখনই দণ্ডকারণ্যে যেতে প্রস্তুত নন। কারণ পূর্বে দেখা গিয়েছে—দণ্ডকারণ্যে নেওয়ার জন্য লরী নিয়ে এসে, তাদের বলা হত গাড়ীতে ওঠবার জন্য, কিন্তু তারা গাড়ীতে ওঠেনি, দণ্ডকারণ্যে যেতে রাজী হয়নি। কিন্তু এবারে আর তাও হচ্ছে না, সরকারী লোকেরা একটা formal নোটিশ জারী করে দিয়ে যান মাত্র। অনাহারে অর্দ্ধাহারে, নানারকম অসুবিধার মধ্যে উদ্বাস্তুরা রয়েছে, তাতে অনেকে আত্মহত্যা পর্যন্ত করেছে। গতকালের এসেম্বলীতে ডাঃ সুরেশ ব্যানার্জী বলেন অনেক ক্যাম্পে উদ্বাস্তু আত্মহত্যা করেছে। তাদের দুঃখ দুর্দশা চরমে উঠেছে, তাদের একমুঠো ভাত খাওয়া বন্ধ হয়ে গিয়েছে, তারা ডোল পাচ্ছেনা। অর্থ উপার্জনের জন্য কেউ সাধু উপায় আবার কেউ কেউ বা অসাধু উপায় অবলম্বন করেছেন, কারণ তাদের বাঁচতে ত হবে! কেউ বা সরকারী কর্মচারীর তোষামোদ করে বাঁচার চেষ্টা করছেন। আমরা জানি ধুবুলিয়া ক্যাম্পের একজন বিধবা পরিবার তার ছোট ছোট তিনটি সন্তান নিয়ে বাস করছেন, তাদের ডোল বন্ধ করে দেওয়া হয়েছে। তাদের বাড়ীতে একজনও পুরুষ নেই, সাহায্যের অভাবে তারা তিল তিল করে মরণের পথে এগিয়ে চলেছে। গভর্ণমেণ্টের কাছে বারবার আবেদন করা হয়েছে। তারা দরখাস্ত করেছে—গভর্ণমেণ্টের কাছে এই বলে যে আমাদের উপার্জন করার মত কোন পুরুষ নেই; কেন ক্যাস ডোল বন্ধ করে দেওয়া হল? আমরা না খেয়ে আছি, এসম্বন্ধে শীঘ্র ব্যবস্থা করুন। তাঁরা উত্তর দিয়েছেন—আমাদের screening কমিটি যাচ্ছে। দশমাস হয়ে গিয়েছে, এতদিনেও screening কমিটি সেখানে গেল না। গভর্ণমেণ্ট তাদের জন্য কোন ব্যবস্থাই করছেন না। তারা মরতে বসেছে। আমি এসম্বন্ধে গভর্ণমেণ্টের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। Refugee Rehabilitation ডিপার্টমেণ্টের একজন কর্মচারীর সঙ্গে আমার আলাপ হয়েছিল; তিনি আমাকে বলেন—খান্নাসাহেবের

খামখেয়ালীর উপর কারও কিছু বলবার নেই, বলার অধিকারও নেই। তিনি যেভাবে বলেন, সেইভাবে আমাদের কাজ করতে হয়। অন্যায় হলেও তার প্রতিবাদ করবার উপায় নেই। তিনি স্বীকার করেন এইভাবে উদ্বাস্তুদের ডোল বন্ধকরা—তাঁর একটা খামখেয়ালী। আমি এই কর্মচারীটির নাম করতে চাই না, করলে হয়ত তার চাকরী যাবে। হাজার হাজার লোকের এই ভাবে যে ডোল বন্ধকরে দেওয়া হচ্ছে, এটা খুব অন্যায় বলে আমি মনে করি। ৪৫ হাজার লোকের উপর ক্রমে ক্রমে ডোল বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। তারা যদি দণ্ডকারণ্যে না যায়, তাহলে কি পশ্চিমবঙ্গের বোঝা তারজন্য কি বাড়বে? না কমবে? বাংলাদেশের বেকার সমস্যা আরও বেড়ে যাবে। এই যে ৪৫ হাজার গৃহহীন বেকার লোক, তারা বাংলাদেশের সমস্যা সমাধানের দিকে বিঘ্নস্বরূপ হয়ে যাবে নাকি? এই সমস্ত কথা বোধহয় সরকার চিন্তা করছেন। তাই তাদের ভাত বন্ধ করে দণ্ডকারণ্যে পাঠাবার জন্য এত ব্যস্ত হয়ে উঠেছেন।

[11-30—11-40 a. m.]

গভর্ণমেণ্ট দু-বৎসর যাবত চেষ্টা করছেন দণ্ডকারণ্যের উন্নয়নের জন্য। অনেক অর্থ অপব্যয় করেছেন—অনেক অফিসার কর্মচারী ডিস্‌মিস করা হয়েছে এবং ৪৫ হাজার পরিবারের জায়গায় মাত্র ৬৭২টি পরিবারকে সেখানে তাঁরা এপর্যন্ত পাঠিয়েছেন। এই ঘোষণা তাঁরাই করেছেন। এইভাবে পাঠাতে গেলে তাদের দশ বছর লেগে যাবে। দণ্ডকারণ্যের অবস্থা যে ভাল তা মোটেই নয়, সেখানেও ক্যাম্পে তারা আছে। সেখানে ওয়ার্কসাইট ক্যাম্পে থেকে কাজ করে, দৈনিক মজুরী পায়। যে মজুরী তারা পায়, তাতে তাদের পেট ভরে না। খবরের কাগজে উঠেছে—সেখানেও সভাসমিতি ও লালঝাণ্ডা দেখা দিয়াছে। যে খবর ওখান থেকে এখানকার উদ্বাস্তুদের কাছে আসছে, তাতে যারা যাবার কথা ভেবে ছিল, স্বভাবতই তারাও আর যেতে চাইবে না। পুনর্বাসনমন্ত্রী বলেছেন যে, সেখানে বাসস্থানের ব্যবস্থা হয়েছে। সরকার সেখানে বাস করার জন্য ক্যাম্প করে দিয়েছে। ক্যাম্পে যাক—কাজ কর, কাজের জন্য টাকা দিচ্ছি, রোজগার করার কাজ দিচ্ছি। থাকবার জায়গা এখানকার মতই দুরবস্থা। এই দুই বৎসরে খান্নাসাহেবের যে উদ্বাস্তুনীতি—তা মোটামুটি ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। তিনি ১৯৫৯ সালের জুলাই মাসের মধ্যে সকলকে দণ্ডকারণ্যে পাঠাতে চেয়েছিলেন, তাদের সকলকে পাঠানোর কাজ শেষ করে দেবেন। আর এখন বলছেন ১৯৬১ সালের মার্চ মাসের মধ্যে পাঠিয়ে দেবেন। কিন্তু উদ্বাস্তুদের ডোল বন্ধকরে দিয়ে বাংলাদেশের ভেতর একটা সংকটের সৃষ্টি করেছেন। কাজেই বলতে হয় খান্নাসাহেবের উদ্বাস্তু নীতি একেবারেই ব্যর্থ হয়েছে। এইজন্য উদ্বাস্তুরা দাবী করছে—খান্নাসাহেব পদত্যাগ করুন। আমি মনে করি খান্নাসাহেব এই দপ্তরের মন্ত্রী থাকলে উদ্বাস্তুদের এখনও পুনর্বাসন হবে না। বাংলাদেশে কোন জমি নেই—Saturation point যে পৌছে গেছে এই আওয়াজ তুলে বাংলাসরকারকেও তিনি এই মতে টেনে নিয়েছেন। ভারত গভর্ণমেণ্ট রাজপুতনার মরুভূমিতে সুরাটগড়ের সরকারী খামারে সোনা ফলাচ্ছেন, আর শস্যশ্যামলা বাংলাদেশে তাঁরা সোনা ফলাতে পারবেন না? উদ্বাস্তুদের খাওয়া-পরা ব্যবস্থা করতে পারবেন না। ইহা বড়ই দুঃখের বিষয়।

Reference to members by names

Mr. Chairman: A propos reference to members by their names, I would just like to bring this to the notice of the honourable members. This is from May's Parliamentary Practice, 16th Edition, at page 458: "In order to guard against all appearnce of personality in debate, it was formerly the rule in both Houses that no member should refer to another by name. In the upper House, however, a Lord is uow alluded to by name, but in the Commons each Member must be distinguished by the office he holds, by the place he represents or by other designations, as 'the noble Lord the seeretary of state for foreign affairs,' 'the honourable or 'right honourable

gentleman the member for York'„ or 'the honourable and learned member who has just sat down.'

We should try to follow this practice. Of course, it may be that no disrespect is intended. but we should avoid referring to members by name as much as possible.

Shri Nirmal Chandra Bhattacharyya : Is that a ruling ?

Mr. Chairman : No, it is not a ruling. I was just drawing your attention to propriety.

Shri Gopal Chandra Halder : আক্ষরিকভাবে এটাকে যেন রুলিং না করেন—শিষ্টাচারের জন্য।

Mr. Chairman : I was just drawing your attention to it as quite proper and sane.

Debate on the Governor's speech

Shri Bijay Bihary Basu : Sir, I move that the following be added at end of the adnress of in reply. viz.

> "But regret that it does not disclose how for the Government of West Bengal have done up til now and what is proposed to be done in future for the religious and maral education af the students in various slages."

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার নামে যে সংশোধনী প্রস্তাব আছে, সেটা আমি উপস্থাপিত করতে দাঁড়িয়েছি। আর সেটা আমাদের শিক্ষা সম্বন্ধে। অথচ আমাদের শিক্ষামন্ত্রী ওখানে নাই। আমার যেটা বলার, সেটা গঠনমূলক, তিনি না শুনলে, আমাকে শুধু বলেই যেতে হবে, কি ফল হবে জানিনা।

অনেকদিন থেকে দেখছি আমাদের দেশের ছাত্ররা ও ছাত্রীরা কারো কথা শুনছে না। বাপ-মা, অভিভাবক, বিদ্যালয়ের কর্তৃপক্ষ - কারো কথা তারা শোনে না এবং তাদের এই আচরণের জন্য আমাদের বিদ্যালয় অনির্দিষ্ট কালের জন্য সময় সময় বন্ধ দিতে হয়েছে ও হচ্ছে। এ জিনিষের কি করে প্রতিকার করা যায়—আমার বক্তব্য সেবিষয়। আমি আশা করেছিলাম যে মহামান্য রাজ্যপালিকার ভাষণে আমরা এই একটা গুরুতর সমস্যা সমাধানের কোন পথের কোন আলো দেখতে পাব।

Sri Prakash Commissionএ এটা সুপারিশ করা হয়েছে, কলিকাতা বিশ্ববিদ্যালয় এ বিষয় চিন্তা করছেন এবং এ বিষয় আমাদের সরকার কি করছেন সেটা আমরা জানবার আশা করেছিলাম। এইভাবে প্রথমে আমাদের দেখতে হবে এর কারণ কি, কোথায় আছে এর কারণ ? এর কারণ নির্ণয় করতে গেলে আমাদের রোগকে ভাল সুচিকিৎসক দিয়ে পরীক্ষা করাতে হবে। ছাত্রদের উপেক্ষা করলে চলবে না। তাদের কি বলার আছে, তাদের নিজেদের কিসে মঙ্গল হবে কিসে দেশের মঙ্গল হবে সেটা তাদের কাছ থেকে শুনতে হবে, তারপর তাদের পিতামাতার কথাও শুনতে হবে, শিক্ষকদের কথাও শুনতে হবে এবং শুনে এর প্রতিকারের একটা পথ বের করতে হবে। এটা শুনবার জন্য আমাদের পশ্চিমবঙ্গ সরকারের উচিত শিক্ষক, শাসক ও দেশ হিতৈষীদের নিয়ে একটা Commission অবিলম্বে গঠন করা। কারণ ছাত্ররাই দেশের ভবিষ্যৎ, তাদের উপর আমাদের দেশের ভালমন্দ নির্ভর করছে। আজকে যে সমস্ত ছোট ছোট ছেলেমেয়েরা খেলা করে বেড়াচ্ছে তারাই একদিন আমাদের দেশের নাগরিক হয়ে উঠবে। সুতরাং তারা যদি ভাল হয়ে গড়ে উঠে তবেই আমাদের দেশের মঙ্গল হবে। এখানে আমাদের বর্তমানে যে পাঠ্যসূচী আছে তার মধ্যে নৈতিক শিক্ষা বা ধর্ম শিক্ষা দেবার কোন ব্যবস্থা নেই।

আমাদের ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে হয়ত ধর্ম শিক্ষা সম্বন্ধে নানা আপত্তি থাকতে পারে কিন্তু একটা জিনিষ হচ্ছে যে আমাদের জীবনের লক্ষ্য কি, আদর্শ কি, সেটা হিন্দু, মুসলমান, খৃষ্টান, সকলের কাছে একই, সেটা কি করে শিক্ষা দেওয়া যায় সেটা ঠিক করতে হবে। নৈতিক শিক্ষা কি করে দেওয়া হবে? ছোট ছোট ছেলেদের মধ্যে প্রাথমিক স্তর থেকে এই শিক্ষা দিতে হবে এবং যতদিন আমরা সে ব্যবস্থা না করতে পারি ততদিন আমাদের শিক্ষা পূর্ণ হবে না। নৈতিক শিক্ষা উপেক্ষিত হলে মানসিক শিক্ষা হতে পারে না এটা আমরা বুঝি। সেইজন্য আমার সংশোধনী প্রস্তাবে এই কতক উদ্দেশ্যে এই কথা বলেছি সে নৈতিক শিক্ষা এবং ধর্ম শিক্ষা আমাদের পাঠ্যসূচীর মধ্যে থাকা উচিত। শিক্ষার যে উন্নতি হয়নি এ কথা আমি বলবো না, শিক্ষার উন্নতি কিছু করা হয়েছে। কিন্তু প্রকৃত শিক্ষা যে জিনিষ সেটা শুধু বিদ্যালয়ের সংখ্যা বাড়ালেই হয় না, পাঠ্যসূচী পাল্‌টাতে হবে। প্রাথমিক শিক্ষা ব্যাপারে আমাদের মাননীয় বন্ধু হরেন চৌধুরী মহাশয় বলেছেন যে, প্রতি গ্রামে প্রাথমিক বিদ্যালয় হয়েছে। আমি তার সঙ্গে একমত। কিন্তু বিদ্যালয়ে সে পাঠ্যসূচী আছে, যা ৩০ বৎসর আগে হয়েছে সেই পাঠ্যসূচীর বর্ত্তমান পরিবর্ত্তন করতে হবে। এর পর মাধ্যমিক শিক্ষায় যে নূতন পাঠ্যসূচী করা হয়েছে তাতে আমাদের জাতির সাংস্কৃতি ও কৃষ্টির ধারক সংস্কৃত ভাষাকে বন্ধ করে দেওয়া হয়েছে। সংস্কৃত যদি আবশ্যিক করা না হয় তাহলে আমাদের সাংস্কৃতি ও কৃষ্টি যে ব্যহত হবে সে বিষয়ে সন্দেহ নেই। আমার মনে হয়—এইজন্য পশ্চিমবঙ্গ সরকারের উচিত ভারত গভর্ণমেণ্ট যে কথা বলেছেন তাতে একমত না হওয়া এদেশের লোকের মতামত গ্রহণ করে এটা ঠিক করা উচিত। আমাদের সংস্কৃত পণ্ডিতমণ্ডলী বলেছেন আমাদের সংস্কৃত ভাষা উঠিয়ে দিলে আমাদের জাতির একটা মস্ত বড় অকল্যাণ হবে। এবং আমাদের কৃষ্টি এবং সাংস্কৃতি ব্যহত হবে।

[11. 40—11. 50. a.m.]

তারপর আমাদের পল্লীগ্রামের স্কুলগুলির বর্ত্তমান অবস্থা সম্বন্ধে আপনাকে কিছু জানাতে চাই। যে সমস্ত অঞ্চলে বন্যা হয়নি সে সব জায়গায় পর পর দুই বছর খাদ্যশস্য উৎপন্ন হয়নি। জমিতে কিছুমাত্র শস্য জন্মায়নি। তার ফলে স্কুলের ছেলেরা মাহিনা দিতে পারছে না। এর জন্য শিক্ষকরা মাহিনা পাচ্ছে না। আজ বিদ্যালয়গুলি অচল অবস্থায় এসে পড়েছে। সরকার যদি অবিলম্বে সাহায্যের জন্য এগিয়ে না আসেন তাহলে স্কুলগুলি চালান সম্ভব নয়। প্রায়ই দেখা যায় ছাত্রছাত্রীরা ৬ মাস ৮ মাস মাহিনা দিতে পারছে না। কারণ তাদের অভিভাবকদের ক্ষমতা নেই যে মাহিনা দেয়। তারা নিজেরাই দুইবেলা খেতে পায় না সুতরাং মাহিনা দেবে কোথা থেকে? এরপর আমি আরেকটি কথা বলতে চাই—যখন শিক্ষা সংক্রান্ত কোন বিষয় আমাদের সামনে পরিবেশন করা হবে তখন যেন—প্রাথমিক বিদ্যালয়ে যে ৪টি শ্রেণী আছে যেমন প্রথম শ্রেণী, দ্বিতীয় শ্রেণী, তৃতীয় শ্রেণী, ৪র্থ শ্রেণী—প্রথম শ্রেণীতে যতগুলি ছাত্র-ছাত্রী ভর্ত্তি হয় পরে দ্বিতীয় শ্রেণীতে কতগুলি গেল এবং এই রকম ভাবে ৪র্থ শ্রেণীতে শেষ পর্য্যন্ত কতগুলি ছাত্রছাত্রী পৌছুতে পারল। তার কারণ আমরা দেখেছি প্রথম শ্রেণীতে যতগুলি ছাত্রছাত্রী ভর্ত্তি হয় তার শতকরা ২৫ভাগ ছাত্র ছাত্রী দ্বিতীয় শ্রেণী অবধি পড়াশুনা চালাতে পারে না। কারণ আমরা বাড়ীতে বাড়ীতে যেয়ে ছাত্র সংগ্রহ করি, তাদের অভিভাবকরা বলে ছেলেদের স্কুলে পাঠাব তাদের কি পড়ে পাঠাব তাদের কোন কাপড় নেই প্যাণ্ট নেই যে পরে যাবে। বই তারা কিনতে পারে না। আরও বলে যে এক বেলার বেশী তারা খেতে পায় না। কারণ আমরা দেখেছি বাজারে ক্ষুদ বিক্রি হচ্ছে। এখন এই মাঘ মাসে তাদের ক্ষুদ খেতে হচ্ছে। সুতরাং আজকে গ্রামে বিদ্যালয় থাকলেও এই সব দরিদ্র ছাত্র ছাত্রীরা সুযোগ নিতে পারছে না। তারপর আমি আরেকটা কথা উল্লেখ করছি যে আমাদের দেশে নৈতিক শিক্ষা দেবার কি ব্যবস্থা হচ্ছে সেটা মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে থেকে শুনলে সুখী হব।

Shri Devaprasad Chatterjea: মাননীয় অধ্যক্ষমহোদয়, মাননীয় রাজ্যপাল তাঁর সুচিন্তিত ভাষণে এই রাজ্যের ক্রমোন্নতির যে চিত্র এঁকেছেন তা একান্ত বাস্তবোচিত এবং তাতে কোন প্রকার আতিশয্য নাই। আমাদের জাতীয় জীবনে আজ বিভিন্ন দিকে নানা সমস্যা প্রকটিত হয়েছে, তার মধ্যে প্রধান হচ্ছে খাদ্যসমস্যা। গত তিন বৎসর ধরে প্লাবন ও অনাবৃষ্টির জন্য আমাদের খাদ্যোৎপাদন বিপর্য্যস্ত হচ্ছে, যার ফলে আশানুরূপ উৎপাদন হয়নি। এই প্রকৃত ও বাস্তব ঘটনা বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা কি করে অস্বীকার করতে পারেন আমি বুঝতে পারছি না। তাঁদের ভাষণ থেকে এটাই মনে হয় যেন খাদ্যোৎপাদনের এই অপ্রতুলতার পিছনে সরকারের একটা লুক্কায়িত হস্ত ছিল। তাঁদের এই মনোভাবের আমরা কিছুতেই প্রশংসা করতে পারি না। এই রাজ্যের খাদ্যসমস্যা সমাধানের জন্য সরকার বহু সংখ্যক modified ration shop প্রচলন করেছেন, একটা খাদ্য ভাণ্ডার গড়ে তুলেছেন, বাইরে থেকে খাদ্য আমদানীর যথাযথ চেষ্টা করেছেন। কিন্তু তা সত্ত্বেও একথা অস্বীকার করা যায়না যে খাদ্যশস্যের মূল্য বৃদ্ধি আশানুরূপ প্রতিরোধ করা সম্ভব হয়নি। এব্যাপারে সরকারের গভীর চিন্তার প্রয়োজন। মূলকথা, আমার যা মনে হয়েছে খাদ্যোৎপাদনে যদি সরকার আরো মনঃসংযোগ না করেন তাহলে অদূর ভবিষ্যতে আমাদের খাদ্যঘাটতি মোচন সম্ভব হবে না। এজন্য উন্নত ধরণের জল সেচ, জলনিকাশ, উন্নত ধরণের কৃষি প্রণালী প্রবর্তন, সরবরাহের ব্যবস্থা এবং সর্বোপরি সমষ্টি উন্নয়ন পরিকল্পনার মাধ্যমে অধিক সংখ্যক লোককে সমষ্টি উন্নয়ন পরিকল্পনার ভিতর আনয়ন এগুলি যেমন করতে হবে, তেমনি Block Development Officer, গ্রাম সেবক সেবিকা, এঁদের মধ্যেও একটা নতুন দৃষ্টি ভঙ্গি আনবার চেষ্টা করতে হবে। কৃষির উন্নতি হয়েছে তা অনস্বীকার্য, কিন্তু তাহলে এখনো অনেক করবার বাকী আছে। প্রথম কথা, সার বণ্টন ব্যবস্থা ও ভাল বীজ সরবরাহ পদ্ধতির মধ্যে উন্নতির যথেষ্ট অবকাশ রয়েছে। গ্রামাঞ্চলের কৃষকদের সার ব্যবস্থার পদ্ধতি সম্বন্ধে কোন জ্ঞান নাই; অনেক ক্ষেত্রে এই জ্ঞানের অভাবে অনেকে সার ব্যবহার করতে চান না। এবং মৃত্তিকা বিশ্লেষণ না করেও সার প্রয়োগ করা ঠিক নয়। এই উভয় কারণে আমাদের কৃষির আশানুরূপ উন্নতি হচ্ছে না, তা না হলে দেখা যেত খাদ্যোৎপাদন বহুল পরিমাণে বৃদ্ধি পেয়েছে। তাছাড়া আমাদের কাছে এমন অভিযোগও এসেছে যে সার পচে গিয়েছে বাংলাদেশের বাইরে চলে গিয়েছে—এদিকে সতর্ক দৃষ্টি রাখা প্রয়োজন। বণ্টন ব্যবস্থায় গলদ থাকার জন্য কৃষকেরা অনেক সময় ভাল বীজ পায় না। সেজন্য আমার অভিমত হচ্ছে, প্রত্যেক য়ুনিয়নে নাহলেও কয়েকটা য়ুনিয়নে একজন Block Development Officer এর অধীনে একটা মৃত্তিকা বিশ্লেষণ পরীক্ষাক্ষেত্র এবং সার ও বীজ সরবরাহের ব্যবস্থা অবিলম্বে প্রচলন হওয়া উচিৎ। ব্যক্তিগত ভাবে বণ্টনের পদ্ধতির পরিবর্তন করা দরকার।

[11. 50—12. noon.]

আমি মনে করি যদি এটা করা হয় তা'হলে খাদ্যদ্রব্য উৎপাদনের পথে আমরা এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ করতে পারব। দ্বিতীয় কথা এবং সেটা সবচেয়ে বড় কথা যে, পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বছরেও আমাদের স্বীকার করতে হবে যে, সে রাজ্যের ⅘ অংশ মানুষ সম্পূর্ণরূপে কৃষির উপর নির্ভরশীল সেই দেশের শিক্ষা ব্যবস্থায় এখন পর্যন্তও আমরা একটা অ্যাগ্রিকালচারাল ব্যায়াস বা তাদের কৃষি মনোবৃত্তি সম্পন্ন করে তুলতে পারিনি। আমার মনে হয় এজন্য দু-দিক থেকেই অসুবিধা হয়েছে এবং স্যার প্রথমটা হোল যে, আমরা যে ভাবে খাদ্যোৎপাদনের উন্নতি করতে চেয়েছিলাম সে ভাবে করতে পারিনি এবং দ্বিতীয়টা হোল যে, পাশ্চাত্যের অন্যান্য দেশে ইনটিগ্রেটেড কালটিভেশন, ইনটেনসিভ কালটিভেশন অর্থাৎ জল কৃষি উৎপাদনের দ্বারা সে ভাবে কম সময়ে বেশী সংখ্যক লোকের ভরণপোষণ দেবার ব্যবস্থা করা সম্ভব হয়েছে আমাদের রাজ্যে এখনও পর্য্যন্ত তা করে ওঠা সম্ভব হয়নি। অবশ্য খুবই আশার কথা যে রাজ্যপাল তাঁর ভাষণে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের কথা উল্লেখ করে বলেছেন যে,

সেখানে বিশেষভাবে কৃষিও পশু পালন সম্পর্কে শিক্ষাদান করবার ব্যবস্থা থাকবে, কিন্তু আমি বলব যে এর থেকে আরও একটু এগিয়ে গিয়ে যাতে প্রত্যেকটি ইউনিয়নে নাহলেও অন্ততঃ ২টি ইউনিয়নের মধ্যে প্রাথমিক শিক্ষাব্যবস্থা এবং সঙ্গে সঙ্গে কৃষি বিদ্যালয় হতে পারে তার ব্যবস্থা করা উচিত। শুধু তাই নয় উন্নত কৃষিপ্রণালী পশুপক্ষী পালন, মৎস্য চাষ, খাবার তৈরীর প্রণালী প্রভৃতি শিক্ষার ব্যবস্থা করে যাতে কৃষক পরিবারের ছেলেমেয়েদের মাটির উপর মমতা বোধ জাগান যায় এবং যাতে করে তারা নিজেদের প্রয়োজনীয় জিনিস নিজেরাই তৈরী করতে পারে তার ব্যবস্থা করা উচিত। তাছাড়া কৃষির উপরে বিকল্প কৃষির শিল্পের প্রবর্ত্তনের দ্বারা সামগ্রিক ভাবে এই রাজ্যের গুরুতর বেকার সমস্যার সমাধান হতে পারে। আমি মনে করি, এ বিষয়ে সরকারের বিশেষ দৃষ্টি দেওয়া উচিত। রাজ্যপালের ভাষণে আমাদের বিভিন্ন পৌর সভাকে সরকারের পক্ষ থেকে যে সুখসুবিধা দেওয়া হয়েছে তার উল্লেখ আছে। তিনি বলেছেন যে অতি সাম্প্রতিক কালে বিশ্বস্বাস্থ্যসংস্থার বিশেষজ্ঞগণের একটা এক্সপার্ট বডি কোলকাতায় এসেছিলেন। তাঁরা Metropoliton District Board স্থাপনের দ্বারা হুগলী নদীর উভয় পার্শ্বে প্রায় ৪০ মাইল এলাকায় অবস্থিত কোলকাতা ও শিল্পাঞ্চলের জল সরবরাহ, ময়লা অপসারণ ও জল নিকাশের জন্য সামগ্রিক ভাবে একটা রিকমেণ্ডেসন করেছেন। এ দিক থেকে সরকার একটা বড় পদক্ষেপ করেছেন বলে আমি মনে করি। এই সংস্থাকে আমাদের সর্বতোভাবে সহায়তা করা উচিত এবং তাঁদের অনুমোদিত Metropolition District Board যাতে অদূর ভবিষ্যতে গঠিত হয়ে কার্য্য গ্রহণ করতে পারে তারজন্য সকল দলের লোকের চেষ্টা করা উচিত। অবশ্য এই বিস্তৃত এলাকার লোকের পক্ষে এটা আশার কথা হলেও এটা অস্বীকার করার উপায় নেই যে, সমস্ত রাজ্যের যে পৌরসভাগুলি আছে অর্থাৎ যাদের সংখ্যা কোলকাতাকে নিয়ে প্রায় ৮৭টি এবং যার মধ্যে এই রাজ্যের ⅓ অংশ অর্থাৎ প্রায় ১ কোটি লোক বাস করে সেই পৌরসভাগুলির পক্ষ থেকে অনেকবার বলা হয়েছে যে আজ দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা শেষ হতে চলেছে তবুও তারা সেই অনুসারে সরকারী সাহায্য লাভ করেননি। আপনারা জানেন যে আজ প্রত্যেকটি পৌরসভাই ক্রমবর্দ্ধমান জনসংখ্যার ভারে পীড়িত, আজ সভ্যতা গ্রাম থেকে শহরের দিকে আসছে এবং তার উপর গত ১০ বৎসর যাবৎ এই বিপুল সংখ্যক উদ্বাস্তুর আগমনের ফলে এই সমস্যা আরও জটিল হয়েছে। এই অবস্থায় পৌর প্রতিষ্ঠানগুলি তাঁদের সিমিত আয়ের দ্বারা অর্থাৎ যা মাত্র গৃহের উপর কর এবং অন্যান্য ব্যবসায়ের লাইসেন্স-এর উপর থেকে আসে—তাঁদের যে প্রাথমিক দায়িত্ব অর্থাৎ রাস্তাঘাট নির্ম্মাণ, জল, আলো সরবরাহ প্রভৃতি কাজ সম্পূর্ণরূপে করতে পারেন না। তারপর নূন্যতম বেতন নির্দ্ধারণ বোর্ডের নির্দ্দেশ অনুসারে তাঁদের সমস্যাগুলি আরও জটিল হয়ে তাঁদের আর্থিক অবস্থার উপরে আর একটা আঘাত এসে পড়েছে। গত বৎসর যদিও এই ব্যয়ের ⅓ অংশ সরকার দিতে রাজি হয়েছিলেন এবং যা কোন কোন পৌর প্রতিষ্ঠান নিতেও পেরেছিল, কিন্তু বর্ত্তমানে তাঁদের অর্থনৈতিক অবস্থার জন্য তাঁদের পক্ষে সেই সাহায্য দেওয়া অসম্ভব হয়ে পড়েছে। আমাদের দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রায় শেষ করে যখন আমরা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা আরম্ভ করতে চলেছি তখন আমাদের এই পৌর প্রতিষ্ঠানগুলির প্রতি নজর দেওয়ার সময় এসেছে বলে আমি মনে করি, আমার মতে এই ⅓ অংশ দেয় অর্থ যাতে পৌর প্রতিষ্ঠানগুলি অবিলম্বে সাহায্য হিসেবে পেতে পারে তার ব্যবস্থা করা উচিত। কেননা ঠিক একই কারণে কোলকাতা কর্পোরেশনের পক্ষে এই কোলকাতা শহরে গত ১২ বছরে কোন বড় রাস্তা তৈরী করা দূরের কথা এমন কি একটা রাস্তার সম্প্রসারণ করা পর্য্যন্ত সম্ভব হয়নি এবং যার ফলে যানবাহন এবং মানুষের পক্ষে রাস্তায় চলাফেরা করা এক দুঃসাধ্য কাজ হয়ে দাঁড়িয়েছে। জনজীবনের কথা ছেড়ে দিলেও অর্থনৈতিক জীবনে এর যে একটা ইনডাইরেক্ট ইঙ্গিত আছে তা আজ আমি সরকারকে স্মরণ করিয়ে দিচ্ছি। এই প্রসঙ্গে গত কয়েকদিন পূর্বে Bengal

Chamber of Commerce-এর এক সভায় Mr. Brown যে বাণী উচ্চারণ করেছেন তার প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। তিনি বলেছেন যে, "কলকাতা শহরে আগমন ও বহির্গমনের জন্য কোন ভাল রাস্তা নেই।" আমার মনে হয় তিনি খুব প্রয়োজনীয় কথাই বলেছেন। গত কয়েক বৎসরের মধ্যে কোলকাতা থেকে বাইরে যাবার রাস্তা অর্থাৎ এই বেলগাছিয়া পুলের যদিও সামান্য উন্নতি হয়েছে কিন্তু ব্যারাকপুর ট্রাঙ্ক রোডে টালা ব্রিজের এবং দক্ষিণ কোলকাতায় এই রকম একটি জাতীয় সড়ক এই গড়িয়াহাট পুলের কার্য্য এখন পর্য্যন্তও আরম্ভ হয়নি। তবে অবশ্য খুবই আশার কথা যে এই কাজগুলি অদূর ভবিষ্যতেই আরম্ভ হবে বলে জানা গেছে। আর একটি রাস্তা অর্থাৎ টালিগঞ্জ রেলওয়ে ব্রীজের এখন পর্য্যন্ত যদিও কোন উন্নতি হয়নি তবে কিছু দিন পূর্ব্বে সংবাদপত্রের মাধ্যমে জানতে পেরেছি যে অদূর ভবিষ্যতে এর সম্প্রসারণ কার্য্য গ্রহণ করা হবে বলে মুখ্যমন্ত্রীর দপ্তর এক সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আমি অবশ্য জানি না, তবে বিশ্বস্তসূত্রে খবর পেয়েছি যে খেসারতের কি একটা ব্যাপারে রেলওয়ে বোর্ডের সঙ্গে মীমাংসা হচ্ছেনা বলে এই পরিকল্পনা গৃহীত হতে পারছেনা।

[12—12-12 p. m.]

সুতরাং আজকের দিনে জাতির জীবনে কোলকাতা সহরের স্বাভাবিক বৃদ্ধির পথে এই যে পীড়া এদিকে আমাদের অবহিত হওয়া একান্ত প্রয়োজন হয়ে পড়েছে কিন্তু জনগণের দুর্ভোগের দিক থেকে নয়, আমি আর একটা দিক যে বলেছি যেদিক থেকে সতর্কবাণী মিঃ ব্রাউন উচ্চারণ করেছেন তা হচ্ছে কোলকাতার জীবনে সমস্ত শিল্পপতি যারা কোলকাতাকে কেন্দ্র করে এখানে ভবিষ্যৎ শিল্প গড়ে তুলতে চান, অন্ততঃ দুটো প্রতিষ্ঠান একটা বোম্বে এবং আর একটা দিল্লীতে তাদের কার্যস্থল নির্দ্ধারণ করেছিলেন এবং তাদের মধ্যে একটা গোষ্ঠী কোলকাতাতে চলে ফেরবার সংকল্প করেছেন। কাজেই আজকে ২।১ জন শিল্পগোষ্ঠী যা চিন্তা করবার চেষ্টা করছেন অদূর ভবিষ্যতে যদি সামগ্রিকভাবে অন্য শিল্পগোষ্ঠীরা তা বিবেচনা করেন তাহলে এখানকার বৃহৎ শিল্প বাইরে চলে যাবার সম্ভাবনা আছে। একদিকে যেমন ফরাক্কা ব্যারেজের অভাবে কোলকাতা বন্দরের সমূহ বিপদ এসে দাঁড়িয়েছে তেমনি অন্যদিকে কোলকাতায় বড় রাস্তার অভাব এবং এখানথেকে কয়লা খনি অঞ্চলে গেলে দেখাযাবে বড় রাস্তা নেই—গ্রাণ্ড ট্রাংক রোড আছে। এদিক থেকে সেটা একটু বিশেষভাবে চিন্তা করার আবশ্যকতা আছে। তারপরে কোলকাতা অঞ্চলে এতাবৎকাল সহর উন্নয়নের দায়িত্ব নীতিগতভাবে ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টের উপর ছিল। আমি মনে করি যে কোলকাতা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট সেদিক দিয়ে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। আজকে তাদের কাজ দেখা যায় মাত্র ছোট ছোট ২।১টা অঞ্চলে সীমাবদ্ধ, সামগ্রিকভাবে সহরের উন্নতি করার কোন পরিকল্পনা তাদের আছে বলে আমি মনে করিনা। লোকসংখ্যা আজ দ্বিগুণ হয়েছে। স্থান সংকুলান ঠিকভাবে হচ্ছেনা। নূতন নূতন বস্তী অত্যন্ত অপরিকল্পিত ভাবে গড়ে উঠছে—হয়ত আগামী ৫ বছর ১০বছরের মধ্যে এগুলিকে ভেঙ্গে নূতন সহর করার পরিকল্পনা আমাদের গ্রহণ করতে হবে। সেদিক থেকে আমি মনে করি ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট গৃহনির্মাণ কার্যতালিকা যা গ্রহণ করেছেন তা তাঁরা সম্পূর্ণভাবে বর্জন করুন এবং কোলকাতা সহরের উন্নতির ভার অন্য কোন সংস্থার উপর আরোপ করা হোক। আমি মনে করি এবিষয়ে আমাদের চিন্তা করবার সময় এসেছে। আমার কিছুদিন পূর্বে পরিষদের কার্য উপলক্ষে আমাদের রাজধানী দিল্লীতে যাবার সুযোগ হয়েছিল। আমি দিল্লীর কথা এজন্য বলছি হয়ত ঐতিহাসিক কারণে, সাংস্কৃতিক কারণে বা হয়ত প্রশাসনিক কারণে দিল্লীর বিস্তৃতি, দিল্লীর উন্নতির প্রয়োজনীয়তা আছে কিন্তু আমরা যদি দিল্লীর কথা, চন্ডীগড়ের কথা চিন্তা করি—আমাদের ঘরের কাছে ভুবনেশ্বরের কথা চিন্তা করি তাহলে দেখবো যে ১০।১২ বছরের মধ্যে সেখানে বহু অর্থ ব্যয়ে বহু উন্নতিমূলক কাজ সম্পন্ন করা সম্ভব হয়েছে এবং যেখানে এটা সম্ভব হয়েছে সেখানে কোলকাতা শুধু ৪০লক্ষ লোকের জন্য নয়, তার পেছনে যে হিনটারল্যাণ্ড আছে এবং যেটা সারা পশ্চিমবঙ্গের

৬ কোটি লোকের প্রাণকেন্দ্র তার উন্নতির জন্য আরো বিস্তৃতিতর, আরো ব্যাপক কর্মপ্রচেষ্টা গ্রহণ করা উচিত যাতে সুপরিকল্পিত ভাবে কোলকাতার উন্নতি করা সম্ভব হতে পারে। দিল্লীতে যা সম্ভব হয়েছে জাতির কল্যাণের খাতিরে কোলকাতায় ততোধিক ভাবে তা সম্ভব হওয়া উচিত এবং আমরা যদি ঠিক কর্মসূচী গ্রহণ করে অগ্রসর হতে পারি তাহলে সেটা করা সম্ভব হবে।

আমি অত্যন্ত স্বল্প ব্যয়ে বর্তমান কাঠামো বজায় রেখে যে কতগুলি কাজ করা সম্ভব সেটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে—সার্কুলার রেলওয়ে সিস্টেম আমাদের প্রবর্তনের কথা ছিল, বৈদ্যুতিক রেল প্রবর্তন করার জন্য তা সাময়িকভাবে বন্ধ আছে। কিন্তু আমার মনে হয় শিয়ালদহ থেকে বজবজ পর্যন্ত যে লাইন গেছে বা উত্তরাঞ্চলে যে লাইন গেছে এখন সেই লাইনের ভিত্তিতে আমরা যদি কিছু কিছু হল্ট ষ্টেশন বাড়িয়ে দিই তাহলে বর্তমান জনাকীর্ণ শহরের যানবাহনের অপর্যাপ্ততার জন্য জনগণের যে কষ্ট, পীড়া হয় তার থেকে আমরা তাদের মুক্ত করতে পারি। টালিগঞ্জ রেলপুলের কথা আমি আগেই বলেছি। শহর জীবনের এটা সিংহদ্বার। আমি আপনার অবগতির জন্য জানাচ্ছি যে ১৯১২ সাল কি ১৯১৯ সাল সেটা ঠিক আমার মনে নেই, সেই সালে এই ব্রীজের উন্নতির জন্য যে স্কীম ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট গ্রহণ করেছিলেন—শুধু সেই ব্রীজ নয় তার সঙ্গে রসা রোডের টালিগঞ্জ ট্রামডিপো পর্যন্ত, উন্নতির পরিকল্পনা গ্রহণ করেছিলেন আজ ৪০ বছর অতিক্রান্ত হয়ে গেছে কিন্তু সেই পরিকল্পনা রূপায়নের কোন সম্ভাবনা দেখতে পাচ্ছি না। তৃতীয় কথা আমার মনে হচ্ছে যে ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট থেকে গৃহনির্মাণ পরিকল্পনা বন্ধ করে দেওয়া হোক অথবা ওয়েষ্ট বেঙ্গল ডেভেলপমেণ্ট বোর্ডের বা অন্য কোন বৃহত্তর সংস্থার হাতে কোলকাতার সামগ্রিক উন্নতির ব্যবস্থা অদূর ভবিষ্যতে দেওয়া হোক। তারপর আমার কথা হচ্ছে যে সরকার পক্ষ থেকে লবণ-হ্রদ পরিকল্পনার জন্য এবছরের বাজেটে প্রায় ৩০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। আমি ঐ অঞ্চলে গিয়ে জেনেছি এককালে যা লবণ-হ্রদ ছিল এখন তা সুইট ওয়াটার লেকে পরিণত হয়েছে, সেখানে লবণ হ্রদ আর নেই। প্রথম কথা হচ্ছে লবণ নামটা অযৌক্তিক, দ্বিতীয় কথা হচ্ছে এত টাকা ব্যয় করে যে পরিকল্পনা নতুনভাবে রূপায়নের কথা চলেছে, সে পরিকল্পনার শেষে ব্যয় বহু কোটি টাকার উপরে যাবে সেখানে লবণ ভর্তি করে রাস্তাঘাট, ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী নির্মাণ করতে, তার উপর সর্ববিধ আধুনিক সুখসুবিধার জন্য নতুন করে হাসপাতাল প্রতিষ্ঠা করতে,সেই টাকা দিয়ে কলকাতার যে অনুন্নত টালিগঞ্জ, ট্যাংরা, বেহালা, দমদম অঞ্চল এবং কলকাতার পার্শ্ববর্তী ৪০ বর্গমাইল বিস্তৃত শিল্পাঞ্চলের উন্নতির জন্য যদি চেষ্টা করি তাহলে এইসমস্ত অনুন্নত অঞ্চলগুলি উন্নত হতে পারে। আমি কলকাতা কর্পোরেশনের অন্তর্ভুক্ত অনুন্নত টালিগঞ্জ অঞ্চলের কথা এই পরিষদে বহুবার বলেছি সেখানে বাড়াতে মশার উৎপাতে দিনের বেলায় কাজ করা যায় না—রাত্রের কথা বলছিনা—ঐ অঞ্চলের উন্নতির দ্বারা অধিক অর্থ বিনিয়োগ করে আরও অধিক সংখ্যক লোকের বিকল্প পুনর্বাসন করা সম্ভব কিনা একথা আমি একান্ত বিনীত ভাবে আমাদের সরকারকে বিশেষকরে মাননীয় মন্ত্রীমহাশয়কে বিবেচনা করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি। আমি কলকাতা জীবনের আর একটা দুর্ভোগের কথা বলছি সেটা না বললে আমার মনে হয় বলা অপূর্ণ থেকে যাবে, তা হচ্ছে, আমাদের সরকার মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত লোকেরা যে বিপুল সংখ্যায় আছে সেকথা চিন্তা করার অবকাশ রাখেননি। চিকিৎসার বিভিন্ন উন্নতি আমরা রাজ্যপাল মহোদয়ার ভাষণে পেয়েছি, শহরের হাসপাতাল সমূহে চিকিৎসার যে সুযোগ সুবিধা আমাদের জনগণের রয়েছে আমরা মনে করি তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত অকিঞ্চিৎকর। আমাদের ওখানে যে বাঙুর হাসপাতাল আছে সেই হাসপাতাল উদ্বাস্তু এলাকার সন্নিকটে থাকায় সেখানে কিভাবে রোগীর সমাগম হয় এবং কিভাবে তাদের চিকিৎসা হয় আমাদের স্বাস্থ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তিনি নিজে হয়ত দেখেছেন—সে দিকে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

আমি মনে করি যে আমাদের শিক্ষাব্যবস্থায় Rehabilitation finance থেকে অর্থ সাহায্য পাওয়া উচিত। একথা প্রত্যেকে বলেছেন। গতকাল পার্লামেণ্টে পুনর্বাসন খাতে যে বরাদ্দ সম্বন্ধে

আলোচনা হয়েছে তাতে দেখছি তার মধ্যে Refugee দের জন্য হাসপাতালে অর্থ বিনিয়োগের ব্যবস্থা আছে। সংবাদপত্রের Reportএ ও তা দেখেছি। আমি মনেকরি উদ্বাস্তুদের এলাকায় যেসমস্ত হাসপাতাল আছে সেখানে Refugee খাতে উদ্বাস্তুদের জন্য উপযুক্ত সংখ্যক বেড রাখার জন্য রাজ্য সরকারের পক্ষ থেকে প্রচেষ্টা আছে।

মাননীয় রাজ্যপাল মহোদয়া এ রাজ্যের জাতীয় জীবনের বিভিন্ন দিক—শিক্ষা এবং চিকিৎসার সম্বন্ধে যে কথা বলেছেন এবং উন্নতির চিত্র তিনি পরিবেশন করেছেন সেজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আমি একটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করবো। বিরোধী পক্ষের মাননীয়া সদস্যা শ্রীযুক্তা অনিলা দেবী শিক্ষা সম্বন্ধে বলতে গিয়ে বলেছিলেন—বিশেষ করে স্ত্রীশিক্ষার ব্যবস্থা এ রাজ্যে অত্যন্ত অপ্রতুল। এটা আমি এখানে বলতে চাই যে এবিষয়ে কেরালা, মাদ্রাজ এবং বোম্বে বাদ দিলে অন্য ন্য রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গের শিক্ষাব্যবস্থা অনেকাংশে অগ্রসর হয়ে রয়েছে সেজন্য এই অগ্রগতির জন্য আমরা গর্ববোধ করতে পারি। আমি একথা একবারও বলবো না যে জাতীয় জীবনে আমাদের সমস্যা নাই। রাজ্যপাল মহোদয়া বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে যে ভাষণ দিয়েছেন তারজন্য তাঁকে অভিনন্দন দিতে চাই।

Adjournment

The Council was then adjourned at 12, 12, p. m. till 9 a.m. on **Friday,** the 4th March, 1960 at the Legislative Building, Calcutta.

Members Absent

Baudopadhyay, Shri Upendra,
Banerjee, Dr. Sambhu Nath,
Banerjee, Shri Tara Sankar
Bose, Shri Aurobindo,
Choudhuri, Shri, Annada Prosad,
Ghosh Maulik Shri Satyendra Chandra,
Jha, Shri Pashu Pati,
Moitra, Shri Dhirendra Nath,
Mookerjee, Shri Kamala Charan,
Musharruf Hossain, Shri,
Saraogi, Shri Pannalal
Sarkar Shri Pranabeswar and
Sen, Shri Jimut Bahan.

COUNCIL DEBATES

Friday, the 4th March, 1960

The Council met in the Legislative Chamber of the Legislativ Buildings, Calcutta, on Friday the 4th March, 1960 at 9 am. being th Seventh day of the Twentieth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in th Chair.

Debate on the Governor's Speech

[9-9-10—a.m.].

Shri Nagendra Kumar Bhattacharyya : Sir, I beg to move that th following be added at the end of the address in reply, viz.,—

"But regret that it does not disclose—

(1) the food policy to be followed by the Government of West Bengal in the current year ;

(2) the policy of the Government regarding augmentation of resources of municipalities and district boards ;

(3) the policy of the Government for development of urban areas ;

(4) the policy of the Government regarding introduction of free and compulsory primary education within areas covered by the municipalities ;

(5) the steps proposed to be taken by the Government in the current year to separate the jndiciary from the executive in the public services of West Bengal ;

(6) the policy of the Government regarding formation of co-operative joint farming societies in West Bengal ; and

(7) the policy of the Government regarding prohibition of the consumption, except for medical purposes, injurious to health.

Sir, it cannot be disputed for a moment that the burning problem of the day is the food problem. It is a matter of great regret that Her. Excellency the Governor of West Bengal in her speech has not indicated the policy to be followed by her Government during the current year, but she has sounded a note of optimism and observed. "The situation, however, need not cause anxiety because the bulk of this deficit will be met by supplies from the Centre and from the flow of Orissa rice into West Bengal on trade account as a result of the formation of the Eastern Rice Zone comprising Orissa and West Bengal." Sir, it is true that the Central Government have, from time to time, sent supplies of rice and wheat, but that would not stabilise the prices of rice in West Bengal. The import of rice from Orissa could not also produce the same effect. The import of rice from Orissa, if it has benefited anybody, it has benefited the middlemen, profiteers and the blackmarketeers. It is reported that a large quantity of rice has gone underground in order to be sold at a huge profit during the lean months. In this connection, Sir, I

beg to invite the attention of the State Government to a very illuminating article written in today's Anandabazar Patrika giving the details as to how only the middlem are being profited, in this connection it is said, and I submit, Sir, very correctly said, neither the producer in Orissa nor the consumers in West Bengal have been benitited even to a very little extent.

Sir, during the debates on the Anti-profiteering Bill last year I submitted and I do repeat it with all emphasis at my command that the food policy of the Government cannot succeed and the prises cannot be controlled unless anti-hoarding measures are taken simultaneously.

Sir, it profiteers and black-marketeers are allowed to hoard with impunity, there cannot be an end of profiteering. Sir, you cannot control prices if all these loopholes are kept and intentionally kept within the policy followed by the Government. It has to be considered as to whether the anti-hoarding policy will be beneficial to the interests of the common people. Sir, what are the arguments which are advanced against the adoption of anti-hoarding measures. I shall quote the argument which has been advanced by the State of West Bengal at page 3 of the Statement on the Food Situation issued by them on the 21st September, 1959. "It appears there are at present about 31 lakh agricultural families in West Bengal of whom 13 lakh families belong to the surplus group possessing more than 4 acres of paddy land each. According to experts, these are mainly the people who are holding back stocks. Government have no machinery to control hoarding by such a large number of producers scattered in inaccessible areas all over the State." Sir, I would submit that the opinion which has been put in the mouth of the experts cannot be acceptable to the people. If anybody is responsible for holding back stocks, it is the prefiteering traders and black-marketeers and not the owners of land of over 4 acres. Be that as it may, if the Government cannot set up machinery to control hoarding, it is better that the Government should make room for others and the sooner that is done, the better for all concerned.

Sir, the next argument which has been put forward against adopting anti-hoarding measures appears at page 9 of the same book: "Furthermore, there is bound to be resistance on the part of the producers if their surplus stocks are forcibly seized by the Government at controlled price. The monopoly procurement at present, therefore, will require the use of force on a very large scale over a vast area which will be neither desirable nor administratively feasible. Here also, Sir, it is curious to find that the only persons who would offer resistance are the large producers. No account is taken of profiteering traders and black-marketeers who, as I have already said, hold large stocks of rice. Be that as it may, should the Congress Government, which could support police firing on unarmed and famished processionists, hesitate to use force which, I think, would not be necessary at all for checking anti-social and illegal activities of the profiteers? Sir, if the responsibility be not undertaken by the State of West Bengal, the people would say that the State of West Bengal exits for the profiters and black-marketeers and not for the common people.

I would, therefore, warn the State Government not to encourage profiteering and black-marketing any more. I would insist on the Government to take anti-hoarding measures immediately, maintain a

free flow of rice in the open market and thereby reduce the level of price and bring it within the rich of the people.

[9-10—9-20 a. m.]

My second point is that the State of West Bengal are guilty of culpable negligence for not developing urban areas. It is matter of great regret that the lengthy speech of the Governor does not contain any word about urban development although she has waxed eloquengt in narrating in detail the achievements of her Government with reard to the development of the rural areas. The urban population demand that their areas should be developed. They claim and claim rightly that the matter cannot brook further delay. The Government should not forget that the urban areas in West Bengal are as much part of West Bengal as the rural areas. I do not suggest for a moment that the deve, lopement of rural areas should be stopped and the development of urban areas should commence but I submit that the development of urban areas and rural areas should proceed simultaneously and side by side. That is not being done by the State of West Bengal. High hopes were raised when a conference of Chairman of Municipalities was held on the 6th and 7th June 1959 at the cool heights of Darjeeling under the Chairmanship of our Chief Minister at the invitation of the Minister-in-charge of Local Self-Government. Those hopes were shattered to pieces when a brief summary of the speeches delivered at the conference was reported in the newspapers. "Poura Kalyan", a progressively weekly published from Krishnagar observed :—

"অন্যদিকে মুখ্যমন্ত্রী ডাঃ রায় তাঁর ভাষণে বলেছেন যে "পৌর এলাকায় উন্নয়নের কাজ ত্বরান্বিত করতে হলে পৌর সভাকে এর বেশীর ভাগ দায়িত্ব নিতে হবে। এই কাজে সরকার তাদের ঋণ পাওয়ার ব্যবস্থা করে দেবেন এবং এই ঋণ পরিশোধের দায়িত্ব পৌর সভাগুলির উপর বর্তাবে।

I was surprised to read this report—I wondered how could our Chief Minister give this advice to the Chairmen of the Municipalities knowing full well that no municipalities can balance their budget in order simply to carry on their day to day administration The heavy burden of inplementing the provisions of the Payment of Wages Act shook the economic structure of the municipalities. It is too much to except that the development of urban areas will be undertaken mostly by the municipalities. By taking loans the municipalities have no means of paying them. The State of West Bengal should consider the matter and draw up a phased programme for improvement of urban areas and inplement it as quickly as possible.

My third point is that the State Government should take early steps for augmentation of the resources of the municipalities and the district boards to discharge their functions effectively as long as they are allowed to exist.

Sir, this can only be done by amending the law and vesting powers in the municipalities and district boards in order to open new avenues of revenue and this can also be done on payment of subvention. The latter course, in my humble submission, seems to be preferable in view of the fact that the rate of taxes in the urban areas has reached the maximum limit. We understand from what was said by the Honable Minister in charge of Local Self-Government and Panchayat that the

Government are contemplating amendment of the Bengal Municipal Act. I would submit, Sir, that this is a matter which should not escape the attention of the State Government.

My fourth point is that the Government should take up earliest measures for introduction of free and compulsory Primary education in urban areas. I may be permitted to submit that nothing tangible has as yet been done in this direction. There seems to be difference of opinion in this matter. The Hon'ble Education Minister thinks that this is a matter which is the primary concern of the municipalities whereas the municipalities feel that it is primarily the concern of the State Government. Moreover, they also think that they have no means to implement the provisions of Article 45 of the Constitution Sir. on a reference to that Article it becomes abundantly clear that the directive is not upon the municipalities to introduce free and compulsory primary education but upon the State Government. Be that as it may, Sir, the municipalities are eager to co-operate with the Government in this regards. The municipalities have drawn up schemes and sent them to the State of West Bengal. It is now high time that the State of West Bengal should implement this scheme.

Then, Sir, I come to my fifth point, viz. the question of separation of judiciary from the executive in the public services of West Bengal. About ten years ago the State of Bombay amended the Criminal Procedure Code and separated the Judiciary from the Executive in their Province. Madras and Uttar Pradesh also have made substantial progress in that direction, Even the State of Orissa have taken a decision that they should introduce separation in the districts of Puri, Cuttack and Balasore as an experimnetal measure. Sir, this was announced only the last month by His Excellency the Governor of Orissa in his inaugural speech to the Orissa Legislative Assembly. Sir, should the State of West Bengal lag behind and should not they implement the directive given by the Constitution of India in Article 50? Sir, on 3rd July, 1957, the then Judicial Minister, Shri Siddhartha Shankar Ray in reply to my question said this : "Steps are being taken to appoint an expert committee to generally formulate a practical scheme of separation and to report on the cost thereof. Further action will be taken after the report to be made by the proposed committee is considered by the Government. He also said that "the committee will be appointed as soon as possible after the session. The Government does not propose to put any restriction on the deliberations of the committee and as such it is not possible to say when the report of the committe will be given to us."

[9-20—9-30 a. m.]

Sir, this was the assurance which was given by the then Judicial Minister on the 3rd of July, 1957, More than two years have elapsed and nothing has been done in this direction.

Should not the State of West Bengal redeem the assurance which was given by its Judicial Minister? I pause for a reply. What the State of west Bengal have done in this direction is no separation of judiciary from the executive but the State Government have done nothing but redistribution of the duties of certain magistrates. It is well known that the reform cannot be done without amendment of the Criminial Procedure Code which provides for subordination

of all magistrates to the District Magistrate who is the executive head of the district, I would therefore insist on the Judicial Minister looking into the matter to redeem the assurance which was given by the then Judicial Minister, Shri Siddhartha Sankar Ray and bring about purity in the administration of justice. Independent judiciary is a *sine qua non* for proper functioning of democracy. There cannot be any independent judiciary unless it is removed from the influence of the executive.

Then, Sir, I come to my sixth point, namely, the formation and development of cooperative farming societies in West Bengal. Before I deal with this question, Sir, I thank the State of West Bengal for having taken a decision to start 1200 service cooperatives in West Bengal. I also congratulate our Chief Minister, Hon'ble Dr. Bidhan-Chandra Roy, for having caused improvement in the Cooperative Department since 1957 when he took charge of the portfolio of co-operation. But, Sir; I regreat very much to find that the policy of the State of West Bengal with regard to the formation and development of co-operative societies does not find place in the lengthy speech delivered by Her Excellency the Governor of West Bengal. Sir, so far as the formation of co-operative societies are concerned, the matter is very urgent and very important in view of the resolutions passed by the Congress at Nagpur Session and the recent pronouncements of our Prime Minister, Pandit Jawaharlal Nehru, on the urgency of stepping up production of food in West Bengal. Sir, cooperative farming societies have absolutely made no progress in West Bengal, for, in the replies which were given to my question on the floor of this house the Hon'ble Chittaranjan Roy, Deputy Minister, Co operation, said that in the year 1957-58 there were 157 cooperative farming societies. With regard to the progress which they have made he said, there are 13 farming societies which use tractors and adopt improved methods of cultivation, one pumping set has been purchased by a farming society of Nadia district to irrigate lands of the members of the society Then, what he said next is very important. He said, there are two farming societies which earned profits and distributed dividends to the shareholders. They are Progressive Farmers' Cooperative Society Ltd. and Triphala Sarbartha Sadhak Krishi Samity Ltd., Hooghly, and 24 other societies earned profits which were utilised in strengthening their financial condition.

Sir, I beg to submit that this is a very gloomy picture only 2 out of 157 which declared dividends to their shareholders; only 24 earned profits but they did not pay any dividend to their shareholders. This is a state of things which must be improved for the welfare of the people of West Bengal. I would, therefore, submit that this matter should receive immediate and careful attention of the Chief Minister who, as I have said before, is also in charge of Co-operative portfolio.

Sir, the question of laying down the Policy by the Government with regard to co-operative farming society is very important in view of the fact that there is considerable agitation, considerable difference of opinion with regard to the adaptibility of co-operative farming society in India. Man like Professor Ranga, M. P. left Congress on the ground that he was of opinion that co-operative farming societies are unsuitable in the soil of India. Shri Chakravarti Rajagopal Achari also shares the same views and probably this is fundamental reason

on the basis of which Swatantra Dal has been formed. Be that as it may, what we find from the pronouncements made by our Prime Minister and also by the members of the Planning Commission is that co-operative joint farming societies unsuitable for India and that they should be formed and developed in India. Sir, as a humble co-operator, I believe that this is the correct view of the things. This is a matter, Sir, which also appears in the Second Planning Commission's report. Be that as it may, at this juncture the Government of India appointed a study group headed by Shri Nijalingappa. That group travelled throughout India and the other day submitted report to the Government of India which was published, I do not know whether a summary report was published in any Calcutta newspaper, but I find, Sir, that the recommendations of the study group published in the Times of India. If I am correctly informed, the Government of India have also accepted most of the recommendiations, At this stage it would have been better for the State of West Bengal to lead the cultivators, persons concerned in agriculture to give a lead by announcing their policy so far as co-operative farming societies are concerned. Sir, I hope this policy will be announced sooner or later in order to encourage the people to form and develop co-operative farming societies.

The greatest impediment to the formation and development of co-operative society, as was said by an honourable member on the other side, I mean the Treasury Bench, yesterday, and I also share the same view the greatest impediment is the imposition of agricultural income-tax on co-operative farming societies. Sir, look at the position. A person owning 15, 20, 25 or 40 bighas of land is not required to pay agricultural income-tax, but, Sir, if the same person joins a co-operative farming society the result is that as the co-operative farming society must own more than 75 bighas of land, agricultural income-tax is imposed on the society vis-a-vis on that person.

[9-30—9-40 a. m.]

Sir, that is an impediment which, I beg to submit, ought to be removed without any further delay. So far as I know, the matter is receiving the attention of the State of West Bengal, but much water has flown down the river Ganges but still no decision has yet been taken. If really the State of West Bengal want to encourage the formation and development of co-operative farming societies, they should offer more subsidies, they should give more facilities at least those facilities which are mentioned in Section 48 or Section 49, I do not remember exactly the Section, of the Land Reforms Act. Unfortunately, that provision has not been given effect to. So far as Sections 43 to 48 of the Land Reforms Act are concerned, these Sections must be deleted in view of the fact that it is now an accepted principle, at least on the Government side that only joint co operative farming societies should be formed and developed in India. These provisions really relate to collective farming societies. Collective farming societies may grow and prosper in Russia or China, but the Indian soil is not suitable fore that. So, Sir, I would submit that. Government should extend their help for the formation of these societies and. in my humble submiss ion, that should be expedited.

Then, Sir, I come to my seventh and the last point. Sir, the time at my disposal has practically run out. So, I shall briefly make my submission with regard to this matter. This relates to prohibition as

envisaged in Article 47 of the Constitution. Sir, I very much regret that there is nothing with regard to this matter in the lengthy address of Her Excellency the Governor of West Bengal. Sir, nothing has been done in this direction by the State of West Bengal. The State of Bombay has made advance in this direction. The State of Bombay, in my humble submission, is going ahead of all the other States in India in almost all matters. Should not the Government of West Bengal emulate the example which has been set up by the State of Bombay? Should not the State of West Bengal implement the directive given in Article 47 of the Constitution? Sir, when I make this submision, I am not unmindful of the fact that any step towards prohibition will involve the State of West Bengal in financial loss, but that is absolutely no reason why the Government should keep silent over the matter and not implement prohibition for the moral uplift of the people who are now placed under their care.

[(At this stage the red light was lit)]

Sir, the red light is there.

So, with these words I support my amendment and resume my seat.

Shri Sachindra Nath Banerjee: Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"But regret that—

(1) no effective measures have been suggested to meet the food crisis and the rise in price ;

(2) the role of the rice-traders, millers, wholesalers and retailers in violating the Government's Price Control Order has been left unnoticed ;

(3) no mention has been made of any Bill on the Higher Secondary Education Board ;

(4) no mention has been made about the introduction of free medical, technical and educational facilities up to the higher secondary standard to persons of low-income group ;

(5) no suggestions have been given about measures of solving the acute problem of unemployment in the State ; and

(6) no effective measures have been suggested to check corruption in the administration."

মিঃ চেয়ারম্যান স্যার, আমাদের রাজ্যপাল যে ভাষণ এখানে দিয়েছেন তাতে আমি কোন উৎসাহ পাচ্ছিনা। আজ ১২ বৎসর স্বাধীনতা লাভ করার পর খাদ্য, আশ্রয় ও বস্ত্রের কোন রকম সমাধান আমরা দেখতে পাইনা এবং এসবের সমাধান কি করে হবে তার প্রতি কোন আলোকপাতও তিনি করতে পারেন নি। স্বর্গতঃ নলিনী রঞ্জন সরকার যখন মেয়র ছিলেন তখন তিনি বলেছিলেন যে দেশ থেকে কোলকাতা যখন আমি পদার্পণ করি তখন pavement gave me the shelter. যদি এখনও তিনি বেঁচে থাকতেন তাহ'লে তিনি দেখতেন যে, যে pavement তাকে shelter দিয়েছিল সেই pavement-ই আজ হাজার হাজার লোককে shelter দিচ্ছে। আমি গত বুধবার দিন বৃষ্টির মধ্যে যখন গৃহে প্রত্যাবর্তণ করছিলাম তখন অসংখ্য নরনারীর আশ্রয় স্থান pavement দেখে আমি মর্মাহত হলাম, যারা স্বাধীনতা যুদ্ধে ঝম্পমান করেছিল তাঁরা কি এই স্বপ্ন দেখেছিল? সরকার পক্ষের মধ্যে আমি জানি অনেক তাবুদর প্রাণ পর্য্যন্ত বিপন্ন করে এই স্বাধীনতা যুদ্ধে ঝম্পমান

করেছিলেন। তারা কি এই স্বপ্ন দেখে স্বাধীনতা যুদ্ধে যোগদান করেছিলেন। আমাদের সরকার পক্ষের বিশ্বনাথ বাবু কালকে তাঁর ভাষণে বললেন যে, এ pavement-এর উপর সহস্র সহস্র নরনারী, শিশু আশ্রয় লাভ করছে। এটাকে যদি নিয়ন্ত্রণ করতে হয় তাহলে জন্ম নিয়ন্ত্রণ করতে হবে। কিন্তু আমি বলব যে, সেটা তো পরের কথা। কারণ, বর্ত্তমানে যে দুর্দ্দশার ভিতর দিয়ে কুকুর, বিড়ালের মত তারা জীবন যাপন করছে তা' থেকে তাদের মুক্ত করা কি সরকারের প্রথম কর্ত্তব্য নয়। খাদ্য, আশ্রয় ও বস্ত্র এই তিনটিই হচ্ছে elementary necessities of life। কিন্তু দুঃখের বিষয় যে এই ১২ বছরের মধ্যেও তার কোন সমাধান আমরা দেখছিনা। রাজ্যপাল তাঁর ভাষণে বলেছেন যে আমাদের সরকার গত বৎসর এক কঠিন খাদ্য সঙ্কটের সম্মুখীন হয়েছিল। কিন্তু এ বছরেও যে তার চেয়ে বড় সঙ্কটের মুখে আমাদের সম্মুখীন হতে হবেনা তার কোন অভাষই তাঁর ভাষণে আমরা পেলাম না। আজকে গত ৩ বছর ধরে তিনি একই কথা বলে আসছেন। কিন্তু তার সমাধানের কোন উপায় কি সরকার করতে পেরেছেন? দ্বিতীয় পরিকল্পনা প্রায় শেষ হয়ে আসছে কিন্তু এর ভিতরে খাদ্য সঙ্কটের সমাধান করবার প্রয়াসের কোন আভাষ তাঁর ভাষণে পাচ্ছিনা। মহিতোষ বাবু বললেন যে আমরা কেবল destructive argument করি এবং একমাত্র শশাঙ্ক বাবুই constructive argument করেন। আমি শশাঙ্কবাবুকে অনুরোধ করব যে তিনি M. L. C. মহিতোষবাবুর একটি certificate নিয়ে নিন—এরপর হয়ত তিনি আর পাবেন না। আমরা destructive প্রস্তাব কেন করি সেটা কেউ ভেবেছেন কি?

[9-40—9-50 a. m.]

কিন্তু এই তিনচার বৎসরের মধ্যে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় এই, খাদ্য সংকটের প্রতিকারের কোন ব্যবস্থা আমাদের সরকার করতে পারলেন না অথচ এ সম্বন্ধে বিরোধী পক্ষ থেকে কনষ্ট্রাকটিভ প্রোগ্রাম অনেক দেয়া হয়েছে। যখন প্রাইস কণ্টোল বিল সরকার পক্ষ থেকে আসেনি তখন আমি তাদের বহুবার বলেছি যে এই বিল ব্যর্থ হবে কেননা আমি যে মহল্লাতে বাস করি সেটা হচ্ছে তালতলা, সেখানে বহু বড বড চালের আড়ৎদার আছে। ফাষ্ট জানুয়ারী থেকে প্রাইস কণ্টোল করেছিলেন কিন্তু ৩১শে ডিসেম্বর আমি সমস্ত আড়ৎ দারদের ঘরে ঘুরে দেখলাম যে হাজার হাজার মন চাল উধাও হয়ে গেছে সেজন্য আমি বলেছিলাম যে এই কণ্টোল আপনারা কিছুই করতে পারবেন না। আমি জেনে সঙ্গে সঙ্গে তাদের সন্ধান এনে দিই। কাজেই এই নিয়ন্ত্রণ তাঁরা করতে কেন ব্যর্থ হলেন সেটা সকলেই জানেন কিন্তু তার প্রতিকারের কোন ব্যবস্থা সরকার করেন নি। এ সম্বন্ধে ষ্টেটসম্যানের একটা বক্তব্য আমি আপনাদের পড়ে শোনাব।

Members of the Legislature may want to know what Government thinks and more important, is doing about the course of manipulation and hoarding not only by surplus producers but also by traders and others.........এটা ষ্টেটসম্যানের মন্তব্য আমাদের স্বাধীনতার মন্তব্য নয় সুতরাং এই খাদ্য সংকট প্রতিকারের কোন ব্যবস্থা গভর্ণমেণ্ট করছেন না। দ্বিতীয়তঃ আনএমপ্লয়মেণ্ট সম্বন্ধে আমাদের রাজ্যপাল বলেছেন ইট ইজ নট এ্যান ইজি থিং এটা সহজ ব্যাপার নয় সেটা কেউ অস্বীকার করছেন না কিন্তু সহজ ব্যাপার নয় বলে উড়িয়ে দিলে কি করে এই দেশকে বাঁচাবেন তা আমি বুঝতে পারছি না। লক্ষ লক্ষ লোক, সব শ্রেণীর মানুষ শিক্ষিত, অশিক্ষিত মধ্যবিত্ত, নিম্ন শ্রেণীর লোক বাংলাদেশে আজ আক্রান্ত হয়ে পড়েছে এই আনএমপ্লয়মেণ্টের ব্যাপারে এটা শুধু আমাদের বিবেচনা থেকেই বলা হচ্ছে না it is not an easy thing." নিম্ন পরিষদে আপনাদের কংগ্রেস পক্ষের সদস্য বলেছেন যে এটা যদি না করেন তাহলে আপনারা দেশকে রক্ষা করতে পারবেন না দেশের সমস্ত শান্তি শৃঙ্খলা বিধ্বস্ত হয়ে যাবে। এটা সমস্ত শ্রেণীকে আজ আক্রান্ত করেছে। যে কাজ উড়িষ্যা গভর্ণমেণ্ট করতে সাহস

পেয়েছেন, বিহার এবং আসাম যেভাবে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের মাধ্যমে কিছু পরিমাণে তার প্রতিবিধান করেছেন, সে কাজ আমাদের বাংলা গভর্ণমেণ্ট কেন করতে পারবেন না তা আমি বুঝতে পারিনা। রাউরকেল্লায় উড়িষ্যা গভর্ণমেণ্ট আগে থেকে ইণ্ডিয়া গভর্ণমেণ্টের সাথে ব্যবস্থা করেছিলেন যে উড়িষ্যার লোকদের এমপ্লয়মেণ্টের ব্যবস্থা করে দিতে হবে। দুর্গাপুরে আমাদের শ্রমমন্ত্রী সত্তার সাহেব দুঃখ করে বলেছেন যে আমরা আমাদের বাঙালীকে কাজ দিতে পারছিনা। কেন পারছেন না? সে ব্যবস্থা কি আপনারা করেছেন? কেন ইণ্ডিয়া গভর্ণমেণ্টের সংগে আগে থেকে ব্যবস্থা করে আসেননি যে আমাদের বাঙালীকে নিযুক্ত করতে হবে এই কাজে? এ সম্বন্ধে আর বেশী বলার কি আছে জানিনা করাপসান সম্বন্ধে দেশমুখ সাহেব যা বলেছেন তার উপর আমাদের কিছু বলার নেই। তিনি একজন পেশাদারী আন্দোলনকারী নন, এ্যাজিটেটর নন, তিনি ইণ্ডিয়া গভর্ণমেণ্টের অত্যন্ত বড় পদের অধিকারী ছিলেন, তিনি বলেছেন যে ট্রাইবুন্যাল বসান, যে করাপসান গভর্ণমেণ্টের ভিতর আছে তা আমি প্রমাণ করে দেব। করাপসানে জর্জরিত শুধু ইণ্ডিয়া গভর্ণমেণ্ট নয়, আমাদের বাংলা গভর্ণমেণ্টও। সে সম্বন্ধে বেশী বলবার আমাদের প্রয়োজন নেই। তারপর সেকেণ্ডারী বোর্ড এবং বর্দ্ধমান ইউনিভার্সিটি হ'ল কল্যাণীতে ইউনিভার্সিটি হতে যাচ্ছে, নর্থ বেঙ্গলে হবে এতে কোন আপত্তি থাকতে পারে না, বিশেষতঃ আমরা যখন শিক্ষক। শিক্ষার যতই প্রসার হবে দেশের উন্নতি ততই বাড়বে সে বিষয়ে কেউ অস্বীকার করে না। কিন্তু আজ ১৯৫৪ সাল থেকে এই সেকেণ্ডারী বোর্ডকে সুপারসিড করে দেওয়া হয়েছে এবং এটাকে ওয়ান ম্যান সো এ পরিণত করা হয়েছে তার কি কোন পরিবর্ত্তন হবেনা? শিক্ষা কোড ইউনিভারসিটি কোন সালে প্রবর্ত্তন করে গিয়েছেন আমার খেয়াল নেই। আজও সেই অবস্থায় পড়ে আছে, তার কি কোন পরিবর্ত্তন হবেনা? আমি আর আপনার মূল্যবান সময় নষ্ট করব না, এইবলে আমার বক্তব্য শেষ করছি।

[9-50—10 am]

Shri Manoranjan Sen Gupta : Sir, I beg to move that the following be added at the end of the address in reply, viz.,—

"But regret that—

আশা করি শিক্ষামন্ত্রী মহাশয়, এ সম্পর্কে আমার সন্দেহসূচক দ্বিধার অবসান করে দেবেন। আর একটা জিজ্ঞাস্য হিমালয়ান পার্ক সম্বন্ধে। এরজন্য ২৫ হাজার টাকা বাড়িয়ে ১ লক্ষ ৫০ হাজার টাকা করা হচ্ছে। এই হিমালয়ান পার্কটাই বা কি জিনিষ সেটা বুঝতে পারছি না, অবশ্য কলকাতা শহরে সুসজ্জিত করার জন্য ছেলেদের খেলার স্থান-চ্যুত করে ফুলের ব্যবস্থা করে পার্ক সাজান হচ্ছে তাতে দেখতে ভালই লাগছে এটা বুঝি। কিন্তু হিমালয়ান কথাটার উপর আমাদের একটু আতঙ্ক রয়েছে। এই পর্বত প্রমাণ ব্যয়ে সেখানে কি পার্ক তৈরী হবে বুঝতে পারছি না বলে এটা প্রশ্নের আকারে রাখছি। এই ব্যয়কে আমাদের বর্তমান প্রচলিত শিক্ষা ব্যবস্থার খাতে ব্যয় বৃদ্ধি করছেন বলে যদি ধরেন তাহলে আমার আপত্তি আছে। খেয়ালখুশী মত ব্যয় বরাদ্দ বাড়ান এবং কমান কি উদ্দেশ্যে হচ্ছে সেটা আমি বুঝতে পারছি না। তবে এইটুকু বুঝতে পারছি যে শিক্ষা পরিকল্পনাকে সম্পূর্ণভাবে উন্নয়নের পথে এগিয়ে দেবার কোনরকম সুপরিকল্পিত পরিকল্পনা এর পেছনে নেই বরং শিক্ষার গতিকে সীমিত করে রাখার জন্য একটা ষড়যন্ত্র যেন কোথায় দেখতে পাচ্ছি। ক্রুশ্চেভ বক্তৃতায় বলেছেন যে ভারতবর্ষ গজ রাজের মত গতিতে এগিয়ে যাচ্ছে। তাঁর এই উক্তি সরকার পক্ষ আমাদের উৎসাহিত করেছে নিঃসন্দেহে। অবশ্য, এই গজ রাজার গতি নিয়ে নানারকম বিকৃত বিশ্লেষণ করা হচ্ছে। আমার বক্তব্য পশ্চিমবঙ্গ সরকার যেন গজ রাজের গতিকে থামিয়ে দিয়ে গজ রাজের শারীরিক ভার শিক্ষা জগতের উপর চাপিয়ে না দেন তাহলে আমরা নিরুপায়। সেজন্য পুনর্বিবেচনার জন্য বলি সংশোধিত বাজেটে শিক্ষার আবশ্যিক যে সমস্ত খাতে টাকা কমিয়ে দেওয়া হয়েছে সেই সমস্ত খাতে সরকার যেন বিবেচনা করে অর্থ বরাদ্দ নিয়োগ করেন। আমার পরিকল্পনায় সার্থক রূপায়ণ দেখতে চাই। পরিকল্পনার সমাধি রচনা চাই না। সরকার সেই পরিকল্পনাকে সার্থক রূপায়ণের পথে না গিয়ে যদি তার সমাধি রচনার পথে যান তাহলে বলবই যে এ সরকার অপদার্থ সরকার ছাড়া আর কিছু নয়। এই সরকারের বিত-

রিত বাজেটের দীর্ঘ বিবৃতিকে হতাশাব্যঞ্জক ছাড়া আর কোন আখ্যায় আখ্যায়ি করতে পারব না। তাঁদের পরিকল্পনার পেছনে সজ্জা শোভা যতই থাকুক না কে তা জনগণের স্বার্থকে ধ্বংস করার ছলনা ছাড়া আর কিছুই নয়।

আমার বক্তব্যকে আবেদন হিসাবে সরকারকে বিবেচনা করতে বলছি, কিন্তু আমা সেই আবেদনকে যদি তাঁরা ব্যাঙ্গ হাসি কিম্বা গলাবাজীর দ্বারা উপেক্ষা কর চান তাহলে আমি যে সাবধান বাণী জানিয়ে যাচ্ছি যে ইতিহাস অভ্রান্ত গতিতে চলে এব জনসাধারণকে বোকা ভাবলেই তারা বোকা হয়ে যায় না। জনসাধারণের নামে অসাধার ব্যক্তিদের প্রতিনিধিত্ব করে জনস্বার্থকে উপেক্ষা করে চলেন, শক্তিতে আসীন বলেই য অহঙ্কার করে চলেন, তাহলে সেই অহঙ্কারের পতন অবশ্যম্ভাবী।

Shri Jogindralal Saha : Mr. Chairman, Sir, the most relievin feature of this year's budget is that there has been no fresh proposal fo taxation though there has been a revenue deficit of Rs. 1 crore and lakhs and a further deficit of Rs 1 crore and 50 Lakhs outside the Revenu Account. Of Course, this has been offset by the big opening balance I mu congratulate the Hon'ble Chief Minister for this year s budget without an new taxation.

My esteemed friend, Mr. Snehangshu Kanta Acharyya had found a lot o bad things in this budget. That was fraught with many taxations and othr things. He must not forget that the administration of the State has t run and it has run well last year with these taxes imposed upon th people, I do not find any reason why he should take exception to th s taxations this year.

Shrimati Anila Debi had just now said that the Government ignore their advices about the development projects and the valuable suggestion of the opposite side from time to time. But it is not so. It is they wh are using harsh words and making scathing criticisms. I think th Government is pursuing steadily its policy of development as has bee appreciated by the foreign dignitary like Mr. Khrushchev. It has bee pursuing its economic policy and bringing about the development project to a sucess and that is being done very steadily, Anyone can perceiv these things if he likes to do so. What was the living condition of the people of the State before independence and what is the living condition of the people today. Nobody can deny that the living standard has been raised sufficiently. It has been raised sufficiently and the development programmes are being carried out and are being implemented with that end in view We cannot expect everything to be done overnight like Aladin's lamp. It requires greater hardship, sacrifices, toil and labour. Only empty words and criticisms will lead us nowhere. You have got to shoulder the responsibility and co-operaqe with the Government for the developement of the country. If a foreign dignitary like Mr. Khrushchev could see that as a matter of fact, it is a matter of regret why our oposition friends should remain blind and will not appreciate the achievements that are being made by the Government as a whole. I find that their only business is to criticise the Government and not to give any constructive suggestion. Our Government is trying to bring improvements all over the country, They will not appreciate that. Perhaps they feel that it is a foreign Government that is doing something and it does not do credit to them. They should change their outlook and they must think that it is their National Government.

Mr. Snehangshu K. Acharya has said that we must nationalise some of the tea and jute industries. At the same time he says that there should not be any fresh taxation. You must remember. Sir, that whenever you got to acquire any industries you will have to pay the price, as enjoined in the

Constitution of India. When giving suggestions our friends in the opposite sometimes try to mislead the Government. I do appreciate that the Government has been nationalising many big industries. They have already done that in the transport field. My friends do not see that Government has brought about an improvement in the transport system of the city. Anybody within the city will appreciate that. It is no good denying the truth. You must have sufficient courage to admit that. You must see what was the transport system in the city some years ago and what are the benefits that the citizens are enjoying now due to the introduction of the transport system almost everywhere. There is also another fact and that is this Sir, I do not possess the special knack and tact as does my esteemed friend Shri Snehangshu Kanta Acharyya to mislead the House Government has already entered into an agreement with the Tramway Company. By gradual process the Tramway Company will be acquired and ultimately vest in the State Government. But he says nothing of the kind. What is the good of making unnecessary criticisms and suppressing the truth.

Dr. Manindra Mohan Chakrabarty : Are they not true ?

[1—11-10 a m.]

Shri Jogindralal Saha : But you must deserve before you desire. Have you got the money to buy straightaway, have you got the money to nationalise all the industries ? It is very easy to give suggestion but it is very difficult to get it done in reality. Sir; I will only request the Government to do one thing. The Government has been doing a lot of things . bringing about development plants but it is difficult for the lay people to understand them. If the Government would differentiate between the plan projects and the budget, then the people will appreciate what practical benefits they are going to derive from the plans and the development projects.

In this connection I would also like to suggest one thing. namely, that for a long time the Calcutta Corporation is being denied its legitimates hare of the motor vehicles tax. We all know. Sir, that the Calcutta Corporation has to maintain 480 miles of road in the city and Government realises the lion share of the motor vehicles tax. This has also been recommended by the Local Finance Enquiry Committee as well as the Taxation Enguing Committee that the Government should revise or amend the motor vehicles tax and give to the Calcutta Corporation proper share or make an equ itable distribution of this tax between the Corporation and the Government. (Shri Nagendra Kumar Bhattacharyya : Why not also to municipalities because they also maintain roads). Mr. Bhattacharyya will kindly remember that the major portion of the incidence of the motor vehicles tax takes place in Calcutta Corporation has got to maintain 480 miles of roads by spending nearly 50 lakhs of Rupees a year. The roads are being used by every body for every purpose. Cars Lorries: heavy Buses and heavy trucks, even of the military use these roads and damage them. The Corporation have to repair and maintain them with the money which comes from the taxpayers, the householders or the businessmen of the city. The Corporatiou have got no other source of income worth mentioning but they have got to undertake the task of maintaining the roads all the same. (Shri Nagendra Kumar Bhattacharyya : Do not the Municipalities maintain roads ?) Nothing in comparison to the big city of Calcutta. A a matter of fact, when our Hon'ble Chief Minister was the Mayor of the Calcutta Corporation, at that time he also made this demand from the then Government that they must concede large portion of this motor vehiclesax to the Calcutta Corporation. Even now representations are being made from year to year from the Calcutta Corporation that the Government should part with the major portion of this motor vehicles tax to the Corporation as well as some share of the

smusment tax and other taxes the incidence of which take place in this city. As regards the improvement of roads and water supply in other urban areas, I may humbly suggest to the Government that this should be done in co-ordination and ellaboration with the local bodies. These are the same works which both the Government and local bodies have to do. Government has got to maintain the State roads and the local bodies have got to maintain some of the local roads.

So, if they can bring about a co ordinated plan through which this money will be spent with the advice and guidance of the local municipalities of the urban areas, that would be very helpful.

The other day my friend suggested that adult franchise should be introduced in the election of Calcutta Corporation and other local bodies. They had also quoted the names of Mahatma Gandhi and other British Statesmen, but I do not think they themselves practice the other teachings of Mahatma Gandhi. (Shri Gopal Chandra Halder ; Which you are following.) Things which had been said in the earlier days by Manu are not followed today. You have got to adapt yourself to the changing times.

Sir, I do not understand why people, who do not pay a single naya paisa to the Calcutta Corporation, should come and boss over the city's administration.

As for Shri Sanyal's suggestion regarding certain taxes which the Central Government is not able to forego in favour of the Government of West Bengal, then we should throw up a challenge to the Government, I do not think that should be the right way of dealing subjects concerning the Centre and the State. we are always negotiating for peace, we are trying for reconciliation of many difficult problems peacefully. In this matter also why should we give a challenge to the Central Government saying that we would stop growing jute from tomorrow ? I do not think that should be the attitude of legislators. we have get ample strength to go on negotiating and force the Central Government to give us what is legitimately due to us.

[11-10—11-20 a m]

Shri Abdul Halim : মিঃ চেয়ারম্যান স্যার, মাননীয় মুখ্যমন্ত্রী ডাঃ রায় অর্থমন্ত্রী রূপে আমাদের সামনে যে বাজেট পেশ করেছেন, এত বিরাট বাজেট পড়ার সময় আমাদের নেই সম্ভব বা নয়। অবশ্য সংগে সংগে তিনি যে বিবৃতি দিয়েছেন আমি সেই বিবৃতি পড়েছি এবং সেই বিবৃতিটা পড়লে মনে হয় যেন বাংলাদেশের লোক খুব আরামে আছে। আসলে এই বাজেট জনকল্যাণমূলক বাজেট নয়, সেটা এই মোটা মোটা বই-গুলি দেখলেই সকলে বুঝতে পারবেন। ১৯৬০-৬১ সালে বিভিন্ন খাতে আয়-ব্যয়ের হিসাব নিকাশ যা দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে যে ২ কোটি ৬৪ লক্ষ ৭০ হাজার টাকা ঘাটতি হয়েছে, আর ১৯৬০-৬১ সালের প্রারম্ভিক তহবিলে ৮ কোটি ৭১ হাজারের সাথে ঘাটতি যোগ করে তিনি বলছেন বছরের শেষে ৫ কোটি ৩৬ লক্ষ টাকা উদ্বৃত্ত থাকবে। ডাঃ রায় শিল্প উৎপাদন, খাদ্য উৎপাদন, কৃষি উৎপাদন ইত্যাদি বিভিন্ন ব্যাপারে যে বর্ণনা চিত্র এঁকেছেন তাতে মনে হবে বাংলাদেশে স্বর্গরাজ্যে পৌঁছে গেছে। ১৯৫৮-৫৯ সালে চালের হিসাব দিয়েছেন ৪০.৫৭ লক্ষ টন চালের উৎপাদন হয়েছিল এবং বিধ্বংসী বন্যার ফলে বর্ত্তমান বৎসরে উৎপাদন হবে ৩৭.৯ লক্ষ টন। আপনি জানেন পশ্চিম বাংলায় প্রতি বছর খাদ্যের ঘাটতি হচ্ছে সেচ পরিকল্পনায় কোটি কোটি টাকা ব্যয় হচ্ছে অথচ খাদ্যের ঘাটতি কমছে না। মাননীয় খাদ্যমন্ত্রী ১৯৫- সালে বলেছিলেন বাম্পার ক্রপ হয়েছে আমরা এবার খাদ্য সমস্যার সমাধান করে দেব, আমাদের আর বিদেশ থেকে খাদ্য আনতে হবে না, কোথায় গেল তাঁর সেই দম্ভ? মাননীয় মুখ্যমন্ত্রী পণ্যদ্রব্যের পাইকারি মূল্যের হিসাব দিয়েছেন—১৯৫২-৫৩ সালকে ভিত্তি করে তিনি যে সূচক মানের সংখ্যা

দিয়েছেন তা দেখে মনে হবে যে ১৯৫৮ সালে সূচক মান ছিল ১০৮.৩ সেটা ১৯৫৯-৬০ সালে বেড়ে ১১৪.৬ হয়েছে। তিনি বলেছেন খাদ্য দ্রব্যের দাম কমছে কিন্তু সত্যই কি জিনিষপত্রের দাম কমেছে? চিনি, তেল, চালের দর দিন দিন বৃদ্ধি পাচ্ছে, চিনির কেলেংকারীর কথা কে না জানে—৪৪ টাকার চিনি ৬০ টাকায় বিক্রি করে মুনাফা খোরেরা কোটি কোটি টাকা লাভ করেছিল, তাদের দমন করবার জন্য সরকারের পুলিশ কি করেছিল? কাজেই দ্রব্যমূল্য যে বাড়ছে ডাঃ রায় যে অস্বীকার করতে পারেন না।

[11-10—11-20 a, m]

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন আগামী বছরাদি ভালই কাটবে। এই আশায় বুক বেঁধে দুর্ভিক্ষ খাতে ৩ কোটি ৪৬ লক্ষ টাকা কম ধরা হয়েছে। গত বছরে ৬ কোটি ১৪ লক্ষ ছিল এবারে বরাদ্দ করা হয়েছে ২ কোটি ৬৮ লক্ষ টাকা। কেন, দেশের অবস্থা কি ভাল হয়ে গেছে? খাদ্য সংকট অভাব, অনটন আছে এর সুব্যবস্থা না করেই খয়রাতি সাহায্য, রিলিফের বরাদ্দ কমান হয়েছে। দেশে যে খাদ্যসংকট ও খাদ্য পরিস্থিতি তাতে এখনকার পরিমাণ আরও বেশী হওয়া দরকার।

ডাঃ রায় নিজেই স্বীকার করেছেন যে সেচ কৃষি সমষ্টি উন্নয়ন পরিকল্পনায় সর্ব্বাধিক খরচ করা হচ্ছে। কিন্তু খাদ্যাবস্থার তো কোন উন্নতি হয়নি? ডাঃ রায় বলেছেন জন সাধারণের উপর নূতন ট্যাক্স বসান হবে না। কিন্তু আমার জিজ্ঞাস্য হচ্ছে যে নূতন Tax বসাবার মত অবস্থা কি এখানে আছে? দেশের মানুষ আজ করভারে প্রপীড়িত। আজকে প্রকৃতপক্ষে প্রয়োজন জনসাধারণের Tax এর বোঝা কমানো—হ্রাস করা। জনসাধারণের উপর নূতন করে Tax চাপান তারা দিতে পারবে না, দেবার ক্ষমতা তাদের নিঃশেষ হয়ে গেছে। ইতিমধ্যে Cannal কর ৫ টাকা থেকে ১০ টাকা করে করা হয়েছে। বর্দ্ধমান জেলায় ১২॥০ টাকা করা হয়েছে। কোটি কোটি টাকা খরচ করা হচ্ছে কিন্তু উৎপাদন ১ ছটাকও বাড়ে নি। সেচমন্ত্রী মহাশয় কি বলতে পারেন উৎপাদন কি বেড়েছে? যদি তিনি সেরকম হিসাব দিতে পারেন তাহলে বুঝবো যে এই টাকার খরচ করার অর্থ আছে। ১৯৫৬ এবং ১৯৫৯ সালের বন্যার কথা পূর্বেই বলেছি। দেশের বহু অংশ ধ্বংস হয়ে গেছে, পল্লী অঞ্চলে গ্রামাঞ্চলে ঘরবাড়ী ধ্বংস হয়ে গিয়াছে। আজকে যে সমস্ত দুঃস্থ কৃষকের উপর ট্যাক্স চাপান হচ্ছে তাদের তো ট্যাক্স থেকে রেহাই দেওয়া দরকার, তাদের উপর ট্যাক্স কি করে আরও চাপাচ্ছেন? সরকারের যে ট্যাক্সের বোঝা—হিসাব করে দেখলে দেখা যাবে মাথা পিছু Tax ৪২ টাকা করে পড়ছে। ১৯৩৮-৩৯ সালে ছিল ৩॥০ টাকা বাড়তে বাড়তে ১৯৫৫-৫৬ সালে হল ২৩॥০। বর্ত্তমানে সেটা হল ৪২ টাকা। দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় মানুষের উপর আরও হয়ত Tax বাড়বে, বাড়বে না বলতে পারেন কি? তা ছাড়া সরকারের হিসাব বহির্ভূত যে সমস্ত Tax আছে সে রকম বহু ট্যাক্স জন সাধারণকে দিতে হয় যেমন জলকর, শিক্ষাকর পঞ্চায়েৎ Union Board এবং পৌরসভার ট্যাক্স। পৌরসভার Tax সম্বন্ধে আমি পরে বলবো। কিন্তু যে ভাবে চলেছে তাতে তো করভারে পশ্চিম বাংলার মানুষ কুঁজো হয়ে যেতে বসেছে। বিদেশী কোম্পানী কোটি কোটি টাকা লাভ করেছে তাদের উপর কেন ট্যাক্স বসাচ্ছে না? এ সমস্ত বিদেশী কারখানায় জাতীয়করণ দরকার। সেসব করতে পাচ্ছেন না কিন্তু গরীব কৃষক যারা গরীব জনসাধারণ তাদের উপর ট্যাক্স বসাচ্ছেন।

সরকারী প্রশাসনিক ব্যবস্থা খুব চমৎকার। প্রতি ১০০ টাকা রাজস্ব আদায় করতে ব্যয় হবে ১৭ টাকা। গত বছর সংশোধিত হিসাব ১০০ টাকা রাজস্ব আদায় করতে ৯৬ টাকা ব্যয়িত হয়ে যাবে। কি মজার প্রশাসনিক ব্যবস্থা!

তারপর রাষ্ট্র পরিবহন দুগ্ধ কেন্দ্র মৎস্য ব্যবসায়ী ইত্যাদি প্রতিষ্ঠানে—১৬টি প্রতিষ্ঠানে ৭৬০ কোটি টাকা খরচ করে মূলধন খাটিয়ে ৯৯ হাজার টাকা লাভ হয়েছে। বিগত বছর ৭ কোটি ৬০ হাজার টাকা খরচ করে ২২ হাজার টাকা লাভ হয়েছিল। পরিবহন

ব্যবস্থায় যে কি রকম দুর্ভোগ ভুগতে হয় সেটা সকলেই জানেন। Taxi সময়মত পাওয়া যায় না office এর কাজ কর্ম করতে আসতে বা ফিরবার পথে বাস পাওয়া যায় না। মৎস্য মন্ত্রী মহাশয়কে এখানে একটা কথা বলতে চাই তিনি যে গভীর সমুদ্রে মাছ ধরার জন্য Trawler এনেছিলেন তার কথা তো এখন আর শুনি না! মাছের সের ৪।৫ টাকা কলকাতার বাজারে। অতএব দেখা যাচ্ছে সরকার এত খরচ করেন বটে কিন্তু বৈষয়িক উন্নতি সাধারণ মানুষের উন্নতি কিছুই হচ্ছে না। ধনী আরও ধনী হচ্ছে, গরীব আরও গরীব হচ্ছে। পরিকল্পনা করছেন করুন—আমরাও পরিকল্পনার বিরোধী নই কিন্তু সেটা সাধারণ মানুষের বাস্তব অবস্থার সঙ্গে মিল করে দেখুন তাদের প্রকৃত আয় কি বাড়ছে না কমেছে? কৃষির উৎপাদন বাড়েনি, বেকারের সংখ্যাও বাড়ছে, শ্রমিক শিক্ষক, অধ্যাপক, চিকিৎসক কৃষক কারও জীবনে উন্নতি দেখছি না এই কি কল্যাণ রাষ্ট্রের পরিচয়! বলতে পারেন এটা Socialistic Pattern of Society—কিন্তু ধনিক শ্রেণীকে ধনী করাই কি Socialistic Pattern? আমি এবার অন্য কয়েকটি বিষয় উল্লেখ করবো।

জিনিষের দাম বেড়ে চলেছে অথচ কৃষির উৎপাদন বাড়েনি, বেকার সমস্যা বেড়েছে শিক্ষক, কৃষকদের কারও কারও জীবনে কিছু উন্নতি দেখছি।

কাজেই এটা কল্যাণ রাষ্ট্রের কথা নয়, people's socialism এর কথা নয়। গরীবকে শোষণ করে বড় লোককে পোষা হচ্ছে, তার socialism হচ্ছে—সোনার পাথর বাটী।

মিষ্টার চেয়ারম্যান, স্যার, আমি বিশেষ ভাবে সরকারের নীতি কোন পথে চলেছে—বললাম। এবার আমি তাঁদের plan সম্বন্ধে বলবো। ১৯৫৫-৫৬ সালে যে বন্যা বাংলা দেশের উপর দিয়ে বয়ে গেছে, তখন সরকার বলেছিলেন তাতে প্রায় দু লক্ষ ঘরবাড়ী ভেঙ্গে ভেসে চলে গেল। তখন সরকার ঠিক করলেন সেখানে একটা model village তৈরী করবেন। এবং সেই plan অনুসারে সেখানকার লোকেরা নিজেদের চেষ্টায় প্রায় ১৭ হাজার ঘর নির্ম্মাণ করেন। তারপর ১৯৫৯ সালের বন্যায় সেখানকার প্রায় তিন লক্ষ ঘরবাড়ী ভেঙ্গে পড়ে গেল। তারপর আপনারা আর কয়টা বাড়ী তৈরী করতে পেরেছেন? কোথায় গেল আপনাদের model village? টাকা, কয়লা, নানারকম material দিয়ে সাহায্য করতে গিয়েছিলেন, কিন্তু সব নষ্ট হল। কাঁচা ইট তৈরী হবার পর কয়লা সেখানে সময়মত সরবরাহ করা হয় না, এবং কয়লা এত খারাপ যে ইট পড়ে না, এবং ইট কাঁচা অবস্থায় থাকার দরুণ বৃষ্টিতে গলে শেষ হয়ে যায়। এইরকম ভাবে সরকারের হাজার হাজার টাকা অপচয় হচ্ছে। গৌরী সেনের টাকা দিয়ে শ্রাদ্ধ হচ্ছে এই বন্যার পর model village এর প্রভাবও ঐ রকম হয়েছে। কোটি কোটি টাকা Sanction করে নিয়ে অপব্যয় করা হচ্ছে। Model Village কিছুই হয়নি, জনসাধারণ নিজেদের চেষ্টায় কিছু ঘরবাড়ী তুলেছে—সরকারের চেষ্টায় কিছুই হয়নি। সরকার যে টাকা দিচ্ছেন সেটা কন্ট্রাকটরদের পকেটে চলে গেছে।

এখন আমি পুলিশ সম্বন্ধে কিছু বলতে চাই। ১৯৫৯-৬০ সালে পুলিশের জন্য ব্যয় করা হয়েছিল ৮ কোটী ৩ লক্ষ ৬০ হাজার টাকা। আর এবার ১৯৬০-৬১ সালের বাজেটে পুলিশের জন্য খরচ ধরা—হয়েছে ৮ কোটী ৯ লক্ষ ৮৭ হাজার টাকা। অর্থাৎ পুলিশের খরচ প্রতি বছর বেড়ে চলেছে। ইণ্ডিপেণ্ডেন্টস্ পাবার পর পুলিশের জন্য ব্যয় tenfold বেড়ে গিয়েছে। অথচ পুলিশের তৎপরতা এফিসিয়ানসি সরকম বাড়েনি। চুরি, ডাকাতি, খুন, জালিয়াতির সংখ্যা বেড়ে গিয়েছে। মেয়ে মানুষকে নিয়ে অবৈধ ব্যবসা বেড়ে গিয়েছে, এবং সমাজ বিরোধী কাজও বেড়ে গিয়েছে। এ সম্বন্ধে একটা আইন করে ছিলেন কিন্তু, সেটা কার্য্যকরী হয়নি। পুলিশের রিপোর্ট থেকে দেখতে পাই কলিকাতায় crime এর সংখ্যা ১৯৫৮ সালের তুলনায় প্রায় ১০ পারসেন্ট বেড়ে গিয়েছে। কলিকাতা শহরে ১৯৫৯ সালের, crime incident এর সংখ্যা ছিল ৮৩১৬; তার মধ্যে Murder হচ্ছে ৩৫ টা, Robbery হচ্ছে ২৪ টা, Picking of Pocket ৭৬৮ টা, চুরি হচ্ছে

১৫০০ টা, Theft by Servant ৯০৮ টা, Motor Car theft ৫০৬ টা, Cycle theft ৫৭০ টা, Motor Car Parts ৫৭০ টা। ডিষ্ট্রিকট্-এর অবস্থা আরও খারাপ, সেখানে দিনে একটা দুটা করে ডাকাতি লেগেই আছে। বীরভূমে আমেদপুর, হাসপাতালের ডাক্তারকে Murder করে ডাকাতি হয়ে গেল। crime এই ভাবে সবই বেড়েই চলেছে। পুলিশ অফিসাররা—ডাকাতদের ধরা বা তাদের বিরুদ্ধে মামলা করতে সাহস করেন না, কারণ তাঁরা মনে করেন এই সমস্ত ডাকাতদের উপরওয়ালা কর্মচারীদের কিম্বা হয়ত মিনিষ্টার-এর সঙ্গে যোগাযোগ আছে, এই ভয়ে তারা কিছু করতে পারে না। পুলিশ ডাকাতদের গায়ে হাত দিতে সাহস পায় না।

তা জানে না ; সাক্ষী সাবুদ নিয়ে প্রমাণ করা মুস্কিল ; পুলিশও ভয়ে কিছু করতে পারে না।

[11-20—11-30 a. m.]

আর একটি কথা বলি : কলিকাতা কর্পোরেশনের কথা হচ্ছিল। আমি ও এই কলিকাতা কর্পোরেশনের সম্পর্কে সামান্য একটা ব্যাপার—যা আপনাদের অনেকের চোখে পড়বে না—। আপনারা রাস্তা দিয়ে যান—বটে, তবে সে দিকে লক্ষ্য করেন না। সাধারণ মানুষের কি অবস্থা আজকে কলকাতার বড় বড় রাস্তায় এবং পাশের বাড়ীতে গলিতে—ড্রেনেজের ঝাঝরী একটাও নাই। রোজ যে সব চুরি হয়ে যাচ্ছে আমি পুলিশকে এ ব্যাপারে লিখেছি—কিছুই ফল হয় নাই। আমার বাড়ীর সামনের রাস্তায় ১২।১৪টা ড্রেনেজের ঝাঝরী চুরি হয়ে গেছে, পুলিসের বড় কর্ত্তাদের কাছে—এ-সি, ডি-সি কে চিঠি লিখেছি। কিন্তু আজ পর্য্যন্ত কিছু হয় নাই। সেগুলি পুরাতন জিনিসের দোকানে বিক্রী হয়ে যাচ্ছে। সেখান থেকে আবার কর্পোরেশনের লোক অল্প দামে কিনে এনে কাজে লাগাচ্ছে। এই চুরি অব্যাহত ভাবে চলেছে। বন্ধ হচ্ছে না। আমি শুনেছিলাম আমাদের রাস্তায় ১৩টি এই রকম চুরি হয়ে গেছে। এই অবস্থায় বর্ষাকালে রাস্তায় চলা খুবই বিপজ্জনক। সেখানে চলতে গেলে বর্ষার সময় মানুষের পায়ে আঘাত লাগলে পা ভেঙ্গে যাবে। এই যে একটা ভয়াবহ অবস্থা চলছে, তা প্রতিকার করবার জন্য চেষ্টা করেছি বটে, কিন্তু কোন কাজই হয় নাই।

তারপর Public Health ইত্যাদি সম্বন্ধে আমার বন্ধুরা বলবেন, আমি আর বেশী কিছু বলবো না। আমি শুধু বলতে চাই—এই বাজেটে আশাপ্রদ কিছু নাই। এই বাজেটে কিছু কিছু রাস্তা ঘাট যা এখানে সেখানে করা হয়েছে—, তাতে চাক্‌চিক্য মনে হবে। সাধারণ মানুষ মরণাপন্ন—, ধ্বংসের পথে চলেছে। গভর্ণমেণ্টের যে নীতি নিয়ে চলেছেন, তাতে তাদের সত্বর ধ্বংসের দিকেই নিয়ে যাবে। কাজেই আমি তাঁদের নীতির তীব্র সমালোচনাও প্রতিবাদ না করে পারি না।

Dr. Charu Chandra Sanyal: সভাপতি মহোদয়, এবারকার বাজেটে অনেক উন্নতি মূলক কাজের কথা আছে। বলতে পারেন—বড্ড তাড়াতাড়ি উন্নতির চেষ্টা হচ্ছে—টাকা ও বেশী ব্যয় হচ্ছে। কিন্তু তা স্বত্বেও অগ্রগতি বন্ধ করা চলে না। ত্রুটি বিচ্যুতির হয়ত অনেক হচ্ছে। তা সত্বেও কাজ করতে হবে। যে মানুষকে নিয়ে কাজ করি তার ভেতর ত্রুটী থাকা সম্ভব বিচ্যুতি ও আছে। এই নিয়েই যখন কাজ করতে হবে, তখন এটা মেনে নিয়ে এগিয়ে যেতে হবে। অযথা বিরুদ্ধ সমালোচনা বেশী করে তাদের মনোবল ভেঙ্গে দেওয়া সঙ্গত বা উচিত হবে না। তবে কতকগুলি বিষয়ের কথা এখানে অবতারনা করতে চাই। সেটা হচ্ছে আচার্য্য মহাশয়—এ বিষয়ে চমৎকার বক্তৃতার অবতারনা করেছেন। কিন্তু জবাব শুনবার ধৈর্য্য তাঁর নেই দেখা গেল। তিনি নিজের কাজে চলে গেলেন। যা হোক তাঁর অনুপস্থিতিতে দু-চারটা কথা বলবো। তিনি এখানে থেকে শুনলে অত্যন্ত ভাল হতেন। এর জবাব ভেতরে ও বাইরে দেওয়া হবে।

[Advice: জবাব তাঁকে জানিয়ে দেওয়া হবে।]

ধন্যবাদ, আচার্য্য মশায়ের বক্তৃতায় একটি জিনিষ লক্ষ্য করলাম। তিনি একজন ভাল Advocate, তা বোঝা গেল বাজেট না পড়ে সে সম্বন্ধে এত সুন্দর বক্তৃতা তিনি দিয়েছেন—যা একজন ভাল Advocate ছাড়া আর কেউ দিতে পারেন না। ওঁর যদি বাজেটটা একটু দেখে শুনে আসবার সুযোগ হতো, তাহলে আমার মনে হয় আরো বেশী জিনিষ তাঁর কাছ থেকে শুনতে পেতাম। কারণ তিনি খুব চমৎকার বক্তা। এই বাজেট উপলক্ষে এত বড় বড় কথা হয়েছে যে তার হদিস পাওয়া মুস্কিল। ইংল্যাণ্ড ও রাশিয়াকে পর্য্যন্ত এখানে টেনে আনা হয়েছে ? অনেক কাণ্ড করা হয়েছে কিন্তু সাধারণ লোক অতদূর যাতায়াত করতে চাইবে না। আমি আমাদের ভেতরকার দুঃখ দৈন্যের কথা আলোচনা করি। আমাদের মত বিরোধ হয় সেটা মিটে যায়। অত বেশী টানাটানি করে কি লাভ ?

কে আমাদের ভাল বললেন, আর কে আমাদের মন্দ বললেন তা নিয়ে আমাদের মাথা ঘামাবার দরকার নেই। এই উপলক্ষে একটা কথা মনে পড়লো. বহুদিন আগে দেশবন্ধু দাস আমাদের বাড়ীতে বসেই আমার দাদাকে বলেছিলেন যে, ইংরাজ আমাদের দেশ জয় করেছে সেটার জন্য আমি ভয় পাইনা, সব চেয়ে বেশী ভয় পাই এই জন্য যে তারা আমাদের কৃষ্টির উপর চেপে বসেছে। সেটা জয় করছে, cultural conquest এর আভাস আমরা দেখতে পাচ্ছি। বাইরের লোক আমাদের কি বললো সেটা নিয়ে মাথা ঘামানই আমাদের বড় জিনিষ। আশা করি এথেকে আমরা শীঘ্রই রেহাই পাবো তারপর একটা কথা হেমাংশু বাবু বলছেন যে বাংলা দেশের Jute এবং Tea Nationalise করা দরকার। হয়ত এমন একটা দিন আসবে যে দিন এটা করতে হবে। যখন আমাদের সেই রকম লোক সৃষ্টি হবে যারা চা ও পাট হাতে নিয়ে সুষ্ঠু ভাবে চালাতে পারবে। সেই সময় হয়ত এই প্রশ্ন আসতে পারে। এবং সেটা দরকার হবে। কিন্তু আমাদের সরকার যে সব প্রতিষ্ঠান হাতে নিয়েছে, স্বীকার করতেই হবে. সেগুলি ভালকরে চালাতে পারছে না। এখনও আমাদের মধ্যে সৃষ্টি হয়নি সেরকম লোক। Floud Commission এর সময় এটা আলোচনা হয়েছিল এই ঘরে যে জমিদাররা সরকারকে খাজনা দিত ৩ কোটী টাকা আর অর্জ্জন করতো ১৬ কোটী টাকা। এই মাঝের ১৩ কোটী টাকা তারা মেরে দিত। এই ১৩ কোটি টাকা হাতে নেবার জন্য অনেক দিন ধরে চেষ্টা চলছিল। বহু টানা হেঁচড়ার পর এখানে আইন পাশ হল কিন্তু দেখা গেল এই ১৩ কোটীর জায়গায় ৬০ লক্ষ টাকা ও ঘরে আসছে না। এই বাজেটে দেখছি খুব বেশী টাকা এ থেকে মুনাফা হবেনা, এক কোটি টাকার মত হতে পারে। কাজেই হাতে নিয়ে একটি জিনিষ ভালভাবে চালাবার মত লোক তৈরী করে নেবার পর আর একটি হাতে নিতে হবে। হড়বড় করে সব জিনিষ হাতে নিলে চলবে না। আর আমাদের সংবিধানে একটা কথা আছে ক্ষতি পূরণ না দিয়ে কোন জিনিষ আমরা নিতে পারি না এই সংবিধান না পালটান পর্য্যন্ত আমাদের ক্ষতি পূরণ দিতেই হবে। যদি চা ও পাটের ক্ষতি পূরণ আমরা দিতে চাই তাহালে সারা বাংলা দেশকে বিক্রয় করলেও সে টাকা আসবে না। সুতরাং এখন এই ঝুকি নেওয়া সম্ভব নয়। যদি কোন দিন ক্ষতি পূরণ না দিয়ে এইগুলি অধিকার করার আইন হয় তাহলে সে দিন এই প্রশ্ন আসতে পারে এবং সে দিন নেওয়া সহজ হবে তাই যেগুলি খেয়েছি সেইগুলি আগে হজম করতে হবে। এক প্রকারের সাপ আছে তাকে বলে ময়াল সাপ। এই ময়াল সাপ গোটা একটা হরিণ গিলে নিতে পারে। এবং গিলে নিলে তার পেটটা ফুলে ওঠে, সে সেই ভাবেই পড়ে থাকে। তারপর ধীরে ধীরে সেটা হজম হয় এবং হজম হতে প্রায় ১৫।১৬ দিন সময় লাগে এবং তারপর সে আবার চলতে পারে। সুতরাং আমরা ময়াল সাপের মত যেটা গিলেছি সেটা হজম হ'লে চলতে হবে। শশাঙ্ক বাবু একটা খুব ভাল জিনিষ বলেছেন, পাট এবং Income Tax এর অংশ নিয়ে কেন্দ্রের সঙ্গে একটা লড়াই করতে হবে। এই লড়াই অবশ্য বহুদিনের, স্যার প্রভাস এর আমল থেকে এই লড়াই চলে আসছে, এই লড়াই এর ফলে যদি কিছু পাওয়া যায় তাহলে লাভই হবে। আর একটা জিনিষ

বলেছেন shattered and uprooted economy of West Bengal, এ কথার অর্থ বুঝলাম না হয়ত বলতে পারেন লোক বেশী হয়েছে, পয়সা কম হয়েছে। তিনি বলেছেন পূর্ব্ব বাংলায় কাঁচা মাল তৈরী হোত এবং পাকা মাল হোত পশ্চিমবঙ্গে।

[11-30—11-40 a. m.]

উনি বলেছেন: পূর্ব বাংলায় কাঁচা মাল তৈরী হত, আর সেটা পাকা হতে আসত পশ্চিম বাংলায়। কিন্তু আমি তাঁকে বলি কাঁচা মালের মধ্যে মাত্র পাট পূর্ববাংলায় তৈরী হত। ধান এখানে আসত না। ধানের অভাব আমাদের এখানে চিরকালই হত। তখন বর্ম্মা থেকে চাল আসত। আগে এখানে অর্থাৎ দেশ বিভাগের পর পশ্চিম বঙ্গের মাত্র ২॥০ লক্ষ একর জমিতে পাট হত। আর এখন ১১ লক্ষ একর জমিতে পাট উৎপন্ন হচ্ছে। পাটে এখন আমরা স্বয়ংসম্পূর্ণ হয়েছি। পাটের যে অভাব আমাদের ছিল সেটা সম্পূর্ণ পূরণ হয়েছে। আর পূর্ব বাংলার উপর নির্ভর করতে হচ্ছে না। তারপর মধ্যবিত্তদের কাজ নাই সে সম্বন্ধে ও এখানে অনেক উল্লেখ করেছেন। সে সম্বন্ধে আমি দুই একটা কথা বলতে চাই। আমার মনে হয় সকলকে চাকর করবার চেষ্টা না করে মনিব হবারই সুযোগ দেওয়া উচিত। ছোট ছোট কলকারখানায় তারা যাতে মনিব হতে পারে তার জন্যই আমাদের চেষ্টা করা উচিত। আজকে বাহিরের লোক এসে সব দখল করছে। আমি বলি কোন জায়গায় ফাঁক থাকতে পারে না। আগে আমাদের এখানকার বড় বড় বেনিয়ানের ছেলেরা সাব-ডেপুটি ম্যাজিষ্ট্রেটের চাকুরী নিতে আরম্ভ করেছিল সেই সময় বাহিরের লোকরা এসে ব্যবসা দখল করে বসল। কোথায় Vacuum থাকতে পারে না। সেই জন্য এখন আমাদের আর্থিক অবস্থা খারাপ হয়েছে। তারপর Industrial Policy সম্বন্ধে অনেক বলেছেন এটা লোকসভায় আলোচনা হওয়া উচিত এটা stateএর পক্ষে কিছু কিছু সিদ্ধান্ত নেওয়ার অসুবিধা আছে। তার কারণ এর প্রতিক্রিয়া ভয়ঙ্কর রকম হতে পারে। আগে বিলাতী কাপড় বয়কট আমরা করলাম কিন্তু কাপড়ের কল আমরা করলাম না সে সুযোগে বম্বেতে অনেক কল হল যার ফলে আমরা মারা গেলাম। সুতরাং শিল্প সম্বন্ধে যা কিছু পরিকল্পনা তা সর্বভারতীয় ভিত্তিতে করতে হবে। এখন আমি কতকগুলি ছোট জিনিষের কথা বলব। আমি অত্যন্ত ক্ষুদ্র মানুষ এবং আমার যে ব্যবসা তাতে সবরকম লোকের সঙ্গে মেলামেশা করবার সুযোগ পাই এবং তাতে আমার এই ক্ষুদ্র বুদ্ধিতে যা মনে হয় সেটাই আপনাদের কাছে নিবেদন করব। রোজকার খাওয়া পরা কি কোরে চলতে পারে তার কথাই আমি বলব। বড় বড় পরিকল্পনাও বড় বড় কলকারখানার ধোঁয়া দেখে আমাদের পেট ভরবে না। কি কোরে কম খরচে পেটটা ভরে সেটাই আমাদের দেখতে হবে। অনেকে বলেন, এটাতো আলাদিনের প্রদীপ নয়। কিন্তু আলাদিনের প্রদীপও আছে। আমি দুয়েকটা ছোট ছোট উদাহরণ দিচ্ছি। আমি গ্রামাঞ্চলের সাধারণ লোকের মধ্যে ঘুরি, তাদের সঙ্গে মেলামেশা করে আমার যে অভিজ্ঞতা হয়েছে সেই অভিজ্ঞতা থেকেই আমি বলব। একটা জিনিষ দেখছি গ্রামে জ্বালানির ব্যাপার নিয়ে বন বিভাগ থেকে বলা হচ্ছে লোক সব গাছ কেটে ফেলল, যে অনুপাতে গাছ কাটা হচ্ছে সেই অনুপাতে নূতন আবাদ হচ্ছে না। কিন্তু এটা দেখতে হবে কেন তারা গাছ কাটে। জ্বালানি যদি না থাকে তাহলে আগুন জ্বালবে কি করে—আগেকার মত ব্রাহ্মণ তো এখন আর নাই যে ফুঁ দিয়ে আগুন জ্বালবে। যত গোবর আছে তা ঘুটে করে জ্বালান হয়। কিন্তু আমি বলবো যে গোবরের সারটুকু রেখেও তা থেকে জ্বালানি তৈরী করতে পারা যায় যদি লোককে তার সুযোগ দেওয়া যায় তাহলে আরও কিছু গোবর বেঁচে যাবে। ফুলিয়া, বেলুড় এবং সোদপুরে আমি এই জিনিষ দেখে এসেছি, সেখানে গোবর থেকে সার তৈরী করার কারখানা আছে। সম্প্রতি Indian Council of Agricultural Reach থেকে একটা design দেওয়া হয়েছে, কিছুদিন আগে সংবাদ পত্রে তার ছবি বেরিয়েছে। আমি মনে করি, কতগুলি যুবককে এই কাজ শিখিয়ে

কিছু মূলধন দিয়ে গ্রামের ভিতর পাঠিয়ে দিলে তাঁরা বেঁচে যায় কাজ পেলে এবং গ্রামের লোকের উপকার হয়। এবং তার কাছে গাছগুলিও বেচে যাবে। এ ভাবে বহুলোক কাজ পাবে। এবং মনিব হিসাবে খেটে পয়সা উপার্জন করবে, তাদের আর চাকরী করতে হবে না। আরো কটা জিনিষ আছে যারপ্রতি এখনো আমাদের দৃষ্টি আকৃষ্ট হয়নি, borehole latrine (কূয়া পায়খানা) সরকার থেকে চেষ্টা হয়েছিল। কিন্তু সেই চেষ্টা ব্যর্থ হয়েছে বলতে হবে—এ নিয়ে আমি বেশী আলোচনা করতে চাই না, আমি শুধু একটু বলবো : এতে অর্থের অপচয় হয়েছে। একথাও বলবো যে, একবার অকৃতকার্য হয়ে ছেড়ে দিলেই চলবে না। আমাদের দেশের কতগুলি ছেলেকে borehole latrine অর্থাৎ কুয়া পাইখানা তৈরী করার জন্য ভাল করে শিক্ষা দিতে হবে। তাদের কিছু মূলধন দিয়ে গ্রামে পাঠিয়ে দিতে হবে—উঁচু জমিতে এসব latrine খুব ভাল হয়, ১০।১২ বৎসর চলে এক একটা। এর দ্বারা আমাদের যে পরিষ্কার গ্রামের পরিকল্পনা আছে তাও খানিকটা সার্থক হবে। বড় বড় ছবি এঁকেই গ্রাম পরিষ্কার হয় না, এতে শুধু অর্থ অপচয় হয়, মানুষকে ফাঁকি দেওয়া হয়। তারপর, মাছ, এই বাজেটে ফিসারীর জন্য অনেক টাকা ধরা হয়েছে, বড় বড় পরিকল্পনা এর ভিতর আছে। কিন্তু মাছের দাম কমেনি এবং সাধারণ লোক মাছ খেতে পাচ্ছে না। মাছ protin food। Protin food না পেলে শরীরের শক্তি ক্রমশ কমে যায়, মানুষের কার্য্যক্ষমতা কমে যায়। স্বাস্থ্য রক্ষার জন্য মানুষকে মাছ খেতে দিতে হবে। মণি বাবু একটা পরিকল্পনা করেছিলেন, তিনি বৈজ্ঞানিক, আশা করি তিনি চেষ্টা করে যাবেন। আমি ব্যারাকপুরের Central fisheryর Hiralal Chaudhuryর কথা জানি, তিনি সম্প্রতি artificial fertilisation পদ্ধতিতে মাছের ডিম থেকে বাচ্চা তৈরী করেছেন।

[11-40—11-50 a. m.]

৯৫% ডিম থেকে বাচ্চা হয়, আমরা বলি মাছের মায়ের পুত্রশোক অর্থাৎ বাচ্চার ভিতরে ডিমের ২% fertilised হয়, এবং ৯৮% মারা যায়, কিন্তু এতেও ৯৫% বেঁচে যাচ্ছে—তাঁরা যদি পারেন ৯৮% বাঁচান, এই ভাবে উনি সেখানে tank করে culture করছেন। সরকার থেকে যদি সেখানে কতগুলি ছেলেকে পাঠিয়ে কাজ শিখান হয় তা হলে তারা এই সব বাচ্চা করা শিখে নিয়ে গ্রামে গ্রামে চলে যাবেন এবং ছোট ছোট পুকুরে এই সব মাছের চাষ করবেন। এর ফলে আমাদের মাছের অভাব অনেকটা দূর হবে। তারপর কতগুলি মাছের স্পিসিস ইন্দোনেসিয়া থেকে আনা হয়েছে তার ভিতরে একটা হচ্ছে "টিলাপিয়া" এরা খুব তাড়াতাড়ি বাড়ে এবং সংখ্যায়ও অনেক হয়। আমাদের জলপাইগুড়িতে এক ভদ্রলোক এই টিলাপিয়া ছাড়েন এবং এতে খুব ভাল মাছ হয়. এই সব মাছের স্বাদ খুব ভাল। আরেকটা মাছ তার নাম হচ্ছে Supreneous Carpios এটাও খুব তাড়াতাড়ি জন্মায় এবং দেখতে খানিকটা রুই-এর মত। আমরা এই ভাবে বিদেশ থেকে বহু জিনিষ নিয়ে এসে এখানে জন্মাবার চেষ্টা করতে পারি এবং এই উপলক্ষে বহু যুবক মনিব হিসেবে কাজ করতে পারে এবং এই সুযোগ আমাদের যুবকদের দেওয়া উচিত, আরেকটা কথা আমি মাংস সম্বন্ধে বলব। অ্যানিমাল হাসবেণ্ডারী খাতে দেখলাম যে লক্ষ লক্ষ টাকা বরাদ্দ করা আছে এর অধিকাংশ টাকাই মুরগী পোষার জন্য। আমি বলব যে, মুরগী তো সবাই খায় না—কর্তাব্যক্তি এবং তাঁদের শিষ্যরা হয়ত খেতে পারেন। আমাদের দেশে শতকরা ৭০ জন হিন্দু মুরগী খায় না। তাদের জন্য তো কিছু দিতে হবে—কিন্তু সে বিষয়ে কোন চেষ্টা নেই। ছাগল খাওয়া যেতে পারে কিন্তু তার দাম এত বেশী যে তা সবার পক্ষে খাওয়ার সম্ভব হয় না Goat rearing এর জন্য টাকা ধরা হয়েছে; কিন্তু সব জায়গায় হাঁস পালন করা সম্ভব নয়, কিন্তু এক রকমের পিজিয়ন আছে যাকে আমাদের নর্থবেঙ্গল-এ রামপায়রা বলে এক রকমের পাখী আছে যাকে তিতির বলে—যা বিহার থেকে আসে। এগুলিকে কালচার করে, কশ করে ইমপ্রুভ করা দরকার। তিতিরের

এবং বড় বড় পিজিয়নের ব্যারাম খুব কম হয়, এইগুলিকালচার করার সুযোগ বাজেটের ভিতরে নেই—এটা বোধহয় যোগ হওয়া দরকার। এই উপলক্ষে আমাদের বহু যুবককে কর্ম দেওয়া যেতে পারে এবং যার ফলে দেশের লোকেরও উপকার হবে। আরেকটা কথা হঠাৎ আমার মনে পড়ে গেল, সেটা হচ্ছে বাজেটের লাল বইয়ের ৯৬ পাতায় একটা অদ্ভুত কথা আছে যা আমি ২।৩ বছর ধরে লক্ষ্য করছি—কিন্তু এটা বোধহয় কেউ খেয়াল করেন না সেটা হচ্ছে "রিলিফ অব এডুকেটেড গার্ল এমপ্লয়েড"—এই খাতে প্রায় ২ কোটি টাকা ধরা আছে এবং লেখা আছে যে, প্রাইমারী স্কুলের শিক্ষক নিযুক্ত করা হবে। এতে স্বতঃই মনে হয় শিক্ষা দেওয়াই মূল উদ্দেশ্য নয়, মূল উদ্দেশ্য হচ্ছে কতগুলি লোককে চাকুরী দেওয়া। এটা শিক্ষকদের পক্ষে সম্মানের নয়। সেই জন্য আমার মনে হয় এই আইটেমের বদলে advancement of Primary education লিখলে ভাল হয় এবং এ বিষয়ে অর্থ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। রিলিফ অব এডুকেটেড আন এমপ্লয়েড, এর জন্য এঁদের'দের স্কুল মাষ্টার হিসেবে নিযুক্ত করা হচ্ছে—not for advancement in Primary education—এটা দেশের ক্ষতিকর। আরেকটা জিনিষ হচ্ছে Small Scale industryতে development of Dhenkis ঢেঁকিতে ধান ভাঙ্গার জন্য কিছু টাকা পয়সা ধরা আছে। আমি বলব যে, ঢেঁকি যদি মেকানাইজড করা যায় তাহলে ভাল হয়, আমি গ্রামে গ্রামে দেখেছি যে ঢেঁকিতে একজন পাড় দেয় আর একজন কাজ করে—যিনি পাড় দেন তার একটু শক্তি না থাকলে তিনি বেশীক্ষণ কাজ করতে পারেন না, কিন্তু এই পাড় দেওয়ার কাজটা যদি যন্ত্রের সাহায্যে করা যায় তাহলে অনেক বুড়া-বুড়ী সকলেই কাজ করতে পারবে। আমি একটা উদাহরণ দিচ্ছি—একটা shaft lineএ একটা প্লেট লাগিয়ে তাতে এক পাশে একটা বড় কাঁটা লাগান থাকে সেটা একবার করে ঘুরে যাচ্ছে আর কাঁটাটা একবার করে ঢেঁকীর পাদানিষ্টা টিপে দিয়ে যাচ্ছে। চা বাগানের অনেক ফ্যাক্টরীতে এই জিনিষ আছে, কাজেই এবিষয়ে আমার অভিজ্ঞতা আছে। অর্থাৎ প্রতি মিনিটে যদি ২০ বার করে নামবার উঠবার হিসেবে shaft line ঘোরান হয় তাহলে দেখা যায় একটা ঢেঁকিতে হাফ্ হর্স পাওয়ার দরকার হয়। একসঙ্গে যদি ২০।২৫টি ঢেঁকীতে এই জিনিষ বসান যায় এবং সেই shaft line দেওয়া যায় তাহলে সেটা ঠিক হিসাব মত পাড় দিতে আরম্ভ করবে। আমরা বুড়ীদের কাজ দিতে পারছি না এবং তাঁদের শরীরে শক্তিও তেমন নেই, কিন্তু যদি এইভবে ঢেঁকি তৈরী হয় তাহলে তাঁদের কর্মসংস্থান হবে। -

[11-50—12- p m]

গ্রামের ভিতর আমরা ইলেকট্রিসিটি নিয়ে যাচ্ছি। শুধু একটা করে মোটা একটা করে স্যাফ্ট লাইন বসিয়ে দিয়ে ২০।২৫টা ঢেঁকি এক একটা জায়গায় দিতে পারি যেখানে ওল্ড এবং ডিজেবল্ড লোকেরা কাজ পাবে। এদের কাজ দেওয়ার আজ আমাদের কোন রাস্তা নাই -এ বিষয়ে আমি বিশেষ ভাবে চিন্তা করতে বলি। অনেকের হয়ত যন্ত্র ফোভিয়া আছে— আমার একটা অভিজ্ঞতার কথা বলি—ফুলিয়ায় আমি একটা ঢেকির বক্তৃতা দিচ্ছিলাম তার ফলে ননভায়লেণ্ট লাঠি আমার মাথায় পড়েছিল আর কি কারণ যন্ত্রের কথা বলেছি, কিন্তু এখানে, সেটা নির্ভয়ে বলা যেতে পারে। আপনারা অনেকে বৈজ্ঞানিক আছেন অনেকে এ বিষয়ে দেখেছেন. চিন্তা করেছেন,—আপনারা একবার ভেবে দেখবেন এই জিনিষটা গ্রামে গ্রামে বসান যায় কিনা। শশাংক বাবু বড় শিল্পের সঙ্গে ছোট শিল্পের সমন্বয়ের কথা বলেছেন। এ কথা আমাদের প্রধান মন্ত্রী মহাশয় এই হাউসে বহুবার বলেছেন, তার পুনরুক্তি হয়েছে,—আমি এতে খুব খুশী হয়েছি যে প্রধান মন্ত্রী মহাশয়ের মনোভাবের সঙ্গে শশাঙ্কবাবুর মনোভাবের অন্ততঃ একটা জায়গায় সমন্বয় ঘটেছে। এগ্রিকাল-চারাল খাতে ৫ কোটি টাকা বরাদ্দ আছে, সয়েল সার্ভের খাতেও আছে ৩০ হাজার টাকা, এখানেও আমি বলব এডুকেটেড আন্ এমপ্লয়েডদের একদলকে কাজ দেওয়ার প্রকাণ্ড

সুযোগ আছে। মাটি পরীক্ষা করা খুব শক্ত কাজ নয়, যে কোন আই. এস.সি. বি.এস সি পাশ করা লোককে ৬ মাসে শিখিয়ে পোক্ত করা যায়। ফিজিক্যাল ও ক্যামিক্যাল এগজামিনেসান অফ দি সয়েল, ইত্যাদি পরীক্ষা করা বেশী কঠিন নয় মাস ছয়েকেই হবে। আমার সামনে বৈজ্ঞানিক বসে আছেন, উনি বলতে পারবেন, কত সময়ে শিখিয়ে দিতে পারেন, এই ভাবে প্রত্যেকটা অঞ্চলে ছোট একটা ল্যাবোরাটরী বসিয়ে দেওয়া যেতে পারে এবং এই ল্যাবোরাটরী করতে ৫ হাজার টাকার বেশী খরচ হয় না, তাতে বহু ছেলে কাজ করতে পারবে, মাটি পরীক্ষা হবে, ভালমত সার দেওয়া যাবে এবং অনেক বেশী ফসল তা থেকে উৎপন্ন হবে। আর একটা কর্ম সংস্থানের সুবিধা আছে আন-এমপ্লয়-মেন্ট নিয়ে আমাদের খুব বেশী সমস্যা আছে, সেইজন্য আমি এটা বিস্তৃতভাবে আলোচনা করছি কারণ আজকে বাজেটের দিন, এ বিষয়ে আলোচনা করার একটা সুবিধা আছে। আর একটা জিনিষ হচ্ছে যে আমাদের দেশে জমি কম লোক বেশী, খাদ্য বেশী উৎপন্ন করতে হবে এই সম্বন্ধে অনেক কথা হয়েছে। এখানে আমি বলব ইকনমিক রিভিউ এ. আই. সি. সি. তার ভিতর প্রতিবার বলেছেন যে এগ্রিকালচারকে ইণ্ডাষ্ট্রিয়ালাইজ করতে হবে এবং শিল্প হিসাবে চাষ আবাদ বড় করে তুলতে হবে। এটা সত্য কথা যে প্রতি অঞ্চলে যদি একটা করে সংস্থা করা যায় সেখানে একটা ট্রাক্টার, এগ্রিকালচারাল ইমপ্লিমেন্ট ইত্যাদি থাকবে। কয়েকটা ছেলে সেগুলি চালাবে। একটা ওয়ার্কসপ থাকবে ছেলেরা জমি চাষ করে দেবে। সার দিয়ে দেবে এবং সময়মত শস্য বুনে দেবে—এই ভাবে যদি করা যায় তাহলে অনেক উন্নতি হবে। এগুলি ছোট প্লটেও হতে পারে, আলগুলি কেটে দিয়ে চাকাটা যাবার রাস্তা করে দিলেই হয়, এ কাজ কঠিন নয়। এই হিসাবে অনেক ছেলেকে কাজের লোক করা যেতে পারবে এবং তাদের কর্ম সংস্থানের ব্যবস্থা হবে এবং দেশের খাদ্য উৎপাদন বৃদ্ধি হবে। বড় বড় পরিকল্পনা করে বড় বড় ডি. এস, সি বসিয়ে দিলে টেবিল চেয়ারেই এগ্রিকালচার হবে, মাঠে হবে না। তারপর আর দুএকটা কথা আমার মনে পড়েছে। শিক্ষকদের ছেলেদের বিনা বেতনে শিক্ষার ব্যবস্থা হয়েছে কিন্তু গভর্নমেন্ট স্কুলের টিচাররা এই সুযোগ থেকে বঞ্চিত হয়েছেন। আমার মনে হয় এটা ভুল হয়ে গেছে, এ বিষয়ে একটু সন্ধান দেওয়া দরকার। মালটিপার্পাস স্কুলে ঠিক সেই অবস্থা হয়েছে। নূতন যারা চাকরিতে আসছেন তারা নূতন স্কেলে বেতন পাচ্ছেন কিন্তু যারা সেই চাকরিতে আগে থেকে আছেন তারা পাচ্ছেন না। এটা একটু দেখা দরকার। আমার মনে হয় এখানেও একটু ভুলচুক হয়েগেছে। আর একটা জিনিষ হচ্ছে অডিও ভিজুয়াল এডুকেশান—এতে প্রতি বছর দেখছি অনেক টাকা দেওয়া হয় কিন্তু এটা neither audible nor visible, আমরা এটা দেখতে চাই কাজ কি হচ্ছে, সেই সুযোগটা আমরা যেন কেউ কেউ পাই। আর একটা সব চেয়ে বেশী মনে হয়েছে এই বাজেট দেখে, বোধ হয় সেই পরিকল্পনা আছে কিন্তু সেটা ঠিকমত বোঝা গেল না। যে সমস্ত টিচার্স এবং প্রফেসারসদের রিটায়ার করিয়ে দেওয়া হচ্ছে ৫০ কি ৬০ বছর বয়সে তার পরেও তাদের কর্মক্ষমতা অনেক আছে, তাদের অভিজ্ঞতাটা মাঠে মারা যাচ্ছে কোন কাজে লাগছে না। আমি বলব সরকার থেকে তাদের স্কলারসিপ দিয়ে তাদের গবেষণা করার সুযোগ দেওয়া হোক। তারা বই লিখুন, পত্রিকা লিখুন তাদের অভিজ্ঞতার ফল যাতে সমস্ত লোক পায় তার ব্যবস্থা করুন। সর্বশেষে পাবলিক হেলথ সম্বন্ধে একটা কথা বলে আমি শেষ করব। এই হাউসে কিছু আগে একজন দুঃখ করেছিলেন যে হাসপাতালে সাধারণ রোগীদের সঙ্গে টি. বি. রোগীরাও অনেক সময় থাকে। এটা একটা ভয়াবহ শোচনীয় অবস্থা। আমার একটা অভিজ্ঞতা আছে। আমি একটা হাসপাতালে দেখেছি রোগীকে পাঠান হল জ্বর এবং কাশ হয়েছে, তাকে যথারীতি জেনারাল ওয়ার্ডে ভর্তি করে দেওয়া হল, পরীক্ষা করে দেখা গেল যে তার টি. বি. হয়েছে অনেক হাসপাতালে টি. বি.র বেড নেই, অনেক হাসপাতালে টি. বি রোগীকে রাখবার জন্য জায়গা নেই তখন কি করা যায়? আমি একটা হাসপাতালে দেখেছি যে টি. বি.

রোগী ভর্তি হয়ে আছে আর রোগী নেবার জায়গা নেই কাজেই তাকে অন্য জায়গায় রাখা হয়েছে, তাদের তো আর মাঠে ফেলে দেওয়া যায় না, মনুষ্যত্বের দিক থেকে তাদের রাখতে হয় এবং যাতে অন্যে সংক্রামিত না হয়, সেই ব্যবস্থা অনেক হাসপাতালে করা হয়। কাজেই টি. বি. রোগীর পাশে থাকলেই যে একজনকে আক্রমণ করবে আজকাল সেটা বিশ্বাস করা যায় না। যাতে পাশাপাশি বছরের পর বছর টি.বি. রোগী শুয়ে থাকতে পারে এবং তার দ্বারা তার পাশের অন্য লোক সংক্রামিত হবে না সেই রকম ব্যবস্থা আছে এতে ভয় পাবার কোন কারণ নেই, তবে আমার মনে হয় টি. বি. রোগীকে আলাদা করে রাখবার ব্যবস্থা সব হাসপাতালে করা উচিৎ। এই কথা বলে আমি প্রধান মন্ত্রীকে এত সুন্দর বাজেট করার জন্য অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

Shri Syed Shahedullah : মাননীয় অধ্যক্ষ মহোদয় এই বাজেটের সংখ্যা এবং পরিসংখ্যান দেখে, তার খুঁটিনাটির মধ্যে যেতে চাচ্ছি না। এবং বাজেটের যে মূল দৃষ্টিভঙ্গীর ব্যাপার, সেটার সঙ্গে একমত হতে পারছি না। এবং তাতে আমার বিরোধিতা রয়েছে। সেদিক থেকে আমি স্থানীয় স্বায়ত্ব-শাসন ব্যবস্থায় সরকারী সাহায্যের অপ্রচুরতা এবং নীতির দিক থেকে, তাঁদের কতকগুলি গণতান্ত্রিক নীতির অস্বীকৃতির দিকে পুনরায় আপনার মাধ্যমে সরকারের মনোযোগ আকর্ষণ করছি। আমি এর পূর্বে আর একটা বিষয়—সরকার যেখানে কি রকম স্বায়ত্ব-শাসনের ব্যবস্থা করছেন, সেই ঘটনাবলী উল্লেখ করতে চাই। ডিষ্ট্রিক্ট বোর্ড এখনও তুলে দেওয়া হয়নি। ডিষ্ট্রিক্ট বোর্ড আছে এবং তার বহু কাজ আছে। ডিষ্ট্রিক্ট বোর্ডের কাজগুলি চালাতে গেলে খরচ লাগে অথচ সারা পশ্চিম বাংলার জেলা বোর্ডগুলির অবস্থা দেখুন। প্রত্যেক জায়গায় জেলা বোর্ডের সেস আদায় হলেও ঠিকমত জেলা বোর্ডকে দেওয়া হচ্ছে না। এখানে অনেক জেলা বোর্ডের সদস্য আছেন। এবং বর্দ্ধমান জেলা বোর্ডের চেয়ারম্যানও আছেন তাঁরা সকলেই জানেন যে, সেস্ যে দিন আদায় হবে, তার পরই একটা নির্দ্দিষ্ট সময়ের মধ্যে জেলা বোর্ডকে সেই টাকা জমা দিয়ে দিতে হবে, কিন্তু তা হচ্ছে না। এই নিয়ম কে অগ্রাহ্য করে, মাসের পর মাস জেলা বোর্ডের আদায় বন্ধ করে রেখে দেওয়া হচ্ছে, এই রকম অবস্থা সর্ব্বত্র চলেছে।

আমি বর্দ্ধমানের দৃষ্টান্তে জানি। গত জুন মাস থেকে আজ পর্য্যন্ত সেখানকার জেলা বোর্ডের সেস বাকী রেখে দেওয়া হয়েছে—। জেলা বোর্ডের সেসের প্রাপ্য নির্দ্ধারিত পরিমানটা estimate হয়নি, সেটা কালেক্টার বলতে পারবেন।

তারপর দেখা যাচ্ছে—হাসপাতালের কর্ম্মিদের সেলারী প্রায় দেড় লক্ষ টাকা বাকী আছে; financial Year এর শেষে। Contractor দের কাছে যে সমস্ত কাজ দেওয়া হচ্ছে, সেগুলি করতে Contractorরা প্রস্তুত নন, কারণ কাজ আরম্ভ করলেই টাকার ব্যাপার। এদিকে সরকারের মনোযোগ আকর্ষণ করবার জন্য বর্দ্ধমান জেলা বোর্ডকে একটা প্রস্তাব পাস করতে হয়েছে। বর্দ্ধমান জেলা বোর্ডের চেয়ারম্যান ঐ পাশে বসেন, তিনি এখন উপস্থিত নেই, থাকলে সাক্ষ্য দিতে পারতেন।

Revenue department এর আমি আর একটা নজির দেবো। বর্দ্ধমান মহারাজার estate নিয়ে নেওয়া হয়েছে। জমিদারী 'প্রথা উচ্ছেদ আইন অনুসারে। বর্দ্ধমানের প্রায় গোটা সহরটা তাঁর ছিল। কাজে কাজেই সেখানে অনেক জমি, রাস্তা ঘাট ছিল। তিনি কিছু জমি জায়গা বিলিটিলি করে, একটা বিরাট অংশ তাঁকে রাখতে হয়েছিল। সেখানকার রাস্তাগুলি মেরামত দেখাশোনা করবার ভার দিন। এষ্টেটের উপর। আজকে সেই রাস্তাগুলি মেরামত করার ভার বর্দ্ধমান মিউনিসিপ্যালিটীর ঘাড়ে এসেছে। কিন্তু মিউনিসিপ্যালিটির যে ন্যায্য টাকা পাওয়ার কথা, তা তাঁরা পাচ্ছে না। Land Revenue department বলছেন, Estates Acquisition department বলছেন—হ্যাঁ; এদের টাকা

দেওয়া উচিত। কিন্তু সরকার টাকা কড়ি দিচ্ছেন না। এই রকম অবস্থা অন্যান্য জায়গায় ও আছে। সেখানে সরকারের দৃষ্টি দেওয়া উচিত ছিল, কিন্তু দিচ্ছেন না।

সরকার বলছেন নূতন ট্যাক্স বৃদ্ধি করিনি। কিন্তু পুরান প্রথায় যে ট্যাক্স আছে, তার সম্প্রসারণ যে রকম চলেছে তাতে লোক আঁৎকে উঠেছে। যাইহোক, এখন আমি অঞ্চল পঞ্চায়েৎ সম্পর্কে বলবো। অঞ্চল পঞ্চায়েৎ তদারক করবার জন্য যে সমস্ত কর্মচারী নিযুক্ত আছেন, তাঁরা ট্যাক্স আদায়ের জন্য whipping, চাবুক দিতে সুরু করেছেন। তারা জোর করে ট্যাক্স আদায় করছেন, বলছে তোমাকে ট্যাক্স দিতেই হবে। গরুর গাড়ির উপর নূতন ট্যাক্স ধার্য্য করা হয়েছে। এই ধরণের ট্যাক্স প্রয়োগ করা,—সেটা সাধারণ মানুষের উপর যদি না পড়ে তাহালে কার উপর পড়লো? এদিকে সরকার বলছেন: নূতন ট্যাক্স বসাইনি। আসলে রাজস্ব বিভাগ থেকে যে রকম কাজ করা হচ্ছে তার চাপে গ্রামের সাধারণ লোকের উপর গিয়ে পড়ছে। ট্যাক্স বাড়াবার জন্য অঞ্চল পঞ্চায়েৎ-এর অফিসারদের হুমকি দিচ্ছেন। এই ভাবে আপনারা ব্যবস্থা করছেন।

পৌর সভার অবস্থা কি দাঁড়িয়েছে যেখানে Minimum Wages Act. যখন মূল্য পাশ করা হল। সেই Minimum Wages Act প্রয়োগ করা সত্বেও বহু দিন চলে গিয়েছে। অনেক আবেদন নিবেদন করা হয়েছে, কিন্তু সরকার আজ পর্য্যন্ত এ সম্বন্ধে কোন একটা নীতি নির্ধারণ করতে পারেননি। কলকাতা সহরে যে হারে D. A. দেন, সেই হারে মফঃস্বলে দিতে রাজী হন নি; শেষে বলছেন ½ অংশ দিতে পারি, যদি বাকী ½ অংশ পৌরসভা দেয়।

নূতন যে সব কর্মচারী নিযুক্ত হবে তাদের দায়িত্ব সরকার নেয় নি। অথচ কাজকর্ম করতে হলে পৌরসভাকে নূতন কর্মচারী নিয়োগ করতে হবে ব্যবস্থা করতে হবে। সে দিক দয়ে সরকার আগে থাকতেই অব্যাহতি নিয়েছেন। ফলে ⅔rd দেওয়ার যে প্রতিশ্রুতি সেটা রইল না। অন্যান্য Orderএর মধ্যে ও এমনি গলদ রয়েছে। কিন্তু সে সবের মধ্যে এখন টাইম নাই তাই যাব না। দেখুন এই ⅔rd দেওয়া হয় তার মধ্যেও ফাঁকি রয়েছে। এ বিষয়ে গত ২রা মার্চ্চ West Bengal Municipal Associationএর সভাপতি মাননীয় সদস্য শ্রীরবীন্দ্রলাল সিংহ মহাশয় মন্ত্রী মহাশয়ের কাছে যে Deputation নিয়ে গেছলেন তার কথা আমি বলবো। এই Deputation নিয়ে গিয়ে তিনি দেখিয়েছিলেন যে ⅓rd Municipality দেবে, সরকার ⅔rd দেবে এ কাহিনী আসলে সত্য নয়। বাস্তব ক্ষেত্রে দেখা যাবে Municipalityর প্রতিনিধিরা দেখিয়েছে যে, সে অংশটা পৌরসভার ঘাড়ে অর্দ্ধেকের বেশী চলে যায়। প্রথমত: জিনিষটা হচ্ছে মিউনিসিপ্যালিটিকে বলা হয় যে, ⅓rd জমা দিন। কিন্তু সরকার তরফ থেকে কোন কাজ আরম্ভ হয় না materials ইত্যাদি নষ্ট হয়, সেজন্য এর পরিমাণ বেড়ে যায়। শেষ পর্য্যন্ত পৌরসভার ঘাড়ে বেশী চেপে যায়। দ্বিতীয়ত: সরকার যে সমস্ত কাজ করছে তার হদিস নিজেরা নিচ্ছেন না, পৌরসভাতে ও কোন হদিশ দেওয়া হয় না। যে কাজ করা হবে সেটা হল কিনা হল ঠিক নাই। অথচ ⅓rd মিউনিসিপ্যালিটিকে দিয়ে দিতে হচ্ছে। কাজটা উদ্ধার করা হল না অথচ Municipality কে বেশী টাকা দিতে হল। কাজের কোন হিসাব দেওয়া হয় না। কোন বোঝাপাড়া মিউনিসিপ্যালিটির সঙ্গে হয় না। নূতন কাজের জন্য নূতন পরিকল্পনা হয়। তখন বলা হয় এই যে টাকাটা বাকী রইল সেটা থেকে নেওয়া হোক। কিন্তু নূতন খাতে নূতন করে টাকা দিতে হয়। এ ভাবে দেখা যায় এতে আসলে অঙ্কের ধোকা চলছে পশ্চিম বঙ্গে। water works সম্ভবত: এই রকম অব্যবস্থা চলছে প্রতিনিধিরা কি বলছেন জানিনা, আমি অন্য লোকের কাছে শুনেছি। যাই হোক বর্দ্ধমান Municipalityর water works এর ক্ষেত্রে পরিকল্পনা নেওয়া হল। দেখুন কি ভাবে কাজ হচ্ছে Public Health Engineer কাজ করছে। একদিন পথে আমাকে জিজ্ঞাসা করলেন এটা এই রাস্তা দিয়ে যাবে তো, আমি বললাম আপনার কাছে Map আছে জানেন না? উত্তরে

বললেন আপনার এই সকলের চেনাশুনা—সেজন্য জিজ্ঞাসা করছি? আপনারা তো জানেন এ রাস্তা দিয়া এত লোক যাচ্ছে আপনারা কি ভাবে কি প্ল্যান করছেন,—দেখুন, এত আমার নিজের ব্যক্তিগত অভিজ্ঞতা। যাই হোক পৌরসভার কি কাজ হল না হল কি বুঝা যাচ্ছে না। Remdelling of scheme অর্থাৎ পৌরসভা আর একবার পরিকল্পনা দেখিয়ে বলা যেতে পারে। ⅓rd টাকা দিয়ে সেই পৌরসভা এমন মুস্কিলে পড়ে আছে সে টাকা জমা পড়ে আছে, সরকারকে দিতে হবে, টাকা কোলে করে নিয়ে বসে আছে। অথচ কি কাজ করা হবে, কত টাকা পাওনা হল বা না হল তা বর্দ্ধমান পৌরসভার কর্ত্তৃপক্ষকে জানানো হচ্ছে না। এই অবস্থা পৌরসভাগুলির করা হয়েছে। L.S.G দপ্তরের Secretary বলেন মিউনিসিপ্যালিটির কর্ত্তৃপক্ষকে তাদের সঙ্গে যে আলাপ আলোচনা হয়, কি হচ্ছে আমরা জানি না। L.S. G Headএ যে টাকা ধরা হয় পৌরসভা সেই টাকা দিয়ে দিচ্ছে অথচ Engineering works যাদের করবার কথা তারা কিছু করছেন না এরকম অবস্থায় টাকার অপচয় হচ্ছে। এইভাবে কাজকর্ম চলছে পৌরসভাগুলিতে। এ থেকে এ বিষয়টা দেখাযাবে এই যে বার বার করে বলা হয় পৌরসভাগুলিতে অব্যবস্থা কিন্তু এখানে দেখা যাচ্ছে সরকারের দপ্তরেই অব্যবস্থা।

[12-10-12—20 pm.]

কিন্তু এখানে দেখা যায় সরকারী তরফ থেকে কি ব্যবস্থার নমুনা! যে টাকা দেওয়া হচ্ছে L. S. G টাকা পাচ্ছে বছরের পর বছর, কিন্তু কোন কাজ হচ্ছে না। কেন যে কাজ হচ্ছে না সে সম্বন্ধে কোন হিসাব নেবার লোক নাই—কি হচ্ছে—কি-না হচ্ছে! গৌরী সেনের টাকার কোন হিসেব পাচ্ছে না। এই সরকারী ব্যবস্থার নমুনা দেখতে পাচ্ছি। অনেক সময় বলা হয়, পৌরসভা অন্যায় করছে, গ্রামাঞ্চলের পঞ্চায়েৎ অন্যায় করছে, তার জন্য সরকার কি করলেন? য়্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করলেই সব যেন হয়ে গেল। ট্যাক্স্ আদায় সম্বন্ধে বলা হলে, তার কর্ত্তব্য হলো চেপে দেওয়া। য়্যাডমিনিষ্ট্রেটরের ক্ষেত্রে দেখা যায় তা 7·/. লেগে গেল। আবার যখন য়্যাডমিনিষ্ট্রেটর চলে গেল, জনপ্রিয় বোর্ড এলো যেমনি, অমনি আবার 7./· বেড়ে গেল। অথচ তার গুণগানে ওরা পঞ্চমুখ। এখানে এবার একটা লক্ষ্যণীয় বিষয় দেখতে পাচ্ছি কংগ্রেসপক্ষের বেঞ্চ থেকে মাননীয় সদস্যরা, আমরা যেমন বরাবর দাবী করে এসেছি amusement taxএর, সেই দাবীও আজকে ওখান থেকে করতে হচ্ছে। আজকে তারাও সেই কথা বলেছেন। একটু দুঃখের সঙ্গে বলতে হয়—এর মধ্যে একটা দ্বন্দ তাঁরা উপস্থিত করেছেন গ্রাম বনাম সহর। মাননীয় সদস্য রবীন্দ্রলাল সিংহ মহাশয় যে বক্তব্য উপস্থিত করেছেন তাতে মনে হয় তিনি সরকারের তরফ থেকে একটা কৈফিয়ৎ দিয়েছেন। সরকার যেন এতদিন কেবল গ্রামের দিকেই মনোযোগ দিচ্ছিলেন, এতদিন শহরের দিকে কোন মনোযোগ দেন নাই. এখন তাঁরা শহরের দিকে মনোযোগ দিবেন। আমি তাঁকে স্মরণ করিয়ে দেব দ্বন্দ সেখানে নয়, দ্বন্দ অন্যত্র। সুদূর ইংল্যাণ্ড financeএর ব্যাপারে অথরিটী। তার একটা quotation এখানে উপস্থিত করতে চাই। এই অথরিটী সঙ্গে সঙ্গে বলে রাখি Conservative পার্টি'র লোক, তিনি বলেছেন—

"Many local services which concern the general welfare are enforced by Parliament and are really national services locally administered. Such expenditure is onerous and should be in some way met by State assistance These grants from the State are not comprehensive grants but a change which should fall on the atmosphere Without this aid and consequent partial retention of control, it is probable that the intended benefits would fall short of the desired result The grants-in-aid acts as a stimulus to negligent authorities and enable Parliament to secure a certain standared of uniformity in the administration of certain functions which should be supervised and co-ordinate by by experts."

এটার দিকে লক্ষ্য করুন লেখক আপনি প্রশ্ন করছেন এবং আপনিই তার উত্তর দিচ্ছেন— "It may be asked if the money comes out of the public purpose, does it matter whether payment is made out of rates and taxes ? The answer is that the incidence of rates and taxes is entirely different, the former being based upon the annual value of property occupied and the latter upon annual income in the value of certain commodities consumed. Many persons who enjoy the benefits of rate borne expenditure escapes rateability but are caught in the net of taxability. Personal property escapes rateability as also do trading profits. Many non-occupiers in the rating sense, such as hotel residents lodgers and unmarried persons living with theire parents escape rateability. Taxes, moreover, are based more on equitability and ability to pay. Revenue is more readily obtained by grants for more important local services which, if provided for by a local rate might be stunted."

সুতরাং কেন সহর অঞ্চলের মানুষ ও গ্রাম অঞ্চলের মানুষ উভয়কে ভুগতে হয়, তা আর পরিষ্কার করে বলার প্রয়োজন নাই। যে ভাবে বড় বড় শিল্পপতি ও পুঁজিপতিদের আয়ের উপর ট্যাক্সেস হওয়া উচিৎ ছিল, তা আমার আলোচ্য বিষয় নয়। অন্যান্য ট্যাক্স যা কেন্দ্রীয় সরকারের আদায় হয়, যেটা দ্বারা গ্রামাঞ্চলে ও পৌর সভার উন্নতি করা যায়। তা হচ্ছে না। তাই আজ গ্রাম ও সহর উভয় অঞ্চলের পৌরসভার এইরূপ অবস্থা দাঁড়িয়েছে। সেই শহরের সাধারন গরীব মানুষ ratepayer যখন সে দেবে না, তখন বড় বড় শিল্পপতি কোটীপতির কাছ থেকে আদায় করা অংশে সহরের জন্য ব্যয় হবে। এ প্রশ্ন বহুবার আলাচনা করেছি সেই টাকায় যে পথ তৈরী হয়, সেই পথের ধারে যার বাড়ী তার উপকার হয় না। সমস্ত ভারতবর্ষের যে net work of Communication যা grow করেছে, তার প্রতিটি ইঞ্চি যা বেড়েছে সেই প্রতি ইঞ্চি থেকে ব্যবসায়ী ও ধনপতিদের কিছু না কিছু সে যত সামান্যই হোক লাভ হচ্ছে এবং সামান্য আয় হচ্ছে। বোম্বের মাল এসে আজ হাওড়ার পল্লীতে বিক্রয় হচ্ছে। সুতরাং আজকে একথা বলা যায় না যে ধনতান্ত্রিক সমাজই কেবল এই পথ উন্নয়ন করার জন্য দায়ী। সেই জন্য আজকে National Serviceএর কথা বলা হয়েছে। যারা লেখাপড়া শিখছে, আজকে তারা Skilled Labourএ তৈরী হচ্ছে উৎপাদনের জন্য, গোটা জাতির সেবার জন্য। সুতরাং সে কোথায় কাজ করবে, রুরকেল্লায় করাবে, না ভিলাইএ করবে, সে কথা এখনই নিশ্চয় করে বলতে পারেন। সুতরাং এটা National Service, সেই জন্য তার একটা Standard ঠিক হওয়া উচিৎ এবং সেটাই নির্দ্ধারিত হচ্ছে। এ কোন Socialist Communist এর ব্যাপার নয়। পাশ্চাত্য জগতে দেখা যায়, যদিও Capitalistএর নীতি হচ্ছে এই কার্য্য করে এইভাবে Public Healthএ দেখা যায়, Lancashireএ উনবিংশ শতাব্দীর গোড়ার দিকে যে সংকট দেখা গিয়েছিল Epidemicএর তখন Public Healthএর measures নিতে হয়। এখানেও plagueএর জন্য যখন শ্রমিকরা পালাতে আরম্ভ করেছিল চা বাগান থেকে ও কলকাতা সহর থেকে, তখন ইউরোপীয়ান সম্প্রদায়ের টনক নড়েছিল যে মানুষকে ফলা করতে গেলে তার স্বাস্থ্যের ব্যবস্থা না করলে কারবার নিশ্চিত করা যাবে না। মহানুভব মানুষ সমাজে আছে, তারা আন্দোলন করে, স্বাস্থ্যের জন্য চেষ্টা করে। শিক্ষার জন্য চেষ্টা করে। কিন্তু সমাজের যেটা আসল কথা, যার দ্বারা প্রগতি হয় সেটা অর্থনৈতিক অবস্থা এবং সেই অর্থনৈতিক ধনতান্ত্রিক অবস্থায় এই জিনিষ চাই নইলে একটা পুরোপুরি ধনতান্ত্রিক শিল্প সমৃদ্ধ দেশ গড়ে উঠতে পারে না এবং সেই জন্য আজকে যে শিল্প করতে যাবে তাকে যদি প্রত্যেক সময় বিবেচনা করতে হয় যে আসানসোলে জলের ব্যবস্থা আছে কিনা, সেখানে শিল্প করবে কিনা, এবং অন্য জায়গায় আরো কিছু ব্যবস্থা আছে কিনা তাহলে শিল্প ঠিকমত হয় না। সেই জন্য আজ দরকার জাতীয় আয় থেকে এই খরচ বহন করা, এই সব উন্নয়ন কাজ করা। অবশ্য স্থানীয় rateএর দ্বারা তা পরিপূরণ করতে হবে। কিন্তু একটা বিরাট অংশ, যারা বড় বড়

শ্রীঅজয় কুমার মুখোপাধ্যায়কে অন্তত: আমি জানতাম যে তিনি জল দরদী, কিন্তু তাঁ হাত থেকে যে চিঠি গেছে তা আপনি শুনলে আশ্চর্য হবেন—আমি সেটা এই হাউসের সামে পড়ে শুনিয়ে দিচ্ছি। তিনি মেয়রকে লিখছেন ২৫.৮.৫৮ তারিখে—আপনার ২১.৮.৫ পি. ডব্লুউ ১৩।৪৭৬৭ চিঠি পেয়েছি। নদীর ভাঙ্গন প্রতিরোধ করার জন্য যে ব্যবস্থা করতে হ তাতে প্রথমে আমাদের স্থানীয় ইঞ্জিনীয়াররা একটা পরিকল্পনা তৈরী করেন, সেটা বরাবর উপ চীফ ইঞ্জিনীয়ার পর্যন্ত আসে, তিনি তখন ওটা ফ্লাড কণ্ট্রোলের বিশেষ ইঞ্জিনীয়ারের কা পাঠিয়ে দেন, সেখান থেকে পরিকল্পনাটাকে চূড়ান্ত রূপ দিয়ে ষ্টেট টেকনিক্যাল কমিটি অনুমোদনের জন্য পাঠান হয় এবং ঐ কমিটির অনুমোদন পেলে পরিকল্পনাটা ষ্টেট ফ্লাড কণ্ট্রো বোর্ডের কাছে পাঠিয়ে দেওয়া হয়, সেখান থেকে পরিকল্পনাটা অনুমোদিত হলে তখন সেণ্ট্রা ফ্লাড কণ্ট্রোলের কাছে পাঠান হয়, তারা পরিকল্পনা অনুমোদন করলে তবে টাকা মঞ্জুর হ টাকা মঞ্জুরীর আদেশ পেলে আমাদের ইঞ্জিনীয়াররা টেণ্ডার কল করে, তারপর কণ্ট্রা বিলি হয়, তারপর কাজ শুরু হয়। কাজেই আপনি যে লিখেছেন অবিলম্বে ব্যবস্থা করার জ সেটা সম্ভব হবে না। আমি আপনার চিঠিখানা চীফ ইঞ্জিনীয়ারের কাছে পাঠিয়ে দিলাম সার, এটা দেখে আমার একটা প্রবচন মনে পড়ছে "বিবি বড় হতে হতে সাহেব গোরে চ গেল", এই রকমভাবে শহরবাসীকে রক্ষা করার জন্য যদি পরিকল্পনার রূপায়ণ চলে তাহলে পশ্চিমবঙ্গের শহরগুলির যে কি অবস্থা হবে তা সহজেই বুঝতে পারেন। তারপর গত বছ Secretary to the Government of West Bengal, S. N. Ghose তি জানাচ্ছেন এখানে একটা ব্লককে ভাগকরা হয়েছে, এ, বি, সি, ডি, ভাগ করে আমার এষ্টিমেট করে তারপর গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়ার কাছে পাঠাব গভর্ণমেণ্ট অব ইণ্ডিয়া সেটা দেখে যদি পারমিট করেন তাহলে এ্যাপ্রুভ্যাল পাবার পর এষ্টিমেট তাদের কাছে দেওয়া হবে এবং সেই এষ্টিমেটের পরে যদি 'নেসেসারি' ফাণ্ড পাওয়া যায় তার ব্যবস্থা হবে। ১৯৫৪ সাল থেকে এটা হচ্ছে, আজ পর্যন্ত সেইভাবেই রয়েছে। সার এইভাবে ভাগিরথীর তীরবর্তী শহরগুলিকে তারা রক্ষা করছেন আর ভাগিরথীর কি অবস্থা হচ্ছে, ওদিকে নৈহাটীতে চর উঠে ফসল হচ্ছে, এদিককার সব ভাঙ্গছে, খড়দহ ভাঙ্গছে, কলকাতার হাটখোলা তাও ভাঙ্গছে, ভাটপাড়া ভাঙ্গছে। এখন যদি আমাদের সেচ মন্ত্রী, কৃষি-মন্ত্রী এবং সংগে সংগে খাদ্যমন্ত্রী মনে করেন যে এই রকম ভাগিরথীর উপর চর উঠে ফসল হোক, খাদ্যাভাব দূর হবে তাহলে আমার বলার কিছু নেই। কিন্তু আমার এটুকু নিবেদন যে এইভাবে কাজ না করে সত্যিকারের কল্যাণের দিকে তারা যদি নজর দেন তাহলে ভাল হয়। আর একটা কথা বলে আমি শেষ করব। এই বাজেটে শিক্ষা খাতে, রিলিফ খাতে কমান হয়েছে কিন্তু পুলিশ খাতে টাকা বাড়ান হয়েছে। সরকারের এই দৃষ্টিভঙ্গি থেকে বোঝা যায় যে এটা পুলিশী রাষ্ট্র ভিন্ন আর কিছু নয়। এই ভাবে পুলিশের খাতে টাকা বাড়িয়ে দেওয়া হচ্ছে। অথচ সেই পুলিশকে দিয়ে কি ভাবে আমাদের দেশের মালিকশ্রেণী শ্রমিকের উপর পীড়ন করছে, তার আমি একটার পর একটা নজীর তুলে ধরতে পারি। সময়াভাবে আমি কেবল একটার কথা বলতে

চাই। আমেরিকার কু-ক্লাস ক্ল্যানের মত গুণ্ডা এই মালিক শ্রেণী পুষছে এবং সেই গুণ্ডাদের শিখণ্ডী-খাড়া করিয়ে তারা মজুরের উপর অত্যাচার করেছে। ২॥ মাস ধরে বঙ্গলক্ষীতে যে ষ্ট্রাইক হল সেই সময় গুণ্ডাদের সাহায্যে পুলিশকে দেখতে পেলাম। কালকে ষ্টেট ব্যাঙ্কের কর্মচারীদের উপর পুলিশ যে ভাবে ব্যবহার করেছে তাকে 'কণ্ডেম্‌' করার ভাষা আমি খুঁজে পাই না। শুধু তাই নয়, গুণ্ডাদের ধরিয়ে দিলেও পুলিশ তাদের ধরে না। গভর্ণমেণ্টের এক্সাইজ ডিউটি ফাঁকি দিচ্ছে মিল মালিক। তারা কাপড় পাচার করছে মিল থেকে—সেখানে পুলিশ মিল মালিকের কাছ থেকে টাকা পেয়ে কেবল সেই কাপড়গুলি পাচারই করে না তারা সেখানে মিল মালিকের সঙ্গে হাত মিলিয়ে এইভাবে সরকারকে বঞ্চিত করে।

একদিক দিয়ে তারা যেমন মালিক শ্রেণীর পুষ্টীসাধন করছে, অন্যদিক দিয়ে মদের বে-আইনী distillery যা হচ্ছে তাতেও পুলিশের প্রত্যক্ষ বা পরোক্ষ সমর্থন আছে।

সরকারের আবগারী আয় যথেষ্ট নষ্ট হচ্ছে। অথচ পুলিশনিস্ক্রিয় ভূমিকা নিয়ে চলেছে। সেই পুলিশের জন্য অর্থ বরাদ্দ বাড়ানো হচ্ছে। তাই, আমি একে, পুলিশ বাজেট বলছি।

[12-10—12-20 p.m.]

Shri Biswanath Mukherjee : মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় অর্থমন্ত্রীএবং মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের সামনে যে, বাজেট পেশ করেছেন সেই বাজেটে এ বছর ১ কোটি ৩৩ লক্ষ টাকা ঘাটতি দেখছি। অবশ্য এটাকে বিরোধী পক্ষের জনৈক সদস্য Jugglery of figures এবং ডাঃ রায়কে wizard বলেছেন। ডাঃ রায় সত্যই wizard কারণ পশ্চিমবঙ্গ দেশ বিভাগের পর এমন অবস্থা হয়েছিল তাতে বার আনা তহবিল নিয়ে আরম্ভ করে আজ ৯১ কোটি ২৫ লক্ষ টাকার বাজেট দেখাতে পারেন কাজেই definitely তিনি wizard. কলকাতা বিশ্ববিদ্যালয়ে তাঁর থাকাকালীন আমি শুনেছি তিনি ছাড়া কোন বাজেট তৈরী হ'ত না এবং তিনি যখন পৌর-প্রতিষ্ঠানে ছিলেন তখন আমিও ছিলাম দেখেছি তিনি সত্যই একজন অর্থবিশারদ এটা আপনারা সকলেই বলবেন এবং স্বীকার করবেন। অবশ্য গোপাল হালদার মশাইকে আমি রবীন্দ্রনাথের ভাষায় বলতে পারি যে ৭৯ লক্ষ ৪৭ হাজার টাকায় যে বাজেট ছিল সেই বাজেটে উদ্বৃত্ত হয়েছে ১২ কোটি ৪৩ লক্ষ টাকা তাও যদি "সর্ব্বগ্রাসী, কালগ্রাসী, সকলগ্রাসী" প্লাবন না হত। যিনি বাংলাদেশকে বাঁচাতে পেরেছেন, ৩ কোটি ১৩ লক্ষ টাকা তার জন্য ব্যয়িত হয়েছে এ বছর। গত বছর তিনি বাজেট ব্যয় বরাদ্দ দেখিয়েছেন ১৯৫৯-৬০ সালে ৮২ কোটি ৬৭ লক্ষ টাকা এবারে দেখিয়েছেন বাজেটে ৮৬ কোটি ৫৫ লক্ষ টাকা। ১৯৫৮ সালে ৮৮ লক্ষ টাকা উদ্বৃত্ত দেখছি ১৯৫৯-৬০ সালে ১২ কোটি কয়েক লক্ষ টাকা উদ্বৃত্ত দেখছি। এটা হিসাব করে দেখছি তিনি ৫ কোটি ৩৬ লক্ষ টাকার উদ্বৃত্ত বাজেট আমাদের দেখিয়েছেন, এই বাজটকে নিশ্চয়ই আমি অভিনন্দন করবো। সেদিন জনৈক প্রতিবেশী আমার কাছে এসেছিলেন কিছু টাকা ধার করতে। তিনি বললেন বাজারে জিনিষপত্রের দাম বেড়ে যাওয়ায় প্রতি-মাসেই আমাদের ঘাটতি হয়ে যাচ্ছে। আমরা গেরস্থ লোকের পক্ষে অসুবিধা হ'য়ে যাচ্ছে। ডাঃ রায় সত্যই wizard, তিনিও বলেছেন যে, মধ্যবিত্তরা প্রতি মাসে দেনায় জর্জারিত হয়ে যাচ্ছেন। ২৪ পরগণা সুন্দরবন আবাদী অঞ্চলে গত কয়েক বছর যাবৎ বাঁধের জল ভেঙ্গে বন্যায় শস্য নষ্ট হচ্ছে। এ অবস্থায় সরকারকে অনুরোধ করবো দরিদ্র চাষীদের খাজনা মাপ করবার জন্য। আজ ৪ বছর যাবৎ তারা দরখাস্ত করছে Government এর অনেক Parafarnalia আছে Collector, District Magistrate ইত্যাদি যে সব আছে তাদের মধ্য দিয়ে সমস্ত পেশ করা হচ্ছে। এটা সরকার জানেন যে ঐ সুন্দরবন অঞ্চলে লক্ষ লক্ষ মন ধান উৎপন্ন হয় এবং আমরা তা খেয়ে বাঁচি, আমি রাজস্ব মন্ত্রীকে অনুরোধ করবো সেদিকে লক্ষ্য রেখে যেন খাজনা মুকুবের চেষ্টা করেন।

আর একটা দুর্দ্দশার কথা বলবো। কাল সন্ধ্যাবেলা বেরিয়ে মনে হল ট্যাঙ্ক স্কোয়ার, যটাকে লাল দীঘি বলে, সেদিকে যাই। সেখানে গিয়ে দেখি সেটা দুর্দ্দশা কবলিত অবস্থায় রয়েছে। যদিও ট্রাম লাইন তার মধ্যে দিয়ে গিয়েছে, রাইটার্স বিল্ডিং এর সামনে একটা গ্যারাজ তার দিয়ে ঘেরা। যে ট্যাঙ্ক স্কোয়ার হতে কলিকাতায় এক সময় জল সরবরাহ করা হতো এবং চাঁদপাল ঘাটে যখন ওয়ারেণ্ট হেষ্টিং আসেন সেই সময় এই ট্যাঙ্ক স্কোয়ার থেকে ২১ টা তোপ দাগা হয়। লালদীঘি সম্বন্ধে কত কবি কত কবিতা রচনা করেছেন, কত শ্রান্ত পথিক এখান থেকে জল পান করে তৃষ্ণা নিবারণ করেছেন; তার দুর্দ্দশা দেখে মনে বড় ব্যথা হল।

তারপর ইডেন গার্ডেনের দিকে গেলাম। ইডেন গার্ডেনের মধ্যে যে প্যাগোডা আমরা বাল্যকাল থেকে দেখে আসছি এবং ইডেন গার্ডেনের সৌন্দর্য্য সকল লোককে মুগ্ধ করত, তার আজ কি অবস্থা! আজ সেই ইডেন গার্ডেনের অবস্থা দেখলে বুক ফেটে যায়। কলকাতার কার্জন পার্কের বর্ত্তমান অবস্থা দেখলে মনে বড় কষ্ট হয়। তার সেই পূর্ব্বেকার সৌন্দর্য্য আর নেই। কলকাতার সহরের মত সহরে ময়দান যদি রক্ষা করতে না পারি তা হলে মানুষের স্বাস্থ্য ঠিক থাকবে না। আমার বক্তব্য হচ্ছে এই ময়দান, যেটা কলকাতার স্বাস্থ্য রক্ষা করে সেই ময়দানের উপর কয়েকটা বাড়ী তৈরী হয়েছে, আরও কয়েকটা বাড়ী তৈরী হলে কলকাতার স্বাস্থ্য বলে আর কিছু থাকবে না।

আমি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো লালদীঘির পুরাতন সৌন্দর্য্য ফিরিয়ে আনবার জন্য। যদি পুরাতন সৌন্দর্য্য ফিরিয়ে আনা সম্ভব নাও হয়, তাহলে সেখানকার বাগানটা রক্ষা করে সৌন্দর্য্য বৃদ্ধি করতে পারেন। লালদীঘির চারিপাশ জাল দিয়ে ঘিরে রাখা হয়েছে। সন্ধ্যাবেলা এক শ্রেণীর লোক সেখানে রান্নাবান্না করছে এবং তারই একপাশে শৌচাগার তৈরী করেছে। এটা দেখে মনের মধ্যে বড় দুঃখ যে লালদীঘির জল একসময় সেদিনকার কলিকাতা শহরকে পানীয় জল সরবরাহ করেছে, যে লালদীঘির চারিপাশ দিয়ে একটা এ্যাভিনিউ ছিল এবং সেটা বাঁদিকে বৌবাজার ষ্ট্রীটের সঙ্গে মারহাট্টা ডিচের সংযোগ ছিল।

এই বৌবাজার ষ্ট্রীটের নাম বদলে এখন তাকে বিপিন গাঙ্গুলী ষ্ট্রীট বলা হচ্ছে। এককালে ঐ লালদীঘির পশ্চিমে সিরাজদ্দৌলা যখন তোপ দেগে কেল্লা দখল করেছিলেন। সেইসব সৈন্যরা ডিহার জলে তৃষ্ণা নিবারণ এবং কলিকাতার মধ্যে এর একটা ঐতিহাসিক মূল্য আছে, তার সৌন্দর্য্য ফিরিয়ে আনবার জন্য আমি বিশেষ করে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো।

কলকাতার হাসপাতালগুলির অবর্ণনীয় দুর্দ্দশা দেখলে, বড় দুঃখ হয়। আমি নিজে একজন সদস্য হয়েও বলতে পারি, আজ পর্য্যন্ত একজন রুগীকেও হাসপাতালে ভর্ত্তি করতে পারিনি। হাসপাতালের দুর্দ্দশার কথা আমরা সকলেই জানি। এখানে এমন কোন সদস্য আছেন কিনা জানিনা, যিনি টি, বি. পেসেণ্টকে হাসপাতালে ভর্ত্তি করতে সক্ষম হয়েছেন। হয়ত তিনি একটা রেকমেণ্ডেসন করলেন, কিন্তু তার ফল বিশেষ কিছু হয় না। হাসপাতালের সংখ্যা বাড়িয়ে আরও ভাল ব্যবস্থা করতে পারলে রুগীদের দুঃখ কষ্ট কিছু লাঘব হয়। কত হাসপাতাল তৈরী করতে পারলে সকল রোগীর সেখানে ভর্ত্তি হয়ে চিকিৎসা পাবার সুবিধা হয়, সে বিষয়ে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বিশেষ ভাবে চিন্তা করতে বলি। আগামী সামনের মাস থেকে ফুটবলের মরশুম আসছে—তাতে এক শ্রেণীর লোক, I. F. A, অফিসিয়াল যাঁরা খেলা কণ্ট্রোল করেন তাঁরা Charity Match এর নামে বহু টিকিট নিজেরা আত্মসাৎ করেন। ও তাই নিয়ে কিছু কিছু নাম করা লোককে খুসী করেন। বহু সাধারণ লোক তাদের কৃপা থেকে বঞ্চিত হয়। Charity Match এর নির্দ্দিষ্ট দিনের তিন দিন আগেই তাহারা underground এ চলে যায় বহু ক্রীড়ামোদী এই ভাবে ভাল ভাল খেলা দেখবার সৌভাগ্য থেকে বঞ্চিত হয়।

গত টেস্ট ম্যাচের খেলার ইডেন উদ্যানে খেলার আগে সংবাদপত্রে যথেষ্ট প্রতিবাদ বেরিয়েছে। ৩৫ টাকার টিকিট ৩০০ টাকায় বিক্রী হয়েছে এ কথা সকলেই জানেন।

এই চ্যারিটি ম্যাচ দেখবার আশায় একজন প্রসিদ্ধ খেলোয়াড় কিছুদিন পূর্বে আমার কাছে এসেছিলেন। তিনি দুঃখ করে বললেন—আমার জীবনে আর কলিকাতার স্টেডিয়াম দেখে যাওয়া হবে না। এটা কলকাতা সহরের কলঙ্ক, বাংলাদেশের কলঙ্ক এবং পশ্চিমবঙ্গ সরকারের কলঙ্ক—যদি তাঁরা এখানে একটা স্টেডিয়াম তৈরী করতে না পারেন সেটা আমাদের দুর্ভাগ্য এবং খেলা কণ্ট্রোল টিকিট, ডিষ্ট্রিবিউশন করতে না পারেন তাহোলে ওদেরই হাতে চিরকাল আমাদের দুর্ভোগ ভুগিতে হবে। যে পুলিশের সহায়তায় খেলা নির্বাহ হয় এবং যে পুলিশের সহায়তা পাওয়া যাবে না বলে এবারকার ফাইনাল খেলা বন্ধ হয়ে রয়েছে। আমি সরকারকে অনুরোধ করছি—সরকার যেন পুলিশের মারফৎ এই চারিটী ম্যাচের টিকিটগুলি distribute করেন।

[12-20—12-30 p. m.]

Shri Devaprasad Chatterjea:—মাননীয় অধ্যক্ষ মহাশয়—সর্ব প্রথমে অর্থমন্ত্রী মহাশয় এ বছর যে বাজেট উপস্থাপিত করেছেন, তার জন্য তাকে অভিনন্দন জানাচ্ছি। এই কারণে যে ৩ কোটী টাকা ঘাটতি হওয়া সত্ত্বেও গত বছরের Closing balance উদ্বৃত্ত এবং বছরে আয় থেকে নূতন কর নির্দ্ধারণ অথবা কর বৃদ্ধি না করে কেবল মাত্র বিভিন্ন আয়ের সূত্রগুলিকে আরো বেশী কার্য্যকরী করে সেখান থেকে অধিকতর অর্থ আদায় করে, জাতির বিভিন্ন কল্যাণমূলক কার্য্য নির্বাহের জন্য ক্রমবর্দ্ধমান অর্থ বিনিয়োগের ব্যবস্থা করেছেন। এজন্য অর্থমন্ত্রী আমাদের অভিনন্দন যোগ্য।

ইতিপূর্বে বিরোধীপক্ষীয় সদস্য মাননীয় সন্তোষ ভট্টাচার্য্য মহাশয় যেভাবে নাটকীয় ভঙ্গীতে আমাদের দৃষ্টি আকর্ষণ ... ...

[A vrice :—আপনার ওটা কি হচ্ছে ?]

বাজেট সম্বন্ধে যে মনোভাব পোষণ করেন—, সেই নাটকীয় ভঙ্গীর অবকাশ এই বাজেটে মুখ্যমন্ত্রী দেন নাই। আমি বলেছিনা যে এই বাজেটে all proof হয়েছে। আমি রাজ্যপাল মহোদয়ার ভাষণ প্রসঙ্গে বলেছিলাম যে আমাদের এই রাজ্যের মূল সমস্যা হচ্ছে খাদ্য সমস্যা। সেই খাদ্য সমস্যা একদিকে যেমন আমাদের রাজ্যে একটা ঘাটতি অঞ্চল, তেমনি সেই খাদ্য মূল্য সাধারণভাবে যে একটা উঁচু ভিত্তির উপর বরাবর বজায় রয়েছে—একথা অস্বীকার করা চলে না। তারপর অবশ্য আমাদের রাজ্য সরকার উন্নততর কৃষি প্রণালীতে চাষের ব্যবস্থা সেচ ও জলনিকাশের ব্যবস্থা নিয়েছেন। একদিকে প্রশংসার্হ সেই সমস্ত ব্যবস্থা প্রয়োজনের তুলনায় কিছুটা অপ্রতুল হয়ে পড়েছে। এদিকে কিছু নূতন দৃষ্টিভঙ্গী গ্রহণ করার প্রয়োজন রয়েছে। এই প্রসঙ্গে আমি কৃষি মনোবৃত্তি সৃষ্টির জন্য আবেদন জানিয়েছিলাম। সেই আবেদন জানানোর আরো কারণ হচ্ছে সম্প্রতি দিল্লীতে বিশ্ব কৃষিমেলা দেখবার সুযোগ আমার হয়েছিল। সেই বিশ্ব কৃষিমেলায় আমাদের বাংলাদেশ ব্যতীত বৈদেশিক রাষ্ট্র এবং আমাদের ভারতবর্ষের বিভিন্ন রাজ্য বহু কোটী টাকা ব্যয়ে সেখানে বিরাট দ্রব্য-সম্ভার, আধুনিক কৃষি সরঞ্জাম—উৎপাদনকারী বিভিন্ন কার্যকরী পন্থা এবং উৎপন্ন দ্রব্য,—সেই বিপুল সম্ভারের প্রদর্শনী—সেই প্রদর্শনীতে দেখাবার ব্যবস্থা হয়েছে।

কিন্তু এখানে দেখলাম যে যারা এখানে এই প্রদর্শনীর দর্শক তাদের মধ্যে কৃষকদের সংখ্যা একান্তই অল্প বলে আমার মনে হোল। শুধু তাই নয় যেখানে যে কৃষকরা এসেছিল—শুনলাম আমাদের বাংলারাজ্য থেকেও অনেক কৃষক সেখানে গিয়েছিল, আমি নিজেও তিন দিন এই প্রদর্শনী দেখেছিলাম—সেখানকার উচ্চ কৃষি পদ্ধতি সম্বন্ধে সাধারণ কৃষক যারা গিয়েছিল সেখানে সেইগুলি বুঝবার কোনরূপ সুবিধা ছিলনা, না যে উচ্চমান এই প্রদর্শনীর ছিল সেই উচ্চ মানের পর্য্যায় বুঝবার জন্য যে তথ্য, বা তার equipment দরকার তার অভাবই চোখে পড়েছিল। আমি মনে করি বর্ত্তমানে যে খাদ্যের অভাব সেই অভাব দূর করবার জন্য এবং খাদ্যদ্রব্যে যে উচ্চ মূল্য রয়েছে তা দূর করবার জন্য উন্নত কৃষি প্রণালীর প্রবর্ত্তন একান্ত প্রয়োজন। এই জন্য প্রত্যেক Union-এ বা দুই Union-এর মধ্যে একটা

করে কৃষি বিদ্যালয় স্থাপিত হওয়া দরকার, যে কৃষি বিদ্যালয়ের মাধ্যমে উন্নততর কৃষিবিদ্য ব্যাতিরেকে মৎস্য পালন, পশুপালন, খাদ্য সংরক্ষণ ব্যবস্থাও যাতে শিখতে পারে এই রকম বিদ্যালয়ের জন্য আবেদন করেছিলাম। আর একটা জিনিষ লক্ষ্য করলাম উন্নততর কৃষি প্রণালীর ভিতর। আমরা অন্যান্য রাজ্যে দেখলাম ব্যক্তিগত মালিকানা থাকা সত্ত্বেও যৌথ প্রণালীতে খামার পরিচালনা করার চেষ্টা হচ্ছে এবং আমাদের কোন কোন রাজ্যে এই ভাবে খামার পরিচালনা করার নীতি যে জনপ্রিয় হয়েছে, আমাদের এই রাজ্যে যৌথ খামার যথাযথভাবে জনপ্রিয় হবে বলে মনে করি এবং সমবায়ের যারা কর্ণধার তাদের এদিকে দৃষ্টি দেবার সময় এসেছে বলে মনে করি এবং সমবায় জনপ্রিয় করবার যে পদ্ধতি সেই পথে অগ্রসর হবার অনেক প্রয়োজন আছে। এই প্রসঙ্গে আমি আপনাকে জানাবো কি ভাবে সাধারণতঃ সময়বায় প্রতিষ্ঠান গড়ে তুলতে গেলে তা সরকারের উৎসাহের অভাবে, তাদের চেষ্টা, অত্যন্ত খুন্ন হয়ে যায় তার উদাহরণ হিসাবে আমি এই রকম একটা প্রচেষ্টার কথা এখানে উল্লেখ করছি। ২৪ পরগণায় মহেশতলায় গনিপুর Multi-purpose Co-operative Society নামে একটা প্রতিষ্ঠান registration করবার জন্য ১৯৫৮ সালের ১৬ই মার্চ তারিখে আবেদন জানায় কিন্তু এক বৎসরের মধ্যে এই Society registration পায়নি। সাধারণভাবে বহু আবেদন নিবেদন করার পর তারা জানতে পারে বর্তমানে সর্বসাধারণ registration আমাদের department চায় না, পছন্দ করে না কিন্তু লিখিত ভাবে তা বলা হয়নি এবং কেন চাননা সেটা বলা হয়নি। এই যদি সরকারের সমবায় উৎসাহের লক্ষণ হয় তাহলে সেটাকে সুলক্ষণ বলা যায় না। তাই কৃষির উন্নতির জন্য সরকারকে অধিক দৃষ্টি দেবার জন্য আবেদন জানাব এই প্রসঙ্গে আমাদের যে খাদ্য ঘাটতি, যা chronic ঘাটতি হয়ে দাড়িয়েছে প্রতি বৎসর সেই ঘাটতি যাতে দূর করা যায় সেইজন্য আমাদের রাজ্য কৃষি কমিটি নিয়োগ করার প্রয়োজন আছে কিনা সে বিষয়েও দৃষ্টি দেবার জন্য সরকার পক্ষকে আবেদন জানাবো। বিভিন্ন পৌরপ্রতিষ্ঠানে যে সাহায্য বাজেটে দেওয়া হয়েছে সে সম্বন্ধে সঠিক বিবরণ পাওয়া যায় না। এটা দুঃখের ব্যাপার কিছুদিন হল সাধারণভাবে এই অভিযোগ হচ্ছে যে পৌরপ্রতিষ্ঠানগুলি দুই পরিকল্পনার মধ্যে দিয়ে সাধারণভাবে অবহেলিত হয়েছে। পৌরপ্রতিষ্ঠানের মধ্যে বাংলাদেশের প্রায় ⅓ অংশ অর্থাৎ প্রায় এককোটি মানুষ বাস করে। এই দুইটি পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে দিয়ে তাদের অভাব অভিযোগে সাহায্য না পাওয়ায়, আর একটা পঞ্চবার্ষিকী পরিকল্পনাকে রূপায়ন করার জন্য সাধারণ মানুষের যে যোগ দেওয়া প্রয়োজন—সে কথা রাজ্যপালের ভাষণের মধ্যেও উল্লেখ করা হয়েছে—তাতে সাধারণ মানুষ নিরুৎসাহ হয়ে পড়েছে। যেখানে এককোটি মানুষ বাস করে তা প্রতি দৃষ্টি দেবার প্রয়োজন এসেছে। আমি এই প্রসঙ্গে এই বৎসরের ব্যয়বরাদ্দে দেখতে পাচ্ছি এখানে জল সরবরাহ পরিকল্পনায় মোট ৪০ লক্ষ টাকা এবং অন্যান্য বাইরের এলাকার জন্য ২০ লক্ষ টাকার ব্যবস্থা করা হয়েছে।

[12-30—12-39 Pm]

গতবৎসরের ন্যূনতম বেতন নির্ধারণ আইন অনুসারে চলতি বৎসরে ৪৫ লক্ষ টাকা মিউনিসিপ্যালিটিগুলিকে সাহায্য দেওয়া হয়েছে, কিন্তু আগামী বৎসরে এইখাতে কি পরিমাণ সাহায্য দেওয়া হবে তার হিসাব নাই। এছাড়া একতৃতীয়াংশ খবর বহনের ব্যাপারে সরকার বিভিন্ন পৌরপ্রতিষ্ঠানকে কত অর্থ সাহায্য করেন.সেই সাহায্যের পরিমাণ কত বর্তমান বাজেটে তার হিসাব পাচ্ছি না। এই সমস্ত পৌরপ্রতিষ্ঠানগুলির আয়ের মাত্রা বিশেষ করে শিক্ষা এলাকার বাইরে পৌরপ্রতিষ্ঠান, যেমন, বারুইপুর, বারাসত, বনগাঁ ইত্যাদি—এছাড়াও বিভিন্ন অনগ্রসর জেলা এরকম পৌরপ্রতিষ্ঠানের আয়ের সূত্র এতবেশী সীমাবদ্ধ যে, ⅓ অংশ অর্থ সাহায্যের যে দাবী করা হয় অনেক সময়ই সেই অর্থসাহায্য দেওয়া নিতান্ত অর্থহীন হয়ে পড়ে এবং কার্যকরী হয়নি। কারণ, সেটা তাদের ক্ষমতার বাইরে। সেইজন্য আমি আবেদন জানাচ্ছি যে, ⅓ এ

ভিত্তিতে অর্থ সাহায্য দেওয়ার বিলোপ করে তার পরিবর্তে প্রয়োজন অনুসারে এবং লোকসংখ্যা অনুসারে অনগ্রসর ও গ্রাম্য এলাকার পৌরপ্রতিষ্ঠানকে আর্থিক সাহায্য দেওয়ার ব্যবস্থা করা হোক। এছাড়া কলকাতা সহরের খাটালে এক ভয়াবহ অবস্থার সূত্রপাত হয়েছে। অনেক চেষ্টা সত্বেও কলকাতা কর্পোরেশন এই ব্যাপারে কার্য্যকরী ব্যবস্থা নিতে পারেনি ব'লে সরকার থেকে খাটাল অপসারণের আইন পাশ করেছেন। যাতে করে কলকাতা সহর থেকে এই nuisance দুরীভূত হতে পারে। তারপর, হাসপাতালের কথা আগেই বলেছেন। আমি এসম্পর্কে কয়েকটি কথা বলব। আজকে T. B. বিশেষ করে সহরাঞ্চলে ব্যাপকভাবে বাড়িয়ে পড়েছে। কিন্তু এই রোগের চিকিৎসার জন্য উপযুক্ত সংখ্যক শয্যা হাসপাতালে নেই। হাসপাতালে ভর্তি হবার পূর্বে যে অগণিত লোক চিকিৎসার অভাবে মারা যাচ্ছে তাদের domiciliary treatment যার কথা মুখ্যমন্ত্রী বলেছেন এবং treatment কিছুটা চালু করার চেষ্টা হয়েছে সেই চিকিৎসা পদ্ধতিতে যেন অদূর ভবিষ্যতে বাড়ীতে বাড়ীতে ছড়িয়ে পড়তে পারে তার ব্যবস্থা করা একান্ত প্রয়োজন বলে মনে করি। যদিও বিরোধীপক্ষের মাননীয় সদস্যরা নিজের রীতি অনুযায়ী বলে থাকেন যে, স্বাস্থ্যের কিছুমাত্র উন্নতি হয়নি, তাহলেও আমি একথা বলবো, আজকে আমাদের দেশে জনস্বাস্থ্যের প্রভূত উন্নতিসাধন হয়েছে। যাইহোক, TB চিকিৎসা সম্বন্ধে যে অসুবিধা ও ত্রুটি আছে, সেগুলি অবিলম্বে দূর হওয়া প্রয়োজন। এবং এটাও খুব আনন্দের কথা যে, সরকার এককোটি টাকার মত এই রাজ্যে মধ্যবিত্ত ও নিম্ন-মধ্যবিত্তদের গৃহনির্মাণের খাতে ব্যবস্থা করেছেন—পাঁতিপুকুরে গৃহনির্মাণের জন্য ৯ লক্ষ টাকার অধিক ব্যবস্থা হয়েছে। আমার এ সরকারকে একটা কথা বলার আছে যে, গৃহনির্মাণ পরিকল্পনায় যে অর্থবিনিয়োগ করা হচ্ছে বর্তমানে সেই অংক আরো বাড়ান প্রয়োজন। এই ব্যাপারেই একটা অসুবিধাজনক ব্যবস্থা রয়েছে যে, জামীনদারের ব্যবস্থা ছাড়া গৃহনির্মাণ ঋণ দেওয়ার কোন বিধি নাই, সবসময় উপযুক্ত জামীনদার তাঁদের পক্ষ সংগ্রহ করে ঋণ নেওয়া সম্ভব হয় না—এই জামীনদারের ব্যবস্থাটা নিরসন হওয়া দরকার বলে মনে করি। তারপর গৃহনির্মাণ ঋণ সম্পর্কে আরেকটা কথা হচ্ছে যে, এই ব্যাপারে idea সীমাবদ্ধ যে, যাঁরা ঋণ নেন তাঁরা ভাল করে গৃহনির্মাণ করতে পারেন না—এজন্য এই সমস্ত গৃহ সরকারী তত্ত্বাবধানে নির্মাণ করে দেওয়া দরকার যাতে করে অর্থের অপচয় না হয়—এর দ্বারা অনেক নিম্নমধ্যবিত্ত ভাল বাড়ীতে বাস করার সুযোগও পাবে না। এই প্রসংগে কলকাতা এবং কলকাতার উপকণ্ঠে যে সমস্ত খালি জমি এখনো পড়ে রয়েছে সেসব দখল করে ব্যক্তিগতভাবে মুনাফার্জনের যে সুবিধা আছে সেই সুবিধা বিলোপ করার জন্য আমি আবেদন জানাচ্ছি। দিল্লীতে সম্প্রতি আমি দেখেছি যে খোলা জমি সরকার দখল করছেন। আমার মনে হয় কলকাতা এবং পার্শ্ববর্তী অঞ্চলে এখনো যে খালি জমি পড়ে রয়েছে সেগুলি অবিলম্বে সরকারী দখলে এনে সরকারী তত্ত্বাবধানে সেখানে গৃহনির্মাণের পরিকল্পনা করলে আমাদের গৃহসমস্যার অনেকখানি সমাধান হবে। এবং জমির দাম বাড়ছে ব'লে সমাজেরও নানাদিক থেকে উপকার হবে এই ব্যবস্থায়।

[At this Stage the red light was lit]

তারপর, ভূমিরাজস্ব বিভাগ সম্বন্ধে একটা কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করব। এই বিভাগে ক্ষতিপূরণ দেবার যে ব্যবস্থা আছে তা বর্তমানে সাধারণ মানুষের পক্ষে পীড়াদায়ক হয়ে পড়েছে।

গৃহনির্মাণ পরিকল্পনায় সেখানকার ছোট ছোট চাষী পরিবারের জমি নিয়ে সেই জমিতে সরকারী তত্ত্বাবধানে ও দখলাধীনে গৃহনির্মাণ করা হয়েছিল, কিন্তু কিছু technical difficulty-র জন্য সেগুলো ছেড়ে দিয়েও পরে সেগুলো পুনর্বার দখল করা হয়, কিন্তু তা সত্বেও Estates Acquisition থেকে তাদের ক্ষতিপূরণ দেওয়া বন্ধ রাখা হয়েছে—আমার মনে হয় এই জিনিষটা ঠিক হয়নি। তাই আমি বলব, ছোট ছোট পরিবারের compensation-এর প্রতি যেন সমধিক দৃষ্টি দেওয়া হয়।

Adjournment

The Council was then adjourned at 12 39 p. m. till 9-30 a.m. on Wednesday, the 9th March, 1960 at the Legislative Building, Calcutta.

Members Absent

Bandopadhyay, Shri Upendra,
Banerjee, Dr. Sambhu Nath,
Banerjee, Shri Tara Sankar
Bhuwalka, Shri Ram Kumar,
Ghosh Maulik, Shri Satyendra Chandra,
Jha, Shri Pashu Pati,
Moitra, Shri Dhirendra Nath,
Mookerjee, Shri Kamala Charan,
Mukherjee, Shri Sudhindra Nath,
Nausher Ali, Shri Syed
Sarkar Shri Pranabeswar and
Sen, Shri Jimut Bahan.

COUNCIL DEBATES

Wednesday, the 9th March, 1960

The Council met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday the 9th March, 1960 at 9-30 am. being the Tenth day of the Twentieth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

[9-30 – 9-40 a. m.]

Inscription of names of members in their seats.

Shri Sasanka Sekhar Sanyal: Mr. Chairman, Sir, before you proceed with the day's business, would you permit me to ask you a very tender and personal question about yourself? Do you sit on the chair which is yours or is it Speaker, Shri Bankim Chandra Kar's?

Mr. Chairman: I do not know, but I think it is my chair.

Shri Sasanka Sekhar Sanyal: If it is your chair, how would you feel if behind the chair a printed card bearing the name of Speaker, Shri Bankim Chandra Kar, is fixed? You would resent that certainly. We are here members of the Council and my seat bears the name of Shri Mihirlal Chaterjee and that of Shrimati Anila Debi bears thename of Shrimati Manikuntala Sen. Sir, are we here on our own rights or are we trespassers? Therefore, as you would not like an inscription of Speaker, Shri Bankim Chandra Kar, fixed on your chair, we would not also like that our seats should bear other names. We are here on our own rights but we are looking like trespassers. So please instruct your office to have separate cards and before we assemble here our seats should show our names.

Mr Chairman: I shall ask the office to do that.

Shri Snehangsu Kanta Acharyya: Sir, alternatively, abolish this House.

Shri Sasanka Sekhar Sanayl: In the Treasury Benches Dr. Bidhan Chandra Roy and all the Ministers are fixed with name cards and we are looking like trespassers.

Arrest and lathi-charge of refugees.

Shri Satish Chandra Pakrashi: মি: চেয়ারম্যান স্যার আমি একটা গুরুতর বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলার আসানসোল মহকুমার গোপালপুর শিবতলা ক্যাম্পে ৩ জন বাস্তুহারা অনশন করছিল এবং তাদের প্রতিনিধিরা এ বিষয়ে কি মীমাংসা হতে পারে সেজন্য মুখ্যমন্ত্রী ডা: রায়ের সঙ্গে আলাপ করেছিলেন। ডা: রায় রিহ্যাবিলিটেশন কমিশনারের সঙ্গে আলাপ করতে বলেন, রিহ্যাবিলিটেশন কমিশনারের সঙ্গে সেই ডেপুটেশান দেখা করে শিবতলা ক্যাম্পের বিষয় আলোচনা করছিলেন। পরে তিনি বলেছেন আর একটা দিন আলোচনা হবে। ইতিমধ্যে গত পরশু দিন মহকুমা শাসক এবং আসানসোলের পুলিশ সাহেব ওখানে ঐ ৩জনকে ধরতে যায় এবং সেখানে যে সমস্ত মহিলা শুশ্রূষা করছিলেন তাঁদের সহ ক্যাম্পের উদ্বাস্তুদের উপর এমনভাবে লাঠি চার্জ করে যে এক শতাধিক লোক আহত হয়। ৬জন গুরুতর ভাবে আহত হয় তারা বাঁচবে কিনা সন্দেহ। এইরকম গুরুতর অবস্থা সেখানে ঘটেছে। আমি আপনার মাধ্যমে পুনর্বাসন মন্ত্রীর কাছ থেকে জানতে চাই যে কেন এমন ঘটনা

সম্ভব হল এবং এই রকম ভাবে যখন একটা আলোচনা চলছে মন্ত্রীর সাথে তখনই উদ্বাস্তুদের উপর নির্মম লাঠি চার্জ হল।

Mr Chairman. : It has been taken note of by the Minister concerned

Retrenchment of staff in Rehabilitation Department.

Shri Nirmal Chandra Bhattacharyya ; Sir, there is another little matter which I would raise since fortunately the Minister for Rehabilitation is present here. Yesterday there was a demonstration of retrenched employees of the Rahabilitation Department and amongst them were some who were served with notices of retrenchment. We would like to know what alternative arrangements he has made for the appointment of these unfortunate persons.

The Hoa'ble Profulla Chandra Sen : I do not like to make a statement at this stage.

General discussion of the Budget for 1960-61

Shri Satya Priya Roy : মি: চেয়ারম্যান স্যার, আমাদের সামনে রাজ্য সরকারের আয়-ব্যায়ের যে বরাদ্দ উপস্থিত করা হয়েছে এটা সম্পূর্ণ বাস্তব বোধ বর্জিত। প্রথমত: দেখতে পাচ্ছি ত্রাণখাতে ৩ কোটি ৪৬ লক্ষ টাকা বরাদ্দ কমিয়ে দেওয়া হয়েছে এই আশায় যে আগামী বছর যে বছর চলে যাচ্ছে তার থেকে ভাল হবে—এই রকম একটা আশা অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী মহাশয় করেছেন। একটা বিরাট ব্যাপক বিধ্বংসী বন্যা পশ্চিম বংগের ১০টি জেলাকে ধ্বংস করে. দিয়ে গেছে। আমাদের যে বিরাট শস্যহানি হয়েছে এবং যে বিরাট খাদ্য ঘাটতি বাংলার জনসাধারণকে ব্যাকুল করে তুলেছে সেই সমস্ত উপেক্ষা করে অর্থমন্ত্রী মহাশয় এই আসন্ন বছরকে সুবছর বলে কি করে অনুমান করতে পারলেন এবং তাঁর আয়-ব্যয়ের বরাদ্দে ত্রাণখাতে ৩ কোটি ৪৬ লক্ষ টাকা কি করে কমিয়ে দিতে পারলেন তা আমরা বাস্তবিক অনুমান পর্যন্ত করতে পারছি না। আমরা দেখতে পাচ্ছি পুলিশদের বেতন আবার নুতন করে নির্ধারন করার জন্য পুলিশ কমিশন বসেছে। আমরা দেখতে পাচ্ছি রাজ্য সরকারের কর্মচারীবৃন্দের বেতন পুন: নির্দ্ধারনের জন্য পে-কমিটি বসেছে। আমরা জানি শিক্ষামন্ত্রী মহাশয় এখানে ঘোষণা করছেন যে প্রাথমিক শিক্ষক দের জন্য প্রভিডেন্ট ফাণ্ড গ্যাচুইটি এবং তাহাদের ছেলেমেয়েদের মাধ্যমিক শিক্ষার স্তর পর্যন্ত বিনা বেতনে শিক্ষাদানের সুযোগের ঘোষণা ইতিমধ্যে বিদ্যালয়ে বিদ্যালয়ে চলে গেছে অথচ বাজেটে এই সমস্ত বাবত কোন টাকা বরাদ্দ করা হয়নি। কাজেই বাস্তব পক্ষে আমাদে সামনে যে বাজেট দাঁড় করান হয়েছে তার সঙ্গে এ্যাকচুয়াল্‌স্ যাকে বলে—যখন বছরের শেষে হিসাব দেখা যায় যে পশ্চিমবংগে কি খরচ হয়েছে তখন দেখা যায় আকাশ পাতাল পার্থক্য এবং আমরা যে ভিত্তির উপর আলোচনা করেছিলাম মোটেই সেই ভিত্তির উপর দাঁড়িয়ে করা হয়নি। সাধারণ ভাবে বাজেট সমালোচনা করার সময় আমার সময় থাকবে না, আমি বিশেষ করে শিক্ষা ব্যবস্থার মধ্যে আমার মন্তব্য গুলিকে সীমাবদ্ধ করতে চাই। প্রথমত: বাজেটে সবচেয়ে মুস্কিল হচ্ছে যখন শিক্ষার ধারায় বৈপ্লবিক পরিবর্তন আমাদের সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হচ্ছে ঠিক সেই মুহূর্ত্তে দেখা যাচ্ছে যে শিক্ষকতাখাতে ব্যয় ৬০লক্ষ টাকা কমিয়ে দেয়া হয়েছে। একথা আমি বলছি না—আমাদের অর্থমন্ত্রী মহাশয় আয়-ব্যয় বরাদ্দ সম্পর্কে যে বক্তৃতা দিয়েছেন তার ১১ পাতায় বলা হয়েছে There is a decrease of Rs. 60 lakhs under "Education" due to the smaller provision made for plan Schemes অথচ আমাদেরই একজন বন্ধু মাননীয় শ্রী মহীতোষ রায় চৌধুরী মহাশয় নানারকম বিবৃত তথা উপস্থাপিত করে এখানে বলতে প্রয়াস পেয়েছিলেন সেটা শিক্ষাখাতে কোন টাকা কমান হয়নি। এতো সেই রাজার চেয়ে পারিষদকে চতুর্গুণ বলে, তার একটা প্রত্যক্ষ প্রমাণ আমরা মহীতোষ বাবুর বিবৃতির মধ্যে দেখতে পাই। এই শিক্ষা পরিকল্পনা যে সুপরিকল্পিত নয় তার প্রমাণ হচ্ছে এই যে তার ব্যয় বরাদ্দ হঠাৎ কমিয়ে

দেয়া হয়েছে। সাধারণভাবে যে কোন পরিকল্পনা সুবিন্যস্ত হলে বরফের গোলকের মত সে নিজেনিজে গতি সঞ্চার করে যাবে এবং বরফের গোলকের মত তার আকার বৃহৎ থেকে বৃহত্তর হতে থাকবে এই হচ্ছে বৈজ্ঞানিক পরিকল্পনার নিয়ম। এখানে পরিকল্পনায় যখন যে রকম খুশী এক একটা অংশ ধরে নিয়ে কাজে এগিয়ে যাওয়া হয়, তারপর যখন অর্থের অভাব পড়ে তখন আবার যে কাজ আরম্ভ হয়েছে সেটাকে বন্ধ করে দিয়ে অন্য পথে যাত্রা আরম্ভ হয় এতে পরিষ্কার বুঝা যাচ্ছে যে আমাদের এই যে পরিকল্পনার কথা সরকার পক্ষ থেকে ঘোষণা করছেন তার পেছনে কোন বৈজ্ঞানিক নীতি নেই। নীতি অনেক আমরা করেছি। শিক্ষার অগ্রগণ্য দাবীর কথা আমরা বারবার সরকারকে বুঝাতে চেষ্টা করেছি কিন্তু এই সরকার জাতীয় পুনর্গঠন পরিকল্পনায় শিক্ষনীয় মুল্য কতটুকুন, তার অগ্রগণ্য দাবী কতটুকুন তা এখনও পর্যন্ত উপলব্ধি করতে পারেন না আমরা বলেছি হাজার ভিলাই, হাজার রুরকেল্লা, হাজার দামোদর ভ্যালি জাতিকে বড় করে তুলতে পারবে না যদি জাতির যারা মানুষ জাতির যারা নাগরিক জাতির যারা প্রকৃত সম্পদ তারা যদি ঠিক মানুষ হয়ে গড়ে না উঠে এবং তার প্রত্যক্ষ প্রমাণ দুর্নীতির ভেতর দিয়ে আমাদের সমস্ত পরিকল্পনা বানচাল হয়ে যাচ্ছে এর একমাত্র কারণ হচ্ছে এই যে শিক্ষার ভেতর দিয়ে আমরা মানুষ গড়ে তুলবার যে স্বপ্ন যে সাধনা তার কাজ আমরা আরম্ভ করিনি।

[9-40—9-50 a. m.]

এই সম্পর্কে মিঃ হোরেস্ এ্যালেকজাণ্ডার গত ফেব্রুয়ারী মাসে মন্তব্য করে গিয়েছেন। আমি শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রী মহাশয়ের সেদিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই। তাঁর মন্তব্য হচ্ছে—"Education needs to be put in the forefront of all planning, above industrialisation and perhaps evon above better water-supply for every village."

এই হচ্ছে শিক্ষা সম্পর্কে যাঁরা বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে থাকেন, তাঁরা শুধু চমকপ্রদ পরিকল্পনার নামে জনসাধারণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করতেই চান না তাঁরা এই শিক্ষার মূল্যও দিয়ে থাকেন।

এই সম্পর্কে সকল দিক আলোচনা করবার সময় নেই। তবে শিক্ষা দপ্তর আজকে কি রকম কলুষিত হয়ে গিয়েছে, সমস্ত শিক্ষা পরিবেশ কি বিষাক্ত দূষিত হয়ে গিয়েছে তার কথা আমি আপনার মাধ্যমে বিধান পরিষদে উপস্থাপিত করতে চাই। 'বাঘের উপর টাগের' কথার গল্প শুনি,—আমাদের বাঘা মুখ্যমন্ত্রী মহাশয়, তিনি সমস্ত সরকারী বিভাগকে তাঁর কাঁধের উপর এ্যাটলাসের মত বহন করে নিয়ে চলেছেন। সমস্ত মন্ত্রীমণ্ডলীকে গাধাবোটের মত বেঁধে নিয়ে এগিয়ে চলেছেন, আর তাঁর কাঁধের উপর ভর দিয়ে চলেছে একটা অদৃশ্য শক্তি—সে তার কাঁধে চড়ে ব্যক্তিগত সুযোগ সুবিধা করে নিতে পারে, এই কথাই আমরা কল্পনা করলাম। এই শিক্ষা দপ্তরের দুর্নীতি, গ্লানি, ক্রটীগুলি বিশ্লেষণ করবার আগে, আমি জিজ্ঞাসা করবো কে এই এই সেই অদৃশ্য শক্তি এবং কোথা থেকে এই শক্তি এলো? এটা একটা চমৎকার রহস্য। সেই রহস্য উদ্‌ঘাটিত হচ্ছে না। কিন্তু আমি জানি ইতিহাস একথা ভুলে যাবে না, সত্যিই ইতিহাস পরিষ্কার করে নগ্ন ভাবে এই তথ্য উদ্‌ঘাটিত করে এই তথ্য প্রকাশ করে দেবে কে এই অদৃশ্য শক্তি। গত ছয় বছর ধরে এই বিধান পরিষদে বারবার বলেছি শিক্ষা দপ্তরের উপর শিক্ষামন্ত্রীর কর্তৃত্ব নেই, বারবার একথা বলেছি এমন কি মুখ্যমন্ত্রী মহাশয়েরও এখানে কর্তৃত্ব নেই, বারবার বলেছি এ এক অতি মানব, তিনি হচ্ছেন ডাঃ ডি, এম, সেন, শিক্ষা সচিব। শুধু শিক্ষাসচিবই নন, ১৯৫৭ সালে শিক্ষা অধিকর্তা অবসর গ্রহণ করলেন এবং ষড়যন্ত্রের ফলে ডাঃ পরিমল রায় অবসর গ্রহণ করতে বাধ্য হয়েছিলেন, তারপরে তিনি শিক্ষা দপ্তরের সচিব হয়েও অধিকর্তার পদ দখল করে আছেন। বছরে তিনি কত ভাতা নিয়ে থাকেন আমি অর্থমন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই। আমরা দেখতে পাচ্ছি ৩৩ হাজার টাকা শিক্ষাসচিব হিসাবে বরাদ্দ বাজেটে করা হয়েছে। আর অধিকর্তার জন্য বরাদ্দ হয়েছে ২১ হাজার টাকা। তাহলে কি

তিনি প্রতি বছর ৫৪ হাজার টাকা বেতন ও ভাতা হিসাবে গ্রহণ করেছেন? আমি অর্থমন্ত্রী এবং শিক্ষা মন্ত্রীর কাছে প্রশ্ন করতে চাই তিনি কত টাকা আদায় করে নিচ্ছেন প্রতি বৎসর যাতায়াত বাবদ? একথা সত্য কি তিনি ১৫ হাজার টাকার উপর গত বছর টি. এ বিল করেছেন? গত বছর আমি এই বিধান পরিষদে মাননীয় অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম তিনি গভর্ণমেণ্টের খরচে সপরিবারে কাঁথিতে বেড়াতে গিয়েছিলেন। তার সাক্ষ্য আছে। কংগ্রেসেরই একজন যিনি প্রধান নেতৃত্বে ছিলেন, ডাঃ নলিনাক্ষ সান্যাল তিনি সাক্ষী হিসাবে আছেন। আর একজন প্রধানতম আই, সি, এস, যিনি সকলের শ্রদ্ধার পাত্র, তাঁর নাম আমি উল্লেখ করতে পারি, তিনি নিজ চক্ষে দেখেছেন বলেছেন। এ বিষয়ের প্রতি আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম। কিন্তু আজ পর্য্যন্ত তার পক্ষে কোন তদন্তের বিবৃতি শিক্ষা মন্ত্রী মহাশয় করেননি।

শুধু যে D. M. Sen একা বসে আছেন তা নয়; একটা সুন্দর সুখী পরিবার তাঁর চারিধারে তিনি গড়ে তুলেছেন। সুন্দর একটা-দুর্নীতির জাল সুবিন্যস্ত করে শিক্ষাজগতে ব্যাপক দুর্নীতি চালিয়ে যাচ্ছেন অবাধে। আমি সিভিললিষ্ট পড়ে দেখেছিলাম তাতে পরিষ্কার আছে—আমাদের কতকগুলি লোককে শিক্ষাবিভাগে নেওয়া হয়েছে যেমন, শ্রীঅমিয় সেন। ১৯৫৭ সালে তিনি গভর্ণমেণ্টের চাকরীতে ঢুকলেন, Second Planning Officer, Secondary Education হিসেবে। তিনি যে ডি-এম-সেনের মধুর আত্মীয় সে কথা বিধান পরিষদের দৃষ্টি আকর্ষণ করেছিলাম।

[A voice :—কোন্ সূত্রে আত্মীয়?]

বৈবাহিক সম্পর্কে। সে সম্পর্কের কথা বলতে গেলে পার্লামেণ্টারী হবে কিনা—বুঝতে পারছি না। সেটা আপনারা অনুমান করে নেবেন। আমি দেখতে পাচ্ছি যে Inspectorate appointment—যিনি আজকে আমাদের Chief Inspector Mr. B. K. Neogi—তাঁর চেয়ে অনেক Senior লোক শিক্ষা বিভাগে ছিল। তাঁর চেয়ে যোগ্যতর-শিক্ষাগতভাবে—তেমন লোক শিক্ষাবিভাগে ছিল। Civil list থেকে তা দেখা যাচ্ছে। অথচ তিনি জুনিয়র হয়েও Chief Inspector, Secondary Education হয়ে গেলেন। দ্বিতীয় Senior লোক আমি বলে দিতে পারি বালীগঞ্জের গভর্ণমেণ্ট স্কুলের প্রধান শিক্ষক শ্রীপ্রশান্ত কুমার সেন, গুণগত যোগ্যতা তাঁর অনেক বেশী আছে এবং অভিজ্ঞতাও বেশী রয়েছে এবং চাকরীর বয়সকালও দীর্ঘতর। অথচ এই সমস্ত যোগ্যতর লোকদের উপেক্ষা করে Secondary Education-এর Chief Inspector করা হয়েছে Mr. B. K. Neogiকে। কলিকাতার Inspector শ্রীমোহিতকুমার সেনগুপ্তকে করা হয়েছে। District Inspector লিষ্টে দেখতে পাচ্ছি তাঁর উপরেও তিন-চার জন লোক আছে। এই কলকাতার District Inspector হওয়া নিশ্চয়ই একটা Prize Post. সেই চাকরী তাঁর পাওয়া প্রয়োজন ছিল। তাঁর দাবী ন্যায্য ছিল। এই ন্যায্য দাবীকে সম্পূর্ণ উপেক্ষা করে অত্যন্ত Junior একজনকে যেমন—শ্রীমোহিতকুমার সেনগুপ্ত, তাকে Calcutta District Inspector করা হয়েছে। দেখতে পাচ্ছি Senior যাঁরা তাঁদের মালদহ, কুচবিহার ইত্যাদি জায়গায় District Inspector করে রাখা হয়েছে। এই সমস্ত থেকে বোঝা যায় খুব সুখী সুন্দর একটা পরিবার সেন মহাশয় গড়ে তুলেছেন। তার ফলে কি হয়েছে? আমার ব্যক্তিগত আক্রোশ Mr. B. K. Neogi-র বিরুদ্ধে নাই, বা অমিয় সেনের বিরুদ্ধেও নাই।

[A Voice : ডি-এম-সেনের বিরুদ্ধে?]

হ্যাঁ, তার বিরুদ্ধে আছে। এত বড় একটা দুর্নীতিমূলক কাজ যিনি করছেন, তার আলোচনাই আমি করছি। কবির ভাষায় বলা যায়—"অন্যায় যে করে, আর অন্যায় যে সহে"—তারা সমান অপরাধী।

এর ফলে কি হয়েছে? সমস্ত শিক্ষা জগতে একটা বিরাট দুর্নীতি-প্রসার লাভ করেছে।

এই দুর্নীতি আজ সর্বস্তরে প্রবেশ করেছে। ১৪ তলা বাড়ীর যে মুহূর্তে Project Officer তৈরী করার sanction দিলেন, তখনই contractor পাঠিয়ে দেওয়া হয় সেখানে। এরকম শুধু একটা বিদ্যালয়ে নয়,—স্কটিশচার্চ কলেজিয়েট স্কুলেও সেই রকম লোক পাঠিয়েছে। Sri N. N. Sarkar Institution এ এই রকম লোক পাঠিয়েছে। আমাদের Project Officer নিজে সই ও শীল দিয়ে প্রধান শিক্ষককে চিঠি লিখেছেন—তোমাদের টাকা মঞ্জুর করা হয়েছে। তোমাদের গৃহ নির্মাণের কন্ট্রাক্ট প্রভাত চক্রবর্তী,—এই কণ্টাক্টরকে দেও।

[9-50—10 a. m.]—

কিন্তু শিক্ষামন্ত্রী মহাশয় পরিষ্কার বলেছেন এই সব হচ্ছে recommendation। এখন যদি ঊর্দ্ধতন কর্মচারীর পক্ষ থেকে recommendation আসে আমার মত প্রধান শিক্ষকের কাছে তখন আমার যে তা শিরোধার্য্য করতে হয় আদেশ হিসাবে সেটুকু কি শিক্ষামন্ত্রী মহাশয় বুঝতে পারেন না? নাকি বুঝেও চোখ বুঝে থাকেন? শুধু তাই নয় এর ভিতর দিয়ে লক্ষ লক্ষ টাকা অপচয় হচ্ছে, লক্ষ লক্ষ টাকা misappropriation হচ্ছে এবং তার সঙ্গে ষড়যন্ত্রে যুক্ত রয়েছে ঐ ১৪ তলা বাড়ী থেকে আরম্ভ করে বিদ্যালয়ের managing committee পর্যন্ত। এই যে বিরাট ষড়যন্ত্র চলেছে তাতে আমরা দেখলাম ডায়মণ্ডহারবার বিদ্যালয়ে যে Building দেওয়া হয়েছিল তার ভিতর দিয়ে হাজার হাজার টাকা তছরূপ হয়েছে, ভাটপাড়াতে হাজার হাজার টাকা তছরূপ করা হয়েছে। ঝিলিমিলিতে ৫।৬ লক্ষ টাকা দান করেছেন, সেখানে না আছে শিক্ষক না আছে ছাত্র অথচ বাঁকুড়ার সেই বিরাট প্রান্তরে লক্ষ লক্ষ টাকা খরচ করা হচ্ছে। আমি শুনেছি Mr. D. M. Sen নাকি সেখানে বলে এসেছেন যে সেখানে একটা গ্রাম্য বিশ্ববিদ্যালয় Rural University করার plan করেছেন। এই যে কোটি কোটি টাকা ...

The Hon'ble Rai Harendra Nath Choudhuri :—কোটি কোটি টাকা !! কত না কোটি কোটি !!

Shri Satya Priya Roy : মোট পরিমাণ দিলে কোটি কোটি টাকাই দাঁড়াবে, আমি কোটির পরিমাণেই আসছি। শুনুন আপনার দপ্তর সম্বন্ধে শুনুন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : না আমি শুনতে রাজী নই।

Shri Satya Priya Roy : এজন্যই তো গণতন্ত্রের সমালোচনা হয়, সেজন্যই আপনি নির্বাচনের পথে আসতে পারেননি, পকেট Constituencyর ভিতর দিয়ে মন্ত্রীত্বের গদীতে বসার অপমান আপনাকে সহ্য করতে হচ্ছে।

এখানে বিধান পরিষদের সদস্য খানবাহাদুর মহম্মদ জানকে এখানে দেখছি না, তার বিরুদ্ধে আমার অনেক দুর্নীতির অভিযোগ ছিল। তাঁর ওয়াকফ্ সম্প্রতি স্কুলের নামে প্রচুর টাকা নিয়ে যাচ্ছেন কিন্তু সেই টাকার হিসাবপত্র রাখছেন না—Board-এ নালিশ করা হয়েছে, শিক্ষা দপ্তরেও নালিশ করা হয়েছে কিন্তু এ বিষয়ে বোর্ড এবং শিক্ষাদপ্তর সম্পূর্ণ নীরব।

আজকে মাননীয় ঈশ্বরদাস জালান মহাশয় এখানে নেই থাকলে বলতাম যে তিনি মাড়োয়ারী সমস্ত স্কুলের ব্যাপারে অভিভাবক হিসাবে কাজ করছেন এবং স্কুলের বিরুদ্ধে কোন কিছু হলে সেই স্কুলের Managing কমিটি মাননীয় ঈশ্বরদাস জালান মহাশয়কে আবেদন জানান যে তাদের রক্ষা করতে হবে। শিলিগুড়ির কথা আগেই বলেছি। সেখানে হিন্দী বিদ্যালয়ে ঈশ্বরবৃত্তির নাম করে প্রত্যেকের কাছ থেকে পয়সা রেখে দেওয়া হয়, এইভাবে লক্ষ লক্ষ টাকা প্রায় ২০ লক্ষ টাকা বিদ্যালয়ের fund-এ জড় হয়েছে। এই ২০ লক্ষ টাকা মাড়োয়ারী ব্যবসাতে খাটাচ্ছে এবং সেই ২০ লক্ষ টাকার কোন হিসাব বিদ্যালয়ের fund-এ নাই, আমরা পর্ষৎকে জানিয়েছি কিন্তু কোন প্রতিকার আজ পর্য্যন্ত হয়নি। এই কলকাতার বুকের উপর বড়বাজারে যে বিদ্যালয়গুলি আছে তার মুরুব্বি মাননীয় ঈশ্বরদাস জালান মহাশয়। বিশুদ্ধানন্দ সরস্বতী বিদ্যালয়ের Reserve fund-এ ৭ লক্ষ টাকা আছে, সেই ৭ লক্ষ টাকা সবই বড় পুঁজিপতি মাড়োয়ারীদের হাতে। এর কোন হিসাবপত্র বিদ্যালয়ের কেউ জানে না।

তার কোন হিসাবপত্র বিদ্যালয়ের কেউ জানে না কেন সেই হিসাবপত্র পর্ষদের কাছে দাখিল করা হয়নি, কেন সেই হিসাবপত্র সরকার পক্ষ থেকে দেখা হয়নি। এখানে হরিদাস মুন্দ্রার বিদ্যালয়ে, Vithalbhai Institution-এ ৬০ লক্ষ টাকা তছরূপ হয়েছে এবং ৬৬ জন শিক্ষককে ৩ বৎসরের মধ্যে কর্ম থেকে ছাটাই করা হয়েছে। এবং এই অল্পদিনের মধ্যেও এই হরিদাস মুন্দ্রার এই বিদ্যালয় থেকে জানা গেল তিনজন শিক্ষককে ছাটাই করা হয়েছে। তাদের অপরাধ এই টাকা যা আদায় হয় তার সমস্ত টাকাই হরিদাস মুন্দ্রার গদিতে চলে যায়, কেন বিদ্যালয়ের তহবিলে জমা করা হয় না এই কথা তারা বলাবলি করতে আরম্ভ করেছিল। সেইজন্য এই তিনজন শিক্ষককে একমুহূর্ত্তে ছাটাই করা হয়েছে ২৪ ঘণ্টার নটিশ না দিয়ে। এইজন্য শিক্ষকরা আজকে হতাশ হয়ে পড়েছে এবং তাদের সমস্ত নৈতিক বল একেবারে ব্যাধিগ্রস্ত হয়ে পড়েছে বলে মনে হচ্ছে। তাই এই অস্বাস্থ্যকর দুর্নীতির পরিবেশে দাঁড়িয়ে আমাদের বলিষ্ঠ কণ্ঠে মানুষকে একথা শুনিয়ে যেতেই হবে।

তারপর এখানে Dr. D. M. Sen তিনি Mr. P.C. Das-কে, যদি Chief Inspector ছিলেন, তাকে retired হবার পর এখানে এনে Special Officer করে রেখে দিয়েছেন, এবং এই Special Officer হিসাবে তিনি সমস্ত বিদ্যালয়ে বই পাঠ্য করবার জন্য পাঠিয়ে দেন। আমরা জানি চেতলা স্কুলের প্রধান শিক্ষক মহাশয়, Sj. Sailendra Nath Banerjee, তিনি একটি এর হয়ে মুখবন্ধ লিখে'ছিলেন এবং তার জন্য তিনি Secondary Board এর কর্তৃপক্ষের কাছ থেকে তিরস্কৃত হয়েছিলেন, আমরাও চাই না যে শিক্ষক হয়ে কেউ এর সুযোগ নিক। আজকে এই Mr. P. C. Das, তিনি বিদ্যালয়ে বিদ্যালয়ে বই পাঠিয়ে দিচ্ছেন এবং সেই সব বইএর উপরে এবং ভিতরে লাল অক্ষরে লিখে দিয়েছেন যে Special Officer এই কথা বলছে যে শিক্ষকদের কর্ত্তব্য হবে এই বই পাঠ্য করা এবং কি ধরণের বইতে তিনি একথা লিখেন তার একটা উদাহরণ দিচ্ছি. এখানে একটা বই আছে তার নাম 'সাধারণ জ্ঞান' এটিকে তিনি পাঠ্য করার জন্য বলেছেন এবং এই 'সাধারণ জ্ঞান' বই থেকে আমি ২।১টি কথা পড়ে দিচ্ছি। এর ভিতর দেওয়া হয়েছে যে, পশ্চিমবঙ্গের আয়তন হচ্ছে ২৬ হাজার কয়েক শত বর্গমাইল, এবং Special Officer বলেছেন যে শিক্ষকদের কর্ত্তব্য হবে এই বই পাঠ্য করা। তাঁর যদি সাধারণ জ্ঞান এই থেকে থাকে তাহলে ভবিষ্যতে যারা পড়বে তাদের কি হবে জানিনা। তারপর ভারতের শ্রেষ্ঠ সাহিত্যিক কে? তাতে নাম দেওয়া হয়েছে মুলুকরাজ আনন্দ, প্রেমেন মিত্র, তারাশংকর বন্দ্যোপাধ্যায়। কোথায় গেল বাল্মিকী, কোথায় গেল কালিদাস, কোথায় বা আমাদের দেশের কবিগুরু রবীন্দ্রনাথ। ভারতবর্ষের শ্রেষ্ঠ সাহিত্যিকদের মধ্যে তাদের নাম নেই। এই 'সাধারণ জ্ঞান' পুস্তকের মধ্যে এই ধরণের কথাই আছে এবং শুধু ২।১টি নয়, ভাল করে দেখলে দেখা যাবে যে প্রচুর এর মধ্যে আছে। অথচ লাল অক্ষরে লেখা আছে যে এই 'সাধারণ জ্ঞান' বইটা যেন পাঠ্য করা হয় এবং সেটিই শিক্ষকদের কর্ত্তব্য হবে। শুধু তাই নয়, মুখ্যমন্ত্রী যে সমস্ত আদেশ নির্দ্দেশ দেন সে সমস্ত সম্পূর্ণ শিক্ষা দপ্তর থেকে উপেক্ষা করা হয়। এই উপেক্ষা করছেন কে, শিক্ষামন্ত্রী মহাশয় নিশ্চয়ই তা জানেন না, এই উপেক্ষা করছে শিক্ষা সচিব। এবং Assembly Proceedings থেকে বলছি, একথা শিক্ষামন্ত্রী মহাশয় শুনতে না চাইলেও তাঁকে শুনতে হবে কারণ শোনবার জন্যই তাঁকে এখান থেকে পয়সা দেওয়া হয়, তাঁকে শুনতেই হবে, একবার তিনি অবশ্য বলেছিলেন যে সত্যপ্রিয় অপ্রিয় কথা বলেন। কিন্তু অপ্রিয় হলেও তা সত্য এবং সেই অপ্রিয় সত্য কথা আপনাদের এই পরিষদে উপস্থিত করতেই হবে এবং তাঁকেও তা শুনতে হবে।...

[10—10-10 am.]

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : I have said that I am not prepared to hear wild talks.

Sri Satyapriya Ray : Sir, the Hon'ble Minister should not cast such an aspersion.

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় ১৯৫৮ সালের ফেব্রুয়ারী মার্চ্চ অধিবেশনে বলেছিলেন আমি Assembly Procedings February-March 1958-এর ৪০ পৃষ্ঠা থেকে পড়ে শোনাচ্ছি—"We have also provided that those who are not approved of by the committee will be placed in the new grade on the initial salary and they will have to wait until they get the training when they will get the full grade."

এটা বলা হয়েছিল যখন আমাদের অনশন সত্যাগ্রহের পর মুখ্যমন্ত্রীর সঙ্গে আপোষ আলোচনা হয়—১০ বছরের কম অভিজ্ঞ গ্র্যাজুয়েট শিক্ষক এবং যাদের ৫০ বছরের নীচে বয়স তাদের বেতনের হার কি হবে সে সম্পর্কে মুখ্যমন্ত্রী মহাশয় এখানে পরিষ্কার ঘোষণা করেছিলেন নতুন যে স্কেল হবে তাতে B. A. B. T. দের ১০০ থেকে ১২৫ হবে ট্রেনিং নেবার পরে। কিন্তু ন্যূনতম বেতন হবে ১০০ টাকা। অথচ শিক্ষা সচিব মহাশয় ২।৩ বছর পরেও এই বেতন দেবার ব্যবস্থা গ্র্যাজুয়েটদের করেননি। এবং শুধু তাই নয় তিনি বলেছেন যে একটা selection কমিটির ভিতর দিয়ে না এলে তাদের এই বেতন দেওয়া হবে না। আর শুধু তাই নয় বিদ্যালয়গুলিকে সাহায্যদানের প্রসঙ্গে মুখ্যমন্ত্রী মহাশয় পরিষ্কার জানিয়েছিলেন "Regarding the question of the time of giving financial aid to an institution, it is understood that the Board releases 50 per cent of the previous year's sanctioned grant early in the financial year, another 25 per cent as second instalment by December and the balance of the grant is released after the grant-in-aid application and the audit report are received."

সুতরাং আজকে মাধ্যমিক শিক্ষা জগতে এই রকম বিরাট সমস্যা দাঁড়িয়েছে। মাধ্যমিক শিক্ষা পর্ষৎ থেকে বিদ্যালয়গুলিকে সময়মত সাহায্য দেওয়া হচ্ছে না। বছরের পর বছর মাসের পর মাস অতিক্রম হয়ে যাচ্ছে যার ফলে আগে আমরা যা শুনেছি যে প্রাথমিক শিক্ষকরা নিয়মিত বেতন না পাবার ফলে তারা আত্মহত্যা করতে বাধ্য হত, আজকে মাধ্যমিক শিক্ষা জগতেও সেই অবস্থায় পৌছেছে। এবং মাধ্যমিক বিদ্যালয়গুলি শতকরা ৭০ জন শিক্ষকদের বেতন দিতে পারছে না। আমাদের কাছে প্রতিদিন অসংখ্য চিঠি আসে। আমি তার থেকে গোটা দুই আপনার গোচরীভূত করতে চাই। একটা হচ্ছে কিশোরকণা হাইস্কুল থানা বর্দ্ধমান ১৯৫৮।৫৯ সালে Grant-in-aid এসেছে। কিন্তু বর্দ্ধমান ট্রেজারীতে Secondary education খাতে কোন টাকা জমা দেওয়া হয়নি বলে বোর্ড থেকে কোন চেক কাটা হচ্ছে না। এবং বাকুড়ায় ক্ষীরগ্রাম হাইস্কুলের ঠিক একই অবস্থা।

এবং এই ব্যাপারে পর্ষৎএর কর্ত্তাদের সঙ্গে দেখা করলে তারা পরিষ্কার বলেন সরকার থেকে টাকা দেওয়া হয়নি কাজেই আমরা কোথা থেকে সাহায্য দেব। তার ইতিহাস আপনার কাছে বলতে চাই। এই বাজেটে ৫০ লক্ষ টাকা মাধ্যমিক শিক্ষা পর্ষৎএর জন্য বরাদ্দ করে রাখা হয়েছে। গত তিন বছর ধরে এই টাকা একই হারে রাখা হচ্ছে। অথচ মাধ্যমিক শিক্ষা পর্ষৎ এর অনেক খরচ বেড়ে গিয়েছে। তারা শিক্ষামন্ত্রী মহাশয়ের দপ্তরে আর ৭০ হাজার টাকা দাবী করেছে অথচ এই বাজেট দেখবার সুযোগ শিক্ষা সচিব মহাশয়ের হয় না। ফলে প্রাথমিক শিক্ষক সমাজের অবস্থা দাঁড়িয়েছিল তাঁরা যেমন মাসিক ৫২॥০/৬২॥০ টাকা বেতন পান যানাকি আমাদের শিক্ষা মন্ত্রী মহাশয়ের মতে তাদের পক্ষে যথেষ্ট—তারা সেটাও সময় মত পাননা এবং তার ফলে তাদের আত্মহত্যা করতে হয় কেমন করে আমাদের secondary education ও সেই অবস্থায় পৌছেছে। Dr. Jossep এর আত্মহত্যা শিক্ষা জগতে ও আমাদের শিক্ষা ব্যবস্থায় যে কলঙ্ক আরোপ করেছে, আমি জানি না আমাদের মাধ্যমিক শিক্ষকদেরও সেই পথ বেছে নিতে

হবে কিনা। আজকে যদি এর কোন প্রতিকার না হয় তাহলে এই মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা একেবারে ধ্বসে পড়বে তাতে কোন সন্দেহ নাই। এই রকম অসংখ্য চিঠি আমার কাছে আছে কিন্তু সময়াভাবে সেগুলি এখানে পড়া সম্ভব হবে না। আমি শুধু এটুকু বলতে চাই আজকে শতকরা ৭০টি বিদ্যালয়ের এই অবস্থা চলছে। কবিগুরু রবীন্দ্রনাথের ভাষায় বলা যেতে পারে আজকে শিক্ষকেরা নীরবে নিভৃতে কাঁদে, কিন্তু তাঁদের অবস্থার প্রতিকারের কোন ব্যবস্থা হয় না। তারপর শিক্ষা জগতে conplain সম্বন্ধে আমি দুচারটা কথা বলব। বেসরকারী বিদ্যালয়ের সাহায্যদানের সর্ত হিসাবে রাখা হয়েছে good M.A. B. T., good honors BT. ছাড়া কেউ প্রধান শিক্ষক এবং সহকারী প্রধান শিক্ষক হতে পারবে না। কিন্তু Government বিদ্যালয়গুলির বেলায় বুঝি এই নিয়ম খাটেনা। সরকারী বিদ্যালয়গুলিতে দেখা যাচ্ছে যে,Junior B. A. B. T. দের Head master করে বিভিন্ন বিদ্যালয়ে নিয়োগ করা হয়েছে। আমি দুইটি উদাহরণ দেব—একজন হয়েছেন ধীরেন্দ্রচন্দ্র নাগ তিনি B. Sc. B. T. এবং কলকাতায় Sanskrit Collegiate School এ Ass. H. master ছিলেন, তাঁকে হুগলী মাদ্রাসায় Asstt. Head master করে পাঠানো হয়েছে। আর একজন হচ্ছেন সুরেন্দ্রচন্দ্র নাগ B Sc. B. T. তিনি হিন্দু স্কুলে ছিলেন, He has been transferred to Bankura Zilla School as Assistant Headmaster. এই দুইজনেই হচ্ছেন আমাদের প্রাক্তন শিক্ষা প্রতিনিধি শ্রীকামিনীকুমার ঘোষ মহাশয়ের দৌহিত্র। একেবারে Assistant Teacher থেকে Assistant Headmaster হয়ে চাকরী নিয়ে চলে গেলেন যোগ্যতা না থাকা সত্বেও, অথচ এঁদেরচেয়ে senior বহুলোকের list আমার কাছে আছে তাদের সম্পূর্ণ উপেক্ষা করা হয়েছে।

এখানে আমার যা প্রধান বক্তব্য একটি হচ্ছে আজ যে শিক্ষা ব্যবস্থা সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত হচ্ছে এবং শিক্ষা জগতের রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি প্রবেশ করেছে। শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রীর কাছে আমি দাবী করছি, অবিলম্বে একটা কমিশন বসান হোক হাইকোর্টের একজন বিচারপতিকে সভাপতি করে। তাঁরা যে দুটি পরিকল্পনা করে তার পিছনে ৬০ কোটী টাকার উপর খরচ করছেন তার ভিতর দুর্নীতি আছে কিনা বিচার করবার জন্য একটা কমিশন অবিলম্বে বসান হোক।

রাজ্যপালের ভাষণের সময় আমি যে কতকগুলি পরিসংখান দিয়েছিলাম শিক্ষামন্ত্রীমহাশয় তখন বলেছিলেন যে এগুলি সত্য নয়। সেজন্য আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে একটি চিঠি দিয়েছি। এবং সেই চিঠিতে আমি পরিষ্কার ভাবে জানিয়ে দিলাম যে ৫টি জেলায় মেয়েদের বিজ্ঞান পড়াবার কোন ব্যবস্থা নেই। এই সব বিদ্যালয়গুলি মুর্শিদাবাদ, বাঁকুড়া দার্জিলিং; জলপাইগুড়ি এবং ওয়েষ্ট দিনাজপুরে অবস্থিত।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: Darjeeling was not mentioned.

Shri Satya Priya Roy: আমি আমার চিঠিতে মেনসন করে দিয়েছি এবং ঐ ৫টি জেলার বিদ্যালয়ের তালিকাও দিয়ে দিয়েছি এবং তাঁর রেডি রেফারেন্স-এর জন্য একটা তালিকাও দিয়ে বলেছিলাম যে, এই এই বালিকা বিদ্যালয়।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: All these have already been contradicted.

Shri Satya Priya Roy: I spoke of all these districts—Mursidabad Bankura, Jalpaiguri, I spoke of five district where no provision was at all made for scientific education ot girls in the Higher Secondary Schools.

তিনি আমার পরিসংখ্যানকে চ্যালেঞ্জ করেছিলেন বলে আমি লিখিতভাবে তাঁকে জানিয়ে দিলাম, এখন তিনি কি বলবেন জানিনা। আমরা এই পরিসংখ্যান সম্পর্কে বলতে চাই যে, আর কতকাল ধরে এই শিক্ষাদপ্তর থেকে অসত্য পরিসংখ্যান পেশ করা হবে? দুর্গাবাঈ

দেশমুখের নেতৃত্বে ন্যাশনাল কমিটি অন উইমেন্স এডুকেশন শিক্ষাদপ্তরের কাছ থেকে তথ্য নিয়ে গেছেন। কিন্তু কি চমৎকার তথ্য তাঁরা নিয়ে গেছেন সেটা আপনার মাধ্যমে বিধানপরিষদের দৃষ্টি আকর্ষণ করব। এখানে ৬ থেকে ১১ বছরের ছেলে মেয়েরা শতকরা কোন রাজ্যে কত পড়ে, তার তথ্য সংগ্রহ করে দেওয়া হয়েছে। ন্যাশনাল কমিটির রিপোর্টের Page 41., Table 5 (1)—তাতে বলা হয়েছে যে, ওয়েষ্ট বেঙ্গলে ৬ থেকে ১১ বছরের ছেলেমেয়েদের শতকরা ১০০জন বিদ্যালয়ে পড়ছে। তাহলে ফুটপাতে যারা শুয়ে থাকে বা caterer-এর দোকানে যারা কাজ করে বা বস্তীতে যেসমস্ত অসংখ্য ছেলেমেয়ে থাকে তারা কি শতকরা ১০০জনের বাইরে। সুতরাং তাদের যোগদিলে কত হবে সেটা আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি। তারপর তিনি দিয়েছেন ওয়েষ্ট বেঙ্গলে ৫৯.৬ পারসেণ্ট মেয়েদের শিক্ষাব্যবস্থা করা হয়েছে। রাজ্যপাল মহোদয়া ২ বছরই ঘোষণা করেছেন যে আমরা Class VIII পর্য্যন্ত গ্রামাঞ্চলে মেয়েদের শিক্ষাকে অবৈতনিক করেছি এবং তার জন্য ফিগারে ২২ লক্ষ টাকার ব্যবস্থা আছে। এই ২২ লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারকে দিচ্ছেন। এবং সেই টাকা State Plan-এ নিয়ে আসা হচ্ছে, তা ছাড়া রাজ্য সরকারের পক্ষ থেকে বিবৃতি দেওয়া হচ্ছে যে ৪৫ হাজার ছাত্রী এই সুযোগ পাচ্ছে। এই ৪৫ হাজার ছাত্রী Class V Class VIII নয়, Class 1 Class VIII, এবং এদের দায়িত্ব সরকার গ্রহণ করেছেন। Class V to Class VIII পর্যন্ত ৪৫ হাজার মেয়ে কোথায় পেলেন সেটাই আমি জিজ্ঞাসা করছি। কারণ দেখতে পাচ্ছি হাই এ্যাণ্ড হায়ার সেকেণ্ডারী মেয়েদের স্কুল মাত্র ১৮টি এবং Class V to Class VIII যে মিডল স্কুল আছে তার সংখ্যা ১১৮টি এই সব আমি সরকারী পরিসংখ্যান থেকেই বলছি। তিনি হয়ত বলবেন যে co-educational স্কুল আছে বলে ছাত্রীর সংখ্যা ৪৫ হাজার হোল। এই ভাবে তারা অসত্য পরিসংখ্যান দিচ্ছেন। যেসব কথা হচ্ছে যে শিক্ষাব্যবস্থা একেবারে ধ্বসে পড়েছে এবং দুর্নীতিতে ছেয়ে যাচ্ছে, আমরা সেজন্য একটা শিক্ষা কমিশনের দাবী করি যাতে তাড়াতাড়ি এই অবস্থা শুধরে দেওয়া যায়। এডুকেশন সার্ভে যা করা হয়েছিল তার রিপোর্ট এখনও কেন প্রকাশ করা হোল না, মহীতোষবাবু বলে গেলেন যে welfare institution বিল করে শিক্ষার হামলা বন্ধ করে দেওয়া হোক। কিন্তু আমি তাকে মনে করিয়ে দিচ্ছি তার প্রতিকারহীন নিস্ফল আক্রোশ যদি দূর না করা হয় তাহলে কবিগুরুর ভাষায় বলতে হয়,

"ওঁদের বাঁধন যতই শক্ত হবে
মোদের বাঁধন ততই টুটবে
ওঁদের আঁখি যতই রক্ত হবে
মোদের আঁখি ততই ফুটবে।

Shri Nagendra Kumar Bhattacharyya: মাননীয় সভাপতি মহাশয়, গতকাল মাননীয় সদস্য মহীতোষবাবু এবং দেবপ্রসাদবাবু আমাদের মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রীকে অভিনন্দন জানিয়েছেন, কারণ তাঁদের মতে ১৯৫৯।৬০সালেরও ১৯৬০।৬১ সালে সারপ্লাস বাজেট হয়েছে এবং তা'তে তাঁরা আত্মসন্তুষ্ট লাভ করেছেন। কিন্তু আমার দুর্ভাগ্য যে, আমি তাঁদের সঙ্গে যোগ দিয়ে অর্থমন্ত্রীকে অভিনন্দন জানাতে পারছিনা। তার কারণ যদি দেখা যায় তাহলে দেখবো ১৯৫৯।৬০ এবং ১৯৬০।৬১ সালের বাজেট সারপ্লাস বাজেট নয়। এ সম্বন্ধে অর্থমন্ত্রী মহাশয় এই পরিষদের কাছে যে কথা বলেছেন; "The net result is that the year 1959-60 closes with a revenue surplus of 4 crores 95 lakhs and a surplus of 2 crores 18 lakhs outside the Revenue Account. The overall surplus is, therefore, 7 crores 13 lakhs. কিন্তু এই সঙ্গে আপনারা লাল বই-এর ৮১ পাতা যদি দেখেন তা'হলে দেখবেন ১৯৫৯।৬০ সালে জনসাধারণের কাছ থেকে ঋণ করা হয়েছে ৭ কোটি ৬৯ লক্ষ ৬৯ হাজার টাকা। সুতরাং এই ঋণের অঙ্ক যদি বাদ দিই তাহলে দেখা

যাবে ১৯৫৯।৬০ সালে সারপ্লাস বাজেট ছিল না এবং পরীক্ষা করলে দেখা যাবে ১৯৬০।৬১ সালেও বাড়তি বাজেট হবে না। আমি দেখাব ঐ ভাষণের দুই পাতায় কি বলেছেন। The net result for the year 1960-61 is a revenue defi of 1 crore 6 laks. There is also a deficit of 1 crore 59 lakhs outside t Revenue Account. There is thus an overall deficit of 2 crores lakhs. This deficit together with the opening balance of 8 crores lakh gives a credit closing balance of 5 crores 36 lakhs." অর্থাৎ সার হচ্ছে কত, না—৫ কোটি ৩৬ লক্ষ। আবার লাল বইর ৮১ পাতায় দেখা যাচ্ছে যে, আগ বছর ৭ কোটি টাকা জনসাধারণের কাছ থেকে ঋণ সংগ্রহ করা হবে, অতএব, এই কোটি টাকা যদি বাদ দেন তা'হলে দেখা যাবে যে ১৯৬০-৬১ সালের যে বাজেট ঘাটতি বাজেট। সুতরাং; আমি এই কথা বলতে চাই যে, বাড়তি বাজেট বলে তাঁরা যতই আ প্রসাদ অনুভব করুন না কেন প্রকৃত প্রস্তাবে এটা ঘাটতি বাজেট। জনসাধারণের কাছ থে টাকা ধার করে বাড়তি বাজেট দেখিয়ে কোন লাভ নেই।

[10-20—10-30 a. m,]

এতে কোন উইন্ডার্ড হবার দরকার নেই। সুতরাং আমি বলব যে মাননীয় সভাপ মহাশয়, আপনি সর্বপ্রথম এই জিনিষটা বিবেচনা করবেন। এর একটা অন্যদিক অ সেটা হচ্ছে এই যে মুখ্যমন্ত্রী যখন থেকে এখানকার ভার নিয়েছিলেন তখন থেকে যাচ্ছে প্রত্যেক বছর, কেবল ১ বছর বাদে ঋণের পর ঋণ করে যাচ্ছেন এবং সেই ঋ বোঝা চাপিয়ে যাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের উপর। আপনি আজকে বিবেচনা করে দেখ যে আগামী বছরে সুদধরে ঋণের বোঝা হবে ৪১ কোটি টাকার উপর এবং এই ঋ জন্য সুদ দিতে হবে পশ্চিমবংগ সরকারকে ১ কোটি ৫৩ লক্ষ ৮৪ হাজার টাকা। এটা পাতায় সব প্রকাশিত হচ্ছে। সুতরাং এখন প্রশ্ন হচ্ছে এই যে রাজস্ব খাত থেকে ১ কে ৫৩ লক্ষ ৮৪ হাজার টাকা বেরিয়ে যাচ্ছে এতে কি সরকারের ক্ষতি হচ্ছে না? উত্তরে বলেছেন এই যে টাকাটা ঋণ করে সংগ্রহ করেছি এই টাকাটা আমরা প্রফিট আ আণ্ডারটেকিংসে দিচ্ছি। কিন্তু আমি, মাননীয় সভাপতি মহাশয়, আপনার মাধ্যমে জিজ্ঞ করছি যে ১৯৬০-৬১ সালে পশ্চিবংগ সরকার কি আশা করেন যে তাঁরা এই ১ কে ৫৩ লক্ষ ৮৪ হাজার টাকা এই প্রফিটমেকিং আণ্ডারটেকিংস থেকে পাবেন? আমি বল সেটা তাঁরা বলতে পারবেন না, এটা অসম্ভব কথা। সুতরাং এ দিক থেকে জিনি আপনাদের বিবেচনা করতে হবে। তারপর নতুন বাজেট পড়ে আমার মনে হচ্ছে যে বাজেটে সর্বাপেক্ষা অবিচার করা হয়েছে মিউনিসিপ্যালিটির উপর এবং শহরবাসীর উপ সে সম্বন্ধে আমরা যদি বাজেট পরীক্ষা করি তাহলে আমরা লাল বই এর ১০৬ পাতায় দেখ পাই, আমি সবুজ বই এর কথা বলছিনা সর্বদাই লাল বই এর কথা বলছি, যে জনস্বাস্থ্য, হেডিং হচ্ছে পাবলিক হেল্থ সেখানে Water supply and Drainage in Munici areas তে ১৯৫৯-৬০ সালে ডট্ ডট্ ডট্ অর্থাৎ শূন্য; ১৯৬০-৬১ সালে ডট্ ডট্ ডট্ অর্থাৎ শূ

The Hon'ble Dr. Anath Bandhu Roy: All these are done by t Centre. If you find from other book you will find under 'Developme the grant of Rs. 2 crores have been made by the Central Governme and out of that we have got substantial grant by which we can do ma things.

Shri Nagendra Kumar Bhattacharyya:—আমি সেটায় আসছি, আপনি এ অপেক্ষা করুন। আপনারা মিউনিসিপ্যালিটিতে জল সরবরাহ করবার জন্য একটা পয়স দেননি। বলুন, মিউনিসিপ্যালিটিতে জল সরবরাহের জন্য, তাদের স্বাস্থ্য রক্ষার জন্য, ড্রে

করবার জন্য কত টাকা আপনারা ১৯৫৯-৬০ সালে দিয়েছেন? আমি জিজ্ঞাসা করতে চাই পশ্চিমবংগ সরকার যে টাকা আমাদের পশ্চিমবংগের অধিবাসীদের কাছ থেকে আদায় করেছেন সেই টাকা থেকে কত টাকা মিউনিসিপ্যালিটিতে শহরবাসীর জন্য দিয়েছেন? বলছেন বোধ হয় ১০।১২ টা মিউনিসিপ্যালিটিতে জল সরবরাহের জন্য ব্যবস্থা করবেন।

The Hon'ble Dr. Anath Bandhu Roy: আমাদের Second Five Year Plan period এ ৩০টা নেওয়া হয়েছে and the next 50 will be taken up in the successive plan periods.

Shri Nagendra Kumar Bhattacharyya:—তারপরে loans under centrally sponsered schemes outside the State Plan. এখানে দেখছি ১৯ লক্ষ ৫৮ হাজার টাকা সেন্ট্রাল গভর্ণমেন্টের কাছ থেকে যে টাকা আছে সেই টাকা দেওয়া হয়েছে। কিন্তু ড্রেনেজ ইমপ্রুভমেন্ট, স্যানিটেসন ইমপ্রুভমেন্টের জন্য পাবলিক হেল্থ ডিপার্টমেণ্ট থেকে মিউনিসিপ্যালিটিকে কত টাকা দেওয়া হয়েছে? ড্রেনেজ, স্যানিটেশন, কনজারভেন্সি প্রভৃতির জন্য মিউনিসিপ্যালিটির লোককে কত টাকা দেওয়া হয়েছে এটার উত্তর যদি সহৃদয় মন্ত্রী মহাশয় দেন তাহলে আমরা তা থেকে জ্ঞানলাভ করবো এবং ওঁকে ধন্যবাদ দেবো যদি বাস্তবিক উপযুক্ত পরিমাণ টাকা মিউনিসিপ্যালিটিগুলিকে দিয়ে থাকেন। সুতরাং আমি জানাচ্ছি যে শহরবাসীদের জন্য যা করা উচিৎ সরকার তা করছেন না। তারা একটা বিমাতৃসুলভ মনোভাব নিয়েছেন মিউনিসিপ্যালিটির অধিবাসীদের সম্বন্ধে সেজন্য আমি এটা প্রতিবাদ করছি এবং একথা বলছি যে মিউনিসিপ্যালিটিরর অধিবাসিদের সঙ্গে যদি সরকার অসহযোগ করেন তাহলে তারাও সরকারের সঙ্গে অসহযোগ করবেন। তারপর আমি সমবায় সম্বন্ধে বলবো—আজকে আমি এই সমবায় সম্বন্ধে একটা তথ্য আপনার কাছে উৎঘাটন করবো যাতে দেখা যাবে যে শিশু সমবায়কে কি করে গলাটিপে মারার ব্যবস্থা হচ্ছে। প্রথনে সমবায় সম্বন্ধে বাজেটের ১২০ পাতায় দেখতে পাচ্ছি গ্রাণ্টস ইনএড ১৯৫৯-৬০ সালে ছিল ৯৪ লক্ষ ১৯ হাজার টাকা, সেটা কমিয়ে করা হয়েছে ২৫ লক্ষ টাকা—এ সুব্যবস্থা কই? আপনারা তো বলছেন, খবরের কাগজে দেখছি—সমবায়ের উন্নত হওয়া দরকার, সমবায় আন্দোলনকে সমর্থন করতে হবে, ইত্যাদি বলছেন। তবে যেখানে ৯৪ লক্ষ ছিল সেখানে মাত্র ২৫ লক্ষ টাকা কেন করেছেন সেটা আমরা একটু জানতে চাই।

[10-30—10-40 a. m.]

৯৪ লক্ষ টাকা দেওয়া হয়েছে এ বছর সেখানে ২৫ লক্ষ টাকার কেন ব্যবস্থা হয়েছে এটা আমি জানতে চাই। এবং আমি আরও জানতে চাই যে এই যে দেখতে পাচ্ছি subsidy for forming Socities এটাতে কি Service Co-operative আসছে কারণ Service Cooperative যেখানে টাকা দেওয়া হচ্ছে সেখানে কোন আলাদা ব্যবস্থা নাই। অতএব পাচ্ছে কত? পাচ্ছে ১ লক্ষ ৩০ হাজার মাত্র। এই ১২ হাজার Service Cooperative হবে তা ছাড়া সমবায় কৃষি সমিতি হবে এই কি ১ লক্ষ ৩০ হাজার টাকা দিয়ে? আমি আরও বলবো Land Reforms Act এর ৪৮ ধারায় যে সাহায্য দেবার কথা লিপিবদ্ধ করা হয়েছে সেই ধারাটা চালু হচ্ছেনা কেন আজ পর্য্যন্ত পশ্চিমবঙ্গে সেটা আমি জানতে চাই। বাস্তবিক Cooperative Society আছে। আমি গত দিনে যখন মাননীয়া রাজ্যপাল মহোদয়ার ভাষণের উপর বক্তৃতা হয় তখন আমি এটা নিবেদন করেছিলাম, তখন সরকারী তথ্য উদ্ঘাটিত করে দিয়েছিলাম। ১৫৭টি কৃষি সমবায় সংস্থা আছে তার মধ্যে দুটি মাত্র dividend দিতে পারে। ২৪টি বলেছে আয় হয়েছে কিন্তু dividend দিতে পারে নি। তাহলে দেখাযাচ্ছে বেশির ভাগ সমবায় সমিতি ঠিকমত কাজ করতে পারছেনা। তাদের সুপ্রতিষ্ঠিত করতে হবে। কিন্তু তাদের টাকার অভাব। আমি তাই বলবো যে এদের কিছু টাকা দেওয়া হোক। তা যদি কিছু সাহস

encouragement দেওয়া হোক। তা যদি না দেওয়া হয় তাহলে কেমন করে সমবায়ের উন্নতি হবে। এই জিনিষই আমি বলতে চাই।

তারপর আমি আর একটি কথা বলবো যে কথা দেবপ্রসাদ বাবু কি হরেনবাবু বলেছেন। দেখুন কৃষি সমবায় সমিতিতে এক একজন share holder যাদের ২৫।২০।৪০ বিঘা জমি আছে। তিনি যদি সমবায় সমিতিতে যোগ না দেন তাহলে Argicultural Incometax দিতে হয় না। কিন্তু সমিতিতে যোগ দিলেই যেই ৫ বিঘার উপর হয়ে গেল তখনই তার উপর এসে গেল Agricultural Incometax এর চাপ এবং সেই চাপের অংশ প্রত্যেক মেম্বারের উপর পড়ে গেল। এখন লোকের খরচই যদি বেড়ে যায় সমবায় সমিতিতে যোগ দিয়ে, তাহলে কোন লোক কি যোগ দেবে! পশ্চিম বঙ্গ সরকারের কি উচিত নয় তাদের উপর Agricultural Income tax না বসান কিংবা তা থেকে exemption দেওয়া তাদের বাদ দেওয়া! একথা শুধু বামদিক থেকেই নয় ডান দিক থেকেও অনেক সভ্য বলেছেন কিন্তু সরকার কি তাতে কর্ণপাত করেছেন? সরকার করেননি আমি শুনেছি যে এটা সরকারের বিবেচনাধীন কিন্তু কত বছর চলে যাবে এটা বিবেচনা করতে করতে তার মধ্যেতো সমবায় কৃষি সমিতি শেষ হয়ে যাবে এটা ও কি তাঁরা বুঝছেন না? আমি তাই আশাকরি এ বিষয়ে সরকার সত্যকার একটা decision নিবেন। একটা সিদ্ধান্তে উপনীত হবেন এবং তারা কৃষি সমবায় সমিতিকে Agricultural Income tax থেকে রেহাই দিবেন এটাই আমার নিবেদন।

তারপরে আমি একটা বিশেষ কথা বলবো সমবায় সম্বন্ধে। সেকথা হচ্ছে এই আপনার স্মরণ থাকতে পারে যে Central Cooprative Land Mortgage Bank সম্বন্ধে প্রশ্ন উঠেছিল এবং আমার প্রশ্নের উত্তরে মাননীয় সমবায় মন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায় মহাশয় বলেছিলেন হঁ্যা এখানে পশ্চিমবঙ্গে Central Land Mortgage Bank প্রচলিত করা হবে। তিনি তাঁর প্রতিশ্রুতি রক্ষা করেছেন ১৯৫৮সালে জানুয়ারী মাসে সমিতি Registry হয়ে ১৯৫৮ সালের ১লা এপ্রিল থেকে কাজ করছে। এখন আপনারা সকলেই জানেন Rural Credit কি করে দিই ৩ রকম ঋণ দিই স্বল্প মেয়াদী, যাকে বলে Crop Loan. টাকা নিলে ১ বছরের মধ্যে ফেরৎ দিতে হবে, মধ্য মেয়াদী, টাকা নিলে ৫ বছরের মধ্যে দিতে হবে। আর দীর্ঘ মেয়াদী ২০ বছরে শোধ দিতে হবে।

সেটা Land Mortgage Bank এর দেয়। সেই Bank এর অবস্থা কি? তার অবস্থা হচ্ছে—এই যে—সরকার ৫ লক্ষ টাকা তার share কিনবেন। কিন্তু আজ পর্য্যন্ত সেই পাঁচ লক্ষ টাকা co-operative Central Land Mortgage Bank পায়নি। সেই share এর টাকাটা Central Co-operative Mortgage Bank পাবে কোথা থেকে—টাকাটাত গভর্ণমেণ্ট দেবেন।

আসুন এখন দেখি এই বাজেট থেকে কি পাওয়া যাচ্ছে। আমরা যদি বাজেট বই এর ২১০ পৃষ্ঠায় যাই, তাহলে দেখতে পাই headingএ আছে—Loans to West Bengal Central Co-operative Land Mortgage Bank, Ltd.—"(a) For financing Primary Land Mortgage Banks—কিছুই নাই। তারপর কি? '(b) For meeting shortfall in the subscriptions to the Debenture Loan of the Bank.—৮ লক্ষ টাকা রাখা হয়েছে ১৯৫৯-৬০ সালে সেটা খরচ হয়নি। এবং ১৯৬০-৬১ সালের বাজেটে তার জন্য কিছুই রাখা হয়নি। এর থেকে বোঝাযাচ্ছে, চড়ুই-পাখী কানে কানে বলে দিচ্ছে, ১৯৬০-৬১ সালে সরকার কোন ঋণ দেবেন না। আর টাকা সংগ্রহ করবার আর একটা উপায় হচ্ছে—co-operative Central Land Mortgage Bank debenture float করে ঋণের অর্থ সংগ্রহ করা। অর্থাৎ ঋণ সংগ্রহ করতে হলে তাঁরা debenture float করে তার ব্যবস্থা করতে পারেন। কিন্তু

তার জন্য সরকারের অনুমতি দরকার। আবার চড়ুই-পাখী কানে কানে বলে গিয়েছেন আগষ্ট মাস পর্য্যন্ত কোন debenture float করতে দেবেন না। সবশুদ্ধ তাঁদের হাতে মাত্র কুড়ি হাজার টাকা আছে। তাঁদের কাছে স্তূপাকার লোনের দরখাস্ত পড়ে আছে, তাঁরা কাউকে লোন দিতে পারছেন না অর্থাভাবে। তাহলে এর থেকে বোঝাযাচ্ছে আমাদের পশ্চিমবাংলা সরকার চান না যে West Bengal Central Co-operative Land Mortgage Bank বেঁচে থাকুক। যদি তাই তাঁদের মনোভাব হয়, তাহলে তাকে একেবারে মেরে ফেলুন। কেন ঐ রকম ভাবে তাকে জিইয়ে রেখেছেন? তার অর্থ যদি সমাধান না হয় তাহলে তার থাকা না থাকা দুইই সমান। এই সমবায় সমিতি সম্পর্কে আমি অনেক কথা বলতাম, কিন্তু সময়াভাবে বলা সম্ভব হল না।

এখন আমি বিচার বিভাগ সম্বন্ধে বলবো। ছেলেবেলা থেকে শুনে আসছি—"Justice delayed is justice denied"—এখানে আজ ঠিক সেই ব্যবস্থা চলেছে। স্যার, আপনি বোধহয় জানেন ১৯৫২ সালে যে সমস্ত মামলা মফঃস্বল কোর্টে রুজু হইয়েছিল, তার অনেকগুলি আজ পর্য্যন্ত নিষ্পত্তি হয়নি। যদি অনুসন্ধান নেন দেখতে পাবেন দেওয়ানী কোর্টেই দেড় বছর, দু-বছর যাবৎ বহু ফৌজদারী মকদ্দমা পড়ে রয়েছে। শুধু তাই নয় Judicial officers Association থেকে চার বৎসর আগে একটা memorandum দেওয়া হয়েছিল। তাতে তাঁরা বলেন কোর্টে কাজের এত চাপ, pressure, যে আমরা পেরে উঠছি না। এবং সেই জন্য মকদ্দমা নিষ্পত্তি হতে এত দেরী লাগছে। সেই Association থেকে দাবী করা হয় যে আরও কর্মচারীর সংখ্যা বাড়ান হোক এবং আরও বিচারক নিযুক্ত করা হোক। কিন্তু সে সম্বন্ধে আজ পর্য্যন্ত সরকার পক্ষ কিছুই করেননি। এই সম্পর্কে আমি আপনার কাছে—আর একটা গঠনমূলক কথা বলবো। সেটা হচ্ছে—জুরীপ্রথা, যা আমাদের দেশে এখনও চালু আছে। এই জুরী প্রথা অবিলম্বে উঠিয়ে দিন। কারণ এই জুরী প্রথা বজায় রাখার কোন সার্থকতা নেই। অনেক সময় দেখা যায় কোর্টে মকদ্দমা দায়ের থাকা সত্ত্বেও, জুরী সময়মত সেখানে উপস্থিত হন না। ফলে মকদ্দমা পিছিয়ে যায়। এবং যে সময়টা মকদ্দমায় ব্যয়িত হবে বলে জজ ঠিক করেছিলেন সেই সময়টা ঠিক থাকে না এবং জজও ভালভাবে কাজ করতে পারেন না।

[10-40—10-50 a.m.]

এবং শুধু তাই নয়, এছাড়া আমি একথা বলবো জুরীদের মধ্যে দুর্নীতি ঢুকেছে। সুতরাং নিছক বিচার পেতে হলে জুরী প্রথা উঠিয়ে দেওয়া উচিত। আপনারা একটা কলমের আঁচড়ে মাত্র গেজেট নোটিফিকেশনে পশ্চিমবঙ্গ সরকার সেটা করতে পারেন। কেন করছেন না? তা করলে বিচারের উন্নতি হবে, বিচারের মান বাড়বে। শুধু তাই নয়—পশ্চিমবঙ্গ সরকারের কিছু অর্থও বেঁচে যাবে। সেজন্য আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারকে জানাতে চাই জুরী প্রথা উঠিয়ে দেওয়া হোক। কেবল একটিমাত্র ক্ষেত্রে থাকুক, যেসমস্ত অপরাধের জন্য capital punishment মৃত্যুদণ্ড হয়। আর অন্যসমস্ত জায়গায় এই জুরীপ্রথা উঠিয়ে দিতে পারেন।

[A voice: আপনার বন্ধুরা রাজী হবেন?]

আমি তো বললাম। আপনাকেও বলছি। আপনিও আমার শ্রেণীর, আপনিও ওকালতি করেন, আমিও ওকালতি করি। আশাকরি আপনিও বলবেন; আমার মত স্বাধীন মত জানাবেন। বাস্তবিক কি জুরীপ্রথা থাকা উচিত?

[A voice: নিশ্চয়ই উচিত]

তাহলে কার মত নাই? আমি বলতে চাই—দুর্নীতি দমন করার জন্য, বিচারের মান উন্নয়নের জন্য, আপনাদের খরচ বাচানোর জন্য আমি গঠনমূলক কার্য্যের প্রস্তাব করছি। তা আপনারা নেবেন না?

আর একটা কথা বলবো। সেটা খুবই দুঃখের কথা। আমাদের এই বিধান পরিষদের সভ্যদের সম্বন্ধে মন্ত্রীমণ্ডলী যে অবহেলা দেখান—তার জন্য বাস্তবিকই আমি অত্যন্ত দুঃখিত ও মর্মাহত। তাঁরা যে পুস্তিকা বের করেছিল তাতে দেখতে পাই আরো ৯৪টি প্রশ্ন উত্তর সাপেক্ষে রয়েছে। তার মধ্যে একটা প্রশ্ন আমার বন্ধু ডাঃ মনীন্দ্র চক্রবর্ত্তি করেছিলেন সাড়ে তিন বছর আগে। আজও তার উত্তর দেওয়া হয় নাই। আর ৫টী প্রশ্ন—দু-বছর আগে করা হয়েছিল, তারও উত্তর নাই। আর ৫৫টি প্রশ্ন এক বছরের উপর হলো দেওয়া হয়েছিল, তারও কোন উত্তর পাওয়া যায় নাই।

[A voice : বাজেটের পরে পাবেন উত্তর।]

বাজেটের পরে তো সাড়ে তিন বছর হয়ে গেল। আপনার অবগতির জন্য জানাচ্ছি List of Question সম্বন্ধে আমি একথা বলবো যে, ভারতবর্ষে হোক ভারতবর্ষের বাইরে হোক যেখানে গণতন্ত্রের প্রতিষ্ঠা হয়েছে সেখানে সাড়ে তিন বছর কি দু বছর কোন প্রশ্ন বিনা উত্তরে রয়েছে। গভর্ণমেণ্টের কাছে এটা জানাবেন।

[A voice : সাড়ে তিন বছর পড়ে এবার জাগ্রত হলেন কেন ?]

আমরা কতবার বলেছি সভাপতি মহাশয়ের কাছে। তিনি বলেছেন Ministers are here—they are taking notes of their complaints.

নোট নেওয়া হয়েছে, তবুও তার উত্তর হয়নি।

শেষ কথা আমি বলবো—আমাদের পশ্চিম বঙ্গের Textile Technology কলেজ সম্বন্ধে বহরমপুর টেকনিক্যাল ইনষ্টিটিউট এবং বেঙ্গল টেক্সটাইল ইনষ্টিটিউট, শ্রীরামপুর এই দু-জায়গায় স্নাতক পর্য্যন্ত পড়ানোর ব্যবস্থা রয়েছে। কিন্তু আপনারা সেখানে যে ষ্টাফ রেখেছেন, শিক্ষক রেখেছেন তাদের মধ্যে কয়জন স্নাতক in Textile Technology ? সেখানকার মান বাড়ান। শুধু কেবল সেখানে ডিগ্রীর ছাপ বাড়লে চলবে না। পশ্চিমবঙ্গে তাদের ভবিষ্যৎ গৌরবোজ্জ্বল করতে পারেন নি। তাদের compete করতে হবে। বোম্বে যে যে রকম Industrially developed Province—বোম্বের স্নাতকের সঙ্গে এদেরকে প্রতিযোগিতা করতে হবে। তাদের সঙ্গে প্রতিযোগিতা করে জীবিকা সংগ্রহ করতে হবে। আমার শেষ নিবেদন সে ষ্টাফ—

Shri Sasanka Sekhar Sanyal : On a Point of order, উনি শেষ নিবেদন করবেন কেন ? উনি আরো অনেকদিন বাঁচবেন বলে আশা করি।

Shri Nagendra Kumar Bhattacharyya : সেখানে লিষ্ট দেখুন—সেখানে List of Professions & Teachers এর মধ্যে কয়জন Graduate ? আমি বলবো সেখানে আবশ্যকমত Teacher নাই। সুতরাং আপনাদের এই কথা বলবো যে সেখানে উপযুক্ত শিক্ষা দিতে পারে এই রকম শিক্ষক নিযুক্ত করুন এবং এই করে মান উন্নয়ন করুন এই Textile Tecnologyর। তাতে জনসাধারণের মঙ্গল হবে। পশ্চিমবঙ্গ সরকারেরও সুনাম বর্দ্ধিত হবে, কোন অপমান তাতে হবে না।

এই কথা কয়টি বলে আমার বক্তব্য আমি এখানেই শেষ করছি।

Shri Surendra Kumar Ray : মাননীয় সভাপতি মহোদয়, বর্ত্তমান বাজেটে বহু অর্থব্যয়ে রাজ্য সরকার বহু উন্নতিকর ব্যবস্থা অবলম্বন করিয়াছেন এবং সে সমস্ত অভাব অভিযোগ রাজ্য সরকারের গোচরীভূত হইয়াছে রাজ্যসরকার সেই সমস্ত অভাব অভিযোগ প্রতিকার করার জন্য চেষ্টা করিতেছেন। কিন্তু সকল অভাব অভিযোগ একসঙ্গে অবগত হওয়া বা একসঙ্গে প্রতিকার করা সম্ভব নহে। আমি এইরূপ কয়েকটি অভাব অভিযোগের কথা রাজ্যসরকারের নিকট নিবেদন করিতেছি। প্রথমতঃ দেবদেবীগণের কথা। বহু ধর্ম্মপ্রাণ ব্যক্তি তাঁহাদের আকাঙ্খিত দেবদেবী প্রতিষ্ঠা করতঃ স্বভাবতই দেবদেবীর সেবা পূজা যাহাতে সুষ্ঠুভাবে পরিচালিত হয় তৎজন্য সমধিক নিরাপদ বিবেচনা করিয়া বহু ভূসম্পত্তি দেবদেবীগণকে অর্পণ করিয়া গিয়াছেন এবং সেই সকল ভূসম্পত্তির আয় হইতে এযাবৎ সুশৃঙ্খলভাবে দেবদেবীগণের সেবা পূজা পরিচালিত হইয়া আসিতেছিল। এই সকল অর্পিত সম্পত্তির অধিকাংশই পল্লীগ্রামে

চষদ জমি হইতেছে এবং এই সকল চষদ জমি বরাবরই দেবদেবীগণের খাস দখলী সম্পত্তি স্বরূপ আচরিত ও বিবেচিত হইয়া আসিতেছিল। দেবদেবীগণের সেবা পূজার জন্য পুরোহিত, বাগুকর, মালাকার প্রভৃতি সকলেই দেবদেবীগণের ঐরূপ কতক সম্পত্তি সাময়িকভাবে তাহাদের কার্য্যের জন্য প্রাপ্ত হইতেন ও তাহার আয় উপস্বত্ব গ্রহণ করিতেন এবং দেবদেবীগণের সেবা পূজার কার্য্য পরিচালনা করিয়া আসিতেন। দ্রব্যাদির মূল্যের হ্রাসবৃদ্ধির সহিত উৎপন্ন ফসলেরও মূল্যেরও হ্রাসবৃদ্ধি হইয়া থাকে, কেহ কার্য্যে ত্রুটি করিলে তাহার পদচ্যুত হইবারও আশঙ্কা থাকিত। ঐরূপ অবস্থায় এ যাবৎ সুশৃঙ্খলভাবেই সমুদয় দেবদেবীগণের সেবা পূজার কার্য্য নির্বাহ হইয়া আসিতেছিল। বর্ত্তমান সময়েও ঐরূপে সকল সম্পত্তি এবং চষদ জমি পুরাপুরি দেবদেবী গণের নিজস্ব খাস দখল সম্পত্তি ছিল ও তাহার কোন অংশ চাকরাণ জমি ছিল না। বর্ত্তমান settlement সম্পূর্ণ ভ্রমক্রমে সকল সম্পত্তি, চাকরাণ সম্পত্তি স্বরূপ record হইয়াছে এবং তদনন্তর Revenue officers এই সকল সম্পত্তির বিঘা প্রতি তিন টাকা খাজনা নির্দ্ধারণ করিয়া দিতেছেন। ইহার ফলে দেবদেবীগণের সেবা পূজা লোপ পাইতে বসিয়াছে। দৃষ্টান্ত স্বরূপ আমার নিজের বসদভূমি মন্তেশ্বর গ্রামের ঈশ্বরী চামুণ্ডা মাতা ঠাকুরাণীর কথা উল্লেখ করিতেছি। ঈশ্বরী চামুণ্ডা মাতা ঠাকুরাণীর প্রায় শতাধিক বিঘা চষদ জমি এইরূপে খাস দখলি জমি হিসাবে আকরিত ও ব্যবহৃত হইয়া আসিতেছিল ঈশ্বরী চামুণ্ডা মাতা ঠাকুরাণীর পূজার উপকরণ সংগ্রহ ও ভোগ আরতির জন্য এবং পূজার জন্য পুরোহিতকে আন্দাজ ৪০ বিঘা জমি, ভোগ আরতির সময় দুইবেলা বাদ্যবাজাইবার জন্য বাগুকরকে আন্দাজ ২০ বিঘা জমি পূজার উপকরণাদি সংগ্রহের জন্য মালাকারকে আন্দাজ ২০ বিঘা জমি এবং অন্যান্য পরিচালকবৃন্দকেও তাহাদের কার্য্যানুযায়ী জমি ভোগ করিবার জন্য সাময়িকভাবে দেওয়া হইয়াছিল। বর্ত্তমানে এইরূপ চষদ জমির বিঘা প্রতি নাট আয় ৫০ টাকা। এইরূপ অবস্থায় পুরোহিত বৎসরে দুই হাজার টাকা, বাগুকার বৎসরে এক এক হাজার টাকা, মালাকার বৎসরে এক হাজার টাকা এবং অন্যান্য পরিচালকগণও কার্য্যানুযায়ী উপস্বত্ব পাইয়া আসিতেছিল।

[10-50—11 a. m.]

সম্প্রতি বিঘাপ্রতি তিন টাকা হারে জমির খাজনা নির্দ্ধারণ করায় পুরোহিত এবং দখলী জমীর খাজনা ১২০ টাকা, বাগুকরের দখলী জমীর খাজনা ৬০ টাকা এবং মালিকদের দখলী জমির খাজনা ৬০ টাকা এবং এইরূপভাবে অন্যান্য জমিরও নির্ধারিত হইয়াছে এবং রাজ্যসরকারকে ঐরূপে খাজনা আদায় দিয়া আর কেহই দেবী ঠাকুরাণীর পরিচালনা কার্য্য করিতে ইচ্ছুক নহেন। এইরূপ সামান্য টাকায় দেবীঠাকুরাণীর পূজার্চনায় কার্য্যপরিচালিত হওয়াও সম্ভব নহে। এইরূপ অবস্থায় দেবীঠাকুরাণীর পূজার্চনা ও ভোগ আরতি বিলোপ পাইতে বসিয়াছে। আমি এই বিষয়ে মুখ্যমন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি। দ্বিতীয়তঃ West Bengal Estate Acquisition Act এর ৬ ধারার বিধান অনুযায়ী Intermediary অর্থাৎ মধ্যস্বত্বাধিকারীদের ২৫ একর দখলী চাষের জমি এবং ৩ শেওয়ার tankfishery আদি রাখিবার অধিকার দেওয়া হইয়াছে। এবং Tank Fishary 6 (B) ধারায় বিশেষভাবে বর্ণিত হইয়াছে। পূর্বতন আইন অনুসারে কোন স্থলেই কোন পুষ্করিণী tank fishery বলিয়া record করার কোন বিধান ছিলনা এবং প্রধানত District settlement কালীন ও কোন পুষ্করিণী tank fishery রূপে reeord হয় নাই। বর্ত্তমান আইনেও কোন পুষ্করিণী tankfishery রূপে record করারও কোন বিধান নাই এইরূপ record করিবার জন্য কোনও circular দেওয়া হইয়াছেকিনা বলিয়াও আমি অবগত নাই। বস্তুতঃপক্ষে অধিকাংশ স্থলেই বেশী পুষ্করিণী tank fishery বলিয়া recorded হয় নাই। সম্প্রতি Revenue officerগণ মধ্যসত্বাধিকারীকে ২৫ একর চাষের জমি দেওয়া কালীন তাঁহাদের দখলী পুষ্করিণীর পরিমাণ ধরিয়া ২৫ একর জমি দেওয়া নির্দেশ করিয়াছেন। এই নির্দেশে পল্লীগ্রামে বিশেষ বিক্ষোভের সঞ্চয় হইয়াছে। অনেক মধ্যবিত্ত পরিবারেই ৮।১০

বিঘা পরিমাপের ২১৩টি পুষ্করিণী রহিয়াছে। এইসকল পুষ্করিণীর চাষের বা সেচনের সহিত কোন সম্পর্ক থাকে নাই। এই সকল সম্পত্তি agricullutral land ধরিয়া ২৫ একরের অন্তর্ভুক্ত করায় সকলকেই বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হইতেছে এবং তৎজন্য নানাবিধ মামলা-মোকদ্দমার উৎপত্তি হইতেছে। এই বিষয়ে যথারীতি নির্দেশ দিবার জন্য আমি রাজ্য-সরকারের নিকট প্রার্থনা জানাইতেছি। পূর্বে ভূস্বামীগন চাষ আবাদের সুবিধার্থে মাঠে বহু পুষ্করিণী খনন করিয়া গিয়াছেন, এসকল পুষ্করিণীর দ্বারা চাষ আবাদের বিশেষ সুবিধা হইত। বর্তমানে খাদ্যদ্রব্যের মূল্য সমধিক বৃদ্ধি পাওয়ার দরুণ এসকল পুষ্করিণীর মালিকগণ সেগুলিকে চষং জমিতে পরিণত করিবার চেষ্টা পাইতেছেন এবং এজন্য চাষ আবাদের সমূহ ক্ষতি সাধন হইতেছে। দরিদ্র চাষীগণ সকলস্থানে এইরূপ অবস্থার প্রতিকার পায়না এবং মামলা মোকদ্দমা করিয়া এই অবস্থার প্রতিকার করাও অধিকাংশই ক্ষেত্রে সম্ভবপর হয়না। এইরূপ অবস্থায় রাজ্যসরকারের নিকট আমার নিবেদন মাঠের মধ্যে অবস্থিত সেচনের পুষ্করিণীগুলি acquire—করিয়া রাজ্যসরকারের হেপাজতে আনিয়া যদি সেগুলি সংস্কার করা হয় তাহা হইলে অধিকতর ফসল উৎপাদনে বিশেষ সহায় হইবে।

আর একটা বিষয়ে আমি সরকারে দৃষ্টি আকর্ষণ করিব পল্লীগ্রামের শিক্ষকদের কথা বলিতেছি রাজ্য সরকার বহু অর্থব্যয় করিয়া প্রাথমিক শিক্ষা প্রবর্তন করিয়াছেন এবং বর্তমানে প্রায় প্রতি পল্লীতেই প্রাথমিক বিদ্যালয় সংস্থাপিত হইয়াছে এবং প্রতি বিদ্যালয়ে ৩।৪।৫।৬।৭জন করিয়া শিক্ষক নিযুক্ত রহিয়াছেন এবং মহার্ঘভাতা সমেত শিক্ষকগণ মাসিক ৬৫ টাকা হইতে ৯০ টাকা পর্যান্ত বেতন পাইয়া আসিতেছেন। কিন্তু অতীব দুঃখের বিষয় এই যে, এই সকল বিদ্যালয় সুষ্ঠুভাবে পরিচালিত হইতেছে না। সময় অভাবের দরুণ সরকারী পরিদর্শকগণ বৎসরের মধ্যে একদিনও এই সকল বিদ্যালয় পরিদর্শন করিতে পারেন না। এবং এই সকল বিদ্যালয়ে পরিদর্শন করিবার নিমিত্ত স্থানীয় লোকজনের উপর কোন দায়িত্ব অর্পণের কোন আইন নাথাকায় তাঁহারা এই সকল ইস্কুল সম্বন্ধে পরিদর্শনের ক্ষমতা লাভ করিতে পারিতেছেন না। এই কারণে পরিদর্শকের অভাবে বিদ্যালয়সমূহের শিক্ষা ব্যবস্থা আশানুরূপ যথেষ্ট উন্নতি হইতেছে না এবং শিক্ষকেরাও যথা সময়ে স্কুলে উপস্থিত হয়েন না এবং তাহাদের কর্তব্যকার্য্যে অবহেলা প্রদর্শন করিতেছেন। এ সম্বন্ধে আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকৃষ্ট করিতেছি।

আমার শেষ কথা বিধান সভা এবং বিধান পরিষদে যে সকল আইন এবং নিয়মাবলী বিধিবদ্ধ হয় সেই সকল আইন এবং নিয়মআদি সাধারণকে জানাইবার জন্য রাজ্য সরকার quarterly Legislation Recorder হিসাবে একটি পত্রিকা প্রকাশিত করিয়া আসিতেছেন—এই পত্রিকা হইতে সাধারণ মানুষ বিশেষ সুবিধা পাইয়া আসিতেছিলেন। পূর্বে Quarterly Legislation Recorder নিয়মমত ভাবে প্রচার হইয়া আসিতেছিল। সম্প্রতি এই পত্রিকা প্রকাশে অযথা বিলম্ব ঘটিতেছে। ১৯৫৮ সালের শেষ খণ্ড মাত্র কিছুদিন পূর্বে প্রকাশিত হইয়াছে এবং ১৯৫৯ সালের কোন Legislation Recorder অদ্যাবধি প্রকাশিত হয়নি। যে কারণে যে উদ্দেশ্যে এই পত্রিকা প্রকাশিত হইয়া থাকে তাহা ব্যর্থ হইতে বসিয়াছে। যাহাতে যথা সময়ে এই পত্রিকা প্রকাশের ব্যবস্থা হয় তৎজন্য আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

Shri Annada Prosad Choudhuri: মাননীয় সভাপতি মহাশয় এই বছরের বাজেটে অনেক টাকা ঘাটতি এবং অনেকটাকা ঋণ করার ব্যবস্থা হয়েছে। এই ঘাটতির এবং ঋণ সম্বন্ধে আমি ইতি পূর্বেই বলেছি এবং এখনও বলি যে এই ঋণের জন্য কোনও চিন্তার কারণ নেই। যদি এই ঋণের দ্বারা যে অর্থ সংগ্রহ করা হয় সেই অর্থ যদি সুষ্ঠুভাবে কাজে লাগানো হয়। আব যদি আমাদের আয় বাড়াবার চেষ্টা হয় তাহলে হয়ত জাতি গঠনের কাজে আরও বেশী ভাবে খরচা করতে পারা যায়। এবং

ঋণের পরিমাণও কিছু কম হতে পারে। আমি এখানে অনেকবার বলেছি আজ বলছি যে দুটো প্রধান পথ যার দ্বারা আমাদের রাজ্য সরকারের আয় আরও বেশী বাড়তে পারে। তা হচ্ছে সেলট্যাক্স ক্রমশ বাড়ছে। এই বছর ১৭ কোটি টাকা ধার্য্য করা হয়েছে। কিন্তু যদি আমাদের ট্যাক্স ইভেসান বন্ধ করা হয় তাহলে এর পরিমাণ আরও অনেক বাড়তে পারে। কিন্তু এর উত্তরে বলা হবে যে এই ইভেশান বন্ধ করবার চেষ্টা করতে গেলে, খরচ আরও বাড়বে এবং সেই খরচের অনুপাতে আয় বাড়বে কিনা সন্দেহ। কিন্তু আমি রাজ্য সরকারের কাছে নিবেদন করতে চাই এমন কতকগুলি ছোট খাট জিনিষের উপর সেলট্যাক্স ধার্য্য করা হয়েছে যা করতে খরচ হয় সেই অনুপাতে আয় হয় না। আমরা খাদ্য-শস্য বাড়াতে চাই। কিন্তু যে সব ব্যবসায়ী বীজ বিক্রি করে বা কলমের চাড়া বিক্রি করে তার উপর সেলট্যাক্স বসিয়েছেন এই সেলট্যাক্সে কত টাকা আয় হয় জানি না খুব নগন্যই হবে। কিন্তু অনেক লোককে এইবীজ ব্যবসায়ীদের জন্য নিয়োগ করতে হয় এবং সেই অনুপাতে আয় হয় না।

[11—11-10 a. m.]

যেখানে বেশী পরিমাণে ট্যাক্স ফাঁকি দেয় সেখানে যদি আরও লোক নিয়োগ করা হয় তাহলে সরকারের আয় অনেক বেড়ে যাবে। তারপর আমি পল্লী শিল্পের কথা বলতে গিয়ে বলব যে সরিষার তৈল ব্যবহার করলে ট্যাক্স লাগেনা কিন্তু তিল তেল ব্যবহার করলে ট্যাক্স লাগে। যেমন কিছুদিন আগে আমাদের স্নেহাংশুবাবু বলেছিলেন যে, রসগোল্লার উপরে ট্যাক্স লাগে কিন্তু লাড্ডুর উপরে লাগেনা। যা'হোক, যারা তিল উৎপন্ন করে যদি তাঁদের সাহায্য করতে চান তাহলে তাদের এই উৎপন্ন জিনিষের উপর অকারণে ট্যাক্স বসান উচিত নয়। আরেকটা কথা বলতে চাই যে, ঘোড়দৌড়ের উপরে যে বেটিং ট্যাক্স আছে তার দ্বারা ৩বৎসর ধরে প্রায় ৬০।৬৪ লক্ষ টাকা ইনকাম হয়েছে। কিন্তু গত বৎসর এজন্য ৫৫ লক্ষ টাকা বরাদ্দ ছিল এবং এবছরেও এই ৫৫ লক্ষ টাকা আছে। এবং তা' ছাড়া এই বেটিং ট্যাক্স যেখানে শতকরা ২০ টাকা ধরা হয়েছিল সেখানে আজ দেখছি কোন অজ্ঞাত কারণে সরকার একটা অডিন্যান্স জারী করে সেটাকে শতকরা ১২ টাকায় নামিয়ে এনেছেন। কিন্তু আমি বলব যে এই ট্যাক্সের পরিমাণ যদিও বাড়ান যায় তাহ'লে সরকারের ৪।৫০ লক্ষ টাকা আয় বাড়বে। এ্যামুজমেণ্ট ট্যাক্স বেড়েছে এবং এখন যদি এক্সাইজ ডিউটিও বাড়িয়ে দেওয়া যায় তাহলে এক্সাইস রেভিনিউ অনেক বাড়বে। ল্যাক্সারীগুডস্ এর উপর সেলস্ ট্যাক্স বাড়িয়ে দেওয়ায় সরকারের অনেক আয় হচ্ছে। কিন্তু বেটিং ট্যাক্স যেটা এক সময় ২৫% ছিল তা' যদি বাড়ান হয় তাহলে যে সমস্ত ইললিসিট জুয়া খেলা হয় তা' বন্ধ হয়ে যাবে, বর্ত্তমান হার বজায় রাখার জন্য যখন ৯ লক্ষ টাকা আয় কমে গেছে এখন আমি সরকারকে অনুরোধ করব যে পরীক্ষা মূলকভাবে ১২ লক্ষ টাকা বাড়িয়ে দিয়ে দেখা হোক যে বাড়ে কিনা, তবে আমার মনে হয় যে নিশ্চয়ই বাড়বে। তারপর খরচের যে বরাদ্দ করেছেন তাতে দেখছি খাদ্য সমস্যা এবং খাদ্য উৎপন্ন করার ব্যাপারটাই প্রধান। কয়েকদিন আগে শুনলাম যে ১২৫ কোটী টাকা খরচ করে খাদ্য উৎপন্ন করার জন্য একটা বিরাট পরিকল্পনা করা হচ্ছে। কিন্তু আমার কথা হোলো যে সমস্ত জিনিস আমাদের আছে সেগুলোকে আপনারা অবহেলা করে এই দামোদরের মত এমন সব বড় বড় পরিকল্পনা নিচ্ছেন যার সম্বন্ধে আমাদের অতীতের কোন অভিজ্ঞতাই নেই। বোধ হয় একবছর আগে আমি প্রধান মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলেছিলাম যে Works and Buildings Dept. এবং Development Dept. এর তরফ থেকে পশ্চিমবাংলার যত রাস্তা নেওয়া হয়েছে তাঁরা সেই সমস্ত রাস্তার দুপাশের বহু হাজার হাজার বিঘা জমি এ্যাকোয়ার করেছে এবং যেগুলিতে আবহমানকাল ধরে গ্রামের কৃষকরা ধান চাষ করত। কিন্তু সরকার সেইসব জমি গুলি রাস্তা করবার জন্য এবং রাস্তা মেরামত করিবার জন্য দখল করেছে

Executive Engineer গভর্ণমেণ্টের কাছে প্রস্তাব দিয়েছেন যে এই সমস্ত জমিগুলি নিকটবর্ত্তী চাষীদের ধান চাষ করবার জন্য ইজারা দেওয়া হোক এবং তাতে খাদ্যশস্যের উৎপাদন বাড়বে কিন্তু আপনারা সে পথে তো যাচ্ছেনই না বরং সেই রাস্তার ধারে খাল কেটে নাকি নারিকেল গাছ লাগাবেন, যেটা আমি Food Minister এর কাছ থেকে শুনেছি। এটা বোধহয় সকলেই জানেন যে নারিকেল গাছ সব জায়গায় হয়না। যাই হোক, আপনারা খাল কাটছেন কিন্তু জল যে কোথা থেকে আসবে তা' আমি বুঝতে পারছি না—কেননা সেখানে ১২মাস জল রাখা যাবেনা। আমি যে রাস্তার কথা বলছি সেটা মেদিনীপুর জেলায় এবং আপনারা যদি কেউ দেখতে যান তাহলে গিয়ে দেখবেন যে সেই রাস্তার ধারে এখনও কোন ধানচাষ হয়নি। Executive Engineer যে প্রস্তাব দিয়েছেন তা যে কোন কারণেই হউক কার্য্যে পরিণত করা হয়নি। যে দেশে খাদ্যশস্যের অভাব সেখানে ফলিত বেশী পরিমাণে জমি চাষ করে আরও ফসল পাওয়া যেত তারই ব্যবস্থা করা উচিত। কিন্তু আপনারা তা' করেছেন না। খগেন বাবু বলেছেন যে করা হয়েছে—কিন্তু যদি তা' করা হয়েই থাকে তাহলে কোথায় কোথায় হয়েছে বলুন। তবে আমার সঙ্গে যদি কেউ যান তাহলে আমি দেখিয়ে দেব যে অন্তত মেদিনীপুর জেলায় কিছুই করেন নি।

The Hon'ble Khagendra Nath Dasgupta : লিখলে জানাব।

Shri Annada prosad Choudhuri : মেদিনীপুর জেলায় এ্যাকোয়ার করে পিলার দেওয়া হয়েছে। মন্ত্রী মহাশয় বলেছেন under construction। কিন্তু আমি জানি under construction নয়, Development deparment এর হাত থেকে হয়ত আপনাদের হাতে দিয়েছে। Works & Buildings এর নিজেদের রাস্তা আসছে বলে তারা তার জন্য জমি acquire করেছে এবং সেখানে লোককে ধান চাষ করতে দিবেন না।

The Hon'ble Khagendra Nath Dasgupta : এক বছরের licence দিয়ে ধান চাষ করতে দেওয়া হচ্ছে।

Shri Annada Prosad Choudhuri : এক বছরের licence দেবার জন্য Executive Engineer ২ মাস আগে এক প্রস্তাব এনেছেন। যাই হোক আমি পূর্ব্বে বলেছি এবং এখনও বলছি যে মেদিনীপুরে রাস্তার ধারে যে জমি acquire করা হয়েছে তার কত বিঘা জমিতে ধান চাষ করতে দেওয়া হচ্ছে? আপনারা হয়ত অর্ডার দিয়েছেন। কিন্তু ধান চাষ হচ্ছেনা তারপর শিক্ষা সম্বন্ধে সত্যপ্রিয় বাবু যখন অনেক কথা বলে গেছেন তখন আমি আর বেশী কিছু বলতে চাইনা বা অধিকারও নেই। তবে কয়েকদিন আগে রাজ্যপালের ভাষণের উপর সমালোচনার সময় আমি বলেছিলাম যে, আমাদের Development বিভাগ থেকে গ্রামে গ্রামে যে সমস্ত গ্রাম সেবক নিযুক্ত করা হয় তাদের মধ্যে trained এবং untrained দের একই মাইনে দেওয়া হয়। এসম্বন্ধে শিক্ষাবিভাগের লোককে জিজ্ঞাসা করে আমি কোন সদুত্তর পাইনি। লাইব্রেরীর জন্য যে সমস্ত লাইব্রেরীয়ান নেওয়া হয়েছে তাঁরা কেউ ট্রেন্‌ড নন সকলেই স্কুল ফাইনাল পাশ এবং তাছাড়া ট্রেন্‌ড হলেও ৭৫ টাকা মাইনে দেওয়া হয় এবং স্কুল ফাইনাল পাশ হলেও এই ৭৫ টাকা মাইনে দেয়া হয়। এদের ট্রেন্‌ড লাইব্রেরীয়ান নেই এবং আশ্চর্যের বিষয় যে সেই ট্রেনিং দেবার কোনও ব্যবস্থাও নেই। যা'হোক কতজন লাইব্রেরীয়ান আছে বা তাঁদের জন্য কত খরচ হয় তা আমি বলতে পারবনা, তবে এটুকু বলব যে এই রকম ছোট ছোট ব্যাপারে আমরা যদি সুষ্ঠভাবে খরচ করতে না চাই আর If we do not take care of the pence our pounds will not take care of themselves.

তাহালে এইভাবে নানা খাতে অপব্যয় হবে। তারপর স্বাস্থ্য সম্বন্ধে বলতে চাই যে, বাজেটে দেখলাম নানা জায়গায় এবং কোলকাতা শহরে হাসপাতালের উন্নতির জন্য চেষ্টা করা হচ্ছে। তবে আমরা চাই যাতে কোলকাতায় ভীর না হয়।

[11-10—11-20 a. m.]

চিকিৎসার ব্যবস্থা হিসাবে হেলথ সেণ্টারের চারটে করে বেড রেখে প্রাথমিক চিকিৎসা করার ব্যবস্থা ছিল তা এখন তুলে দেয়া হয়েছে কারণ আমাদের টাকার অভাব কিন্তু কলকাতা সহরে বড় হাসপাতালে বেশি সংখ্যায় রোগীর চিকিৎসার যে ব্যবস্থা করেছেন সেই চিকিৎসা যদি বিকল্পিত করা হয় গ্রামে রেখে তাহলে গ্রামাঞ্চলের লোক এইভাবে আসতো না কারণ তাদের হাতের কাছে চিকিৎসা থাকতো কিন্তু তা করা হয়নি। তাছাড়া আমি শুনছি যে স্বাস্থ্য মন্ত্রীমহাশয়রাও হয়ত জানতে পারেন অনেক হাসপাতাল আছে বিশেষ করে মেদিনীপুর সদর হাসপাতালে সেখানে ৩ সপ্তাহ ১মাস ধরে কোন ঔষধ-পত্র থাকে না। যেমন আমার কাছে বলা হয়েছে পেনিসিলিন ১ মাস ১॥ মাসের মধ্যে পাওয়া যায় না। কাজেই এই সব হাসপাতালে যদি যথা সময়ে ঔষধ না পাওয়া যায় তাহলে চিকিৎসা সমস্যার সমাধান করা যাবে না। কোলকাতা সহরের উপর এত হাসপাতালের উন্নতি করা হচ্ছে। আমি নিজে প্রেসীডেন্সী জেনারেল হসপিটাল যেটা আজকাল সুখলাল কর্ণাণী মেমোরিয়াল হসপিটাল হয়েছে। সেখানে কিছুদিন, রোগী হয়ে ছিলাম কার্ডিয়ালোজিক্যাল ডিপার্মেণ্টে। তাদের কাগজপত্র দেখে আমি অবাক হয়ে গেলাম সেখানে ডেলিকেট বাইও ক্যামিক্যাল টেষ্ট করিবার ভার একজন আই. এস. সি পাশ করা ল্যাবরেটরীর এসিষ্ট্যাণ্টএর উপর। আমি জিজ্ঞাসা করেছি সেখানকার ডাইরেকটারের কাছে চিঠি লিখে যে এই যে লেবরেটরী য়্যাসিষ্টেণ্টের কাজ করা এই সমস্ত ব্লাড সুগার ইত্যাদি। খুব ডেলিকেট টেষ্ট করে বিশেষকরে কার্ডিওলজিক্যাল ডিপার্টমেণ্টে এবং সই করে দেয় এই সব ল্যাবরেটরী য়্যাসিসট্যাণ্টদের কোয়ালিফিকেশন কি? তিনি আমাকে লিখলেন আই. এস. সি পাশ করা এবং ২ বছরের এক্সপেরিয়েন্স। আমি এই কথাটা উল্লেখ করতাম না কিন্তু আমি একদিন রাত্রিবেলায় প্রায় মারা যাচ্ছিলাম, আমাকে নিয়ে সেখানে একটা চাঞ্চল্যের সৃষ্টি হয়। আমাকে এত বেশী জোরে ইনসুলিন ইনজেকসন করে দেওয়া হয় যে আমি হাইপোগ্লোসিমিয়া হয়ে প্রায় মারা যাই আর কি। পরে আমাকে ডাক্তার বল্লেন এই রকম অবস্থা যদি আপনার বাড়ীতে হোত তাহলে আর কোন উপায় ছিলনা। তারপর আমি তাকে বলি যে এরকম যে অবস্থা হোল কোন ভুল বা অসাবধানতা ছাড়া এ হোতে পারে না এবং আমি খোঁজ নিয়ে দেখি যে আমার রিপোর্টের মধ্যে সই করে দিচ্ছেন একজন ল্যাবরেটরী য়্যাসিষ্টেণ্ট এবং তাঁর রিপোর্টের উপর আমার চিকিৎসা হচ্ছে। কাজেই আমি বলবো যে কার্ডিওলজিক্যাল ডিপার্টমেণ্ট যদি এরকম অবস্থা হয় তাহলে এতে লোকের সর্বনাশ হতে পারে। সুতরাং আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি অন্ততঃ এইসব জায়গায় যাতে আরো বেশি কোয়ালিফায়েড লোক ডেলিকেট বাইওকেমিক্যাল একজামিনেসন করার জন্য নিযুক্ত হয় সেই ব্যবস্থা তিনি যেন করেন।

তারপরে আমার বিশেষ অভিজ্ঞতা থেকে আমি শিল্প সম্বন্ধে ২।৩টে কথা বলবো। সরকারের তরফ থেকে বহু টাকা খরচ করা হয় পল্লী শিল্পের জন্য এবং তাঁরা স্বীকার করেন যে পল্লী শিল্পের দ্বারা আমাদের দেশের বেকার সমস্যা সমাধানের এক পথ পাওয়া যাবে। আমি অনেকবার বলেছি যে সরকার এবিষয়ে বোধহয় মন স্থির করতে পারেন নি। এখন প্রত্যেকটা জিনিসের জন্য বিভিন্ন প্রকার পল্লীশিল্প, যেমন তৈলশিল্প গ্রামে গ্রামে ঘানি চালাবার চেষ্টা করা হয়। সেন্ট্রাল গভর্ণমেণ্ট থেকে সব ষ্টেট গভর্ণমেণ্টের কাছে লেখা হচ্ছে যে, এই সব ঘানিতে গ্রামে যে তেল হয় সেই তেল যদি গভর্ণমেণ্ট হসপিটাল, তাদের জেলে, তাদের পুলিশ ব্যারাকে গভর্ণমেণ্ট হোষ্টেলে ব্যবহার করা হয় তা হলে এই সমস্ত পল্লী শিল্পগুলি তাদের কাছে উৎসাহ পাবে।

তারপর দেখা গেল ফুড ডিপার্টমেণ্ট থেকে এই সব জায়গায় কিনতে পারা যায় কিনা। সবাই জানেন যে পল্লীজাত জিনিষের দাম পল্লীজাত জিনিষের কলে তৈরী জিনিসের চেয়ে বেশি। তাছাড়া, বাইরের লোকের কাছ থেকে কিনতে গেলে তারা ভেজাল দেয় কিন্তু এই সমস্ত জায়গায়

ভেজাল যাতে না হয় তার ব্যবস্থা করা যেতে পারে। কিন্তু উত্তর পাওয়া গেল যে টেণ্ডারে যদি সমান দর পাওয়া যায় তবেই সেসব জিনিষ কেনা যেতে পারে তা না হলে গভর্ণমেণ্ট তা কিনতে পারেন না। আমি জিজ্ঞাসা করি হরিণঘাটায় যে দুধ হয় সেই দুধকে টেণ্ডার দিয়ে নেওয়া হয় কোন হসপিটালে বা কোন গভর্ণমেণ্ট ইনষ্টিটিউসনে ?

এটাকে তাঁরা মনে করেন এটা তাঁদের নিজের একটা প্রতিষ্ঠান, এখান থেকে যে জিনিস তৈরী হবে সব সরকারী প্রতিষ্ঠান কিনবে। কিন্তু আমাদের ডেপুটী ডিরেক্টর অব ইনডাস্ট্রীজ, মুকুল গুপ্ত সিরাকোলায় ঘানীতে যে তৈল উৎপন্ন করেন তা কি টেণ্ডার দিতে হয়? এর দ্বারা কি বুঝব যে পল্লীশিল্পের উন্নতিতে সত্যসত্যই বিশ্বাসী হয়ে গভর্ণমেণ্ট কোটী কোটী টাকা খরচ করেন। হরিণঘাটা সম্পর্কে টেণ্ডার দরকার নেই কো-অপারেটিভ মিল্ক ইউনিয়নকে টেণ্ডার দিতে বলা হবেনা, যে দর হবে সেই দরে কিনতে হবে। মুকুল গুপ্তের সিরাকোলার তেলকে বাজারের ভেজাল তেলের সঙ্গে কমপিটিশন করার জন্য টেণ্ডার দিতে হবেনা। এ অত্যন্ত অদ্ভুত ব্যাপার। কিছুদিন আগে খাদি এণ্ড ভিলেজ ইণ্ডাষ্ট্রীজ কমিশান পশ্চিমবঙ্গ সরকারের হাতে ৫ লক্ষ টাকা দিলেন যখন ধান কাটা হবে সেই সময় ধান ষ্টক করার জন্য যাতে গ্রামের ঢেকিতে যারা ধান ভাঙ্গে তাদের উপকার হয়। এমন পরিকল্পনা তারা ঠিক করলেন যে, প্রতি ঢেকির জন্য ২॥০ শত টাকা লোন দেওয়া হবে এই ৫ লক্ষ টাকা থেকে। এরা যদি কমিশানের কাছ থেকে ২৫ লক্ষ বা ৫০ লক্ষ টাকা চাইলেও পেতেন। কিন্তু এরা চেয়েছিলেন মাত্র ৫ লক্ষ টাকা। এরা বরাদ্দ করে দিলেন প্রতি ঢেকির জন্য ২॥০ শত টাকা তার মানে ১৫ মণ ধান। একটা ঢেকিতে ১।১॥০ মন ধান রোজ ভাঙ্গতে পারে। এই রকম ১০ দিনের উপকারের জন্য প্রতি ঢেকিতে ২॥০ শো টাকা লোন দেওয়া হবে যার দ্বারা সেই পল্লী শিল্পের উন্নতি হবে। আমি জিজ্ঞাসা করচি এই খেলা কেন, এই ফার্স কেন? যাঁরা এই পরিকল্পনা করেছেন তাঁরা কোন হিসাব করে দেখলেন না, বললেন ফাইনান্স ডিপার্টমেণ্ট বলেছে আমরা কি করব। তারপর মাদুর শিল্প। আমি সেদিন হ্যারিসন রোড এবং কলেজ ষ্ট্রিটের মোড়ে একটা মাদুর শিল্পের দোকানে গিয়েছিলাম। সেখানে মাদুর নেই দেখে আমি বললাম কেন নেই, তখন তারা বললে মাদুর পাওয়া যায় না, অমরা ৬।৭ মাস আগে ৯ হাজার টাকা মঞ্জুরের জন্য লিখেছি। কিন্তু সেই টাকা এখনও পাচ্ছিনা। তারা বলে মাদুর থাকলে ২।৪ শো রোজ বিক্রি হতে পারে। আমি বললাম এ কথা আমি মুখ্যমন্ত্রীর কর্ণগোচরে আনতে পারি। তারা বল্লে হ্যাঁ আনতে পারেন। আমরা ৬।৭ মাস আগে থেকে ৯হাজার টাকার মঞ্জুরী চেয়েছি। সেই টাকার মঞ্জুরী পাচ্ছিনা বলে আমরা কিনতে পারছিনা। টাকা আমরা খরচ করি কিন্তু এই টাকা খরচ করা সার্থক হবে তখনই যখন ঠিক পরিকল্পনা অনুযায়ী সুষ্ঠভাবে এর ব্যয়ের ব্যবস্থা করা হবে। তা না হলে যত টাকাই ধার করে খরচ করুননা কেন এটা ঠিক হবে ঐ একটা ফুটো কলসির মধ্যে জল ঢাললে তার নীচে দিয়ে যেমন বেরিয়ে যায়, ধরে রাখতে পারা যায়না, তেমনি যে উদ্দেশ্যে বাজেট তা সুষ্ঠ ভাবে পরিকল্পনা অনুযায়ী না হলে সার্থক হবে না।

[11-20—11-30 a. m.]

Shri Gopal Chandra Haldar ; মাননীয় সভাপাল মহাশয়, বাজেট আলোচনার এই তৃতীয় দিবসে একথা প্রায় সকলেই বুঝতে পেরেছেন যে সরকার পক্ষের কোন কোন নীতি তাঁদের দ্বারা স্বীকৃত, কাজেই সে সম্পর্কে তাঁদের মধ্যে কোন মতানৈক্য নেই। আবার বে-সরকারী লোকদেরও কোন কোন নীতি সে পক্ষের স্বীকৃত,সে সম্পর্কে তাদের নিজেদের মধ্যে মতানৈক্য থাকে না। কাজেই যেখানে দুইপক্ষের মতানৈক্য থাকে সেখানেই সমালোচনা থাকে কিন্তু এমন বিষয়ও থাকতে পারে,অন্ততঃ আছে,যে সম্বন্ধে এপক্ষের এবং ওপক্ষের দুপক্ষেরই মতের ঐক্য আছে ; এবং এই সভা থেকে একমত হয়ে আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি এমন নীতিও আছে।

কিন্তু সেইরকম নীতিকে যদি বাজেটে কিম্বা সরকারের কোন ব্যবস্থায় উপেক্ষা করা হয় তাহলে আমি বলবো সেই উপেক্ষাটা শুধু সামান্য উপেক্ষা নয়, তা এক হিসাবে সমস্ত আইন সভারই উপেক্ষা। আমি এই বর্ত্তমান বাজেটে এমন একটা উপেক্ষার বিষয় লক্ষ্য করছি। তা হচ্ছে, এই আইন সভা থেকে আমরা সর্ব্ববাদী সম্মতি ক্রমে একটা প্রস্তাব গ্রহণ করে ছিলাম যে বাংলাদেশে সরকারী কাজকর্ম্ম বাংলা ভাষায় পরিচালিত হবে। এই সম্পর্কে গত ডিসেম্বর মাসে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমার এক প্রশ্নের উত্তরে যে ভাব দেখিয়েছিলেন তাতে মনে হয়েছিল তিনিও সেবিষয়ে অবহিত এবং সেইদিক থেকে হয়ত তিনিও চেষ্টা করবেন। কিন্তু বর্ত্তমান বাজেট দেখে মনে হল বাজেটের মধ্যে সেরূপ ব্যবস্থা অবলম্বন করার বা সেই রকম কোন ব্যবস্থা কার্য্যে পরিণত করবার কোন লক্ষণ নেই পূর্ব্বে আমি মাননীয়া রাজ্যপাল মহোদয়ার ভাষণের উপর যে সংশোধনী দিয়েছিলাম তাতেও এই বিষয়টি স্পষ্টরূপে উল্লেখ করেছিলাম। কিন্তু সময় অভাবে তা বক্তৃতায় সম্পূর্ণভাবে আপনার কাছে তখন নিবেদন করতে পারিনি। যদি সত্য সত্যই বাংলা দেশে রাজ্য-ভাষা বাংলায় পরিবর্ত্তন করতে হয় তাহলে কতকগুলি ব্যবস্থা গ্রহণ করা দরকার এবং তার জন্য বাজেট অর্থের নির্ধারণ প্রয়োজন।

যেমন, সরকারী কার্যে বাংলা চালাতে হলে প্রথম কথা বাংলা Typewriter এর ব্যবহার সর্ব্বত্র চালু করতে হবে। যদি বাংলা typewriting জানা লোকের সংখ্যা প্রয়োজনানুরূপে না থাকে তাহলে তা বাড়াতে হবে। বাংলা typewriting যারা জানে তাদের নিযুক্ত করতে হবে। তেমনি অন্য দিকে তা শিক্ষায়ও উৎসাহ দিতে হবে। দেখা যায় বাংলা typewriter যন্ত্র হিসাবে এখন পর্যন্ত কিছু জটিল জিনিষ রয়ে গিয়েছে। এই বাংলা typewriter এর উন্নতির জন্য ১ লাখ, ২ লাখ টাকা পারিতোষিকরূপে ব্যয় করতে হবে, যাতে উন্নত ধরণের বাংলা typewriter আবিষ্কার ও প্রস্তুত করা যায়। হিন্দী typewriter এর প্রচলন যেমন অন্যান্য প্রদেশে হয়েছে, তেমনি আমাদের পশ্চিম বাংলায় বাংলা typewriter এর প্রচলন প্রয়োজন। এবং যন্ত্র শিল্পীরা যাতে ভাল বাংলা typewriter আবিষ্কার করতে পারেন সেজন্য উৎসাহ দানের ব্যবস্থা করা চাই তাদের বৃত্তি দিতে হবে, পুরস্কার দিতে হবে। আজকাল-কার বৈজ্ঞানিক যুগে যখন সমস্ত সমস্যাই প্রায় সমাধান করা যায় তখন বাংলা অক্ষরে ভাল করে typewriter নির্ম্মাণ করতে পারা যাবে না, এমন হতে পারে না।

দ্বিতীয়ত, করা দরকার হচ্ছে বাংলা stenotypist অথবা বাংলা shorthand শিক্ষা দেবার ব্যবস্থা। আমাদের দেশে বাংলায় shorthand শিক্ষা দেবার ভাল ব্যবস্থা নেই। বাংলা shorthand reporter এর সংখ্যা খুব সামান্যই আছে। আমাদের এখানে আইন-সভায় যারা বাংলা shorthand এ .নাট যেন তাঁদের সংখ্যাও বাড়ান দরকার। কারণ, কাজের চাপে তাঁরা reporting ভাল ভাবে করে উঠতে পারেন না। এবিষয়ে যা শুনেছি, তাই আপনাকে বললাম। Secretariat এ বাংলা shorthand যারা জানেন এমনি লোক নিযুক্ত বা recruitment করবার জন্য ব্যবস্থা অবলম্বন করতে হবে। বাংলায় Honours এ যারা বি. এ. পাশ করেছেন, এবং যারা বাংলায় এম, এ পাশ করেছেন, এইরকম সব ছাত্রদের কিছু কিছু বৃত্তি দিয়ে যদি বাংলা shorthand শেখাবার ব্যবস্থা করা হয় তাহলে এদিকে সুবিধা হবে বলে আমি মনে করি। বর্ত্তমান বাজেটে সে রকম কোন পরিকল্পনা দেখছি না। নিশ্চয়ই মন্ত্রী মহাশয়রা সে বিষয় অবহিত নন।

তৃতীয় কথা, রাজ্য কার্য্যে পরিভাষা যা কর্ত্তৃপক্ষ গ্রহণ করেছেন, সেগুলি সত্ত্বাদরে জনসাধারণের মধ্যে বিক্রয় বা বিতরণের জন্য ব্যবস্থা করা দরকার; তা নাহলে অনেক সময় নানা রকম অসুবিধা হতে পারে। কারণ অনেক পরিভাষা গড়ে তুলতে ইংরাজী শব্দ কিছু নিতে হয়েছে, বাংলা শব্দগুলিও পরিভাষায় ঠিকমত প্রচলিত হয়নি। যে কোনো ভাষাতেই কোনো শব্দ পরিভাষা রূপে সুনির্দিষ্ট হয়ে উঠতে সময় লাগে—উপযুক্ত বাংলা

পরিভাষা ও সর্ব্বগ্রাহ্য হয়ে সর্ব্বপরিজ্ঞাত হবার জন্য সময় লাগবে। সেইজন্যই পরিভাষারূপে যে তালিকা প্রস্তুত হয়েছে, সেটা সস্তা দরে বিক্রয় করার যদি ব্যবস্থা না হয় তাহলে সেদিক দিয়ে তার অর্থ সকলের বোধ্য হবে না—এখনকার মত বুঝ্তে অসুবিধা হবে।

চতুর্থ কথা, রাজ্যের অনুবাদ বিভাগের আরও উন্নতি সাধন করতে হবে, এবং অনুবাদকের সংখ্যাও আরও বাড়াতে হবে। সেইজন্য বিশ্ববিদ্যালয়ের মাঝখানে যে আমাদের একটা Department of Language হয়েছে, সেখানে শুধু নয় অন্যত্রও, Faculty of Language প্রবর্ত্তনের ব্যবস্থা করা যেতে পারে। যেমন সেখানে বাংলা ইংরাজী ছাড়া ইতিহাস ও সংস্কৃতি প্রভৃতি বিষয় পড়ে I. A., B. A., পাশ করা যায়, তেমনি সেখানে ওসব বিষয়ের স্থলে বাংলা ইংরেজীর সঙ্গে দু-তিনটা ভারতীয় ভাষা শিখে ওসব পরীক্ষা পাশ করার ব্যবস্থা করা যেতে পারে। যদি এরূপে Language এ B. A. degree পাবার ব্যবস্থা করা যায়, তাহলে তার দ্বারা বহু ছাত্র ভাষা শিখতে পারবে, এবং অনুবাদ বিভাগ প্রসারিত করলে তারা অনুবাদক হিসাবে চাকরীতে আকৃষ্ট হতে পারে। এই সমস্ত বিষয় ব্যবস্থা করবার জন্য আমি বিশেষ ভাবে অনুরোধ করবো মুখ্যমন্ত্রী মহাশয় এবং শিক্ষামন্ত্রী মহাশয়কে অবহিত হবার জন্য। এই সম্পর্কে আমি এইটুকু নিবেদন করলাম, ভবিষ্যতে হয়ত আবার বলা দরকার হতে পারে। দরকার না হলেই খুশী হবো।

এবার আর একটি বিষয় সম্পর্কে আপনার মনোযোগ আকর্ষণ করতে চাই। শিক্ষা-ব্যবস্থার দুরবস্থার কথা অনেক বলা হয়েছে, সে সম্বন্ধে রাজনৈতিক অপ্রিয় সত্য কথাও আছে। কিংবা প্রিয় সত্যও আছে। এ সম্বন্ধে বেশী কিছু উল্লেখ আমি করতে চাই না। আমি শুধু তৎসম্পর্কিত একটা বিষয়, যেকথা অধ্যাপক ত্রিপুরারি চক্রবর্ত্তী মহাশয় উল্লেখ করেছেন, সে সম্বন্ধে বলতে চাই তা হচ্ছে ছাত্র বিশৃঙ্খলার কথা।

ছাত্র বিশৃঙ্খলা বহু শিক্ষায়তনে ঘটছে, এ সম্বন্ধে কোনো কোনো Vice-Chancellor এবং বড় বড় রাষ্ট্রবিদরাও বলেছেন যে, ছাত্রবিশৃঙ্খলা বড় সাংঘাতিক হয়ে উঠেছে। এ বিষয়ে একটু পরীক্ষা করে দেখা দরকার। নিশ্চয়ই দেশে ছাত্র বিশৃঙ্খলা আছে—যুবকদের মধ্যে কিছু বিশৃঙ্খলা দেখা দিচ্ছে এটা স্বীকার করে নিতেই হয়। কিন্তু ব্যাপারটা শুধু তাই নয়। ত্রিপুরারি বাবু সেকথা বলেছেন যে, শিক্ষায় বিশৃঙ্খলা, শুধু শিক্ষায়ই বিশৃঙ্খলা নয়, সামাজিক বিশৃঙ্খলাও আছে। একথাটি ভুলবার নয়, এটাও মনে রাখা দরকার আর শুধু বাংলা দেশেই নয়, ভারতবর্ষের অন্যান্য প্রদেশেও ছাত্র বিশৃঙ্খলা বেশী দেখা যাচ্ছে—বরং বাঙলা দেশের অপেক্ষা বর্ত্তমানে সেসব প্রদেশেই বেশী দেখা যায়। এবং শুধু তা নয়—শুধু ভারতবর্ষেই নয়, বর্ত্তমান পৃথিবীর দিকে যদি তাকিয়ে দেখি তাহলে দেখবো যে এই Youth Delinquency আজকে পৃথিবীরই এক সমস্যা। বর্তমান সভ্যতার বড় সমস্যা। ভাবা দরকার এর কারণ কি? পাশ্চাত্য দেশে একটা সহজ বোধ্য কারণ আছে যে যুদ্ধের জন্য তাদের ওখানে সামাজিক বিপর্যয় বৃদ্ধি পেয়েছে। কিন্তু আমাদের দেশে যুব বিশৃঙ্খলার কারণ কি? সেগুলিও বিবেচনা করতে হবে। এক অবশ্য দাঙ্গা হাঙ্গামা: হিন্দু মুসলমানের দাঙ্গাহাঙ্গামার ব্যাপারে অনেক মানসিক বিপর্যয়, নীতির বিপর্য্যয় ঘটে গিয়েছে জ্ঞাতসারেই হোক আর অজ্ঞাতসারেই হোক।

কিন্তু আর একটা কথা হল এই যে, পৃথিবীতে Youth Delinquency ব্যাপারটা কোন কোন দেশেই অর্দ্ধসত্য কোথাও অত্যন্ত সত্য। ইংলণ্ডের মত পাশ্চাত্য দেশেও তা প্রচুর পরিমাণে সত্য, আমেরিকায় প্রকাণ্ড সত্য। আবার কোন কোন খানে একেবারেই সত্য নয়। কোন কোন দেশে এই বিপর্যয়ের বিরুদ্ধে বোধহয় গোড়া থেকে, কিংবা অতি আগে থেকেই দমন করা যায় বা রোধ করার পথ নির্দ্ধারণ করবার জন্য ব্যবস্থা আছে। যেমন আপনাদের জানা আছে সোভিয়েট মণ্ডলের কিংবা চীনে ছাত্র বিশৃঙ্খলা ও Youth Delinquency জিনিষটি নাই। কেন—বিশৃঙ্খলা দেখা দিয়েছে তা চিন্তা করলেই তার কারণ বুঝতে পারা যায়। তাতে এ সত্য বুঝতে পারি—সমস্ত পৃথিবীতে যুগ সঙ্কট এসেছে। বিপর্যয়ের

মধ্যে দিয়ে বহু জাতি অগ্রসর হচ্ছে, কাল থেকে কালান্তরে যাচ্ছে। এর ফলে যে সমস্যা সমাজে রাষ্ট্রে ও পরিবারে সৃষ্টি হবে তা বুঝেই বিজ্ঞানসম্মত সামাজিক ব্যবস্থা সমাজতন্ত্রীদেশসমূহ প্রণয়ন করতে পেরেছে। অনেকাংশে তাই এ বিপদ থেকে তারা আত্মরক্ষা করতে পেরেছে, —ছাত্র ও যুবকদের রক্ষা করতে পেরেছে ঐসব দেশের অবস্থা থেকে তাই অন্ততঃ আমার মনে হয়। আজকে ভারতবর্ষেরও বিবেচ্য সভ্যতার সঙ্কটের মুখে কোন পথে আত্মরক্ষা করা যাবে। পুরাণো পৃথিবীর পাশ্চাত্য জাতিদের মত যদি চলতে যাই তাহলে আমাদের পক্ষেও আত্মরক্ষা অনেকাংশে দুঃসাধ্য হবে। নূতন পৃথিবীতে, কালান্তরের পৃথিবীতে, বৈপ্লবিক পৃথিবীর পথে যদি এগিয়ে যাই তাহলেই অনেকাংশে আত্মরক্ষা করা সম্ভব হবে। এই মূল কথা বলার পরে আমি ভারতবর্ষের অবস্থা বিবেচনায় একটা বিশেষ বিষয় উল্লেখ করতে চাই।

আজকে আমাদের দেশে এটা সর্ববাদীসম্মত যে সামাজিক এবং রাজনৈতিক কার দেশের সাধারণের মধ্যে একটা অশ্রদ্ধা একটা ব্যাপক ব্যর্থতার মনোভাব দেখা দিয়াছে। এটা অস্বীকার করার উপায় নাই। শুধু যুবকদের কেন প্রাপ্ত বয়স্কদের অসংগত আচরণ ও আজ নিতান্ত সামান্য নয়। Universityতে এক সময়ে ছাত্র-বিশৃঙ্খলার প্রশ্ন আলোচনায় আমাকে বলতে হয়েছিল। Students are - what we have made them and what we are making them.

আমাদের নিজেদের আচরণ যদি একবার লক্ষ্য করি তাহলে বুঝবো আমাদের থেকে যারা বয়সে কম তাহাদের আমরা কোন সঙ্গত আচরণ শিক্ষা দিচ্ছি। রাষ্ট্রনেতা ও নেতৃস্থানীয় ব্যক্তিদের আচরণ কিরূপ এ প্রসঙ্গে তাই প্রথমে লক্ষ্য করতে হয়। দ্বিতীয়তঃ লক্ষণীয় পিতামাতার ঔদাসীন্য এবং অসঙ্গত আচরণ। তৃতীয়তঃ শিক্ষকদের দুর্ভাগ্য এবং অক্ষমতা; চতুর্থতঃ সমকালীন ছাত্র যারা, তাদের মধ্যে যারা অগ্রজ এমন ছাত্রদের জীবনযাত্রায় লক্ষ্যহীনতা। এই সব কারণ এবং আরও অনেক কারণ মিলে আমাদের দেশের ছাত্রদের মধ্যে কিছু কিছু বিশৃঙ্খলা প্রকাশ পাচ্ছে তাই আমার বক্তব্য।

[11-30—11-40 a. m.]

যখন সমাজের ও রাষ্ট্রের চারিদিকে দুর্নীতি ও অকর্মণ্যতা, আত্মীয়পোষন, ভেজালের রাজত্ব রয়েছে, কপটতা রয়েছে, নির্লজ্জতা রয়েছে, তখন যুবকেরা কি পরিবেশে মানুষ হচ্ছে? শেষে তাদের ভবিষ্যৎ নাই, লক্ষ্য নাই সেখানে বেকারত্ব অবশ্যম্ভাবী। এ অবস্থায় ছাত্রদের নৈতিক মনোবল দৃঢ় হতে পারে না। সরকারী দুর্নীতি কিংবা Corruption এর কথা উল্লেখ করা বাহুল্য। চিন্তামন দেশমুখ মহাশয় তার বিরুদ্ধে প্রস্তাব করলেন রাষ্ট্রের প্রধানমন্ত্রী কমিশন নিয়োগে রাজী হন না। বাংলার আইনসভায় কংগ্রেসী সদস্যরাও দুর্নীতির বিরুদ্ধে প্রস্তাব করলে এখানে কংগ্রেস সদস্যরা তাতে রাজী হন না, সরকারও রাজী হন না। দুর্নীতি ছাড়াও, সামান্য ব্যাপার থেকে আরম্ভ করে বড় ব্যাপার পর্য্যন্ত সকল ব্যাপারে যে অপদার্থতা অকর্মণ্যতার লক্ষণ দেখা যায় তার দৃষ্টান্ত আইন সভায় বারে বারে দেখান হয়। এজিনিষ জানে স্কুল কলেজের ছাত্ররাও। যেমন, এক রিফিউজী ছাত্রকে বিনা টিকিটে কলেজে পড়তে আসছে দেখে আমি তাকে ট্রেনে জিজ্ঞাসা করেছিলাম 'তুমি বিনা টিকিটে যাচ্ছ কেন?' উত্তরে সে খরচের কথা তোলে। প্রাইভেট টিউশানি করে তাকে পড়ার খরচ চালাতে হয়। আমি বললাম—'তাই বলে কি বিনা টিকিটে যাবে? এটা কি চুরি করা হচ্ছে না? তখন সে একটু চুপ করে থেকে জবাব দিল—'যখন বড় লোকে চুরি করে, মন্ত্রীরা চুরি করে তখন বুঝি সেটা চুরি হয় না? আর আমার মত একজন 'রীব ছাত্র বিনা টিকিটে পড়তে যাচ্ছে বলে, সেটা চুরি করা হয়? আমি আর তার কথার উত্তর খুঁজে পাই না। অবশ্য বললাম—'তবুও তোমার দিক থেকে নিজেকে সংযত করার চেষ্টা কর'। কিন্তু সমাজ নেতাদের দৃষ্টান্ত যখন এত কলঙ্কময় তখন এ কথায় কি হবে?

এ ছাড়া শিক্ষা ব্যাপারে, নানা ব্যাপারে আমরা দেখছি—আমাদের সৃষ্টিশক্তির কোনরকম

পরিপোষক জিনিষ কোথাও নাই। ছাত্রদের উপর আজকাল পাঠ্যের পাহাড় চাপিয়ে দেওয়া হয়েছে। অথচ বর্তমান শিক্ষা ও পরীক্ষাব্যবস্থায় উন্নতির চেষ্টা নেই। ছাত্রদের পাঠের সুযোগ সুবিধা কতটুকু বাড়বে তাদের মন ও বয়সের গড়ন কীরূপ, উপযুক্ত বয়সের অনুপাতে শিক্ষাব্যবস্থা হচ্ছে কিনা তার সন্ধান নাই ; বই চাপালেই শিক্ষা হবে কিনা তার সন্ধান নাই, যোগ্য শিক্ষক আছে কিনা তার সন্ধান নাই। অথচ ছাত্রদের উপর চাপিয়ে দিলেন পাঠ্যের বা Examination এর এমন বোঝা। বর্তমানে বই এর সংগে শিক্ষার সম্বন্ধ নেই শিক্ষার সঙ্গে পরীক্ষার প্রশ্নের সম্বন্ধ নেই প্রশ্নের সংগে উত্তরের সম্পর্ক নেই, উত্তরের সংগে মার্কের সম্পর্ক নাই। শেষ অবধি দাঁড়ায় পরীক্ষার পাশ করাতে হবে সুতরাং অত মার্ক করে ছাত্রদের গ্রেস্ দিতে হবে। আমি এমনও ঘটনা জানি University Syndicate এ সরকারের অনুগ্রহ ভাজন এমন মেম্বাররা আছেন—যাদের ভোটের দরুন যে ফাষ্ট ক্লাস নম্বর পায়নি তাকে ফাষ্ট ক্লাস দেওয়া হয়েছে। আমরা সিণ্ডিকেট থেকে চলে আসবার পরে এই রকম অবস্থা হয়েছে, তাও আমি জানি। ছাত্রদের দোষ দিয়ে লাভ কি ? যখন তারা জানে আত্মীয়ের জোর থাকলে এভাবে ফাষ্ট ক্লাস পাওয়া যায় আর না হলে যায় না ! তাদের সুবুদ্ধি বাঁচিয়ে রাখতে পারি যা করলে, সেটা দেখা দরকার। ইউনিভার্সিটির ছাত্রদের কমন্ রুমের ভাল ব্যবস্থা নাই, লাইব্রেরীর ব্যবস্থাও মোটেই আশানুরূপ নয়। পড়বার বা বিশ্রাম করবার কোন আয়োজনেরই উন্নতি হচ্ছে না। ইউনিভার্সিটিতে গেলে দেখতে পাবেন ছাত্রছাত্রীদের ঘরে বসবার জায়গা নাই —বাইরের ছোট ছোট আঙিনায় গাছতলায় বিশ্রাম করছে। লাইব্রেরীতে দেখবেন সমস্ত চেয়ার জোড় বসবার আর জায়গা নাই। আর লাইব্রেরীতে যে ঘরে বই রাখা হয় সেখানে বই রাখবারও তাক নাই। নূতন বই যা আসছে তা রাখবারও জায়গা হচ্ছে না, রোজ বইয়ের পর বই রাখতে রাখতে বই এর গাদা ছাদ পর্য্যন্ত স্পর্শ করেছে। তারপর ছাত্রদের খেলার কথা। কয়টা খেলার ব্যবস্থা সেখানে আছে। এই রকম অবস্থার মধ্যে ছাত্রদের কোন রকম মানসিক বিকাশের সুযোগ ঘটতে পারে না। কাজেই ছাত্রদের সৃষ্টিশক্তি বিকাশের সম্ভাবনা আর থাকছে না। আমি অন্য কথায় না গিয়েও বলছি—এখন এর উপায় কি ? সংক্ষেপে তা আপনাদের কাছে বললে আমার যা স্বাধীন নিজের নিবেদন- তা হয়ত কোন পক্ষের মনঃপুত না হতে পারে অন্ততঃ কোন পক্ষের তা সম্পূর্ণ অনুমোদিত হবে তা আমি মনে করি না। তাহলেও আমি নিবেদন করতে চাই।

প্রথম দরকার হয়েছে এই সৃষ্টিশক্তির অপচয় নিবারণ করা। ছাত্ররা ও যুবকরা যে ভাবে তাদের শক্তির অপচয় করছে, তা নিবারন করা চাই। কি ভাবে তা করা যায়? সাধারণ ভাবে সর্বাগ্রে যুবকদের খাদ্য বস্ত্র ও বাসস্থান চাই। কোথায় তার ব্যবস্থা ? এই বাজেটে তার সুযোগ সুবিধার অবকাশ কোনকিছু দেখতে পাচ্ছি না এজন্যই বাজেটে আলোচনায় এই ছাত্র বিশৃঙ্খলার প্রসঙ্গ তুলেছি। ছাত্রদের জন্য পর্য্যন্ত খাদ্য বস্ত্র ও বাসস্থানের কোন ব্যবস্থা এতে দেখিনি। অথচ ছাত্র বিশৃঙ্খলা নিয়ে দেশের নেতারা বক্তৃতা করছেন।

দ্বিতীয়তঃ সস্তা বই, পুথিপত্র লাইব্রেরীতে বসে পড়তে পারবে তা ছাত্রদের ভাগ্যে জুটবে কি ? এ বাজেটে তার আশ্বাস কোথায় ? আজ বই দুর্মূল্য, দেশে কাগজের অভাব। এই দুর্মূল্যের বাজারে অধিকাংশ ছাত্রই বই কিনতে পারে না। কর্তৃপক্ষ অন্যান্য দেশের কর্তৃপক্ষের মত ছাত্রদের অর্থ বা বৃত্তি না দিতে পারেন, বইতো দিতে পারেন। কিন্তু পাঠ্যের পাহাড় চাপানো হচ্ছে অথচ বই পাবে কোথায় ছাত্ররা ? সে ব্যবস্থার কোন উল্লেখ কোন বাজেটে দেখছি না।

Post Graduate Library-র কথা তো বলেছি খেলার মাঠের কথা বলাই বাহুল্য। বিশেষ করে বলা বাহুল্য এজন্য যে, আমাদের মুখ্যমন্ত্রীর যে Stadium, সেই Stadium বৃদ্ধাঙ্গুষ্ট তাঁকেও দেখাচ্ছে এবং সমস্ত বাংলা দেশকে দেখিয়ে ওই আমাদের সামনে দাঁড়িয়ে আছে

আর এ 'ষ্টেডিয়ম্' তা দেখলেই বুঝতে পারেন যে আমাদের খেলাধুলার বিষয়ে কি অবস্থা হয়েছে।

তারপর, তৃতীয়ত, ছাত্রছাত্রীদের চাই জীবিকার নিশ্চয়তা। যদি সামাজিক ফলপ্রদ কর্ম্ম ও বুদ্ধিগত শিক্ষা, এই দুইটির সমন্বয় করে প্রত্যেক ছাত্রকে শিক্ষিত করতে না পারি তাহলে, ছাত্রদের মধ্যে বিদ্যানুরাগ ও বুদ্ধিনীতিবোধ স্বাভাবিকভাবে বিকাশিত হবে বলে আমি মনে করি না। এইজন্য আমি বলি চাই জীবিকার নিশ্চয়তা। প্রত্যেক ছেলেই যেন জানতে পারে সে বেকার থাকবে না, এই নিশ্চয়তার guarantee প্রথম চাই। বাসস্থানের সঙ্গে খাদ্য, চিকিৎসা ও পাঠের সুযোগের সঙ্গেএই নিশ্চয়তা যদি না দিতে পারেন তাহলে আজকের দিনে 'ছাত্ররা বিশৃঙ্খল' বলে, 'যুবক বিশৃঙ্খল' বলে, কখনই সেই বিশৃঙ্খলা দূর করতে পারবেন না। এরপর আমার বক্তব্য এই যে, নেতারা আর একটু 'ভাষণ' কমাবেন। অন্ততঃ আমাদের রাষ্ট্রনেতারা, যাঁরা Radioতে ভাষণ দেন, তারপর পত্রিকায় ভাষণ দেন, interviewতে ভাষণ দেন তাঁরা। ভাষণে ভাষণে দেশকে তাঁরা ভাসিয়ে দিয়েছেন। তাঁদের বলি যে, একটু ভাষণ কমাবেন এবং নীতিবোধ কম প্রকাশ করবেন। যাঁরা বড় গলা করে বলেন যে, ছাত্রদের গলদ বেশী, এই যাদের সিদ্ধান্ত,—তাঁদের বলি যে একটু ভাষণ কমাবেন এবং তাতেও অন্ততঃ National benefit যাকে বলে, তা কিছুটা হবে। তাছাড়া আর একটা কারণেও তা প্রয়োজন হতে পারে তাই বলছি। আপনারা এতবেশী কথা না বলে, ছাত্রদের সুনীতির জন্য আইন কানুনের কথা না ভেবে একটু আত্ম নিয়মনের আইন কানুনের কথা ভাবুন। রবীন্দ্রনাথ যাকে এক সময়ে 'ছাত্রশাসনতন্ত্র' বলে তিরস্কার করেছেন তা ত্যাগ করে একটু আত্মশাসনতন্ত্র প্রণয়ন করলেই ভালো হয়। কথাটা সকলের পক্ষেই প্রযোজ্য। আমার আপনার পক্ষেও প্রযোজ্য ছাত্রদের পক্ষেও প্রযোজ্য, এবং দেশের অন্যান্যদের পক্ষেও প্রযোজ্য—'আপনি আচরি ধর্ম জগতে শিখায়'।—এই নীতিই নেতৃস্থানীয়দের গ্রহণ করা উচিত। তা শিক্ষা বিভাগের লোকই হোক বা অন্য কোন বিভাগের লোকই হোক তাতে সকলেরই উপকার হবে। বিশেষ করে রাজ্য-সরকারের যাঁরা জ্যেষ্ঠ, আপনার মুখ্যমন্ত্রীই হোন বা অন্য কোন মন্ত্রীই হোন তাঁরা যদি এরূপ আচরণের দ্বারা শিক্ষা দেন তাহলে অনেক উপকার হবে।

(The Hon'ble Ajoy Kumar Mukherjee: শিক্ষকরাও করবেন আর আপনাদের শিক্ষকদের পক্ষে?)

নিশ্চয়ই আমরাও অনুসরণ করব, তা বলাই বাহুল্য শিক্ষকরাও করবেন। আমি এক মুহূর্তে আরও তা বলে দিচ্ছি। শিক্ষকদের কাছে ছাত্ররা থাকে দিনে ৬ ঘণ্টা মাত্র। আর মা বাবার কাছেও পাড়া প্রতিবেশীর কাছে থাকে বাকী সব ঘণ্টা। দেশের মা, বাবা একটা রাখাল রাখে গরু চরাবার জন্য ৩০ টাকা দিয়ে। আর শিক্ষককে ৩ টাকা মাইনে দিয়ে কি মনে করে তার ছেলেকে শিক্ষক মানুষ করে দেবে? এই দেশে এই রকম বিভ্রান্তি থাকার ফলেই, এবং guardianদের মধ্যেও এই রকম বিভ্রান্তি থাকার ফলেই, এখানে ছেলেরা সহজে মানুষ হতে পারে না। অধ্যক্ষ মহাশয় শিক্ষকদের বিরুদ্ধে নেতারা বিদ্রোহ করে, ছেলে মানুষ করা এরূপ কথা মনে করবেন না। আসল কথা আমাদের যৌবনের প্রতি যে অবিশ্বাস আছে সেটা ছাড়া দরকার। যৌবনই সৃষ্টির উৎস। সে উৎসমুখ যদি না খুলে দেন এবং সেই সৃষ্টি শক্তিকে যদি অবহেলা করেন, তাহলে পর যুবকেরা বিশৃঙ্খল হয়ে উঠবেই। সম্ভবতঃ এই অবজ্ঞা বা অজ্ঞানতার বশেই 'ছাত্ররা বিশৃঙ্খল' এ নামটা এত বড় করে দেওয়া হচ্ছে। কর্তৃপক্ষ এই অর্ধসত্যটাই পূর্ণ সত্য বলে আবিষ্কার করতে চান। এর অর্থ হচ্ছে আপনাদের ভবিষ্যতে বিশ্বাস নেই। একথা বলা দরকার যে, যুবকরাই জাতির ভবিষ্যৎ, সেই ভবিষ্যৎকে গড়বার জন্য যাদের চেষ্টা নেই, তারা ভবিষ্যতের উপরও আস্থা রাখতে পারেন না। সমস্ত বিশৃঙ্খলা যা দেশের মধ্যে রয়েছে সমাজের মধ্যে রয়েছে। সরকারী কাজের মধ্যে রয়েছে, তার দিক থেকে দেশের লোকের দৃষ্টি সরিয়ে কোন একটা অর্দ্ধ সত্য বা one tenth সত্যর দিকে দেশের লোকের বা ছাত্রদের দৃষ্টি সীমাবদ্ধ করবার চেষ্টা করলে তা ব্যর্থ ই হবে এ কথা

আমি বলতে পারি। সেইজন্য আজকে সকলের কাছে নিবেদন করবো যে, ছাত্র বিশৃঙ্খলতার ধূয়া না তুলে, জাতির বিশৃঙ্খলারই সমাধান দেখুন, তাহলেই কাজ হবে। ছাত্রবিশৃঙ্খলারও প্রতিবিধান হবে।

Shri Devaprasad Chatterjee : On a point of information, Sir.

বাজেটের মধ্যে ছাত্র বিশৃঙ্খলতার কথা কোথায় বলা আছে?

Shri Gopal Chandra Haldar : Sir, I may give the personal explanation in this way that in the budget there is no provision for students' amenities ; nothing has been done to that effect even when student indiscipiline is said to have become so rampant. তবে আপনাদের বিশৃঙ্খলার কথা উল্লেখ করলে যদি অন্যায় হয়, তাহলে অন্যায় হয়েছে।

[11-40-11—50 am.]

Shir Bijay Bihari Basu : মাননীয় সভাপতি মহাশয় আজকে আমাদের সামনে যে বাজেট উপস্থিত করা হয়েছে তাতে আমরা বিশেষ উৎসাহ পাচ্ছি না। আমরা দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ বছরে এসেছি। বিগত কয়েক বছর ধরে দেশের সাধারণ মানুষের কি উন্নতি হয়েছে কি রকম সুখ সুবিধা পেয়েছে তা এখানে অনেকেই আলোচনা করেছেন। আমি বিশেষ করে পল্লী অঞ্চলের কথা বলব। পল্লী অঞ্চলের লোকেরা জ্বালা যন্ত্রণা ভোগ করে আসছে। পল্লী অঞ্চলে আমরা সর্বত্র একটা কান্নার রোল শুনতে পাই। মাঘ ফাল্গুন মাসে সেখানে চালের দর ২৫ থেকে ২৮ টাকার মত থাকে একথা কেউ আগে কল্পনা করতে পারত না। গত দুই বছর প্রাকৃতিক দুর্যোগে চাস হয়নি। গত বছর ভাল চাষও হয়েছিল এবারও ভাল হয়েছিল। এবার আশা করা গিয়েছিল যে ভাল ফলন হবে কিন্তু এমন অবস্থা হ'ল যে চাষীদের আর ধান কাটতে যেতে হল না। যাদের গোলাতে ৭।৮ মাসের ধান থাকত তাদের গোলাতে একদিনের ধান থাকল না। সহর এবং শিল্পাঞ্চলে Rationএর ব্যবস্থা আছে, কিন্তু পল্লী অঞ্চলে সে সবের কোন ব্যবস্থা নেই। চাষ করে তাদের ছেলেমেয়েদের পেট ভরে খেতে দিতে পারে না এবং নিজেরা একবেলার বেশী খেতে পায় না। নিত্য প্রয়োজনীয় জিনিষের দাম ৪।৫ গুণ বেড়ে গিয়েছে। এবার এদের নিত্য প্রয়োজনীয় জিনিস কেনবার ক্ষমতা নাই। এই হচ্ছে আমাদের পল্লীগ্রামের সাধারণ মানুষের অবস্থা। তারপর প্রাথমিক বিদ্যালয় বর্তমানে প্রায় প্রতি গ্রামে আছে কিন্তু গ্রামের ছোট ছোট ছেলে মেয়েরা সেই প্রাথমিক বিদ্যালয়ের সুযোগ নিতে পারছে না। আমরা বাড়ী বাড়ী ঘুরে ছোট ছোট ছেলেমেয়েদের সংগ্রহ করি তাদের বাপ-মাদের শিক্ষার উপকারিতা সম্বন্ধে বুঝাই কিন্তু তারা বলে যে পেট ভরে খেতে দিতে পারি না, স্কুলে যাওয়ার জন্য পরণের কিছু নেই, কি পরে স্কুলে যাবে? সুতরাং প্রাথমিক বিদ্যালয় থাকলেও তারা সেই সুযোগ নিতে পারে না। সেইজন্য আগে দরকার অর্থনৈতিক উন্নতি। প্রথমে খাওয়াপরার ব্যবস্থা সবচেয়ে বেশী দরকার আজকে যদি তারা ছেলেমেয়েদের পেট ভরে দুইবেলা খেতে না দিতে পারে তাহলে তাদের বাবা মাদের কি মর্মান্তিক যন্ত্রণা ভোগ করতে হয় তা সহরবাসীরা হয়ত বুঝতে পারবে না। পল্লীঅঞ্চলে যাঁরা বাস করেন তাঁরা ভালভাবে উপলব্ধি করতে পারবেন। তারপর ক্লাস Oneএ তারা যদি বা ভর্তি হয়, ১ বছর পরে ক্লাশ টুতে তাদের মধ্যে অনেকেই আর পড়াশুনা চালাতে পারে না। এর মধ্যে ছেলেদের অর্দ্ধেকের বেশী দেখা যায় আর দ্বিতীয় বছর পড়াশুনা করতে পারে না আর মেয়েদের মধ্যে ৪ ভাগের একভাগ মোটে থাকে। এবার আমরা দেখছি মেয়েদের সংখ্যা খুবই কমে যাচ্ছে। তারপর আমি গ্রাম সেবক সেবিকাদের কথা বলব। গ্রাম সেবক এবং সেবিকাদের উচিত প্রত্যেক বাড়ীতে গিয়ে পিতা মাতাদের শিক্ষার উপকারিতা সম্বন্ধে তাদের বুঝান দরকার। কিন্তু তা তারা করে না। সরকারকে অনুরোধ করব যেন এই বিষয়ে তারা অবহিত হন। যাতে এই সমস্ত গ্রামসেবক এবং সেবিকারা গ্রামের লোকদের সঙ্গে মেলামেশা করেন এবং তাদের অসুবিধাগুলির প্রতি নজর দেন।

তারপর মাধ্যমিক বিদ্যালয়গুলির যা অবস্থা তা অনেকেই বলেছেন। আমি শুধু একটা কথা বলব যে সমস্ত বিদ্যালয়গুলিকে Higher Secondaryতে upgraded করা হয়েছে সেখানে সবগুলিতে Humanties এবং Science দুটো পড়াবার ব্যবস্থা নেই। যার ফলে যে সমস্ত ছেলে নিচু class থেকে খুব ভাল result করে নবম শ্রেণীতে উঠে Science নিতে চায়, তাহলে যেখানে Science আছে সেখানে যেতে হয়। অথচ এমন অনেক ছাত্র আছে যাদের সেইসব স্কুলে যাবার মত অবস্থা নেই, তাদের বাধ্য হয়ে Humanities কোর্স নিতে হচ্ছে; যার ফলে তাদের বিদ্যার অপচয় হচ্ছে। এদের মধ্যে যে এখানে মেঘনাদ সাহার মত, স্যার জগদীশ বসুর মত বিজ্ঞানী বেরুবে না একথা কি কেউ জোর করে বলতে পারে? এবং আজকাল ছাত্রদের বিজ্ঞান সম্বন্ধে জ্ঞান অর্জন করতে উৎসাহিত না করতে পারলে আমি পাপ বলে মনে করি। এর পর আমি বিচার বিভাগের কথা বলব। আমাদের বন্ধু শ্রীনগেন্দ্রকুমার ভট্টাচার্য্য মহাশয় বিচারে যে ভয়ানক রকমের দেরী হয় সে কথা উল্লেখ করেছেন। যারা মফঃস্বলে থাকে তাদের ১০টার সময় আদালতে হাজিরা দিতে হয় এবং হয়ত তাতে পরে শুনতে পেল যে ৫টার সময় সেদিন আর মামলা হবে না। এতে সাধারণ কৃষকশ্রেণীর সময় নষ্ট এবং চাষের কাজে ক্ষতি হয়। সমস্ত দিনই তাদের বাইরে কাটাতে হয়। অথচ আমাদের Grow more food করা যেখানে অবশ্য কর্ত্তব্য, সেখানে হচ্ছে খাদ্য উৎপাদন ব্যাহত। সেইজন্য অনেকে মামলা মকদ্দমা প্রভৃতিতে আসতে চায় না। সেইজন্য আমি অনুরোধ করব যাতে বিচার ত্বরান্বিত করা যায় তার জন্য চেষ্টা করেন।

তারপর বেকার সমস্যা সম্বন্ধে অনেকে অনেক কথা বলেছেন। যারা বেকার তারা অধিকাংশই যুবক। সেইজন্য যুবশক্তিকে এই ভাবে পঙ্গু করে রাখা দেশের পক্ষে অশুভ। এইভাবে বেকার হয়ে বসে নানা জল্পনা কল্পনা করে যেটা নাকি আমাদের দেশের পক্ষে মোটেই হিতকর নয়। এই বেকার সমস্যা সমাধানের জন্য সরকার অবিলম্বে গ্রামে গ্রামে মিউনিসিপ্যালিটিতে ও সহরে এমন ব্যবস্থা করুন যাতে বেকার না থাকতে পারে। আমাদের কৃষিপ্রধান দেশ। কৃষিকার্য্যে নানারকম উন্নতি হতে পারে। যাতে এই সমস্ত বেকার যুবকদের কৃষিকার্য্যে ও ছোট ছোট শিল্পে নিযুক্ত করা যায় তারজন্য অবিলম্বে একটা কমিশন গঠন করে কি কোরে এদের কাজে লাগান যায় তার ব্যবস্থা করা উচিত। আমাদের মুখ্যমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতার ২২ পাতায় সকলের শেষ লাইনে বলেছেন যে "আসুন আমরা এই রাজ্যের অধিবাসীদের বিনম্রচিত্তে আমাদের সর্ব্বাধিক ক্ষমতা এবং সাহস ও দৃঢ়তার সঙ্গে সেবা করার সংকল্প গ্রহণ করি।" এই সেবা করার সংকল্প সরকার বা সরকারী কর্ম্মচারী গ্রহণ করবেন। কিন্তু কোথায় সেবার মনোভাব জনসাধারণ বা দেশের লোক তা কোনখানেই লক্ষ্য করেন না।

যেখানে যাওয়া যায় সেখানে সরকারী কর্ম্মচারীদের প্রভুত্বের মনোভাব দেখা যায়। আমি এ সম্বন্ধে সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যে যাতে সরকারী কর্ম্মচারীরা জনসাধারণের সেবক হয় সেই ব্যবস্থা করুন। মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বাজেটে ভাষণের উপসংহারে বললেন ঈশ্বরের অনুগ্রহ লাভ করে দেশের সেবা করব, কিন্তু আমি বলব যে সেবার মনোভাব যদি না থাকে তাহলে ঈশ্বরের অনুগ্রহ পাওয়া যাবে না।

[11-50—12- Noon]

Dr. Janaki Ballabha Bhattacharyya: মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট আলোচনা করার আগে আপনার মাধ্যমে একটা কথা বলতে চাই। আমাদের মাননীয় বন্ধুরা যে কোন বাজেট আসুকনা কেন তখন তাকে অভিনন্দন জানান। আমার এ দেখে বার্কের কথা মনে হচ্ছে। অর্থাৎ ওয়ারেন হেসটিংস এর ইমপিচমেন্টের সময় তিনি যে কথা বলেছিলেন সে কথাই বলছি। ওয়ারেন হেসটিংস এর প্রশংসা করে বিরোধী পক্ষরা দেখালেন যে তাঁকে এই মৌলবী, পণ্ডিত প্রশংসাপত্র দিয়েছেন, সুতরাং

ওয়ারেন হেসটিংস নির্দোষ। কিন্তু এর উত্তরে বার্ক বলছিলেন যে পণ্ডিতরা কলেরা দেবীর পূজা করেন তাদের প্রশংসাপত্রের দাম কি আছে? সেইরকম ডেফিনিট বাজেট যখন আসে তখন আমাদের বন্ধুরা বলেন প্রোগ্রেসিভ বাজেট এবং যখন উদ্বৃত্ত বাজেট হয় তখনও সেই বাজেটের পঞ্চমুখী প্রশংসা করেন। অর্থাৎ Law of contradiction বলে কোন জিনিষ তাঁরা জানেন না। এই বাজেটের কিছু অংশ পড়ে আমার পানিনির কথা মনে পড়ছে। পানীনির একটা সূত্র আছে:—

"শ্ব-যুব---মঘোনাম তদ্ধিতে"

সেখানে তিনি কুকুর যুবা, ইন্দ্রকে এক সূত্রে গথিত করেন বলে লোকে তাঁকে টিটকারী দেয়। সেইরকম আমরা এখানে দেখতে পাচ্ছি। মুখ্যমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন তাতে দেখছি যে পরিকল্পনাধীন কাজগুলির জন্য অপেক্ষাকৃত অল্প পরিমান অর্থবরাদ্দ করা হইয়াছে বলিয়া "শিক্ষা" খাতে ব্যয় ৬০ লক্ষ টাকা কম ধরা হইয়াছে। অর্থাৎ পরিকল্পনার জন্য শিক্ষাখাতে কম ব্যয় করা হবে। এইভাবে ঠিক সেই পানীনির সূত্রের মত তিনি সূত্র লিখেছেন এবং সে জন্য চিরকাল তাঁর গ্লানি থাকবে। তিনি যে পরিকল্পনার জন্য টাকা বৃদ্ধি করেন তাঁর ৮ এর পাতায় পড়ে যদি দেখেন তাহলে দেখবেন যে সেখানে বৃদ্ধির পরিমান কমান হয়েছে। আসল বাজেটের রূপটা কি বোঝা যায় না। এইভাবে শাক দিয়ে মাছ ঢাকা যায় না। তাঁর আসল কথাটা কিন্তু তিনি চাপতে পারেননি। তিনি বলেছেন তৃতীয় পরিকল্পনা কালে এবং দ্বিতীয় পরিকল্পনার শেষে আমরা দেখব আমাদের ঋণের পরিমাণ ৫০ কোটি টাকা এবং পরিকল্পনা কমিটি ১৪ কোটি টাকা তুলতে বলেছেন। তিনি দেশের লোকের উপর নির্দয়ভাবে করের বোঝ চাপিয়ে যে ৬৫ কোটি টাকা তুলেছেন তার মধ্যে ৪৩ কোটি টাকা নূতন কর নির্দ্ধারণের ফলে উঠেছে। ২১ কোটি টাকা যে কর ফাকি পড়েছে এবং তারজন্য যে তাঁর ডিপার্টমেণ্ট ইনএফিসিয়েন্ট সেটা তিনি স্বীকার করেছেন—"প্রশাসন ব্যবস্থা সুদৃঢ় করিয়া ও কর ফাঁকি বন্ধ করিয়া ২২ কোটি টাকা সংগ্রহ করিতে সমর্থ হইয়াছি।" অতএব তিনি নিজেই এডমিট করছেন যে তাঁর শাসন ব্যবস্থা কিরূপ। তাঁর এই শাসন ব্যবস্থার ফলে আমাদের ব্যয়ের এক কোটি টাকার উপরে সুদ দিতে হবে। সেজন্য তিনি শেষে কাকুতি মিনতি করেছেন যে তাঁরা যেন সুদ মকুব করে দেন এবং ৩০ বছরে টাকা শোধের যেন ব্যবস্থা করেন। তিনি পরিষ্কার স্বীকার করেছেন যে আমাদের তৃতীয় পরিকল্পনা যখন হবে তখন আরও শতকরা ২৫ ভাগ খরচ বাড়বে। এ থেকে বোঝা যায় যে আমাদের ঋণ বাড়বে এবং করের বোঝাও তাহলে এজন্য যে লোকেব উপর চাপবে সেটা বুঝতে পারছি। তিনি যেখানে সাফল্যের কথা বলেছেন সেখানে দেখছি যে কৃষিতে শতকরা ১৭·৭ ভাগ এবং জলের জন্য ১৩·৬ ভাগ খরচ করছেন। এর ফল কি হয়েছে দেখুন—কৃষ্ণনগরে রেশন দোকানে এক দানাও চাল নেই—এটা মাননীয় বন্ধুকে জিজ্ঞাসা করিলেই টের পাবেন। আমরা জানি যে কৃষ্ণনগরের হোলসেলার কিরকমভাবে টাকা লুটছে। নীলমনি দত্ত শঙ্করদাসের appointed সুগার হোলসেলার—তিনি ৪৭৷৪৮ টাকা দরে চিনি কিনে ৫৮৷৫৯ টাকা মণ দরে বিক্রি করছেন। চুর্নীব্রীজের যে টার্গেডডেট ছিল সেই টার্গেডডেটেও সম্পূর্ণ খোলা হল না এবং সেখানে যে লেভি আছে তা এখনও দেশের লোককে উৎপীড়ন করে আদায় করা হচ্ছে। পুলিশ খাতে টাকা বাড়ছে—অথচ দেখছি যে দেশে অপরাধ বেড়ে যাচ্ছে। পুলিশ খাতে যদি টাকা বাড়ে এবং পুলিশ যদি বাড়ে তাহলে অপরাধ কেন সঙ্গে সঙ্গে বাড়বে? Pyaemic abscess যখন হয় তখন ফোঁড়া ফাটলেই চিকিৎসা হয় না, চিকিৎসা অন্য জায়গায় করতে হয়। পুলিশের বেলায় আমি ঠিক এই কথাই বলব। জনস্বাস্থ্যখাতে বেশী টাকা নিয়োগ করা মানে সরকারের নিজেরই এ্যাডমিশান যে দেশের লোকে স্বাস্থ্যের অবনতি হচ্ছে। এই প্রসঙ্গে বলব যে মফঃস্বলের হাঁসপাতালের রুগীদের জন্য ১ টাকা যেখানে বরাদ্দ সেখানে

কালকাতা হাঁসপাতালের জন্য দৈনিক ২॥০ বরাদ্দ আছে এই পার্থক্য দেখে মনে হয় য মফঃস্বলের লোকেদের প্রতি আপনাদের তাচ্ছিল্যের মনোভাব আছে। আমি আশা করি এবিষয়ে মন্ত্রীমহাশয় জবাব দেবেন।

12—12-10 p. m.]

আমি অন্য জিনিষ সম্বন্ধে বিশেষ বলতে চাই না, আমি সাধারণভাবে বাজেটের কথা বললাম। আমরা দেখছি এই বাজেট হয়েছে নৈ: গম নাগ পাশ—ব্যবসাদারদের নিকদের নাগ পাশ দেশকে জড়িয়ে ফেলেছে, এর থেকে দেশের মুক্তি পাওয়া কঠিন য়ে উঠবে। মাননীয় অধ্যক্ষ মহোদয়, পৌর সভাগু'লির জন্য ন্যূনতম মজুরীর যে াইনটা পাশ করা হল, তা পাশ করবার সময় পৌর সভাগুলির কোন আর্থিক সংগতি াছে কিনা সেটা বিবেচনা করবার দরকার হল না। বেতন কমিটি যখন সরকার সালেন তখন সেই বেতন কমিটিকে কত সুপারিশ করা হল এবং তাদের এমনও াজেষ্ট করা হয়েছে যাতে তারা বেতন বৃদ্ধির কথা না বলে। কিন্তু আমি বলি এই কম কমিটি না করে গভর্ণমেন্ট প্রভাবমুক্ত নিরপেক্ষ কমিটি করা উচিৎ ছিল, ডাঃ পতঞ্জলি াস্ত্রীর মত লোক এবং আমাদের ভূতপূর্ব্ব রাজ্যপাল ফনী চক্রবর্ত্তী মহাশয়ের মত লোক দি এই কমিটিতে থাকতেন তাহলে তাঁদের সিদ্ধান্ত দেশের লোক মাথা নত করে মেনে নত এবং বুঝতে পারত যে সরকারের সত্যিকারের সৎ ইচ্ছা আছে। শুধু এই কথা য়, পৌরসভার ন্যূনতম মজুরীর আইনটা করার ফলে আজ পৌরসভার দৈনিক কার্য ায় বন্ধ হবার দাখিল হয়েছে। তারা মাঝখানে হঠাৎ অবসর প্রাপ্ত সরকারী কর্মচারীকে গ্জিকিউটিভ অফিসার নিযুক্ত করিলেন এবং তারা নিশ্চয়ই অনুগ্রহ ভাজন ্যক্তি তা না হলে তাদের স্বাস্থ্যের বিচার না করেই নেওয়া হয়েছে? এমন াককে সম্প্রতি ভাটপাড়া পৌরসভায় পাঠান হয়েছে যিনি ১ মাসের মধ্যে হাসপাতালে াশ্রয় নিতে বাধ্য হয়েছেন এবং তাদের উপর এমন ভার দেওয়া হয়েছে যার ফলে চে ই হবার উপায় নেই, ভাটপাড়া মিউনিসিপ্যালিটির কাজ অচল হয়ে পড়েছে। আপনারা লেন জল সরবরাহের আমরা ব্যবস্থা করেছি, কিন্তু ভাটপাড়া মিউনিসিপ্যালিটি কত ন ধরে জলের জন্য তাগাদা করছে এখনও তারা টাকা পায়নি। আগে সেখানকার নীয় লোকেরা গঙ্গার জল নাকি পানকরত কিন্তু এখন গঙ্গার জলের উপর দিয়ে তদিন নোংরা, কালি, বিষ্ঠা ভেসে যাচ্ছে, আমি এ সম্বন্ধে প্রশ্ন করে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি াকর্ষণ করেছি কিন্তু আজ পর্য্যন্ত তার কোন উত্তর পাইনি। এরা এর কোন প্রতিকার রতে পারবেন বলে আমার বিশ্বাস হয়না, এরা খালি নীরব হয়ে বসে থাকবেন—এটা চ্ছ ক্রিমিন্যাল অফেন্স। পানীয় জল দূষিত করার মত পাপ আছে বলে আমি জানি । সেখানে টিউবওয়েল করা ছাড়া গত্যন্তর নাই। ওঁরা বলেছেন খবরের কাগজের ধ্যমে আমরা দেখেছি একটা ফেজের জন্য জল দিয়েছেন কিন্তু আপনি পিপাসার্ত য় এসেছেন, আপনাকে বললাম যে আজকে আধ গ্লাস জল আপনাকে দেব, লকে আবার আপনাকে আধ গ্লাস দেব, এটা বললে কিরকম হয়—ঠিক এই রকম বে মিউনিসিপ্যালিটিতে জল সরবরাহের কথা চিন্তা করে মাননীয় সভাপতি মহাশয়, াপনার মাধ্যমে উত্তর দেবার জন্য স্বাস্থ্যমন্ত্রীকে জানাচ্ছি। তারপর, রাস্তার জন্য ডেভলপমেন্ট স্কীমে টু-থার্ড টাকা দেওয়া হয় আর ওয়ান-থার্ড কন্ট্রিবিউসান। সেই রাস্তা কিরকম বে হয় তার উপর পৌরসভার কর্তৃপক্ষের কোন রকম আপত্তি থাকলে তা শোনা না, বলে সেই রাস্তা ১ বছরের মধ্যে নষ্ট হয়ে যায়। সুতরাং এই করাপশানের নুসন্ধান করবার জন্য একটা কমিটি নিয়োগ করা উচিৎ তা না হলে শুধু কন্ট্রাকটারদের ট ভরাবার জন্য নয়। ওরা বলছেন রাস্তার ড্রেনের জন্য এক পয়সাও দেবনা। রাস্তার ড্রেন হলে রাস্তা থাকবে কি করে? এই সাধারণ বুদ্ধিটা পর্য্যন্ত যদি মন্ত্রীমহাশয়ের না থাকে

তাহলে এই বক্তৃতা শুনে কিছু হবে না। তারপর এ্যাসেসমেণ্ট সম্বন্ধে কিছু বলতে চাই। আপনারা অ্যাসেসরের যে প্যানেল করে রেখেছেন তাতে এমন য়্যাসেসর বসেছেন যাঁরা এ্যাসেসমেণ্টের অ, আ, জানেন না এবং যাদের ইঞ্জিনিয়ারিংএর কোন কোয়ালিফিকেসন নেই, তাহলে তারা এ্যাসেসমেণ্টের কি করবে—আজা মৌজা এ্যাসেসমেণ্ট করে যায়, তারা বলে মিউনিসিপ্যালিটির এবং পৌরসভার লোকেরা কি করে—কেবল রিভিউ করে এ্যাসেসমেণ্ট কমিয়ে দেন।

একটা নূতন বাড়ী তার ২ শো টাকা যদি য়্যানুয়াল ভ্যালু হয় আর একটা ভাড়া বাড়ী পাশে তার য়্যানুয়াল ভ্যালু যদি ৫ শো টাকা হয় তার য়্যাসেসমেণ্ট তাহলে কি হবে? কাজেই এই সমস্ত য়্যাসেসারদের প্যানেল থেকে নাম খারিজ করে দেয়া হোক। দিয়ে উপযুক্ত লোক সেখানে নেয়া হোক যাতে কারো কিছু বলবার না থাকে। তারপরে আজকে ইলেকসন সেট এসাইড হয়ে যাচ্ছে কেন। নিশ্চয়ই হাইকোর্ট থেকে তার সনদ দেখা দিয়েছে—ভাট পাড়া পৌরসভায় হয়েছে কিন্তু তা সংশোধন করে ক্ল্যারিফিকেসন করে যে নোটিশ দেয় দরকার সেই নোটিশ আজপর্য্যন্ত গিয়ে পৌছায়নি অথচ নূতন করে সেখানেই ইলেকটোরেল করবার জন্য আদেশ দেওয়া হয়েছে এই রকম বিচিত্র ব্যবস্থা হয়েছে। কুম্ভকর্ণের নিদ্রার কথা আমরা শুনেছিলাম, এখানেও দেখতে পাচ্ছি পশ্চিমবাংলার মন্ত্রীমহাশয়ের দপ্তরে সেই কুম্ভকর্ণ এসে জুটেছেন। তার পরে আমার অনেক মাননীয় বন্ধুরা বলেছেন যে য়্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ হবে না। তাঁরা কর দেন না বলে কিম্বা সরাসরি তাঁরা কর নাদিলেও তাঁরা নিশ্চয়ই একটা বাড়ীতে বাস করেন রাস্তায় বাস করেন না। সুতরাং সেই বাড়ীর জন্য কর নিশ্চয়ই মিউনিসিপ্যালিটি পেয়ে থাকে। কলকাতা করপোরেশনে আছে যেমন বাড়ীর ওনাররা ট্যাক্স দেন তেমন ভাড়াটিয়াদের কাছে থেকেও ট্যাক্স নেওয়া হয়। কিন্তু আপনাদের পৌরসভার সেই ব্যবস্থা নেই। এবং সেই ব্যবস্থা না থাকার ফলে তারা নিশ্চয়ই ইনডাইরেকটলি ট্যাক্স দিচ্ছেন সুতরাং তাদেরও সেই অধিকার দিতে হবে। এই য়্যাডালট ফ্র্যাঞ্চাইজ হলে তার একটা সুবিধা হচ্ছে যে ইলেক্টোরাল বারবার প্রস্তুত করতে হয় না—য়্যাসেম্বলী ইলেকশানের জন্য যে লিষ্ট তৈরী হয় তার বেসিসে যদি ইলেকসন রুল করানো যায় তাহলে মিউনিসিপ্যালিটীর অনেক খরচ বেঁচে যায়। সুতরাং এ সম্বন্ধে দ্বিমত থাকবে কিসের জন্য—কেবলমাত্র ভি. আই. পিদের ইলেকসনের জন্য ছাড়া আর কিছুই নয়। তারপরে পৌরসভায় মিউনিসিপ্যাল সার্ভিস প্রবর্ত্তন করা দরকার কারণ অনেক কর্মচারী আছেন যাদের দিয়ে কোন কাজ পাওয়া যায় না। সুতরাং আজকে অল বেঙ্গল মিউনিসিপ্যাল সার্ভিস যাতে প্রবর্ত্তিত হয়, তার চেষ্টাকরা উচিৎ। তারপরে আমার মনে হয় মিউনিসিপ্যালিটির নির্ব্বাচনের পরে কিছু এক্সপার্ট নিয়ে কমিশনার নিয়ে একটা প্ল্যানিং কমিশন করা উচিৎ— চার বছরে কি কি কাজ করবেন সেই কাজ গুলি তাঁরা ঠিক করে দেবেন। এ যদি না হয় তাহলে পৌরসভার কাজ কখনও সুষ্ঠভাবে পরিচালিত হতে পারে না। এরকমে আমার মনে হয় যারা হেল্‌থ অফিসার আছেন--এব্যাপারে অৰ্দ্ধেক করে সরকারের কাছ থেকে টাকা দেযা হয়—তাঁরা চিরস্থায়ী হয়ে পৌরসভার মধ্যে বসে আছেন কেন? তাদের বদলী করার ব্যবস্থা করা হোক। তাহলে তাতে কার্য্যের এফিসিয়েনসী অনেক বাড়বে। এইভাবে বলবো আমাদের মিউনিসিপ্যাল এ্যাক্টকে নূতন করে ঢেলে সাজানো উচিৎ। এ যদি করতে না পারি—তাহলে আমরা কখনও পৌরসভার উন্নতি সাধন করতে পারবোনা। আজকে কথায় কথায় বলা হয় ট্যাক্স বৃদ্ধি করা হোক কিন্তু এই ট্যাক্স দেয়া আজকে মানুষের সঙ্গতির বাইরে গিয়ে পড়েছে। সুতরাং এব্যাপারে একটা অর্থনৈতিক কমিশন বসানো হোক্, বসিয়ে দেখা যাক যে মানুষের আর ট্যাক্স দেওয়ার সঙ্গতি আছে কিনা তারপরে ট্যাক্স বৃদ্ধি করবার ব্যবস্থা করা হোক্।

আর একটা জিনিষের কথা আমি এখানে উল্লেখ করতে চাই। আমাদের

দেশে টি, বি রোগ ভীষণভাবে বেড়ে গিয়েছে, এবং তার জন্য লক্ষ লক্ষ টাকার ওষুধ আমাদের বিদেশ থেকে আমদানী করতে হচ্ছে! জি, টি, এ কোম্পানী যে ওষুধটি আবিষ্কার করেছেন তার সমস্ত মৌলিক উপাদান এখানেই পাওয়া যায়। কিন্তু আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো ঐ কোম্পানীতে যে সমস্ত লোক কাজ করছেন তাদের আমরা নিয়ে এবং তারে সমস্ত প্ল্যান্ট কিনে নিয়ে সস্তায় যাতে টি, বি, রোগের ঐ ওষুধটি সরবরাহ করতে পারি তার ব্যবস্থা করুন, তাহলে ২০ লক্ষ টাকা আমাদের বেঁচে যায়।

[12-10—12-20 p. m.]

Shri Krishna Kumar Chatterjee : Mr Chairman, Sir, our Chief Minister can well congratulate himself for having presented his budget proposals as the Finance Minister without fresh taxation measures although the State has a large revenue deficit with an over all deficit only to be offset by a huge opening balance. We can congratulate him for the boldness he has shown under trying circumstances by refusing to yield to the temptation of bringing forth new proposals for taxation to meet the over increasing demands of planned development of a State tottering under shattered economy-an uprooted economy in the words of my friend Sri Sasanka Sanyal who is no longer here in this House to listen to me Sir, it is a matter of deep regret that this bold gesture on his part has not been sufficiently appreciated by our learned friends in the Opposition who have not spared to cast uncharitable flings against him-haunted as they have been by the "sufferings of the people over-burdened by taxation". It will be interesting to read the observations of the Taxation Enquiry Commission with regard to any country which is undergoing planned development with regard to taxation under inflationery conditions. "It is during periods of inflation that taxation can play an important role in mitigating its adverse consequences; and this is true not only because of the greater effectiveness of the tax system in this respect but also because of the greater difficulty of reducing expenditure during such periods, whether they are periods of war when military exependiture dominates the scene or of rapid economic development the tempo of which has to be maintained. Even in the underdeveloped economies, it has been found by experience that the tax system, if suitably adjusted, can have a significant effect in slowing down the pace of inflation." Sir, it is not merely the Taxation Enquiry Commission that has made this fruitful observation on the question of taxation, but, Sir, in the editorial column of the Indian Finance we find the echo of this view point in the following words. "The Taxation Enquiry Commission has set out their views regarding indirect taxation at some length and has also argued that broadbased taxation of articles of mass consumption at comparatively low rates is required for increasing public investment. It has been lately urged that restraint of consumption is very necessary for stepping up the rate of saving, and once the Government have taken the plunge by imposing an Expenditure Tax in order to limit luxury expenditure by the well-to-do, the reduction of non-essential consumption by the masses becomes inescapable." Sir, this opinion comes from an economic expert and, Sir, although we feel that the middle class and other strata of our society are suffering under heavy taxation we have to admit that for planned development in a backward country certain tax-measures are absolutely essential and perhaps inescapable too.

Sir, I have listened very carefully to the speeches of my learned friends in the Opposition to find out some substantial and effective contribution to debate on the budget proposals, throwing some constructive light on any commission or omission in the same. Sir, I deeply regret to note that except

playing the Don Quixotic role of Sancho Panja in the political arena, fighting tooth and nail against all types of imaginary oppressions & supperessions practised by this side of the House, the opposition members could not make any other contribution to the debate. Sir, let my friend Shri Acharya enjoy the luxury of a mock fight on the floor of this House in a melodramatic manner, shedding crocodile tears for the unfortunate lot of the illpaid Government employees on the one hand and lamenting loudly for the lack of opportunities to the sons of the soil against invasion of outsiders who have captured vantage grounds in the economic structure of the State. Sir, as a clever lawyer he has already anticipated that this Government is out to see that justice is being done to the Government employees and other wage-earners in the State the appointment of a Pay Committee pointing to that direction Naturally enough in the role of shrewd politician he wants to create an impression outside that something is now likely to be done by the Government only under pressure from the Opposition. Sir, it is not difficult for the Opposition to make wild allegations against administrative inefficiency and corruption and even against wastage because none of my wise friends there has any opportunity of learning even the ABC of administration in any administrative field any where in our State. Sir, having no responsibility to discharge, our friends in the Opposition can safely indulge in irresponsible utterances against the administration. Sir, need I remind you that in Kerala some fellow-travellers of our friends in the Opposition had some taste of administrative experience and were chased out of the administrative scene by the people because of the rampant corruption and all-out inefficiency that dominated the administration there under the benign and able rule of the communists there. Sir, I do not propose to follow the footsteps of my friends over there by indulging only in vituperations and accusations I am afraid my wise friends there have not cared to study the implications of planned development in a backward country under a democratic set up. They have neither the will nor the patience to understand the bearings of planned economy in the context of the socio-economic conditions prevalent in West Bengal. Most of the criticisms advanced are based on misconception and misunderstanding of the guiding principles of the budget. I shall confine my remarks, Sir, to the objective and subjective understanding of the budget proposals and try to remove some of the misgivings, doubts and fears sought to be created in public mind by the motivated criticism of the budgetary proposals by the Opposition Sir, my observations will meet perhaps most of the arguments advanced by Shri Das, Shri Sanyal and Shri Acharya and silence them hereafter. Sir, the development of our country consists in practical economic terms in increasing the production of goods and services needed by the society and to ensure gainful employment to the people The latter is a means as well as an end. Such development requires improvements in implements and equipment with which productive activity is carried on, improvement in technical skills more power and more transprot and communications. These improvements call for investment on a large scale. Sir, production employment and investment are thus closely inter-linked. With high investment, a high output is made available and in the process more employment is generated.

[12-20—12-34 p.m.]

The alarming nature of our growing unemployment is causing anxiety, and Sir, our Finance Minister has, therefore, kept in view the vital issue of creating employment opportunities while framing the budget.

Sir, it will be interesting to note in this connection the observations

made by the Indian Finance. It says "The Report of the Directorate of National Employment and Service, West Bengal, reviewing the employment situation in the State in 1959, provides disappointing reading in so far as the rate of creation of employment lagged behind expectations or requirements. The tempo of growth of employment in the private sector remained more or less unchanged while that of the public sector slowed down.

The rate of creation of employment in the public sector, in the second and third quarter of the year under review, as revealed by the report, was not more than 2 percent, while in the private sector it was above 5 percent. The number of vacancies notified by and the number of employments secured in the private sector recorded a slight increase. This is in striking contrast to the fall in the public sector".

This picture is alarming no doubt and that is why the entire budget speech has been framed with a view to meet this situation. A low level of equilibrium in respect of all this is stagnation and not until a simultaneous effort is made to raise all the three can such stagnation be overcome. In the budget provisions our Finance Minister has only tried to safeguard against this danger, the danger of unemployment. The future pattern of our development should be one which lays stress on the development of all these industries through which the economy can achieve self-sustaining growth, These are the basic industries like machine building, metals, power chemical, fuel and petroleum. Sir, who can deny that there is need in West Bengal for transforming the stagnant economy into a dynamic one by the end of the Second Plan so that thereafter the economy can grow on the basis of its own resources and equipment. The budget has, therefore, emphasised the importance both of increasing rate of investment and of channeling the investment according to this need. It is clear from the budget speech of the Finance Minister that for meeting the immediate needs of consumption arising from the industrialisation we have simultaneously to increase production of essential consumers goods specially food. He has, therefore, ensured that along with the large scale industries there should be development of agriculture and small industries.

Sir, our friends Shri Sanyal, Shri Acharya, and even Shrimati Anila Debi, all of them attacked the budget on the ground that ample provision has not been made in the budget for Education. There have been cuts not only in the provision for education and but also other items of development. Sir, even a cursory glance through the budget provisions will convince one that in planned economy stereotyped development in the sphere of education has stopped. The objectives of planned development have been sought to be realised by the Finance Minister without materially diverting the resources required for industries and in particular, for the development of heavy and large scale industries. Sir, It is hoped that scope for sufficient employment opportunities will arise in the agricultural and small scale sectors in the interim period until the economy can develop to the point at which it can cope with the employment opportunity on a permanent basis.

Sir, the observations made at page 20 of the Economic Review are very significant on this particular issue.

Sir, it has been emphasized therein that agriculture has lost its employment potential. It says, "The importance of agriculture as the sole provider of employment to the multiplying population is gradually declining. Farming has become the refuge of those who have proved misfits

in all other occupations. These square pegs are the bane of agriculture. Now the first love of a labourer is a job in a factory. This perference in favour of jobs in factories and the civil service is strengthened by the existence of various benefits, namely, the provident fund, bonus, health insurance, greater security and regularity of employment, higher wages, gratuity and the promise of promotion to higher ranks, which are absent on the farm."

Sir, that is why in reorienting our developing economy, we have to depend on small scale industries and cottage industries and our budget reflects that urge on the part of the Government. Therefore, so far as we are concerned, we can stand erect and say that the State budget has been drawn up by the Finance Minister with a view to bring about that change—that golden change—in the developing economy which will bring about not only the well-being of the village people but also create opportunities for further employment in the villages. Sir, if the level of living of our people is to be raised, there must be increase in production. If there is to be rapid industrialisation, for the purpose the process of capital formation within the economy has to be intensified. A permanent solution of the problem of unemployment calls as much for the formation of heavy and large industries as for the organisation of a network of village and small industries on the largest scale feasible. In the budget proposals, this basic fact has not been ignored. For the reduction of inequalities in income and wealth, the widening of employment opportunities, the growth of the public sector, the reorganisation of agriculture on a voluntary basis on co-operative lines and the strengthening of the national economy as a whole are among the essential measures to be adopted by each State and particularly by a progressive State like West Bengal. It is along these lines exactly that our Chief Minister is working for the reconstruction of our economy in West Bengal. This integrated approach which seeks to attack simultaneously the problems of production, capital formation, employment and reduction in inequalities is basically a continuation and enlargement of our planned development which is necessarily a continuous process.

Sir, the broad policies laid down in the Second Plan may be said to be more or less sound and have also been accepted as such by the Opposition. In the light of experience and the needs of the country as far as we can judge them at the present time, we have to emphasize a few other aspects by way of amplification and we have to try to give a deeper content to some of the principles earlier accepted in general terms but not yet implemented. With the end of the Second Plan period, the country should take a significant step forward to its goal of socialist society. In fact, our Finance Minister has called upon the society to undertake heavy burdens. This society consists not only of persons who can afford to bear these burdens but also large sections who are labouring under various kinds of disabilities and difficulties. Sir, it is necessary, therefore, that they should know and appreciate the meaning and the purpose for which they are called upon to bear those burdens and responsibilities. Such knowledge and appreciation will furnish them with a new and healtheir kind of incentive. Sir, we should recognise that the ultimate solution of the mass poverty lies in transforming our economy into a self-generating and self-planned economy which depends for its future growth on its own resources and provides economic opportunities to all. This would imply, Sir, a pattern of investment that would make such growth possible.

In such a pattern there has to be necessarily a high priority for basic and capital goods industries.

Sir, at the same time there must be a steady increase in agricultural production, especially the production of food-grains to meet the needs of consumption and the requirements of raw materials for industry. The whole budget has been framed on the basis of these requirements. Only thus can the agricultural economy release the surpluses needed for the building up of the national income as a whole. The key to the improvement of agricultural production lies above all in steady rise of the yield per acre through the intensificatin of agaiculture, diversification of rural economy and the organisation of agricultural services through co-operative institutions. Sir, our strategy should also cover other important objetives. We must try to ensure the maximum possible employment and to plan for the fullest utilisation of the productive potential of our people who are at present either idle or semi-idle for a considerable part of the year.

My time is up. I have to make however, a few observations for drawing the attention of the 'Chief Minister to a vital issue. I must say very frankly that the present lot of the primary teachers is causing some amount of agony in our hearts. Our primary teachers are getting very meagre pay and it is difficult for us to conceive that the primary teachers—who are the backbone of our society today—who are building new India and new West Bengal—can carry on their existence with the present emoluments derived by the from the Government. The Government should, through the Pay Committee that has been appointed recently, do justice to them. I feel also that the lower grade employees of the Government deserve special sympathy—at least the basic salary of the Government employees should be Rs. 100 at the minimum. The Government should put this point of view in the forefront while the Pay Committee's recommendations are being considered by them.

Sir, this country has to be built by the joint efforts of all. Unless and until my friends in the Opposition feel the responsibility of joining their hands with us for the all round development of this land of ours—this unfortunate end of ours—it is not possible for us to build that golden country of ours for which we dreamt, toiled and suffered in the past.

Adjournment

The Council was then adjourned at 12-34 p. m. till 9 a.m. on Friday, the 11th March, 1960 in the Legislative Building, Calcutta.

Members Absent

Bandopadhyay, Shri Upendra,
Banerjee, Shri Tara Sankar
Bose, Shri Aurobindo,
Chatterjee, Shrimati Abha,
Jha, Shri Pashu Pati,
Mohammad Jan, Shri Shaikh,
Moitra, Shri Dhirendra Nath,
Mukherjee, Shri Sudhindra Nath,
Prodhan, Shri Lakshman,
Saraogi, Shri Pannalal,
Sarkar Shri Pranabeswar
Sen, Shri Jimut Bahan and
Syed Sahedullah, Shri.

COUNCIL DEBATES

Friday the 11th March 1960.

The Council met in the Lagislative Chamber of the Legislative Buildings. Calcutta on Friday the 11th March 1960 at 9 a. m. being the Eleventh day of the Twentieth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. Sunil Kumar Chatter) was in the Chair.

Message

[9—9-10 a. m.]

Mr. Chairman : Honourable members, I have received the Governor's reply to the address presented to her by this Council. With your leave I shall read it out.

"Raj Bhaban,
Calcutta,
The 9th March, 1960.

Members of the Legislative Council.

I have received with great satisfaction your message of thanks for the speech with which I had opened the present session of the Legislature.

PADMAJA NAIDU,
Governor of West Bengal."

Ruling on the point raised by Shri Nirmal Chandra Bhattacharyya.

Mr. Chairman : There is another matter which I like to bring before the House. It is my ruling in connection with the matter raised by Professor Nirmal Chandra Bhattacharyya the other day.

Honourable members, Shri Nirmal chandra Bhattacharyya raised a point of order on the 7th March, 1960, urging that the House may be allowed to discuss the West Bengal Industrial Disputes Rules, 1958, which were laid before the Council on that day, by the Hon'ble Minister in charge of the Labour Department. Shri Sasanka Sekhar Sanyal suggested that the matter may be looked into and the ruling may be given thereafter.

I have considered the matter raised before the House. Honourable members are aware that the West Bengal Industrial Disputes Rules, 1958, have been framed under sub-section (4) of section 38 of the Industrial Disputes Act, 1947 (Act, IV 1947) and that unlike the Motor Vehicles Act, of 1939 (Act IV of 1939) and the West Bengal Panchayat Act, 1957 (West Bengal Act I of 1957), the Industrial Disputes Act of 1947, does not provide for modification of the rules framed by the State Government thereunder by the State Legislature. Similar provision is also contained in the West Bengal Premises Tenancy Act of 1956 (West Bengal Act, XII of 1956), that is, no provision for modification of the rules by the Legislature has been made in that Act also. I may inform the honourable members that the statutory rules or regulations fall, into three following categories :-

(a) Rules that are not laid before the Legislature. These relate to minor procedural matters which may safely be left to the executive without any provision for Parliamentary control.

(b) Rules that are laid before the Legislature for information only without any further provision for Parliamentary control ; and

(c) rules that are laid before the Legislature and are liable to modification by the Legislature within a prescribed period of time.

So where the statutes do not provide for modification of the rules framed under them by the Legislature, the rules so framed are simply laid before the the Houses of the Legislature, for the information of the members thereof. The West Bengal Industrial Disputes Rules, 1958, fall under category (b) mentioned above and there is no stage in the Legislature with respect to these rules beyond what is provided in the parent Act, namely, laying of the rules before the Legislature.

Laving of Annual Report of the Damodar Valley Corporation and Audit Report for the year 1957-58

The Hon'ble Ajoy Kumar Mukherji : Sir, I beg to 'ay before tho Council the Annual Report of the Damodar Valley Corporation and Audit Report for the year 1957-58.

Budget Estimates of the Damodar Valley Corporation, 1960-61

The Hon'ble Ajoy Kumar Mukherji : Sir, I beg to lay before the Council the Budget Estimates of the Damodar Valley Corporation for the year 1960-61.

Shri Sasanka Sekhar Sanyal : Sir, may I know whether these two matters will be subject-matters of discussion by this House ?

Mr. Chairman : During the Appropriation Bill they may be discussed.

Shri Sasanka Sekhar Sanyal : During the Appropriation Bill there may be some other matters, why do you dump these into that ? Because a matter which is laid before the House is a matter for discussion.

Mr. Chairman : But this is the procedure we are following.

Shri Sasanka Sekhar Sanyal : I hope, Sir, you will examine this question before you decide.

Charge against Government Official

Shri Snehangsu Kanta Acharyya : Sir, I want to bring to your notice and through you to the notice of the Council of Ministers an interesting fact which I find in the Civil List of this year. At page 32 of the Civil List No. 30 I find the name of Shri Sukumar Mallik, whose date of birth has been shown as "1.2.1919", Sir, he was, more or less my contemporary and I know it for a fact that he passed his B. A. Examination in 1935. But, if what appears in the Civil List is correct, then he passed his B. A. Examination when he was 16 years of age. It follows then, Sir, that he passed his Matriculation Examination when he was only 12. As you know, Sir, in those days one could not sit for the Matriculation Examination unless he was 15. Apart from that I know him rather well and I know how he was nominated to the I. C. S. because of his uncle's position who was a Minister.

Mr. Chairman : There is a note in the Civil List that all the information given are not to be taken absolutely correct and in case of any mistake the mattor has to be referred to the Chief Secretary.

Shri Snehangshu Kanta Acharyya : Sir, through you I am asking the Ministers to take note of this because this gentleman was also very intimately connected, when he was the District Magistrate at Howrah, with the sordid affairs of the Botanical Gardens in which somebody of lesser eminence was punished and this gentleman quietly escaped. He should be now brought to book because of the incorrect statement made by him.

General Discussion of the Budget for 1960-61

Shri Nrisingha Prosad Sarkar : মাননীয় অধ্যক্ষ মহোদয়, ১৯৬০-৬১ সালের ব্যয় বরাদ্দ আলোচনাকালে আমাদের বিরোধী পক্ষ যাঁরা আছেন তাঁরা আমাদের অর্থ-মন্ত্রীকে সমর্থন করতে পারেন নি। কিন্তু সমস্যাসঙ্কুল বাংলা দেশে নূতন কোন কর ধার্য্য না করার জন্য এবং surplus বাজেট হওয়ার জন্য আমরা অর্থমন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। আমার বক্তব্য আরম্ভ করার আগে আমাদের বিরোধী পক্ষরা যে কথা বলেছেন তার সম্বন্ধে দু'একটি কথা বলতে চাই। আমাদের বিরোধী পক্ষের একজন সদস্য বলেছেন যে আমাদের employment বাড়ান দরকার। আর আমাদের income এর মধ্যে যে disparity আছে তা দূর করা দরকার। তিনি হয় ত লক্ষ্য করলে বুঝতে পারতেন যে আমাদের employment অনেক বাড়ান হয়েছে এবং income এর disparity দূর করার জন্য death duty. খরচের উপর duty এবং অন্যান্য income tax এর যেভাবে slab তৈরী করা হয়েছে তা দেখলেই বোঝা যাবে যে আমাদের disparity দূর হয়ে যাবে। আর এক জায়গায় বলেছেন Industrialisation এ আমাদের দরকার নেই। আমাদের কৃষি দরকার। আমাদের কৃষি প্রধান দেশ তাই কৃষির উপর আমাদের নজর দিতে হবে সেখানে ভাল সার দিতে হবে। এবং তা দিতে গেলে industrialisation এর দরকার হবে এবং তাহলে Industry এবং কৃষি দুই একসঙ্গে চলতে পারে। অনেকে হয়ত জানেন না যে প্রত্যেক Mnnicipality থেকে compost সার তৈরী হয়। তারপর আমাদের পঞ্চায়েতে ২১ বৎসর বয়স্ক হলেই তারা আইনত voter হবেন সেটা দেখেও বলা যায় না। এখনও জনসাধারণের মধ্যে পঞ্চায়েত হয়নি। তারসঙ্গে বলেছেন যে জমির খাজনা তুলে দিনে হবে এবং জমির উপর tax কমিয়ে দিতে হবে এবং জমির খাজনা তুলে দিতে হবে এই দাবী করা সঙ্গত হয়নি বলে আমি মনে করি। আমাদের বিরোধী পক্ষের এক বন্ধু বলেছেন, যে চলচিত্রের উপর শুল্ক বসেছে এবং তার জন্য তিনি দুঃখ প্রকাশ করেছেন কিন্তু আমার মনে হয় চলচিত্র নিয়ন্ত্রিত হলে আমাদের সমাজের পক্ষে ভাল। তার কারণ আমাদের যে সব চলচিত্র প্রদর্শন করান হয় তা আদি রসাত্মক না হলে চলে না। অবাধ চলচিত্র চালানর ফলে নূতন ভাবে বিবাহ আইন তৈরী করতে হয়েছে এবং তার মধ্যে মা কে বাদ দিয়ে সকলকে বিবাহের গণ্ডির মধ্যে ফেলা হয়েছে।

[9-10—9-20 a, m]

আমাদের বিরোধী পক্ষের একজন বন্ধু বলেছেন আমাদের administration ঠিকমত চলছে না। অনেক বড় বড় পরিকল্পনা গ্রহন করা হচ্ছে বটে, কিন্তু সেগুলি কার্য্যে রূপায়িত করতে পারছেন না। সরকারী কর্মচারী দিয়ে কাজ করতে হয় কিন্তু তাঁরা আজকাল রাজনীতি করেছেন কাজেই কাজ হবে কেমন করে। তারপর আমাদের আর একজন বিরোধীপক্ষের বন্ধু বলেছেন যে, আমাদের শিক্ষা ব্যাপারে নাকি দুর্নীতী প্রবেশ করেছে। কিন্তু আমি এক্ষেত্রে বলব, যারা শিক্ষায়তনের সংঙ্গে সংশ্লিষ্ট তাদের আজ একথা চিন্তা করতে হবে যে আজকাল শিক্ষায়তনের ভিতর দুর্নীতী কিভাবে প্রবেশ করছে আমাদের এখানের শিক্ষক প্রতিনিধিদের দেখলেই বুঝতে পারবেন যে দুর্নীতি কোথায় তারপর আমাদের আরেক বন্ধু সমবাসের কথা উত্থাপন করেছেন ; আমি service corporation এবং প্রস্তাব সমর্থন করছি ; কারন service corporation এবং প্রয়োজনীয়তা সকলেই উপলব্ধি করছেন।

এরপর আমি নদীয়া জেলা সম্বন্ধে কয়েকটা কথা বলতে চাই। গত বন্যায় নদীয়ার ১৩টি থানা বন্যাবিধস্ত হয়েছে, ৯টি সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্থ হয়েছে। এই রকম পুনঃ পুনঃ হওয়ার কারন হচ্ছে, সেচ পরিকল্পনা ঠিকভাবে আমরা করতে পারছি না। বন্যা প্রতিরোধের জন্য কতগুলি drainage scheme এবং কয়েকটা খাল কাটার এবং বাঁধ দেওয়ার প্রয়োজনীয়তা

রয়েছে। ১৯৫৪ সালে তেহট্ট থানায় চাঁদাবীবি drainage হয়েছে, চাকদহ থানায় নাকাশীপাড়া drainage হয়েছে, চাকদহ থানায় বাংরা খাল excavation হয়েছে এবং সেখানে sluicegate হয়েছে। আমাদের জেলার দুইটি নদী, জলঙ্গী ও চূর্ণি মৃতপ্রায় হয়ে গিয়াছে, এদের bed উঁচু হয়ে গিয়েছে। সে জন্য আমার বক্তব্য হচ্ছে যে, সুষ্ঠু পরিকল্পনা না করতে পারলে আমাদের জেলায় বন্যা আটকান যাবে না। আমাদের জেলাতে যদি সুষ্ঠুভাবে পরিকল্পনা করা না যায় তবে ঘাটতি জেলা বলে চিরকাল দুঃখ থেকে যাবে। সেচ পরিকল্পনা ঠিকভাবে হ'লে আমাদের ঘাটতি থাক্‌বে না। আমাদের জেলায় হরিনঘাটায় agricultural college করার স্কীম হয়েছে। হরিন ঘাটায় একটি বিল যদি উদ্ধার করাযায় এবং scuice gate করা যায় তবে প্রায় ১ হাজার বিঘার উপর জমি পাওয়া যাবে যার উপর চাষ আবাদ হতে পারে এই বিলের নাম হচ্ছে বেলের বিল।" চাকদহ থানায় যদি আরো কতগুলি বিল reexcavation করা যায় তা হলে চাষ আবাদের জন্য বারমাস জল পাওয়া যাবে। তেহট্ট থানায় বহরা খাল e-excavation করা দরকার সরস্বতী খালও গভীর করা দরকার। কৃষ্ণনগরের কাছে সিনচারা drainage করা যায় তাহলে সুষ্ঠু aficutture হতে পারে। যেসব জমিদারী বাঁধ আছে, যেমন শ্রীরামপুর, জগৎখালী, চূর্ণি, বাঁকা, এগুলি repair করলে আমাদের জেলায় শস্য উৎপাদনে প্রভূত উপকার হবে। নবদ্বীপের সন্নিষ্ট যে গঙ্গার মরা খাল আছে সেটা পুনরুজ্জীবিত করা দরকার। এবার বর্ষায় কৃষ্ণনগর সহরের ৩টা জায়গা জলে ডুবেগিয়েছিল। সেচ মন্ত্রী মহাশয় সমস্ত জিনিষ পরিদর্শন করে গিয়েছিলেন। তিনি বলছেন মিউনিসিপ্যাল এলাকায় নদীর বাঁধ মিউনিসিপ্যালিটি দেবে। সরকারের কাছে ঋণ নিয়ে কিন্তু মিউনিসিপ্যালিটির পক্ষে একাজ করা কখনই সম্ভব নয়। ½ এবং ⅓ scheme হয়েছে সেই স্কীমে মিউনিসিপ্যালিটির পক্ষে নদীর বাঁধ দেওয়া সম্ভব নয়। গত বর্ষায় erosion হয়ে আমাদের মিউনিসিপ্যালিটির বহু জায়গা নষ্ট হয়ে গিয়েছে, মিউনিসিপ্যালিটির জলকলের এক জায়গা ১৯৫৬ সালে erossion এ ভেঙ্গে যায় এবং এই বৎসর বন্যায় এমন অবস্থা হয়েছে যে কোন সময় সহরের জল সরবরাহ বন্ধ হইতে পারে এবং বন্যার ফলে conservanys ব্যাবস্থার দরুন বিশৃংখলা দেখাদিয়েছিল। এবছর আমি মিউনিসিপ্যালিটির আয় ব্যয় সংক্রান্ত দুই একটি কথা বলব। সর্ব্বনিম্ন বেতন হার চালু হওয়ার ফলে আমাদের কাজ হবে আয় বাড়ান বা খরচ কমান। আয় বাড়ানোর পথ আমরা পাচ্ছিনা, কারণ বর্ত্তমান অবস্থায় করবৃদ্ধি করলেও লোকের দেবার ক্ষমতা নাই। conservancyর উন্নতি করতে হলে compulsory sanitary latri এবং ব্যবস্থা করতে হবে কিন্তু তাহা করতে গেলে লোকে খরচে পেরে উঠবে না কাজেই মিউনিসিপ্যালিটির মাধ্যমে ঋণের ব্যবস্থা করা উচিৎ এপ্রসঙ্গে প্রাইমারী education সম্বন্ধে আমি একটি কথা বলব। বর্ত্তমানে যে Biss scheme চালু আছে তাতে আমাদের মিউনিসিপ্যালিটির খরচ হয় ২৮ থেকে ৩০ হাজার কিন্তু সরকার থেকে পায় মাত্র ৩ হাজার ৬ শত টাকা। সরকার যদি primary education এর ভার নিজেরা নেন তাহলে মিউনিসিপ্যালিটি গুলি এই ব্যয় থেকে অব্যাহতি পায়।

[9-20—9-30 a. m.]

Shri Manoranjan Sen Gupta : মাননীয় অধ্যক্ষ মহাশয় বাজেট আলোচনা উপলক্ষে আমি সর্বপ্রথমে কংগ্রেস পক্ষের সদস্যরা বাজেট সমর্থন করতে উঠে প্রকৃত পক্ষে সমালোচনা করেছেন তাঁদের অভিনন্দন জানাচ্ছি। আমার অভিনন্দন জানাবার কারণ যে তাঁরা জনগনের প্রতিনিধি কিন্তু এযাবৎ তারা কেবল সমর্থনই করে এসেছেন, জনগনের সমস্যা সমাধানের জন্য বিশেষ কিছু বলেন নি। তাঁরা এখানে জনগনের প্রতিনিধি হিসাবেই আসন গ্রহণ করেছেন। আমি মনে করি এই সমালোচনার ফলে কংগ্রেস পক্ষের অনাচার তা দূরীভূত হয়ে দেশের প্রকৃত কল্যান হবে। বাজেটে প্রতিবছরই কোটী কোটী টাকা খরচ হয়ে আসছে, কিন্তু আমাদের দেশের কমন ম্যানের দুর্গতি কিম্বা সাধারণের অন্নবস্ত্রের

সমস্যার সমাধান বা সমাধানের পথে দেশ অগ্রসর হচ্ছে কি? কংগ্রেস সরকারের ১২ বছর রাজত্বের ফলে দেশের মধ্যে chronic Poverty হয়ে বসেছে।

পল্লীবাসী জনসাধারনের সংবাদ যারা রাখেন তাঁরা দেখবেন যে আমাদের জাতীয় জীবনী শক্তির দিন দিন ক্ষয় হয়ে আসছে এবং জাতি মরণের পথে অগ্রসর হচ্ছে। আমি পল্লীগ্রামে থাকি সেখানে চাষীরা কিভাবে দিন কাটায় তা জানি। অর্থাৎ তারা এক বেলা খেয়ে অনাহারে অর্দ্ধাহারে দিন কাটাচ্ছে এবং এতে যদি আপনাদের আত্মতৃপ্তি হয় এবং বলেন যে, দেশের উন্নতি হচ্ছে তা'হলে আমার বলার কিছু নেই। সেই জন্য আমি নিবেদন করব যে, জনসাধারণের প্রতিনিধি হিসাবে যদি কাজ করেন তাহলে দেশের অনেক কল্যাণ সাধন হবে এবং মন্ত্রীমণ্ডলীও আপনাদের নির্দে'শ অনুসারে কাজ করতে বাধ্য হবেন। এবছর এডুকেসন বাজেটে ৭ লক্ষ টাকা কম হয়েছে—আমরা আশা করেছিলাম যে আরও বেশী টাকা ব্যয়িত হবে, সুতরাং এডুকেসন খাতে এইভাবে ব্যয় কমান যে অত্যন্ত দুঃখের বিষয় তাতে কোন সন্দেহ নেই। গতকাল সত্যপ্রিয় বাবু তাঁর ভাষণ উপলক্ষে শিক্ষা সম্বন্ধে যে অনাচারের কথা বলেছেন তার মধ্যে যেটা বড় কথা সেটা হচ্ছে যে, ডিরেক্টার অব পাবলিক ইনস্ট্রাকসনস্‌ও শিক্ষা সচিব এই দুটি পদকে একত্র করার ফলে শিক্ষা বিভাগে অনেক অনাচার চলছে—অর্থাৎ একজন লোকের পক্ষে দুটি কাজ করা সম্ভব নয়, এর ফলে দাঁড়াচ্ছে যে শিক্ষা বিভাগে যে সমস্ত কর্মচারীরা আছে, সেই এ. ডি. পি. আই., ইনস্পেক্টর, চিফ ইনস্পেক্টর তারা সকলেই যে যার মত কাজ করে যাচ্ছে এবং এর ফলে যে সমস্ত অভাব অভিযোগ আছে সেগুলি পূর্ণ হয় না। বিশেষতঃ বালিকাদের শিক্ষার ক্ষেত্রে আমরা দেখেছি যে তাদের শিক্ষার কোন রকম উন্নতি হয়নি। আমরা যখন স্বাধীনতা লাভ করি তখন যে সংখ্যা ছিল সেই সংখ্যা আজ কিছুমাত্র বেড়েছে—অর্থাৎ নাম্বার অব বয়েজ স্কুল ৮৫২ এবং নাম্বার অব গার্লস্ স্কুল ১৪২ যেখানে ছিল সেখানে নাম্বার অব বয়েজ স্কুল হয়েছে ১৩৭০ এবং নাম্বার অব গার্লস স্কুল হয়েছে ৩২৪টি। আজকে আমাদের স্ত্রীশিক্ষার অগ্রগতি করতে হবে। আমাদের ছেলেরা যেভাবে অগ্রসর হয়ে চলেছে, সেইভাবে যদি আমাদের বালিকাদেরও অগ্রসর করাতে হয় তাহলে স্কুলের সংখ্যা বাড়াতে হবে। কিন্তু ইংরেজীতে যাকে বলে Lee work সেটা কিভাবে পুরণ হবে সে বিষয়ে শিক্ষা-মন্ত্রী মহাশয়ের কাছ থেকে কোন পরিকল্পনা পাইনি। নেক্‌ষ্ট ফাইভ ইয়ার প্লানে প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হবে এবং তার ফলে বহু ছেলে মেয়েরা স্কুলে লেখা পড়া শিখতে আসবে এবং তারপর তাদের জন্য আবার মাধ্যমিক শিক্ষারও ব্যবস্থা করতে হবে। কিন্তু তার কোন আভাষ এবিষয়ে আমরা পাইনি। বরং আমরা দেখতে পাচ্ছি যে শিক্ষা বিভাগে যিনি চিফ ইনস্পেক্টর আছেন তিনি এমন সব দাবী করে থাকেন যে দাবী পূর্ণ করা হলেও বিদ্যালয়-গুলিকে স্বীকৃতি দেওয়া হয় না। জুনিয়র হাই স্কুল এবং সিনিয়র হাই স্কুলের বেলায় এই সব দেখা যাচ্ছে। এর ফলে বালিকাদের শিক্ষার অগ্রগতি হচ্ছে না। এদের মধ্যে কোন সুদূরপ্রসারী দৃষ্টিভঙ্গী নেই। এঁরা আমলাতান্ত্রিক মনোভাব নিয়ে এমন সমস্ত কনডিসন আরোপ করেন সেগুপি পুরণ করার পরেও তাঁরা আবার এমন সব নূতন কনডিসন আরোপ করেন যা স্ত্রীশিক্ষার অগ্রগতির পক্ষে পরিপন্থী হয়ে দাঁড়ায়। যিনি চিফ্ ইনস্পেক্টর রয়েছেন তাকে আমার জিজ্ঞাস্য যে, তিনি কিভাবে স্ত্রীশিক্ষার অগ্রগতি করবেন? আমার মনে হয় স্ত্রীশিক্ষায় আগ্রহশীল এরকম কোন মহিলাকে নিযুক্ত করলে স্ত্রীশিক্ষার অগ্রগতি আরও বেশী হবে তা না হলে আমরা যে তিমিরে আছি সেই তিমিরেই থাকব।

আমার নেক্‌ষ্ট পয়েন্ট হচ্ছে হাইজিন সম্বন্ধে। আমরা দেখতে পাই বাজেটে পাবলিক হেল্‌থ খাতে ১৯৫৮ সালে গ্রান্ট ২২এ স্যাংসন হয়েছিল ৩ লক্ষ টাকা, কিন্তু তা ব্যয়িত হয়নি। আমরা আরও দেখতে পাই যে বাজেট এষ্টিমেট ১৯৫৮।৫৯ সালে, সেই ৩ লক্ষ টাকা ব্যয়িত হয়নি বলে মাত্র ৫০ হাজার তার জন্য বরাদ্দ করা হয় কিন্তু অ্যাকচুয়ালী কোন টাকা ব্যয় হয় নি। ১৯৫৯।৬০ সালের গ্রান্ট নম্বর ২২, পাবলিক হেলথ ডিপার্টমেন্টে ৪ লক্ষ টাকা

মঞ্জুর হয়েছিল কিন্তু মাত্র ৫ হাজার ৫২ টাকা ব্যয়িত হয়েছে। এবছর বরাদ্দ করা হয়েছে ৪ লক্ষ টাকা কিন্তু ব্যয় হবে কিনা জানি না। তাছাড়া আমি আরেকটা বিষয় জানতে চাই যে, ৪ বৎসর ধরে যে স্কুল হাইজিন স্কীমের ব্যবস্থা করা হচ্ছে তার কোন প্লান এখন পর্য্যন্তও কেন করতে পারছেন না? আমরা জানি আমাদের বাঙালী ছাত্রদের স্বাস্থ্য কিরূপ খারাপ। আমরা university থেকে যে সমস্ত তথ্য পাই undergraduate students in Calcutta—How they live and work survey—Saddler Report. যেটা ১৯৫৪ সালের পূর্বে করা হয়েছিল, এবং তাঁরা মন্তব্য করেছিল যে ছাত্রদের স্বাস্থ্য অত্যন্ত খারাপ হবে যাচ্ছে Saddler এর রিপোর্টে দেখা যাচ্ছে।

This was no less during 35 years ago when the Saddler Commission commented on the joylessne$s of calcutta students life-as follows : "Surrounded as he is by manifold anxieties and houses under dreary conditions, the student tends to become moody, depressed and absorbed in himself and his prospects. He needs, therefore more than other students of the same age recreation and diversion. He has few interests to take him out of himself and give him points of contact with other men. He rarely has any hobbies , possibly because hobbies are expensive both in time and money. Too often he has no older and experienced man to turn to for guidance through these years of anxiety and depression. It is not surprising, therefore, if in moments of despondency he falls a victim to uncontrollable excitement, sometimes of the most serious and violent nature. It is at such periods of life that young men of all races need physical exercise and recreation, but these are not available to the Bengal students. If, at all, the situation has very much worsened. The Indian National Government has now been in office for several years. There is no evidenee that we have thought seriously of this problem, I am anxious that leaders of Bengal should find an immediate solution of this difficult problem. Disaster lies ahed if the smiling children of middle-class homes are allowed to grow into moody, suspecting and despairing youth for lack of care, sympathy and guidance.

সাত বৎসর আগে রিপোর্ট পেয়েছি কিন্তু আজ পর্য্যন্তও কিছু হয় নি। গভর্ণমেণ্ট যদিও টাকা স্যাংসন করেন কিন্তু মন্ত্রীমণ্ডলীর অকর্ম্মন্যতার ফলে বা কি করা উচিত তা না বোঝবার ফলে টাকা স্যাংসন হওয়া সত্ত্বেও কিছু হয়না। এঘটনা যদি ইংলণ্ডে হোত তাহলে সেখানে ভীষণ আন্দোলন হোত। বুয়র ওয়ারের সময় ইংরেজরা যখন বার বার হেরে যাচ্ছিল সেই সময় কনস্ক্রিপসন না করে মেডিকেল একজামিনেসন করার যে বোর্ড আছে তাঁরা সৈন্যদলে লোক ভর্ত্তি করতেন। কিন্তু দেখা গেল যে তাঁদের মধ্যে ৪০% আনফিট।

[9-30—9-40 a, m]

তখন সেখানে আন্দোলন করার ফলে টিফিন সিষ্টেমের ব্যবস্থা হয়েছে, ষ্টেট মেডিকেল অরগানিজেসন হয়েছে, আরও অনেক কিছু দেবার ব্যবস্থা হয়েছে। আমাদের দেশের মন্ত্রীমণ্ডলী যাঁরা আছেন, প্রতিনিধি স্থানীয় সভ্যরা যারা রয়েছেন এই হাউস এবং লোয়ার হাউস, তাঁরা সকলেই এই বিষয়ে উদাসীন। আমরা বারে বারে বলে আসছি যে ছাত্ররাই হচ্ছে আমাদের জাতির ভবিষ্যৎ। আর একটা স্কীম আছে—ষ্টুডেণ্টস ওয়েলফেয়ারের একটা ব্যবস্থা আছে, সেখানেও কিছু টাকা ব্যয় করা হচ্ছে এবং সেখানে যা খরচ হয় তার পরিমান অতি সামান্য। Youth welfare and provision of facilities for physical education, games stadium, youth hostels youth club's and centres. ইত্যাদি বাবদ ১৯৬০-৬১ সালে ৬ লক্ষ ৯ হাজার টাকা স্যাংকসান করা হয়েছে, রিভাইজড এষ্টিমেটে ১৯৫৯-৬০ সালে ৯ লক্ষ ৯০ হাজার টাকা ছিল, বাজেট এষ্টিমেট ১৯৫৯-৬০ সালে ৭ লক্ষ ১৩ হাজার টাকা ছিল, এ্যাকচুয়াল খরচ হয়েছে মাত্র সে বছর ১ লক্ষ ৯৫ হাজার ৮ শত ৫৯ টাকা। সুতরাং আমরা যে টাকা বরাদ্দ

করি ছাত্রদের কল্যানের জন্য সে টাকা খরচ করা হয় না। অতএব ছাত্ররা যদি এই অবস্থায় ইনডিসিপ্লিণ্ড হয় তাহলে তাদের কি আমরা দোষ দিতে পারি। সুতরাং আজকে যে জাতির বিবেক বুদ্ধি নষ্ট হয়ে গেছে ভ্রান্ট হয়ে গেছে সেটাকে জাগ্রত করতে না পারলে পশ্চিমবাংলা বা বাঙালী জাতি বাঁচতে পারে না। ছাত্রদের স্বাস্থ্য যে খারাপ হচ্ছে সেটা ষ্টুডেন্টস ওয়েলফেয়ার কমিটির রিপোর্ট থেকে আমরা জানতে পারি। এই ছাত্ররা ভবিষ্যৎ জীবনে কর্মক্ষেত্রে গিয়ে কি এনার্জি নিয়ে কাজ করবে সেটা আমি জানতে চাই। আর একটা কথা বলে আমি শেষ করব সেটা হচ্ছে যে উত্তর প্রদেশে ওল্ড এজ পেন্সনের একটা ব্যবস্থা আছে। সেখানে যাদের কেউ নাই ৭০ বৎসর যাদের বয়স তাদের পেনসানের ব্যবস্থা করা হয়েছে এবং তাদের রিপোর্টে দেখছি যে প্রায় ১ লক্ষ লোককে ৭০ বছর বয়সের উপর যাদের ডেস্‌টিটিউট বলা হয়:— A destitute is a person who has no source of income. ইত্যাদি তাদের টাকার ব্যবস্থা করেছেন কিন্তু আমাদের দেশে এরকম কোন ব্যবস্থা নেই। আমি শিক্ষক সমাজের কথা জানি—শিক্ষকরা অবসর প্রাপ্ত হয়ে সামান্য যে ২।৩ হাজার টাকা প্রভিডেন্ট ফাণ্ড পান সেটা নিঃশেষিত হয়ে গিয়ে একরকম পথের ভিক্ষুকের মত কোনরকমে মৃতকল্প জীবন যাপন করছেন। তাঁদের অনেকের নামও শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আমি দিতে পারি, তাঁদের আমরা জাতির প্রতিনিধি হিসাবে কোন রকম আমরা অনুভব করিনা। ফিল রাই কান্টিমেন লালা লাজপাত রায় বহুদিন আগে যেকথা বলে গিয়েছেন সেই ফিলিং এর অভাব রয়েছে। তারপর ইরিগেশানের কথা আমি একটু বলতে চাই। আমাদের মুখ্যমন্ত্রী ১২৫ কোটি টাকার ব্যবস্থ করেছেন এগ্রিকালচারের জন্য, সেই জন্য আমি তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করছি কিন্তু এই টাকা দিয়ে কি কাজ হবে সেটা জানতে চাই। এগ্রিকালচার ডিপার্টমেন্টের বহু কর্মচারীর সংগে আমাদের প্রত্যক্ষ যোগাযোগ আছে, তাঁরা কেবল টেবিল চেয়ারে বসেই কাজ করেন, এমন কি পণ্ডিত জহরলাল নেহেরু পর্য্যন্ত স্বীকার করেছেন যে কোন কাজ হয় না আমাদের ওখানে ফড়িয়া নদী বলে একটা নদী আছে সেটা গঙ্গাতে পড়েছে। সেটাকে সুন্দর একটা ক্যানেলে পরিনত করে তার চারিপাশের জমির উৎকর্ষ সাধন করা যায়। আমাদের সেচ মন্ত্রী মহাশয় ওখানে গিয়েছিলেন, তাঁর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে, মিটিং করা হয়েছে, ২।১ বার ইঞ্জিনিয়ারকে পাঠিয়ে দিয়েছেন, কিন্তু তাদের কর্তব্য বুদ্ধি জাগ্রত হয়নি, তাদের যে কর্ত্তব্য আছে সেই কর্তব্য তারা যাতে ঠিকভাবে সম্পন্ন করে সেদিকে লক্ষ্য রাখা উচিৎ—এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

দিন ধরে তার উপর সাধারণ আলোচনাও হচ্ছে। কিছু কিছু বিরূপ সমালোচনাও আমাদের শুনতে হয়েছে। এই বাজেটের বিরুদ্ধে প্রধান অভিযোগ হচ্ছে, রাজ্যের ঋণের পরিমাণ বেড়ে যাচ্ছে এবং ঘাটতি বাজেট হয়েছে। এখানে আমার বক্তব্য হচ্ছে, আয় ব্যয়ের হিসাবে যদিও সমতা রক্ষা করা যায়নি এবং প্রারম্ভিক স্থিতি থেকে যেটা পূরণ করা হচ্ছে তাহলেও একথা আজকে মনে রাখতে হবে যে, আজ দেশের সর্বদিকে উন্নয়নের বিপুল আয়োজন চলেছে। আজ একথা বিস্মৃত হলে চলবে না। সমতলই বলুন, পার্বত্য অঞ্চলই বলুন, সহরেই বলুন আর গ্রামাঞ্চলেই বলুন সর্বদিকে আজ আমরা এত পিছিয়ে আছি এবং উন্নতির এত প্রয়োজন যে, সেই প্রয়োজন মেটাবার জন্য চেষ্টা করতে গেলে বাজেটে ঘাটতি হওয়া অস্বাভাবিক নয়। জনস্বাস্থ্য, শিক্ষা, শিল্প, কৃষি, যানবাহন, যোগাযোগ সর্বদিকে আমরা এত পশ্চাৎপদ যে আজকে যদি বাজেটের ঘাটতি অজুহাতে অগ্রগমনের চেষ্টা না করা হয় তাহলে আমরা পশ্চিমবংগে ব্যয়কুণ্ঠ বাজেট করার অপরাধে অপরাধী হব। সুতরাং এই ঘাটতি বাজেট করার জন্য আমরা অর্থমন্ত্রীকে দোষারোপ করতে পারিনা। আমাদের প্রথমেই দেখতে হবে কি কারণে আমাদের ঋণ ব'ড়ছে। এই ঋণেকি দৈনন্দিন কার্যের জন্য করা হচ্ছে, নাকি উন্নতিমূলক কাজের জন্য করা হচ্ছে। এই ঋণের সাহায্যে আমরা পরিসম্পৎ সৃষ্টি করতে পারছি কিনা সেটাই বিবেচ্য। মুখ্যমন্ত্রীর ভাষণ থেকে আমরা জানতে পেরেছি কিকি দিকে আমাদের সম্পদ সৃষ্টির ক্ষেত্র সম্প্রসারিত হচ্ছে। সুতরাং এই ঋণ অন্যায় নয়। এখানে অরেকটা বলা হয়েছে যে, এই সরকার দেউলিয়া হবার উপক্রম হয়েছে। এটা সাধারণ অভিজ্ঞতারই কথা যে, দেউলিয়া প্রতিষ্ঠানে কেউ কোনদিন অর্থ বিনিয়োগ করে না। আজকে সরকারী ঋণ পত্র বাজারে বেরবার সঙ্গে বেশী টাকায় বিক্রী হয়ে যায় এর দ্বারাই বুঝা যায় যে সরকার দেউলিয়পনার দিকে ছুটে যাচ্ছে না। এই বাজেটে নূতন ট্যাক্স ধার্য্য করা হয়নি। এজন্য অর্থমন্ত্রী অভিনন্দন যোগ্য। যদিও আমরা মনে করছি কর ধার্য্য করা সব সময়ে অন্যায় নয় যেক্ষেত্রে আয় বেশী সেখানে করধার্য্য করা ন্যায্য এবং উচিৎ এবং সেক্ষেত্রে আমাদের জনপ্রিয়তার লোভে কর ধার্য্য না করাই অন্যায় হবে।

[11—11-10 a. m.]

কর ধার্য্য করে বা করের পরিমাণ বৃদ্ধি করে কখনও জনপ্রিয় হওয়া যায় না। কিন্তু সাময়িক জনপ্রিয়তা নষ্ট হবে বলে আমাদের অর্থমন্ত্রী যে কোন কল্যাণ মূলক কার্য্যে পশ্চাপদ হবেন এ বিশ্বাস আমার নেই। এখন কথা হোল যে কেন কর ধার্য করা হয়নি? আমার মনে হয় আজকে রাজ্য সরকার এবং কেন্দ্রীয় সরকারের মধ্যে কর ধার্য করার যে ব্যবস্থা আছে তাতে রাজ্যসরকার যদি কোন নূতন করধার্য্য করেন তাহলে সমাজের যে অংশের উপর তার যে চাপ পড়বে সমাজের সে অংশ তা সহ্য করতে পারবেন না কিন্তু এদিকে আবার যে স্তর সেই করভার সহ্য করতে পারবে তাঁদের উপর কর ধার্য্য করার ক্ষমতা রাজ্যসরকারের নেই। এই অবস্থার জন্যই নব কর ধার্য্য হয়নি এবং এইজন্য অর্থমন্ত্রীকে আমি অভিনন্দন জানাই। বাজেটের প্রধান যেটা আমার চোখে পড়েছে সেটা অত্যন্ত সু-সামঞ্জস্যপূর্ণ ব্যয়ের ব্যবস্থা অর্থাৎ টাকা আনা পাই-এর হিসাবে এটা ডেফিসিট হলেও যদি আমরা আর একটু বিচার করি তাহলে দেখব এটা ব্যালেন্স বাজেট আজকে অবশ্য শিক্ষকদের বিশেষ করে প্রতিনিধিত্ব এবং বিশেষ নির্বাচন কেন্দ্র থাকাব ফলে তাঁরা এই পরিষদে এসে শিক্ষকদের স্বার্থেই বেশী কথা বলেন তাঁদের ভাষণ শুনলে মনে হয় যে পশ্চিম বাংলার শিক্ষা ছাড়া যেন আর কোন সমস্যা নেই। কিন্তু আজকে সর্ব সমস্যা অত্যন্ত প্রকট এবং সেজন্য সর্বদিকে দৃষ্টি রেখে এই যে বাজেট প্রণীত হয়েছে। তারজন্য আমি অর্থমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি। বাজেটে দেখছি আজকে আমাদের শিক্ষার সঙ্গে সঙ্গে দেশের উন্নতির জন্য বিভিন্ন বিভাগের প্রতি সমদৃষ্টি অর্পিত হয়েছে।

এবং কৃষিও শিল্পের মধ্যে সমতা রক্ষা করবার জন্যও চেষ্টা করা হয়েছে। আমাদের কুটির শিল্প মোটেই অবহেলিত হয়নি এবং বৃহৎশিল্পের সাহায্যে বেকার সমস্যার সমাধান করতে যত বিলম্ব হবে কুটির শিল্পের সাহায্যে যে তার চেয়ে কম সময় বেশ লোককে নিয়োগ করা যাবে সেটা যে রাজ্যসরকার উপলব্ধি করে তার প্রতি দৃষ্টি দিয়েছেন তার জন্য আমি তাঁদের অভিনন্দন জানাচ্ছি। এই বাজেটের আলোচনা প্রসঙ্গে সরকারী কার্যকলাপ এবং তাঁদের দোষত্রুটির কথা বিশেষ করে আমার বন্ধুরা বলেছেন যাইহোক, আমাদের প্রশাসনিক ব্যবস্থায় কোনও দোষত্রুটি নেই বা সকল স্তরের সকল সরকারী কর্মচারীরাই কর্মপটু সৎ, এবং সাধু একথা তারা দাবী করতে পারেন। যাদের মস্তিষ্কের সুস্থতা সম্বন্ধে যথেষ্ট সন্দেহ আছে এবং এসব যারা আশা করেন। তারাও যে বিকৃত মস্তিষ্কের সে বিষয়ে কোন সন্দেহ নেই।

আমার কথা হোল যে, এরকম ঘটনা সংবাদপত্রের বড় বড় শিরোনামায় দেখে এসে এই পরিষদে বক্তৃতার মাধ্যমে প্রকাশ করার আগে তাঁরা যদি সংশ্লিষ্ট বিভাগের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে উপস্থাপিত করতেন তাহলে অনেক প্রতিকার হোত এবং সেটা হওয়া উচিৎ বলে আমি মনে করি। অনেকে যদিও মনে করেন যে এর প্রতিকারের দায়িত্ব একমাত্র সরকারের কিন্তু আমার মনে হয় জনপ্রতিনিধি হিসাবে আমরা যারা এই পরিষদে আছি—দক্ষিণে বসি আর বামেই বসি তাঁদের প্রত্যেকরই দায়িত্ব সরকারকে অবহিত করা যাতে এটা বন্ধ হয়। আজ যদি শুধু সরকারকেই নিন্দা করবার জন্যই এটা ব্যবহার করি তাহলে যে সমস্ত কর্মচারীরা এই অন্যায় করেছে পরোক্ষভাবে তাঁদের সাহায্যই করা হয়। কেননা তাঁরা জানে যে তাঁদের কোন নিন্দা বা তাঁদের ধরিয়ে দেবার ব্যবস্থা আপনারা করবেন না—কেবল করবেন এই মন্ত্রীমণ্ডলীর নিন্দা এবং এসব জানার জন্যই তাঁরা আজ নিশ্চিন্ত। আপনাদের লক্ষ্য হচ্ছে কি করে এখান থেকে ওখানে টপকে যাবেন। ভূমি রাজস্বখাতে বাজেটে যে টাকা বরাদ্দ হয়েছে সে সম্বন্ধে আমাদের বিরোধী পক্ষের বন্ধুরা বলতে বলতে এমনভাবে বলেছেন যেন কোন কোন ক্ষেত্রে এইখাতে আমাদের আয়ের শতকরা ৯৫ ভাগ টাকাই ভূমি রাজস্ব আদায় করতে এবং এই বিভাগের প্রশাসনিক ব্যবস্থার জন্য খরচ হয়ে যায়। প্রশাসনিক খরচের ক্ষেত্রে দেখছি যে, আর্থিক বছরে এই ব্যাপারে খরচ হচ্ছে ২৯ লক্ষ ৪০ হাজার টাকা। আর সেখানে আয় হচ্ছে ৫ কোটী ৮০ লক্ষ টাকা কাজেই তাঁদের ওকথা ঠিক নয়। যদিও ভূমি রাজস্ব বিভাগে নানা খরচ ধরা হয়েছে। অর্থাৎ জমি জরিপ, ভূমিসত্ত্ব প্রমাণ্য পত্রী প্রস্তুত, ক্ষতিপূরণের তালিকা প্রস্তুত এবং তা'ছাড়া জমিদারের তৈরী বাঁধগুলি রক্ষা এবং মেরামত করার দায়িত্ব ইত্যাদি সমস্ত ধরে পুরো খরচ রাখা হয়েছে। এই প্রসঙ্গে আরেকটা কথা বলতে চাই যে, ভূমিসংস্কার আইন যখন বিধিবদ্ধ হয়েছে—অবশ্য এটা আমরা জানি যে সেটেলমেন্ট অপারসন সমাপ্ত না হলে এসব হয়ত কার্যকরী করা যাবেনা। তাহলেও অন্তত ১বিঘা পর্য্যন্ত বাস্তকে রাজস্ব আদায় থেকে অবগতি দেবার যে প্রস্তাব ছিল সেটা অনতি বিলম্বে কার্য্যকরী করতে পারবেন কিনা দেখবেন। পৌর-প্রতিষ্ঠান এবং শহরাঞ্চল সম্বন্ধে যা' বলেছি তাতে আর নূতন করে কিছু বলব না। অবশ্য বলতে একটু ভয়ও পাই, কারণ এই পরিষদে স্বায়ত্ত্ব শাসনের বিশেষ নির্বাচন ক্ষেত্র আছে এবং পৌরপ্রতিষ্ঠানই হচ্ছে তার প্রধান অবলম্বন। আমি শিক্ষকদের অনুকরণ করবনা কেন না তাঁরা তো শিক্ষা ছাড়া আর কোনও সমস্যাই দেখতে পান না। আমি বলব যে এই পৌরপ্রতিষ্ঠানগুলিকে সূতিকা গৃহ থেকে আরম্ভ করে শ্মশান পর্য্যন্ত সমস্ত দায়িত্ব পালন করতে হবে। অর্থাৎ এই দায়িত্ব পালন করতে হলে যে অর্থের প্রয়োজন তাতে করধার্য্যের বিভিন্ন সূত্রগুলি রাজ্য এবং কেন্দ্রীয় সরকারের মধ্যে এমনভাবে পৃথক করা আছে তাতে আমাদের যেটুকু দেওয়া হয় তার দ্বারা এই দায়িত্ব

পালন করা সম্ভব নয়। আমি স্বীকার করছি আমরা পারিনি সম্ভব নয় বলে পারিনি—কিন্তু পারিনি তা নয়। এই আয়ের কিছু সূত্র যাতে পৌরপ্রতিষ্ঠানকে দেওয়া হয় তার জন্য সরকারকে বিবেচনা করতে বলছি।

জেলা পর্য্যদগুলি থাকবে কি থাকবে না তা জানিনা। কিন্তু আমার মনে হচ্ছিল পঞ্চায়েৎ এবং সরকারের মধ্যে একটা অন্তবর্তী স্তর থাকা উচিৎ এবং তার কিরূপ হবে। সেটা বিশেষভাবে মন্ত্রীমহাশয়কে বিবেচনা করতে অনুরোধ করব। এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত অবিলম্বে গ্রহণ করার জন্য অনুরোধ করব। গোপাল হালদার মহাশয় এবং অন্যান্য অনেকে বলেছেন যে পশ্চিমবাংলার সমস্ত সরকারী কাজকর্ম্ম বাংলাভাষার মাধ্যমে পরিচালিত হওয়া উচিৎ। আমি এ বিষয়ে তাহাদের সঙ্গে একমত। বাংলা বাঙালীর ভাষা এবং বাংলাদেশে সাধারণ মানুষের বোধগম্য যে ভাষা তাতে সরকারী কাজকর্ম পরিচালিত হওয়া উচিৎ এবিষয়ে প্রস্তুতিতে কিছু সময় লাগবে। সরকারের প্রস্তুতির সঙ্গে সঙ্গে আমাদেরও এই বিষয়ে প্রস্তুতির প্রয়োজন। কিন্তু আমি আজ একথা বলব যে আমাদের ওপারের নেতৃস্থানীয় অনেকেই বক্তৃতার বাহন হিসাবে ইংরাজীকে গ্রহণ করেছেন এবং বাংলাভাষার ধার দিয়ে যাননা। সুতরাং খালি সরকারে উপর দোষারোপ করলে লাভ হবেনা। নিজেদেরও কথাও চিন্তা করা উচিৎ। আমি আর বেশী বলব না, কারণ আমার সময় শেষ হয়ে আসছে। সেদিন ভট্টপল্লীর সুপ্রসিদ্ধ পণ্ডিত বংশের কৃতি সন্তান ডাঃ জানকীবল্লভ ভট্টাচার্য মহাশয় বাক্য উদ্ধৃতি করে বলেছিলেন যে পণ্ডিতের প্রশংসালাপের কোন দাম নেই। এই সঙ্গে সঙ্গে তাকে যদি বলি পণ্ডিতদের নিন্দারও কোন দাম নেই, সুতরাং তাঁর জবাব দিলাম না।

শ্রীমতী অনিলা দেবী তার ভাষণে ভীতি প্রদর্শন করে বলেছেন যে মহিলারা নাকি আগে থেকে হাতিয়ার ধরবেন। আমি জানি যে এই পরিষদে আমার যে সব বন্ধুবান্ধব আছেন বিশেষ করে বয়সে যাঁরা আমার অগ্রজ প্রতিম তাঁরা গলার দাপটেই অস্থির হয়ে আছেন। হাতিয়ার হলে তো তাঁদের ঘর ছাড়তে হবে। আমার অবশ্য সে ভয় নেই বলে খুব বাঁচান বেঁচে গেছি।

Sri Nirmal Chandra Bhattacharyya : সভাপাল মহাশয়, ইতিপূর্ব্বে আমি বাংলাতে অনেক বক্তৃতা করেছি এবং আজও আমার যা সামান্য বক্তব্য পেশ করব সেটা বাংলাতেই বলব। বন্ধুবর মাননীয় রবীন্দ্র লাল সিংহ মহাশয় বোধ করি এপাশ থেকে ঐ বক্তৃতা দিতে পারতেন। তিনি দু'টো বিষয় বলেছেন যা নাকি আমাদের সমালোচনা মূলক সেই দু'টো বিষয় সম্বন্ধে আমি প্রথমে উত্তর দেব। তিনি বলেছেন যে আমাদের এখান থেকে কনস্ট্রাক্টিভ ক্রিটিসিজম বা গঠনমূলক প্রস্তাব আসে না। যখন মাননীয়া রাজ্যপালের ভাষণের উপর বক্তৃতা হচ্ছিল তখন ঐ পক্ষ থেকে ৩১৪ জন সদস্য বক্তৃতায় বলেছেন যে এ পক্ষ থেকে গঠনমূলক প্রস্তাব দেওয়া হয়েছে এবং তাদের সমালোচনা গঠন পন্থী। সুতরাং এই যে দোষারোপ করা হয়েছে যে আমরা গঠনমূলক প্রস্তাব করি না এটা নিজেদের কথা থেকে বাতিল করে দিচ্ছেন বলে আমার মনে হয়। দ্বিতীয় আর একটা কথা বলেছেন যে সরকারের ভেতর দুর্নীতি রয়েছে। আমারাও সেটা স্বীকার করি এবং আমরাও বলি যে একদম উপর তলা থেকে নীচ পর্য্যন্ত দুর্নীতী রয়েছে। সেজন্য এদিক দিয়ে আমাদের দাবী যে শ্রীযুক্ত দেশমুখ যেমন প্রস্তাব করেছেন যে কেন্দ্রেতে দুর্নীতি সম্বন্ধে অনুসন্ধানের জন্য একটা ট্রাইবুনাল অর্থাৎ বিচারের ব্যবস্থা করা হোক, আমরাও তেমনি মনে করি যে এখানেও একটা করা উচিৎ আশা করি মুখ্যমন্ত্রী মহাশয় এবিষয়ে অবহিত হবেন। তাঁরই দলের একজন প্রধান বক্তা রবীন্দ্র লাল সিংহ মহাশয় সরকারের দুর্নীতির নিন্দা করেছেন। ঐ দুর্নীতির মূলে কুঠারঘাত করতে হলে যে ব্যবস্থার প্রয়োজন তার সবচেয়ে আবশ্যকীয় ব্যবস্থা হচ্ছে একটা ট্রাইবুনাল বা বিচারের ব্যবস্থা করা। আশা করি এ বিষয়ে আমাদের মুখ্যমন্ত্রী বিবেচনা করবেন। সভাপাল মহাশয়

আমাদের অর্থমন্ত্রী যে বক্তৃতা দিয়েছেন সেই বক্তৃতার ৩ পৃষ্ঠায় বলেছেন "These figures indicate that our economy is making noticable and surtained progress."

তিনি তার পূর্ব্বে আমাদের জাতীয় আয় সম্বন্ধে কতকগুলি পরিসংখ্যান দিয়েছেন। তিনি যে কথা বলেছেন সে কথাটা প্লানিং কমিশান যে কথা বলেছেন এবং কেন্দ্রীয় মন্ত্রীরা বিশেষ করে প্রধান মন্ত্রী যে কথা বলেছেন তার পরিপন্থী। তাঁরা বারবার বলেছেন যে এই যে পরিকল্পনা আমাদের চলছে এই পরিকল্পনা কালে যারা ধনী ব্যক্তি তাঁরাই লাভবান হয়েছেন, দরিদ্র বা মধ্যবিত্ত শ্রেণীর মানুষ লাভবান হননি। আমরা কোনটা গ্রহণ করব? মুখ্যমন্ত্রীর এই যে উক্তি এই উক্তি আমরা কিছুতেই গ্রহণ করতে পারি না। আমরা গ্রহণ করব বার বার প্রধান মন্ত্রী যে কথা বলেছেন সেটা মুখমন্ত্রী তথা অর্থমন্ত্রী দেশের উন্নতির কথা লক্ষ্য করেছেন। পশ্চিম-বাংলার অবস্থাটা যদি ভাল করে বিশ্লেষণ করে দেখেন তাহলে দেখতে পাবেন যে এখানে বেকার সমস্যা ভয়াবহ আকার ধারণ করেছে। প্রতি বৎসর টেষ্ট রিলিফ এবং গ্রাটুইটাস রিলিফ প্রভৃতি দেওয়া হচ্ছে—অনাহারে মৃত্যু পর্য্যন্ত হয়েছে। যে সমস্ত উদ্বাস্তু এখানে রয়েছে সেই উদ্বাস্তুদের সমস্যার এখনও সমাধান করা সম্ভব হয়নি পশ্চিমবাংলার পক্ষে। আজকে যেখানে এই অবস্থা হয়েছে যেখানে তিনি কি করে বলছেন যে পশ্চিমবাংলায় আর্থিক উন্নতি হচ্ছে এটা বুঝা শক্ত। তাঁরা বন্ধু বান্ধব এবং যে সব সংগঠন তাঁর জন্মদিন তহবিলে টাকা দিয়া থাকেন তাঁদের হয়ত খানিকটা উন্নতি হয়েছে কিন্তু যারা মধ্যবিত্ত শ্রেণীর মানুষ যারা দরিদ্র তাঁদের উন্নতির কিছুই হয়নি। কাররণ আমরা দেখতে পাচ্ছি যে উদ্বাস্তু সমস্যার সমাধান হয়নি, আমরা দেখতে পাচ্ছি যে বেকার সমস্যা ভয়াবহভাবে বাংলাদেশের অর্থনীতিকে পর্যুদস্ত করছে, তথাপি তিনি যে কথা বলেছেন সেকথা নিজে বিশ্বাস করে বলছেন বলে আমার মনে হয় না। সভাপাল মহাশয়, আমরা যদি পুস্তিকা আমাদের কাছে বিতরিত হয়েছে ওয়েষ্ট বেঙ্গল ষ্টেটক্লপি তার দিকে তাকাই তাহলে দেখতে পাবো এক এবং দুই পাতায় দেখানো হয়েছে রাজ্যসরকার আমাদের যা মোট ব্যয় তার কতকটা বহন করছেন এবং আমাদের যা আয় তার কতটা বহন করছেন এবং কতটা কেন্দ্রীয় সরকার বহন করছেন। দেখতে পাওয়া যাচ্ছে ২৪'৩ মাত্র কেন্দ্রীয় সরকার থেকে পাওয়া যাচ্ছে এবং যেটাতে পাওয়া যাচ্ছে সেটা আমাদের সংবিধান অনুযায়ী এবং অধিকাংশই আমরা কর মারফৎ পশ্চিমবাংলায় উপদ্রুত দরিদ্র মানুষের কাছ থেকে আদায় করাছ। এর সংগে যদি আমরা মিলিয়ে দেখি তা হলে দেখবো যাকিছু ইলাষ্টিক সোর্স অব রেভিনিউ অর্থাৎ যেসব খাত থেকে ক্রমবর্দ্ধমান বেশী আয় হবার সম্ভাবনা সেইসব কেন্দ্রীয় সরকার নিজের আয়ত্তে রেখেছেন কিন্তু যেসব খাত থেকে আয় ক্রমবর্দ্ধমান হবার সম্ভাবনা নেই সেইসব আমাদের এখানে দিয়েছেন। কেবল আমাদের রয়েছে বিক্রয় কর। সুতরাং বিক্রয় কর বাদে আয় যা কিছু দেখা যাবে তা থেকে আমরা দেখতে পাবো যে আমাদের কাছে ইনইলাষ্টিক অর্থ যা ক্রমবর্দ্ধমান নয়, এই রকম করের খাতে আমাদের ভাগে ফেলা হয়েছে। আমি আশা করি যে প্রতি রাজ্য থেকে আন্দোলন করা উচিৎ যাতে করে সংবিধানের পরিবর্ত্তন হতে পারে এবং পরিবর্ত্তন করে যাতে ক্রমবর্দ্ধমান আয় যে সমস্ত খাতে খরচ হতে পারে সেই খাত গুলি রাজ্যের ভাগে ফেলা দরকার। তা যদি না হয় তাহলে রাজ্য গুলি বরাবর কেন্দ্রের মুখের দিকে তাকিয়ে থাকবে এবং কেন্দ্র রাজ্যগুলির প্রতি বরাবর একটা অবিকার করে যাবে।

সভাপাল মহাশয়, আমাদের এদিক থেকে প্রস্তাব করা হয়েছে, যে রাজ্য সরকার যদি অসহযোগ করেন কেন্দ্রীয় সরকারের সংগে তাহলে আমরা যে অন্যায় ব্যবহার পাচ্ছি আয়কর খাতে এবং পাটকর খাতে সেটা বোধ হয় দূরীভূত হবে একথা বলা হয়েছে। রাজ্য সরকারের পক্ষে সেটা করা কতদূর সম্ভব তা জানিনা কিন্তু আমার সাধারণভাবে মনে হয় যে আমরা ভারতীয় যুক্তরাষ্ট্রের ভেতর থাকবো অথচ অসহযোগ করবো এটা সম্ভব হয় না। গত বৎসরে আমরা প্রস্তাব করেছিলাম যে সেয়ার অব সেন্ট্রালি লোভেড ট্যাকসেস এ বিষয় সম্বন্ধে আমরা বিধানসভা এবং বিধান পরিষদের সরকারী পক্ষ এবং বিরোধিপক্ষের প্রতিনিধি নিয়া

একটা ডেপুটাসন প্রধানমন্ত্রীর কাছে যাই এবং সেখানে গিয়ে বলি যে বৎসরের পর বৎসর সেন্নার অব সেনট্রাল লোডেড ট্যাক্সেস সেই খাতে আমাদের প্রতি অন্যায় করা হচ্ছে—এই প্রস্তাব গত বৎসর করেছি, এবারেও আবার আমি করছি। সভাপাল মহাশয় যখন সরকারী বাজেটের আলোচনা করা হয় তখন বাজেট সাধারণতঃ আলোচিত হয় কয়েকটা দিক থেকে এই বাজেট ঠিক হয়েছে কিনা অর্থাৎ আমাদের যা প্রয়োজন সেই অনুসারে করা হয়েছে কিনা কিম্বা বেশি টাকা রাখা হয়েছে সেজন্য বেশি করধার্য্য হয়েছে, যে করের ভার লাঘব করার সম্ভব ছিল সেই করের ভার লাঘব করা হয়নি এইসব দিক থেকে আমরা বিবেচনা করেছি। আমি যেসব পরিসংখ্যান উদ্ধৃত করেছি সেগুলি কমন্ট্রোলার এ্যাণ্ড অডিটার জেনারেলের বিবরনী থেকে আমি সংগ্রহ করেছি ১৯৫০।৫১ সাল থেকে ১৯৫৬।৫৭ সাল পর্য্যন্ত যে কয়েক বছরের কমন্ট্রোলার খ্যাণ্ড অডিটার জেনারেলের বিবরণী প্রকাশিত হয়েছে তার থেকে আমি আপনার সামনে পরিংখ্যান উদ্ধৃত করছি।

[11. 20—10.30 a.m.]

১৯৫০।৫১ সালে voted grants যা ছিল তার প্রায় শতকরা ১৮.২ বেশী যা প্রয়োজন তার চেয়ে। ১৯৫১।৫২ সালে ২০.২% বেশী ১৯৫২ ৫৩ সালে ২০.৮% বেশী, ১৯৫৩।৫৪ সালে ১৩.৬% বেশী, ১৯৫৪।৫৫ সালে ১২% বেশী ছিল, ১৯৫৫ ৫৬ সালে ১৮.৫% বেশী ১৯৫৬।৫৭ সালে ১৬.২% বেশী এই থেকে এই সিদ্ধান্তে উপনীত হচ্ছি যে এই যে বাজেট তা accurate অর্থাৎ ঠিকমত হচ্ছেনা এবং আমাদের আয় কত হবে ব্যয় কত হবে এই যে একটা Intelligent anticipation যা নাকি বাজেটের ভিতর থাকা উচিত সে সম্বন্ধে দুরদৃষ্টির অভাব আমি এই পরিসংখ্যানের ভিতর দেখতে পাচ্ছি। সভাপাল মহাশয় এই অবস্থার প্রতিকার করতে হলে আমরা কি পন্থা অবলম্বন করতে পারি সে সম্বন্ধে বলতে গিয়ে আমি গত বছর Estimate Committee-র কথা রেখেছিলাম। এবারও সে সম্বন্ধে আমার বক্তব্য রাখবো। এই যে Estimate Committee-র কাজ সে সম্বন্ধে লোকসভার ভুতপূর্ব্ব মাননীয় অধ্যক্ষ মভলঙ্কার বলেছিলেন যে এই Estimate Committee অত্যন্ত গুরুতর কর্ত্তব্য সম্পাদন করতে পারেন। তিনি বলেছিলেন এর আসল উদ্দেশ্য হল

To associate with and train as large a number of members as possible not only in the ways in which the administration is carried out but also to make them conversant with the various problems that Government have to meet from day to day ; (2) to exercise control on the executive so that they do not become oppressive or arbitrary ; (3) to influence the polieies of Government and (4) to act as a liaison between the Government and the general public.

শুধু যে লোকসভায়ই এই Estemate Chmmittee স্থাপিত হয়েছে তা নয়, বিভিন্ন রাষ্ট্রেও স্থাপিত হয়েছে এবং দীর্ঘকাল থেকে এই Estimate Committee অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ করে চলেছে বিভিন্ন রাজ্যে যেমন অন্ধ্রে, বোম্বেতে, কেরলে, মধ্যপ্রদেশে মধ্যপ্রদেশে মাদ্রাজে, মহীশূরে পাঞ্জাবে, রাজস্থানে এই Estimate Committee রয়েছে। আমি অনুরোধ করবো প্রধান মন্ত্রী মহাশয়কে যে তিনি এ বিষয়ে বিবেচনা করুন। এ বিষয়ে একটা স্থির সিদ্ধান্তে উপনীত হউন।

বন্ধুবর শ্রীরবীন্দ্রলাল সিংহ মহাশয় বলেছেন যে নূতন tax নাই, এত ভাল কথা। কিন্তু নুতন যে করের প্রভাব করা হয়নি তার কারণ হচ্ছে বাংলা দেশের মানুষের করভার শেষ সীমায় গিয়ে পৌছেছে। ১৯৫১।৫২ সালের পূর্ব্বে পাঞ্জাব, বোম্বে এবং পশ্চিমবাংলার মানুষ ৯.৪ টাকা tax দিত আমি যতটা হিসাব করেছি—সে হিসাবের ভিতর ভুল থাকতে পারে তাতে আমি দেখতে পাচ্ছি প্রতি ব্যক্তিকে ১৫ থেকে ১৬ টাকা tax দিতে হচ্ছে। এই যে ক্রমবর্দ্ধমান করভার তা বাংলাদেশের মানুষ সহ্য করতে পাচ্ছে না—শ্রীরবীন্দ্রলাল

সিংহ মহাশয় বলেছেন যে যে শ্রেণী কর দিতে পারে সেই শ্রেণীর উপর কর চাপাবার আমাদের ক্ষমতা নাই। এটা অত্যন্ত দুঃখের বিষয় এবং সেজন্য আমি প্রস্তাব করছি যে ঘরের খাতগুলি যা কেন্দ্র এবং রাজ্যের মধ্যে বিভাগ করা যাচ্ছে তার মধ্যে কেন্দ্রের খাতের কতকগুলি যদি রাজ্যের খাতে না আনা হয়, তাহলে আমরা সেই শ্রেণীর উপর করভার চাপাতে পারব না, যারা কর দিতে পারে এবং যারা পঞ্চবার্ষিক পরিকল্পনায় বিশেষ করে লাভবান হচ্ছে।

সভাপাল মহাশয়, আজকে পশ্চিম বাংলায় করভার কি ভাবে গরীব মানুষ এবং খুব সংগতিশীল মানুষরা বহন করে তা যদি দেখি—তাহলে দেখা যাবে শতকরা ১৮।২০ ভাগ করভার বহন করছে। অবস্থাপন্ন লোকেরা আর গরীবের ঘাড়ে ৮০।৮২ ভাগ পড়েছে। এটা অত্যন্ত দুঃখের বিষয়, অর্থমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আমি বিশেষ করে এদিকে আকৃষ্ট করছি এবং আশা করি ভবিষ্যতের বাজেটে এ বিষয় একটু সুবন্দোবস্ত হবে।

এখানে অনেক বন্ধু ঘাটতির কথা বলেছিলেন, কিন্তু যে দেশে developing economy থাকে অর্থাৎ যেদেশ অনগ্রসর আর্থিক দিক থেকে, সেই দেশ যদি অগ্রসর হতে চায়, তাহলে deficit বাজেট, ঘাটতি বাজেটের প্রয়োজন হয়ে পড়ে। কিন্তু এই ঘাটতি দূর করবার ব্যবস্থা কি? সেই ব্যবস্থা সম্পর্কে সুষ্ঠু কোন পরিকল্পনা পশ্চিমবাংলা সরকারের নেই। যে কথা বন্ধুবর নগেন ভট্টাচার্য্য মহাশয় বলেছেন amortisation, যাকে বলে দেনা হলেও দোষ কি! দেশ দেনা করে থাকে তার আর্থিক অবস্থা ভাল না হলে। অর্থাৎ আর্থিক দিক থেকে দেশ দেনা করে এবং তা শোধ করে। কিন্তু এখানে যে দেনা আছে সেই দেনা পরিশোধ করবার জন্য কি সুষ্ঠু ব্যবস্থা অর্থমন্ত্রী মহাশয় করেছেন, সেটা আমি ভাল করে জানতে চাই।

আমি বেকার সমস্যা সম্বন্ধে পুনরায় উল্লেখ করতে চাই। ১৯৫৩ সালে যে পরিসংখ্যান তৈরী হয়েছিল সরকারী পরিসংখ্যান বিভাগ থেকে, তাতে দেখা যাচ্ছে বাঙ্গালীরা পশ্চিম বাংলার যা মোট জনতা তার শতকরা ৬২.৬। কিন্তু তারা চাকরী পেয়েছে মাত্র শতকরা ৫০.৮। এবিষয়েতে সরকারের দৃষ্টি বারবার আকর্ষণ করবার জন্য আমি চেষ্টা করেছি। কিন্তু বিশেষ কিছু ফল হয়নি। তিনি প্রথম যখন বলেন ঐ সমস্ত ব্যবসা বানিজ্য কেন্দ্রীয় সরকারের হাতে, আমাদের তাতে কোন হাত নেই, আমরা তখন বলি উড়িষ্যায় রুরকেল্লায় উড়িষ্যা সরকারের ব্যবস্থা করেছেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে যার দ্বারা কতকগুলি শ্রেণীর চাকরী উড়িষ্যাবাসীকে দিতে হবে, এই রকম ব্যবস্থা হয়েছে—বিহারে একজন কর্মচারী নিয়োগ করে রেখেছেন, জামসেদপুরে এবং সেখানে কোন একটা চাকরী বিহারী ছাড়া অন্য কাউকে দিতে হলে মুস্কিলে পড়তে হয়, অর্থাৎ টাটা কোম্পনীর কাছে বেশ বেগ পেতে হয় যারা সেখানে বসে আছেন কিন্তু এই সমস্ত ক্ষমতা আমাদের সরকারের নেই। তার কারণ হচ্ছে—যে সমস্ত লোকের উপর একটু চাপ দিতে হবে তাদের অর্থের উপর নির্ভর করছে কংগ্রেসের ভবিষ্যৎ। তাদের দেয় অর্থের উপর নির্ভর করছে—birthday purseএ অর্থাৎ জন্মদিনে কতটা টাকা দেবে। এই যদি অবস্থা হয় তাহলে কি করে তাদের উপর ক্ষমতা লাভ করবে।

তারপর ক্ষুদ্র এবং কুটীর শিল্পেরও কথা বলা হয়েছে, এবং unemployment বা বেকার সমস্যা সম্বন্ধেও বলা হয়েছে।

পশ্চিম বাংলার ক্ষুদ্র এবং কুটীর শিল্প সম্বন্ধে যদি আমরা একটু বিবেচনা করে, দেখি তাহলে দেখতে পাবো যে পশ্চিম বাংলা সরকার যতটা করেছেন, অন্য রাজ্যের সরকার যারা আমাদের চেয়েও সমৃদ্ধিশালী, তাঁরা ঢের বেশী করেছেন। এখানে এইটুকু করে অর্থমন্ত্রী মহাশয় যে আত্মসন্তুষ্টির মনোভাব দেখিয়েছেন তা অত্যন্ত দুঃখের এবং লজ্জাকর।

[11-30—11-40 a. m.]

শতকরা ২৮। ভাগ বেশী ব্যয় করছেন অন্ধ্র সরকার ক্ষুদ্র এবং কুটিরশিল্পের উন্নয়ন

করবার জন্য বোম্বে ব্যয় করেছেন শতকরা ১১৮ ভাগ বেশী ১৯৫৬-৫৭ সাল থেকে ১৯৫৯-৬০ সাল পর্য্যন্ত। মধ্যপ্রদেশে ঐ একই সময়ে ব্যয় করেছেন শতকরা ২৮৮ ভাগ বেশী; মাদ্রাজে ব্যয় করেছেন শতকরা ২১২ ভাগ বেশী। আর আমাদের বাংলাদেশে হচ্ছে ১৪৬ যদিও এখানে বেকার সমস্যা খুবই সাংঘাতিক। অর্থাৎ বোম্বে যেখানে বেকার সমস্যা খুব কম, তার তুলনায় আমরা অনেক কম ব্যয় করছি. অথচ লম্ফঝম্প করছেন আমাদের মুখ্যমন্ত্রী—হাঁা যথেষ্ট আমরা ব্যয় করছি ক্ষুদ্র শিল্পের জন্য যতটা ব্যয় করা উচিৎ ততটা তিনি করছেন না এই কথাই আপনার কাছে নিবেদন করিতে চাই।

তারপর বস্তীর improvement বস্তী উন্নয়ন সম্বন্ধে এবং বস্তীর পরিবর্তে ভাল বাসস্থান বস্তীবাসীদের জন্য প্রস্তুত করবার জন্য একটা আইন প্রণীত হয়েছে এই আইন প্রণীত হয়েছে এই কারণেয়ে কলিকাতার প্রতি ৪জন মানুষের মধ্যে একজন বস্তীবাসীর এবং হাওড়াতে, যেখানে রবীন্দ্রলাল সিংহ মহাশয় কর্তৃত্ব করছেন মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান হিসাবে, সেখানে প্রতি ৩ জন মানুষের মধ্যে একজন বস্তীবাসী। এই বস্তির সংখ্যা ৩৬০০টি। অথচ এই বস্তীর উন্নয়নের জন্য আইন পাস হওয়া সত্বেও বস্তী উন্নয়নের জন্য বিশেষ কোন চেষ্টা এখনো হচ্ছে না আপনারা জানেন কলিকাতা কর্পোরেসনের এই বস্তীউন্নয়ন একটা কর্তব্য ছিল কলকাতা কর্পোরেশনের আইনে যে সব করনীয় কাজ—তারমধ্যে বস্তী উন্নয়নেরও উল্লেখ ছিল। তাঁরা এপর্য্যন্ত কিছু করেন নাই। অর্থাৎ তারা কর্তব্য হীনতার দায়ে দায়ী। এই বস্তীর উন্নয়ন এই আইন অনুসারে হতে পারে আমি প্রস্তাব করবো Calcutta Improvement Trust দ্বারা বস্তী উন্নয়নের কাজ ভাল করে করা হোক্ Calcutta Impromient Trust আইন যেটা আছে, তার Section 39 (c) অনুসারে বাড়ী টারী ইত্যাদি তৈরী করা কর্তব্য। তারা এপর্যন্ত যে কাজ করেছেন। সেটা খুব উল্লেখযোগ্য। ১৯৫৬-১৯৫৭ সাল থেকে ১৯৫৯-৬০ সাল পর্য্যন্ত যে রাস্তা তৈরী করে কর্পরেশনের হাতে দিয়েছে অবশ্য কর্পরেশন সেগুলোকে ভাল করে রক্ষা করতে পারবে না। তারা মাইলেজ হচ্ছে ৮·৯৬ মাইল। Road and Sewerage milage taken up for constructions. ১৯৫৬-৫৭ সাল থেকে ১৯৫৯-৬০ সাল পর্য্যন্ত ২·৬৭। আর Area of open spaces handed over to Corporation. তার এরিয়া হচ্ছে 39·72 তাঁরা যে সমস্ত বাড়ী করেছেন—সে বাড়ীর পরিসংখ্যান খুবই আশাপ্রদ মনে হয়। For the slightly higher income group পাঁচশো থেকে বারশো তার তিন কামরা এবং বারাণ্ডা। এইরকম ২৯টি ফ্লাট বাড়ী তাঁরা করেছেন। For the middle income group সাড়ে তিনশো থেকে আটশো two rooms and a verandah, দুটি ঘর, একটা বারাণ্ডা এইরকম ৩৩২টি for the sow income grouph.

যাদের চারশো টাকা মাইনে তাদের জন্য ১৫৪টি করেছেন for Industrial works যারা factry তে কারখানায় কাজ করেন তাঁদের জন্য ষ্টাটের পক্ষ থেকে কিছু ভাড়া দেওয়া হয় তার সংখ্যা ৬৬০টি।

For Bustee dweller (Subsidised) আটশো। For the working workers without family. ২ টি। সুতরাং দেখা যাচ্ছে। ওরা এদিকে বেশ অগ্রসর হয়েছেন। এই যে সমস্ত বাড়ী তাঁরা তৈরী করেছেন সেই বাড়ীগুলির চাহিদাও যথেষ্ট। তাই আমি মনে করি এই বস্তী উন্নয়নের কাজ এই ট্রাষ্ট মারফৎ করা উচিত এবং তা যদি হয় ওরা যেমন অন্যক্ষেত্রেতে উন্নতি দেখিয়াছেন—এক্ষেত্রেও তাঁরা যথেষ্ট উন্নতি দেখতে পারবেন বলে আমি আশা করি।

The Hon'ble Khagendra Nath Das Gupta : মাননীয় পরিষদপাল মহাশয়, সে দিন বাজেট বিতর্ককালে মাননীয় সদস্য অধ্যাপক চক্রবর্ত্তী মহাশয় অভিযোগ করেছেন যে আমি পরিষদ কক্ষে আমাদের Executive Engineer, Asistant Engineer, Overseer, Estimator-দের শতকরা ৮০ ভাগ পদ স্থায়ী করার জন্য যে প্রতিশ্রুতি দিয়াছিলাম সে

প্রতিশ্রুতি রক্ষা করিনি। এ কথা সত্য যে আমি প্রতিশ্রুতি দিয়াছিলাম—এই পরিষদ-কক্ষে, কি বিধান পরিষদ কক্ষে আমার স্মরণ নেই। সে প্রতিশ্রুতি রক্ষা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হয়েছে। আমাদের Revised Recruitment Rules যা হয়েছে, সেই পরিবর্তিত নিয়মাবলীতে এই সম্পর্কীত প্রয়োজনীয় ধারা সন্নিবশিত করা হয়েছে এবং Revised Recruitment Rules বা পরিবর্তিত নিয়োগ নিয়মাবলী ইতিমধ্যে পশ্চিমবঙ্গের Public Service Commisson এর সঙ্গে পরামর্শক্রমে প্রণীত হয়েছে, এবং তা প্রচার করা হয়েছে ২৭ শে আগষ্ট ১৯৫৯ সালে। তদবধি আমাদের Executive Engineer এবং Assistant Engineer-দের শতকরা ৮০ ভাগ পদ স্থায়ী করা হয়েছে। এই পদগুলি পুরণের জন্য নির্ব্বাচনের ভার Public Service Commison-এর উপর দেওয়া হয়েছে, বিশেষ করে Executive Engineer ও Assistant Engineer-এর পদগুলির ভার তাদের উপর দেওয়া হয়েছে। যে তারিখে প্রচার করা হয়েছে পরিবর্তিত নিয়মাবলী সেই তারিখ থেকে প্রায় তিন মাসের মধ্যে যেসব Executive Engineer আছেন তাদের Confidential roll প্রভৃতি আমরা প্রেরণ করেছি এবং Public Service Commission-এর কাছ থেকে তাদের সুপারিসের জন্য আমরা প্রতীক্ষা করছি। তাদের কাছ থেকে আমাদের Executive Engineer, Assistant Engineer-দের যেসব নাম আসবে, সেই সব পদে তাদের স্থায়ী করা হবে। Ovrrseer-Estimators-দের নির্ব্বাচনের ভার একটা নির্বাচনী কমিটি, Selection Committee-র উপর ন্যস্ত আছে। তারা ইতিমধ্যে ১১২ জন প্রার্থীকে নির্ব্বাচন করেছেন এবং তাদের মধ্যে ১৭ জনকে ইতিমধ্যে স্থায়ী করা হয়েছে। আর সকলের জন্য Medical Report-এর অপেক্ষা করা হচ্ছে। অবশিষ্টদের জন্য Superintending Engineer-এর সুপারিশের জন্য অপেক্ষা করা হচ্ছে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri: অধ্যক্ষ মহোদয় বাংলার বাজেট সমালোচনা প্রসঙ্গে শিক্ষা বিভাগকে নিয়েই বেশী আলোচনা হয়েছে। প্রথমেই শ্রীযুক্তা অনিলাদেবী বলেছেন, বাজেট দেখলে হতাশ হতে হয়, নিরাশ হতে হয়। তিনি যে হতাশ হয়ে বসে পড়েন নি এটাই আশ্চর্য্য। কেন যে হতাশ কিজন্য হয়েছেন তার কারণও নির্দেশ করেছেন একটা, সেটা Revised Budget-এ এই বৎসর ১৪ কোটী ২৫ লক্ষ টাকার ব্যবস্থা হয়েছে কিন্তু আগামী বৎসরের ব্যাজেটে ১৩ কোটী ৭৫ লক্ষ টাকার ব্যবস্থা করা হয়েছে। কাজেই তিনি হতাশ ও নিরাশ হয়েছেন।

প্রথম কথা হচ্ছে যে Second year plan-এ ১৯৫৬-৫৭ সালে আমাদের শিক্ষা খাতে মোট ব্যয় হয়েছিল ১০ কোটি ৭লক্ষ টাকা ১৯৫৭-৫৮ সালে হয়েছিল ১১ কোটি ৩৭ লক্ষ টাকা এতেও তিনি কোন উন্নতি দেখতে পাননি। তারপর ১৯৫৮। ১৯৫৯ সালে ১২ কোটি ৯৫ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছিল অর্থাৎ আরও প্রায় ২ কোটী টাকা ব্যয় বৃদ্ধি প্রাপ্ত হয়েছিল, পরবৎসর আরও ৫০ ৬০ লক্ষ টাকা বেশী ব্যয় হয়েছিল এতেও তিনি আশান্বিত হবার কোন কিছু দেখতে পাননি। গত বারে যা বরাদ্দ করা হয়েছিল Assmbly থেকে যেটাকা আমাদের মঞ্জুরী দেওয়া হয়েছিল তার থেকে যথেষ্ট বেশী আমরা ব্যয় করেছি তাতে তিনি আমাদের অভিনন্দন যোগ্য মনে করেন না। এবারে যে ৬ লক্ষ টাকা কম বরাদ্দ হয়েছে তাতেই তিনি হতাশ হয়েছেন। তিনি যদি বাজেট দেখতেন পড়তেন—বিপদের কথা হচ্ছে। এখানে অনেকেই সমালোচনা করতে আসেন কিন্তু বাজেট পড়েন না এরা সকলেই মস্ত বড় শিক্ষাবিদ সুতরাং পরে বুঝতে পারবেন না একথা বলতে পারিনা যদি যদি একবার পড়ে দেখেন তাহলে দেখতে পাবেন যে ১০১ পৃষ্ঠায় শিক্ষাখাতে দাবীকৃত সমস্ত খরচটা দেখান হয়েছে। ১৯১ পৃষ্ঠায় বাজেট বরাদ্দ দেখতে পাবেন ১৯৬০।৬১ সালের জন্য ১২ কোটি ১০ লক্ষ টাকা গত বৎসরে সামগ্রিক ব্যয় ছিল ১৪ কোটি ২৪ লক্ষ এবারে প্রায় ১ কোটী ৪৬ লক্ষ বরাদ্দ বাড়ান হয়েছে তবুও তিনি হতাশ এবং নিরাশ হয়েছেন তারপর তার থেকে সুর নিয়ে সত্যপ্রিয় বাবু বক্তৃতা ক'রেছেন। প্রথম কথা হচ্ছে Secretary

Dr. Sen অনেক টাকা আত্মসাৎ করেছেন। অধ্যক্ষ মহোদয়, আমরা জানতাম Assemblyতে বা Councilএ যারা নিজেদের defend করতে পারেন না তাঁদের কোন রকম আক্রমণ করা হয়না। আমাদের বন্ধু শশাঙ্ক স্যান্যাল মহাশয় তাঁর অভিজ্ঞতা থেকে বলতে পারবেন যাঁরা উপস্থিত থেকে নিজেদের defend করতে পারেন না তাঁদের ব্যক্তিগতভাবে আক্রমণ করা হবে না এই নিয়ম Council এ এখনও আছে আগেও ছিলকিনা।

Shri Sasanka Sekhar Sanyal :—সত্যপ্রিয়বাবু বলেছেন, শিক্ষা-সচিবের এই অপব্যয়ের জন্য তিনি আপনাকে দোষী করেছেন, আপনি নিজেকে defend করতে পারেন না।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :—স্যান্যাল মহাশয় এখন তাঁর পক্ষে উকালতি করছেন বটে, যদি তিনি তাঁর বক্তৃতাটি দেখেন তাহলে দেখবেন তিনি বলেছেন—Education minister তাঁকে control করতে পারেন না. তাঁকে দোষ দিচ্ছি না—তিনি D. M. Sen কেই দোষ দিয়েছেন। তিনি অর্থাৎ শ্রীযুক্ত D. M. Sen দুটো বেতন নিচ্ছেন। একটা Secretary হিসাবে—

Mr Chairman :—He wanted to know whether both these pays were being drawn by him.

The Hon'ble Rai Harenda Nath Chaudhuri : He did not worth to know, but he alleged.

একটা Secy. হিসাবে আরেকটা director হিসাবে—

Sir Satyapriya Roy :—Provisson has been made in the bud get for the two salaries.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri :—আশ্চর্য্য বিষয় বটে এটি Assembly Library থেকে Civil List আনিয়ে দেখবেন Director এর pay স্থলে কোন অঙ্কপাত নেই সেখানে পাবেন note দেওয়া হয়েছে Director এর কাজ করছেন, কিন্তু pay nil Director এর pay নিচ্ছেন না। Secretaryর বেতন মাত্র নিচ্ছেন ২৭৫০ টাকা থেকে ৩৫০০ টাকা বেতন তিনি পান না।

দ্বিতীয় কথা হচ্ছে ২৫০০০ টাকা নাকি তিনি T. A. নিয়েছেন। সারা বৎসরেও তাঁরা T.A. Bill ৫০০০ টাকার খুব বেশী হয়নি। অথচ তিনি বলেছেন ২৫০০০ টাকা এভাবে কথা বলায় বিপদ হল এখানে council number সকলেরই একটা privilege আছে—

Shri Nirmal chandra Bhattachrayya :—On a point of order, Sir, Is the Hon'ble Minister entitled to look at the Press gallery all the time and speak to them ?

The Hon'ble Rai Harendra Nath Chauduri :—Memberরা এখানে privileged wayতে কথা বলেন, তাঁরা privileged positionএ যে কথা বলেন। বাইরে সেকথা বলা হলে defamation এর জন্য সেই পরিমাণ টাকা অর্থাৎ ২৫০০০ টাকা কি তারও বেশী দণ্ড হ'ত। আর যারা নিরাপরাধ ব্যক্তি যারা এখানে রিপোর্ট করেন তাঁদেরও এই শ্রেণীর উক্তির দ্বারা বিপদের মধ্যে টেনে আনা হয়।

Shri Nirmal chandra Bhattacharyya :—

Sir, is he threatening the Press ?

The Hon'ble Harendra Nath Chaudhuri :—সেরকম কোন উদ্দেশ্য আমার নাই।

Shri Sasanka Sekhar Sanyal : On a point of order, Sir, I hope my good frieud knows that it had been settled long ago in the House of common that only speches delevered by the members are privileged but also there reproduction by press equaly privileged.

The Hon'ble Rai Harendra Nath Choudhuri : My friend Shri Sasanka

Sekhar Sauyal ought to no that the House of commons is a judicialy and the poster vested in the House of commons is not vested in the council or in the Legislative house.

Shri Sasanka Sekhar Sanyal : In Sarmas case in the suprim court that principle has been.

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : The House of commons is a High Court of Judicature ; it can try case.

Shri Tripurary Chakravarty : On a point of privilege. Let me stote **the saw.**

[11-50—12 noon.]

The Hon'ble Harendra Nath Choudhri :—তারপরের কথা হচ্ছে, ডাঃ সেন নাকি তাঁর সমস্ত আত্মীয় স্বজনকে পোষণ করছেন। তাঁদের নাকি উন্নতীর পথ করছেন।

(Noice and Intreption)

Mr. Chairman : Please proceed with your reply.

তিনি বলেছেন এ. কে. সেন. বি. কে. নিয়োগীকে over their senior প্রোমশন দেওয়া হয়েছে। কিন্তু তা নয়। এরা প্রমোশন পেয়েছেন under the recommendation of the P. S. C.র নির্দেশে অনেক জুনিয়ার মেম্বার রেকোমেণ্ডেড হন। সিনিয়ার হননা। সুতরাং তাঁরা উন্নত পদস্থ হয়েছেন because they have been recommended by the P. S. C.। এতে আমাদের departmentএর দোষ নেই বিরুদ্ধ পক্ষ থেকে ২।১ টা স্কুলের টাকা তছরূপের কথা বলেছেন এবং আমরা নাকি সেসব দেখিনা। কিন্তু আমরা কোন স্কুলের অডিট রিপোট না পেলে তাকে ফাইন্যাল গ্রাণ্ট দিই না। Directorate অডিট রিপোর্ট পেলে তাতে কোন দোষ ক্রটির উল্লেখ না থাকলে যা কিছু দেবার দিয়ে থাকেন বিরুদ্ধপক্ষ যে দুটো স্কুলের উদাহরণ দিয়েছিলেন তা আমার মনে আছে। একটা হচ্ছে মহম্মদজান স্কুলের সম্পর্কে এই স্কুলের অডিট রিপোট আমার সামনে রয়েছে। এবং এতে কোন ইররেগুলারিটির উল্লেখ নেই। দ্বিতীয়তঃ বিশুদ্ধানন্দ স্কুল যার সঙ্গে নাকি আমাদের জালান সাহেব জড়িত আছেন। তাব যে অডিট রিপোট সেই অডিট রিপোর্ট'ও কোনও ইররেগুলারিটির কথা নেই। অডিট রিপোট আমার যাহা পাই। সেটাই আমরা সত্য বলে ধরে থাকি। তারপর ঝিলিমিলিতে কোটি কোটি টাকা দেয়া হচ্ছে বলে ওরা বলেছেন কোটি কোটী লাখ লাখ ছাড়া কথা বলেন না। ঝিলিমিলি কল্যান নিকেতনের কর্তৃপক্ষ ৩০ বিঘা জমি দিয়েছেন যার মুল্য ৪।৫ লাক্ষ টাকা হবে। এর উপরেও তারা ৫১ হাজার টাকা দিয়েছেন। কাজেই সরকার সেখানে জুনিয়ার বেসিক স্কুল সিনিয়ার বেসিক স্কুল ও হোষ্টেলের জন্য সাড়ে ৩ লাখ টাকা দিয়ে কি অন্যায় করেছেন? তারপর বলেছেন যে আমরা যে এড দিই সেটা নাকি মুখ দেখে দিয়ে থাকি আমরা সেই এ্যাডুকেশন ডিপাটমেণ্টের নির্দ্ধারিত Conditions যেসব আছে। সে সব দেখে আমরা aid দিয়ে থাকি। বিশেষ বিশেস প্রতিষ্টানে নাকি বিশেষ বিশেষ টাকা দেয়া হচ্ছে। কিন্তু রামকৃষ্ণ মিশন কালচারাল ইনিসষ্টিউট ও গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া যে চার লক্ষ টাকা দিচ্ছেন সেটা কি অন্যায় হচ্ছে? কেউ কেউ বলেছেন এই ব্যাপারে পার্সিয়ালিটি হচ্ছে! কাউন্সিলের যারা মেম্বার তাদের পক্ষে ভেবে চিন্তে এসব কথা বলা উচিৎ। তাঁদের যা প্রিভিলেজ আছে সেই প্রিভিলেজ অনুযায়ী তাঁরা এখানে যা ইচ্ছা তাই বলতে পারেন। বাহিরে সে সব বলতে সাহস করবেন না। তারপর ডাঃ চক্রবর্তী বললেন যে আমি নাকি মস্ত ভুল কথা বলেছিলাম। আমি বলছিলাম যে আমাদের বাংলাদেশে এখন যা এম. এ. এম. এস. সি. পাচ্ছি তা কম সে কারণে বাংলাদেশে পোষ্টগ্রাজুয়েট টিচিং এম. এ. এম. এস. সি.

আগে বেশী ব্যবস্থা করা হয়নি। আমি বলেছিলাম ১৯৫১ সালের ইউনিভার্সিটি এ্যাকটে আমরা Constituentএর roll বিধান করেছিলাম। ইউনিভার্সিটি অবশ্য ঠিক করবেন আমরা

করব না যেখানে যেখানে ভাল প্রফেসর আছে যথোপযুক্ত ইকুইপমেণ্ট আছে তাঁরা যদি সেই সেই কলেজ Constituent roll বলে স্বীকার করে নিতেন তাহলে বাংলাদেশের এই দুর্দশা হত না। আজকে আমাদের বাংলাদেশে Graduate এর তুলনায় পাসে ন্টেজ অফ এম. এ, এম. এস. সি মাত্র ১২ জন এবং ইউ, পি, লক্ষৌ, এলাহাবাদে ৩১।৩২ জন। তাদের এম. এ এম সি-র সে অভাব হবে না। যা আমাদের এখানে হচ্ছে। ডাঃ চক্রবর্ত্তী আমার কাছে রেজোলুশান দেখালেন যে প্রেসিডেন্সি কলেজের ৩১৪ টা বিভাগ বেশী বাড়াবার জন্য আবেদন করেছিলেন এবং তাতে ইউনিভার্সিটি বলেছেন যে ইকুইপমেণ্ট যদি বাড়ান হয়, অতিরিক্ত অধ্যাপক যদি নিযুক্ত করা হয় তাহলে করা যাবে। ইউনিভর্সিটি স্থানাভাবের জন্য লেকচারদের জন্য, প্রেসিডেন্সি কলেজের প্রফেসরদের বিনা বেতনে পড়াবার সাহায্য গ্রহণ করেন এবং প্রেসিডেন্সি কলেজের ল্যাবেরটারীও ব্যবহার করেন। প্রেসিডেন্সি কলেজ এবং সংস্কৃত কলেজে যারা অধ্যাপক আছেন তাঁদের যোগ্যতা বিবেচনা করে এবং দুই কলেজের equipment ইত্যাদি দেখে ইউনিভার্সিটিই ঠিক করতেন যে, postgraduates পড়াবার উপযুক্ত ব্যবস্থা আছে এবং Constituent কলেজ করে নিতেন, বঙ্গবাসী কলেজে যদি কোন বিষয়ে ভালো পরানো হয় তাহলে বঙ্গবাসী কলেজ এবং এইরকম আর ২ কলেজকে Constituent College করতেন তাহলে বাংলাদেশে বর্ত্তমান সমস্যার সমাধান হত। অবশ্য উনি পরে স্বীকার করেছেন যে ওঁর কথা ঠিক নয়। নারায়ন হালদার মহাশয় বলেছেন যে বাংলাভাষা গোপাল ব্যবস্থা হচ্ছে না কেন—বাংলাভাষার টাইপ রাইটার হওয়া উচিৎ। এটার জবাব অবশ্য আমায় দেয় না। ছাত্রদের মধ্যে যে বিশৃঙ্খলা হচ্ছে এরজন্য তিনি প্রায় সরকারকেই দায়ী করেছেন শিক্ষক সম্প্রদায়কে না। যাই হোক আমি শিক্ষাবিদ বলে এবিষয়ে কিছু বলব না। শিক্ষাবিদ হিসাবে ওদের নেতৃস্থানীয়। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইস-চান্সেলার প্রফেসর নির্মল সিদ্ধান্ত মহাশয় ইউনিভার্সিটিতে কনভোকেশান address এ কি বলেছেন সেটা উদ্ধৃত করছি। তিনি বলেছিলেন

"Newspapers and publicity agents may make the politician loom large than the obscure teacher; but if the latter is genuinely interested in he work—please mark this expression 'genuinely interested in his work'—he gets nearer his pupils and in the long run he is bound to have the confidenc of the youth in a more intimate manner than the outsider who appears in the Student centres only periodically to persuade everyone to his own way of thinking by dazzling orations and subtle arguments. It is the speech of the Vice-Chancellor of the Patna University ..... তারপর তিনি যে Home influence সম্বন্ধে বলেছেন যে—Prof. Sidhanta doubted if the influence of the parents and family could reduce the frustration of the student and restore the equillibrium of their minds. Democracy he said, has thrown open the portals of colleges and Universities to tho e, whose parents had not had the benefit of higher education nor ever realised its importance in a metter-of -fact life. Students from rural areas particularly face this dilemma But this is only a transitional phase arising from new social mobility. If sympathetically tackled by tehchers and others concerned, it will pass away.

অতএব শিক্ষকদের যে দায়িত্ব নেই একথা ঠিক নয় এটাই কলিকাতা বিশ্ববিদ্যালয়ের Vice-Chancellor মহাশয়ের ভাষণেই প্রকাশ।

তারপর অধ্যাপক ক্ষিতিশ চ্যাটার্জি মহাশয় বলেছেন যে ইউ, জি, সি-র প্ল্যানহচ্ছে ৫ বছরের মধ্যে ছাত্রসংখ্যা কমাতে হবে এরজন্য সরকার থেকে কি ব্যবস্থা হচ্ছে? এর উত্তরে আমি কিছু বললে বোধ হয় তিনি উষ্মা প্রকাশ করবেন বলে প্রফেশর সিদ্ধান্ত যা বলেছেন তাই বলছি—

Lack of accomodation and of equipment has been the important reasons for the failure of any of our colleges to function satisfactorily.

Financial assistance received through the State Government by some of these collages had enabled them to improve their accommodation and supply themselves with necessary equipments. Considerable sums part of which was perhaps received from the Central Government have been distributed by the State Government among those collages in pursuance of thenCentral Government scheme to upgrade the colleges with a vrew to introduction of three-years degree course......

the total expenditure on this account up to the end of the present financial year was reported to be in the region of 85 lakhs......

[12—12·10 p. m.]

তিনি যখন বক্তৃতা করেছিলেন তখন ৮৫লক্ষ টাকা ছিল, মাননীয় রাজ্যপালের বক্তৃতায় দেখা গিয়েছে ১ কোটি ২৫ লক্ষ টাকা। দ্বিতীয় কথা তিনি বলেছেন যে ছাত্রদের সংখ্যা বেড়ে যাচ্ছে কি করে তারা ভর্তি হবে। তিনি প্রিন্সিপাল হয়ে, অধ্যক্ষ হয়ে এ কথা জানাবেন না! এবারে ফার্স্ট ইয়ারে যা সিটস্ ছিল তা গতবারে ম্যাট্রিকুলেশন এগজামিনেশানে যত পাশ করেছে তার থেকে বেশী। আপনারা ম্যাট্রিকুলেশনে ৫০ পার্সেন্ট ফেল করাবেন—কাজেই ছাত্র যখন বেশী ফেল হচ্ছে তখন ফার্স্ট ইয়ারে যা সিটস্ আছে তা পাশের সংখ্যার অনেক বেশী। কিজন্য ওরা ভর্তি হতে পারছেনা তার কারণ আছে, সেটা হচ্ছে একই ছাত্র পাছে ভর্তি হতে না পারে এই আশঙ্কায় একাধিক কলেজে দরখাস্ত করে রাখে, সে জন্য দেখা যায় ছাত্রসংখ্যা খুব বেশী। এখন সংবাদ নিলে দেখবেন প্রত্যেক কলেজে যত ছাত্রের স্থান হ'তে পারে তার চেয়ে ছাত্রসংখ্যা অনেক কম। এবারে প্রায় ১০ হাজার ছাত্র ইলেভন ইয়ার্স কোর্সে পড়ে এগজামিনেশান দিচ্ছে—এরা ফার্স্ট ইয়ারে যাবে না। সেকেণ্ড ইয়ারে যাবে। কাজেই ফার্ষ্ট ইয়ার ক্লাসে যে ছাত্র ভর্তি হতে পারছে না, আমরা শিক্ষা সংকোচ করছি, একথা একেবারে অসত্য, এটা হতে পারে না। তবে মাদ্রাজের মত সিচুয়েশান। না হয় আমি বরং সেইটাই আশংকা করছি, সেটা হচ্ছে মাদ্রাজে দেখা গেছে যে ছাত্ররা পাশ করার পর অন্যান্য Professional ইন্‌সটিটিউসানে চলে যায় এবং তারা এমনকি হায়ার এডুকেশান নিতে যাচ্ছে না বিশেষতঃ যারা থার্ড ডিভিসানে পাশ করে তারা হায়ার এডুকেশানে যেতে পাচ্ছে না। ফলে মাদ্রাজে যে সব কলেজের আগে সঙ্গতি ছিল যারা গভর্ণমেন্টের কাছে সাহায্য চাইত না সেই সমস্ত কলেজে ছাত্রের অভাব হয়ে দাঁড়াচ্ছে। আমাদের ১১ ইয়ার কোর্সে যত বাড়বে তত প্রি-ইউনিভার্সিটি ক্লাস বন্ধ হয়ে আসবে, কলেজে এখন যত ছাত্র আছে তত আর থাকবে না। (Shri Nirmal Chandra Bhattacharyaya : Madras Government is much more efficient than this Government). It has been reported by the U. G. C. that Madras Government is much backward and spends less amount than the West Bengal Government on College and University education. এটা U. G. C.র রিপোর্ট আছে, আপনারা মহাশয় কিছুই খবর রাখেন না। তারপর, আর একটা কথা মনোরঞ্জন সেনগুপ্ত (যখন আমি আসিনি তখন) বক্তৃতা দিতে উঠে নাকি বলেছেন যে গার্লস এডুকেশনের দিকে আমরা মোটেই মনোযোগ দিচ্ছি না, গার্লস এডুকেশনের কিছু ডেভেলপমেণ্ট করছি না। তিনি যদি একথা বলে থাকেন তাহলে তিনি অসংগত অন্যায় কথা বলেছেন। আপনারা সবাই জানেন যে গ্রামাঞ্চলে প্রাইমারী এডুকেশান ফ্রি আছে। সেকেণ্ডারী স্কুল ফর গার্লস ১৯৪৭।৪৮ সালে স্বাধীনতার প্রথম বৎসরে ছিল ২৪০ টা, এখন ১৯৫৮।৫৯ সালে তার সংখ্যা হচ্ছে ৬৩৫। ১৯৪৭।৪৮ সালে গার্লস স্কুলের এবং কো-এডুকেশন স্কুলের ছাত্রীর সংখ্যা ছিল ৬৪ হাজার ৮ শত ৬৬ জন এখন ছাত্রীর সংখ্যা হচ্ছে—যারা মাধ্যমিক শিক্ষা পাচ্ছে—১ লক্ষ ৭২ হাজার ৪শত ৯জন অর্থাৎ ৬৪ হাজার যেখানে ছিল সেখানে এখন হচ্ছে ১ লক্ষ ৭২ হাজার।

হরেন মজুমদার মহাশয় বলেছেন যে প্রাথমিক শিক্ষকদের, ছেলেমেয়েদের এডুকেশন

ক্রি করার কথা ছিল কিন্তু সেই আদেশটা বেরুচ্ছে না কবে তারা পাবে? আমি এর আগেরবার বোধ হয় বলেছি যে সে সম্বন্ধে আদেশ দেওয়া হয়েছে। সেকেণ্ডারী বোর্ডকে জানুয়ারী মাসে এই আদেশ এই ভাবে দেওয়া আছে যে ১৯৫৯ সালের ১লা এপ্রিল থেকে যে প্রাথমিক শিক্ষকদিগের ছেলেমেয়েরা বিনা বেতনে পড়বে। যখনই আদেশ বেরুক না কেন। কাজেই এখনও কোন আদেশ দেয়া হয়নি বলে তিনি যা বলেছেন সেটা ঠিক নয়। প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধির ব্যাপারটা পে কমিটিতে দেয়া হোক বলে ওঁরা বলেছেন সেটা করা যায় কিনা আমি জানিনা, মুখ্যমন্ত্রী সেটা বলতে পারেন, তবে বোধ হয় গভর্ণমেন্ট সার্ভেন্ট ছাড়া আর কারো ব্যাপার পে কমিটিতে রেফার করা যাবে না, আমি ঠিক বলতে পারি না। আমি কালকে এ্যাসেম্বলীতে বলেছি যে প্রতি পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায়ই তাঁদের বেতন বাড়ানো হয়েছে—বাড়িয়ে বাড়িয়ে আমরা যেখানে এসেছি তাহা আমি কাল বলেছি। (Shri Harendra Nath Majumdar : পে কমিটির কথাটা আমি বলেছি, মনীন্দ্রবাবু গণডেপুটেসনের কথা বলেছেন।) যাহোক গণ-ডেপুটেসন তো আসবেই কারণ সত্যপ্রিয়বাবু এবং শ্রীমতী অনিলা দেবী যতক্ষণ পর্য্যন্ত শিক্ষকদের এবং ছাত্রদের রাস্তায় না দাঁড় করাতে পারছেন ততক্ষণ পর্য্যন্ত নিশ্চিন্ত থাকতে পারেন না। তবে আমরা প্রতি পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শিক্ষকদের বেতন বাড়িয়ে আসছি তা সত্ত্বেও ওঁরা আমাদের উপর নির্ভর করতে পারেন না। তৃতীয় পঞ্চবার্ষিক পরি-কল্পনা যা আসছে তাতে আমরা কি করতে পারি সেটা একটু দেখুনই না। তা না করে কেবল গণডেপুটেসন আনছেন। এ্যাসেম্বলী যখনই বসবে তখনই গণডেপুটেসন আসবে। (Dr. Moninndra Mohan Chakrabarty : ঐ বেতনে তাঁরা বাচাতে পারেন না। সত্য কথা আজকালকার দিনে ৫০।৬০ টাকায় সংসার চালানো কঠিন এটাতো আমরা স্বীকার করে নিচ্ছি। কিন্তু এদিকে বিরোধীপক্ষ বলবেন ঘাটতি বাজেট, এদিকে আবার বলবেন প্রত্যেক বিভাগে খরচ বাড়াও। এটা ঠিক নয়—বক্তৃতায় একটা সংগতি থাকা উচিৎ। সত্যের অপলাপ করলে তো চলবে না। আমার আর কিছু বলার নেই।

[12-10—12-20 p. m.]

Shri Satya Priya Roy: On a point of information, Sir, What is the excat amount the Education Secretary draws by way of salary, allowance and travelling allowance ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, I want to give reply to the questions of policy raised by my friends during the debate. I do not want to go into any detail.

Professor Monindra Chakrabarty has questioned the source of the national income that I had quoted in the budget speech. These figures are taken from the report of the Central Statistical Organisation of the Government of India. There they assessed the national income on the basis of the prices of 1948 49 and they have given us the figures of national income. In 1954-55, with 1948-49 as the basis, it was 10, 280, in 1955-56 it was 10, 480, in 1956-57 it was 11,000, in 1957-58 it was 10, 380-a little lower-and in 1958-59 it was 11, 470. The per capita income also increased from 271.9 in 1954-55 to 290·7 in 1958 59-here also the basis is the price-level of 1948-49. That is all that. wanted to say on this point.

The next question has been raised by my friend Shri Santosh Kumar Bhattacharyya. He has said that the Education budget has come down. I would rather say that it is going up for this reason that originally the total allotment for the Education Department in the Five year Plan was Rs. 21 croree 95 lakhs, but we have already planned for Rs. 26 crores-about Rs. 5 crores more than that which was allotted to us in the beginning of the Five Year Plan. The Education Department and the Irrigation Department have spent more than what was allotted to them in the Five Year Plan. So, it is

not the fault of the Education Department, but, as you have heard from the Hon'ble Education Minister, if you take the capital account together, it is more than what was spent last year.

Sir, with regard to Agriculturhe has mentioned that in agricultural e the allotment was Rs. 4 crores 91 lakhs in 1959-60, but it has been reduced to Rs. 4 crores 60 lakhs. Probably my friend did not read the budget carefully. Otherwise, he would have seen that a portion of the Agriculture budget this year has been transferred to Animal Husbandry and, therefore, the allocation which was Rs. 5 crores 32 lakhs in 1959-60 is now Rs. 68 crores 7 lakhs.

Sir, Shri Snehangsu Acharya has raised the issue about the Governmen servants Conduct Rules framed by the Government of West Bengal. Thi matter has been earefully examined repreatedly by the Government of West Bengal and it has also come before the law courts from time to time. Sir, the Constitution, while allowing citizens certain rights has made it clear that in each case these rights are subject to reasonable restrictions. As stated by the Supreme Court in the case of the State of Madras Vs, B. G. Rao : "No abstract standard or general pattern of reasonableness can be laid down as applicable to all cases. The nature of the right alleged to have been infringed, the underlying purpose of tho restrictions imposed, the extent and urgency of the evil sought to be remedied, thereby, the disproportion of the imposition, the prevailing conditions at the time, should all enter into the judicial verdict. Government servants have certain special duties to perform As Government. servants they have to maintain a very high standard of integrity and conduct and, above all, they have to be stricty impartial. The Conduct Rules are merely designed to ensure the efficiency, honesty and impartiality of the publie servants so that they can serve the State properly and can prove effective as Government seavants.

The reasonablencss or otherwise of the restrictions on Governmei servants should, therefore, be viewed against this background. When certai conduct rules were challenged before the Calcutta High Court on thus identical ground the Judge Mr. Bose in Bata Krishna Burman's case said an follows •- "The Government servants from a class by themselves with certain rights, privileges and disabilities attached to their service. So if a certain standard of conduct is expected from them and certain rules are framed for the purpose of regulating such conduct or for compelling the Government servants to conform to such standard of conduct these ean hardly be regarded as unreasonable restrictions on the fundamental rights guaranteed to such servants in their capacities as citizens of the Indian Union." That is the judgement of Mr. Justice Bose.

The conduct rules are merely rules of internal disciplins. They do note provide for any punishment in a court of law for their infringemeht. If these rules are transgrressed the most that can happen is that Government may decide not to continue the offending Government servant in Government serviee Mr. Justice Venkataraman Aiyar of the Supreme Court in the case P, Balakotaiah Ys Union of India said, "The appellants have no doubt a fundamental right to from associations under Article 19 (1)(c) but they have no foundamental right to be continued in employment by the State and when their services are terminated by the State they caannot cemplain of the infringement ef any of their constitutional rights, when no question of violation of Article 311 arises "

My friend Shri Snehangsu Acharya raised the issue of nationalising the tea industy and the jute industry. The total value of the tea industry is 113 croresr ;and the total value of jute industry is 83 crores about 200

crores. The Governmeut do not feel that there is any point in acquiring the jute industry and the tea industry which are already in existence and which are employing a large number of perspns and serving their purpose well. If they infringe any law they have to answer for it. Diversion of resources from new projeets of development which is so essentiol for the economic condition of the State t0 industries which are already established in the private sector is not one which the Government feel should be indulged in.

[12-20 12-29 p m.]

My friend Shri Sasanka Sekhar Sanyal raised the question of jute export duty. He said that we should claim a larger share of jute duty under Article 273 of the Constitution which should be amended to provide for continuancei of the payment of share on jute duty. The position is this; before partition 623 per cent of the jute export duty used to be assigned to the province under the Neimeyer Award.

Following the partition, however. the Government of India decided that the share of the jute export duty allocable to the provinces which grow jute should be reduced from 62%. to 20%. The expert committee held that export duties are unsuitable for sharing with the provinces and recommended that this should be entirely Central. The first Finance Commission recommended that the grants-in-aid payable to the States in lieu of the -ute export duty should be fixed sums. In determining the quantum they adopted the net proceeds of the export duty in 1949 50 and estimated that 62% of this duty would be Rs. 615 lakhs. They did not however distribute the full amount between the different iute growing States bnt only Rs. 315 lakhs. The quantity of raw jute used in the manufacture of exported jute goods was Rs, 10'39 lakhs tons whereas West Bengal, Bihar, Assam and Orissa only produced 5·42 lakh tons, i.e. half of the quantity made available. West Bengal's share on the basis of jute grown in West Bengal stands at Rs. 150 lakhs per year. This was increased, as a result of the reorganisation of the States, to 152·69. The second Finance Commission agreed to the same amount being drawn till the year 1959.60. When the-year period mentioned in Article 273 of the Constitution expires and the grant automatically ceases, the second Finacce Commission, however, compensated partially for the cessation of the grant-in-aid in lieu of export duty on jute under Articles 275 of the Constitution and raised this contribution from Rs. 325 lakhs to Rr. 475 lakhs in each of the two years 1960-61 and 1961-62. But the real point is that the export duty is no longer in existence, and therefore, the Government of India do not get any revenues. There is no question of sharing a part of their duties with the State.

Sir, one question has been asked about the stadium. I may inform the Houses that the cases that were going on some time between the NCC and the West Bengal Government have been withdrawn We will now go on with a standium in the Eden Gardens. We have also received, as you are probably aware, some land from the Defence Department. of the Government of Ineia, near the maidan and in order that it might be fruitfully utilised, we had asked one of our friends, Shib Banerjee who had been the heart and soul of Hindusthan Coustruction Compeny, to go to Europe and see the stadia there and find out which particular stadium would be suitable for our use. Unfortunately, before he could complete his idea; he died. We have written to the architect of the stadium In Rone which according to Shri Banerjee was the best that he saw in the whole of Europe and England. I do not know whether he would come here and givie

his advice. Very likely, he would come within three or four weeks time. Then we can proceed with the stadium.

There is one more point. Professor Nirlmal Bhattacharyya has raised the issue why should not the Bengal Government also depute a Government Officer to consult the private sector to ensure that the children of the soil can get a stadium. We are considering the matter.

Shri Nagendra Kumar Bhattacharyya : Sir, I expected some reply with regarded to the point raised by me. I was told in the presence of the Chairman that the reply would be coming from you, Sir. I was told by the Minister for Public Health.

The Honb'le Dr. Bidhan Chandra Roy : I cannot give you off-hand any idea about that. You were talking of urban areas ? I think rupees one crore and some lakhs have beed set apart for urban areas. Apart from that there is a scheme which will be taken up probably by the West Bengal Development Council providing probably not in one year but in four or five years. There are defects in every municipality about water-supply, electricity, roads and conservancy. B scheme has been prepared and very likely the West Bengal Development Corporation will take it up. In fact, a questionnaire has been prepered by the Local Self-Government Department asking each municipality as to whether they are prepared to comply with the requirements of the Corporation.

Shri Nagendra Kumar Bhattacharyya : Who would bear the cost of this development ? Whether the entire cost would be thrown on the municipalities or the State would come to their aid.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : Both, because aster all the municipalities are also governments and, therefore, all Governments will be responsible more or less. I find that the total amount in connection with urban water supply and sanitation, etc., for 1960-61 is Rs 1 crore and 3 lakhs. My memory is not so bad. It is Rs. 84 lakhs as grant, and Rs. 19 lakhs as loan. Corporation Watersupply and sanitation-loan Rs. 40 lakhs.

Shri Manoranjan Sen Gupta : Sir, I raised a point about the hygienic condition of schools which is being postponed from year to year. No reply has been given.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : I cannot answer all th questions made by all the members.

Mr. Chairman : The House stands adjourned till 9-30 a.m. on Tuesday the I5th of March under the discussion on the supplementary estimate for 1959-60 will take place.

Adjournment.

The Council was according adjourned at 12-29 p. m. till 9-30 a. m. on Tuesdny, the 15th March, 1960, at the Legislative Building, Calcutta.

Members absent

Bandapadhyay, Shri Upendra.
Banerjee, Shri Tara Sankar.
Bose, Shri Arobindo.
Jha, Shri Pashu Pati.
Mukherjee, Shri Kamada Kinkar.
Mukheriee, Shri Sudhindra Nath,
Roy, Shri Surendra Kumar.
Saraogi, Shri Pannalal.
Sarkar, Shri Pranabeswar and
Sen, Shri Jimut Bahan

COUNCIL DEBATES

Tuesday, the 15th March, 1960

The Council met in the Legislative Chamber of the Legislative Buildings, Calcutta, on Tuesday the 15th March 1960 at 9-30 a.m. being the Twelfth day of the Twentieth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

[9-30—9-40 a. m.]

POINT OF PRIVILEGE

Shri Sasanka Sekhar Sanyal : Mr Chairman Sir, before you proceed with the day's business, may I rise on a point of order ? It arises in this connection—On the 11th March the Education Minister in course of his reply on the General Discussion of the Budget in answering certain incidents raised by our honourable friend Shri Satya Priya Roy, referred to what he considered to be the limited privilege of the Press and cited the case of Suresh Banerjee versus Punit Gowala, he contended that even if an honourable member of the House might be privilged to make a statement which might be harmful to another member, the publication of the same in the newspaper, unless that publication is on the authority of the Legislature, is not clothed with the same privilege. This has created some misgiving in the mind of the Press and the public. Before examining the aforesaid case as an authority on the subject, it is necessary to understand what were the points for decision in the said case. For, it is a cardinal principle of legal interpretation that a case decides what it decides and is called upon to decide and nothing else. In that case the complaint mooted malice and bad faith as the basis for the action but in this case when the newspaper published Shri Satya Priya Roy's incident there was no such question. Then in that case the observation is this—It was not suggested that the publication of the member's speech in the House had the authority of the Legislative Assembly. In the instant case, however, it can be contended and I do contend that the newspapers who enjoy the authority of attentding do so by your permit and they are permitted to watch and take notes of the proceedings ; they are only exyected to publish a faithful account of the day's proceedings buthif there is something which is public interest you decide ought not to go to the Press, it is for you to give a caution and the newspapers are bound to obey that. But in the case you did nothing of the kind. Therefore, the question of the infringement of privilege did not arise

Then the most fundamental thing is that in Suresh Banerjee's case it was decidec that Wason vs, Walter case cannot apply since the reports of proceedings have heen given legislative privilege. Now, Sir, since then much water has flown down the Ganges after all. The case of Suresh Banerjee was decided in 1951 and there was a great deal of commotion in he Press and the Presc Commission put this matter with some emphasis because it affected their fundamental and vital rights.

A similar situation arose in regard to Hansard's claim for privilegh Stockdale brought an action against Hansard in England, and it was held

that Hansard had not the privilege. Thereafter, the perliamentary Papers Act was published and other Acts were published giving these newspapers-men the authority and the sanction.

On that basis a Congress member Shri Feroze Gandhi took up the matter with the Central Legislature and sponsored a piece of legislation which was accepted by the Government party, and in 1955 the Parliamentary Proceedings (Protection of publication) Act, Act XXIV of 1956, was passed. This was practically an acceptance of the positsition which was so long running in the Heuse of Commons and that gave a statutory seal to the whole matter. If you will see Mr. Mukherjea's book, you will find that the position as brought up after that is that the publication must be substantially correct that it must be free from malice, and that it must be ostensibly for public good. That is the position.

My friend the Education Minister, did not consider that the Parliamentary Proceedings (Protection of Publication) Act, Act XXIV of 1956 is applicable only to the Parliament of India Here a question of discrimination arises and therefore I have raisec this point today and it is for the intervention of the Chair that I have risen. Sir, it is a question of fundamental right. There cannot be any discrimination but still in order to avoid complication it is the duty of the State Legislature to bring a business of legislation on line with the Act XXIV of 1956 of the Indian Parliament. Now since after 1951—and now it is 1960 the State Legislature has not done anything. We are standing guilty of the descrimination. Therefore, Sir, your duty as a Chairman is clear, The President passed an Act. The Governor is appointed by tha President. The State Government is not taking initiative in the matter Therefore you have to draw the attention of the Governor and in doing so, you will only be performing that historical and constitutional Act which gave the name of the Speaker to the person presiding on behalf of the House. You have to speak to the constitutional Head that Here is an Act of the Parliament and you must bring a State legislation for implementing the fundamental principles of that Act. I hope Sir, you will consider the matter.

Mr. Chairman : Your interpretation of law may be correct or may not be correct. The interpretation given by you will be decided in a Court of Law if contingency arises at any time. I cannot give any ruling on a theoretical proposition and the question of a ruling does not arise in this case. The House has heard it, Thank you. We now proceed to the business on the agenda.

Dr. Monindra Mohan Chakrabarty : Sir, before we proceed to take up the usual basiness of the day, may I request thorugh you the Hon'ble Chief Minister to give a statement on Berubari ? What steps does the West Bengal Government propose to take regarding the transfer of Berubari after the judgment of the Supreme Court published in today's newspapers ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : It will continue to be administered by the West Bengal Government until something happens in the Constitution and some law is passed by Parliament. It will continue to be administered by us.

Shri Sasanka Sekhar Sanyal : What about the other places that have been erroneously given, viz, Lalgola and other places ?

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : We are talking only of Berubari ;

Sri Sasanka Sekhar Sanyal: All right. I will raise that point later.

Point of Order

Shri Tripurari Chakravarti: Sir, before we take up today's business I want to raise a point of order. Sir, we are going to discuss the supplimentary estimates for the yeer 1959-60 today. But we know, Sir, that these supplementary estimates have already been voted in the other House. I have fouud in the newspapers that yesterday all the demands for supplementary grants were voted by the Legislative Assembly of West Bengal. Now Sir, Article 205 laid down definitely that in opportunity should be given to this House for discussion of the financial estimates If financial estimates are alreany voted by the Legislative Assembly, then what is the use of this House discussing to estimates and I think this is a calculated disrespect shown to this House and it is also a question of privilege.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is not a point of order.

Mr. Chairman: The voting in the other House is not final. A question will come ere long in connection with the appropriation Bill.

Sri Tripurari Cbakravarti: I know the appropriation Bill will come at a later stage. Demands for gran's have already been voted.

Mr. Chairman: It is a preliminary step. It is not final unless the Appropriation Bill is passed.

Shri Tripurari Chakravarti: One word more, Sir, I know that the deleberations in this House are not likely to affect the policy of the Government. I have found from my experience during the last few years that the intention of the faremers of the Constitution was that the deleberations of this House might have some influence on the deliberations of of the other House.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy. The Constitution attaches lesser importance to the Upper House so far as money matters are concerned.

GOVERNMENT BUSINESS

Discussion af the Supplimentary Estimate for the years—1959-60

[9-40—9-50 a. m.]

Shri Sasanka Sekhar Sanyal: Sir, I propose first of all to deal with the insecure and hazardous border areas in West Bengal. After our legal victory in the Berubari front I hope our friends will rise up and take proper action.

Paragraph 7 of the Radcliffe Award mentions river Mathabhanga in Nadia as the demarcatien between West Bengal and East Pakistan. Whether it is correct or not is a different matter Even on that basis subsequent developments have created many complications and that is my subject today.

From the lattor half of 1947 people on either side of the river which was taken as the basis, quietly exchange their homes and properties, lands and everything and by 1950 the immigrants from this side settled down to a life of resolved uncertainly. I do not know why there was a fresh survey ouer the shoulders of the outlined river boundary and new pillars were placed along miles and miles. This new demarcatien shows about 1000 bighas of land in Basumari Mouza, 1200 bighas in Madhugari Mouza and 1200 bighas of land of Andharkouta Mouza at present on the eastern or Pakistan side

of the river as within Indian Dominion, It also shows about 315 bighas of land in Charsankarpara, 1300 bighas of Char Mahiskuntia and 1300 bighas of Char Pakuria along with 47 familits of immigrants living in the village of Charmeghna which is pnrt of Pakuria Mouza which at present lie on this side of the river and constitute a part of Hoogolberia Union of Karimpore police station of Nadia as within Eastern Pakistan. This new boundary has not been institutionally accepted nor has the old boundary been abjured—as a result a state of uncertainty and confusion has been introduced. Our men are living on no man's land. They are rendering their obligations to the State of West Bengal and to the Republic of India but are not getting any protection in return. Areas shown on the other side of the river as to be ours continue as before and in the occupation of the Pak people. On our side lands shown to be of Pakistan are not disturbed from our possession at the time of ploughing and growing of crops but at the time of harvesting our men are relieved and the whole crop is reaped by Pakistan citizens. This has been going on for years. In this one union itself about 200 families who have migrated after 1947 on exchange basis and whose houses are not disturbed by new boundary marking have been uprooted from their total lands. They have become landless refugees without any meens of subsistence left to them. The 47 families lsving in Charmeghna are in limitless misery. They are not only deprive of lhe produce of the soil, their personal and family safety are also in perpetual peril. The little belongings of their household are at the mercy of Pak vandalism and in board daylight their moveables and cattle are taken away. The toy Border Outpost has got an open secret circular that nothing shoulc be done which might displease Pakistan. These guardians, fearing that anything might displease Pakistan have adopted the line of least resistance and instead of helping Indians in protecting themselves they are helping the infiltrators in liquidating resistance. Morale has completely gone down and exodus further within Indian Dominion has already strated. The local High School which became a proud institution catering to refugees and to local people is being deserted. In order to stem the tide of demoralisation some local people tried to arrest the rot. They exposed the action and inaction of the police and the Magistracy before the higher authorities, and on one occasion they arrested a Pak Miscreant on this side of the dominion while in the act of lifting cattle and thev brought the man and the animal before the border camp who howevar, instead of setting the law on motion in its proper track. gave a twist to the whole picture and procecuted the then Head master (who is also the Vice President of the Local Union Board) and about thirty others on the accusation that they are harbouring Park Nationals and Pak cattle. The placn of harbouring is said to be the house of the said Head Manter and at that time the said house was the border camp where the delinquent Pak National and the unfortunate cow were brought for action.

Those who ought to be prosecuted for inaction and improper action and for failure to protect life and property of thelr own men are prosecuting the real defendors some of whom obtained bullet would from the Pak Police while the infiltrators with the victim cow was being arrested. The boot of the Security Act has been put to the wrong leg.

This, hawever, is not the whole picture although one such solitary case is enough for condemning a Government. It is only a token case. I had personally been to the locality on the 6th March last and examined the position myself. I saw the house deserted and the school boys going away. I found that although the administration had deserted this area

there was still a lot of determination left in a section. But how long will such determination survice, Indo-Pak high policy has made administration imbecile and useless, local Congress M,L.A.S. Congress are balancing botween votes to gain and voies to lose. Government publicity donot disclose the true things and non-official news agency is the only hope but that is not sufficient.

In Jalangi, in Murshidabad, about 2000 bighas of land are similarly hanging in the balance, the scales being invariably in favour of the men of the other party. In Lalgola about 40 families in one single village, namely, Char Durlavpur, have become refugees for the second time. Therefore I pray, Sir, that this uncertainty must go. I suggest that there should be a standing Border Committee consisting of members of both the Houses of the State lanislature entrusted to examine and investigate the border situation from year's end to year.s end. For the present, as a tentative measure I propose that a committee be formed who will go and verify the information which I have given here There should also be a Border Insurance Scheme as formulated by Winston Churchill during the Second World War. At pages 268-69 of the 2nd Volume of the "The Second World War" he mention the scheme and observes "all damage from the enemy must be a charge upon the State and compensation be Laid in full at once." He further observed The burden would not fall alone on those whose homes or business premises were hit, but would be borne evenly on the shoulders of the nation. He further observed and this is very important. If we embark upon such a project as would give complete insurance—I think it would be a solid mark of confidence.

[9-50—10 a. m.]

I beseech the House, Sir, and our men outside to realise that the civil population on the border is our only military and they must be maintained and sustained with cofidencee from the whole nation. Otherwise there will be complet crosion on the 1300 mile long border in West Bengal and the whole country will stand more and more imperilled. I hope Sir, the Hon'ble the Chief Minister has not heard the substantial portions of my arguments.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy : I was trying to find out how far it affects the Supplementary estimates.

Shri Sasanka Sekhar Sanyal : If you ask for wisdom from me I can give you the wisdom. It comes undsr General Administration it comes under Police also and I have examined that and I thought you would interrupt me in the earlier stage and get the wisdom in the earlier stage but you are belated in seeking wisdom and I am also belated in giving you wisdom I can give you arguments but I cannot give you brains to understand the arguments.

Now, Sir, before I sit down I would only ask the Hon'ble the Chief Minister and his lieutenants on the Treasury Bench to visualise one thing. We are constantly geting brushings from the other side—the Pak frontier. We have to guard ourselves and to tighten our belt. We have to improve the life of the people of the locality. Therefore, it is necessary that some more vigorous action should be taken. Instead of resting on our oars and having camps there, there should be direct vigilance there. Therefore I have suggested that there should be a separate uorder portfolio in the hands of a competent Minister and their should be a standing committee to investigate the whole matter because after all if one man is imperilled at the border this intraduce a gangrene in the entire body politic and I hope after our victory in the legal front in Berubari in the actual physical front in the eastern border of West Bengal it is necessary that our administration becomes a little more vigilant a little more purposeful and a little more practical.

Shri Abdul Halim : Mr. Chairman Sir, আমি supplementary Estimate সম্পর্কে দু-একটি কথা বলতে চাই যদিও আমাদের আলোচনা সীমাবদ্ধ। আমি different item নিয়ে বলবো। আমি প্রথমে দেখতে পাচ্ছি—Grant No. 14 General Administration বিষয় Government Election in calcutta সম্পর্কে ২লক্ষ ৪৯ হাজার টাকা বরাদ্দ করেছেন। South West Parliamentary constituencyতে ভোটের জন্য ফটোগ্রাফ নেবার ব্যবস্থা করেছেন। আমি জানি না কত ফটোগ্রাফার নেওয়া হয়েছে এযাবৎ। Electionএর date announce করা হয়েছে। নানান অসুবিধা different centreএ রয়েছে। কাগজে দেখছি ঘোষণা করা হয়েছে সেখানে ফটো নিতে হবে প্রত্যেক ভোটারের। এই ফটো নেবার ব্যাপারে অনেক অসুবিধা আছে। পর্দানসীন মুসলমান মহিলাদের ফটো নেবার অসুবিধা রয়েছে, আপত্তি রয়েছে, আমি জানতে চাই কিভাবে এসব কার্য্যকরী হচ্ছে। গভর্ণমেণ্টের enforce করার ও অসুবিধা আছে। জনসাধারণের ভোটার হবার অসুবিধা আছে Electoral roll তৈরী হয়ে গেছে। ফটো নেবার একটা সর্ত্ত impose করা হয়েছে। ফটো না নেওয়া হলে তাদের ভোট বাতিল হয়ে যাবে, ভোট দিতে entitled হবে না, ভোট থেকে তারা বঞ্চিত হয়ে যাবে। সেই সম্পর্কে আমি জানতে চাই গভর্ণমেণ্ট এ সম্বন্ধে কি সিদ্ধান্ত করেছেন। কত দিনে এই কাজ শেষ হবে? মুসলিম মহিলাদের ফটো নেবার কি ব্যবস্থা করেছেন?

তারপর দ্বিতীয় হচ্ছে Grant No. 32 Civil works সম্বন্ধে কিছু বলতে চাই, ২৪ নম্বর খাতে দেখা যায় ৩ লক্ষ ৫৬ হাজার ১ শো টাকা বরাদ্দ করা হয়েছে, সেখানে একটা আশ্চর্য্যের বিষয় ঠেকছে—Arrangement for augmentation of water supply to different buildings of the Governor's Estates Division-estate-tube well ১ লক্ষ ৮২ হাজার টাকা। মাননীয়া রাজ্যপালের এষ্টেটে জল সরবরাহের জন্য এত টাকা তারা খরচ করেছেন বাংলাদেশে ৮০ লক্ষ লোকের জন্য জলের কোন রকম ব্যবস্থা নাই। কলকাতার বস্তীগুলিতে জলের জন্য কিউ লেগে যায়, টিউবওয়েল অচল হয়ে গেছে। তা মেরামতের ব্যবস্থা হয় না। অথচ রাজ্যপালের মত একজন লোকের জন্যও তাঁর মুষ্টিমেয় কিছু কর্ম্মচারীদের ব্যবহারের জন্য এই ১ লক্ষ ৮২ হাজার টাকা ব্যয়ে জলের প্রবাহ সৃষ্টি করা হচ্ছে। অথচ সাধারণ লোকের জন্য কোন ব্যবস্থা নাই। এজন্য আমি ভীষণ আপত্তি করি এই টাকা মঞ্জুরী দিতে।

এই ধরণের খরচ অন্যায্য। কারণ জনসাধারণের জন্য জলের ব্যবস্থা করা হয়নি, বস্তির জন্য জলের কোন ব্যবস্থা নেই। অথচ এইভাবে টাকা খরচ করা হচ্ছে। এটা উচিত নয় বলে আমি মনে করি।

আর একটা কথা grant No. 33, Famine. এই ব্যাপারে আমি ২।১টা কথা বলতে চাই। Total estimate grant No. 33 তে রয়েছে ২ কোটী ২৯ লক্ষ ৯৫ হাজার টাকা তারমধ্যে salaries and Establishmentsএ ২০ লক্ষ টাকা Distribution of seedsএ ৪লক্ষ ৭৫ হাজার টাকা, Pay of Establishmentএ ১৫ হাজার টাকা allowances ৯ হাজার টাকা, contingencyতে ৪৬ লক্ষ ৭৬ হাজার টাকা। এই contingencyeতে বীজের জন্য কি খরচ করা হয়েছে তার কোন নির্দেশ নেই। বন্যার সময় seeds দেওয়া যায় নি এবং তারপর বোরো ধানের বীজ দেওয়া হয়েছিল কিন্তু জলের কোন ব্যবস্থা করা হয়নি, তাছাড়া সে বীজগুলি বিলম্ব করে দেওয়া হয়েছে যার ফলে কোন কাজ হয়নি। তাছাড়া relief দেওয়া নিয়ে দলাদলি করা হয়ে থাকে। Famine এর Supplementary budget এ এইভাবে টাকা বাড়িয়ে নেওয়া হয় এবং বলা হয় যে আমরা দৈবজ্ঞ নই। কিন্তু এবার তারা দৈবজ্ঞ হয়ে গেলেন Famine budget এর revised estimateএ দেখছি যে ১৯৫৬-৫৭ সালে ৬ কোটি ৬৫ লক্ষ ৪৮ হাজার, ১৯৫৭-৫৮ সালে ৯ কোটী ৩৯ লক্ষ, ১৯৫৮-৫৯ সালে ৭ কোটী ২৪ লক্ষ ৩১ হাজার, আর ১৯৫৯-৬০ সালের বাজেটে ৩ কোটি ৪৮ লক্ষ ১ হাজার, আর revised

estimateএ ৬কোটি ৪ লক্ষ ৪ হাজার টাকা। আমার প্রশ্ন ৪ কোটী হবে কি ১৪ কোটী খরচ হবে তা নয়, আমার প্রশ্ন হচ্ছে যে এবারের বাজেটে ধরেছেন ১৯৬০-৬১ সালে ২ কোটী ৮৮ লক্ষ ১৪ হাজার তাতে মনে হচ্ছে যে মুখ্যমন্ত্রী ভাবছেন যে আগামী বৎসর ভাল যাবে। যার জন্য বাজেটে কম ধরা হয়েছে। অথচ দুর্ভিক্ষ খাতে অতিরিক্ত খরচ করা হয়েছে ২ কোটী ২৯ লক্ষ ৯৫ হাজার। এই খরচের জন্য তারা বলবেন যে এতে তাদের হাত নেই তারা ভবিষ্যত বাণী করতে পারেন না কখন প্রাকৃতিক বিপর্য্যয় হবে তার জন্য টাকা ধরতে পারেনা এবং প্রতিবারে কম ধরে তারপর এই ভাবে বাড়িয়ে নেওয়া হয়। বাংলাদেশ বন্যায় বিধ্বস্ত হয়েছে সেখানে টাকা খরচ করা দরকার তাতে আমরা আপত্তিও করছি না, আজও অনেক লোক তাদের সম্পূর্ণভাবে বাড়ী ঘর তৈরী করতে পারেনি। তাছাড়া গ্রামে model village করবার কথা ছিল তাও আপনারা করতে পারেন নি, অথচ এবৎসর দৈবজ্ঞের মত মনে করছেন যে বৎসরটা ভাল যাবে। এইজন্য আমি এই বাজেটের বিরোধিতা করি।

Shri Narendra Nath Das: অধ্যক্ষ মহোদয়, আমি আমার বক্তব্য ৪৫নং grant এর উপর সীমাবদ্ধ রাখবো। সে grant হচ্ছে Road and water transport scheme। আমাদের এই খাতে রাজ্যপরিবহন খরচা হিসাবে এক জায়গায় ১২ লক্ষ ৮১ হাজার আর এক জায়গায় ৩ লক্ষ ৯৬ হাজার টাকা দেওয়া হয়েছে। Sir, আজ কলকাতা সহরে সকলেই জানেন যে, আমাদের রাজ্যপরিবহন গত ১১ বৎসরের ভিতর একটার পর একটা line নিয়ে একটা monopoly প্রতিষ্ঠানে পরিণত হয়েছে।

[10—10-10 a. m.]

কেবলমাত্র 3A, 3B, 21 ছাড়া সমস্ত কলকাতা সহরে রাজ্যপরিবহন বিভাগের আওতায় এসে গেছে। কিন্তু স্যার, এই একচেটিয়া ব্যবসা শুরু করার আগে, পরিবহন দায়িত্ব নেওয়ার আগে তাদের কার্য্যদক্ষতা বিচার করা উচিৎ ছিল—আমি মনে করি সেই কার্য্যদক্ষতার প্রমাণ তারা দিতে পারেন না। কলকাতার নাগরিকদের যদি ভোট গ্রহণ করা হয় তাহলে দেখতে পাওয়া যাবে যে, শতকরা ৯০ জন লোক, পরিবহন বিভাগ তাদের কার্য্যদক্ষতা প্রমাণ করতে পারেনি বলে রায় দেবে। এবং তাঁরা সুষ্ঠু service দিতে পারছেন না বলেই তাঁদের public utility কমে যায়। এরপর আজকে রাজ্যপরিবহন বিভাগে লোকসান হচ্ছে এবং এই লোকসান meet করার জন্য জনসাধারণের উপর টিকিটের বর্দ্ধিত মূল্য চাপিয়ে দেওয়া হচ্ছে। আমি মনেকরি রাজ্যপরিবহন বিভাগ যদি ঠিক ঠিকভাবে চলত তাহলে এই ভাড়া বৃদ্ধির কোন প্রশ্ন উঠে না। এই ভাড়া বৃদ্ধি এমন সময় করা হচ্ছে যখন দ্রব্যমূল্য বৃদ্ধি জনিত জনসাধারণের ক্রয় ক্ষমতা এখন হ্রাস পাচ্ছে। আমি একথা বলতে চাইনা যে, State Transport এর গাড়ী আরামদায়ক নহে, আমি একথাও বলতে চাইনা যে, অন্য প্রদেশের সঙ্গে তুলনায় আমাদের রাজ্যপরিবহনের এই ভাড়া বৃদ্ধি ব্যতিক্রম হয়েছে আমার বক্তব্য হচ্ছে, বাংলাদেশের বিশেষ পরিস্থিতিতে এইধরণের ভাড়া বৃদ্ধি অত্যন্ত অন্যায় ও অযৌক্তিক হয়েছে। আজকে সরকারী বাসের যাত্রীদের দুর্দ্দশার কথা আমি জানি, কারণ আমি যেটা নাকি অত্যন্ত জঘন্য রুট সেই [illegible]নং এ যাতায়াত করি—এই রুটে শতকরা মাত্র ৪০ ভাগ যাত্রীর কাছ থেকে ফেয়ার আদায় করা হয় তার কারণ যারা বাসে কাজ করেন তারা হয় আদায় করেনা বা আদায় করবার মত অবস্থা থাকে না। যদি inspection এর ব্যবস্থা ভাল হয় এবং কর্মিদের সংখ্যা বৃদ্ধি করা হয় যাতে ভীড়ের মধ্যেও ভাড়া আদায় করা যায় তাহলে অনেক বেশী আদায় হবে। কিন্তু আমাদের Development minister একজন ICSকে বসিয়ে দিয়েছেন, এবং ICSরা can do no wrong এই ধারণার বশবর্তী হয়ে রাজ্য পরিবহন বিভাগ পরিচালনা করছেন। স্যার, আমি মনে করি আমাদের রাজ্যপরিবহন বিভাগে একটু rationalisation প্রবর্ত্তন করা দরকার, অর্থাৎ যাদের দেওয়ার ক্ষমতা আছে তাদের থেকে বেশী আদায় করা হোক। আপনি

জানেন স্যার, Express serviceএ দ্রুত যাওয়া যায় বলে শতকরা ২৫ ভাগ ভাড়া বেশী দেওয় হর্দ। আমাদের সমাজে এক শ্রেণীর মানুষ আছেন যারা একটু বেশী ভাড়া দিতে কার্পণ্য করেন না। আমাদের সরকারের মাথায় যদি বুদ্ধি থাকত তাহলে কোটরগত শীর্ণকায় সাধারণ মানুষের উপর অতিরিক্ত বোঝা না চাপিয়ে এই ব্যবস্থা করতে পারতেন। আমাদের এখানেও যদি ঝোলার মত sitting accommodation এর বন্দোবস্ত করা হয় তাহলে উচ্চমধ্যবিত্ত ও অবস্থাপন্ন একটু বেশী দিতে কার্পণ্য করবেন না। কারণ, এতে তাদের জামা কাপড় নষ্ট হবে না pick pocket হবে না। ট্রাউজারের ক্রীজ নষ্ট হবে না। তাঁরা এসব comfort পেলে একটু বেশী ভাড়া দিতে প্রস্তুত, কিন্তু সরকার সে রাস্তায় যাননি। অতএব স্যার, আমি আপনার মাধ্যমে একথা সরকারের কাছে নিবেদন করব যে, সাধারণ মন্ত্রীদের উপর অতিরিক্ত বোঝা না চাপিয়ে যারা সম্পন্ন মানুষ তাঁদের কাছথেকে pump করে টাকা বের করবার চেষ্টা করুন।

তারপর আবদুল হালিম সাহেব এখানে identification card এবং photoর কথায় বলেছেন যে, ২ লক্ষ ভোটারের identification card এবং photo নেওয়া হয়েছে ১ লক্ষ বাকী আছে তাহলে ৩ মাসের ভিতর নির্বাচন কি করে সম্ভব হবে? সেজন্য আমি সরকারের কাছে প্রস্তাব করছি হয় এই কাজ ত্বরান্বিত করা হোক অথবা নির্বাচন পিছিয়ে দেওয়া হোক। স্যার এই প্রসঙ্গে আমি আরেকটা কথা বলব, আমাদের বৈধানিক গণতন্ত্র যদি চিরস্থায়ী করতে হয় এবং তার ভিত্তি শক্তিশালী করতে হয় তাহলে নির্বাচন যাতে নিরাপক্ষ ও সাধুভাবে হতে পারে তার চেষ্টা করা উচিৎ। কিন্তু আমরা দেখছি জালভোট যাতে না হতে পারে তারজন্য সরকারী প্রচেষ্টা অত্যন্ত কম। নির্বাচন যাতে free and fair হয় তার জন্য এটাই বড় কথা নয়, তার চেয়ে বড় কথা হল, নির্বাচনে যেন যোগ্যপ্রার্থী আসতে পারেন। কিন্তু আজকে যা দেখা যাচ্ছে, একমাত্র ধনীব্যতীত কেউ parliament এবং নির্বাচনের মাধ্যমে আসতে পারেন না। আমাকে এক ভদ্রলোক তিনি অন্য পার্টীর লোক—বলেছেন যে পার্লামেন্টের নির্বাচনের জন্য তিনি ১৲ লক্ষ টাকা খরচ করেছেন। এখানে বলা যেতে পারে যে, বাংলাদেশের সরকার নির্বাচনী আইন গ্রহণ করেন না, ঠিক কথা। কিন্তু তাঁরা তো তাঁদের অসুবিধার কথা বলতে পারেন। আজকে বিদ্বেষ ও প্রতিদ্বন্দ্বিতা মনোভাবের জন্য আমাদের গ্রাম্যজীবন একেবারে কলুষিত হয়ে গিয়েছে একবার যে দল নির্বাচিত হল সেই দলই পরের ৫ বছর পর্য্যন্ত চলতে থাকায় গ্রাম্য-জীবন দুষিত হতে পারে সহরাঞ্চলে তা হয় না। গ্রামাঞ্চলে যাতে সুষ্ঠুভাবে নির্বাচন হতে পারে তার জন্য ব্যবস্থা করা উচিত যখন বিশেষ করে আপনারা গণতন্ত্রের পূজারী বলে গর্ব প্রকাশ করেন।

[10-10—10-20 a. m.]

সরকার ২॥ লক্ষ টাকা খরচ করে একে একটা সুষ্ঠুপথে পরিচালিত বার বার চেষ্টা করছেন। এছাড়া সরকারের আরও একটা দায়িত্ব আছে এবং সেটা হচ্ছে নির্ব্বাচনের খরচ কমিয়ে দিয়ে যাতে যোগ্য এবং দীনতম মানুষও নির্বাচনে যোগ দিতে পারে তার ব্যবস্থা করা। আমরা দেখতে পাই যে নির্বাচনে অধিকসংখ্যক খরচই হয় এই posters, pamphlets এবং microphone প্রভৃতির জন্য, কেননা এই সবের মাধ্যমেই প্রচারকার্য্য চালান হয়, অতএব সরকার যদি এই দায়িত্ব নেয় যে প্রতি ভোটারের কাছে তাঁরা প্রার্থীদের নির্বাচনী ইস্তাহার এবং তাদের পরিচিতি hand bill এর মাধ্যমে পৌঁছে দেবে নাহলে ভাল হয়। কেননা প্রত্যেক প্রার্থিই চায় যে সাধারণ ভোটাররা তাঁদের বক্তব্য জানুক। তবে সরকার যদি এজন্য ৩।৪ শত টাকা চায় তাহলে নিশ্চয়ই প্রার্থিরা তা স্বেচ্ছায় দিয়ে দেবে। এছাড়া সরকারের তরফ থেকে একটা আইন করা দরকার যাতে door to door যে সমস্ত নীচ ধরণের campaign হয় এবং microphone এর সাহায্যে প্রচার হয় সেগুলো বন্ধ করা যায়। এছাড়া কিছু public meeting এরও কোন বন্দোবস্ত করতে পারলে ভাল হয়, সরকার

যদি এই সব ব্যবস্থা অবলম্বন করেন তাহলে আমি বিশ্বাস করি যে নির্বাচনের ব্যয় অনেক কমে যাবে এবং তার ফলে অনেক যোগ্য ব্যক্তি যাদের অর্থসঙ্গতি নেই তাঁরাও নির্বাচিত হতে পারবে। সমস্তগুলো বাংলা সরকারের এক্তিয়ারে না থাকলেও তাঁরা এই গণতন্ত্রের বনিয়াদকে শক্তিশালী করবার জন্য যখন প্রথম পদক্ষেপ করেছেন তখন আমি appeal করব যে নির্বাচনের খরচ কমাবার দিকে এগোতে পারবেন কিনা দেখুন।

Shri Satya Priya Roy : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুখ্যমন্ত্রী অবশ্য এখানে নেই কিন্তু তিনি যাচাই করে নিচ্ছিলেন যে, আমরা যে যা বলছি সাপলিমেন্টারী বাজেটে কোথাও তার কোন উল্লেখ আছে কিনা, সেটা আমি আগে আলোচনা করে নিতে চাই। গ্রান্ট নম্বর ২০ এবং সাধারণ ভাবে শুধু গ্রান্ট নম্বর ২০ নয় এখানে যে আইটেম ইউনিভারসিটি এডুকেসনএর নীচে Improvement of Government Celleges, equipment and salary এবং যার জন্য সাপলিমেন্টারী বাজেটে ২ লক্ষ ৬২ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে সেই সম্পর্কে আমি আমার বক্তব্য রাখতে চাই। অধ্যক্ষ, মহাশয় ডাঃ জোসেফ আত্মহত্যা করেছিলেন বলে সারা ভারতবর্ষে তা নিয়ে বিরাট চাঞ্চল্য দেখা গিয়েছিল এবং আমাদের ভারতবর্ষের প্রধান মন্ত্রী বলেছিলেন যে It is extremely discressing এবং শুনছি যে কেন্দ্রীয় সরকার বৈজ্ঞানিকদের মধ্যে যা'তে এরকম ঘটনা আর না হয় তার জন্য ব্যবস্থা করছেন। কিন্তু আমাদের পশ্চিম বাংলায় শুধু একজন ডাঃ জোসেফ নয় গভর্ণমেন্ট কলেজে একটা সার্কুলারের জন্য বেশ কিছু সংখ্যক লোক ডাঃ জোসেফ হতে পারে। এই সার্কুলার আপনাদের কাছে আমি পড়ে শোনাচ্ছি। এই সর্কুলার ইস্যু করেছেন from the D. P., I. West Bengal, to the Principal of Government College, Dated 3.12-56——typing এর date হচ্ছে 30th November. মন্ত্রী মহাশয় যদি এটা দেখতে চান তাহলে আপনার মাধ্যমে সার্কুলারের একটা কপি তাকে দিয়ে দেব। এই সার্কুলারে বলা হয়েছে যে, যারা গভর্ণমেন্ট কলেজের অধ্যাপক আছেন তাঁরা যদি বাইরে কোথাও চাকুরী খুঁজতে চান তাহলে তাদের দরখাস্ত কোন সর্তে গভর্ণমেন্ট ফরওয়ার্ড করবেন সেটা এতে লেখা আছে। এই সার্কুলারে প্রিন্সিপালকে বলে দেওয়া হচ্ছে It is suggested that forwarding application of permanent hands for temporary appointments and non Government appointments should be discouraged.

অর্থাৎ, গভর্ণমেন্ট কলেজের কোন অধ্যাপক যদি বাইরে কোন অস্থায়ী পদের জন্য দরখাস্ত করেন অথবা কোন বেসরকারী চাকুরীর জন্য দরখাস্ত করেন তাহলে তার দরখাস্ত যেন D. P. I.র কাছে পাঠান না হয়, এবং D. P. I. তাকে কোন গভর্ণমেন্টের চাকুরীর বন্ধন থেকে অব্যাহতি দিয়ে তাকে ইচ্ছামত বেসরকারী চাকুরী বা অস্থায়ী চাকুরী গ্রহণ করতে দেবে না। ঠিক এই কারণেই ডাঃ জোসেফকে আত্মহত্যা করতে হয়েছিল—অর্থাৎ হপকিন্‌স ইনষ্টিট্যুটএ তিনি চাকুরী পেয়েছিলেন এবং সেই হপকিন্‌স ইনষ্টিটুট-এ যোগদান করতে তিনি চেয়েছিলেন। কিন্তু তাকে সেখানে যোগদানের জন্য অব্যাহতি সরকার দেন নি বলে তাঁকে আত্মহত্যা করতে হয়েছিল এবং এখানেও ঠিক এই একই অবস্থা হচ্ছে। এটাতে মধ্যযুগের ক্রীতদাসদের কথা মনে করিয়ে দিচ্ছে। অর্থাৎ যারা সার্ফ তারা তাদের নির্বাচিত মালিকদের ছেড়ে অন্য কোথাও যেতে পারবে না, এ ছাড়া আরও কয়েকটা হীনতা যা'র ভিতরে আছে আমি তা ভাষায়ব্যক্ত করতে পারছি না, গভর্ণমেন্ট কলেজের প্রবীণ অধ্যাপকদের বেতন, যাদের নূতন নিয়োগ করা হচ্ছে তাঁদের চেয়েও কম, এসম্পর্কে দুটো সার্কুলার আমার কাছে রয়েছে একটার ডেট হচ্ছে 6th July, 1957 এবং আরেকটা হচ্ছে 22nd December, 1959, এই দুটো সার্কুলারের বক্তব্য হচ্ছে এই যে, ১৯৫৭ সালে বিশেষ করে শিক্ষক আন্দোলনের পর যখন আপনারা শিক্ষকদের বেতন কৃপণ হস্তে সামান্য কিছু বাড়ালেন তখন অবশ্য কেন্দ্রীয় সরকার এসম্পর্কে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে বেতন বৃদ্ধির জন্য যে অতিরিক্ত খরচ হবে তার শতকরা ৫০ ভাগ কেন্দ্রীয় সরকার দেবেন।

কিন্তু এই বেতন বৃদ্ধি হওয়ার ফলে গভর্ণমেণ্ট কলেজের অধ্যাপকদেরও বেতন কিছু বাড়ান হলো এবং সঙ্গে সঙ্গে ২০০—৫০০ টাকার নূতন স্কেল একটা হোল। এই নূতন স্কেল-এ নিযুক্ত করা হচ্ছে শুধু আউটসাইডারদের। যারা এতদিন পর্য্যন্ত গভর্ণমেণ্ট কলেজে চাকুরী করেছেন এই নূতন স্কেল বাড়াতে তাদের ইনিসিয়াল স্যালারী বা ইনিসিয়াল Pay-র মধ্যে একটা বিরাট বৈষম্য সৃষ্টি হয়ে গেল। অর্থাৎ যারা নবাগত অধ্যাপক আসবেন তাঁদের সঙ্গে প্রবীন অধ্যাপকদের বেতনের একটা প্রভেদ সৃষ্টি হোল। নবাগতদের বেলায় দেওয়া হোল যে, যদি তার বয়স ২৫ বৎসর হয় তাহলে তার বেতন ২০০ টাকা হবে, আর ২৬ বৎসর হলে ২১৫ টাকা, এবং এমনি করে যদি ৩২ বৎসর বয়স হয় তাহলে ৫০৫ টাকা হবে—এই হচ্ছে নিউ স্কেল এবং যাঁরা নবাগত আসবেন তাঁরা এতেই নিয়োগ হবেন। এই নিউ স্কেল সরকার ঘোষণা করলেন এবং পরবর্ত্তিকালে এই ৩০৫ টাকাকে বাড়িয়ে যোগ্যতা এবং অভিজ্ঞতার খাতিরে সেটা ৩২০ টাকা পর্য্যন্ত দেওয়া হবে। কিন্তু প্রবীণ অধ্যাপকদের বেলায় যেটা করছেন তা খুবই নিন্দনীয়, কেননা তাদের বেলায় নিউ স্কেলে ইনিসিয়াল স্যালারী ফিকসড হবে—in accordance with the principles laid down in Rules 42 and 44 of the West Bengal Service Rules Part 1—এই হচ্ছে প্রবীণ অধ্যাপকদের অবস্থা, এই রুলে 42 of Part I, West Bengal Service Rules—তাতে বলেছেন যদি নূতন স্কেল কাউকে দিতে হয় তাহলে নিয়ম হচ্ছে He will draw as initial pay—new scale—such stage of the time-Scale next above his substantive pay in respect of the old post, তাহলে পুরোন স্কেলে তারা যে বেতন পাচ্ছিলেন সেই বেতনের সঙ্গে পরবর্ত্তি ধাপে নুতন স্কেলে ব্যবস্থা করে যা বললেন তাতে দীর্ঘকালের অভিজ্ঞতা এবং উন্নতর যোগ্যতা নিয়ে সেই সরকারী কলেজের প্রবীণ অধ্যাপকদের বেতন নবাগতদের চেয়েও কম হোল।

[10-20—10-30 a. m.]

এই কম পাওয়ার জন্য তাঁরা গভর্ণমেণ্ট কলেজের অধ্যাপনা করতে রাজী ছিলেন না, তাঁরা অন্য জায়গায় চলে যাবার সুযোগ নিশ্চয়ই ন্যায়সঙ্গত ভাবে খুঁজেছিলেন। সেইজন্য সার্কুলার দেওয়া হল যে কোন গভর্ণমেণ্ট টেম্পোরারী পোষ্টে বা কোন নন্ গভর্ণমেণ্ট চাকরিতে তাঁরা কোনরকম দরখাস্ত করতে পারবেন না। এতে যে কি বিরাট অন্যায় এবং অনাচার সরকার পক্ষ থেকে করা হচ্ছে তার প্রতি আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এটা শুধু কলেজের অধ্যাপকদের প্রতি নয়, সরকারী বিদ্যালয়েও সেই অবস্থা। আজকে বোধ হয় শিক্ষামন্ত্রী মহাশয় জানেন না যে তাঁর মন্ত্রীত্বকালে বিশেষ করে শিক্ষা সচীব মহাশয়ের দোর্দণ্ড প্রতাপে গভর্ণমেণ্ট টিচার্স প্যানেলে নাম পাচ্ছি না, এক রকম পথ থেকে ধরে নিয়ে এসে তোমাকে চাকরী দিচ্ছি বলে করতে হচ্ছে, তার কারণ বেসরকারী বিদ্যালয়গুলি যেটুকু সুযোগ তবুও আন্দোলন করে আদায় করতে পেরেছেন কিন্তু আজকে সরকারী বিদ্যালয়ে সে সুযোগ দেওয়া হচ্ছে না। বেশীদূর যেতে হবেনা আজকে যুগান্তর পত্রিকার দিকে যদি লক্ষ্য করেন তাহলে শিক্ষামন্ত্রী মহাশয় দেখবেন যে বিভিন্ন দিক দিয়ে গভর্ণমেণ্টের পক্ষ থেকে শিক্ষকদের প্রতি কি অন্যায় করা হচ্ছে। এই অনাচারের রাজত্ব শুধু গভর্ণমেণ্ট শিক্ষকদের বেলায় নয়, বেসরকারী শিক্ষকদের বেলায়ও তাই। বেসরকারী শিক্ষকদের বেলায় নতুন স্কেল নিয়ে এলেন, সেখানে দেখা গেল যাঁরা ৩০।৩৫ বা ২০।২৫ বৎসরের শিক্ষক, যাঁরা নতুন এসে শিক্ষকতায় যোগদান করেছেন তাঁদের সঙ্গে তাঁরা সমান বেতন পেয়ে যাচ্ছেন, কোন কোন জায়গায় হয়ত ৫ টাকা তাঁদের বেতন বৃদ্ধি হয়েছে। আমি একটা নির্দিষ্ট উদাহরণ দিয়ে বলছি একজন অনার্স গ্র্যাজুয়েট ১৩০ টাকা থেকে ৩৫০ টাকা বেতন পাবে, আর যার ৩০ বৎসর চাকরী হয়ে গেছে সে ১৪০ টাকা হয়ত নতুন স্কেলে প্রারম্ভিক বেতন পাবে, আর হয়ত তাকে ২।৫ বৎসর পরে অবসর গ্রহণ করতে হবে, ১৩০ থেকে ৩৫০ পর্য্যন্ত

যে বেতনের হার দেখান হয়েছে তাতে কখন সে পৌঁছাবে সে সম্পর্কে শিক্ষা মন্ত্রী মহাশয় বিচার করেন কি? এই সমস্ত দোষ ত্রুটি আছে বলে আমরা বার বার আন্দোলনের কথা বলেছিলাম এবং মুখ্যমন্ত্রী মহাশয় বিবেচনা করে বলেছিলেন যে ওয়েজ বোর্ড শিক্ষকদের বেতন নির্ধারিত করবার জন্য ন্যায় সঙ্গত ভাবে একটা ব্যবস্থা করবেন এবং তিনি আমাদের সেক্রেটারীর কাছে চিঠি লিখে জানিয়ে ছিলেন যে. you have suggested the appointment of Wage Board to determine fair remuneration for the employees of educational institution. This is a matter which is being considered. তারপর আমরা চাকরীর নিরাপত্তার কথা বলেছিলাম, তাতে তিনি বলেছিলেন, question of instituting Service Committee is alao being considered. As soon as we come to a decision regarding the establishment of Wage Board and the Service Committee we shall let you know.

এই চিঠির তারিখ হচ্ছে ২১শে আগষ্ট, ১৯৫৯ সাল। মুখ্যমন্ত্রীর এই চিঠি ছেড়া কাগজ হিসাবে শিক্ষামন্ত্রী মহাশয় এবং শিক্ষাসচীব মহাশয় ব্যবহার করেছেন এবং তা কোনরকম কার্য্যকরী করবার চেষ্টা প্রায় ১৮ মাস হয়ে গেল আজও শিক্ষামন্ত্রী মহাশয় এবং তাঁর দপ্তর করলেন না। (The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : It does not relate to my department at all. He is making other remarks.)

The Chief Minister certainly speaks on behalf of the Cabinet. (The Hon'ble Rai Harendaa Nath Chaudhuri : Sir, he is bringing in my name. I have already told him that is not the concern of my department.)

তাহলে আমি বলব শিক্ষামন্ত্রী মহাশয়ের মুখ্যমন্ত্রী মহাশয়ের সঙ্গে কোন যোগাযোগ নেই।

Shri Satya Priya Roy : The legal position is that the Chief Minister is the Head of the Cabinet and in matters relating to the Education Department, certainly he addressed on behalf of the Education Minister and the Education Minister cannot say that.

[Noise and interruption]

Mr. Chairman : You see the teachers are labours and it is a matter relating to the Labour Department. Please go on with your arguments.

Shri Sasanka Sekhar Sanyal : On a point of order, Sir When a teacher is in pain, can it be said that the labour is in pain?

Shri Satya Priya Roy : এই রকম যে মনোভাব শিক্ষা দপ্তরে চলেছে তার আর একটা প্রকৃষ্ট প্রমান হচ্ছে মুখ্যমন্ত্রী মহাশয় বিধান সভায় ঘোষণা করেছিলেন যে প্রত্যেক বি. এ. শিক্ষককে যাদের ১০ বৎসরের কম অভিজ্ঞতা এবং ৫০ বছর বয়স তাঁদের নুতন স্কেলে ১৫০ টাকা থেকে ২২৫ টাকা—তাদের ১৫০ টাকা বেতন দেওয়া হবে কিন্তু তা আজ পর্য্যন্ত কার্যকরী করা হল না। শিক্ষামন্ত্রী হয়ত বলবেন যে এটা মুখ্যমন্ত্রী ঘোষণা করে ছিলেন, কাজেই আমার কিছু দেখবার নেই এবং তাঁর শিক্ষাসচীব হয়ত বলবেন যে এটা শিক্ষামন্ত্রী বলেছিলেন, কাজেই সেটা কার্যকরী করার দায়িত্ব আমার নয়। সুতরাং আমি বলবো যদি এইভাবে চলে তাহলে আমাদের এডুকেশনে এক পয়সাও দেওয়া উচিৎ হবেনা। কাজেই আমার মনে হয় যে এটা প্রলয়ের দিনের বাজেট হয়েছে। এর পরে শিক্ষামন্ত্রী বলবেন কিনা জানি না কিন্তু দেখা যাচ্ছে এখানে মালটিপার্পাজ স্কুলের জন্য সাপ্লিমেণ্টারী বাজেট করা হচ্ছে। Improvement of quality condition of Servic of teachers. ৩৭ লক্ষ টাকা, improvement of teaching facilities including accommodation in Arts, Science, Geography ১০ লক্ষ টাকা করা

হচ্ছে সাপ্লিমেণ্টারী বাজেটে অথচ দেখা যাচ্ছে এবারের বাজেটে প্রত্যেকটাতে প্রচুর পরিমাণ টাক কমিয়ে দেওয়া হয়েছে সাধারণ বাজেটে যে টাকা বরাদ্দ করা হয়েছিল তার থেকে এত বেশী টাকা খরচ করে একেবারে নিঃশেষিত করে দেয়া হয়েছে। কাজেই এবারের বাজেটে টাকা কমানো দেখে মনে হচ্ছে যে প্রলয়ের দিনের আগে এই সাপ্লিমেন্টারী বাজেট আমাদের সামনে এসে উপহাস্য করছে। এই বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

Shri Gopal Haldar : শ্রদ্ধাস্পদ সভাপতি মহাশয়, খুব গুরুতর বিষয় নয় কিন্তু সামান্য ২।১টা বিষয়ের প্রতি এই আলোচনা কালে আমি আপনার সামনে মন্ত্রীমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। একটা প্রস্তাবিত ব্যয়ের খাত হচ্ছে প্রিন্টিং। এসম্বন্ধে আমার একটা নালিশ এই যে, আমাদের কাউন্সিল প্রসিডিংশগুলি আজপর্যন্তও মুদ্রন হয়নি। আমি এ আলোচনা কালে একটু জানতে চাই যে একাজটা কোনরকমে তরান্বিত করার ব্যবস্থা করা যায় কিনা? তা না হলে এরকম ভাবে টাকা মঞ্জুর চাওয়ার কি প্রয়োজন যদি এসব কাজও তরান্বিত না হয়? দ্বিতীয় ব্যাপার, এটা সাধারণ ভাবে জেনারেল এ্যাডমিনিষ্টেশন খাতে তা আলোচ্য হতে পাবে, আবার ঐ প্রিন্টিংএর মধ্যেও পড়তে পারে। এবার যে সিভিল লিষ্ট বা রাজ্য সরকারের কর্ম্মচারী তালিকা ১৯৫৯ সানের ১লা এপ্রিল পর্যন্ত শুদ্ধ হয়েছে বলে প্রচারিত করছে আমার বক্তব্য তার সম্পর্কে। এসম্পর্কে খুব বেশি না বলে অতি অল্প দেখেও, আমি বুঝেছি যে, এই সিভল লিষ্ট এ এরকম ভাবে অর্থ ব্যয় করা অন্যায় হয়েছে এ বই সম্পূর্ণরূপে নষ্ট করে দেওয়া উচিত। পুর্বেকার সিভিল লিষ্ট অনেক আছে, হয়তো কয়েক বছর ধরে সিভিল লিষ্টের ক্রমশঃ প্রকাশ এবং মুদ্রনে ত্রুটি ঘটছে কিন্তু এখন যা হচ্ছে তাকে অরাজকতা বলা উচিত আপনি যদি এর প্রথম দিক থেকে আরম্ভ করেন তাহলে দেখবেন কত নাম বাদ গিয়েছে, কত নাম বহু আগেই বাতিল হচ্ছে। কিম্বা নাম হয়ত আছে লোকের ঠিক নেই। যেমন কারো পদ ঠিক করতে না পারলে ইনার কলমে বা নামের নির্ঘন্টে যেতে হয়। কিন্তু ইনডেকসেও নাম দেখুন, সেই নাম সেখানে উল্লেখখিত পৃষ্ঠার কোনখানে খুজে পাওয়া যায় না। যথা প্রথম নাম আব্বাস আলী খান ৩৭৮ পৃষ্ঠায় দেখুন পাবার কথা লেখা আছে, কিন্তু পাবেন না।

[10-30—10-40 a. m.]

ইনডেকসের দ্বিতীয় নাম, তৃতীয় নাম, চতুর্থ নাম এরূপে দেখে নিয়ে উল্লেখিত পৃষ্ঠায় খুজে দেখুন পাবেন না—বইয়ের কোথাও পাবেন কিনা সন্দেহ। কোথায় তবে এসব কর্ম্মচারী? সবাই underground এ চলে গিয়েছে নাকি? নইলে যে পৃষ্ঠায় যাদের নাম পাওয়া উচিত তা নাই। আবার আশ্চর্য্য এই যে, যেখান দ্বিতীয় পৃষ্ঠায় মন্ত্রীমণ্ডলীর নাম রয়েছে সেখানে গজনবী সাহেবের নামও Index অনুযায়ী প্রাপ্তব্য। অথচ বইএর দ্বিতীয় পৃষ্ঠায় উপমন্ত্রী সৌরেন মিশ্র স্থানও। মহাশয়ের নাম লেখা আছে—ইনডেকসে তিনি স্থানও পাননি। আমাদের নামোল্লেখ নাই সত্য কথা কিন্তু মন্ত্রীমণ্ডলীর একাধিক নামেরও উল্লেখ নাই। তখন আমরা আর কোন ছার? এভাবে প্রত্যেকটি বিষয়ের বেপরোয়া ভুল তালিকা। হাইকোর্টের জজের নাম খুজতে গিয়ে দেখবেন তা পুলিশ বিভাগের নামের তালিকা। এই যদি হয় তাহলে Civil List কেন রাখা হয়, কি উদ্দেশ্য সিদ্ধি করেছেন এর দ্বারা, কারণ, প্রথমতঃ মুল তালিকা নামের পরে অনেক সময় দেখবেন নাম আছে মাইনে ঠিক নাই। চাকরি করছেন কিন্তু Born কবে তা ঠিক নাই। যেমন বর্ত্তমান শিক্ষা ডিরেকটর হিসাব। তিনি তাহলে বোধহয় Born হননি। অজাত এরকম নাম ও অবস্থা বহু আছে। তাছাড়া, প্রতি পৃষ্ঠায় অজস্র ভুল রয়েছে। বানান ভুলের তো বাপ মা নাই। এভাব দেখাযাচ্ছে বানানের যে তালিকা তৈয়ারীর সাধারণ যে নিয়ম বা নীতি আছে সে নিয়মগুলি একেবারে বিসর্জ্জন দেওয়া হয়েছে। যেমন, নির্ঘন্ট 'ঘোষাল' নামের পরে আসছে অধিকারী, 'দাসগুপ্তের' পরে 'বোস' এসে হাজির। এভাবেই প্রথম নামের

বেলা, সুকুমার আগে তারপরে প্রণব এসে যাচ্ছে এ রকম ভাবে কোন দিক থেকে কোন রকম শৃঙ্খলা নাই, কোন রকম বুদ্ধির কেন, সামান্য মনোযোগেরও পরিচয় পাওয়া যায় না।

[a voice : সম্পূর্ণ স্বরাজ্য লাভ করেছে]

আমার অধ্যাপক বন্ধু মহাশয় বলেছেন যে, তালিকা প্রণেতারা স্বরাজ্য লাভ করেছে। আমার বক্তব্য—শুধু তা নয়। এই যে পশ্চিমবঙ্গের Civil List এটা পশ্চিমবঙ্গ সরকারের একটা বিশেষ দর্পন সম্পূর্ণ বিশৃঙ্খল। কোন খানে কেনরকম জিনিষের ঠিক নাই। তাই আপনার মারফৎ প্রধানমন্ত্রী মহাশয়কে আমি বলতে চাই যে তিনি অর্থলাভের সঙ্গে তিনি এটা একবার দেখবেন। তিনি মন্ত্রীর পরিচালনা করছেন, তাঁর পক্ষেও এরকম Civil List খুব প্রশংসনীয় হয় না। কারণ Civil List অনেক সময় বিদেশীরাও দেখে থাকেন।—বাঙলায় তা তৈরী করলে সে লজ্জা থেকে নিষ্কৃতি পাওয়া যেত। আমাদের দেশের লোকেরা তো বোঝে কিভাবে এ রাজ্য চলছে। কিন্তু বিদেশীরা যখন এ বই দেখবেন তখন লজ্জায় মাথা কাটা যাবে।

আমি আজ এ দুইটি জিনিষই আপনার মারফৎ নিবেদন করতে চাচ্ছি—মুদ্রণ ও সাধারণ প্রশাখার অকর্মন্যতার সামান্য দু'টি নিদর্শন।

Shri Kali Charan Ghose : মাননীয় অধ্যক্ষ মহোদয়, Supplementary Estimate-এ আমি একটা জিনিষ দেখে আশ্চর্য্য হয়ে গেলাম যে এখানে আমাদের স্বাস্থ্য প্রভৃতি বাদদিয়ে পুলিশের ব্যাপারে বিভিন্ন Item-এ Supplementary-তে বরাদ্দ হয়েছে। এটার আমি গুরুতর বিরোধিতা করছি। পুলিশের জন্য গাড়ী মেরামত, গাড়ী কেনা প্রভৃতি অনেক কিছু হয়েছে। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে সব নরনারী রোগার্থ হয়ে হাঁসপাতালে রয়েছে সেখানে সেই হাঁসপাতালে Ambulanca Car মাসের পর মাস বিকল হয়ে পড়ে আছে সেগুলি সারাবার কোন প্রচেষ্টা কোন ব্যবস্থা কিছু হচ্ছে না। Strecher এর অভাবে আমরা দেখি সেখানে মুমূর্ষু রোগীকে তার নিজস্ব Bedএ নিয়ে যাবার জন্য strecher পাওয়া যায় না। মাননীয় ভুপতিবাবু এখানে রয়েছেন, তাঁর Constituencyতে হুগলী জেলার সদর হাসপাতালে এই অবস্থা রয়েছে সেখানে স্বাস্থকেন্দ্র মাননীয় অনাথবন্ধু রায় মাশয় গিয়েছিলেন। তাঁর কাছে এসব বলা সত্বেও আজপর্য্যন্তও কোন ব্যবস্থা হল না। আর পুলিশের ব্যাপারে Additional grant এখানে হচ্ছে। শুধু তাই নয়। সেখানে একটা হাসপাতালের প্রাচীর ভেঙ্গে গিয়েছে, মেরামত হয় না, না করার ফলে কুকুর বেড়াল রোগীদের খাবার আক্রমন করছে এই অবস্থা আমরা হাসপালে দেখতে পাচ্ছি অথচ পুলিশের ব্যাপারে প্রচেষ্টা হচ্ছে. এই পুলিশ দেশের নৈতিক মান বিপন্ন করার কাজে সহায়তা করছে এই অভিযোগ আমি জানাচ্ছি।

বে-আইনভাবে মদ চোলাই ওরা কুটীরশিল্প হিসাবে গ্রহণ করেছে। পুলিশকে ধরিয়ে দিলেও সেখানে তাদের বিরুদ্ধে কোন step নেওয়া হয়না। ফুটবল ব্লাডারের ভিতর মদ নিয়ে যাচ্ছে ধরা পরছে—পুলিশ সেই মদ গল, গল করে খেয়ে ফেলে, আসামীদের ছেড়ে দেয়। যদি enqury করেন তাহলে দেখতে পাবেন পুলিশ—এবং গুণ্ডার ভয়ে সেখানে জনসাধারণ সাধারণ ভাবে চলাফেরা করতে পারে না। এ সম্বন্ধে সরকারের দৃষ্টি আকর্ষণ করেও কোন ফল হয় নি। তাই আমি এখানে বলতে বাধ্য হচ্ছি। যদি একটা enquiryর ব্যবস্থা করেন তাহলে আমি সেখানকার সমস্ত সাক্ষী নিয়ে আসতে পারি। শুধু তাই নয় পুলিশের সাহায্যে গুণ্ডারা চুরী, ডাকাতি, রাহাজানি, নানাবিধ দুষ্কর্ম করে বেড়াচ্ছে। Convicted গুণ্ডারা, mercy petition-এ ছাড়া পেয়ে শ্রীরামপুর থেকে মাহেসের রাজপথে, সর্বত্র ঘুরে বেড়াচ্ছে তাদের ভয়ে লোকে রাস্তায় যাতায়াত করতে পারছে না। এই সমস্ত গুণ্ডারা অপকর্ম করলেও পুলিশ কিছু বলছে না, তাদের ধরার দিকে এগিয়ে আসছে না। উল্টে দেখা যায় সেখানকার বাসীন্দারা যখন এই সমস্ত গুণ্ডার বিরুদ্ধে থানায় অভিযোগ করতে

গিয়েছে তখন সেই অভিযোগকারীকেই ধরে কোর্টের সামনে চালান দেওয়া হয়েছে। তার নামে মিথ্যা অভিযোগ এনে, যে সে সাধারণ নাগরিক হিসাবে এক জনের সঙ্গে মারপিট করেছে, এই বলে তাকে চালান দেওয়া হয়; এবং পরে বলেন সে পয়সা ছিনিয়ে নিয়েছে। এই রকম ভাবে বহু কেস্ আনা হয়েছে কোর্টের সামনে, সেখানে জজ্ পুলিশে বিরুদ্ধে stricture দিয়েছেন এই বলে যে আসামীর বিরুদ্ধে যে চার্জ আনা হয়েছে এটা ঠিক হয় নি। প্রথমে সে মারপিট করেছে বলা হচ্ছে, তারপর আবার বলা হচ্ছে সে পয়সা ছিনিয়ে নিয়েছে এটা পুলিশের after-thought. এইভাবে ম্যাজিষ্ট্রেট strictture দিয়েছেন।

এই যে পুলিশ গুণ্ডার সাথে মিলে মানুষকে হায়রাণ করেছে, মেয়েদের গলার হার ছিনিয়ে নিচ্ছে, রাহাজানি করছে, এ থেকে পরিষ্কার বোঝা যাচ্ছে পুলিশের মনোভাব কোন দিকে। পুলিশের সহযোগিতা চোর, গুণ্ডা, ডাকাতের সঙ্গে রয়েছে এবং যারা জনসাধারণের জীবন, সম্পত্তি বিপন্ন করে তুলছে— ; সেই পুলিশের জন্য এই additional grant দেওয়ার আমি বিরুদ্ধে।

Dr. Monindra Mohan Chakrabarti : —মাননীয় অধ্যক্ষ মহোদয়, অতিরিক্ত ব্যায় বরাদ্দ সম্বন্ধে সব সময় বলা হয়ে থাকে বাজেট পাশ হয়ে যাওয়ার পরে বৎসরের মধ্যে যখন বিশেষ কোন প্রয়োজন বা অসুবিধা দেখা যায় তার জন্য ব্যয় বরাদ্দ করার প্রয়োজন এবং সেইজন্য এই অতিরিক্ত বাজেটের প্রয়োজন। কিন্তু যেসমস্ত খাতে ব্যয় বরাদ্দ করা হয়েছে এবং যা পরে করা হয়েছে সেগুলি যদি একটু দেখি তাহলে দেখা যাবে এমন অনেক ব্যাপারের জন্য ব্যয় বরাদ্দ করা হয়েছে যেগুলি অনেক আগে থেকেই ধরা যেতে পারত এবং অনেক আগে চিন্তা করে ব্যয় বরাদ্দের মূল বাজেটের মধ্যে ধরা যেতে পারত।

মাননীয় সভাপতি মহাশয় এখানে আমি কয়েকটা দৃষ্টান্ত দেব তাব থেকে মনে হবে মূল বাজেটের শেষে কোন কোনখাতে যেন পুলিশ, General Administration এর খাতে ব্যয় বরাদ্দ তখনকার মত কমিয়ে রেখে, পরে আবার এইগুলিকে অতিরিক্ত ব্যয় বরাদ্দের মারফৎ একটা পরিকল্পিত উদ্দেশ্য নিয়ে আনা হয়। যেমন অধ্যক্ষ মহোদয় Grant No. 14 civil secretariat 'D' Page 10 এবং হেডকোয়ার্টার্স এষ্টাব্লিসমেন্ট এ বলেছেন ১০ এর পৃষ্ঠায় আছে—তাতে বলা হচ্ছে The additional grant has been necessitated by the increased activities of the Home (Publicity) Department, entertainment of extra staff in the Home (Passport) Department and appointment of more officers in the Development Department.

[10-40—10-50 a. m.]

একজন্য ৩ লক্ষ ১৬ হাজার টাকা অতিরিক্ত ব্যয় বরাদ্দ করা হয়েছে। অথচ যে যে ব্যাখ্যা দেওয়া হয়েছে সব কয়টি দেবার সম্বন্ধে আগেই চিন্তা করা যেতে পারতো, ব্যয় বরাদ্দ করা যেতে পারতো।

এই Grant No. 14-এ আর একটি দৃষ্টান্ত দেখুন যেমন—G—works—

Maintanance of Govt. Aircraft and Motor Vehicles or

কম টাকা নয়—১ লক্ষ ১৯ হাজার টাকা। আমি যদি গভর্ণমেণ্টের Aircraft motor vehicles থাকে, এখানে লেখা আছে Explanation—the additional grant is required for mainteuance af poolvehicles and purchaseof spare parts.

এখন এই যে ব্যাখ্যা এ থেকে স্পষ্ট বোঝা যায়—এর জন্য বহু আগে থেকে বরাদ্দ করা যেতে পারতো। যেহেতু মূল বাজেটে ঐ খাতে সরকার বেশী খরচ দেখাতে চান না সমালোচনা হয় বলে। সেজন্য তারা এখন অতিরিক্ত বাজেটের মাধ্যমে পাস করিয়ে নিতে চাচ্ছেন। এর ভূরি ভূরি উদাহরণ দেখান যেতে পারে। তারপর দেখুন—Grant

No. 17—Bolice আপনি আশ্চর্য হবেন এখানে Presidency police এবং District Eeecutive force এই দুই খাতে ব্যয় বরাদ্দ ধরা হয়েছে। তাতে বলা হয়েছে presidency police এর ব্যাপারে the additional provision is required for payment of deaeness allowance to police personnel,

তারপর Dearness allowance যে পুলিশের আছে তার জন্য আগে থেকে কি হিসেব করা যায় না? কি সেটা অসম্ভব ব্যাপার। আমি জানিনা—and for hire charges of vehicles taken for the Transport and food department is connection with V.I.P visit and floods, etc.

পুলিশ খাতে পুলিসের যানবাহনের দরকার হয়ে থাকে তার জন্য ফুড্ ডিপার্টমেন্ট থেকে নেওয়া হয়ে থাকে। আমি বুঝতে পারিনা দেশে একটি famine এর মত অবস্থায় Relief operation চলছে। গভর্ণমেন্ট এক department থেকে আর একটা departmentএর কাজের জন্য গাড়ী নিচ্ছেন, যেটা গভর্ণমেন্টের কর্তব্যের মধ্যে পড়ে তার জন্য ভাড়া দিতে হবে কেন? বাইরের খাতের জন্য transport এবং vehicles রয়েছে loan নেওয়া হয়েছে আমি বুঝি যে অতিরিক্ত petrol খরচ করার জন্য বরাদ্দ করা হয়েছে। তার একটা মানে হয়। কিন্তু যেভাবে বরাদ্দ ধরা হয়েছে তাতে তার মানে খুজে পাওয়া যায় না। V. I. P. visitএর জন্য খরচ ধরা হয়েছে প্রায় ১৯ হাজার টাকা। তার Grant Heads of States—and Ministers the additional grant is required for the reception and entertainment of foreign dignitaries.

সে V. I. P. বিদেশী Foreign dignitary হতে পারেন, দেশী V. I. P. ও হতে পারেন। তার জন্য কি পুলিশ ডিপার্টমেন্ট থেকে বেশী টাকা বরাদ্দের প্রয়োজন হয়। তার আনুমানিক ব্যয় অনেক ১ লক্ষ ২১ হাজার টাকা Presideney police খাতে ব্যয় ধরা হয়েছে এবং এইভাবে পুলিশ খাতে ব্যয় বরাদ্দ বাড়িয়ে আনা হয়েছে ৯ লক্ষ ৮৮ হাজার টাকায়।

তারপর হয়েছে Grant—39. Famine. এ ব্যাপারে আমার প্রথম কথা সত্যি সত্যি আমি ব্যক্তিগত ভাবে এই Head পছন্দ করিনা। আমি জানি না এই Head কিভাবে রাখার প্রয়োজন আছে। famine না বলে একে Relief of distress বলা যেতে পারে। তারা সচেতন সব সময় দেশ দুর্ভিক্ষের মধ্যদিয়ে চলেছে। তাঁদের অনুসৃত নীতির ফলে বাংলাদেশ ও উড়িষ্যা নিয়ে একটা খাদ্য অঞ্চল গঠন করার পরেও ধান চালের দাম কমছে না। বেড়েই চলেছে। উড়িষ্যা সরকার যে হিসেব দিয়েছেন কত চাল বাংলায় পাঠান হয়েছে আর আমাদের যে হিসেব দিয়েছেন, তার মধ্যে তারতম্য রয়েছে অনেক। তার ফলে দামও হু-হু করে বেড়ে চলেছে।

Famine খাতে যদি দেখতে চাই তাহলে দেখাযাবে যে সেখানে Salaries and Establishment ইত্যাদিতে খরচা হয়েছে ২৭ লক্ষ টাকা, আর Public Health measures এ খরচা হয়েছে ১০ লক্ষ ৫০ হাজার টাকা। অর্থাৎ কিনা যেখানে যে proportion এ খরচ হওয়া দরকার সেখানে কম খরচ হয়েছে। অধিকাংশ জায়গায় দেখা যাচ্ছে যে জন্য খরচ, যে কারণের জন্য খরচ কম হয়েছে। আসল ব্যয় হয়েছে কর্মচারীদের বেতন এবং allowance এবং contingency তে। এবং তাও যদি দেখি কিরকম ভাবে হিসেব করা হয়েছে pay of officers ৪ লক্ষ ৭৫ হাজার টাকা salaries and establishment ৩৪ হাজার টাকা এবং pay establihment এ ১ লক্ষ ৯৫ হাজার টাকা, এবং শুধু contingencyতে ২০ লক্ষ টাকা। Contingencyর কারণ দেখান হয়েছে তার Explanantory Memorendumএ, The additional provision is necessary for meeting the cost of large scale relief operations in area affected by flood.

আমার বক্তব্য হচ্ছে যে relief যে ভাবে করা হয় তাতে গলদ আছে এবং একথা আমাদের পক্ষ থেকে অনেকেই বলেছেন, হালিম সাহেব বলেছেন। এছাড়া যেভাবে ব্যয় বরাদ্দের proportion করা থাকে সেই হিসাব থেকে বোঝা যায় যে প্রকৃত relief এর জন্য টাকা কম থাকে এবং নানারকম কায়দা করে বাজেটে পরে এই খরচ দেখান হয়। তারপর change on account of Grant No. 36. charges on account of stationery and printing তাতে দেখা যাচ্ছে যে একটা private press এর জন্য খরচ করা হয়েছে ২০ হাজার টাকা এবং Government Press এ over time allowanee এবং অন্যান্য যে ব্যবস্থা আছে তাতে ৫০ হাজার টাকা ইত্যাদি। অর্থাৎ Governmet Press এ overtiwe কাজ হচ্ছে তবুও সেখানে আরও ২০ হাজার টাকা অন্য কোন press কে দেওয়া হয়েছে। অথচ যেখানে খরচ করা দরকার অর্থাৎ Grant No. 46. purchase of food grains other than wheat। সেখানে দেখাযাচ্ছে মাত্র ২৭ হাজার টাকা যেখানে state trading করলে আমাদের মুনাফা হয়, সেখানে যারা খাদ্যশস্যের ব্যবসা করে পশ্চিমবঙ্গ সরকার তাদেরই সে সুযোগ করে দিচ্ছেন। উড়িষ্যার অঞ্চলের সঙ্গে সংযুক্ত হয়ে যে অঞ্চল গঠিত হয়েছে সেখানে তাদের মুনাফা করবার সুযোগ দিচ্ছেন অথচ এই মুনাফা থেকে জনসাধারণকে বাঁচাবার চেষ্টা করা যেত যদি state trading করা যেতো কিন্তু সেখানে দেখতে পাচ্ছি মাত্র ২৭ হাজার টাকা ধরা হয়েছে এবং দেখা যাচ্ছে প্রত্যেকটী বাজেট বরাদ্দতে এমনভাবে ধরা হয়েছে যে তাতে কেবলমাত্র staff establishment রাখার সুযোগ দেওয়া হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহোদয় এর পর আমি Education সম্পর্কে বলছি। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় সেদিন এই কথার জবাব দিয়েছিলেন যে প্রাথমিক শিক্ষকদের বেশী বেতন দেওয়া হচ্ছে তার বেশী দিতে পারবেন না এবং এটাই তিনি adequate বলে মনে করেন। তারপর বলেছেন reeources তার নেই। আমার বন্ধু শচীন ব্যানার্জি কোন একটা সম্পাদকীয় থেকে উদ্ধৃত করে শুনালেন এবং তা থেকেই জানতে পেরেছেন যে জনসাধারণের এ সম্বন্ধে মতামত কি।

[10-50—11 a. m.]

Sir, I would not enter into any further details. There is one question that I wolud like to place before you and after having done so I will resume my seat. It is about recent disturbances to which references are made by my distinguished friend Shri Mohitosh Rai Chowdhuri. He has referred to the setting of questions and the paper-setters have been found fault with in the Lower House also by a person who perhaps does not know much about it. Sir, the position for paper-setting is this When late-lamented Dr. J. C. Ghosh was the Vice-Chancellor of the University there was some little disturbance in one examination and quite a bit in another He suggested that the syllabus or the course of study should be set out in detail. So he asked all the Boards to prepare a detailed syllabus. So we who are on Boards in the University prepare detailed syllabus.

Now, questions are being set on the detailed syllabus. I have seen the first paper in Civics and it has been set from the syllabus and in the questions the headings in the syllabus have been quoted. Inspite of that there is a protest because the students depend upon short cuts, because there are tutorial homes and the owners of these homes extract money from the candidates who study only these questions and success is assured to them by the owners of these tutorial homes. When questions are not set out of these suggestions that are made by the tutorial homes they get disaffected not only the students but the owners also. Therefore the outside elements help these students in creating disturbance. There are also the note publishers who also constitute a section of the vested interests Then some colleges, not all, can not teach the whole course, only a part of the course is taught. If any question is set from outside the portion taught, they get disaffected and these teachers encourage boys and girls to create disturbance. Therefore these are matters which have to be gone into. It is easy to blame the University without going into the matter fully.

Mr. Chairman: Now, some honourable members complained that they got copies of the two Appropriation Bills on Saturday afternoon. These were passed in the House at 1 o'clock and this is highly creditable for the office to be able to send the copies at such a short time. I think credit should be given where it is due.

Shri Sasanka Sekhar Sanyal: May I make another submission. We give full credit except in one case. Why does not the Office under your direction threw back the papers to the Government with a clear directive that unless things are done in a proper way no business could be proceeded with.

Mr. Chairman: That is a different matter.

Shri Nirmal Chandra Bhattacharyya: Sir, what about the Council wing of the Secretatariat?

[11-30-11 40 a. m.]

Shri Kali Chanran Ghosh : মাননীয় অধ্যক্ষ মহোদয়, অর্থ মঞ্জুরী দিতে আপত্তি করতে উঠে আমি প্রথমেই একটা কথা বলতে চাই যে, আমাদের মন্ত্রীমণ্ডলী বাঙালী জাতির যে দাবী সেই দাবীকে যথার্থভাবে কেন্দ্রীয় সরকারের কাছে উপস্থাপিত করেননি। সেই দাবী হচ্ছে দলমত নির্বিশেষে সমস্ত বাঙালী জাতির দাবী, আজকে বাংলার বাইরে বাংলার সন্নিহিত ৭০লক্ষ বাঙালী অধ্যুষিত যে অঞ্চল সেই অঞ্চলকে ফিরে পাবার জন্য আমাদের ন্যায্য দাবী। আজকে পণ্ডিতজী বলেছেন যে এইরকম চাওয়াটা একটা আঞ্চলিক উন্মাদনা। ভাষার ভিত্তিতে রাজ্য পুনর্গঠনের দাবী নিয়ে বোম্বাই রাজ্য পুনর্গঠনের উপর মারাঠী গুজরাটিরা যে দাবী রেখেছিলেন তাকে কি তারা ফোর্জ চ্যাপটার বলে উড়িয়ে দিতে পেরেছেন ? শেষ পর্যন্ত তাদের সেই দাবীকে মানতে হয়েছে। আজকে আমাদের যে দাবী সেই দাবীর জন্য মন্ত্রীমণ্ডলী যদি একটা নূতন করে বাউণ্ডারী কমিশান নিয়োগ করার প্রস্তাব রাখতে পারেন তাহলে জাতির প্রতি যথার্থ কর্তব্য এবং দায়িত্ব পালন করা হয়। তারপর আমি একটা কথা বলতে চাই যে এই হাউসে বারবার করে এই পুলিশের খরচ উপলক্ষ্য করে যে কথা আমরা বলেছিলাম যে হুগলী জেলার মহেশ অঞ্চল মালিকের পোষা গুণ্ডাদের সঙ্গে পুলিশ ওতপ্রোতভাবে হাত জড়িয়ে গুণ্ডাদের দমনে অকৃতকার্য্য হয়েছেন ; শুধু তাই নয়, সেখানে তাদের উৎসাহিত করেছেন। সরকারকে জানান সত্ত্বেও এদিক দিয়ে কোন রকম কর্ণপাত করা হয়নি। এজন্য আমি একটা এ্যাড্‌জোর্নমেন্ট মোশন দিয়েছিলাম, কিন্তু সেই এ্যাড্‌জোর্নমেন্ট মোশনের কন্‌সেন্ট অধ্যক্ষ মহাশয় রিফিউজ করেছেন। আমি তার ভিত্তিতে একথা বলতে চাই যে এইভাবে পুলিশের অপদার্থতার জন্য একটা যুবকের প্রাণ সেখানে বলি পড়ে। দীপক মুখার্জী বলে একটি যুবককে সেখানে সন্ধ্যার সময় চায়ের দোকান থেকে টেনে এনে কনভিক্ট ৪ জন গুণ্ডা তাকে নির্মমভাবে হত্যা করেছে ২১।২২ জায়গায় ঘা দিয়ে। অধ্যক্ষ মহাশয় সেজন্য আজকে পুলিশ খাতে মঞ্জুরী দিতে আমার ঘোরতর আপত্তি আছে। আমাদের জীবন সম্পত্তি রক্ষা করতে যে পুলিশ অপারক, সেই পুলিশ খাতে কোনরকম অর্থ মঞ্জুরী করতে চাই না। তারপর দুর্ভিক্ষ খাতের দিক দিয়ে আমার বলার কথা হচ্ছে যে মন্ত্রীমণ্ডলী বাংলাদেশে দুর্ভিক্ষকে জিইয়ে রাখতে চান। সেজন্য তাঁরা নানাভাবে যুক্তির অবতারণা করেছেন। খাদ্য সংকটের দিক থেকে তাঁরা বলেছেন যে বেশী বেশী লোক জন্মাচ্ছে। মুখ্যমন্ত্রী বলেছিলেন যে যারা আগে ভাত খেতনা তারা আজকে ভাত খেতে আরম্ভ করেছে। মাননীয় প্রফুল্ল সেন মহাশয় বলেছেন যে বাংলার বাইরে থেকে ৩২ লক্ষ রিফিউজী চলে এল এবং ৪০ লক্ষ অবাঙালী চলে এল। এরা কি রাতারাতি এসেছে ? তাদের সংখ্যা কি জানা ছিল না ? আপনারা কোন সমস্যা সমাধানের দিকে আসছেন না। তাহলে কি এইভাবে খাদ্য সংকট চিরকাল থাকবে এইটাই বলতে চাচ্ছেন ? অন্য দিকে আমরা দেখতে পাচ্ছি যে, কেন্দ্রীয় মন্ত্রী মোরারজী দেশাই জাতীয় উন্নয়ন পরিষদে পরিষ্কার ঘোষণা করেছেন যে মুষ্টিমেয় মুনাফাখোর মজুতদাররা সেখানে খাদ্য লুকিয়ে রেখে কৃত্রিম খাদ্যাভাব সৃষ্টি করছেন। অথচ আমাদের এখানে মন্ত্রীমণ্ডলী তাঁদেরই আড়াল করতে চাচ্ছেন যুক্তি দিয়ে। আজকে খাদ্য সংকটের সমাধানের দিক দিয়ে ষ্টেট ট্রেডিং অসম্ভব বলে অর্থমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী উড়িয়ে দিতে চাচ্ছেন। কিন্তু সমাধানের দিক দিয়ে কি করা দরকার সে দিকে এগিয়ে না এসে উলটে শহরে রেশনের কোয়ানটিটি কমিয়ে দিয়েছেন, গ্রামে যে মডিফায়েড রেশনিং ব্যবস্থা ছিল তা তুলে দিয়েছেন এবং মুষ্টিমেয় মুনাফাখোরদের দয়ার উপর মানুষকে ছেড়ে দিয়েছেন, যার ফলে এখনই ২৬।২৭ টাকায় চাল কিনতে হচ্ছে, বর্ষাকালে যে কি অবস্থা হবে তা ভেবে আমরা শিউরে উঠছি। সেজন্য বলছি সংকটকে সমাধান না করে তাকে জিইয়ে রাখার মনোভাবটাই এই মন্ত্রীমণ্ডলীর দেখছি। তাঁরা আমাদের দেশে এ্যাডাল্‌টারেসানকে উৎসাহিত করেছেন। এদিক থেকে প্রত্যক্ষ প্রমাণ বিধানসভার একজন মাননীয় কংগ্রেস সদস্য তুলেছিলেন যে জনৈক ব্যবসায়ী চাল নিয়ে এসে গোডাউনে

কাঁকর মিশাচ্ছিলেন। তাকে ধরে এনফোর্সমেণ্ট বিভাগকে খবর দেওয়ার পর সেই চাল আটক করা হয়, কিন্তু তারপর খাদ্য দপ্তর থেকে সেই চাল নিয়ে যথাস্থানে পাঠান হয়েছে। খাদ্য মন্ত্রী মহাশয় একথা বলতে চেষ্টা করলেন যে এটা রাজ্য সরকারের চাল নয়, এটা চা বাগানের চাল, চা বাগান থেকে নাকি কোন আপত্তি উঠেনি। কিন্তু জিজ্ঞাস্য হচ্ছে চা বাগানের মানুষগুলো মানুষ কিনা যে এই রকম কাঁকরওয়ালা চাল তাদের দেওয়া হচ্ছে? কাঁকর মেশানোর জন্য গ্রেপ্তার করে শাস্তি দেওয়া হবে না কেন?

শুধু চালের ব্যাপারে নয়, আটার ব্যাপারেও adulteration চলছে। এটা আমার কথা নয়, Flower Mill Association থেকে এই কথা বলা হচ্ছে—যে আটা দেওয়া হচ্ছে সেই সম্পর্কে আমি একটু পড়ে দিচ্ছি—

In the report of the annual meeting of the Calcutta Flour Mills Association the Chairman, Mr. G. E. Howitt said "On occasions when wheat was allocated to mills from Government godowns, the Government stipulated that a certain percentage of reconditioned wheat had to be taken. Although the mills accepted it, the wheat was found to be badly affected by weevils. In some cases the main constituents of the wheat had been destroyed."

ওটা ১৫ই মার্চের কথা, এই হল অবস্থা। এখন জোর করে আমাদের যে আটা দিচ্ছেন তার মধ্যে সার বস্তু নেই। সেই রকম হুইট আমাদের খাওয়ান হচ্ছে। এইভাবে জনসাধারণকে, দেশবাসীকে মৃত্যুর দিকে নিয়ে যাচ্ছেন। জেনে শুনে এই কাজ করা হচ্ছে, এই অভিযোগ এখানে আমরা এনেছি।

তারপর অধ্যক্ষ মহাশয় শিক্ষার দিক দিয়ে আমাদের বলা হয়—শিক্ষার জন্য সরকার ১০।১৫।১৬ কোটী টাকা ব্যয় করেছেন এবং এই খরচের দিক দিয়ে আমরা অনেকখানি এগিয়ে যাচ্ছি কিন্তু খরচের মানদণ্ডে এখানে বিচার করে দেশের শিক্ষাব্যবস্থা দেখতে হবে না, বাস্তবিক শিক্ষার দিকে মানুষ কতখানি এগুল, তার শিক্ষা কতখানি হল তার মানদণ্ডে বিচার করতে হবে? আর একটা কথা আজকে ১৪ কোটি টাকা খরচ করা হচ্ছে। কিন্তু বাস্তবিক পক্ষে সাধারণ মানুষের পুত্রকন্যার জন্য কাজের বেতন বাবদ, fees বাবদ কত টাকা খরচ করছেন তার হিসাব মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে কি দেবেন? তাদের relief দেবার কি ব্যবস্থা হচ্ছে? এইটাই আমার জিজ্ঞাস্য।

আজকে মালটিপারপাস্ স্কুলে ১০।১২ টাকা করে মাইনে করা হয়েছে, তাতে কয়টি ছেলে পড়তে পারবে? গ্রামাঞ্চলে দু-কোটী লোক বাস করে, তাদের আর্থিক অবস্থা আজকে যে ভাবে দাঁড়িয়েছে তাতে আমাদের মাল্টিপারপাস্ স্কুলে কয়জন ছেলেমেয়ে শিক্ষা লাভ করতে পারবে! একথা আমি বিশেষভাবে মন্ত্রী-মণ্ডলীকে জিজ্ঞাসা করি। শুধু তাই নয়, দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রায় শেষ হতে চললো। অথচ নিরক্ষরতা দূরীকরণের দিক দিয়ে দেশকে কতখানি এগিয়ে নিয়ে যাওয়া হয়েছে সেটা চিন্তা করবার বিষয়। চীনের কথা উল্লেখ করলে হয়ত আপনারা চীৎকার করবেন। সেখানে দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা মাত্র প্রাথমিক পর্যায়ে রয়েছে। তারই মধ্যে সেখানে সরকারী ব্যবস্থার ও পরিচালনার দক্ষতায় শতকরা ৮০ ভাগ মানুষের নিরক্ষরতা দূরীকরণ হয়েছে। কিন্তু এখানে কি তা হয়েছে?

তারপর কুটির শিল্পের দিক দিয়ে আমি জিজ্ঞাসা করি। এখানে বলা হচ্ছে—ক্ষুদ্র শিল্প ও কুটীর শিল্পের দিক দিয়ে আমরা খুব অগ্রসর হয়েছি এবং পরিসংখ্যান দিয়ে দেখান হচ্ছে যে ১৯৫৬-৫৭ সাল থেকে আরম্ভ করে এ পর্য্যন্ত ৫ কোটী ৩০ লক্ষ টাকা খরচ করা হয়েছে। কিন্তু এই খরচের ফলে প্রতিবৎসর কত টাকা মূল্যের পণ্যদ্রব্য উৎপাদন হয়েছে এবং কত লোকের অন্ন সংস্থান হয়েছে সেটা আমি মন্ত্রীমণ্ডলীর কাছে জানাতে চাই। আমরা দেখতে পাচ্ছি বৃহৎ শিল্পের প্রতিযোগিতা থেকে ক্ষুদ্র কুটীর শিল্পকে রক্ষা করার জন্য গভর্ণমেণ্টেরব বিশেষ দৃষ্টি নেই। সেগুলি বিক্রয়ের জন্য একটা বিক্রয়ের সংস্থা নেই, এবং কাঁচা মাল সরবরাহের

জন্য একটা সমবায় সংস্থার কথা সরকার চিন্তা করছেন না অন্য দিকে ৫ কোটী ৩০ লক্ষ টাকা খরচ করার পর তারা এই সমস্ত কথা বলছেন।

আর একটা কথা—

কল্যাণীতে Spinning Mills কে একটা বে-সরকারী পরিচালনার অধীনে দেওয়া হয়েছে। কেন দেওয়া হয়েছে সেটা আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাই। এটা কি ধরে নেবো যে তাঁদের অযোগ্যতার জন্যই বে-সরকারী পরিচালনায় দেওয়া হয়েছে? আশা করি এর উত্তর আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছ থেকে পাবো।

[11-40—11-50 a. m.]

Shri Abdul Halim : Mr. Chairman. Sir, আমাদের সামনে মুখ্যমন্ত্রী ডাঃ রায় ১৫১ কোটি ৬৫ লক্ষ ১৫ হাজার টাকার যে Appropriation Bill উপস্থাপিত করেছেন, সে বিলকে Appropriation Bill বলবো না, Misappropriation Bill বলবো তা ভেবে ঠিক করতে পারছি না। তবে আমি এই বিলকে Misappropriation Billই বলবো কেননা, যে টাকা খরচ করা হয়েছে, বাজেটে টাকার অঙ্ক প্রচুর আছে, এই টাকা খরচ করে দেশের মানুষের কি উন্নতি হয়েছে সে সম্পর্কে কোন হিসাব আমরা পাইনা এবং এই টাকা খরচের কিছু কিছু ব্যাপার আমি এখানে উল্লেখ করতে চাই। আমাদের Second Five Year Plan Periodএ Government Small scale Industryর জন্য যে টাকা বরাদ্দ করেছিলেন সেই টাকার থেকে ১২ লক্ষ টাকা খরচ করা হয়, for electroplating and store enamelling for rendering service to small scale cycle Parts manufacturers এবং এই ১২ লক্ষ টাকা খরচ করার পর এই scheme deferred করে দেওয়া হল। এত টাকা খরচ করে যখন কিছু কিছু জিনিষপত্র উৎপাদন হতে আরম্ভ করলো, দেশের মানুষ যারা unemployed ছিল তারা কিছু কিছু কাজ পেয়ে ছিল কিন্তু এত টাকা খরচ করার পর সেই scheme deferred করা হল এটা sheer wastage of money ছাড়া আর কি হতে পারে। তারপর আর একটা কথা বলতে চাই second Five year plan periodএ ৩টা spinning mill করার কথা ছিল এখন শুনছি দুইটি abandon করা হয়েছে। একটা millএর machinery parts ইত্যাদি তৈরী হচ্ছে। অথচ আমরা সব সময় বলে থাকি acute unemploymentএর কথা, বেকার সমস্যা বেড়ে যাচ্ছে। এই millএর জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছিল তাতে সেই সব mill চালু হলে কিছুটা বেকার সমস্যা সমাধান হোত। আমি এখানে একটি কথা বলছি যে, হাওড়ায় আমরা জানি প্রায় ৬শত small scale engineering firms আছে এবং Govt.ঠিক করলেন যে ৩ কোটি টাকা যদি খরচ করা যায় তাহলে এই industryর revival হতে পারে এবং এই industry বাড়তে পারে। আমরা জানি এরজন্য Government ৭২ লক্ষ টাকা sanction করেছিলেন কিন্তু তার থেকে মাত্র ২৮ লক্ষ টাকা খরচ হয়েছে। এই হচ্ছে তাদের Sanctioned moneyর অবস্থা। তারপর আর একটা কথা বলবো Sir, আমাদের কাছে Government হিসাব দিয়াছেন ৬৫ কোটি টাকা এই Second Five year plan period এর মধ্যে by way of additional taxation আদায় করবেন, the entire money has been raised by indirect taxation। কিন্তু টাকাটা খরচ কি করে হবে। এই periodএ civil administration debt service interest payment। Expenditure on collection of taxes ইত্যাদি সব ব্যাপারে ৩৩ কোটি ১৬ লক্ষ ৪৬ হাজার টাকা খরচ হচ্ছে। এই টাকা দিয়ে bureaucratic machineryকেই আরো strengthen করা হচ্ছে সত্যিকারের development এর জন্য টাকা খরচ হয় না। Government এই সব উদ্দেশ্যে টাকা নিয়ে তার আমলাতান্ত্রিক machineryকে শক্তিশালী করে তোলার উদ্দেশ্যে এই টাকা খরচ করছেন। যার জন্য সব কিছু টাকা unplanned wayতে খরচ হচ্ছে। আর একটি কথা বলি Sir, Second plan এ health centre এর জন্য যে allotted money ছিল তাও খরচ করতে পারেন নি। এখানে

দেখছি এর জন্য ২০ কোটি ৫৮ লক্ষ ৭৭ হাজার টাকা ধরা হয়েছিল তার মধ্যে খরচ হয়েছে ১৪কোটি ১৫ লক্ষ টাকা। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী তার বিবৃতিতে বলেছেন ২ হাজার Health centre করা হবে, গভর্ণরের speeoh এও আছে ৫ শতটি তৈরী হবে অথচ এই Health centreএর জন্য বরাদ্দ টাকা তারা ব্যয় করতে পারেন না। এখানে আমি দেখেছি যে রামপুরহাটে একটা Health centre ছিল সেটা নষ্ট হয়ে গেছে অথচ সেটা ভাল করার জন্য কোনরকম টাকা খরচ করা হয় নি। সেখানকার লোকের স্বাস্থ্য কি ভাল হয়ে গিয়েছে ? সেখানে ১২ হাজার লোকের একটা গ্রাম অথচ সেখানে একটা Health centre নেই। তারপর এখানে Housing problem acute। এই Housing Planএ ৭ কোটি ৬০ লক্ষ টাকা খরচ করবার কথা ছিল কিন্তু খরচ হয়েছে ৫ কোটি ৫ লক্ষ টাকা। এখানে housing এর অভাবে লোকে থাকবার জায়গা পায়না অথচ এই পরিকল্পনা কার্য্যকরী করা হয় না। তারপর Agriculture includ-ing minor irrigation and land development এর জন্য ৮ কোটি ১৫ লক্ষ ২০ হাজার টাকা বরাদ্দ ছিল তার মধ্যে ৭ কোটি ৩৭ লক্ষ ৪৯ হাজার টাকা খরচ করেছেন। অথচ বাংলা দেশে খাদ্য সংকট আছে বন্যা আছে। ঘাটতি লেগেই আছে Bumper crop হলনা।

টিউবওয়েলের ব্যবস্থা হয়না, স্বাস্থ্যখাতে নির্দিষ্ট টাকা খরচ হয়না agricuture এর improvement হয় না। এইতো অবস্থা। তারপর complainএর কথা অনেকে বলেছেন, Lower House'ও অনেকে বলেছেন, ডাঃ দেশমুখও একটা engineeringর কথা বলেছেন, এই কমিটির রিপোর্টে'ও বলা হয়েছে sheer wastage of money—হিসাব পত্র ঠিকমত মেলেনা। পুলিশের জন্য একটা huge amount of money খরচ হচ্ছে অথচ পুলিশের মধ্যে দুর্নিতি বেড়েই যাচ্ছে। তারা কোন কাজকর্ম করেনা, দিনে দুপুরে ডাকাতি হচ্ছে। কোন murder হলে ধরা পড়েনা। তারপর Irrigation এর জন্য কোটি কোটি টাকা খরচ হচ্ছে—মাননীয় সেচ মন্ত্রী মহাশয় হয়তো বলবেন অমুক করেছি, তমুক করেছি দামোদর পরিকল্পনা, ময়ুরাক্ষী পরিকল্পনা করেছি, কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এত করে কি একছটাক খাদ্য উৎপাদন বৃদ্ধি করতে পেরেছেন। অথচ কৃষকদের উপর certificate জারী করা হয়েছে, তাহার উপর পুলিশ জুলুম চালিয়েও একটা term সৃষ্টি করার চেষ্টা করছে। তারপর মানুর থেকে কিন্নাহার রাস্তার ব্যাপারে মন্ত্রীমহাশয় বলেছেন দেড় লক্ষ টাকা খরচ করেছেন ১ লক্ষ টাকার provision রাখা হয়েছে। বাকী টাকাটা খরচ হয় নি আমি তার কাছে জানতে চাই কবে এই রাস্তা হবে, কেন টাকা পড়ে আছে এব কেন এ টাকা খরচ হুচ্ছে না তিনি তার জবাব দেবেন।

Dr. Sambhu Nath Banerjee : Mr. Chairman, Sir, I came to talk on a different subject in respect of which I had given my friends promise on a previous occasion, viz. separation of the Judiciary from the Executive, but the time allotted to me would not be suffi-ci nt to speak on it. Therefore, I switch on to a different subject, and probably a more important one-indiscipline of the students. I cannot too severely condemn the unruly conduct of the students. It is alleged that the questions are difficult. The questions may be difficult or may not be difficult. I do not understand what relief the students will get by breaking desks or chairs or by assaulting invig-lators. They do not set the questions. Whate reason of thie indiscipline ? As an old and experienced Vice Chancellor of Bombay said in his Convocation Address here two years ago, the fault is not so much theirs as ours. They have learnt indiscipline from the elders. If the questions are stiff, students may have grievance but the relief is to be given by the Syndicate. The members of the Syndicate have sympathy for the students. The system of examination is not known to many. As soon as the examination is over a report is sent to the Syndicate often to the Vice-chancellor, that the question on a particular paper is staff. At once the Viee-Chancellor calls a meeting of the examiners and they

consider haw justice can be done to the students. After a preliminary meeting, direction is given to the examiners and papers are examined accordingly. Then there is a meeting of the Boarn of Examiners and the Board consider the cases of the students very sympathetically. After that the Syndinate again considers how justice canbe done to students. After all this, if students can not pass it is not the fault of the examiners or the University. From my experience, I tell you what happened. I found that in an examination certain students had not got the pass marks-there were one or two marks too short. I sent for the examiners-as-Vice-Chancellor, I had the right to do it and told them "Plaese do not give grace marks Look through the paper of the student again and judge if he is eligible to pass, if so let him pass but do not add grace marks.

[11-50—12. noon]

That is the way of doing things. Sir, we were also students one day. In 1913, I believe the Chairman also appeared in the M. A. Eyamination. That year the question paper on Mathematics was set bx Dr. Paranjape. As soon as we heard his name, we began to tremble because he had the reputation of setting such questions that no stud ents could ever answer. How ever, taking the name of God we entered the Senate Hall. But very soon fifty out of fifty one students some of whom were very brilliant students left the examination hall leaving blank answer papers. Fortunately I had committed to memory two very important book articles the previous day. To my great satisfaction those were two of the questions set. I answered them. Sir Asutosh enquired about the matter. I told him that he was a great Mathematician, I do not know if he could answer such questions. Sir, the same difficulty arose in 1915 L. L. B. Examination. The paper on Bengal Tenancy was too stiff. But we did not break chairs. Wo did not assult invigilators. I repeat the disorderly conduct has come from the elders. I would tell you a story. When I was Vice-Chancellor a gentleman had asked his son to take one hundred rupees and go to Darjeeling for a change after the examination. You will be surprised to har the answer given by the student. The student said,"Father why shoud I go to Darjeeling and waste hundred rupees? I can spend the money in a better way here and get through the examination. So, whose fault is this tell me? The fault is not so much of the student as of the elders who allow them to lead an indisciplined life. Could any of us think of graee marks in those days when we appeared in examinations? We thought it would be impossible to attain success in the examination without hard labour. We knew it would not be, possible to get through if we got even a mark too short. In 1951-52 I found that the percentage of failure was very large, but I was against awarding of grace marks. I stoopped giving grace marks. If oppertunity comes, Sir, I say, with all emphasis and seriousness I will stop it again. Sir, the percentage of failure being very large, I set up a committee consisting of twelve of the best educationists of Bengal. They made a report. The report was printed and circulated in the educational institutions of Bengal. There were several courses put forward. One of them was want of diligence on the part of students. The students won't read text-books. They won't see the face of syllabus. Thev go to the bazar and buy note books and short cuts which are sometime sold at black-market rates and commit them to memory two months before the

examination and sit in the examination hoping to pass. Are the students like this eligible to pass ? I say they are not. They should not be allowed to pass the examination at all. When I stopped grace mark and when many things were said against me, I said "Why do you have an examination at all ? Give me the power to pass all students. I will stand on the top of the Senate Hall and declare that all students have passed". There is an end of the matter. There is no need of having an examination at all. But if you have an examination, you must fiv a standard and if a student does not reach the standard, he must not be allowed to pass. That is the view I have taken, Sir.

Today just a few minutes ago I signed a statement condemning the conduct of the students. I will sign ten thousands such statements even if that results in unpopularity, for I know if you want to be too popular, you cannot be a just judge or a just administrator. You have to act according to the regulations, you have to act according to certain practices, If you do not do that, certainly you are to be blamed.

One things I want to say is-Shri Mohitosh Roi Chowdhuri has touched it-that there is a cry against the present educational system. One day I attended a meeting. I was presiding there. A gentleman who knows nothing about education said আমাদের শিক্ষার আমূল পরিবর্ত্তন করিতে হইবে। I told him 'what do you mean by আমূল ?' Where is the মূল How is that to be changed ? He said "I shall see you two days later and explain to you". That 'two days never came, and he never saw me. Sir. I said in my Convocation Address in 1951 and I repeat that to-day with great emphasis 'let us not decry our present educational system.' I do not agree with Professor Rai Chowdhuri when he says that the present educational system is defective. It is not defective. It is to gain cheap popularity that the present educational system or the present examination system is being condemned. Sir, no human institution is perfect and, as time passes, it degenerates. It has got to be repaired. Let us make the necessary repairs. But you cannot do away with the past all on a sudden. You can not change the whole thing all on a sudden. I condemn condemnation of the present educational system, and placating students for gaining the cheap popularity. Our time is coming to an end, and within twenty years all of us here shall be no more. In whose hands we are going to leave the administration of India ? In the hands of the people who come from this students Community. Do you seriously mean that ? What will be the fate of India then ? Sir, charges of nepotism and corrup tion have been made here time and again. There may be nepotism, there may be corruption. But who are responsible for this ? Sir. the man in charge of a Department is technically liable for anything that happens in his Department. When I was Vice-Chancellor I acceptec the responsibility whenever anything wrong happened in the University. But Sir, no man, however great he may be, whatever may be his capacity, can manage the administration of a department by going into all details him self. He has got to get them done by officers. And who are the officers ? The officers would be from these students ? What do you expect of them ? Certainly you cannot expect them to make fine men when they are bad students. Sir, it has been said here that the country has not progressed according to the money spent. How will the country progress if the money is misspent and if the money is not spent for the purpose ? If the officers who actually handle the business are men of character and honest, then surely the country will progress.

Another friend of mine has said about নৈতিক জাগরন I entirely agree with him. Bnt I remind you that social evils can never be removed by promulgation of laws. They can only be removed if one rectity one's perverted life, and until that happens, however much we talk here, however much we condemn a system, the desired result will not be obtained.

With these words, Sir, I resume my seat.

[12—12-10 p. m.]

Dr. Monindra Mohan Chakravarty: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমার পূর্ববর্ত্তী বক্তা ডাঃ শম্ভুনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় পরীক্ষা গৃহে ছাত্ররা যে আচরণ করেছেন তার নিন্দা করেছেন এবং তার কারণ স্বরূপ বিঠল চন্দ্র ভারকরের সমাবর্ত্তন ভাষণ উল্লেখ করে বলেছেন যে তারজন্য কেবলমাত্র ছাত্ররাই দায়ী নহেন তাঁদেরও যথেষ্ট দায়িত্ব আছে—আমি এটা সমর্থন করি। আমি মনে করি পরীক্ষা গৃহে ছাত্রগণ যে আচরণ করেছেন তা নিঃসন্দেহে নিন্দার্হ কিন্তু তার পিছনে কেবলমাত্র যে ছাত্রদের নিজেদের দোষ আছে তা নয়—নানা দিক দিয়ে এর কারণ আছে। কিছুক্ষণ আগে যখন শিক্ষামন্ত্রী মহাশয় ছিলেন না তখন আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় আমার কথার উল্লেখ করে বলেছিলেন যে যদি কোন কোন বিভাগের নিষ্ক্রিয়তা তদন্ত করতে হয় তাহলে অধ্যাপকদের নিষ্ক্রীয়তার বিষয় তদন্ত করা উচিৎ। আমি তাঁকে সমর্থন করি এবং আমি মনে করি যে হ্যাঁ, তা করা উচিৎ বিশেষতঃ শিক্ষার মত ব্যাপারে। কিন্তু সেই সঙ্গে এও আমি মনে করি যে শিক্ষার ব্যাপারে সরকারের যে পরিমাণ নজর দেওয়া উচিৎ ছিল তা তারা দেননি। এই অভিযোগ তাঁরা অস্বীকার করতে পারেন না। আমি তার কিছু দৃষ্টান্ত আমার আগেকার ভাষণে দিয়ে ছিলাম। আমি আরও দৃষ্টান্ত দিচ্ছি। কিন্তু একথা সত্য যে পরীক্ষার ব্যাপারে এবং শিক্ষা সম্পর্কিত অন্যান্য ব্যাপারে অনেক কিছু নুতন করে ভাববার আছে এবং এই পরীক্ষার যে সিসটেম তার আমূলকে কতখানি পরিবর্ত্তন করা দরকার সেটা বিবেচ্য বিষয়। কিন্তু একথা যেন ওঁরা না ভাবেন যে আমরা বিরোধী পক্ষে বসে আছি বলে বিরোধী পক্ষের কোন শিক্ষক আছেন বা কেউ আছেন যারা ছাত্রদের বিশৃংখল আচরণ সমর্থন করেন বা কোন শিক্ষক তাঁর কর্ত্তব্য করেন না। ছাত্রদের ব্যবহার সমর্থন করে এপক্ষের কেউ বলেননি। মন্ত্রী মহাশয় ঠাট্টা করে বলেছিলেন যে এপক্ষ থেকে নাকি ছাত্রদের আচরণকে নিন্দা করে কোন কিছু বলা হয়নি। কিন্তু আমাদের বিবৃতিটা মুখ্যমন্ত্রীকে দেখিয়েছি, তাঁর কাছে নিয়ে গিয়ে সই করিয়েছি, আমিও সই করেছি। তাতে বলা হয়েছে যে ছাত্রদের এই রকম আচরণটা ঠিক হয়নি। দ্বিতীয়তঃ, পরীক্ষার প্রশ্নপত্র যতই খারাপ হোক না কেন ছাত্রদের এই রকম উচ্ছৃঙ্খল আচরণটা ঠিক হয়নি, তার অন্য রকম ব্যবস্থা আছে। এজন্য বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ সমস্ত দিক দেখে একটা ব্যবস্থা প্রণয়ন করুন যাতে করে এইরকম জিনিষ আর না ঘটে। আগামী স্কুল ফাইন্যাল, বি.এ., বি.এসসি. পরীক্ষা সম্বন্ধে আমরা আবেদন জানিয়েছি। এত বলা হয় কিন্তু আমাদের শিক্ষা বিভাগের মন্ত্রীমহাশয় দায়িত্বটা এড়িয়ে যাবার চেষ্টা করেন। সেকেণ্ডারী স্কুলে যদি কিছু হয় তাহলে বলবেন সেকেণ্ডারী বোর্ডের দায়িত্ব, উচ্চ শিক্ষার ক্ষেত্রে যদি কিছু হয় তখন বলবেন ও বিশ্ববিদ্যালয়ের দায়িত্ব, প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যদি কিছু বলা হয় বলবেন স্কুল বোর্ডের দায়িত্ব। এই যে সিফ্‌টিং অব রেসপান্‌সিবিলিটি চলছে এটার কারণ কি? যতক্ষণ সরকারের দায়িত্ব আছে, সরকারের সংশ্লিষ্ট বিভাগের কর্ত্তব্য যে দায়িত্ব তা পালন করা উচিৎ এবং সে সম্বন্ধে তাদের ইনিসিয়েটিভ নেয়া দরকার শিক্ষামন্ত্রী হিসাবে তিনি সেই দায়িত্ব এড়াতে পারেন না। তিনি কেবল একবার সেকেণ্ডারী বোর্ডের উপর, একবার বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষের উপর, একবার ডিস্ট্রীক্ট স্কুল বোর্ডের উপর দায়িত্ব দিয়ে দিলেন, আর নিজে সাধু হয়ে চুপ করে বসে থাকলেন এটা হতে পারেনা। কলেজের গভর্ণিং বডি সম্পর্কে যে ষ্টাটুট ২ বছর আগে ১৯৫৮ সালে ২৬শে ফেব্রুয়ারী অনুমোদনের জন্য পাঠান হয়েছে, এখনও পর্যন্ত তার অনুমোদন পাওয়া

যায়নি। কলেজ কোডের যে স্ট্যাটুট সে ব্যাপারে ১৯৫৯ সালের আগষ্ট মাসে উল্লেখ করেছি তারও কোন জবাব নেই। তাঁরা বলেছেন বর্দ্ধমান ইউনিভারসিটির ষ্ট্যাটুট রচনা হল তবে এই সমস্ত ষ্ট্যাটুট হবে। তাঁরা কি রকম কর্ত্তব্য করেন সে সম্বন্ধে কয়েকটা দৃষ্টান্ত দিয়ে আমার বক্তব্য শেষ করছি। প্রাথমিক শিক্ষার কথা বলব। ডাক্তার শম্ভুনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় বললেন যে গোড়া থেকে শিক্ষার বুনিয়াদ যদি ঠিকমত না হয় তাহলে কখনও শিক্ষা সম্পূর্ণ হতে পারে না। সার্থক হতে পারে না। কিন্তু এটা হবে কি করে? স্যার, a Brochure on Educational Suivery of India বলে সরকারের প্রকাশিত একটা পুস্তিকা আছে তাতে সমস্ত জায়গায় প্রাথমিক শিক্ষার কিভাবে হবে এবং কেন্দ্রীয় সরকার থেকে ষ্টেট গভর্ণমেণ্টকে কি পরিমাণ সাহায্য করবেন ইত্যাদি ছিল। কিন্তু এ সম্পর্কে কি করা হয়েছিল আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন।

আপনি শুনলে আশ্চর্য হবেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেবলমাত্র পশ্চিমবংগের রাজ্য-সরকার সেই প্রচেষ্টায় কোন সাহায্য করেন নি। তারা বলেছেন যে collaboration of the State Governments. ব্রোচিওয়ের ৭ পাতায় আছে The participation of all State Governments excepting the Government of West Bengal could be secured in the Survey Scheme.

প্রাদেশিক শিক্ষকদের কি অবস্থা, শিক্ষার কি অবস্থা এ সম্পর্কে সার্ভে কেবলমাত্র পশ্চিম বঙ্গ সরকার ছাড়া সমস্ত রাজ্য করেছে—পশ্চিমবঙ্গ সরকার তা করতে পারলেন না। আমাদের মন্ত্রী মহাশয় প্রায় বলেন যে শিক্ষাক্ষেত্রে আমরা অনেক কিছু করেছি, বিশেষ করে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে আমরা এনাফ করেছি, আর কিছু বলতে পারবো না, আর কিছু করার উপায় নাই। স্যার, সরকারের বই থেকে আমি দেখিয়ে দিতে পারি যে অন্ততঃপক্ষে আরো দশটা রাজ্য আছে সেখানে প্রাথমিক শিক্ষকরা পশ্চিমবংগের শিক্ষকদের চেয়ে ঢের বেশী মাহিনা পান। আপনি শুনলে আশ্চর্য হবেন যে, পাঞ্জাব, জম্মু, কাশ্মীর, অন্ধ্র, মাইশোর, বোম্বে, বিহার, কেরালা, আসাম এবং রাজস্থান প্রত্যেক জায়গায় ৫০ থেকে ৭৫ টাকার কম মাইনে নেই, পাঞ্জাবে ১৭৫ টাকা পর্যন্ত প্রাথমিক শিক্ষকদের বেতন আছে এবং আপনাকে স্মরণ করিয়ে দিচ্ছি—মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সেখানে যদি কিছু বেশী খরচ করার পরিকল্পনা হয় তাহলে তার শতকরা ৫০ ভাগ শিক্ষকদের বেতনের ক্ষেত্রে শতকরা ৬০ ভাগ প্রশিক্ষণ শিক্ষকদের বেতনের ক্ষেত্রে এবং ৫০ থেকে ৬০ ভাগ বেসিক এডুকেশনের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকার বহন করেন। আমরা সমস্ত জায়গায় কম্পালসারী ফ্রি প্রাইমারী এডুকেশনের কথা বলে থাকি। মাননীয় অধ্যক্ষ মহাশয় এডুকেশন ইন দি ষ্টেটস বলে যে পুস্তিকাগুলি কেন্দ্রীয় সরকার থেকে বেরোয় সেগুলি দেখলে আপনি অবাক হবেন যে আমাদের পশ্চিমবঙ্গের গত ১৯৫৪ সাল থেকে ১৯৫৭ সাল পর্যন্ত সেই ৫৭৪৫টা গ্রামের ব্যাপারে যে কম্পালসারী প্রাইমারী এডুকেশন আছে তাতে একটা গ্রামও বেশী উল্লিখিত হয়নি, ফ্রি কম্পালসারী এডুকেশনের আওতায় আনা হয়নি সহরাঞ্চলে অথচ মাদ্রাজে ৩০৯টা সহরে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা কম্পালসারী আছে, বোম্বেতে ২৭৪টা সহর আছে, অন্ধ্রতে ১০৮টা সহর আছে, মাইশোরে ১২৬টা সহর আছে, মধ্যপ্রদেশে ১০০টা সহর আছে, উত্তরপ্রদেশে ৯৫টা সহর আছে আর এখানে কেবল দার্জিলিং, বহরমপুর এবং কোলকাতা কর্পোরেশনের ৫টা ওয়ার্ড আছে এবং এখানে প্রাসকিউসনের জন্য আইন আছে —আইন লঙ্ঘন করার জন্য অন্ধ্রে আইনতঃ ৪০ হাজার মোকর্দ্দমা রুজু আছে, বোম্বেতে ১৬ হাজার মোকর্দ্দমা রুজু আছে, উত্তরপ্রদেশে ১৫ হাজারের উপর মোকর্দ্দমা রুজু আছে, পশ্চিম-বঙ্গে কিছুই হয়নি কিন্তু আমাদের মন্ত্রীমহাশয় বলবেন আমি যা করি ঠিক করি। সুতরাং কেবলমাত্র শিক্ষার্থীদের উপর ইউনিভারসিটির উপর দোষ দিয়ে কর্ত্তব্য পালন করবেন। এই ভাবে যদি সরকারী নীতি পরিচালিত হয় এবং এইভাবে যদি দায়িত্বজ্ঞানহীন উক্তি করা হয় তাহলে এই রাজ্যের ভবিষ্যৎ মঙ্গলের কোন আশা নেই।

[12-10—12-20 p.m.]

Dr. Janaki Ballabha Bhattacharyya : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে অর্থ মন্ত্রীর ব্যয়ের জন্য বিল উপস্থাপিত করা হয়েছে—সেই অর্থ কার জন্য খরচ করা হচ্ছে? সেই টাকা খরচ করা হচ্ছে দেশের লোকের কল্যাণের জন্য। এবং দেশের কল্যাণের জন্য সমস্ত মানুষকে শিক্ষিত করে গড়ে তুলতে হবে। সুতরাং আমি শিক্ষা বিভাগ সম্পর্কে দুএকটা কথা বলবো। আজকে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় আপনার মাধ্যমে—দুটা জিনিষের প্রতি বিশেষ কটাক্ষপাত করেছেন। প্রথমে তিনি একটা অভিযোগ করেছেন বর্তমান স্কুল, কলেজের ছাত্রদের অসৎ আচরণের জন্য। কিন্তু এর কি কোন প্রতিকার নেই?

দ্বিতীয় কথা তিনি উপহাস করে বলেছেন যে আমরা নাকি কাচের ঘরে বাস করি। তিনি ঠিকই বলেছেন,—আমরা যদি কাচের ঘরে বাস করি তাহলে তার যত কিছু তিনি করেছেন সব কাচের ঘর। শিক্ষ ব্যবস্থার জন্য যদি কাচের ঘর করেন, তাহলে তার দায়িত্ব তাঁকেই নিতে হবে। আজকে যদি শক্ত ঘর, শক্ত বনিয়াদ করতেন তাহলে তিনি গৌরব অনুভব করতেন, তাঁরই কৃতিত্ব প্রমাণিত হত। তিনি তাঁর নিজের যত প্রতিষ্ঠান আছে—তাকে কাঁচের ঘর করে রেখেছেন, এটা তাঁর পক্ষে গৌরবের কথা, না অগৌরবের কথা, তিনি বিচার বিবেচনা করে দেখুন। কাঁচের ঘর হবে না কেন? শিক্ষা সম্পর্কে সমস্ত সরকারী পরিচালনার ভারে কর্তৃপক্ষ হচ্ছেন ডি, পি, আই, আবার তিনি পরামর্শদাতা, Education Secretary. অর্থাৎ একই ব্যক্তির উপর দুটা কাজের ভার রাখা হয়েছে। এতে ফলটা হচ্ছে এই আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় বোধ হয় খবর রাখেন নাকো যে Sanskrit কলেজকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে M. A. Class খোলবার অনুমতি দেওয়া হয়নি। কিন্তু আজ দুবছর ধরে সেখানে যে Sanskrit group এর দুটা M. A. Class হচ্ছে সে খবর তিনি রাখেন না। এই যে এক ব্যক্তিকে ডি. পি. আই, এবং Education Secretary করে রাখা হয়েছে, তার একটা কারণ হচ্ছে যে তিনি University র Senate এবং Syndicate এর মেম্বর হয়ে Governing Body তে থাকবেন। কারণ Calcutta University Act এ দেখছি Education Secretary র কোন স্থান Senate বা Syndicate এ নেই। অবশ্য বর্তমান ইউনিভারসিটি এ্যাক্টে দেখেছি Education Secretary যিনি, তিনি ইউনিভার্সিটির Governing Body তে থাকতে পারবেন। কিন্তু এখানকার Senate and Syndicate এ Education Secretary র কোন স্থান নেই। তাই সেটা দেবার জন্য তাঁকে ডি, আই, আইএর পোষ্ট দেওয়া হয়েছে।

তারপরে ঐ যে Sanskrit কলেজের ব্যাপারটার বিষয় বলছিলেন—সে সম্বন্ধে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় কিছু জানেন নাকো। তিনি জানলেন নাকো যে Sanskrit কলেজে M A. পড়ান হচ্ছে এবং ইউনিভারসিটির J এবং M. Group এর ছাত্ররা সেখানে গিয়ে ক্লাস করে। আবার কতক অংশ Sanskrit কলেজে B. A. পড়ে, সেখানে Class হয়।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : সেখানে Post Graduate affiliation আছে?

Dr. Janaki Ballabha Bhattachharyya : Affiliation নেই। কিন্তু ইউনিভারসিটির Speciai permission পেয়েছেন।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : সেত Presidency কলেজে পড়ান হয় তার জন্য ত affiliation নেই।

Dr. Janaki Ballabha Bhattacharyya : Application এর জন্য apply করতে হবে এবং condition fulfil করতে হবে। আপনি কতজনকে সেখানেতে দিয়েছেন।

The Honble Rai Harendra Nath Chaudhuri : Affiliation করেও পাওয়া যায়নি affiliation.

Dr. Janakiballav Bhattachharya : কতজন যোগ্য লোক সেখানে রেখেছেন যাতে Post Graduate Clsss হতে পারে।

The Hon'ble Rai Harendra Nath Chaudhuri : সেখানে যোগ্যতম লোকই আছে। কম যোগ্য লোক নেই।

Dr. JanakiBallabha Bhattacharya : আমি জানি M. A. Class চালাবার মত যোগ্য লোক সেখানে নেইকো। এই হচ্ছে—ইউনিভারসিটির বিচার।

আচ্ছা, দেখুন—এখন যে group পড়ান হচ্ছে, সেই groupএর কোন specialist Sanskrit কলেজে আছে কিনা? শিক্ষামন্ত্রী মহাশয় নাম করে বলুন যে অমুক লোক সেখানে আছে। এ বিষয় আমি আর বিশেষ কিছু বলতে চাই না।

আমার দ্বিতীয় কথা হচ্ছে আজকে ছাত্রদের যে অসৎ আচরণ, এটা সত্যই খুব বেদনাদায়ক তবে আমি এখানে Moses parable এর স্মরণ করতে বলি। এই ছেলেরা ত আমাদেরই ছেলে। এদের পরিণতিটা কি এবং কি করে এদের ভাল করতে পারা যায় এই ভাবনাটা আমাদের সকলের করা উচিত। কারণ আমরা জানি বাড়ীর কোন ছেলে যদি খারাপ হয়ে যায় বাড়ীর কর্ত্তার সমস্ত ভাবনা থেকে সেই ছেলেটিকে কি করে ভাল করতে পারি এবং তার খারাপ স্বভাব কি করে পরিবর্ত্তন করা যায়। এই যে অসৎ আচরণ, এই অসৎ আচরণের কারণটা কি; সেটা আমাদের একটু অনুধাবন করে দেখতে হবে। আজকে দেখা যায় যেসকল কলেজের উপর সরকারের দায়িত্ব রয়েছে, সেইসকল কলেজকে তিনি টাকা দিচ্ছেন এবং টাকা দেওয়ার সঙ্গে সঙ্গে সেখানে অধ্যাপক নিয়োগ করা হচ্ছে Public Service Commissionএর মাধ্যমে। সুতরাং আজকে সরকার দৃষ্টি এড়িয়ে যাচ্ছেন। ব্যাঙের ছাতার মত কলেজ গজিয়ে উঠছে এবং এই কলেজের অধ্যাপকরা যে ভাবে পড়াচ্ছেন তাতে জিজ্ঞাসা করি এই কলেজগুলির পড়ানর standard কি সমান হয়? Standard সমান হয় না। এই uniformity of standard দুর করার জন্য সরকার কি চেষ্টা করছেন। এটা দুর না করতে পারলে questions এর standard যেখানে ভাল পড়ান হয় সেই কলেজে একরকম হবে এবং যেখানে ভাল পড়ান হয় না সেই কলেজের ছাত্ররা নিশ্চয়ই পরীক্ষায় সেইসব questionএর উত্তর দিতে পারে না এবং এর ফলে ছাত্ররা চঞ্চল হয়ে উঠবে। এর জন্য দায়ী কে? এই ব্যাপারে শুধু ছাত্রদের দোষ দিলে হবে না, সমস্ত সমস্যাকে ভালকরে আমাদের বুঝে কি করে তার সমাধান করতে পারা যায় সেটা আমাদের ভাবতে হবে।

দ্বিতীয় কথা হচ্ছে যে Multipurpose schoolএ ১১ শ্রেণীতে এবার যারা পরীক্ষা দেবে এবং যারা পাশ করবে তাদের second yearএ ভর্ত্তি করা হবে। কিন্তু কলেজে second yearএ কটা seat খালি থাকে। একথা আমরা সকলেই জানি যে এই সমস্ত ছেলেরা ভাল কোন কলেজে seat পাবে না। Presidency Collegeএ কয়টা seat থাকে Scottish Church Collegeএ কয়টা seat second year এ থাকে, Surendranath Collegeএ কয়টা seat থাকে। এই রকম কলেজে ৪।৫ টা seat এর বেশী খালি পাবে না। এই সব কারণে আজকে সরকারের শিক্ষানীতি ব্যর্থ হয়ে পড়েছে। 11 year course এ ছাত্রদের যে পাঠ্য তার সঙ্গে আজকে তারা কলেজে adjust করতে পারবেন না। 11 year course এ যে বই পড়ান হবে এবং 1st year এর যে old syllabus এই দুইটির মধ্যে পার্থক্য আছে। Logic বই 11 year classএ যা পড়ান হয়, সেই বই পড়ে 2nd yearএ এই সব ছাত্ররা পরীক্ষা দিতে পারবে না। তাদের ঘরে আবার নূতন করে পড়তে হবে। এই রকম অবস্থায় আজকে ছাত্রদের Multipurpose schoolএ নিয়ে যাবার নামে তাদের জলে ফেলে দেওয়া হচ্ছে। তারা যে সংকটের মধ্যে আজকে পড়েছে সেকথা শিক্ষামন্ত্রীকে ভালকরে চিন্তা করতে হবে। তারপর গ্রামাঞ্চলে যে Primary education তারা করেছেন এর জন্য সম্পূর্ণ দায়ী সরকার। এখানে যদি ভাল করে একটা আলাদা পরীক্ষা করা হয় এবং তাতে যদি সরকারী সাহায্যে পরিচালিত

প্রাথমিক স্কুলের সঙ্গে সরকারী সাহায্য ব্যতীত যেসমস্ত Primary school তাদের মধ্যে যদি কোন পার্থক্য না হয় তাহলে বুঝতে হবে যে সরকারী সাহায্যে স্কুলগুলির মান উন্নত হয় নি। তারপর পরীক্ষায় ফেল এখানকার মত পৃথিবীতে আর কোথাও হয় না। আমাদের দেশে এত ফেল থাকবে কেন? এখানে নিশ্চয়ই পড়ান ভাল হয় না। ভালকরে পড়ানর ব্যবস্থা যাতে হয় সে বিষয়ে সরকারকে ভাল করে বিবেচনা করে দেখতে হবে। কেবল ফেল এত করেছে বলেই জাহির করলেই হবে না। এটাই হচ্ছে বড় কথা।

[12-20—12-30 p m.]

Shri Sachindra Nath Banerji : মাননীয়, অধ্যক্ষ মহোদয় আজকে ছাত্রদের উচ্ছৃঙ্খলতা সম্বন্ধে অনেকে অনেক কিছু বলেছেন। শিক্ষক প্রতিনিধি হিসাবে এখানে আমারও কিছু বলার দরকার। শ্রীযুক্ত মহীতোষ রায়চৌধুরী মহাশয় বলেছেন, সরকারকে সবাই এজন্য দোষারোপ করে কেন? আমি মনে করি না সকাল থেকে আমি কাউকে বলতে শুনিনি যে সরকার এজন্য দায়ী। এটা সত্যই চিন্তার কথা, দেশের যারা ভবিষ্যৎ তারা যদি এরকম indisciplined হয়ে যায় তাহলে দেশের ভবিষ্যত যে অন্ধকার তার বিন্দুমাত্র সন্দেহ নাই। আমি মনে করি এজন্য সকলে মিলে, বিরোধীপক্ষ ও সরকার পক্ষ মিলে একটা সুচিন্তিত ব্যবস্থা উদ্ভাবন করা দরকার—এটাই হচ্ছে সরকারের কাছে আমার আবেদন। তারপর কোন পরিবর্তন আনতে হলে আগে থেকে একটা পরিকল্পনা করা দরকার। কিন্তু আমাদের শিক্ষাক্ষেত্রে যে আকস্মিক পরিবর্তনের ব্যবস্থা হয়েছে তার মধ্যে কোন পরিকল্পনা আছে বলে মনে হয় না। Higher Secondary School থেকে আমরা শিক্ষকের অভাব অনুভব করি। Govt. থেকে বলা হচ্ছে উপযুক্ত শিক্ষক পাওয়া যাচ্ছে না—তাঁরা বলেন M.A. B.A. honours ছাড়া Higher Secondary School এ পড়াবার যোগ্য হয়না কিন্তু যেভাবে কলিকাতা বিশ্ববিদ্যালয় ও যাদবপুর বিশ্ববিদ্যালয় M.A. এবং B.A. Hons. গ্রহণ করছে তাতেও আমার মনে হয় না এই অভাব মিটাতে পারে এবং আমাদের চাতকপাখীর মতোই আকাশের দিকে তাকিয়ে থাকতে হবে। সুতরাং একটা কিছু ব্যবস্থা কি হতে পারে না। আজ England এবং রাশিয়া প্রভৃতি দেশে কি করেছে? তারা এক বছরের মধ্যে ২হাজার শিক্ষককে refresher course এর মাধ্যমে যোগ্য করে তুলেছেন। সুতরাং আমাদের এখানে যেসব কর্ম্মরত অসংখ্য শিক্ষক বিভিন্ন স্কুলে আছেন তাদেরও যদি যোগ্যতা এই refresher courseএর মধ্যদিয়ে বাড়িয়ে দেওয়া হয় তাহলে আমাদের শিক্ষকের অভাব মিটতে পারে বলে আমার বিশ্বাস। এতে করে শিক্ষকদের মধ্যে আজ যে হতাশার মনোভাব বিস্তৃতিলাভ করেছে তা দুরীভূত হবে এবং তাদের মধ্যে নবজীবনের সূচনা হবে। মুখ্যমন্ত্রী মহাশয় একটু আগে বল্লেন refugee studentদের সম্বন্ধে সরকারের কোন দায়িত্ব নাই। এবং আমি স্বীকার করি কিন্তু আমি বলব দায়িত্ব নাই বলে ছেড়ে দিলে চলবে না। Central Government refugee studentদের stipend দেবার যে ব্যবস্থা করেছেন তাতে লক্ষ লক্ষ ছাত্রেরও ভবিষ্যৎ নির্ম্মূল হয়ে যাবে। এই বিষয়টা আমি সরকারকে বিবেচনা করতে বলি। 40% এবং College stipend এর 60% এই রকম high standard এর উপর যদি সকলে জোর দেন তাহলে বহু ছেলেই বঞ্চিত হবে। উদ্বাস্তু ছেলেদের এভাবে বঞ্চিত করা বিশেষ করে যারা দেশ ও বাস্তুভূমি ছেড়ে এসেছে তাদের বঞ্চিত করা আমাদের পক্ষে ঠিক হবে না যাতে তারা সমাজে ও জীবিকাক্ষেত্রে প্রতিষ্ঠিত হয়ে বাচতে পারে আমাদের সেই ব্যবস্থা করা উচিত এদিকে আমি সরকারের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। তার পর বেকার সমস্যা।

কিন্তু সে ব্যবস্থা যে ভাবে নিচ্ছেন তাতে তা কার্যকরী করতে গেলে সেটা সম্পূর্ণ ভাবে কার্যকরী হবে কিনা সে বিষয়ে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের থ্রু দিয়ে যদি সমস্ত এ্যাপয়েণ্টমেণ্ট করতে চান তাহলে সেই এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জের ভিতরে যে ভূত ঢুকে আছে তাকে তাড়িয়ে ঐ এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে রিঅরগানাইজ করুন। কেননা এ সব না করলে যারা নগণ্য প্রার্থি তাদের বেকার সমস্যার সমাধান

হবে না। তারপর তারা বলেছেন যে একজন ইনসপেক্টর থাকবেন যিনি ঘুরে ঘুরে খবর নেবেন যে কোথায় বেকার আছে বা কোথায় নেই। কিন্তু আমার মনে হয় মাত্র একজন ইনস্পেক্টারের দ্বারা একাজ হওয়া সম্ভব নয়। আজকে আমাদের এখানে বেকার সমস্যা যে ভীষণ আকার ধারণ করেছে তা ভারতবর্ষের অন্য কোন ষ্টেটে আছে কিনা সন্দেহ। কাজেই এমত অবস্থায় শুধু লড়াই করে কোন লাভ হবেনা। সরকার এবং বিরোধীপক্ষের সকলকে মিলিত হয়ে সমস্যার সমাধানের চেষ্টা করতে হবে। আমার মতে যদি তাঁরা উভয় পক্ষের লোক নিয়ে ছোট একটি কমিটি করে দেন এবং যাদের কাজ হবে যে বেকার সমস্যার সমাধান ঠিকমত হচ্ছে কিনা তা দেখা তাহলে ভালভাবে কাজ হতে পারে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, the discussion on the Appropriation Bill was started by the same argument which Shri. Snehangsu Acharya and outhers have trotted out previously, viz. why not take over the tea and jute Industries and nationalise them? I have replied to that once and I repeat again. Roughly speaking, the total value of the tea industry is about Rs. 113 crores and of the jute industry Rs. 87 crores i. e. about 200 crores. Now supposing we did go in for nationalising all these, I have got to divert to the Third Plan Rs. 200 cores, for taking over these industries. It has been said that by nationalising these two indutries. Government would be able to secure considerab'e financial resources but, as far as I can see, many tea gardens and some of the jute industries are runnig at a loss. So to take over an industry which is running at a loss and pay them the money which should ordinarily be invested in the Third Five Year Plan, in new ventures is, I think, a very unwise procedure. Sir, the position seems to be clearly this that whatever money we get in the Third Five-year Plan to spend, we should so spend in such a way that we might meet in one particular industry or one particular type of goods which might lead to the welfare of the people in all aspects, It is not merely the question of giving them a larger amount of consumer goods but for helping with better facilities for education and so on. Therefore, it is not possible, however much one may like it, divert Rs 200 crores for the purpose of nationalising tea and jute industry. Sir, in course of talking about jute industry, Shri Snehangsu Acharyya referred to a case of Tribunal presided over by Shri N. C, Chaatterjee and the wanted to prove that Shri N. C. Chatterjee was rather interested in the Tribunal's work in favour of the management.

[12-30—12-40 a. m.]

And, therefore, he was unfit to be a judge. Sir, the actual position was that in 1958 the first Labour Court regarding Dunlop was put before Mr. Chatterjee. The case I want you to keep the dates clearly in mind was disposed of in July, 1959. The Court upheld the order of dismissal. The matter was then taken to the High Court by the Union. The High Court upheld the order of the Labour Court. Therefore the finding of Mr. Chatterjee in the Labour Court was upheld by the High Court. There could, therefore not be any question of Shri N. C. Chatterjee doing something which is partial or which indicates that he was doing something in a biassed mood. One of the sons of Shri Chatterjee accepted an employment in Dunlop in September, 1959 two months after the judgment was given. He has since resigned from Dunlop and he is no longer in the employment. Shri Chatterjee's term of employment as Judge in the Labour Court will expire on the 1st of April, 1960.

The other case that my friend has referred to was concerned with the Health Department. Dr. Mukharji is an M. S. of the Calcutta University Master of Surgery which is a very high degree so far as we are concerned. He was selected by the Government of India to go to United Kingdom for research work in various basic sciences. He obtained his scholarship in 1949. He undertook researches in Edinburgh for about six years. He returned to India in 1955. He obtained the degree of Ph. D. in Edinburgh and submitted his thesis for D. Sc. before returning. He had an idea in fact, his Professor told him earlier that his research work was good enough for him to get the D. Sc, but it so happened that ultimately the D. Sc. thesis was not accepted, On his return he was appointed by the Government as the Officer-in-charge in the Department of Experiment Medical Science. Sir, we are going to develop this particular Department, in order that we might be able to found a Research Department, and the Department is considered so important that the United States Technical Assistance Board has practically agreed, they have not actually done so, to give us aid amounting to nearly a crore for the purpose of establishing an experimental Reasearch in Medical Science Department in Calcutta. Therefore,as far as I know, he is doing very good work. Dr. A.B. Roy, the Health Minister personally saw his work and he was greatly impressed with the work that he is doing in isotopes and also in the formation of sequestration which is a very irksome project, and he is satisfied that the man is doing good work. So it is not a fact as Mr. Snehangsu Acharyal has said that he is getting his salary without doing anything.

Then he talked about the Metro cinema the refeaence of their dispute to the tribunal of the labour disputes. I asked the labour Commissioner here. He could not tell me immediately, but as soon as I hear from him I shall let Sj. Acharya Chowdhury know the exact position, although he will not get the advantage of the press to note down his contribution in the matter (Shri Snehangsu Achary : You are always pointing to the Press, you are always pointing to the press you are holding press Conference... Oh, you are here-well, it is one of the funstions of the lawyer to try and call white black and black white, That is part of their job (Shri Snehagsu Acarya : Lawers' job is quite the opposite)

Now, about Beru Bari, Mr Bhattachayya has referred to it. Sir our resolution was to the effect that we should inform the Government of India that no transfer could be made except by change in the Constitu' tion and the matter was placed before the Supreme Court for direction I have not the means of knowing what the Government of India would do with regard to the next procedure, but I take it that they will follow the advice given to them by the Supreme Court. Sir, the Government of India know very well the feeling of West Bengal in this matter and we agreed to take certain steps but whether it would be open to the Government of India to alter that proposition is a thing to which I am not capable of giving any answer.

Now about the Pay Committee, if he reads the terms of reference he will find that any membea whether he is a member of a union or not is entitled to send in representration regarding the points mentioned in the questionaire.

With regard to the Higherjudicial Service the, matter was enquired into by the High Court and the decision was that there should be direct recruitment to it. We found that while members of the Service, namely, those who come as Munsifs they generally do not

go to Higher Judical Service before the age of 50. Therefore they hardly get sufficient time not more than 5 years before they reach the age of superannuation, whereas the direct recruits usually from the Bar come in at the age of 35 to 45. They get an opportunity of going up to the highest stage of the grace because they will have at least 15 or 20 years to serve. Therefore we put the case before the High Court and it was agreed that it would be better if we could give them 3 years weightage to the nembers of the Service so that he may go a little higher than he would ordinarily do. That is the reason why we have given the three-years' weightage.

[12-40—12-45 p.m.]

Sir, about the question of deep sea fishing, I am surprised at the statement of my friend there that there is no account kept for deep sea fishing. If he had seen this statement which has been issued by the Government in this white Book—the different organisations under the Government which are of a commercial nature—he would have seen that the whole thing is there from year to year, the total amount involved in the purchase of trawler, the assets, construction of jetty, etc etc. I do not know what he meant by saying that there was no account so far as deep sea fishing is concerned. But as I have said before and I repeat again that the deep sea fishing is not a commercial proposition strictly from the commercial point of view. When there was the partition, all our sweet water areas were taken over to Pakistan and our cnance of obtaining fish from sweet water was almost negligible and thorefore we had to find out some method by which we could spot out the places where we could get fish. We therefore deliberately went out of our way and spent money in order to chart out the Bay of Bengal to find out the proper places where fish is available. I do not doubt that we have not got any remarkable financial results. But our data are now complete. My only regret is that I had hoped that there would be a sufficient number of Bengali youths who will get trained by the Danish teachers and the Japanese teachers and who will be able to take up the work for themselves. Unfortunately, we have not got that particular type of people yet.

Now, the next quuestion is about my promise to Gita Bitan that if they can raise 2 lakhs of rupees, certainly I will ask the Ministry of Finance to provide that fund. There is no difficulty at all becauses after all, they are not merely doing a good work but they are a representative of the Rabindra Music which we cannot certainly ignore.

Then, we have got the library improvment and I believe my Department of Education has got a scheme. I do not know in what stage the scheme is but they have showed me the number of places where they are giving help so far as libraries are concerned. As regards the public Library Bill, I believe they are drafting the Bill but I have not got the final report.

As regards the question of the Public Accounts Committee having representative from the Council, this is a matter which has got to be looked into. I am not yet quite clear whether the Public Accounts Committee should definitely have any representative of the Council. I do not know whether the Rajya Sabha has got any representative on the public Accounts Committee (Shri Nirmal Chandra Bhattacharyya : You gave a definite promise that it will be done on the basis of the practice at the Centre). Sir, that is all that I have to say and I have nothing more to add.

The motion of the Hon'ble Dr. Bidhan Chandra Roy that the West Bengal Appropriation Bill, 1960, as passed by the West Bengal Legislative

ssembly and transmitted to the West Bengal Legislative Council for its recommendations, be taken into consideration, was then put and agreed to.

Mr. Chairman : There is no recommendation, so the Bill goes back to ie other House. The House stands adjourned *sine die.*

ADJOURNMENT.

The Council was accordingly adjourned sine die at 12'45 p. m.

Note :—The Council was subsequenty prorogued with effect from the 12th April, 1960, under Notification No. 947 A. R., Dated the 'th April, 1960, published in an extraordinary issue of Calcttta Gazette of 'en date.

Members Absent

Bandopadhyay. Shri Upendra
Banerjee, Shri Tarasankar
Basu, Shri Gurugobinda
Bose, Shri Aurobindo
Chaudhuri, Shri Annada Prasad;
Haldar, Shri Gopal Chandra
Malliah, Shri Pashupati Nath
Mohammad Jan, Shri Shaikh
Mohammad Sayeed Mia, Shri
Poddar, Shri Badri Prasad
Prodhan, Shri Lakshman
Roy, Shri Chittaranjan
Saraogi, Shri Pannalal
Sarkar, Shri Pranabeswar
Sen, Shri Jimut Bahan
Syed Sahadulla, Shri